Barcode - 4990010005071
Title - Government Gazette(May-June)1876
Subject - GENERALITIES
Author - N. A.
Language - bengali
Pages - 756
Publication Year - 1876
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 005071

পরিগ্রহণ ক্রমাঙ্ক
১৬৭৮
মে — [illegible]

Librarian
Uttarpara Joykrishna Public Library
Govt. of West Bengal

# গবর্ণমেণ্ট্ গেজেট

TUESDAY, MAY 2, 1876

মঙ্গলবার ১৮৭৬ সাল ২ মে।

## PART II

**Resolutions, Orders and Notifications of the Lieutenant-Governor of Bengal**

**দ্বিতীয় খণ্ড।**

**বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণ প্রভৃতি।**

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

## REVENUE AND GENERAL DEPARTMENTS

No 1461C S

GENERAL —*The 4th April* 1876 —Mr Alexander Manson, Officiating Joint-Magistrate and Deputy Collector, Tipperah, is appointed to act until further orders as Magistrate and Collector of Pooree, *vice* Mr F G Millett

*The 12th April* 1876 —Dr D B Smith is appointed to be a member of the Committee for the temporary management of the Royal Zoological Garden at Alipore

*The 17th April* 1876 —Baboo Mohesh Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector, Fureedpore, is transferred to Bogra

*The 18th April* 1876 —Mr Anthony Benn Falcon, c s, is allowed leave for one year, under Section 11 (*a*) of the Civil Leave Code

*The 19th April* 1876 —Mr H L Oliphant, Deputy Commissioner, Lohardugga, is appointed to act as Commissioner of the Chota Nagpore division, during the absence, on leave, of Mr W LeF Robinson, or until further orders

Mr J Ware Edgar, Deputy Commissioner, Darjeeling, is appointed to act until further orders in the Second Grade of Deputy Commissioners

Mr J J Livesay, Joint-Magistrate and Deputy Collector, Purneah, is appointed to act as Deputy Commissioner of Lohardugga in the Third Grade during the absence, on duty, of Mr H L Oliphant, or until further orders

Mr Charles Deslandes Church Winter, Officiating Joint-Magistrate and Deputy Collector, in charge of the city Moorshedabad division of the Moorshedabad district, is posted to the Sudder Station of Jessore

Baboo Romesh Chunder Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Hooghly, is appointed to have charge of the city Moorshedabad division of the Moorshedabad district

Mr J E B Jeffery, c s, reported his departure from India on furlough on the 1st instant

*The 20th April* 1876 —Moulvi Mujeed Bukht Mozoomdar, Officiating Deputy Magistrate and Deputy Collector, Rajshahye, is allowed leave of absence for six months, under Section 9, Supplement F of the Civil Leave Code

*The 21st April* 1876 —Mr Frederick George Millett, c s, is allowed leave for twelve months on medical certificate, under Section 11 (*a*) of the Civil Leave Code, together with subsidiary leave for a period not exceeding thirty days, with effect from the 7th instant

The following officers are appointed to act as Joint-Magistrates and Deputy Collecto of the First Grade, viz —

Mr Romesh Chunder Dutt,<br>
,, Francis Frederick Handley,<br>
,, Alfred Hinuber Haggard, } *vice* Messrs J J Livesay, W H Gordon and A Manson

The following officers are appointed to act as Joint-Magistrates and Deputy Collectors of the Second Grade, viz —

Mr John Nugent

,, Charles Randal Marindin

,, Krishna Gobind Gupta

Baboo Bunkim Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Hooghly, is vested with the powers of a Collector under Act VII (B C) of 1868

Mr Edward Thomas Smith Johnson, Deputy Superintendent of Revenue Survey, is vested with the powers of a Deputy Collector under Regulation IX of 1833 in the Gya and Patna districts

[*Government Gazette, 2nd May* 1876 ]

# বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

## রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৪৬১০৪ নম্বর।

সাধারণ।— ১৮৭৬ সাল ৪ আপ্রিল।—শ্রীযুত এফ, জি, মিলেট সাহেবের পরিবর্ত্তে ত্রিপুরার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আলেক্‌জাণ্ডর মানসন সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১২ আপ্রিল।—ডাক্তর শ্রীযুত ডি, বি, স্মিথ সাহেব কিয়ৎকালের নিমিত্তে আলীপুরস্থ জীব জন্তু রাখিবার রাজকীয় উদ্যানের কার্য্যসম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৭ আপ্রিল।—ফরীদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহেশ চন্দ্র সেন বগুড়ায় প্রেরিত হইলেন।

১৮৭৬ সাল ১৮ আপ্রিল।—শ্রীযুত আণ্টনি বেন ফালকন সাহেব, সি, এস, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১১(a) ধারামতে এক বৎসর ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৯ আপ্রিল।—শ্রীযুত ডবলিউ লি'এফ রবিন্সন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লোহারডগার ডেপুটী কমিশ্যনর শ্রীযুত এচ, এল, অলিফাণ্ট সাহেব ছোট নাগপুর খণ্ডের কমিশ্যনরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

দার্জ্জিলিঙ্গের ডেপুটী কমিশ্যনর শ্রীযুত জে, ওয়ার এডগার সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডেপুটী কমিশ্যনরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এচ, এল, অলিফাণ্ট সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পুরুলিয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, জে, লাইবসে সাহেব তৃতীয় শ্রেণীমতে লোহারডগার ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

মুরশিদাবাদ জিলার অন্তর্গত শহর মুরশিদাবাদ মহকুমার কার্য্যের ভারপ্রাপ্ত একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত চার্লস ডেসলাণ্ডেস্ চর্চ উইণ্টর সাহেব যশোহরের সদর মোকামে অবস্থিত হইলেন।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রমেশ চন্দ্র মুখোপাধ্যায় মুরশিদাবাদ জিলার অন্তর্গত শহর মুরশিদাবাদ মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জে, ই, বি, জেফ্রি সাহেব, সি, এস, নিয়মিত ছুটী লইয়া এই মাসের ১ তারিখে ভারতবর্ষ হইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

১৮৭৬ সাল ২০ আপ্রিল।—রাজশাহীর একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মজীদবখ্‌শ মজুমদার সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারমতে ছয় মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২১ আপ্রিল।—শ্রীযুত ফ্রেড্রিক জর্জ মিলেট সাহেব, সি, এস, চিকিৎসকের সার্টিফিকট-ক্রমে, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১১(a) ধারামতে বার মাস ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন এই মাসের ৭ তারিখ অবধি ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

নিম্নলিখিত কার্য্যকারকেরা প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

| | |
|---|---|
| শ্রীযুত জে, জে, লাইবসে সাহেবের ও ডবলিউ এচ, গর্ডন সাহেবের ও এ মানসন সাহেবের পরিবর্ত্তে | শ্রীযুত রমেশচন্দ্র দত্ত।<br>,, ফ্রান্সিস ফ্রেড্রিক হাণ্ডলী সাহেব।<br>,, আলফ্রেড ছিমুবর হাগার্ড সাহেব। |

নিম্নলিখিত কার্য্যকারকেরা দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জান নুজেণ্ট সাহেব।
,, চার্লস রাণ্ডল মারিণ্ডিন্ সাহেব।
,, কৃষ্ণগোবিন্দ গুপ্ত।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

রাজস্বের জরীপী কার্য্যের ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এডওয়ার্ড তামস স্মিথ জনসন সাহেব গয়া ও পাটনা জিলার ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২ মে।]

Mr E deDombal, Head Assistant, Financial Department, Bengal Secretariat, is allowed eave of absence for 13 days from 24th April to 6th May 1876, under Section 21, Chapter VI of the Civil Leave Code

Mr E Stapleton is appointed to act as Head Assistant of the Financial Department of the Bengal Secretariat during the absence, on leave, of Mr E deDombal, or until further orders

Baboo Bunkim Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Hooghly, is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring lands required for public purposes

*The 22nd April* 1876 - Mr Colman Patrick Lowis Macaulay is appointed to act as Under Secretary to the Government of Bengal during the absence, on leave, of Mr J Crawfurd, or until further orders

*The 24th April* 1876 —Mr A W Cochran, c s, reported his departure from India on furlough on the 11th instant

Mr H L Dampier, c s, reported his departure from India on furlough on the 11th instant

Mr T B Lane Secretary to the Board of Revenue, is allowed subsidiary leave for one day, viz the 21st October 1875 on return from furlough, under Section 18 (*b*) of the Civil Leave Code

*The 25th April* 1876 —Baboo Bunkim Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, having joined his appointment in the district of Hooghly on the 20th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 11th January last is cancelled

Baboo Bhugwan Chunder Bose, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Brahmunberriah Division of the Tipperah district, is transferred to the district of Fureedpore

Baboo Bhoobun Mohun Raha, Deputy Magistrate and Deputy Collector, Fureedpore, is appointed to have charge of the Brahmunberriah Division of the Tipperah district

The following promotions are made consequent upon the departure from India on furlough of Messrs F G Millett and A B Falcon --

Mr W R Larminie to be a Magistrate and Collector of the Second Grade

Mr E G Glazier to be a Magistrate and Collector of the Third Grade, continuing to officiate as a Magistrate and Collector of the Second Grade

Mr D R Lyall to be a Magistrate and Collector of the Third Grade, continuing to officiate as a Magistrate and Collector of the Second Grade

Mr G S Park to be a Joint-Magistrate and Deputy Collector of the First Grade, continuing to officiate as a Magistrate and Collector of the First Grade

Mr T M Kirkwood to be a Joint Magistrate and Deputy Collector of the First Grade, but to continue to officiate as a Magistrate and Collector of the Third Grade

Mr J G Charles to be a Joint Magistrate and Deputy Collector of the Second Grade, but to continue to officiate as Deputy Commissioner of Police, Calcutta

Mr G J B T Dalton to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade, continuing to officiate as a Deputy Commissioner of the Fourth Grade

The following appointments are made with effect from the date on which Mr F L Beaufort, Additional Judge of the 24 Pergunnahs and Hooghly, resigns the service —

Mr J D Ward to be a District and Sessions Judge of the First Grade

Mr J B Worgan to be a District and Sessions Judge of the Second Grade

Mr R D Hime to be a Magistrate and Collector of the Second Grade

Mr A Mackenzie to be a Magistrate and Collector of the Third Grade, continuing to officiate as a Magistrate and Collector of the Second Grade

Mr H J S Cotton to be Junior Secretary to the Government of Bengal

POLICE —*The 19th April* 1876 —Mr D Lacey, District Superintendent of Police, reported his departure from India on furlough on the 7th instant

[*Government Gazette, 2nd May* 1876 ]

বাঙ্গাল সেক্রেটরীর ফিনান্‌শ্যল ডিপার্টমেন্টের হেড আসিস্টান্ট শ্রীযুত ই, ডি ডম্বল সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের ২৪ আপ্রিল অবধি ৬ মে পর্য্যন্ত তের দিন ছুটী পাইয়াছেন।

শ্রীযুত ই, ডি, ডম্বল সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ই, স্টেপলটন সাহেব বাঙ্গাল সেক্রেটরীর ফিনান্‌শ্যল ডিপার্টমেন্টের হেড আসিষ্টান্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রাজকীয় কার্য্যের নিমিত্তে ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৬ সাল ২২ আপ্রিল।—শ্রীযুত জে, ক্রাফর্ড সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত কোলমান পাট্রিক লৌইস মাকন্নী সাহেব বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরীর কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২৪ আপ্রিল।—শ্রীযুত এ, ডবলিউ, কক্রান্‌ সাহেব, সি, এস, নিয়মিত ছুটী লইয়া এই মাসের ১১ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব সি, এস, নিয়মিত ছুটী লইয়া এই মাসের ১১ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন, এমত রিপোর্ট করেন।

রেবিনিউ বোর্ডের সেক্রেটরী শ্রীযুত টি, বি, লেন সাহেব নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়া সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮(৬) ধারামতে এক দিন অর্থাৎ ১৮৭৫ সালের অক্টোবর মাসের ২১ তারিখ উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২৫ আপ্রিল।—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় গত মাসের ২০ তারিখে হুগলী জিলায় আপন কর্ম্ম গ্রহণ করাতে গত জানুয়ারি মাসের ১১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

ত্রিপুরা জিলার অন্তর্গত ব্রাহ্মণবাড়িয়া মহকুমার কার্য্যের ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভগবান চন্দ্র বসু ফরীদপুর জিলায় প্রেরিত হইলেন।

ফরীদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভুবন মোহন বাসা ত্রিপুরা জিলার অন্তর্গত ব্রাহ্মণবাড়িয়া মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এফ, জি, মিলেট সাহেব ও শ্রীযুত এ, বি, ফার্কম সাহেব নিয়মিত ছুটী লইয়া ভারতবর্ষহইতে গমন করাতে নিম্নলিখিত পদ বৃদ্ধি করা গেল।

শ্রীযুত ডবলিউ আর লার্মিনি সাহেব, দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত ই, জি, গ্লেজিয়র সাহেব তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন

শ্রীযুত ডি, আর, লায়ল সাহেব তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জি, এস, পার্ক সাহেব প্রথম শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত টি, এম, কর্কউড সাহেব প্রথম শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জে, জি, চার্লস সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু কলিকাতার পোলীসের ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জি, জে, বি, টি, ডালটন সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু চতুর্থ শ্রেণীর ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিতে থাকিবেন।

২৪ পরগনা ও হুগলীর আডিশ্যনল জজ শ্রীযুত এফ, এল, বোফর্ট সাহেব যে তারিখে কর্ম্ম ত্যাগ করেন সেই তারিখ অবধি নিম্নলিখিত নিয়োগ করা গেল।

শ্রীযুত জে, ডি, ওয়ার্ড সাহেব, প্রথম শ্রেণীর ডিষ্ট্রিক্ট ও সেশন জজ হইবেন।

শ্রীযুত জে, বি, ওয়ার্গন সাহেব দ্বিতীয় শ্রেণীর ডিষ্ট্রিক্ট ও সেশন জজ হইবেন।

শ্রীযুত আর, ডি, হাইম সাহেব, দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এ, মাকেঞ্জি সাহেব, তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এচ, জে, এস, কটন সাহেব বঙ্গদেশের গবর্ণমেন্টের দ্বিতীয় সেক্রেটরী হইবেন।

পোলীস সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৯ আপ্রিল।—পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডি, লেসী সাহেব নিয়মিত ছুটী লইয়া এই মাসের ৭ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ২ মে।]

*The 21st April* 1876.—Mr. Hugh Lloyd Jones, District Superintendent of Police, is transferred from Dinagepore to Pubna.

Mr. William J. Kilby, District Superintendent of Police, is transferred from Pubna to Dinagepore.

Mr. Charles Armstrong Fisher, Assistant Superintendent of Police, is posted to Dinagepore.

EDUCATION.—*The 20th April* 1876.—Baboo Kedareswar Roy, Subordinate Judge, is appointed to be a member of the District School Committee at Jessore, *vice* Baboo Gunga Churn Sircar, transferred.

Mr. C. H. Tawney, Professor, Presidency College, reported his departure from India on furlough on the 7th instant.

*The 24th April* 1876.—Mr. E. Lethbridge, M.A., Principal of the Kishnaghur College, is appointed to act in the Second Class of the Bengal Educational Service during the absence, on leave, of Mr. C. H. Tawney, or until further orders.

Baboo Lal Mohan Bhattacharjya, Head Master, Berhampore Normal School, is appointed to be Secretary to the District School Committee at Moorshedabad.

*The 25th April* 1876.—Mr. F. Lefeuvre, Officiating Head Master, Patna Collegiate School, is allowed leave up to 30th instant, in extension of the leave granted to him under orders of the 3rd March last, published in the *Calcutta Gazette* of the 8th idem.

Mr. Samuel Ager is appointed to be Principal of the Cuttack College, with effect from the 23rd February 1876, and until further orders.

MEDICAL.—*The 19th April* 1876.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Bellogram, in the district of Burdwan:—

Baboo Jibon Kishor Mundle, Zemindar's Agent.
,, Ram Taron Mookerjee, Cultivator.
,, Kangalee Churn Pal, ditto.
,, Tarinee Churn Bhattacharjee.

The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Gotan, in the district of Burdwan:—

Baboo Ram Dhon Sen, Talookdar.
,, Mohendro Nath Sen, Talookdar and Head Master, Gotan Government Aided School.
,, Bushonto Lall Sen, Talookdar.
,, Goloko Nauth Mookerjee, ditto.
,, Sreeram Dey, Talookdar.
,, Chunder Shikher Mitter, Talookdar's Agent.
,, Nobogopal Dutt, Landholder.
,, Makhun Lal Ghuttuck, Landholder.
,, Moti Lal Mullick, Trader.

*The 20th April* 1876.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Purulia Charitable Dispensary:—

Baboo Gunga Nund Mookerjea, Deputy Magistrate and Deputy Collector.
,, Rai Churn Ghose, Officiating Deputy Magistrate and Deputy Collector.
,, Nuffer Chunder Sen, Pleader.
,, Hungsessur Mookerjee, Government Pleader.
,, Kyelas Nauth Chatterjee, Pleader.

Assistant Apothecary Mr. W. H. Harding is appointed to be House Surgeon to the Howrah General Hospital with effect from the date on which he joined the hospital.

[*Government Gazette*, 2nd *May* 1876.]

১৮৭৬ সাল ২১ আপ্রিল।—পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত হিউ লয়ড জোন্স সাহেব, দিনাজপুরহইতে পাবনায় প্রেরিত হইলেন।

পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত উলিয়ম, জে, কিলবি সাহেব, পাবনাহইতে দিনাজপুরে প্রেরিত হইলেন।

পোলীসের আসিস্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত চার্লস আর্ম্মষ্ট্রং ফিশর সাহেব, দিনাজপুরে অবস্থিত হইলেন।

শিক্ষা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২০ আপ্রিল।—শ্রীযুত বাবু গঙ্গাচরণ সরকার স্থানান্তরে নিযুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু কেদারেশ্বর রায় যশোহর জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত সি, এচ, টনে সাহেব নিয়মিত ছুটী লইয়া এই মাসের ৭ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

১৮৭৬ সাল ২৪ আপ্রিল।—শ্রীযুত সি এচ, টনে সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কৃষ্ণনগর কালেজের প্রিন্সিপল শ্রীযুত ই, লেথব্রিজ সাহেব, এম, এ, বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

বহরমপুরের নর্ম্মাল স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু মনমোহন ভট্টাচার্য্য মুরশিদাবাদ জিলার স্কুল কমিটীর সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২৫ আপ্রিল।—পাটনার কলেজিয়েট স্কুলের একটিং প্রধান শিক্ষক শ্রীযুত এফ, লিফেবর সাহেব গত মার্চ মাসের ১৪ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ঐ মাসের ৩ তারিখের আজ্ঞামত যে ছুটী পান তদতিরিক্ত এই মাসের ৩০ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

শ্রীযুত সামুয়েল এজর সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ১৮৭৬ সালের ২৩ ফেব্রুয়ারি অবধি কটক কালেজের প্রিন্সিপলের পদে নিযুক্ত হইলেন।

চিকিৎসা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৯ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা বর্দ্ধমান জিলার অন্তর্গত বিল্বগ্রামস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

জমীদারের গোমাশতা শ্রীযুত বাবু জীবনকিশোর মণ্ডল।

কৃষক শ্রীযুত বাবু রামতারণ মুখোপাধ্যায়।

ঐ ,, ,, কাঙ্গালীচরণ পাল।

শ্রীযুত বাবু তারিণীচরণ ভট্টাচার্য্য।

নিম্নলিখিত মহাশয়েরা বর্দ্ধমান জিলার অন্তর্গত গোতানস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

তালুকদার শ্রীযুত বাবু রামধন সেন।

তালুকদার ও গোতানস্থ গবর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ সেন।

তালুকদার শ্রীযুত বাবু বসন্তলাল সেন।

ঐ ,, ,, গোলোকনাথ মুখোপাধ্যায়।

ঐ ,, ,, শ্রীরাম দে।

তালুকদারের গোমাশতা শ্রীযুত বাবু চন্দ্রশেখর মিত্র।

ভূম্যধিকারী শ্রীযুত বাবু নবগোপাল দত্ত।

ঐ ,, ,, মাখনলাল ঘটক।

ব্যবসায়ি শ্রীযুত বাবু মতিলাল মল্লিক।

১৮৭৬ সাল ২০ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা পুরুলিয়ার দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গঙ্গানন্দ মুখোপাধ্যায়।

একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাইচরণ ঘোষ।

উকীল শ্রীযুত বাবু নফরচন্দ্র সেন।

গবর্ণমেণ্টের উকীল শ্রীযুত বাবু হংসেশ্বর মুখোপাধ্যায়।

উকীল শ্রীযুত বাবু কৈলাসনাথ চট্টোপাধ্যায়।

আসিস্টাণ্ট আপথ্যিকরি শ্রীযুত ডবলিউ, এচ, হার্ডিং সাহেব যে তারিখে হাবড়ার জেনেরল হাস্পাতালে কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি ঐ হাস্পাতালের হৌস সর্জনের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২ মে।]

*The 21st April* 1876 —Surgeon-Major J G Pilcher is appointed to act as Health Officer for the Port of Calcutta during the absence, on duty, of Dr J G French, or until further orders

The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Fureedpore —

District Judge, member
District Magistrate, Chairman
Civil Surgeon, Secretary } *Ex officio*
W L Owmen, Esq , member

T G Charles, Esq , District Superintendent of Police, member

Baboo Sree Nath Roy, Subordinate Judge, member

,, Tara Nath Chackravarti, M A , B L , Government Pleader, member

,, Jadub Chandra Gossami, B A , Deputy Magistrate, member

,, Kali Dass Mukerji, Head Master, member

,, Rojoni Kanto Bose, M A , B L , Pleader, member

*The 24th April* 1876 —Assistant Surgeon Ramkally Gupta, Demonstrator of Anatomy and Teacher of Midwifery in the Temple Medical School, Bankipore, is allowed leave for two months, under Section 21, Chapter VI of the Civil Leave Code

Assistant Surgeon Grish Chunder Bhur is appointed to have medical charge of the Civil Station of Bankoora, *vice* Dr H C Connolly, with effect from the 26th ultimo the date on which he joined that station

MARINE —*The 24th April* 1876 —Captain J V Falle reported his departure from India on furlough on the 11th instant

EMIGRATION —*The 19th April* 1876 —Surgeon-Major J G French is appointed to be Medical Inspector of Emigrants at Calcutta under Section 9 of Act VII of 1871

JAILS —*The 21st April* 1876 —Mr W Leonard, Personal Assistant to the Inspector-General of Jails, is allowed leave for six months, under Sections 5 and 10 of the Civil Leave Code, together with subsidiary leave for four days

MUNICIPAL —*The 25th April* 1876 —The Lieutenant-Governor has been pleased to accept the resignation of Mr R Macallister of his appointment as a Municipal Commissioner for the Suburbs of Calcutta

Mr A H Haggard, Officiating Joint-Magistrate and Deputy Collector, in charge of the Serampore sub-division, is appointed to be Vice-Chairman of the Municipal Commissioners for the Town of Ootterparah

ERRATUM —*The 25th April* 1876 —In the order of the 18th instant, appointing certain gentlemen to be members of the Economic Museum Committee—

*For* 'Major J F Tennant, R E , Mint Master, Calcutta,' *read* 'Colonel J F Tennant, R E , Mint Master, Calcutta '

The following Notification is republished from the *Assam Gazette* —

*The 10th April* 1876 —Mr T J. Murray, C S , Assistant Commissioner, Second Grade, is appointed to act as Assistant Secretary to the Chief Commissioner of Assam

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

[*Government Gazette*, *2nd May* 1876 ]

১৮৭৬ সাল ২১ আপ্রিল।—রাজকার্য্যোপলক্ষে ডাক্তর শ্রীযুত জে, জি, ফ্রেঞ্চ সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সর্জন মেজর শ্রীযুত জে, জি, পিলচর সাহেব কলিকাতা বন্দরের স্বাস্থ্যরক্ষকের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা ফরীদপুরের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

জিলার জজ সাহেব, মেম্বর,
জিলার মাজিষ্ট্রেট সাহেব, সভাপতি,
সিবিল চিকিৎসক সাহেব, সেক্রেটরী,
শ্রীযুত ডবলিউ, এল, ওমেন সাহেব, মেম্বর,
} স্বং পদোপলক্ষে।

পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত টি, জি, চার্লস সাহেব, মেম্বর।

সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু শ্রীনাথ রায়, মেম্বর।

গবর্ণমেণ্টের উকীল শ্রীযুত বাবু তারানাথ চক্রবর্ত্তী, এম, এ, ও বি, এল, মেম্বর।

ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু যাদবচন্দ্র গোস্বামী, বি, এ, মেম্বর।

প্রধান শিক্ষক শ্রীযুত বাবু কালিদাস মুখোপাধ্যায়, মেম্বর।

উকীল শ্রীযুত বাবু রজনীকান্ত বসু, এম, এ, ও বি, এ, মেম্বর।

১৮৭৬ সাল ২৪ আপ্রিল।—বাঁকীপুরস্থ টেম্পল মেডিকাল স্কুলের ব্যবচ্ছেদ বিদ্যার উপদেশক ও ধাত্রী বিদ্যার শিক্ষক আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত রামকালী গুপ্ত, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

ডাক্তর শ্রীযুত এচ, সি, কনলী সাহেবের পরিবর্ত্তে, আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত গিরীশচন্দ্র ভড় গত মাসের ২৬ তারিখঅবধি বাঁকুড়ার দেওয়ানী মোকামের চিকিৎসা কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন। তিনি ঐ তারিখে সেই মোকামে কর্ম্ম গ্রহণ করেন।

সমুদ্র সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২৪ আপ্রিল।—কাপ্তান শ্রীযুত জে, বি, ফল সাহেব নিয়মিত ছুটী লইয়া এই মাসের ১১ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বিদেশগমনসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৯ আপ্রিল।—সর্জন মেজর শ্রীযুত জে, জি, ফ্রেঞ্চ সাহেব ১৮৭১ সালের ৭ আইনের ৯ ধারামতে কলিকাতায় মজুরদের চিকিৎসা কার্য্যের পরিদর্শকের পদে নিযুক্ত হইলেন।

জেল সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২১ আপ্রিল।—জেল সমূহের ইনস্পেক্টর জেনরল সাহেবের স্বকীয় আসিস্টাণ্ট শ্রীযুত ডবলিউ লেনার্ড সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ ও ১০ ধারামতে ছয় মাস ছুটী পাইয়াছেন। তদ্ভিন্ন চারি দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

মুনিসিপল সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২৫ আপ্রিল।—শ্রীযুত আর, মাকলিস্টর সাহেব কলিকাতার শাখানগরের মুনিসিপল কমিশ্যনরের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা গ্রাহ্য করিয়াছেন।

শ্রীরামপুর মহকুমার কার্য্যের ভারপ্রাপ্ত একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, এচ, হাগার্ড সাহেব উত্তরপাড়া নগরের মুনিসিপল কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

অশুদ্ধশোধন।—১৮৭৬ সাল ২৫ আপ্রিল।—ইকনমিক মিউসিয়ম কমিটীতে কএক মহাশয়ের নিয়োগ বিষয়ক এই মাসের ১৮ তারিখের আজ্ঞাতে,

"কলিকাতার মিণ্ট মাষ্টর মেজর শ্রীযুত জে, এফ, টেনাণ্ট সাহেব, আর, ই," এই কথার পরিবর্ত্তে "কলিকাতার মিণ্ট মাষ্টর কর্ণেল শ্রীযুত জে, এফ, টেনাণ্ট সাহেব আর, ই,"পাঠ করিতে হইবে।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

১৮৭৬ সাল ১০ আপ্রিল।—দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত টি, জে, মরে সাহেব, সি, এস, আসামের প্রধান কমিশ্যনর সাহেবের আসিস্টাণ্ট সেক্রেটরীর কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

আর, এল, মাঙ্গল্স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২ মে।]

## DECLARATION.

*The 25th April* 1876 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for a diversion on the Beauleah to Nattore road running from east to west through the villages of Maskhata Dighi, Shomshadipore, Imadpore, and Kapasia, in pergunnah Lushkarpore, in the district of Rajshahye, it is hereby declared that for the above purpose a strip of land measuring, more or less, 13,585 feet in length with an average breadth of 100 feet, or 94 beeghas 6 cottahs 12 chuttacks of standard measurement is required within the aforesaid villages of Maskhata Dighi, Shomshadipore, Imadpore, and Kapasia

2 This declaration is made under Section 6 of Act X of 1870 to all whom it may concern

H J REYNOLDS,
*Offg Secy to the Govt of Bengal*

## DECLARATION

*The 25th April* 1876 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the construction of a Rifle Range for the Calcutta Volunteer Corps, in the villages of Tiljala, Ghugudanga, and Baligunge, zillah 24-Pergunnahs, it is hereby declared that for the above purpose a strip of land 3,150 feet in length and 150 feet in average breadth, containing by estimation 33 beeghas of land, more or less, bounded on the north by the Tiljala road, on the east by the Calcutta and South-Eastern State Railway fencing, on the south by the Baligunge road, and on the west by lands appertaining to Dihi Punchanogram and pergunnah Saupgachi, is required within the aforesaid villages of Tiljala, Ghugudanga, and Baligunge

2 This declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern

3 This cancels the Notification dated 4th December 1875, and published in the *Calcutta Gazette* of the 8th December 1875

H J REYNOLDS,
*Offg Secy to the Govt of Bengal*

## JUDICIAL DEPARTMENT

No. 1462C S

*The 20th April* 1876 —Mr Herman Michael Kisch, Officiating Assistant Commissioner, Manbhoom, is vested with the powers of a Magistrate of the First Class and with powers of a Moonsif

*The 21st April* 1876 —The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of Tipperah, and are vested with the powers of a Magistrate of the third class, viz —

Moulvi Imdad Ali Nyan, Zemindar
„ Hyder Ali Nyan, Talookdar
Baboo Petambur Tarkabhusun, Talookdar

*The 24th April* 1876 —Baboo Jadu Nath Mullick, First Subordinate Judge and Judge of the Court of Small Causes at Rajshahye, is allowed leave for two months, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 4th May next

Baboo Gonesh Chunder Chowdry, Moonsif of Commilla, on leave, is appointed to act as First Subordinate Judge and Small Cause Court Judge of Rajshahye, during the absence on leave, of Baboo Judu Nath Mullick, or until further orders

*The 25th April* 1876 —The following officers are vested with the powers noted against their names with effect from the 6th November 1875, instead of from the dates previously notified —

| | |
|---|---|
| Mr C M W Brett<br>„ H Savage<br>„ F H Harding | Powers of a Magistrate, 1st Class |
| „ H Lee<br>„ D Norton<br>„ W D Blyth<br>„ J Kennedy<br>„ R Carstairs | Powers of a Magistrate, 2nd Class |

[*Government Gazette, 2nd May* 1876.]

## বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৫ আপ্রিল।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ রাজশাহী জিলার অন্তর্গত লস্করপুর পরগনার মাসথাটা দীঘী ও সোমলাদিপুর ও ইমাদপুর ও কাপাসিয়া গ্রাম দিয়া বোয়ালিয়া অবধি নাটোর পর্য্যন্ত পূর্ব্ব পশ্চিম গামি পথ কিরাইবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত মাসথাটা দীঘী ও সোমলাদিপুর ও ইমাদপুর ও কাপাসিয়া গ্রামে ন্যূনাধিক ১৯, ৫৮৫ ফুট দীর্ঘ ও গড়ে ১৫০ ফুট প্রস্থ অর্থাৎ কাটিমতে ন্যূনাধিক ৯৪।১৮ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, জে, রেমলড্স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৫ আপ্রিল।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত তিলজলা ও ঘুঘুডাঙ্গা ও বালিগঞ্জ গ্রামে কলিকাতার বলণ্টিয়র দলের রাইফল শিক্ষার্থ স্থানের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয় আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত তিলজলা ও ঘুঘুডাঙ্গা ও বালিগঞ্জ গ্রামে ন্যূনাধিক ৩, ১৫০ ফুট দীর্ঘ ও গড়ে ১৫০ ফুট প্রস্থ অর্থাৎ কাজিতে অনুমান ৩৩৵ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা তিলজলা পথ, পূর্ব্ব সীমা কলিকাতা ও সৌথ-ইষ্টর্ণ ষ্টেট রেলওয়ের বেড়া, দক্ষিণ সীমা বালীগঞ্জের পথ, পশ্চিম সীমা ডিহী পঞ্চান্ন গ্রামের ও শুশুগাছী পরগনার এলাকার ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

৩। ১৮৭৫ সালের ডিসেম্বর মাসের ৪ তারিখের যে বিজ্ঞাপন ১৮৭৫ সালের ১৪ ডিসেম্বরের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহা ইহাতে রহিত করা গেল।

এচ, জে, রেমলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

### ১৪৬২০৪ নম্বর।

১৮৭৬ সাল ২০ আপ্রিল।—মানভূমের একটিং আসিস্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত হার্ম্মস্ মাইকেল কিশ সাহেব, প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের ক্ষমতা ও মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৬ সাল ২১ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা ত্রিপুরা জিলার অবৈতনিক ম্যাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

জমীদার শ্রীযুত মৌলবী ইমদাদ আলী নায়ন।
তালুকদার শ্রীযুত মৌলবী হয়দর আলী নায়ন।
তালুকদার শ্রীযুত বাবু পীতাম্বর তর্কভূষণ।

১৮৭৬ সাল ২৪ আপ্রিল।—রাজশাহীর প্রথম সবর্ডিনেট জজ ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু যদুনাথ মল্লিক সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি মে মাসের ৪ তারিখ অবধি দুই মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত বাবু যদুনাথ মল্লিকের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কমিল্লার মুনসেফ শ্রীযুত বাবু গণেশচন্দ্র চৌধুরী রাজশাহীর প্রথম সবর্ডিনেট জজের ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

১৮৭৬ সাল ২৫ আপ্রিল।—নিম্নলিখিত কার্য্যকারকেরা পূর্ব্ব প্রকাশিত তারিখ অবধি না হইয়া ১৮৭৫ সালের নবেম্বর মাসের ৬ তারিখ অবধি আপনং নামের পার্শ্বের লিখিত ক্ষমতা পাইয়াছেন।

| | |
|---|---|
| শ্রীযুত সি, এম, ডবলিউ, ব্রেট সাহেব<br>,, এচ, সাবেজ সাহেব<br>,, এফ, এচ, হার্ডিং সাহেব | প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের ক্ষমতা। |
| ,, এচ, লী সাহেব<br>,, ডি, মর্টন সাহেব<br>,, ডবলিউ, ডি, ব্রাইথ সাহেব<br>,, জে, কেনেডি সাহেব<br>,, আর, কাষ্টের্স সাহেব | দ্বিতীয় শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের ক্ষমতা। |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২ মে।]

**Leave of Absence to Moonsifs**—*The 20th April* 1876 —Baboo Gopeenath Banerjee, Second Moonsif of Midnapore, is allowed leave for six months, under Section 3, Supplement F of the Civil Leave Code, with effect from the 30th ultimo

The unexpired portion of the three months' leave of absence on medical certificate granted to Baboo Sham Lall Haldar, B I, Moonsif of Juggernathdiggy, in the district of Tipperah, on the 17th January 1876, is cancelled

*The 22nd April* 1876 —Baboo Judoonath Mookerjee, Moonsif of Raojan, in the district of Chittagong, is allowed privilege leave of absence for two months, with effect from the 8th of April 1876, or from any subsequent date, under Section 21, Chapter VI of the Civil Leave Code

Baboo Rajchunder Sandyal, Moonsif of Putnitollah, in the district of Dinagepore is allowed leave of absence for one month and twelve days, with effect from the 25th April 1876, or from any subsequent date, under Section 21, Chapter VI of the Civil Leave Code

*The 24th April* 1876 —Moonshee Sudanund, Moonsif of Hazareebagh, is allowed leave of absence for one month, with effect from the 1st May 1876, or from any subsequent date, under Section 21, Chapter VI of the Civil Leave Code

Baboo Mohendra Narain Chuckerbutty, Moonsif of Dantoon in the district of Midnapore, is allowed leave of absence for four months, with effect from the 17th of April 1876, under Section 3, Suplement F of the Civil Leave Code

The following Notification is republished from the *Assam Gazette* —

*The 12th April* 1876 —Mr L Hare C S, Officiating Assistant Commissioner, Second Grade, Sylhet, is vested with the powers of a Magistrate of the First Class, and with the powers described in Section 27 (*a*), 2, 4, 8, and 11 of the Criminal Procedure Code in that district

R L Mangles,
*Offg Secy to the Govt of Bengal*

## NOTIFICATION

It is hereby notified that Bhugwan Chundra Bhodro, described in the roll below, who was formerly Sheristadar of the Third Moonsif's Court at Commilla, and was afterwards dismissed from that appointment for embezzling searching fees, is hereby declared to be disqualified for future employment in the service of Government in any capacity

| Name | Father's name | Caste | Age | Height | Description and other distinguishing marks | Native place |
|---|---|---|---|---|---|---|
| | | | | Ft In | | |
| Bhugwan Chundra Bhodro | Ramgoty Bhodro | Hindoo | 37 | 5 6 | Dark complexion | Mouzah Shoosunda pergunnah Bulla khat station Chorla zillah Tipperah |

R L Mangles
*Offg Secy to the Govt of Bengal*

## PUBLIC WORKS DEPARTMENT,—(BENGAL)

**Establishment**

*The 22nd April* 1876

*No* 136 —*Transfers*—Mr F Sills, Executive Engineer, Fourth Grade, from the Fourth to the Second Calcutta Division

*No* 137 —Mr P J Neville, Executive Engineer (temporary rank), Second Grade, from the Presidency to the Fourth Calcutta Division

*No* 138 —Baboo Gopaul Chunder Mookerjee Executive Engineer (temporary rank), Third Grade, from the Dinagepore to the Presidency Division

*No* 139 —Baboo Denonath Sen, Assistant Engineer, First Grade, attached to the Presidency Division, to officiate as Executive Engineer of that division pending the arrival of Baboo Gopaul Chunder Mookerjee

[*Government Gazette, 2nd May* 1876]

মুনসেফদের ছুটী।—১৮৭৬ সাল ২০ আপ্রিল।—মেদিনীপুরের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ বন্দ্যোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে গত মাসের ৩০ তারিখ অবধি ছয় মাস ছুটী পাইয়াছেন।

ত্রিপুরা জিলার অন্তর্গত জগন্নাথদীঘীর মুনসেফ শ্রীযুত বাবু শ্যামলাল হালদার, বি এল, চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১৮৭৬ সালের জানুয়ারি মাসের ১৭ তারিখে যে তিন মাস ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭৬ সাল ২২ আপ্রিল।—চট্টগ্রাম জিলার অন্তর্গত বাওজানের মুনসেফ শ্রীযুত বাবু যদুনাথ মুখোপাধ্যায় ১৮৭৬ সালের ৮ আপ্রিল অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

দিনাজপুর জিলার অন্তর্গত পত্নীটোলার মুনসেফ শ্রীযুত বাবু রাজচন্দ্র সান্ন্যাল ১৮৭৬ সালের ২৫ আপ্রিল অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস বার দিন ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২৪ আপ্রিল।—হাজারীবাগের মুনসেফ শ্রীযুত মুনশী সদানন্দ ১৮৭৫ সালের ১ মে অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

মেদিনীপুর জিলার অন্তর্গত দাঁতুনের মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৬ সালের ১৭ আপ্রিল অবধি চারি মাস ছুটী পাইয়াছেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

১৮৭৬ সাল ১২ আপ্রিল।—শ্রীহট্টের দ্বিতীয় শ্রেণীর একটিং আসিস্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত এল, হেবর সাহেব, সি, এস, প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৭ ধারার (ক) প্রকরণের ২ ও ৪ ও ৮ ও ১১ দফার নির্দ্দিষ্ট ক্ষমতা পাইয়াছেন।

আর, এল, মাঙ্গল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

নিম্নলিখিত বর্ণনাপত্রের নির্দ্দিষ্ট শ্রীভগবানচন্দ্র ভদ্র পূর্ব্বে কমিল্লার তৃতীয় মুন্সেফের আদালতের সিবিশ্‌তাদার থাকিয়া পরে তল্লাশী ফীর তহবীল ভাঙ্গাতে কর্ম্মচ্যুত হইয়াছে। সে আর কখন গবর্ণমেণ্টের কর্ম্ম পাইতে পারিবে না এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

বর্ণনাপত্র।

| নাম | পিতার নাম | জাতি | বয়স | উচ্চতা | বর্ণনা ও অন্য বিশেষ চিহ্ন। | বাসস্থান। |
|---|---|---|---|---|---|---|
| শ্রীভগবানচন্দ্রভদ্র | রামগতি ভদ্র | হিন্দু | ৩৭ | ফুট ইঞ্চি ৫—৫ | কৃষ্ণবর্ণ | ত্রিপুরা জিলার অন্তর্গত খোলা থানার বলদাখাট পরগনার সুনন্দা মৌজা। |

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

## বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিশ্‌তা বিষয়ক।

১৮৭৬ সাল ২২ আপ্রিল।

১৩৬ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, সিলস সাহেব কলিকাতার চতুর্থ খণ্ড হইতে দ্বিতীয় খণ্ডে প্রেরিত হইলেন।

১৩৭ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত পি, জ, নিউবিল সাহেব রাজধানীহইতে কলিকাতার চতুর্থ খণ্ডে প্রেরিত হইলেন।

১৩৮ নম্বর।—তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় দিনাজপুরহইতে রাজধানী খণ্ডে প্রেরিত হইলেন।

১৩৯ নম্বর।—শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় না পঁহুছন পর্য্যন্ত রাজধানী খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু দীননাথ সেন উক্ত খণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২ মে।]

*No* 140 —*Leave of Absence* —Mr S A Stewart, Executive Engineer, Second Grade, has been allowed an extension of one week's furlough by the Right Honorable the Secretary of State for India

*The 24th April* 1876

*No* 141 —The furlough for one year which was granted* to Mr G W Vivian, Executive Engineer, First Grade, has been converted into two years by the Right Honorable the Secretary of State for India, under Section 10 (*a*) of the Civil Leave Code

* Bengal Government (Public Works Department) Notification No 604, dated 1st December 1875

*No* 142 —*Posting* —Mr S A Stewart, Executive Engineer, Second Grade, having reported his return from furlough to Europe, is posted to the Third Calcutta Division

*No* 143 —*Transfer* —Mr A F Watson, Executive Engineer (temporary rank), Second Grade, from the Third Calcutta to the Dinagepore Division

*No* 144 —*Errata* —In Notification No 119, of the 10th April 1876, promoting Mr Meara, for "1st February 1876," read "25th February 1876"

In Notification No 133, of the 17th April 1876, opposite the name of Baboo Nobogopaul Banerjee, "for Burdwan Division," read "Midnapore Division"

G A D ANLEY, C F,
*Offg Asst Secy to the Govt of Bengal, P W D*

IRRIGATION

NOTIFICATION —ESTABLISHMENT

*Dated 24th April* 1876

*No* 145 —*Transfers* —The following subordinates are transferred from the Gunduck Survey to the Lower Gunduck Embankment Division —

Baboo G B Naidoo, Temporary Overseer, Second Grade

" Aughore Nath Datta, Probationary Sub-Overseer, First Grade

*No* 146 —*Notifications* —With reference to the orders marginally noted, Mr F M S. Douglas, Assistant Engineer, Second Grade, left the Gunduck Survey Division on the forenoon of the 11th April 1876 to join the Arrah Division of the Sone Circle

No 131, dated 3rd April 1876

*No* 147 —Mr C L Davies, Executive Engineer, Second Grade, on Special Survey Duty in the South Western Circle, availed himself of the furlough granted him in the orders marginally noted on the forenoon of the 7th April 1876

No 42, dated 29th January 1876

*No* 148 —*Declaration* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for Drainage Cut No 1 along the main western canal in its fourth and fifth miles, and passing through or near mouzah Bank, pergunnah Sasseram, zillah Shahabad, it is hereby declared that for the above purpose a piece of land, about 3,950 feet in length, and from about 85 to

১৪০ নম্বর।—ছুটী।—ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিযর শ্রীযুত এস, এ, ষ্টুয়ার্ট সাহেবকে আর এক সপ্তাহ নিযমিত ছুটী দিযাছেন।

১৮৭৬ সাল ২৪ আপ্রিল।

১৪১ নম্বর।—প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিযর শ্রীযুত জি, ডবলিউ, বিবিযন সাহেব এক বৎসর যে নিয়মিত ছুটী পান * ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ (a) ধারামতে তাহা দুই বৎসর করিয়া দিযাছেন।

*বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৫ সালের ১ ডিসেম্বরের ৬০৪ নং বিজ্ঞাপন।

১৪২ নম্বর।—অবস্থিতির কথা।—দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিযর শ্রীযুত এস, এ, ষ্টুয়ার্ট সাহেব, ইউরোপ গমনের নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিযাছেন রিপোর্ট করিযা কলিকাতার তৃতীয় খণ্ডে অবস্থিত হইলেন।

১৪৩ নম্বর।—স্থানান্তরে নিযোগ।—দ্বিতীয় শ্রেণীর কিযৎকালীন একসেকিটিব ইঞ্জিনিযর শ্রীযুত এ, এফ, ওয়াটসন সাহেব, কলিকাতার তৃতীয় খণ্ডহইতে দিনাজপুর খণ্ডে প্রেরিত হইলেন।

১৪৪ নম্বর।—অশুদ্ধশোধন।—শ্রীযুত মিযারা সাহেবের পদ বৃদ্ধি বিষযক ১৮৭৬ সালের ১০ আপ্রিলের ১১৯ নং বিজ্ঞাপনে "১৮৭৬ সালের ১ ফেব্রুযারি" এই কথার পরিবর্ত্তে "১৮৭৬ সালের ২৫ ফেব্রুযারি" পাঠ করিতে হইবে।

১৮৭৬ সালের ১৭ আপ্রিলের ১৩৩ নং বিজ্ঞাপনে শ্রীযুত বাবু নবগোপাল বন্দ্যোপাধ্যাযের নামের পার্শ্বে "বর্দ্ধমান খণ্ড" এই কথার পরিবর্ত্তে "মেদিনীপুর খণ্ড" পাঠ করিতে হইবে।

জি, এ, ডি, আনলী, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং
আসিস্টাণ্ট সেক্রেটরী।

---

জলসেচন সম্পর্কীয়।

---

সিরিশ্তা বিষযক,—বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৪ আপ্রিল।

১৪৫ নম্বর।—স্থানান্তরে নিযোগ।—নিম্নলিখিত সবর্ডিনেটেরা গণ্ডক জরীপী খণ্ডহইতে দক্ষিণ গণ্ডক বাঁধ খণ্ডে প্রেরিত হইলেন।

দ্বিতীয় শ্রেণীর কিযৎকালীন ওবরসিযর শ্রীযুত বাবু জি, বি, নৈন্দু।

প্রথম শ্রেণীর প্রবেশনরি ওবরসিযর শ্রীযুত বাবু অঘোরনাথ দত্ত।

১৪৬ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, এম, এস, ডগলাস সাহেব সোণ চক্রের অন্তর্গত আরা খণ্ডে কর্ম্ম গ্রহণার্থে ১৮৭৬ সালের ১১ আপ্রিলের পূর্ব্বাহ্নে গণ্ডক জরীপী খণ্ডহইতে গমন করিলেন।

১৮৭৬ সালের ৩ আপ্রিলের ১৩১ নং।

১৪৭ নম্বর।—দক্ষিণ পশ্চিম চক্রে বিশেষ জরীপী কার্য্যে নিযুক্ত শ্রীযুত সি, এন, ডেবিস সাহেব, পার্শ্বলিখিত আজ্ঞামতে যে নিযমিত ছুটী পান, তাহা ১৮৭৬ সালের ৭ আপ্রিলের পূর্ব্বাহ্নে গ্রহণ করিলেন।

১৮৭৬ সালের ২৯ জানুয়ারির ৪২ নং।

১৪৮ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকার্য্যের নিমিত্তে অর্থাৎ শাহাবাদ জিলার অন্তর্গত সাসীরাম পরগনার বাঁক মৌজার মধ্য ব নিকট দিযা পশ্চিম প্রধান খালের ৪র্থ ও ৫ম মাইলের সঙ্গে ১নং জলনির্গমনের নালা করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওযাতে এই সংবাদ দেওয়া গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২ মে।]

50 feet in width, and measuring 5 acres 1 rood 11 23 poles, more or less, is required as demarcated by the Public Works Department, Irrigation Branch, officers in or near the aforesaid village in the district of Shahabad

The plan of the said Drainage Cut may be seen and inspected in the Office of the Executive Engineer, Arrah Division, at Arrah, on any day (holidays excepted) during Office hours

This Declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern

F T HAIG, *Colonel, R E,*
*Joint-Secy to the Govt of Bengal,*
*in the P W Dept, Irrigation Branch*

---

## NOTICE

IT is hereby notified that at the ensuing half-yearly examination of Junior Civilians, Deputy Magistrates, &c, commencing on Thursday, the 4th May 1876, four local Examination Committees will be held in this division, viz (1) at No 3, Theatre Road, Calcutta, for officers stationed at Calcutta or employed in the 24-Pergunnahs, (1) at Kishnaghur for those employed in the district of Nuddea, (1) at Jessore Sudder Station for those employed in the district, and (1) at Berhampore for those employed in the Moorshedabad district

C T BUCKLAND,
*Commissioner*

পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার উক্ত গ্রামের মধ্যে বা নিকটে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার কার্য্যকারকদের দ্বারা চিহ্ন দেওযা প্রায় ৩৯১০ ফুট দীর্ঘ ও ৮৫ অবধি ৫০ ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ৫ একর ১ রুড ১১ ২৩ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রযোজন।

উক্ত কাটা খালের নকশা বন্দের দিন ভিন্ন প্রতিদিন কার্য্যচলনের সকল ঘণ্টায আরায আরা খণ্ডের একসেকিটিব ইঞ্জিনিযরের কার্য্যালযে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওযা গেল।

এফ, টি, হেগ, কর্ণেল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায বঙ্গদেশের গবর্ণমেণ্টের
জাইণ্ট সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সালের মে মাসের ৪ তারিখ বৃহস্পতিবারে জুনিযর সিবিলিযনদের ও ডেপুটী মাজিষ্ট্রেট প্রভৃতির আগামি ষাণ্মাসিক পরীক্ষা আরম্ভ হইবে। এই খণ্ডের অন্তর্গত চারি স্থানে পরীক্ষক কমিটীর অধিবেশন হইবে এতদ্বারা এই সংবাদ দেওযা গেল। অর্থাৎ প্রথম কলিকাতায অবস্থিত অথবা ২৪ পরগনায নিযুক্ত কার্য্যকারকদের পরীক্ষার জন্যে কলিকাতার থিযেটর রোডের ৩ নং বাটীতে, ও দ্বিতায, নদীযা জিলায নিযুক্ত কার্য্যকারকদের জন্যে কৃষ্ণনগরে, ও তৃতীয যশোহর জিলায নিযুক্ত কার্য্যকারকদের জন্যে যশোহরের সদর মোকামে, ও চতুর্থ মুরশিদাবাদ জিলায নিযুক্ত কার্য্যকারকদের জন্যে বহরমপুরে।

সি, টি, বকলণ্ড, কমিশনর।

# গবর্ণমেণ্ট গেজেট

**TUESDAY, MAY 2, 1876**

মঙ্গলবার ১৮৭৬ সাল ২ মে।

## PART VIII

**ADVERTISEMENTS.**

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENT. ভূমি বিষয়ক ইস্তাহার।

জিলা বীরভূম।

ইস্তাহার নামা কাছারি কালেক্টরী জেলা বীরভূম এই যে,

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও ১৮৬৮ সালের ৭ আইনের ৩ ধারানুসারে জেলা বীরভূমের মধ্যবর্ত্তী নিম্নেলিখিত মহাল ১৮৭৬ সালের ২৮ মার্চ পর্য্যন্তর প্রাপ্য বাকি মালগুজারি আদায় নিমিত্ত ১৮৭৬ সালের ১৫ মেই মোতাবেক বাঙ্গলা ১২৮৩ সালের ৩ জ্যৈষ্ঠ সোমবার ঐ জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজর ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে ইতি সন ১৮৭৬ সাল ৬ আপ্রিল।—

| তৌজির নম্বর | মহালের শ্রেণী | নাম মহাল ও পরগনা | কি প্রকারের বাকী ও বাকীর সংখ্যা | নাম তালুকদার | সদর জমা | যাহা নীলাম হইবেক। |
|---|---|---|---|---|---|---|
| ১৫৪ | প্রথম শ্রেণী | লাট সাঁকবাহা পরগনে বারবক সিংহ | বাকি রাজস্ব ৫৬৫॥৶৭ | বিজয়গোপাল চট্টোপাধ্যায় রামলাল চট্টোপাধ্যায় প্রাণচাঁদ চট্টোপাধ্যায় বৈদ্যনাথ চট্টোপাধ্যায় কমলে কামিনী দেব্যা জানকীনাথ মুখোপাধ্যায় স্বয়ং ও অলা নাবালিগা হরিদাসী দেব্যা। রামলাল মুখোপাধ্যায়, | ২৭৪৫॥৴০<br>বাদ।<br>কমলে কামিনী দেব্যার। পৃথক হিসাব ৬৮৬।৶০<br>জানকীনাথ মুখোপাধ্যায় স্বয়ং ও অলি নাবালিগা হরিদাসী দেব্যার পৃথক হিসাব ৬৮৬।৵৩<br>১৩৭২৸৩<br>সেওয়ায় এজমালি অংশ যাহা নীলাম হইবেক তাহার সদর জমা ১৩৭২৸৯ | এজমালি অংশ নীলাম হইবেক। |
| ২৩৭ | ঐ | লাট কান্তোড়ি পরগনে জয়নুজাল | বাকি রাজস্ব ১২৶৭ | শ্রীশ্রী৺রাধাবল্লভ ঠাকুরের সেবাইতে নাবালগ বাবু রামরঞ্জন চক্রবর্ত্তীর ইষ্টেটের মেনেজর এ হিউমস্মিথ সাহেব ও সেখ বেদার বক্স ও বেণীমাধব চক্রবর্ত্তী ও গোপীবল্লভ চক্রবর্ত্তী ও ছবডিচন্দ্র চক্রবর্ত্তী, ও রামকৃষ্ণ চক্রবর্ত্তী ও তিনকড়ি রায় ও সেখ জশীমদ্দীন ও ঈশানচন্দ্র সেন | ১৪৮৬॥৶০<br>বাদ পৃথক হিসাব।<br>বাবু রামরঞ্জন চক্রবর্ত্তী ৬৫৯৴১০<br>সেওয়ায় এজমালি অংশ যাহা নীলাম হইবেক তাহার সদরজমা ৮২৭॥৴২ | এজমালি অংশ নীলাম হইবেক। |

R D HIME,
*Collector*

[*Government Gazette*, 2nd May 1876]

জিলা চট্টগ্রাম।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তি নিম্নলিখিত মহাল সকল ১৮৭৬ সালের ২৫ ফেব্রুআরি তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্‌টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৬ সালের ২৯ মাই তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" ইতি সন ১৮৭৬ ইং তারিখ মার্চ।

প্রথম শ্রেণীর কায়মি মহাল।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

৭ নং কিসমত অম্বিকা বাবতে তরফ তিলকচন্দ্র কাননগোয় নিলাম উমাচরণ চৌধুরী সমুদয় মহাল বিক্রী হইবে সদর জমা ৭৫৫।৶০

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

৫৪। তরফ আনন্দীরাম কাননগোয় মালিক শ্রীমতী আনন্দময়ী ও ব্রজমোহন গএরহ মোট সদর জমা ৮৪৯।৶৯

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া ব্রজমোহন, বিশ্বনাথ, প্রকাশ বৈদ্যনাথ, ভোলানাথ, ঘনেশ্যাম, হরদাস কাং, জানবিবি কালীচরণ, উদয়চান্দ, উর্ম্মিলা, বঞ্ছিতরাম, রামদাস, রামকিশোর রামদয়াল দে, রামদয়াল, রামদুলাল, শিবদাস কাং, তনুরাম, মৃত্যুঞ্জয় প্রকাশ যুগলকিশোর, রামদয়াল দে, আমানত আলী, জিন্নত আলী আকিমাবিবি, মতিবিবি, সেখ মাহাং বশী বল্লা চৌং সেখ মহমুদ আছানতউল্লা চৌধুরী সেখ মাহাং বহী মল্লা চৌং বিশ্বম্ভর দে, ও কালীকুমার দেব অংশ মং ৪৭।৶১০ পাই সদর জমা বিক্রী হইবে

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

৮১৩। কিসমত দুর্গালোচন, কৃষ্ণচরণ ওহাদ্দাদার, রামলোচন সেন, চন্দ্রকলা, রামসুন্দর সেন কৃষ্ণমোহন কেরাণী গোপালদাস, গুরুদাস পাল ও রামচন্দ্র বাবতে তরফ রামহরি কাননগোয় মালিক চন্দ্রকান্তপাল গএরহ মোট সদর জমা ৮৮৩৶৬

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া জগতচন্দ্র সেন ও তারকচন্দ্র সেনের অংশ মং ২১২৲৫ পাই সদর জমা বিক্রী হইবে।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

১০২৪। তরফ গোবিন্দনন্দী মালিক ছত্রনারায়ণ গএরহ মোট সদর জমা ১০৬১৶৴১

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া ছত্রনারায়ণ, দর্পনারায়ণ মাহাং আসরফ, রামজয়, রামচন্দ্র দত্ত, সেখমাহাং বশীবল্লা, সেখ মাহাম্মদ আছান উল্লা ও সেখ মাহাং বহী মল্লার অংশ মং ১০৭৶৶৬ পাই সদর জমা বিক্রী হইবে।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

১২৭৯। তরফ জয়রাম চৌধুরী মালিক ফরখন্দবক্ত ও অহিদল আলম সমুদায় মহাল বিক্রী হইবে সদর জমা ১৪২০।৴০

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

*The 28th April* 1876 —The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of Dacca, and are vested with the powers of a Magistrate of the Third Class —

Sir J Weymyss, *Bart*
Baboo Mohiny Mohun Dass, Zemindar and Merchant
Moulvie Obedoollah, Superintendent of the Madrissa

*The 29th April* 1876 —The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of Durbhunga, and are vested with the powers of a Magistrate of the Third Class, viz —

| | |
|---|---|
| Baboo Nursing Narain Sing | Zemindar |
| „ Brij Behary Sing | Ditto |
| Sheikh Khoorshed Ally | Malik and Ryot |
| „ Abdool Rohman | Ditto |
| Baboo Jugdumbi Pershad | Zemindar |

*The 1st May* 1876 —Baboo Kally Dass Dutt, Subordinate Judge of Rungpore, is allowed leave for six weeks, under Section 3, Supplement B to the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 2 th January 1876

ERRATA —*The 1st May* 1876 —In the orders of the 17th ultimo, published in the *Calcutta Gazette* of the 19th idem, appointing Baboo Kali Kishore Chowdry to be an Honorary Magistrate in the district of Tipperah—

*For* 'Baboo Kali Kishore Chowdry,' *read* 'Baboo Kali Krishna Chowdry'

In the notification of the 30th March last, published in the *Calcutta Gazette* of the 12th ultimo, vesting Mr J G Charles, Officiating Deputy Commissioner of Police, Calcutta, with certain powers, *for* 'Act XX of 1861' *read* 'Act XXI of 1861'

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 25th April* 1876 —Baboo Ashootosh Addy, B L, Moonsif of Jehanabad, in the district of East Burdwan, is allowed leave for three months in extension of the privilege leave granted to him on the 28th March 1876 under Sections 3 and 11, Supplement F of the Civil Leave Code The whole period of the Moonsif's leave will be reckoned as leave on medical certificate

*The 29th April* 1876 —Baboo Hurikrishna Chatterjee, B L, Moonsif of Cuttack, is allowed privilege leave of absence for three months, with effect from the 4th of May 1876, or from any subsequent date, under Section 21, Chapter VI of the Civil Leave Code

Baboo Agnorenath Ghose, B L, Moonsif of Gurbetta, in the district of Midnapore, is allowed privilege leave of absence for two months, with effect from the 13th of May 1876, or from any subsequent date, under Section 21, Chapter VI of the Civil Leave Code

*The 1st May* 1876 —Baboo Upendro Chunder Mullick, B L, Moonsif of Bishenpore, in the district of West Burdwan, is allowed privilege leave of absence for one month, with effect from the 3rd May 1876, under Section 21, Chapter VI of the Civil Leave Code

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

---

## NOTIFICATION

*The 25th April* 1876 —It is hereby notified that the Lieutenant-Governor has been pleased to sanction the removal of the Sub-Registry Office at Bhandariya, in the district of Backergunge, from that place to Matbariya The change will have effect from 1st May 1876

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

---

## NOTIFICATION

*The 27th April* 1876 —Mr E C VanCutsem, Consul for the Netherlands Government at Calcutta, having been appointed by the Surinam Government to be Emigration Agent for that Colony at Calcutta, the Lieutenant-Governor is pleased, under Section 4 of Act VII of 1871 (the Colonial Emigration Act), to approve of the appointment

R L MANGLES,
*Offg Secy to the Govt. of Bengal.*

[*Government Gazette, 9th May* 1876 ]

১৮৭৬ সাল ২৮ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা ঢাকা জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত সর, জে, ওয়েমিস্ সাহেব, বারনেট।
জমীদার ও সওদাগর শ্রীযুত বাবু মোহিনীমোহন দাস।
মাদরসার সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত মৌলবী ওবেদুল্লা।

১৮৭৬ সাল ২৯ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা দ্বারভাঙ্গা জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

| | |
|---|---|
| জমীদার | শ্রীযুত বাবু নরসিংহ নারায়ণ সিংহ। |
| ঐ | ,, ,, ব্রজবিহারী সিংহ। |
| মালিক ও রায়ত | ,, সেখ খুর্শেদ আলী। |
| ঐ | ,, সেখ আবদুল রহমান। |
| জমীদার | ,, বাবু জগদম্বী প্রসাদ। |

১৮৭৬ সাল ১ মে।—রঙ্গপুরের সবরডিনেট জজ শ্রীযুত বাবু কালিদাস দত্ত ১৮৭৬ সালের জানুয়ারি মাসের ২৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ছয় সপ্তাহ ছুটী পাইয়াছেন।

অশুদ্ধশোধন।—১৮৭৬ সাল ১ মে।—ত্রিপুরা জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে শ্রীযুত বাবু কালীকিশোর চৌধুরীর নিয়োগ বিষয়ক গত মাসের ১৭ তারিখের যে আজ্ঞা ঐ মাসের ২৫ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্টে গেজেটে প্রকাশ করা যায় তাহাতে,—

"শ্রীযুত বাবু কালীকিশোর চৌধুরী" এই নামে পরিবর্ত্তে "শ্রীযুত বাবু কালীকৃষ্ণ চৌধুরী" পাঠ করিতে হইবে।

কলিকাতার পোলীসের একটিং ডেপুটী কমিশ্যনর শ্রীযুত জে, জি, চার্লস সাহেবকে কএক ক্ষমতা দান বিষয়ক গত মার্চ মাসের ৩০ তারিখের যে বিজ্ঞাপন গত মাসের ১৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহাতে "১৮৬৪ সালের ২০ আইন" এই কথার পরিবর্ত্তে "১৮৬৪ সালের ২১ আইন" পাঠ করিতে হইবে।

মুন্সেফদের ছুটী।—১৮৭৬ সাল ২৫ আপ্রিল।—পূর্ব্ববর্দ্ধমান জিলার অন্তর্গত জাহানাবাদের মুন্সেফ শ্রীযুত বাবু আশুতোষ আঢ্য, বি, এল, ১৮৭৬ সালের মার্চ মাসের ২৮ তারিখে যে অনুগ্রহের ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ও ১৪ ধারামতে তিন মাস ছুটী পাইলেন। মুনসেফের এই সমুদয় ছুটী চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটী বলিয়া গণ্য হইবে।

১৮৭৬ সাল ২৯ আপ্রিল।—কটকের মুন্সেফ শ্রীযুত বাবু হরিকৃষ্ণ চট্টোপাধ্যায়, বি, এল, ১৮৭৬ সালের মে মাসের ৪ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুর জিলার অন্তর্গত গড়বেতার মুন্সেফ শ্রীযুত বাবু অঘোরনাথ ঘোষ, বি, এল, ১৮৭৬ সালের মে মাসের ১৩ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১ মে।—পশ্চিম বর্দ্ধমান জিলার অন্তর্গত বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র মল্লিক, বি, এল, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের মে মাসের ৩ তারিখ অবধি এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

আর, এল, মাঙ্গল্স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৫ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বাকরগঞ্জ জিলার অন্তর্গত ভাণ্ডারিয়ার সব-রেজিস্টরী আফিস তথাহইতে মাঠবাড়িয়ায় উঠিয়া যাইবার অনুমতি দিয়াছেন। ১৮৭৬ সালের ১ মে অবধি এই নিয়ম চলিবে।

আর, এল, মাঙ্গল্স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৭ আপ্রিল।—সুরিনামের গবর্ণমেণ্ট নেদরলাণ্ডস গবর্ণমেণ্টের পক্ষে কলিকাতায় কনসল শ্রীযুত ই, সি, ব্যানকটসেন সাহেবকে উক্ত উপনিবেশের পক্ষে কলিকাতার এমিগ্রেশন এজেণ্টের পদে নিযুক্ত করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ভিন্নদেশগমন বিষয়ক ১৮৭১ সালের ৭ আইনের ৪ ধারামতে উক্ত নিয়োগ অনুমোদন করিলেন।

আর, এল, মাঙ্গল্স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

# PUBLIC WORKS DEPARTMENT—(BENGAL)

ESTABLISHMENT

*The 27th April* 1876

*No* 146 —*Leave of Absence* —Mr E M Mansfield, Executive Engineer (temporary rank), Second Grade, Second Calcutta Division, is allowed privilege leave for two months, under Section 21 of the Civil Leave Code

*The 28th April* 1876

*No* 147 —*Notification* —Mr S A Stewart, Executive Engineer, Second Grade, assumed charge of the Third Calcutta Division on the 24th April 1876, afternoon

*No* 148 —*Leave of Absence* —Mr S A Stewart, Executive Engineer, Second Grade, Third Calcutta Division, is allowed subsidiary leave for five days, from the 20th to the 24th April 1876, under Chapter V, Section 18 of the Civil Leave Code

*No* 149 —*Notification* —The following officers, who were temporarily promoted, will revert back to their permanent rank, as specified opposite to their names, with effect from the 25th April 1876 —

Captain G F E S Neill, M S C, Executive Engineer, Third Grade, Officiating Assistant Secretary in this Department

Mr W H Nightingale, Executive Engineer, Fourth Grade, Burdwan Division

„ E J Meara, Assistant Engineer, First Grade, Orissa Division

*No* 150 —*Transfer* —Baboo Madhoram, Sub-Engineer, First Grade, from the late Mymensingh to the Chittagong Division

*No* 151 —*Notification* —Sub-Conductor W Cummings, Supervisor, First Grade, joined the Third Calcutta Division on the 20th April 1876, afternoon

*No* 152 —*Leave of Absence* —Baboo Govind Chunder Mookerjee, Overseer, Second Grade, attached to the Orissa Division, for three months, on medical certificate, under Section 3, Supplement F of the Civil Leave Code, in addition to that already granted* to him

* Bengal Government (Public Works Department) Notification No 96 dated 25th March 1876

*No* 153 —*Notification* —Baboo Benode Chand Mookerjee, Supervisor (temporary rank), Second Grade, attached to the Burdwan Division, availed himself of privilege leave granted† to him from the 3rd April 1876, before noon

† Bengal Government (Public Works Department) Notification No 106, dated 1st April 1876

*The 1st May* 1876

*No* 154 —*Resignation* —Mr W Fernie, Assistant Engineer, First Grade, attached to the Ganges and Darjeeling Road Division, resigned his appointment in the Engineer Establishment in Bengal with effect from the 8th April 1876

LOCAL,—COMMUNICATIONS

*No* 155 —*Declaration under Section* 6 *of Act* X *of* 1870 *of the Government of India* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for straightening the Boalkhali Canal in the village of Koronkhine, pergunnah Islamabad, zillah Chittagong, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less 4 beeghas 12 cottahs and 10 dhoors of standard measurement, bounded on the north by the cultivated lands of mouzah Koronkhine, west by the Boalkhali Canal, south by the cultivated lands of mouzah Koronkhine, east by the Brunnend's Flari, is required within the aforesaid village of Koronkhine

2 This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

By order of the Lieutenant-Governor of Bengal,

G A D ANLEY, C E,

*Offg Asst Secy to the Govt of Bengal, P W D*

[*Government Gazette, 9th May* 1876]

# বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৭৬ সাল ২৭ আপ্রিল।

১৪৬ নম্বর।—ছুটী।—কলিকাতার দ্বিতীয় খণ্ডের দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ই, এম, মান্সফিল্ড সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২১ ধারামতে দুই মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২৮ আপ্রিল।

১৪৭ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এস, এ, ষ্টুয়ার্ট সাহেব, ১৮৭৬ সালের ২৪ আপ্রিলের অপরাহ্নে কলিকাতার তৃতীয় খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৪৮ নম্বর।—ছুটী।—কলিকাতার তৃতীয় খণ্ডের দ্বিতীয় শ্রেণীর এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এস, এ, ষ্টুয়ার্ট সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৮ ধারামতে ১৮৭৬ সালের আপ্রিল মাসের ২০ তারিখ অবধি ২৪ তারিখ পর্য্যন্ত পাঁচ দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৪৯ নম্বর।—বিজ্ঞাপন।—নিম্নলিখিত যে কার্য্যকারকেরা কিয়ৎকালের নিমিত্তে উচ্চপদভুক্ত হন ১৮৭৬ সালের ২৫ আপ্রিল অবধি তাঁহারা আপন২ নামের পার্শ্বলিখিত স্থায়িপদে প্রত্যাগমন করিবেন।

এই কার্য্যবিভাগের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী তৃতীয় শ্রেণীর এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুত জি এফ, ই, এস নীল সাহেব, এম, এস, সি।

বর্দ্ধমান খণ্ডের চতুর্থ শ্রেণীর এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, এচ, নাইটিঙ্গেল সাহেব।

উড়িষ্যা খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই জে, নিযার্ বা সাহেব।

১৫০ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—প্রথম শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত মধুরাম বাবু ভূতপূর্ব্ব ময়মনসিংহহইতে চট্টগ্রাম খণ্ডে প্রেরিত হইলেন।

১৫১ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর সুপরবাইসর সব-কণ্ডক্টর শ্রীযুত ডবলিউ, কমিংস সাহেব ১৮৭৬ সালের ২০ আপ্রিলের অপরাহ্নের কলিকাতার তৃতীয় খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৫২ নম্বর।—ছুটী।—উড়িষ্যা খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র মুখোপাধ্যায় যে ছুটী পান* তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৫৩ নম্বর।—বিজ্ঞাপন।—বর্দ্ধমান খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সুপরবাইসর শ্রীযুত বাবু বিনোদচাঁদ মুখোপাধ্যায় যে অনুগ্রহের ছুটী পান† তাহা ১৮৭৬ সালের ১ আপ্রিল অবধি গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৬ সালের ২৫ মার্চের ৯৬ নং বিজ্ঞাপন।

† বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৬ সালের ১ আপ্রিলের ১০৬ নং বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১ মে।

১৫৪ নম্বর।—পদত্যাগকরণ।—গাঙ্গেস ও দার্জ্জিলিঙ্গ রাড খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ ফার্ণ সাহেব ১৮৭৬ সালের ৮ আপ্রিল অবধি বঙ্গদেশস্থ ইঞ্জিনিয়র শিবিরের কর্ম্ম ত্যাগ করিলেন।

স্থানীয় বর্ত্মাদি বিষয়ক।

১৫৫ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ চট্টগ্রাম জিলার অন্তর্গত ইসলামাবাদ পরগনার কোরোনুর্খাই গ্রামে বোয়ালখালী খাল সোজা করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যেরনিমিত্তে উক্ত কোরণর্খাই গ্রামে কমিমতে ন্যূনাধিক ৪।।২ কাঠা ১০ ধুর পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা কোরোণর্খাই মৌজার কর্ষিত ভূমি, পশ্চিম সীমা বোয়ালখালী খাল, দক্ষিণ সীমা কোরোণর্খাই মৌজার কর্ষিত ভূমি, পূর্ব্ব সীমা বেনাইন্দের ফাঁড়ি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,

জি, এ, ডি, আনলী, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং
আসিষ্টাণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৯ মে।]

## IRRIGATION

### NOTIFICATION —ESTABLISHMENT

*Dated 28th April* 1876

*No* 149 —*Transfer*—Sergeant T Green, Overseer, First Grade, is transferred, in the interests of the public service, from the Western Sone Survey Division of the Sone Circle to the Balasore Survey Division of the South-Western Circle

*Dated 1st May* 1876

*No* 150 —*Promotions* —The Lieutenant-Governor is pleased to make the following promotions in the Engineer establishment —

*Temporary promotions with effect from the* 23rd *March* 1876, *vice Mr C L Davies, on leave*

Mr J P Armstrong, Executive Engineer, Third Grade, to the Second Grade

Lieutenant A D McArthur, R E, Executive Engineer, Fourth Grade, to the Third Grade

Mr C E Livesay, Assistant Engineer, First Grade, to Executive Engineer, Fourth Grade

Mr G W Faulkner, Assistant Engineer, Second Grade, to First Grade

*Permanent promotions with effect from the* 26*th March* 1876, *vice Mr G R Long, deceased*

Mr J P Armstrong to be Executive Engineer, Second Grade

Mr C W Odling (on leave) to be Executive Engineer, Third Grade

Mr R B Buckley to be Executive Engineer, Fourth Grade

Mr G W Faulkner to be Assistant Engineer, First Grade

*Temporary promotions with effect from* 26*th March* 1876

Mr F Simon, Executive Engineer, Third Grade, to Second Grade

Lieutenant R H Brown, R E, Assistant Engineer, Second Grade, to First Grade

*Dated 1st May* 1876

*No* 151 —*Notifications* —With reference to the orders marginally noted, the undermentioned officer and subordinates are posted to the Northern Drainage and Embankment Division, which they joined on the forenoon of the 17th April 1876 —

No 141, dated 17th April 1876

Mr. G W Faulkner, Assistant Engineer, First Grade

Sergeant K R Cameron, Overseer, First Grade

Baboo Siddeshur Chatterjee, Overseer, Third Grade (temporary Second Grade)

*No* 152 —Sergeant T Green, Overseer, First Grade, joined the Western Sone Survey Division on the forenoon of the 30th March 1876

*No* 153 —Mr A J Oldham, Assistant Engineer, Second Grade, Gunduk Survey Division, availed himself on the afternoon of the 15th April 1876 of the privilege leave granted him in the orders marginally noted

No 116, dated 15th March 1876

*No* 154 —*Leave.*—Mr E Gibson, Assistant Engineer, Second Grade, Arrah Division, availed himself on the forenoon of the 11th April '76 of the special leave for six months granted him in the orders marginally noted

No 66 dated 14th February 1876.

*No* 155 —*Notification* —Mr. F M S Douglas, Assistant Engineer, Second Grade, joined the Arrah Division on the afternoon of the 17th April 1876.

[*Government Gazette, 9th May* 1876 ]

জলসেচন সম্পর্কীয়।

---

সিবিশ্‌তা বিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৮ আপ্রিল।

১৪৯ নম্বর।—স্থানান্তরে নিযোগ।—প্রথম শ্রেণীর ওবরসিযর সর্জেন্ট শ্রীযুত টি, গ্রীন সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে সোণচক্রের অন্তর্গত পশ্চিম সোণ জরীপী খণ্ডহইতে দক্ষিণ পশ্চিম চক্রের অন্তর্গত বালেশ্বর জরীপী খণ্ডে প্রেরিত হইলেন।

১৮৭৬ সাল ১ মে।

১৫০ নম্বর।—পদবৃদ্ধির কথা।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ইঞ্জিনিয়র সিবিশ্‌তায নিম্ন-লিখিত পদবৃদ্ধি করিলেন।

শ্রীযুত সি, এল, ডেবিস্ সাহেব ছুটী লওযাতে তৎপরিবর্ত্তে ১৮৭৬ সালের ২৩ মার্চ অবধি কিয়ৎ-কালীন পদবৃদ্ধি সফল হইবে।

তৃতীয শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিযর শ্রীযুত জে, পি, আর্ম্মষ্ট্রং সাহেব দ্বিতীয শ্রেণীভুক্ত হইলেন।

চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিযর শ্রীযুত এ, ডি, মাকার্থর সাহেব, আর, ই, তৃতীয শ্রেণীভুক্ত হইলেন।

প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিযর শ্রীযুত সি, ই, লাইাসে সাহেব একসেকিটিব ইঞ্জিনিযরের চতুর্থ শ্রেণীভুক্ত হইলেন।

দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিযর শ্রীযুত জি, ডবলিউ, ফলকনর সাহেব, প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

জি, আর লং সাহেবের মৃত্যু হওযাতে তৎপরিবর্ত্তে, ১৮৭৬ সালের ২৬ মার্চ অবধি স্থাযি পদ বৃদ্ধি করা গেল।

শ্রীযুত জে, পি, আর্ম্মষ্ট্রং সাহেব দ্বিতীয শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিযর হইলেন।

শ্রীযুত সি, ডবলিউ, ওলডিং সাহেব তৃতীয শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিযর হইলেন। ইনি ছুটী লইযাছেন।

শ্রীযুত আর, বি, বকলে সাহেব, চতুর্থ শ্রেণীর একসেকটিব ইঞ্জিনিযর হইবেন।

শ্রীযুত জি, ডবলিউ, ফলকনর সাহেব, প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিযর হইলেন।

১৮৭৬ সালের ২৬ মার্চ অবধি কিয়ৎকালীন পদবৃদ্ধি সফল হইবে।

তৃতীয শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিযর শ্রীযুত এফ সাইমন সাহেব দ্বিতীয শ্রেণীভুক্ত হইলেন।

দ্বিতীয শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিযর, লেপ্টেনেন্ট শ্রীযুত আর, এচ, ব্রৌন্ সাহেব, আর, ই, প্রথম শ্রেণী ভুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১ মে।

১৫১ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে নিম্নলিখিত কার্য্যকারক ও সবর্ডিনেটেরা উড়ার জলপ্রণালী ও বাঁধ খণ্ডে অবস্থিত হইয়া ১৮৭৬ সালের ১৭ আপ্রিলের পূর্ব্বাহ্নে তথায কর্ম্মগ্রহণ করিলেন।

১৮৭৬ সালের ১৭ আপ্রিলের ১৪১ নং।

প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিযর শ্রীযুত জি, ডবলিউ, ফলকনর সাহেব।

প্রথম শ্রেণীর ওবরসিযর সার্জেণ্ট শ্রীযুত কে, আর, কেমিরন সাহেব।

তৃতীয শ্রেণীর (কিয়ৎকালীন দ্বিতীয শ্রেণীর) ওবরসিযর শ্রীযুত বাবু সিদ্ধেশ্বর চট্টোপাধ্যায়।

১৫২ নম্বর।—প্রথম শ্রেণীর ওবরসিযর সার্জেণ্ট শ্রীযুত টি, গ্রীন সাহেব ১৮৭৬ সালের ৩০ মার্চের পূর্ব্বাহ্নে পশ্চিম সোণ জরীপী খণ্ডে কর্ম্মগ্রহণ করিলেন।

১৫৩ নম্বর।—গণ্ডক জরীপী খণ্ডের দ্বিতীয শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিযর শ্রীযুত এ জে, ওলডহাম সাহেব পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান, তাহা ১৮৭৬ সালের ১৫ আপ্রিলের অপরাহ্নে গ্রহণ করিলেন।

১৮৭৬ সালের ১৫ মার্চের ১১৬ নং।

১৫৪ নম্বর।—ছুটী।—আরা খণ্ডের দ্বিতীয শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিযর শ্রীযুত ই গিবসন সাহেব, পার্শ্ব লিখিত আজ্ঞামতে যে ছয মাস বিশেষ ছুটী পান তাহা ১৮৭৬ সালের ১১ আপ্রিলের পূর্ব্বাহ্নে গ্রহণ করিলেন।

১৮৭৬ সালের ১৪ ফেব্রুয়ারির ৬৬ নং।

১৫৫ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিযর শ্রীযুত এফ, এম, এস, ডগলস সাহেব, ১৮৭৬ সালের ১৭ আপ্রিলের অপরাহ্নে আরা খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৯ মে।]

*No* 156 —*Appointment* —Baboo Anundo Chunder Mitter is appointed to the Public Works Department as a Sub-Overseer of the First Grade, with effect from the 1st April 1876, and posted to the Northern Drainage and Embankment Division

*No* 157 —*Leave* —Mr H. Unwin, Executive Engineer, Second Grade, Brahminee Division, is granted furlough for nine months, under section 10 of the Civil Leave Code, together with subsidiary leave not exceeding 30 days from such date after the 15th May 1876 as he may avail himself of it.

*Dated 2nd May* 1876

*No* 158—*Notification* —Under section 1 of "The Bengal Irrigation Act, 1876," the Lieutenant-Governor is pleased to direct that the said Act shall take effect in the districts of Shahabad, Patna, Gya, Midnapore, Hooghly, and Cuttack from the 1st May 1876

F T HAIG, *Colonel, R E*,
*Joint-Secy to the Govt of Bengal,*
*in the P W Dept, Irrigation Branch*

১৫৬ নম্বর।—নিয়োগ।—শ্রীযুত বাবু আনন্দ চন্দ্র মিত্র ১৮৭৬ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি পবলিক ওর্কস ডিপার্টমেন্টে প্রথম শ্রেণীর সব-ওবরসিয়রের পদে নিযুক্ত হইয়া উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডে অবস্থিত হইলেন।

১৫৭ নম্বর।—ছুটী।—ব্রাহ্মণী খণ্ডের দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এচ, অনউইন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ ধারামতে নব মাস নিয়মিত ছুটী পাইয়াছেন তদ্ভিন্ন ১৮৭৬ সালের মে মাসের ১৫ তারিখের পর যে তারিখের ছুটী গ্রহণ করেন তদবধি ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২ মে।

১৫৮ নম্বর।—বিজ্ঞাপন।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব বঙ্গদেশের জলসেচন বিষয়ক ১৮৭৬ সালের আইনের ১ ধারামতে এই আজ্ঞা করিলেন। উক্ত আইন ১৮৭৬ সালের মে মাসের ১ তারিখ অবধি শাহাবাদ ও পাটন, ও গয়া ও মেদিনীপুর ও হুগলী ও কটক জিলায় প্রচলিত হইবে।

এফ, টি, হেগ, কর্ণেল, আর, ই,

পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখায় বঙ্গদেশের গবর্ণমেন্টের
জাইন্ট সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 9, 1876

মঙ্গলবার ১৮৭৬ সাল ৯ মে।


## PART VI.

### Bills of the Bengal Council

## ষষ্ঠ খণ্ড।

### বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের পাণ্ডুলিপি।

## GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT

THE following Bill as settled by the Council of the Lieutenant Governor of Bengal for making Laws and Regulations on the 1st April 1876, is hereby published for general information —

*A Bill to amend and consolidate the law relating to Municipalities*

### CONTENTS

CHAPTER I

SECTIONS


1 5 Preliminary


CHAPTER II

OF MUNICIPALITIES


6 13 Part I —Of the creation of Municipalities

14-58 Part II —Of the Municipal Authorities

*Of the constitution of the Municipality*


## বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৭৬ সালের আপ্রিল মাসের ১ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় নির্দ্ধারিত হইয়া সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।—

১৮৭৬ সালের বঙ্গদেশীয় মুনিসিপল আইনের পাণ্ডুলিপি।

### সূচীপত্র।

প্রথম অধ্যায়।

ধারা।


১-৫। পরিভাষা।


দ্বিতীয় অধ্যায়।

মুনিসিপালিটীর কথা।


৬-১৩। প্রথম পরিচ্ছেদ।—মুনিসিপালিটী সংস্থাপনের কথা।

১৪ ৫৮। দ্বিতীয় পরিচ্ছেদ।—মুনিসিপল কর্ত্তৃপক্ষদের কথা।

মুনিসিপালিটীর সংস্থিতির কথা।

| | |
|---|---|
| *Of the property and contracts of the Commissioners* | কমিশ্যনরদের সম্পত্তির ও চুক্তির কথা। |
| *Of the mode of transacting the business of the Municipality* | মুনিসিপালিটীর কার্য্যনির্ব্বাহ করিবার নিয়মের কথা। |
| *Of Ward Committees* | পল্লির কমিটীর কথা। |
| *Liability of Commissioners and Ward Committees* | কমিশ্যনরদের ও পল্লির কমিটীর দায়ের কথা। |
| SECTIONS | ধারা। |
| 59-76 Part III.—Of the Municipal Fund and its application | ৫৯-৭৬। তৃতীয় পরিচ্ছেদ।—মুনিসিপাল ফণ্ডের ও তৎপ্রয়োগের কথা। |
| 77-163 Part IV.—Of municipal taxation | ৭৭-১৬৩। চতুর্থ পরিচ্ছেদ।—মুনিসিপল টাক্স ধার্য্য করণের কথা। |
| *Of the power to impose taxes and tolls* | টাক্স ও মাসুল ধার্য্য করিবার ক্ষমতার কথা। |
| *Of the tax on persons* | ব্যক্তিদের উপর টাক্সের কথা। |
| *Of the rate on the value of holdings* | যোতের মূল্যের উপর রেটের কথা। |
| *Of general provisions relating to the tax on persons, and the rate on holdings, and to the recovery of the same* | ব্যক্তির উপর যে টাক্স ও যোতের উপর যে রেট ধার্য্য হয় তদ্বিষয়ক ও তাহা আদায় করণ বিষয়ক সাধারণ বিধি। |
| *Of the tax on carriages, horses, and other animals* | গাড়ী ও ঘোড়াপ্রভৃতি জন্তুর উপর টাক্সের কথা। |
| *Of the registration of carts* | গোরুর গাড়ী রেজিষ্টরী করণের কথা। |
| *Of tolls and ferries* | মাসুলের ও খেয়ার কথা। |
| *Of tolls on roads* | পথের উপর মাসুলের কথা। |
| *Of general provisions relating to tolls on ferries and roads* | খেয়ার ও পথের মাসুল বিষয়ক সাধারণ বিধি। |
| *Of tolls on navigable channels* | নৌকাদি যাইবার পথের মাসুলের কথা। |
| 164-176. Part V.—Of the municipal Police | ১৬৪-১৭৬। পঞ্চম পরিচ্ছেদ।—মুনিসিপাল পোলীসের কথা। |
| 177-229 Part VI.—Of municipal regulations which shall be generally in force in all Municipalities | ১৭৭-২২৯। ষষ্ঠ পরিচ্ছেদ।—যেং মুনিসিপাল বিধি সাধারণমতে সকল মুনিসিপালিটীর মধ্যে প্রবল হইবে তদ্বিষয়ক কথা। |
| GENERAL | সাধারণ। |
| *Of offensive matter, rubbish, privies, and drains* | দুর্গন্ধ দ্রব্য ও রাবিশ ও পাইখানা ও নর্দ্দমার কথা। |
| *Of bathing and washing places and tanks* | স্নানাদি করিবার স্থানের ও পুকুরের কথা। |
| *Of obstructions and encroachments on roads* | পথাবরোধ ও পথে স্থানযোড়া করিবার কথা। |

| Sections | | ধারা | |
|---|---|---|---|
| | *Of general conservancy and improvement* | | নগর পরিপাটীরূপেরাখি-বার ও সৌষ্ঠব করিবার সাধারণ বিধি। |
| 229-290 | Part VII.—Of certain municipal regulations which may be extended to any Municipality by express orders of the Lieutenant-Governor | ২২৯-২৯০। | সপ্তম পরিচ্ছেদ।—যে মুনিসিপাল বিধান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্পষ্ট আজ্ঞাক্রমে কোন মুনিসিপালিটীতে প্রচলিত করা যাইতে পারিবে এমত কোন২ বিধান। |
| | General | | সাধারণ। |
| | *Of privies, drains, and excavations* | | পাইখানার ও নর্দ্দমার ও গর্ত্তের কথা। |
| | *Of obstructions and encroachments on roads* | | পথাবরোধজনক স্থান-যোড়াকারি বিষয়ের কথা। |
| | *Of building regulations* | | গৃহাদি নির্ম্মাণের বিধান বিষয়ক কথা। |
| | *Of sanitary measures with regard to blocks of huts* | | বাঙ্গলা ঘর শ্রেণীর সম্পর্কে স্বাস্থ্যরক্ষার্থ উপায়াবলম্বনের কথা। |
| | *Of the regulation of the sale of food, drink, and drugs* | | আহারীয় ও পানীয় ও বণিক দ্রব্য বিক্রয়ের বিধানের কথা। |
| | *Of burial and burying grounds* | | কবরস্থানের ও শ্মশানের কথা। |
| | *Of certain offensive and dangerous trades or occupations* | | দুর্গন্ধ ও আশঙ্কাজনক কোন২ ব্যবসায়ের কি কার্য্যের কথা। |
| 291-294 | Part VIII.—Of the registration of births and deaths | ২৯১-২৯৪। | অষ্টম পরিচ্ছেদ।—জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিবার কথা। |
| 295-308 | Part IX.—Of municipal markets | ২৯৫-৩০৮। | নবম পরিচ্ছেদ।—মুনিসিপল বাজারের কথা। |
| 309-314 | Part X.—Of bye-laws and miscellaneous matters relating to Municipalities | ৩০৯-৩১৪। | দশম পরিচ্ছেদ।—উপবিধির ও মুনিসিপালিটী সম্পর্কীয় বিবিধ বিষয়ের কথা। |
| | CHAPTER III | | তৃতীয় অধ্যায়। |
| | Of Unions | | গ্রামসমাহারের কথা। |
| 315-347 | | ৩১৫-৩৪৭। | |
| | CHAPTER IV | | চতুর্থ অধ্যায়। |
| | Of Stations | | নগরের কথা। |
| 348-361 | | ৩৪৮-৩৬১। | |
| | CHAPTER V | | পঞ্চম অধ্যায়। |
| | Of General Matters relating to Municipalities, Unions, and Stations | | মুনিসিপালিটী ও সমাহার ও নগরসম্পর্কীয় সাধারণ বিষয়ের কথা। |
| 362-375 | | ৩৬২-৩৭৫। | |
| | Six Schedules | | ছয়টী তপসীল। |

*A Bill to amend and consolidate the law relating to Municipalities*

Preamble

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to Municipalities within the territories subject to the Government of the Lieutenant-Governor of Bengal It is enacted as follows —

## CHAPTER I

### PRELIMINARY

Short title and commencement

1 This Act may be called the "Bengal Municipal Act, 1876,"

and it shall come into force on such date as the local Government may direct, not being more than three months after the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

Enactments repealed

2 On the commencement of this Act the enactments specified in the fifth schedule shall be repealed to the extent mentioned in the third column thereof, and the enactments specified in the sixth schedule shall cease to be in force in every Municipality under this Act to the extent mentioned in the third column thereof

But this repeal shall not revive any office, authority, or thing abolished by any such enactment, or affect the validity of anything done or suffered, or any right, title, obligation, or liability accrued before the commencement of this Act

And all rules and bye-laws prescribed, assessments, valuations, measurements, divisions, and appointments made, powers conferred, and notifications published under any such enactment, and all other rules (if any) now in force and relating to the matters hereinafter dealt with, shall (so far as they are consistent with this Act) be deemed to have been respectively prescribed, made, conferred, and published hereunder

And all references to any such enactment shall (so far as may be practicable) be deemed to be made to this Act

And all proceedings now pending, which may have been commenced under any such enactment, shall be deemed to be commenced under this Act

In reference to all the matters aforesaid,

মুনিসিপালিটী বিষয়ক আইন সংশোধন ও সংগ্রহ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশের মুনিসিপালিটীবিষয়ক আইনসংগ্রহ ও সংশোধন করা বিহিত, এইহেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১

## প্রথম অধ্যায়।

### পরিভাষা।

সংক্ষেপ নামের ও যে অবধি প্রবল হইবে তাহার কথা।

১ ধারা। এই আইন "১৮৭৬ সালের বঙ্গীয় মুনিসিপল আইন" নামে খ্যাত হইতে পারিবে।

ও শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমোদন ক্রমে যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখহইতে তিন মাসের অন্যূন যে তারিখ স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিরূপিত হয় সেই তারিখ অবধি প্রচলিত হইবে ইতি।

যেং আইন রহিত হইল তাহার কথা।

২ ধারা। এই আইনের পঞ্চম তফসীলে যেং আইনের উল্লেখ হইযাছে, ঐ তফসীলের তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট হইল, এই আইন প্রচলিত হইবার তারিখঅবধি সেইং আইন তত দূর রহিত হইবে। এবং এই আইনের ষষ্ঠ তফসীলে যে আইনের উল্লেখ হইযাছে, তাহার তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট হইল, এই আইনমত প্রত্যেক মুনিসিপালিটীতে সেই আইন তত দূর রহিত হইবে।

কিন্তু উক্ত কোন আইনদ্বারা যেং পদ কি ক্ষমতা কি বিষয় উঠাইযা দেওযা গেল, ঐং আইন রহিত হওযাতে সেইং পদ কি ক্ষমতা কি বিষয় পুনশ্চ স্থাপিত হইবে না, এবং এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কোন কার্য্য করা গেল কি যে দণ্ডাদি ভোগ হইল কিম্বা যে স্বত্ব কি অধিকার কি বাধ্যতা কি দায জন্মিযাছে তাহার সিদ্ধতার কোন ব্যতিক্রম হইবে না।

আরও উক্ত কোন আইনক্রমে যে সকল বিধি ও উপবিধির নির্দ্দেশ হইল, ও যে টাক্স ধার্য্য ও যে মূল্য নিরূপণ ও যে মাপ ও বিভাগ ও নিযোগ করা গেল, ও যে সকল ক্ষমতা প্রদান ও যে সকল জ্ঞাপনপত্র প্রকাশ করা গেল, ও এই আইনে যেং বিষযের বিধান হইল, সেইং বিষয় লইযা অন্য কোন বিধি প্রবল থাকিলে তাহা এই আইনের সঙ্গে যত দূর সঙ্গত হয, তত দূর এই আইনমতেই নির্দ্দিষ্ট হইল ও করা গেল ও প্রদান ও প্রকাশ করা গেল বলিয়া জ্ঞান হইবে।

আর ঐং আইনের উল্লেখ করা গেলে, যত দূর হইতে পারে তত দূর যেন এই আইনের উল্লেখ হইল এমত জ্ঞান হইবে।

আর মোকদ্দমাঘটিত যে সকল কার্য্য উক্ত কোন আইনমতে আরম্ভ হইযা এখনও উপস্থিত থাকে, তাহা এই আইনমতে আরম্ভ হইল বলিযা জ্ঞান হইবে।

পূর্ব্বোক্ত সকল বিষয়ের উপলক্ষে,

the Commissioners under Chapter II shall, in respect of every Municipality be substituted for the late Commissioners, or Town Committee (as the case may be),

প্রত্যেক মুনিসিপালিটীর মধ্যে যাঁহারা কমিশ্যনর কিম্বা বিষয়বিশেষে নগরীয় কমিটী ছিলেন তাঁহাদের স্থানে দ্বিতীয় অধ্যায়মত কমিশ্যনর হইলেন।

and the panchait under Chapter III shall, in respect of every Union, be substituted for the panchait under Act XX of 1856,

ও প্রত্যেক গ্রামসমাহারের উপলক্ষে ১৮৫৬ সালের ২০ আইনমত পঞ্চায়তের স্থানে তৃতীয় অধ্যায়মত পঞ্চায়ত হইলেন।

and the Commissioners under Chapter IV shall, in respect of every station, be substituted for the Commissioners under Act XXVI of 1850

ও প্রত্যেক নগরের উপলক্ষে ১৮৫০ সালের ২৬ আইনমত কমিশ্যনরের স্থানে চতুর্থ অধ্যায়মত কমিশ্যনর হইলেন ইতি।

First class and second class Municipalities

3 Unless and until the Lieutenant-Governor shall otherwise direct by a notification to be published in the *Calcutta Gazette*, every place in which the provisions of the District Municipal Improvement Act, 1864, shall have been in force immediately before the commencement of this Act, shall, from the said commencement, become a first class Municipality under Chapter II, and every place in which the provisions of the District Towns Act, 1868, shall have been in force immediately before the commencement of this Act, shall, from the said commencement, become a second class Municipality under the said Chapter,

প্রথম ও দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটীর কথা।

৩ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যেং স্থানে মফঃসলের নগরাদি সৌষ্ঠব করণার্থ ১৮৬৪ সালের আইন প্রচলিত ছিল, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ভাবান্তরের আজ্ঞা না করিলে, ও যত দিন না করেন, তত দিন সেই স্থানটি এই আইন প্রচলিত হইবার তারিখঅবধি দ্বিতীয় অধ্যায়মতে প্রথম শ্রেণীর মুনিসিপালিটী হইবে, এবং এই আইন প্রচলিত হইবার অব্যবহিত পূর্ব্বে যেং স্থানে প্রদেশীয় নগরাদি বিষয়ক ১৮৬৮ সালের আইন প্রচলিত ছিল তাহা এই আইন প্রচলিত হইবার সময়াবধি উক্ত অধ্যায়মতে দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটী হইবে

and every place in which Act XX of 1856 shall have been in force immediately before the commencement of this Act shall, from the said commencement, become a Union under Chapter III,

এবং এই আইন প্রচলিত হইবার অব্যবহিত পূর্ব্বে ১৮৫৬ সালের ২০ আইন যেং স্থানে প্রচলিত ছিল, এই আইন প্রচলিত হইবার সময়াবধি সেইং স্থান তৃতীয় অধ্যায়মতে গ্রামসমাহার হইবে।

and every place in which Act XXVI of 1850 shall have been in force immediately before the commencement of this Act, shall, from the said commencement, become a Station under Chapter IV

এবং এই আইন প্রচলিত হইবার অব্যবহিত পূর্ব্বে ১৮৫০ সালের ২৬ আইন যেং স্থানে প্রচলিত ছিল, এই আইন প্রচলিত হইবার সময়াবধি সেইং স্থান চতুর্থ অধ্যায়মত নগর হইবে ইতি।

Act not to be extended to cantonments without consent of Governor General

4 Notwithstanding anything contained in the last preceding section, this Act shall not take effect in any cantonment without the consent of the Governor-General in Council previously obtained, nor shall the Lieutenant Governor extend this Act to any cantonment without such consent

শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতি বিনা এই আইন সেনানিবেশ স্থানে প্রচলিত না হওয়ার কথা।

৪ ধারা। ইহার পূর্ব্ব ধারায় ভাবান্তরের কথা থাকি লও, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতি প্রাপ্ত না হইলে এই আইন কোন সেনানিবেশ স্থানে প্রচলিত হইবে না, ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সেই অনুমতি না পাইলে কোন সেনানিবেশ স্থানে এই আইন প্রচলিত করিবেন না ইতি।

Interpretation

5 In this Act, unless there be something repugnant in the subject or context—

অর্থ করণের ধারা।

৫ ধারা। এই আইনে, বিষয়বিবেচনায় কি পূর্ব্বাপর কথার দ্বারা বিপরীত ভাব বোধ না হইলে,

Carriage

(1) "Carriage" means any wheeled vehicle with springs used for the conveyance of human beings

'গাড়ী।'

(১) "গাড়ী" শব্দে মানুষ যাইবার জন্যে ইস্প্রিংযুক্ত চাকাওয়ালা যান জানিতে হইবে।

Cart"

(2) "Cart" means any cart, hackery, or wheeled vehicle, with or without springs, not included in the definition of "carriage"

"Chapter

(3) "Chapter" means Chapter of this Act

'Holding

(4) "Holding" includes any parcel of land, house, tank, or other immoveable property which has been separately valued for assessment, or in respect of which any person has been separately assessed, or which, in the opinion of the Commissioners, should be separately valued, or in respect of which, in the opinion of the Commissioners, any person should be separately assessed

House

(5) "House" includes any hut, shop, warehouse, or building

Immoveable property" and land

(6) "Immoveable property" means land, benefits to arise out of land, houses, things attached to the earth, or permanently fastened to anything attached to the earth

Land

(7) "Land" means benefits to arise out of land, houses, things attached to the earth, or permanently fastened to anything attached to the earth

Moveable property

(8) "Moveable property" means property other than immoveable property

Lieutenant Governor

(9) "Lieutenant-Governor" means the Lieutenant Governor of Bengal for the time being or the person acting in that capacity

Magistrate of the district'

(10) "Magistrate of the district" means the chief Magistrate in a district

"The Magistrate

(11) "The Magistrate" includes the Magistrate of the district, the Magistrate in charge of a division of the district in which division a Municipality is constituted, and every Magistrate subordinate to the Magistrate of the district to whom the Magistrate of the district may have made over any duties under this Act

Municipality

(12) "Municipality" means any place (not being a station as defined in clause 21 or a Union as defined in clause 22 of this section) in which this Act, or any part thereof, is in force

"গোরুর গাড়ী।'

(২) "গোরুর গাড়ী" শব্দে গোরুর গাড়ী কি ছকড়া গাড়ী কিম্বা ইসপ্রিংযুক্ত কি তাহা ছাড়া চাকাওযালা যে যান পূর্ব্বোক্ত গাড়ী শব্দের অর্থের মধ্যে না আইসে সেই যান জানিতে হইবে।

"অধ্যায়।"

(৩) "অধ্যায" শব্দে এই আইনের অধ্যায জানিতে হইবে।

"যোত।

(৪) টাক্স ধার্য্য করিবার জন্যে যে ভূমিখণ্ডের কি ঘরের কি পুষ্করিণীর কি স্থাবর অন্য সম্পত্তির স্বতন্ত্র মূল্য নিরূপণ করা গিযাছে কিম্বা যে ভূম্যাদির উপলক্ষে কোন ব্যক্তির স্বতন্ত্র টাক্স ধার্য্য হইযাছে কিম্বা কমিশ্যনরদের বিবেচনায যে ভূম্যাদির স্বতন্ত্র মূল্য নিরূপণ করা উচিত কিম্বা যে ভূম্যাদির পক্ষে কোন ব্যক্তির উপর স্বতন্ত্র টাক্স ধার্য্য করা উচিত, "যোত" শব্দের মধ্যে সেই ভূম্যাদি গণ্য।

"ঘর।"

(৫) "ঘর" শব্দের মধ্যে কোন খড়ুয়া ঘর ও দোকান ও গুদাম ও কোটা গণ্য।

"স্থাবর সম্পত্তি ও "ভূমি।

(৬) "স্থাবর সম্পত্তি" শব্দে ভূমি, ও ভূমিহইতে উৎপাদনীয লাভ, ও ভূমিতে সংলগ্ন বিষয ও ভূমি সংলগ্ন বিষযে স্থাযিরূপে সংযুক্ত দ্রব্য জানিতে হইবে।

"ভূমি।"

(৭) ভূমিহইতে যে লভ্য উৎপন্ন হয তাহা ও ঘর ও মৃত্তিকাতে যেং বিষয সংলগ্ন থাকে, ও মৃত্তিকাতে সংলগ্ন বিষযে যাহা চিরবদ্ধ থাকে "ভূমি" শব্দে তাহা জানিতে হইবে।

"অস্থাবর সম্পত্তি।'

(৮) "অস্থাবর সম্পত্তি" শব্দে স্থাবর ছাড়া অন্য সকল প্রকারের সম্পত্তি জানিতে হইবে।

"লেপ্টেনেণ্ট গবরনর।'

(৯) যিনি যৎকালে বঙ্গদেশের লেপ্টেনেন্ট গবরনর হন কিম্বা সেই পদের কর্ম্ম নির্ব্বাহ করেন, "লেপ্টেনেন্ট গবরনর" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"জিলার মাজিষ্ট্রেট।"

(১০) জিলার মধ্যে যে প্রধান মাজিষ্ট্রেট থাকেন "জিলার মাজিষ্ট্রেট" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"মাজিষ্ট্রেট।"

(১১) "মাজিষ্ট্রেট" শব্দের মধ্যে জিলার মাজিষ্ট্রেট এবং জিলার যে খণ্ডে মুনিসিপালিটী সংস্থাপিত হইল ঐ খণ্ডের অধ্যক্ষতাভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট এবং জিলার মাজিষ্ট্রেট সাহেব আপনার অধীন যে মাজিষ্ট্রেটের প্রতি এই আইনমত কর্ত্তব্য কোন কর্ম্ম অর্পণ করিযা থাকেন তিনিও গণ্য।

"মুনিসিপালিটী।"

(১২) এই ধারার ২১ প্রকরণে নগর বলিযা যে স্থানের ও ২২ প্রকরণে গ্রামসমাহার বলিযা যে স্থানের নির্দ্দেশ হইল তাহা ছাড়া, এই আইন বা তাহার কোন অংশ যে স্থানে প্রচলিত করা যায "মুনিসিপালিটী" শব্দে সেই স্থান জানিতে হইবে।

(13) "Navigable channel" means any water-way, whether natural or artificial, through which a boat can pass

"Navigable channel"

(14) "Offensive matter" means night soil, sewage, and other contents of privies, drains, and cess-pools

'Offensive matter'

Owner

(15) "Owner" includes—

(*a*) every person who is entitled for the time being to receive any rent in respect of the land with regard to which the word is used, whether from the occupier or otherwise,

(*b*) a manager on behalf of any such person,

(*c*) an agent for any such person,

(*d*) a trustee for any such person,

Provided that no such manager, agent, or trustee shall be liable to do anything required by this Act to be done by the owner, nor shall he be subject to any fine for omitting to do such thing, unless he have sufficient funds in his hands, as such manager, agent, or trustee, to do such thing

(16) "Road" means any road, street, square, court, alley, or passage, whether a thoroughfare or not, over which the public have a right of way

'Road

(17) "Rubbish" means all dirt, dung broken brick, mortar, broken glass, kitchen, or stable refuse, or refuse of any kind whatsoever, and filth of any kind not included in the term 'offensive matter'

Rubbish

(18) "Schedule" means a schedule annexed to this Act

Schedule

(19) "Section" means a section of this Act

'Section

(20) "The Commissioners" mean the persons for the time being appointed or elected to conduct the affairs of any Municipality or of any Station (as the case may be) under this Act, and includes *ex officio* Commissioners under this Act

The Commissioners

(21) "Station" means any town or suburb in which the provisions of Chapter IV are in force

Station

(22) "Union" means any city, town, suburb or bazar in which the provisions of Chapter III are in force

Union

(১৩) স্বাভাবিক কি কৃত্রিম যে জলপথ দিয়া নৌকা যাইতে পারে "নৌকাদি যাইবার পথ" শব্দে তাহা জানিতে হইবে।

"নৌকাদি যাইবার পথ।

(১৪) "দুর্গন্ধ দ্রব্য" এই শব্দেতে মলাদি ও নবদমার ময়লা জল প্রভৃতি পাইখানার ও নবদমার ও আঁস্তাকুড়ের নানা দ্রব্য জানিতে হইবে।

"দুর্গন্ধ দ্রব্য।"

"স্বামী।"

(১৫) "স্বামী" শব্দের মধ্যে

(ক) যে ভূমির সম্বন্ধে স্বামী শব্দ প্রয়োগ হয়, দখীলকারের স্থানে কিম্বা অন্য কোন প্রকারে যৎকালে যে ব্যক্তির সেই ভূমির খাজানা পাইবার অধিকার থাকে তিনিও গণ্য।

(খ) ঐ ব্যক্তির সপক্ষ কার্য্যাধ্যক্ষও গণ্য।

(গ) উক্ত ব্যক্তির এজেন্ট অর্থাৎ কর্ম্মকারকও গণ্য।

(ঘ) উক্ত ব্যক্তির ট্রষ্টী অর্থাৎ ন্যাসধারীও গণ্য।

কিন্তু এই আইনেতে স্বামির কোন কার্য্য করিবার আজ্ঞা হইলে, যদি সেই কার্য্যাধ্যক্ষের কি এজেন্টের কি সেই ট্রষ্টীর হাতে সেই কার্য্য করিবার উপযুক্ত ধন না থাকে, তবে সেই কার্য্যাধ্যক্ষ কি এজেন্ট কি ট্রষ্টী ঐ কর্ম্ম করিতে দায়ী হইবেন না, ও সেই কর্ম্ম না করাপ্রযুক্ত তাঁহার কোন অর্থদণ্ডের আজ্ঞা হইবে না।

(১৬) "পথ" শব্দে কোন পথ কি রাস্তা কি চত্বর কি প্রাঙ্গণ কি গলি পথ, কিম্বা দুই দিগে খোলা থাকিলে বা না থাকিলেও যাহা দিয়া সাধারণের যাইবার অধিকার থাকে এমত পথ জানিতে হইবে।

'পথ।

(১৭) জঞ্জাল, গোবর, খোয়া, চুণ সুরকী, ভাঙ্গা গেলাস, ও রন্ধনাগারের ও আস্তাবলের ওঁচলা কি অন্য প্রকারের ওঁচলা ও অন্য যে প্রকারের ময়লা দ্রব্য "দুর্গন্ধ দ্রব্য" শব্দের মধ্যে ধরা যায় নাই, 'রাবিশ' শব্দে তাহা বুঝাইবে।

'রাবিশ।

তফসীল।

(১৮) "তফসীল" শব্দে এই আইনের তফসীল জানিতে হইবে।

'ধারা।

(১৯) "ধারা" শব্দে এই আইনের ধারা জানিতে হইবে।

(২০) এই আইনমত কোন মুনিসিপালিটীর কিম্বা বিষয়বিশেষে কোন নগরের কার্য্য ব্যাপার চালাইবার নিমিত্ত যাঁহারা যৎকালে নিযুক্ত কি মনোনীত হন "কমিশ্যনরগণ" শব্দে সেই ব্যক্তিদিগকে জানিতে হইবে, ও যাঁহারা এই আইনমতে স্ব২ পদোপলক্ষে কমিশ্যনর হন উক্ত শব্দের মধ্যে তাঁহারাও গণ্য।

কমিশ্যনরগণ।'

(২১) যে নগরে কি শাখানগরে চতুর্থ অধ্যায়ের বিধান প্রবল থাকে "নগর" শব্দে সেই নগর কি শাখা নগর জানিতে হইবে।

'নগর।

(২২) যে শহরে কি নগরে কি শাখানগরে কি বাজারে তৃতীয় অধ্যায়ের বিধান প্রবল থাকে "গ্রামসমাহার" শব্দে সেই শহরপ্রভৃতি জানিতে হইবে।

'গ্রামসমাহার।

(23) "Year" means a year beginning on the first day of April, or on such other date as may hereafter be fixed for any Municipality by the Lieutenant-Governor by notification in the *Calcutta Gazette*

Year

(২৩) আপ্রিল মাসের প্রথম তারিখঅবধি কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ইহার পরে কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া অন্য যে দিন নিদ্ধার্য্য করেন সেই দিনাবধি যে বৎসরের আরম্ভ হয়, "বৎসর" শব্দে সেই বৎসর জানিতে হইবে ইতি।

"বৎসর।"

---

## CHAPTER II

## OF MUNICIPALITIES

### PART I

### *Of the creation of Municipalities*

## দ্বিতীয় অধ্যায়।

## মুনিসিপালিটীর কথা।

### প্রথম পরিচ্ছেদ।

### মুনিসিপালিটী সংস্থাপনের কথা।

6 In every place which, in accordance with the provisions of section 3, becomes a Municipality under this Chapter, every person who has been appointed or elected to be a Commissioner or a Member of a Town Committee for such place under any enactment hereby repealed, shall be deemed to be a Commissioner duly appointed for such Municipality, and in every such place which becomes a first class Municipality, it shall be deemed that a rate on the annual value of holdings under section 77, and in every such place which becomes a second class Municipality as aforesaid, it shall be deemed that a tax upon persons under the said section, has been duly imposed, and such rate or tax shall be levied accordingly until the Commissioners at a meeting, with the sanction of the Lieutenant-Governor, shall otherwise direct,

Tax on holdings and persons in first and second class municipalities

৬ ধারা। ৩ ধারার বিধানানুসারে যে২ স্থান এই অধ্যায়মতে মুনিসিপালিটী হয়, এই আইনদ্বারা যে কোন আইন রহিত করা গেল তদনুসারে যিনি সেই স্থানের কমিশ্যনর কিম্বা নগরীয় কমিটীর মেম্বরস্বরূপ নিযুক্ত কি মনোনীত হন, তাঁহাকে ঐ মুনিসিপালিটীর নিয়মমতে নিযুক্ত কমিশ্যনর বলিয়া জ্ঞান করিতে হইবে। ও উক্ত প্রকারের যে২ স্থান প্রথম শ্রেণীর মুনিসিপালিটী হয় তদন্তর্গত যোতের বার্ষিক মূল্যের উপর ৭৭ ধারামতে রেট, ও যে২ স্থান পূর্ব্বোক্তমতে দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটী হয় তদন্তর্গত ব্যক্তিদের উপর উক্ত ধারামতে টাক্স নিয়মমতে ধার্য্য হইল এমত জ্ঞান করিতে হইবে। এবং কমিশ্যনরেরা সভাগত হইয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতিক্রমে যত দিন প্রকারান্তরের আজ্ঞা না করেন, ঐ রেট কি টাক্স তত দিন আদায় হইতে থাকিবে।

প্রথম ও দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটীতে যোতের ও ব্যক্তির উপর টাক্সের কথা।

and in every Municipality as aforesaid in which a tax on carriages and animals, or a fee upon the registration of carts, or tolls on roads or on ferries, may have been levied by the Municipal Commissioners or Town Committee before the commencement of this Act it shall be deemed that the said tax, fee, or tolls have been duly imposed under section 78, and such tax, fee, or tolls shall continue to be levied accordingly until the Commissioners at a meeting, with the sanction of the Lieutenant Governor, shall otherwise direct

এবং পূর্ব্বোক্ত যে২ মুনিসিপালিটীর মধ্যে মুনিসিপল কমিশ্যনরেরা কি নগরীয় কমিটী এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে গাড়ী ও ঘোড়াপ্রভৃতির উপর টাক্স কিম্বা গোরুর গাড়ী রেজিষ্টরী করিবার ফী কিম্বা রাস্তার কি খেয়ার উপর মাসুল আদায় করিয়া থাকেন, সেই২ মুনিসিপালিটীতে ৭৮ ধারার বিধানক্রমে উক্ত টাক্স কি ফী কি মাসুল নিয়মমত ধার্য্য হইল বলিয়া জ্ঞান হইবে ও কমিশ্যনরেরা সভাগত হইয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতিক্রমে যত দিন প্রকারান্তরের আজ্ঞা না করেন তত দিন সেই টাক্স কি ফী কি মাসুল তদনুসারে আদায় হইতে থাকিবে ইতি।

7 Except as is hereinafter otherwise expressly provided, Chapters I, II, and V may be extended by the Lieutenant-Governor by notification published in the *Calcutta Gazette*, and in the manner prescribed in section 362, to any town or village not being within the limits of the ordinary original jurisdiction of the High Court at Fort William in Bengal, from

Lieutenant Governor may extend Act

৭ ধারা। এই আইনের মধ্যে ভাবান্তরের স্পষ্ট বিধান না থাকিলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতা যে সীমা ব্যাপ্ত হয় সেই সীমার অন্তর্গত নয় এমত কোন নগরে কি গ্রামে ৩৬২ ধারার বিধানমতে ঐ জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট তারিখ

আইনের ব্যাপকতাবিস্তৃত করিতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের ক্ষমতার কথা।

such date as may be specified in such notification, and save as is hereinafter otherwise provided, such Chapters shall take effect in such town or village on the date so specified

অবধি এই আইনের প্রথম ও দ্বিতীয় ও পঞ্চম অধ্যায় প্রচলিত করিতে পারিবেন। এবং পশ্চাৎ লিখিত যে স্থলে ভাবান্তরের বিধান হইল সেই স্থলছাড়া, ঐ তিনটি অধ্যায় সেই নির্দ্দিষ্ট তারিখ অবধি সেই নগরে কি গ্রামে প্রচলিত হইবে।

Provided that at least six weeks before publishing any notification as aforesaid, the Lieutenant-Governor shall cause to be published in the town or village concerned a notice of his intention to declare the said town or village to be a Municipality, unless good reason to the contrary be shown within one month

কিন্তু পূর্ব্বোক্ত কোন জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পূর্ব্বে ন্যূনকল্পে ছয় সপ্তাহ থাকিতে, শ্রীযুত লেপ্টে-নেণ্ট গবর্নর সাহেব নগরে কি গ্রামে এই মর্ম্মের নোটিস প্রচার করিবেন যে, এক মাসের মধ্যে উক্ত নগর কি গ্রাম মুনিসিপালিটী বলিয়া প্রকাশ না করি-বার কোন বিশিষ্ট কারণ জ্ঞাত করা না গেলে সেই গ্রাম কি নগর মুনিসিপালিটী বলিয়া তাঁহার প্রকাশ করিবার কল্পনা আছে।

Any objections which may be made to the proposed measure shall be duly considered by the Lieutenant-Governor before he causes to be issued the notification declaring the town or village to be a Municipality under this Act

ঐ প্রস্তাবিত বিষয়ের কোন আপত্তি থাকিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ঐ নগর কি গ্রাম এই আইনমত মুনিসিপালিটী বলিয়া প্রকাশ করিবার জ্ঞাপনপত্র প্রচার করাইবার পূর্ব্বে সেই আপত্তি উপযুক্তমতে বিবেচনা করিবেন ইতি।

8 From the date specified in any notification under the last preceding section, the town or village mentioned in such notification shall be deemed to be created a Municipality for the purposes of this Act

Municipalities

৮ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে জ্ঞাপনপত্র প্রকাশ করা গেলে, তন্মধ্যে যে নগ-রের কি গ্রামের কথা থাকে, ঐ জ্ঞাপনপত্রের নির্দ্ধারিত তারিখ অবধি সেই নগর কি গ্রাম এই আইনের কার্য্যপক্ষে মুনিসিপালিটী বলিয়া জ্ঞান হইবে।

মুনিসিপালিটীর কথা।

The notification shall—

ঐ জ্ঞাপনপত্রের মধ্যে

(a) define the limits of the Municipality,

(ক) ঐ মুনিসিপালিটীর সীমা নির্দ্দেশ থাকিবে,

(b) declare whether the same shall, for the purposes of this Act, be a first or second class Municipality

(খ) এই আইনের কার্য্যপক্ষে তাহা প্রথম না দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটী হইবে, ইহাও প্রকাশ করা যাইবে ইতি।

9 The Lieutenant-Governor may on the recommendation of the Commissioners at a meeting, or of his own motion by like notification, at any time order that a municipality be transferred from one class to the other, and may vary the limits of any municipality or withdraw any town or village from the operation of this Act

Transfer of class and variation of limits

৯ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সভাগত কমিশ্যনরদের অনুরোধে কিম্বা আপনার ইচ্ছামতে সেই প্রকারের জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কোন সময়ে কোন মুনিসিপালিটী এক শ্রেণীহইতে উঠাইয়া অন্য শ্রেণীভুক্ত করিতে পারিবেন, ও কোন মুনিসিপালিটীর সীমা পরিবর্ত্তন করিতে পারি-বেন, কিম্বা এই আইনের বিধানহইতে কোন নগর কি গ্রাম পৃথক করিতে পারিবেন ইতি।

শ্রেণী ও সীমা পরিবর্ত্তন করিবার কথা।

10 Chapters I, II, and V shall not be extended to any town or village, unless the Magistrate shall have certified to the Lieutenant-Governor that three-fourths of the adult male population of such town or village are chiefly employed in pursuits other than agricultural, and that such town or village contains a number of inhabitants not being less than three thousand, and an average number of not less than one thousand inhabitants to the square mile of the area of such town or village

Conditions on which municipality may be created

১০ ধারা। কোন নগরের কি গ্রামের বয়ঃপ্রাপ্ত পুরুষদের চারি অংশের তিন অংশ লোক কৃষিকার্য্য ছাড়া অন্য কার্য্যে নিযুক্ত আছেন, ও সেই নগর কি গ্রামবাসি লোকদের সংখ্যা তিন সহস্রের কম নয়, ও সেই নগরের কি গ্রামের আয়তনের প্রত্যেক বর্গ মাইলে গড়ে এক সহস্র লোকের ন্যূন বাস করেন না, মাজিষ্ট্রেট সাহেব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবকে এই মর্ম্মের সর্টিফিকট না দিলে, সেই নগরে কি গ্রামে প্রথম ও দ্বিতীয় ও পঞ্চম অধ্যায় প্রচলিত হইবে না ইতি।

মুনিসিপালিটী যে নিয়মমতে স্থাপিত হইবে তাহার কথা।

**11** No town or village shall be declared to be a first class Municipality unless the Magistrate shall have certified to the Lieutenant-Governor that such town or village contains at least fifteen thousand inhabitants, and an average number of not less than two thousand inhabitants to the square mile of the area of such town or village

*Conditions on which first class municipality may be created*

**12** The Lieutenant-Governor may from time to time, by notification in the *Calcutta Gazette*, declare that any place in which three fourths of the adult male population are chiefly employed in pursuits other than agricultural, shall be united with any town or village as aforesaid for the purposes of forming a Municipality of the first or second class, as the case may be, provided that no such place shall be so united unless some part of such place be situated within the distance of one mile from some part of such town or village

*Lieutenant Governor may unite places to a Municipality*

Every such declaration shall specify the boundaries of every place so to be united

Every town or village with which any such place is united, and all places so declared to be united with any such town or village shall be deemed, for purposes of taxation, and for all other purposes, to form part of one and the same Municipality

**13** Notwithstanding anything hereinbefore contained, whenever the Lieutenant-Governor shall declare any place or places as aforesaid to be united with any town or village for the purpose of forming one Municipality, the Lieutenant-Governor may similarly declare that any land by which any such place is separated from the town or village with which it is united, and any land by which any such place is separated from any other such place which is united with the said town or village, shall be deemed to form part of the Municipality for all purposes other than those of taxation

*Land between Municipality and place united to form part of Municipality*

And such declaration shall specify the exterior boundaries of the entire Municipality as constituted under this and the last preceding section

১১ ধারা। কোন নগব কি গ্রামবাসি লোকদেব সংখ্যা ১৫০০০ পঞ্চদশ সহস্রেব কম নয ও সেই নগরের কি গ্রামেব আযতনের প্রত্যেক বর্গ মাইলেব মধ্যে গড়ে দুই সহস্র লোকেব অন্যূন আছে মাজিষ্ট্রেট সাহেব শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনব সাহেবকে এই মর্ম্মের সর্টিফিকট না দিলে ঐ নগব কি গ্রাম প্রথম শ্রেণীর মুনিসিপালিটী বলিযা প্রকাশ কবা যাইবে না ইতি।

*প্রথম শ্রেণীর মুনিসিপালিটী যে নিয়মে স্থাপন হইবে তাহার কথা।*

১২ ধাবা। কোন স্থানবাসি বযঃপ্রাপ্ত পুরুষদেব চারি অংশের তিন অংশ লোক কৃষিকার্য্য ছাড়া অন্য কর্ম্ম কবিলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনব সাহেব সময়ে২ কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ কবিযা সেই স্থান প্রথম কিম্বা বিষযবিশেষে দ্বিতীয শ্রেণীব মুনিসিপালিটী করিবাব জন্যে পুর্ব্বোক্ত কোন নগবেব কি গ্রামেব সঙ্গে সমাহার বদ্ধ হইবে বলিযা নির্দ্দেশ কবিতে পাবিবেন, কিন্তু উক্ত কোন স্থানেব একাংশ ঐ নগরের কি গ্রামেব অন্তর্গত অন্য কোন স্থানহইতে এক মাইলের মধ্যে না থাকিলে, সেই স্থান ঐ সমাহারের মধ্যে ধরা যাইতে পারিবে না।

*শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের গ্রাম সংযোগ করিয়া মুনিসিপালিটী করিবার কথা।*

তদ্রূপে যে২ স্থান সমাহারবদ্ধ হইবে উক্ত প্রত্যেক নির্দ্দেশপত্রে সেই২ স্থানের সীমা নির্দ্দেশ করা যাইবে।

পূর্ব্বোক্ত কোন স্থান যে নগবেব কি গ্রামের সহিত সমাহারবদ্ধ হয, এবং উক্ত নগরেব কি গ্রামের সহিত যে সকল স্থান সমাহারবদ্ধ বলিযা তদ্রূপে প্রকাশ হয, টাক্স ধার্য্যকরণোপলক্ষে ও অন্য সকল কার্য্যপক্ষে তাহা একি মুনিসিপালিটীর একাংশ বলিযা জ্ঞান হইবে ইতি।

১৩ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব একি মুনিসিপালিটী কবিবাব জন্যে পূর্ব্বোক্ত কোন নগরেব কি গ্রামের সঙ্গে পূর্ব্বোক্ত কোন এক কি কএক স্থান সমাহাববদ্ধ বলিযা প্রকাশ করিলে, ঐ নগব কি গ্রাম যে স্থানেব সঙ্গে একীভূত হয তাহাব ব্যবধানে যে ভুমি থাকে এবং ঐ নগরের কি গ্রামেব সহিত উক্ত অন্য যে স্থান সমাহাববদ্ধ হয তাহাব ও উক্ত কোন স্থানেব ব্যবধানে যে ভুমি থাকে ১২ ধারায ভাবান্তরেব কথা থাকিলেও সেই ভুমি টাক্স ধার্য্য কবা ছাড়া অন্য কার্য্যপক্ষে ঐ মুনিসিপালিটীর একাংশ বলিযা জ্ঞান হইবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ইহাও নির্দ্দেশ কবিতে পারিবেন।

*মুনিসিপালিটীর ও সমাহারবদ্ধ স্থানের মধ্যে যে ভুমি থাকে মুনিসিপালিটীর মধ্যে তাহাও ধরিবার কথা।*

এবং এই ও পুর্ব্ব ধারাক্রমে যে২ স্থান লইযা মোটে এক মুনিসিপালিটী করা যায ঐ নির্দ্দেশপত্রে সেই২ স্থানের বাহিরের সীমা নিরূপিত থাকিবে ইতি।

[*Government Gazette, 9th May* 1876.]

## PART II

### OF THE MUNICIPAL AUTHORITIES

*Of the Constitution of the Municipality*

**14** The Lieutenant-Governor shall from time to time appoint, in every Municipality, proper persons to be Commissioners for carrying out the purposes of this Act,

Appointment of Commissioners

Provided that the total number of Commissioners holding office in any first class Municipality shall not at any time be less than seven or more than thirty, and in any second class Municipality shall not at any time be less than four or more than twenty,

Provided also that not more than one fourth of the whole number of Commissioners so appointed shall be persons holding in the judicial, police, or revenue departments of the Government service salaried offices of which the functions are exercised within the district in which the Municipality is situated, unless such persons be elected Commissioners under the next succeeding section

In case such whole number is not evenly divisible by four, the one-fourth shall be ascertained by taking the number next below the whole number, which is evenly divisible by four, as the number to be divided

**15** The Lieutenant-Governor may at any time direct that the whole or any number of the Commissioners to be appointed under the last preceding section shall be elected, and may lay down such rules as he shall think fit, not being inconsistent with the provisions of this Act, in respect of the qualifications required to entitle any person to stand as a candidate for such election, and to entitle any person to vote for any such candidate, and in respect of the mode of election, and the Lieutenant-Governor may at any time cancel any rule made by him under this section

Election of Commissioners

But the elective system shall not be introduced into any Municipality unless the Magistrate certifies that at least one third of the rate payers residing therein have signed a petition praying for its introduction

## দ্বিতীয় পরিচ্ছেদ।

### মুনিসিপল কর্তৃপক্ষদের কথা।

মুনিসিপালিটীর সংস্থিতির কথা।

১৪ ধারা। প্রত্যেক মুনিসিপালিটীর মধ্যে এই আইনের উদ্দেশ্য সফল করিবার জন্যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সময়ে২ কমিশ্যনর বলিয়া উপযুক্ত ব্যক্তিদিগকে নিযুক্ত করিবেন।

কমিশ্যনরদের নিয়োগের কথা।

কিন্তু প্রথম শ্রেণীর কোন মুনিসিপালিটীতে যে কমিশ্যনরেরা পদধারণ করিবেন, কোন সময়ে তাঁহাদের সাত জনের ন্যূন ও ত্রিশ জনের অধিক সংখ্যা, ও দ্বিতীয় শ্রেণীর কোন মুনিসিপালিটীতে চারিজনের ন্যূন ও বিশ জনের অধিক সংখ্যা হইবে না।

আরো মুনিসিপালিটী যে জিলার অন্তর্গত থাকে গবর্ণমেণ্টের আদালত কি পোলীস কি রাজস্ব কর্ম্ম-বিভাগে যাঁহারা বেতনযুক্ত পদ ধারণ করিয়া সেই জিলার মধ্যে স্ব২ পদের কর্ম্ম করিয়া থাকেন, ইহার পশ্চাৎ ধারামতে কমিশ্যনরস্বরূপ মনোনীত না করা গেলে, এমত ব্যক্তি লইয়া কমিশ্যনরদের সম্পূর্ণ সংখ্যার চতুর্থাংশের অধিক নিযুক্ত হইবেন না।

সেই সম্পূর্ণ সংখ্যা চারি দিয়া বিভক্ত হইতে না পারিলে, তাহার ন্যূন যে অঙ্ক সমান চারি ভাগে বিভক্ত হইতে পারে সেই অঙ্কটি পূর্ণসংখ্যাস্বরূপ ধরিয়া ঐ চতুর্থাংশ নিরূপণ হইবে ইতি।

১৫ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে কমিশ্যনরগণ নিযুক্ত হইবেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সময়ে২ তাঁহাদের সমুদয়ের কি কোন অংশের মনোনীত হইবার আজ্ঞা করিতে পারিবেন। এবং যে২ গুণ থাকিলে তাঁহারা মনোনীত হইবার জন্যে পদাকাঙ্ক্ষীস্বরূপ দাড়াইতে পারিবেন ও যে২ গুণ থাকিলে কোন ব্যক্তি সেই পদাকাঙ্ক্ষির সপক্ষে স্বীয় মত জানাইতে সক্ষম হইবেন, এই বিষয়ের ও মনোনীত করিবার নিয়মের যে বিধি এই আইনের বিধানের অসঙ্গত না হয় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব এমত যে বিধি উচিত জ্ঞান করেন করিতে পারিবেন। এবং এই ধারা-মতে যে বিধি করেন কোন সময়েই তাহার মধ্যে কোন বিধি রহিতও করিতে পারিবেন।

কমিশ্যনরগণকে মনোনীত করিবার কথা।

কিন্তু কোন মুনিসিপালিটীর মধ্যবাসি যে ব্যক্তিরা রেট দিয়া থাকেন তাঁহাদের তৃতীয়াংশের অন্যূন ব্যক্তি আপনাদের মধ্যহইতে কমিশ্যনর মনোনীত করিবার ক্ষমতা পাইবার প্রার্থনাপত্রে স্বাক্ষর করিয়াছেন, মাজিষ্ট্রেট এই মর্ম্মের সর্টিফিকট না দিলে ঐ মুনিসি-পালিটীতে মনোনীত করিবার প্রথা চলিবে না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৯ মে।]

*Ex officio* Commissioners

**16** In addition to the Commissioners appointed or elected as hereinbefore provided, the Magistrate of the district, the Magistrate of the division, and the medical officer in charge of the district shall be *ex-officio* Commissioners of every Municipality situated within their respective jurisdictions, and the Lieutenant-Governor may direct, by notification in the *Calcutta Gazette*, that the persons for the time being exercising the functions of the offices to be named in such notification shall be *ex-officio* Commissioners for any or every Municipality to which the functions of the offices held by the persons so appointed may extend

যাহারা স্ব২ পদোপলক্ষে কমিশ্যনর হইবেন তাঁহাদের কথা।

১৬ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে যে কমিশ্যনরেরা নিযুক্ত বা মনোনীত হন, তাঁহা। ছাড়া জিলার মাজিষ্ট্রেট সাহেব ও জিলার খণ্ডের মাজিষ্ট্রেট ও জিলার ডাক্তর সাহেব আপন২ পদোপলক্ষে আপন২ এলাকার অন্তর্গত প্রত্যেক মুনিসিপালিটীর কমিশ্যনর হইবেন। এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই আজ্ঞা করিতে পারিবেন যে ঐ জ্ঞাপনপত্রের মধ্যে যে২ পদের উল্লেখ থাকে, যাঁহারা যৎকালে সেই২ পদের কর্ম্ম নির্ব্বাহ করেন, তাঁহারদের সেই২ পদসংক্রান্ত কার্য্য যে২ মুনিসিপালিটীতে বর্ত্তে তাঁহারা আপন২ পদোপলক্ষে তন্মধ্যে কোন কি প্রত্যেক মুনিসিপালিটীর কমিশ্যনর হন ইতি।

*Ad interim* Vice-Chairman and Commissioners

**17** The Lieutenant-Governor may appoint any persons to be *ad-interim* Vice-Chairman and Commissioners pending the election of Commissioners

ইতিমধ্যে যাঁহারা প্রতিনিধি সভাপতি ও কমিশ্যনর হইবেন তাঁহাদের কথা।

১৭ ধারা। কমিশ্যনরদিগকে যত দিন মনোনীত না করা যায়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তত দিনের নিমিত্ত প্রতিনিধি সভাপতি ও কমিশ্যনরস্বরূপ কোন ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

Qualification of Commissioner

**18** No person who is not an owner or an occupier of land in the Municipality shall be appointed or elected a Commissioner in such Municipality, but this section shall not apply to any person whom the Lieutenant-Governor may direct to be an *ex-officio* Commissioner

যাহা হইলে কোন ব্যক্তি কমিশ্যনর হইতে পারেন তাহার কথা।

১৮ ধারা। কোন ব্যক্তি মুনিসিপালিটীর অন্তর্গত ভূমির স্বামী কি দখীলকার না হইলে তিনি ঐ মুনিসিপালিটীর কমিশ্যনরস্বরূপ নিযুক্ত কি মনোনীত হইতে পারিবেন না। কিন্তু শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে ব্যক্তির প্রতি স্বীয় পদোপলক্ষে কমিশ্যনর হইতে আজ্ঞা করেন তাঁহার প্রতি এই ধারা খাটিবে না ইতি।

Resignation of Commissioner

**19** The Lieutenant-Governor may from time to time accept the resignation of any Commissioner appointed or elected under this Act

কমিশ্যনরের পদ ত্যাগ করিবার কথা।

১৯ ধারা। এই আইনমতে যে কমিশ্যনর নিযুক্ত কি মনোনীত হন, তিনি ঐ কর্ম্ম ত্যাগ করিতে চাহিলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়ে২ তাঁহার সেই কর্ম্মত্যাগ গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

Removal of Commissioner

**20** The Lieutenant-Governor may, on the recommendation of the Commissioners, remove any Commissioner appointed or elected under this Act, if such Commissioner shall have been guilty of misconduct in the discharge of his duties, or of any disgraceful conduct

কমিশ্যনরকে অবসর করিবার কথা।

২০ ধারা। কোন কমিশ্যনর এই আইনমতে নিযুক্ত কি মনোনীত হওয়া আপন কর্ত্তব্য কর্ম্ম নিষ্পাদন করণে অহিতাচারের কিম্বা লজ্জাজনক কোন আচরণের অপরাধী হইলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অন্য কমিশ্যনরদের পরামর্শমতে তাঁহাকে ঐ পদহইতে অবসর করিতে পারিবেন ইতি।

Commissioner who neglects to attend meetings, or is sentenced to imprisonment to cease to be Commissioner

**21** Any Commissioner who without having obtained permission from the Commissioners, shall have omitted to attend six consecutive meetings of the Commissioners,

and any Commissioner who shall have been sentenced to imprisonment,

shall cease to be a Commissioner

কমিশ্যনর সভায় আসিতে ত্রুটি করিলে কিম্বা তাঁহার কারাদণ্ডের আজ্ঞা হইলে কমিশ্যনরী পদে না থাকব র কথা।

২১ ধারা। কোন কমিশ্যনর অন্য কমিশ্যনরদের স্থানে অনুমতি না লইয়া ক্রমাগত ছয়বার কমিশ্যনরদের সভায় উপস্থিত না হইলে,

কিম্বা কোন কমিশ্যনরের কারাদণ্ডের আজ্ঞা হইলে,

তিনি কমিশ্যনরের পদে আর থাকিবেন না ইতি।

[*Government Gazette*, 9th May 1876 ]

**22** Except as hereinafter provided, every Commissioner shall vacate his office at the end of three years from the first day of the year next following the date of his appointment or election as such Commissioner.

*Tenure of office of Commissioners.*

**23** When Commissioners are for the first time appointed or elected in any place, one third of the whole number of which the body may consist on the first day of the year next following the date of the appointment or election of such Commissioners, shall retire at the end of one year, and another third at the end of two years, and the rest at the end of three years, to be computed from the first day of the year next following the date of the appointment or election of such Commissioners.

*Rotation of Commissioners.*

In case such whole number is not evenly divisible by three, the one-third shall be ascertained by taking the number next below the whole number, which is evenly divisible by three, as the number to be divided.

The Commissioners who shall retire at the end of the first and second years respectively shall be selected by lot.

**24** When any Commissioners have been elected in a Municipality, the rule of rotation in the last preceding section shall be applied separately to the Commissioners who have been appointed and separately to the Commissioners who have been elected.

*Application of rule of rotation separately to appointed and elected Commissioners.*

**25** In calculating the whole number of Commissioners for the purposes of section 23, all *ex-officio* Commissioners shall be excluded, and such *ex officio* Commissioners shall remain Commissioners so long as they continue to hold the respective offices in virtue of which they are respectively Commissioners.

*Calculation of number of the Commissioners.*

**26** When this Act comes into force in any place in which persons appointed or elected under any enactment hereby repealed remain in office as Commissioners, one third of the whole number of which the body may consist on the date when this Act so comes into force shall retire at the end of one year, and another third at the end of two years, and the rest at the end of three years, to be computed from the first day of

*Retirement of Commissioners by rotation.*

২২ ধারা। পশ্চাৎ যে স্থলের বিধান হইল সেই স্থল ছাড়া, প্রত্যেক জন কমিশ্যনর যে তারিখে কমিশ্যনরের পদে নিযুক্ত বা মনোনীত হন সেই তারিখের পর যে বৎসর আইসে সেই বৎসরের প্রথম দিনাবধি তিন বৎসরের শেষে আপন পদ ত্যাগ করিবেন ইতি।

*কমিশ্যনরেরা যত দিন পদে থাকিবেন তাহার কথা।*

২৩ ধারা। কমিশ্যনরেরা কোন স্থানে প্রথম নিযুক্ত কি মনোনীত হইলে, তাঁহাদের নিযুক্ত কি মনোনীত হওয়ার তারিখের পর বৎসরের প্রথম দিনে তাঁহাদের যত জন থাকেন, এক বৎসর গত হইলে পর তাঁহাদের তৃতীয়াংশ ব্যক্তি, দুই বৎসর গত হইলে অন্য তৃতীয়াংশ, ও তিন বৎসর গত হইলে শেষ তৃতীয়াংশ ব্যক্তি পদ ত্যাগ করিবেন, ঐ কমিশ্যনরদের নিযুক্ত বা মনোনীত হওয়ার পর যে বৎসর আইসে সেই বৎসরের প্রথম দিন অবধি ঐ২ বৎসর ধরিতে হইবে।

*কমিশ্যনরদের ক্রমান্বয়ে পদ ত্যাগ করিবার কথা।*

সেই পূর্ণ সংখ্যা তিন দিয়া বিভক্ত হইতে না পারিলে, তাহার ন্যূন যে অঙ্ক সমান তিন ভাগে বিভক্ত হইতে পারে, সেই অঙ্কটি পূর্ণ সংখ্যাস্বরূপ ধরিয়া ঐ তৃতীয়াংশ নিরূপণ হইবে।

প্রথম ও দ্বিতীয় বৎসরের শেষে কমিশ্যনরদের মধ্যে যে ব্যক্তিদের পদ ত্যাগ করিতে হইবে, গুলিবাঁট করিয়া তাহা স্থির করা যাইবে ইতি।

২৪ ধারা। মুনিসিপালিটীর মধ্যে কোন কমিশ্যনরদিগকে মনোনীত করা গেলে, যে কমিশ্যনরেরা নিযুক্ত হইলেন ইহার পূর্ব্ব ধারামতে ক্রমান্বয়ে পদত্যাগ করিবার বিধি তাঁহাদের পক্ষে স্বতন্ত্র, ও যে কমিশ্যনরেরা মনোনীত হইলেন তাঁহাদের পক্ষে স্বতন্ত্র রূপে খাটান যাইবে ইতি।

*নিযুক্ত ও মনোনীত কমিশ্যনরদের প্রতি ক্রমান্বয়ে পদ ত্যাগ করিবার বিধি স্বতন্ত্র খাটাইবার কথা।*

২৫ ধারা। ২৩ ধারার নির্দ্দিষ্ট কার্য্যহেতুক, কমিশ্যনরদের পূর্ণ সংখ্যা ধরিতে গেলে, যাহারা স্ব২ পদোপলক্ষে কমিশ্যনর হন তাঁহাদিগকে ধরিতে হইবে না। তাঁহারা সেই পদোপলক্ষে কমিশ্যনর হন যত দিন সেই২ পদে থাকেন তত দিন কমিশ্যনরের পদেও থাকিবেন ইতি।

*কমিশ্যনরদের সংখ্যা ধরিবার কথা।*

২৬ ধারা। এই আইনক্রমে যেই আইন রহিত করা গেল, তাহার মধ্যে কোন আইনক্রমে যে ব্যক্তিরা কোন স্থানে নিযুক্ত কি মনোনীত হইলেন এই আইন প্রচলিত হইবার সময়ে তাঁহারা সেই স্থানে কমিশ্যনরের পদে থাকিলে এই আইন যে তারিখে তদ্রূপে প্রচলিত হয় সেই তারিখে যত জন কমিশ্যনর থাকেন এই আইন প্রচলিত হইবার তারিখের পর যে বৎসর আইসে সেই বৎসরের প্রথম দিনাবধি ধরিয়া তাঁহাদের তৃতীয়াংশ ব্যক্তি এক

*কমিশ্যনরদের ক্রমান্বয়ে পদত্যাগ করিবার কথা।*

the year next following the date on which this Act shall have come into force in such place.

বৎসরের শেষে, অন্য তৃতীয়াংশ দুই বৎসরের শেষে ও অবশিষ্ট ব্যক্তিরা তিন বৎসরের শেষে পদত্যাগ করিবেন।

In case such whole number is not evenly divisible by three, the one-third shall be ascertained by taking the number next below the whole number which is evenly divisible by three, as the number to be divided.

সেই পূর্ণ সংখ্যা তিন দিয়া বিভক্ত হইতে না পারিলে তাহার ন্যূন যে অঙ্ক সমান তিন ভাগে বিভক্ত হইতে পারে সেই অঙ্কটি পূর্ণ সংখ্যাস্বরূপ ধরিয়া ঐ তৃতীয়াংশ নিরূপণ হইবে।

The Commissioners who shall retire at the end of the first and second year respectively shall be selected by lot out of those who have held office for more than three years at the end of such years respectively; and should the number of persons who have held office for more than three years fall short of one-third of the whole number of Commissioners, the number required to make up the one-third shall be selected by lot out of those Commissioners who have held office for less than three years.

প্রথম ও দ্বিতীয় বৎসরের শেষে যে কমিশ্যনরেরা তিন বৎসরের অধিক কাল পদধারণ করিয়াছেন, তাঁহাদের কোন্‌২ ব্যক্তি বৎসরের শেষে পদত্যাগ করিবেন গুলিবাঁট করিয়া তাঁহাদিগকে বাছিয়া লওয়া যাইবে। ও যাঁহারা তিন বৎসরের অধিক কাল পদধারণ করিলেন তাঁহাদের সংখ্যা কমিশ্যনরদের পূর্ণসংখ্যার তৃতীয়াংশের কম হইলে, যাঁহারা তিন বৎসরের কম ঐ পদ ধারণ করিলেন গুলিবাঁট করিয়া তাঁহাদের মধ্যহইতে বাছিয়া লইয়া ঐ তৃতীয়াংশ পূর্ণ করিতে হইবে ইতি।

When Commissioner may be re-appointed or elected.

27. Any person who has resigned the office of Commissioner, or has retired therefrom under sections 22, 23, or 26, or who has ceased to be a Commissioner in consequence of his failure to attend meetings as provided in section 21, may be at any time re-appointed or re-elected a Commissioner; but no person removed by the Lieutenant-Governor from his office under section 20, or who has ceased to be a Commissioner in consequence of being sentenced to imprisonment, may be elected or re-elected a Commissioner without the sanction of the Lieutenant-Governor.

কমিশ্যনরকে যে স্থলে পুনর্ব্বার নিযুক্ত কি মনোনীত করা যাইতে পারিবে তাহার কথা।

২৭ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরের পদ ত্যাগ করিলে, কিম্বা ২২ কি ২৩ কি ২৬ ধারামতে ঐ পদ হইতে অবসর গ্রহণ করিলে কিম্বা সভায় উপস্থিত না হওয়াপ্রযুক্ত ২১ ধারার বিধানমতে কমিশ্যনরের পদে থাকিতে না পারিলে, তিনি কোন সময়েই কমিশ্যনরস্বরূপে পুনর্ব্বার নিযুক্ত বা মনোনীত হইতে পারিবেন। কিন্তু শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব ২০ ধারামতে যাঁহাকে পদহইতে অবসর করেন, কিম্বা কারাদণ্ডের আজ্ঞা হওয়া প্রযুক্ত যে ব্যক্তি কমিশ্যনরের পদে আর থাকিতে পারিলেন না, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের অনুমতি না হইলে তাঁহাকে কমিশ্যনরের পদে মনোনীত বা পুনর্ব্বার মনোনীত করা যাইতে পারিবে না ইতি।

Chairman of Commissioners.

28. Unless the Lieutenant-Governor shall appoint any other person to be such Chairman, the Magistrate of the district, if the Municipality be within the sudder division, and the Magistrate in charge of the division of the district, if the Municipality be situated within any other than the sudder division, shall be *ex-officio* Chairman of the Commissioners of the Municipality.

কমিশ্যনরদের সভাপতির কথা।

২৮ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব কোন ব্যক্তিকে সভাপতি পদে নিযুক্ত না করিলে, মুনিসিপালিটী সদর স্থানে থাকিলে জিলার মাজিষ্ট্রেট সাহেব, ও সদর স্থান ছাড়া কোন স্থানে মুনিসিপালিটী থাকিলে জিলার ঐ অংশের কর্তৃত্বভার প্রাপ্ত মাজিষ্ট্রেট আপনার পদোপলক্ষে ঐ মুনিসিপালিটীর কমিশ্যনরদের সভাপতি হইবেন।

The Magistrate of the district may, with the sanction of the Commissioner of the division, delegate to any Magistrate subordinate to him at a sudder station any of the powers vested by this Act in him as the Chairman of the Commissioners of any Municipality, and may withdraw such powers.

এই আইনে কোন মুনিসিপালিটীর কমিশ্যনরদের সভাপতিস্বরূপ যে২ ক্ষমতা দেওয়া গেল, জিলার মাজিষ্ট্রেট সাহেব দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমতি লইয়া সদর স্থানে আপনার অধীন কোন মাজিষ্ট্রেটের প্রতি উক্ত কোন ক্ষমতা প্রদান করিতে পারিবেন ও সেই ক্ষমতা ফিরিয়া লইতেও পারিবেন।

In the absence of the Magistrate of a division of the district, the Magistrate of the district may appoint any Magistrate subordinate to him to officiate as Chairman of the Commissioners within such division.

জিলার কোন খণ্ডের মাজিষ্ট্রেটের অনুপস্থানে, জিলার মাজিষ্ট্রেট সাহেব সেই খণ্ডের মধ্যে কমিশ্যনরদের সভাপতির কর্ম্ম করিবার জন্যে আপনার অধীন কোন মাজিষ্ট্রেটকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

**29** The Commissioners at a meeting shall elect their own Vice-Chairman, subject to the approval of the Lieutenant Governor; he shall hold office for one year from the beginning of the year next following his election, and shall be eligible for re-election for the following year.

*Election of Vice Chairman.*

২৯ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমোদনের অপেক্ষায়, আপনাদের প্রতিনিধি সভাপতিকে মনোনীত করিবেন। তিনি যে বৎসরে মনোনীত হন তাহার পর বৎসরের আরম্ভ অবধি এক বৎসর ঐ পদ ধারণ করিবেন। তৎপর বৎসরেও তাঁহাকে পুনরায় মনোনীত করা যাইতে পারিবে।

*প্রতিনিধি সভাপতিকে মনোনীত করিবার কথা।*

The Vice Chairman, on election or re-election, shall be held to be appointed a Commissioner under this Act during his term of office.

ঐ প্রতিনিধি সভাপতি মনোনীত কি পুনঃ মনোনীত হইলেও পদস্থ থাকনকালে এই আইনমত কমিশ্যনরস্বরূপ নিযুক্ত বলিয়া জ্ঞান হইবেন।

The Vice-Chairman may at any time be removed from the office of Vice-Chairman by a resolution of the Commissioners, in favor of which not less than two-thirds of the Commissioners shall have given their votes either personally or in writing.

কমিশ্যনরদের মধ্যে তিন ভাগের দুই ভাগের অন্যূন ব্যক্তি বাক্য দ্বারা কিম্বা লিখিয়া প্রতিনিধি সভাপতিকে পদহইতে অবসর করিবার নির্দ্ধারণের সপক্ষে মত জানাইলে, কমিশ্যনরদের সেই নির্দ্ধারণক্রমে প্রতিনিধি সভাপতিকে কোন সময়েও ঐ পদহইতে অবসর করা যাইতে পারিবে।

Provided that the Lieutenant-Governor may sanction the election permanently, or for a term of years, of a salaried Vice-Chairman, if proposed by the Commissioners at a meeting.

কিন্তু কমিশ্যনরেরা সভাগত হইয়া প্রস্তাব করিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব চিরকালের কিম্বা কএক বৎসরের নিমিত্ত বেতনভোগি প্রতিনিধি সভাপতির মনোনীত হওয়ার অনুমতি দিতে পারিবেন।

Provided also that the present salaried Vice-Chairman of any Municipality who has been appointed by the Lieutenant-Governor under the provisions of any enactment hereby repealed shall continue to hold the office until he resigns or is removed with the sanction of the Lieutenant-Governor.

আর এই আইনক্রমে যেং আইন রহিত করা গেল, কোন মুনিসিপালিটীর বর্ত্তমান বৈতনিক প্রতিনিধি সভাপতি যদি উক্ত কোন আইন অনুসারে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের দ্বারা নিযুক্ত হইয়া থাকেন, তবে যত দিন কর্ম্মহইতে অবসর গ্রহণ না করেন কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতিমতে তাঁহাকে যত দিন অবসর না করা যায় তিনি তত দিন ঐ পদে থাকিবেন ইতি।

**30** The Commissioners shall, in the name of their Chairman, by the description of "The Chairman of the Municipal Commissioners of ," be a body corporate, and have perpetual succession, and a common seal, and in such name shall sue and be sued.

*Commissioners incorporated.*

৩০ ধারা। কমিশ্যনরেরা "অমুক স্থানের মুনিসিপল কমিশ্যনরদের সভাপতি" বলিয়া আপনাদের সভাপতির নামে সমাবাধিত সমাজ হইবেন। ও তাঁহাদের নিয়ত পর্য্যায়, ও সাধারণ মোহর থাকিবে, ও উক্ত নাম ধরিয়া নালিশ করিতে পারিবেন ও তাঁহাদের নামে নালিশ হইতে পারিবে।

*কমিশ্যনরদের সমাবাধিত হওয়ার কথা।*

Such common seal shall have the name of the Municipality engraved thereon in legible characters in the English language, and also in the vernacular of the district.

উক্ত সাধারণ মোহরে ইংরেজী ও জিলার প্রচলিত ভাষার অক্ষরে মুনিসিপালিটীর নাম সুপাঠ্যরূপে খোদিত থাকিবে ইতি।

*Of the Property and Contracts of the Commissioners.*

কমিশ্যনরদের সম্পত্তির ও চুক্তির কথা।

**31** All property, moveable and immoveable, of any kind whatsoever, derived under any of the enactments specified in the fifth schedule, or otherwise, and vested in or held in trust for the late Commissioners, or Committee, (being the Commissioners or Committee appointed under any of the said enactments), shall become vested in the Commissioners and their successors.

*All property of late Commissioners or Committee vested in Commissioners appointed under this Act.*

৩১ ধারা। পঞ্চম তফসীলের নির্দ্দিষ্ট কোন বিধানমতে কি প্রকারান্তরে প্রাপ্ত স্থাবর ও অস্থাবর যে কোন প্রকারের সম্পত্তি (উক্ত অন্যতর আইনমতে নিযুক্ত কমিশ্যনর কি কমিটী বলিয়া) ভূতপূর্ব্ব কমিশ্যনরদের কি কমিটীর প্রতি বর্ত্তান গিয়াছিল, কি তাঁহাদের পক্ষে ন্যস্তস্বরূপ রাখা গিয়াছিল তাহা সকলই ঐ কমিশ্যনরদের ও তাঁহাদের উত্তরপদাধিকারিদের প্রতি বর্ত্তিবে ইতি।

*ভূতপূর্ব্ব কমিশ্যনরদের কি কমিটীর সকল সম্পত্তি এই আইনমতে নিযুক্ত কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবার কথা।*

32 All roads, bridges, embankments, tanks, ghâts, wharves, jetties, wells, channels and drains in any Municipality (not being private property), and not being maintained by Government or at the public expense, now existing or which shall hereafter be made, and the pavements, stones, and other materials thereof, and all erections, materials, implements, and other things provided therefor, shall vest in and belong to the Commissioners

Public roads &c, vested in the Commissioners

৩২ ধারা। কোন মুনিসিপালিটীব মধ্যে কোন ব্যক্তিব স্বকীয় সম্পত্তিভিন্ন যত পথ ও সাঁকো ও বাঁধ ও পুষ্করিণী ও ঘাট ও ওযার্ফ ও জেটি (অর্থাৎ নৌকাদিহইতে মাল তুলিবাব ঘাট) ও ইঁদারা ও জলপথ ও নর্দ্দমা গবর্ণমেণ্টেব দ্বাবা ও বাজকীয অর্থব্যয়ে রক্ষিত না হইয়া এইক্ষণে আছে, বা পবে প্রস্তুত যাইবে তাহা ও তৎসংযুক্ত শানপাতর ও পাতব ও অন্য সবঞ্জাম এবং ঐ২ পথ প্রভৃতিব নিমিত্ত ঘব ও সবঞ্জাম ও হাতিযার প্রভৃতি যত দ্রব্য নিরূপিত থাকে, তাহা ঐ মুনিসিপালিটীব কমিশ্যনবদেব প্রতি বর্ত্তিবে ও তাঁহাবদেবই হইবে।

রাজপথ প্রভৃতি কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবার কথা।

But the Lieutenant-Governor may from time to time, by notification, exclude any road, bridge, embankment, or drain from the operation of this Act, and may cancel such notification wholly or in part, provided that if the cost of the construction of the work shall have been paid from the Municipal Fund, such work shall not be excluded from the operation of this Act without the consent of the Commissioners

কিন্তু শ্রীযুত লেপ্টেনেণ্ট গববনর সাহেব সমযে২ জ্ঞাপনপত্র প্রকাশ কবিযা, কোন পথ কি সাঁকো কি বাঁধ কি নর্দ্দমা এই আইনের বিধানেব বহির্ভূত করিতে পাবিবেন, এবং উক্ত জ্ঞাপনপত্র সম্পূর্ণরূপে বা অংশতঃ রহিতও কবিতে পারিবেন। পবন্তু সেই কার্য্য নির্ম্মাণ কবিবাব খবচ যদি মুনিসিপল ফণ্ডহইতে দেওযা গিযা থাকে, তবে কমিশ্যনবদেব অনুমতি না হইলে তাহা এই আইনেব বিধানের বহির্ভূত কবা যাইতে পাবিবে না ইতি।

33 The Commissioners at a meeting may agree with the person in whom the property in any road, bridge, embankment, tank, ghât, wharf, jetty, well, channel, or drain is vested to take over the property therein, and after such agreement may declare, by notice in writing put up thereon or near thereto, that such road, bridge, embankment, tank, ghat, wharf, jetty, well, channel, or drain has been transferred to the Commissioners,

Commissioners may, with consent of owners take over and repair roads, &c

৩৩ ধাবা। কোন পথেব কি সাঁকোব কি বাঁধের কি পুষ্করিণীব কি ঘাটেব কি ওযার্ফেব কি জেটিব কি ইঁদাবাব কি জলপথেব কি নর্দ্দমাব স্বামিত্ব যে ব্যক্তিব প্রতি বর্ত্তে, সভাগত কমিশ্যনবেরা তাঁহাব সঙ্গে একবাক্য হইযা ঐ পথেব স্বামিত্ব গ্রহণ কবিবাব নিযম কবিতে পাবিবেন। ও তদ্রূপ নিযম কবিলে তাঁহাবা নোটিস লেখাইযা ঐ পথেব কি সাঁকোব কি বাঁধেব কি পুষ্করিণীব কি ঘাটের কি ওযার্ফেব কি জেটিব কি ইঁদাবাব কি জলপথেব কি নর্দ্দমাব কোন স্থানে কি তাহাব নিকটে লটকাইযা তাহা কমিশ্যনবদেব প্রতি অর্পণ কবা গেল এই কথা প্রকাশ কবিতে পাবিবেন।

স্বামিদের সম্মতিক্রমে কমিশ্যনবদের কএক পথ লইয়া মেরামত কবিতে পারিবার কথা।

Thereupon the property therein shall vest in the Commissioners, and such road, bridge, embankment, tank, ghât, wharf, jetty, well, channel, or drain shall thenceforth be repaired and maintained out of the Municipal Fund

তাহা হইলে ঐ২ বিষযেব স্বামিত্ব কমিশ্যনরদেব প্রতি বর্ত্তিবে ও তদবধি সেই পথ ও সাঁকো ও বাঁধ ও পুষ্করিণী ও ঘাট ও ওযার্ফ ও জেটী ও ইঁদাবা ও জলপথ ও নর্দ্দমা সাবাইযা দিবাব ও রক্ষা কবিবার খবচ মুনিসিপল ফণ্ডহইতে দেওযা যাইবে ইতি।

34 Every hospital, dispensary, school, rest-house, ghât, and market, not being private property, or the property of a religious institution or society, and all medicines, furniture, and other articles appurtenant thereto, not being such property, which at and after the commencement of this Act shall be found within any Municipality, may, by order of the Lieutenant-Governor, duly published on the spot, be vested in the Commissioners of such Municipality, and thereupon all endowments

Existing hospitals, schools, rest houses, &c, may be vested in the Commissioners

৩৪ ধাবা। এই আইন প্রচলিত হইবার সমযে কি তৎপবে, কোন মুনিসিপালিটীব মধ্যে কোন ব্যক্তিব স্বকীয সম্পত্তিভিন্ন, ও ধর্ম্মার্থ কোন সভাব কি সমাজেব সম্পত্তি ভিন্ন, যত হাস্পাতাল কি ঔষধালয কি বিদ্যালয কি পাঠশালা কি চটী কি ঘাট কি বাজার ও উক্ত প্রকাবেব স্বকীয সম্পত্তিভিন্ন যত ঔষধ ও লওযাজিমা ও তৎসংক্রান্ত অন্য যত দ্রব্য পাওয়া যায, শ্রীযুত লেপ্টেনেণ্ট গববনব সাহেবের আজ্ঞা তৎস্থানে নিযমিতরূপে প্রকাশ করা গেলে তাহা ঐ মুনিসিপালিটীর কমিশ্যনবদের প্রতি বর্ত্তি

বর্ত্তমান হাস্পাতাল ও পাঠশালা ও চটীপ্রভৃতি কমিশ্যনবদের প্রতি বর্ত্তিবার কথা।

or funds belonging thereto shall be transferred to, and vested in, such Commissioners as trustees for the purposes to which such endowments and funds were lawfully applicable at the time of such tra[illegible]

পারিবে। তাহা হইলে উক্ত হাস্পাতাল প্রভৃতি অর্পণ করণ সময়ে তাহার ব্যয় পোষণার্থে প্রদত্ত সকল বিষয় ও ধন বৈধমতে যে কর্ম্মে প্রয়োগ হইতে পারিত, সেই২ কর্ম্মে প্রয়োগ করণার্থে ট্রষ্টীস্বরূপে কমিশ্যানরদের হস্তে অর্পিত হইবে ও তাঁহারদের প্রতি বর্ত্তিবে।

Provided that no such order shall be published until one month after notice of the intention to transfer such property shall have been published in the *Calcutta Gazette*, and within the Municipality in the vernacular language of the district

কিন্তু ঐ সম্পত্তি হস্তান্তর করিয়া লইবার মনস্থের জ্ঞাপনপত্র কলিকাতা গেজেটে এবং মুনিসিপালিটীর মধ্যে জিলার চলিত ভাষায় এক মাস পর্য্যন্ত প্রকাশ না হইলে, পূর্ব্বোক্ত আজ্ঞা প্রচারিত হইবে না ইতি।

35 If the Commissioners at a meeting shall, after publication of a notice as is mentioned in the last preceding section, object to the transfer to themselves of any hospital, dispensary, school, rest-house, ghât, or market, on the ground that their funds cannot bear the charge, then such transfer shall not be made save under such conditions as the Commissioners at a meeting may agree to accept

Transfer to be conditional in certain cases

৩৫ ধারা। ইহার পূর্ব্ব ধারার লিখিত জ্ঞাপনপত্র প্রকাশ করা গেলে পর কমিশ্যানরদের তহবীলহইতে ঐ হাস্পাতালের কি ঔষধালয়ের কিম্বা স্কুলের কিম্বা চটির কি ঘাটের কি হাটের খরচ দিলে অকুলান হইবে বলিয়া যদি ঐ কমিশ্যানরেরা সভাগত হইয়া আপনারদের হাতে সেই হাস্পাতাল প্রভৃতি অর্পণ হওন বিষয়ে আপত্তি করেন, তবে কমিশ্যানরেরা অধিবিষ্ট হইয়া যে নিয়ম স্বীকার করেন কেবল সেই নিয়মমতে ঐ হস্তান্তর কার্য্য হইতে পারিবে নতুবা নয় ইতি।

স্থলবিশেষে হস্তান্তর কার্য্য নিয়মাধীন হইবার কথা।

36 The Commissioners at a meeting may purchase or take on lease any land for the purposes of this Act, and may sell, let, or otherwise dispose of any land not required for such purposes

Power to purchase lease, and sell lands

৩৬ ধারা। কমিশ্যানরেরা সভাগত হইয়া এই আইনের কার্য্যপক্ষে কোন ভূমি ক্রয় করিতে কিম্বা পাট্টা করিয়া লইতে পারিবেন। এবং উক্ত কার্য্যের নিমিত্তে যে ভূমির আবশ্যক না থাকে তাহা বিক্রয় করিতে কি পাট্টা করিয়া কি প্রকারান্তরে হস্তান্তর করিয়া দিতে পারিবেন ইতি।

ভূমি ক্রয় ও বিক্রয় ও পাট্টা করিয়া লইবার ও দিবার ক্ষমতার কথা।

37 The Lieutenant-Governor, on the application of the Commissioners that any land be acquired for the purposes of this Act may, on being satisfied that the Commissioners are in a position to pay for such land either at once or in such instalments as the Lieutenant Governor may think proper, notify under the provisions of the Land Acquisition Act, 1870, or any similar Act for the time being in force for the acquisition of land for public purposes, that such land is required for a public purpose, and may cause such land to be acquired under the provisions of such Act, and on payment by the Commissioners of the compensation awarded under such Act, the land shall vest in them for the purposes of this Act

Land may be taken up under Land Acquisition Act, 1870

৩৭ ধারা। কমিশ্যানরেরা এই আইনের কার্য্যপক্ষে কোন ভূমিপ্রাপ্ত হইবার প্রার্থনা করিলে, এবং কমিশ্যানরেরা ঐ ভূমির মূল্য একেবারে দিতে পারিবেন, কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব যে কিস্তি উচিত বোধ করেন এমত কিস্তি করিয়া দিতে সক্ষম আছেন তিনি ইহা জ্ঞাতমতে জানিতে পারিলে, ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনমতে কিম্বা সাধারণের উপকারের নিমিত্ত ভূমি গ্রহণার্থে সেই মর্ম্মের অন্য যে আইন যৎকালে প্রবল থাকে তদনুসারে সাধারণের উপকারার্থে ঐ ভূমির প্রয়োজন হইয়াছে বলিয়া নোটিস প্রচার করিয়া সেই আইনের বিধানমতে ঐ ভূমি গ্রহণ করাইতে পারিবেন। ও ঐ আইনমতে হানিপূরণ বলিয়া যত টাকা ধার্য্য হয়, কমিশ্যানরেরা তত টাকা দিলে ঐ ভূমি এই আইনের কার্য্যপক্ষে তাঁহাদের প্রতি বর্ত্তিবে ইতি।

ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনমতে ভূমি লইতে পারিবার কথা।

38 The Commissioners shall be bound to pay to the Government the cost of any land which may be acquired for them on their application under the provisions of the last preceding section

[illegible]missioners to pay [illegible] such land

৩৮ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কমিশ্যানরদের প্রার্থনানুসারে তাহাদের নিমিত্ত যে ভূমি লওয়া যায়, গবর্ণমেণ্টে তাঁহাদের সেই ভূমির খরচ দিতেই হইবে ইতি।

কমিশ্যানরদের ঐ ভূমির খরচ দিতে হইবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৯ মে।]

39 The Commissioners may enter into and perform any contract necessary for the purposes of this Act

Mode of executing contracts

৩৯ ধারা। এই আইনের কার্য্যপক্ষে কোন চুক্তি করিবার আবশ্যক হইলে, কমিশ্যনরেরা সেই চুক্তি করিয়া ঐ কর্ম্ম সম্পাদন করাইতে পারিবেন।

চুক্তিপত্র করিবার নিয়মের কথা।

Every contract made on behalf of the Commissioners in a first class Municipality in respect of any sum exceeding five hundred rupees, or which shall involve a value exceeding five hundred rupees, and every contract made on behalf of the Commissioners in a second class Municipality in respect of any sum exceeding two hundred rupees, or which shall involve a value exceeding two hundred rupees, shall be sanctioned by the Commissioners at a meeting, and shall be in writing, and signed by at least two of the Commissioners, one of whom shall be the Chairman or Vice Chairman, and shall be sealed with the common seal of the Commissioners

প্রথম শ্রেণীর মুনিসিপালিটির কমিশ্যনরদের পক্ষে পাঁচ শতের অধিক টাকার চুক্তি কিম্বা যাহাতে পাঁচ শত টাকার অধিক মূল্যের বিষয় আইসে এমত কোন চুক্তি করা গেলে, এবং দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটির কমিশ্যনরদের পক্ষে দুই শতের অধিক টাকার চুক্তি কিম্বা যাহাতে দুই শত টাকার অধিক মূল্যের বিষয় আইসে এমত চুক্তি করা গেলে তাহাতে সভাগত কমিশ্যনরদের অনুমতি থাকা প্রযোজন। তাহা লিখিয়া লওয়া যাইবে। ও সেই চুক্তিপত্রে ন্যূন কল্পে দুই জন কমিশ্যনরদের স্বাক্ষর থাকিবে। তাঁহাদের মধ্যে সভাপতি কি প্রতিনিধি সভাপতি এক জন হইবেন। ও তাহাতে কমিশ্যনরদের সাধারণ মোহর দেওয়া যাইবে।

Unless so executed, such contract shall not be binding on the Commissioners

তদ্রূপে স্বাক্ষর করা না গেলে, কমিশ্যনরেরা সেই চুক্তিতে বদ্ধ হইবেন না ইতি।

*Of the Mode of transacting the Business of the Municipality*

মুনিসিপালিটীর কার্য্যনির্ব্বাহ করিবার নিয়মের কথা।

40 The Commissioners shall meet for the transaction of business (if there be any business to be transacted) at their office, or at some other convenient place, at least once in every month, and as often as a meeting shall be called by the Chairman, or, in his absence, by the Vice Chairman

Commissioners to meet ordinarily once a month

৪০ ধারা। কোন কার্য্য নিষ্পাদন করিতে হইলে, কমিশ্যনরেরা সেই কর্ম্ম নিষ্পাদন করিবার জন্যে আপনাদের কার্য্যালয়ে কি সুবিধার অন্য স্থানে মাসে ন্যূন কল্পে এক বার সভাস্থ হইবেন এবং সভাপতি, কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি যত বার আহ্বান করেন ততবার সভা করিবেন।

কমিশ্যনরদের সচরাচর মাসে একবার সভাস্থ হইবার কথা।

If there shall be no business to be laid before the meeting at any monthly meeting, the Chairman shall, instead of calling the meeting, give notice of the same to each Commissioner three days before the date which is appointed for the monthly meeting

মাসে২ যে সভা হয় সেই সভার সম্মুখে অপণ করিবার কোন কার্য্য না থাকিলে, সভাপতি কমিশ্যনরদিগকে আহ্বান না করিয়া ঐ মাসিক সভার নিমিত্ত যে দিন নির্দ্ধারিত আছে তাহার পূর্ব্বে তিন দিন থাকিতে প্রত্যেক জন কমিশ্যনরকে কর্ম্ম না থাকার নোটিস দিবেন ইতি।

41 The Chairman, or, in his absence, the Vice-Chairman, shall call a special meeting on a requisition signed by not less than three of the Commissioners

And at other times on special requisition

৪১ ধারা। তিন জনের অন্যূন কমিশ্যনর সভা করিবার আদেশপত্র লিখিয়া স্বাক্ষর করিলে, সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি কমিশ্যনরদিগকে বিশেষ সভায় আহ্বান করিবেন ইতি।

অন্য সময়ে বিশেষ আদেশমতে আহ্বান করিবার কথা।

42. The Chairman, or, in his absence, the Vice-Chairman, shall preside at every meeting, and, in the absence of both the Chairman and Vice Chairman, the Commissioners shall choose some one of their number to preside

Who to preside at meetings of the Commissioners

৪২ ধারা। প্রত্যেক সভায় সভাপতি ও তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি আধিপত্য করিবেন। সভাপতি ও প্রতিনিধি সভাপতি উভয়ে অনুপস্থিত থাকিলে, কমিশ্যনরেরা আধিপত্য করিবার জন্যে আপনাদের এক ব্যক্তিকে মনোনীত করিবেন ইতি।

কমিশ্যনরদের সভায় কে সভাপতি হইবেন ইহার কথা।

Questions to be decided by majority

43 All questions which may come before the Commissioners at a meeting shall be decided by a majority of votes

Casting vote

In case of equality of votes, the President shall have a second or casting vote

Quorum

44 No business shall be transacted at any meeting of the Commissioners unless such meeting has been called by the Chairman or Vice-Chairman, and unless a quorum shall be present

A quorum shall be, in any Municipality in which the Commissioners are more than fifteen, five,

in any other Municipality a number being not less than one-third of the entire number of Commissioners

Provided that it shall require two members at least to form a quorum

Minutes of proceedings

45 Minutes of the proceedings of all meetings of the Commissioners shall be entered in a book to be kept for the purpose, and shall be signed by the President of the meeting, and such book shall be open to the inspection of the tax-payers

Powers of Chairman

46 The Chairman shall, for the transaction of the business connected with this Act, or for the purpose of making any order authorized thereby, exercise all the powers vested by this Act in the Commissioners

Provided that the Chairman shall not act in opposition to, or in contravention of, any order of the Commissioners at a meeting, or exercise any power which is directed to be exercised by the Commissioners at a meeting

Chairman may delegate his duties to Vice Chairman

47 The Chairman may, by a written order, delegate to the Vice-Chairman all or any of the duties or powers of a Chairman as defined in this Act, subject to such restrictions as may seem fit to him, and may at any time by a written order withdraw the same

অধিকাংশ ব্যক্তির মতানুসারে বিবাদ নিষ্পত্তি হইবার কথা।

৪৩ ধারা। সভাগত কমিশ্যনবদের সম্মুখে যে সকল বিষয় উপস্থিত হয, অধিকাংশ ব্যক্তিব মতানুসারে তাহা স্থির কবা যাইবে।

দুই দিগে সমান সংখ্যা থাকিলে যে দিগের মত প্রবল হইবে তাহার কথা।

যদি দুই দিগে সমান সংখ্যাব মত প্রকাশ হইযা থাকে, তবে সভাপতি দ্বিতীয বাব মত জানাইতে পাবিবেন ও তাঁহার মত প্রবল হইবে ইতি।

যত জন থাকিলে কর্ম্ম চলিতে পারিবে তাহার কথা।

৪৪ ধাবা। সভাপতি কি প্রতিনিধি সভাপতি কমিশ্যনবদিগকে আহ্বান না কবিলে, ও যত জন উপস্থিত হইলে কার্য্য চলিতে পারে, তত জন না থাকিলে কোন কার্য্য কবা যাইতে পাবিবে না।

কোন মুনিসিপালিটীর পঞ্চদশ জন কমিশ্যনব থাকিলে পাঁচ জন সভাগত হইলে কার্য্য চলিতে পারিবে।

অন্য কোন মুনিসিপালিটীব যত জন কমিশ্যনব থাকেন তাঁহাদেব ন্যূন কল্পে তৃতীযাংশ ব্যক্তি থাকিলে কর্ম্ম চলিতে পাবিবে।

কিন্তু কর্ম্ম নির্ব্বাহ কবিবাব জন্যে ন্যূন কল্পে দুই জনের উপস্থিত থাকা প্রযোজন।

আনুষ্ঠানিক কার্য্যের লিপির কথা।

৪৫ ধাবা। কমিশ্যনবদেব অধিবেশন কালে যে কার্য্যের অনুষ্ঠান হয, তাঁহারা একখানি বহী বাখিয তন্মধ্যে তাহাব মর্ম্ম লেখাইযা বাখিবেন। অধিবেশনকালে যিনি সভাপতি হন তিনি সেই বৃত্তান্তে স্বাক্ষব কবিবেন ও যাঁহাবা টাক্স দিযা থাকেন তাঁহাবা সর্ব্বদাই ঐ বহী দেখিতে পাইবেন ইতি।

সভাপতির ক্ষমতাব কথা।

৪৬ ধাবা। এই আইনে কমিশ্যনবদেব প্রতি যে সকল ক্ষমতা দেওয়া গেল, সভাপতি এই আইন সংক্রান্ত কোন কার্য্য নির্ব্বাহ কবিবাব জন্যে, কিম্বা এই আইনমতে যে আজ্ঞা কবিবাব অনুমতি থাকে সেই আজ্ঞা কবিবার জন্যে, সেই সকল ক্ষমতাক্রমে কার্য্য করিতে পাবিবেন।

কিন্তু কমিশ্যনবেবা সভায অধিবিষ্ট হইযা যে আজ্ঞা কবেন, সভাপতি তাহাব বিপক্ষে কি তাহাব প্রতিবন্ধকতায কোন কার্য্য কবিবেন না, এবং সভাগত কমিশ্যনরদেব যে ক্ষমতাক্রমে কার্য্য কবিবাব আজ্ঞা থাকে তিনি সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবেন না ইতি।

প্রতিনিধি সভাপতির প্রতি সভাপতির কার্য্য অর্পণ কবিবার কথা।

৪৭ ধারা। এই আইনে সভাপতিব যে২ কর্ম্ম কি যে২ ক্ষমতা নির্ণীত থাকে, তিনি অনুজ্ঞাপত্র লিখিযা, যে২ সীমা নিদ্ধার্য্য কবা উচিত বোধ করেন প্রতিনিধি সভাপতির প্রতি সেই২ সীমাব মধ্যে সেই সকল কি তন্মধ্যে কোন ক্ষমতা কি কর্ম্ম অর্পণ করিতে পারিবেন। ও কোন সমযে অনুজ্ঞাপত্র লিখিযা দিযা পূর্ব্বোক্ত অনুজ্ঞা রহিত করিতে পারিবেন।

Provided that nothing done by the Vice-Chairman which might have been done under the authority of a written order from the Chairman shall be invalid for want of or defect of such written order, if it be done with the express or implied consent of the Chairman

কিন্তু প্রতিনিধি সভাপতি, সভাপতিব লিখিত আজ্ঞাব ক্ষমতাক্রমে যে কার্য্য কবিতে পাবিতেন সেই আজ্ঞা লিখিয়া না দেওযা গেলেও কিম্বা আজ্ঞাপত্রেব কোন অভাব থাকিলেও যদি প্রতিনিধি সভাপতি স্পষ্ট কিম্বা ভাবতঃ সভাপতির সম্মতিক্রমে ঐ কর্ম্ম করিযা থাকেন তাঁহার সেই কর্ম্ম অসিদ্ধ হইবে না ইতি।

Appointment of overseers clerks and subordinate officers

48 The Commissioners at a meeting shall from time to time decide whether a paid Secretary, Engineer, or Health Officer is required or not, and what number of assessors, overseers, clerks, registrars, subordinate officers, servants, and collectors of taxes or tolls, may be necessary for the Municipality, and shall from time to time fix the salaries to be paid to such persons respectively out of the Municipal Fund, and the allowances to be granted to such persons during absence on leave

ওবরসিয়র ও কেরাণী ও অধীন আমলাদেব নিয়োগের কথা।

৪৮ ধারা। মুনিসিপালিটীব জন্যে বেতনভোগি সেক্রেটরীব ও ইঞ্জিনিযরেব ও স্বাস্থ্যরক্ষকেব নিযুক্ত থাকা প্রযোজন কি না ও আসেসর ও ওববসিযব ও কেরাণী ও রেজিষ্ট্রাব ও অধীন কর্ম্মকাবক ও চাকর এবং টাক্স ও মাস্থল আদাযকারি বলিযা কত জনকে বাখা আবশ্যক, কমিশ্যনবেবা সময়ে২ অধিবিষ্ট হইযা এই কথা নির্ণয় করিবেন, ও মুনিসিপল ফণ্ডহইতে সেই২ ব্যক্তিব কত কবিযা বেতন দিতে হইবে, ও তাঁহারা ছুটী লইলে সেই ছুটীব সমযে কত কবিযা পাইবেন, এই কথাও সমযে২ নিরূপণ কবিবেন।

Subject to the scale of establishment decided upon by the Commissioners under this section, the Chairman shall have power to appoint such persons as he may think fit, and from time to time to remove such persons and appoint others in their places

Provided that no person shall be appointed to an office the salary of which is more than two hundred rupees per mensem without the sanction of the Commissioners at a meeting, subject to the approval of the Commissioner of the division, and provided also that no officer whose salary is more than fifty rupees per mensem shall be dismissed without the sanction of the Commissioners at a meeting

কমিশ্যনরেবা এই ধারামতে বেতন দিযা যত জন কর্ম্মকারককে রাখিতে স্থির কবেন সভাপতি তদনুসাবে যাঁহাদিগকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহারদিগকে নিযুক্ত করিতে পাবিবেন, এবং সমযে২ সেই ব্যক্তিদিগকে অবসব করিয়া তাঁহাবদেব স্থানে অন্য ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে পারিবেন কিন্তু যে পদের বেতন মাসে দুই শত টাকার অধিক সেই পদে সভাগত কমিশ্যনবদেব অনুমতি বিনা কোন ব্যক্তি নিযুক্ত হইবেন না। হইলেও দেশখণ্ডেব কমিশ্যনব সাহেবেব অনুমোদনের অপেক্ষা থাকিবে। আব যে কর্ম্মকারকেব বেতন মাসে পঞ্চাশ টাকার অধিক সভাগত কমিশ্যনরদেব অনুমতি বিনা তাঁহাকে অবসব কবা যাইতে পারিবে না ইতি।

Security to be taken from collector of taxes or tolls

49 The Commissioners shall take from every collector of municipal taxes or tolls, and from every other officer whose duty it is to receive or expend money on behalf of the Commissioners, such security as they may think proper

যাহারা টাক্স কি মাস্থল আদায় করেন তাঁহাদেব জামিন দিবার কথা।

৪৯ ধাবা। যেং ব্যক্তি মুনিসিপল টাক্স ও মাস্থল আদায কবিযা থাকেন ও কমিশ্যনবদেব নিমিত্ত অন্য যে কর্ম্মকাবকেব কর্ত্তব্যেব মধ্যে টাকা লওন ও খবচ করণরূপ কর্ম্ম হয় কমিশ্যনরেরা তাঁহাদেব স্থানে যে জামিন লওয়া উচিত বোধ করেন লইবেন ইতি।

*Of Ward Committees*

পল্লির কমিটীব কথা।

Power to appoint Ward Committees

50 The Commissioners at a meeting may divide any Municipality into wards, and thereupon appoint, or cause to be elected, for each ward, not less than three proper persons, whether such persons be or be not Commissioners for the time being, to be members of the Ward Committee, and the Commissioners at a meeting may define the limits of the ward for which any Ward Committee may be appointed or elected

পল্লির কমিটী নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

৫০ ধাবা। কমিশ্যনরেবা সভাগত হইযা কোন মুনিসিপালিটী পল্লি২ কবিযা বিভাগ কবিতে পাবিবেন। তাহা হইলে ঐ২ পল্লিব কমিটীর অন্তর্গত থাকিবাব যোগ্য অন্যূন তিন২ ব্যক্তিকে নিযুক্ত করিতে কি মনোনীত কবাইতে পারিবেন। ঐ ব্যক্তিরা তৎকালে কমিশ্যনরী পদে নিযুক্ত থাকুন বা না থাকুন তাঁহাবা পল্লির কমিটীব অন্তর্গত থাকিতে পারিবেন। এবং পল্লিব কমিটী যে পল্লির নিমিত্ত নিযুক্ত বা মনোনীত হন, কমিশ্যনরেবা সভাগত হইযা সেই২ পল্লির সীমা নির্ণয় করিতে পারিবেন ইতি।

*Commissioners may lay down rules for election*

**51.** The Commissioners at a meeting may, with the sanction of the Commissioner of the division, lay down rules, not being inconsistent with the provisions of this Act, in respect of the qualifications rquired to entitle any person other than a Commissioner, to stand as a candidate for such election, and to entitle any person to vote for any candidate, and in respect of the mode of election, and the Commissioners may at any time cancel any rule made by them under this section for such election

*মনোনীত করিবার বিধি কমিশ্যনরদের প্রণয়ন করিতে পারিবার কথা ।*

৫১ ধারা । কমিশ্যনর ছাড়া কোন ব্যক্তির যে গুণ থাকিলে তিনি ঐ রূপে মনোনীত হওনের আকাঙ্ক্ষী স্বরূপ দাড়াইতে পারিবেন, ও যাঁহাকে মনোনীত করা যাইবে এই বিষয়ে কোন ব্যক্তির মত জানিবার অধিকার যেরূপে হইবে, ও যেরূপে ব্যক্তিকে মনোনীত করা যাইবে, কমিশ্যনরেরা সভাগত হইয়া দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমতি লইয়া এই২ বিষয়ের বিধি করিতে পারিতে পারিবেন, কিন্তু সেই বিধি এই আইনের বি ানের সহিত অসঙ্গত না হয় । কমিশ্যনরেরা এই ধারামতে তদ্রূপ মনোনীত করণ বিষয়ক যে বিধি করেন তাহা কোন সময়ে রহিতও করিতে পারিবেন ইতি ।

*Election of Chairman and Vice Chairman of Ward Committee*

**52.** Each Ward Committee may, for each year if they see fit, elect their own Chairman and Vice-Chairman (if necessary) from among their own number, provided that if one or more Commissioners are members of the Ward Committee, the Chairman of the Waid Committee shall be a Commissioner

*পল্লির কমিটীর সভাপতি ও প্রতিনিধি সভাপতি মনোনীত হইবার কথা ।*

৫২ ধারা । প্রত্যেক পল্লির কমিটী উচিত বোধ করিলে প্রতি বৎসর আপনাদের মধ্য হইতে সভাপতি ও আবশ্যক হইলে প্রতিনিধি সভাপতি মনোনীত করিতে পারিবেন, কিন্তু পল্লির কমিটীর মধ্যে এক কি কত্রক জন কমিশ্যনর থাকিলে, পল্লির কমিটীর সভাপতি পদে এক জন কমিশ্যনরকে নিযুক্ত করিতে হইবে ইতি ।

*Commissioners may delegate powers to Ward Committee*

**53** The Commissioners at a meeting may delegate to a Ward Committee such of the powers of Commissioners under this Act as to them may seem fit, and such Ward Committee, within the limits of their ward, as defined by the Commissioners at a meeting, may exercise all or any of such powers, and shall be liable to all the obligations imposed by this Act on Commissioners in respect of such powers.

All acts done, orders issued, and assessments made by Ward Committees, shall be subject to the control and revision of the Commissioners at a meeting, who may at any time withdraw all or any of such powers

*পল্লির কমিটীর প্রতি কমিশ্যনরদের ক্ষমতা প্রদান করিবার কথা ।*

৫৩ ধারা । কমিশ্যনরদের প্রতি এই আইনমতে যে২ ক্ষমতা দেওয়া গেল, তাঁহারা সভাগত হইয়া পল্লির কমিটীর প্রতি তন্মধ্য যে২ ক্ষমতা অপণ করা উচিত বোধ করেন অর্পণ করিতে পারিবেন, এবং কমিশ্যনরেরা সভাগত হইয়া তাঁহাদের পল্লির যে সীমা নির্ণয় করেন ঐ পল্লির কমিটী আপনাদের পল্লির ঐ সীমার মধ্যে উক্ত সকল কিম্বা তন্মধ্য কোন২ ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন, এবং এই আইনক্রমে সেই২ ক্ষমতা প্রযুক্ত কমিশ্যনরদের অবশ্য কর্ত্তব্য বলিয়া যে কর্ম্ম নির্দ্ধারিত হইল তাঁহাদের প্রতিও সেই সকল কর্ম্ম নিষ্পাদন করিবার দায় বর্ত্তিবে ।

পল্লির নানা কমিটী যে সকল কার্য্য করেন ও যে আজ্ঞা দেন ও যে টাক্স ধার্য্য করেন তাহা সভাগত কমিশ্যনরদের তত্ত্বাধীনে থাকিবে, ও তাঁহারা তাহা সংশোধন করিতে পারিবেন, এবং কোন সময়েই উক্ত সকল কি কোন২ ক্ষমতা রহিত করিতে পারিবেন ইতি ।

*Certain sections applicable to transaction of business by Ward Committees*

**54** The provisions of sections 41 to 47 (both inclusive) shall, as far as possible, be applicable to the transaction of business by Ward Committees, and the Commissioners shall sanction the establishments of Ward Committees in accordance with the provisions of section 48

*পল্লির কমিটীর নিষ্পাদনীয় কর্ম্মের প্রতি কোন২ ধারা বর্ত্তিবার কথা ।*

৫৪ ধারা । পল্লির কমিটীর দ্বারা যে কর্ম্ম নিষ্পাদন হয় তাহার প্রতি ৪১ অবধি ৪৭ পর্য্যন্ত সকল ধারার বিধান যত দূর খাটিতে পারে খাটিবে, এবং কমিশ্যনরেরা ৪৮ ধারার বিধানানুসারে পল্লির কমিটীর সিরিশতার অনুমতি দিবেন ইতি ।

*Removal, resignation, and appointment of members.*

**55** All questions regarding the removal, resignation, and appointment of members of Ward Committees shall be settled by the Commissioners at a meeting

*কমিটীর অন্তর্গত ব্যক্তিদিগকে অবসর করিবার ও তাহাদের পদত্যাগ করিবার ও নিযুক্ত হইবার কথা ।*

৫৫ ধারা । পল্লির কমিটীর অন্তর্গত ব্যক্তিদের অবসর কি কর্ম্ম ত্যাগ করণ কিম্বা নিযুক্ত করণ বিষয়ের কোন কথা উপস্থিত হইলে, কমিশ্যনরেরা সভাগত হইয়া তাহা নিষ্পত্তি করিবেন ইতি ।

*Inability of Commissioners and Ward Committees*

Personal liability of Commissioner or member of Ward Committee

**56** No Commissioner or member of a Ward Committee shall be personally liable for any contract made, or expense incurred, by or on behalf of the Commissioners

Every Commissioner or member of a Ward Committee shall be personally liable for any wilful misapplication of money entrusted to the Commissioners to which he shall knowingly have been a party, and he shall be liable to be sued for the same

Penalty on Commissioners and others interested in contracts

**57** No Commissioner or member of a Ward Committee shall be interested, directly or indirectly, in any contract made with the Commissioners, and if any Commissioner shall be so interested, he shall thereby become incapable of continuing in office as a Commissioner, and shall be liable to a fine not exceeding five hundred rupees

Provided that no person shall, by reason of being a shareholder in, or a member of, any incorporated or registered company, be deemed interested in any contract entered into between such company and the Commissioners

But no such shareholder or member shall act as a Commissioner or member of a Ward Committee in a matter relating to any contract entered into between such company and the Commissioners

Commissioners disqualified from voting on certain questions

**58** No Commissioner or member of a Ward Committee shall vote on any question which regards exclusively the assessment of himself, or the valuation of his property, or his liability to any tax

---

## PART III

### OF THE MUNICIPAL FUND AND ITS APPLICATION

What shall constitute the Municipal Fund.

**59** All sums received by the Commissioners, and all fines paid or levied in any Municipality under this Act, and all other sums which, under the sanction of Government, may be transferred to the Commissioners, shall constitute a fund which shall be called the Municipal Fund, and shall, together with all property of every nature or kind whatsoever, which may be-

কমিশ্যনরদের ও পল্লির কমিটীর দায়ের কথা।

কমিশ্যনরের কি পল্লির কমিটীর দায়ের কথা।

৫৬ ধারা। কমিশ্যনরদের দ্বারা কিম্বা তাঁহারদের পক্ষে যে চুক্তি করা যায় বা যে খরচ বর্ত্তে, কোন এক জন কমিশ্যনর কিম্বা পল্লির কমিটীর অন্তর্গত কোন ব্যক্তি স্বযং তাহার দায়ী হইবেন না।

কমিশ্যনরদের হস্তে যে টাকা ন্যস্ত থাকে, ইচ্ছা পূর্ব্বক তাহা অবিহিতরূপে ব্যয করা গেলে, যে কমিশ্যনর কিম্বা পল্লির কমিটীর অন্তর্গত যে ব্যক্তি জানিয়া শুনিয়া ঐ কার্য্যের অংশী হন তিনি স্বযং দায়ী হইবেন, ও তজ্জন্যে তাঁহার নামে নালিশ হইতে পারিবে ইতি।

চুক্তিতে কমিশ্যনরদের ও অন্য ব্যক্তিদের স্বার্থ থাকিলে দণ্ডের কথা।

৫৭ ধারা। কমিশ্যনরদের সঙ্গে যে চুক্তি করা যায তাহাতে কোন কমিশ্যনরের কিম্বা পল্লির কমিটীর অন্তর্গত কোন ব্যক্তির স্পষ্টরূপে কি চক্রান্তে কোন স্বার্থ থাকিবে না। কোন কমিশ্যনরের তদ্রূপ স্বার্থ থাকিলে তিনি তৎপ্রযুক্ত স্বীয কমিশ্যনরের পদে কি কর্ম্মে থাকিতে পাইবেন না, ও তাঁহার পাঁচশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

কিন্তু কমিশ্যনরেরা সমাবাযিত কিম্বা রেজিস্টরী করা কোন কোম্পানির সহিত চুক্তি করিলে, সেই কোম্পানির অংশী বা তদন্তর্গত ব্যক্তি হওযাপ্রযুক্ত কোন ব্যক্তিকে সেই চুক্তিতে স্বার্থযুক্ত বলিযা জ্ঞান করিতে হইবে না,

তথাপি সেই কোম্পানির সহিত উক্ত কমিশ্যনরদের যে চুক্তি থাকে, ঐ অংশী কিম্বা ঐ কোম্পানির অন্তর্গত ব্যক্তি কমিশ্যনরস্বরূপ কিম্বা পল্লির কমিটীর অন্তর্গত ব্যক্তিস্বরূপ সেই চুক্তি সংক্রান্ত কোন ব্যাপারে কার্য্য করিতে পারিবেন না ইতি।

কমিশ্যনর প্রভৃতি যেং বিষয়ে মত জানাইতে অক্ষম তাহার কথা।

৫৮ ধারা। কোন কমিশ্যনরের কিম্বা পল্লির কমিটীর অন্তর্গত কোন ব্যক্তির নিজের কত টাকা টাক্স ধার্য্য করিতে হইবে, এই কথা, কি তাঁহার সম্পত্তির মূল্যের কথা, কি তিনি কোন টাক্সের দায়ী হন কি না এই কথা উপস্থিত হইলে, তিনি সেই বিষযে আপনার অভিমত জানাইবেন না ইতি।

---

## তৃতীয় অধ্যায়।

### মুনিসিপল ফণ্ডের ও তৎপ্রয়োগের কথা।

যাহা২ লইয়া মুনিসিপল ফণ্ড হইবে তাহার কথা।

৫৯ ধারা। এই আইনমত কোন মুনিসিপালিটীতে কমিশ্যনরেরা যে সকল টাকা পান, এবং অর্থদণ্ডের যে টাকা দেওযা যায কি আদায় হয়, এবং গবর্ণমেণ্টের অনুমতিক্রমে আর যে সকল টাকা কমিশ্যনরদের হস্তে অর্পণ কর যায, সেই সকল টাকা লইযা একটি ফণ্ড করা যাইবে। তাহার মুনিসিপল ফণ্ড নাম থাকিবে। সেই টাকা, ও অন্য যে প্রকারের যত সম্পত্তি উক্ত কমিশ্যনরদের প্রতি বর্ত্তে,

come vested in the Commissioners, be under their control, and shall be held by them in trust for the purposes of this Act

The Municipal Fund shall be deemed to be the fund applicable to police purposes mentioned in sections 11 and 48 of Bengal Act No II of 1866 (*to provide for the better regulation of the Police within the Suburbs of the Town of Calcutta*)

**60** The Commissioners shall set apart and apply annually out of the Municipal Fund—

Payment on account of police interest on loans, and establishment

*first*, such sum as they are by this Act required to provide for the maintenance of the municipal police force,

*secondly*, such sum as may be required for the payment of the interest which may fall due on any loan contracted by the Commissioners,

*thirdly*, such sum as they are by this Act required to provide for payment of their own establishment and the expenses of their office, and for payment of the municipal establishments entertained in the offices of the Magistrate and of the Commissioner of the division under section 74.

**61** After the said sums have been set apart under the last preceding section, the Commissioners at a meeting shall as far as the Municipal Fund permits, from time to time cause roads, bridges, embankments, tanks, ghâts wharves, jetties, wells, channels, drains, privies, latrines, and urinals, being the property of the Commissioners, to be maintained and repaired, and the Municipality to be cleansed,

Purposes to which fund may be applied

and may, subject to such rules and restrictions as the Lieutenant-Governor may from time to time prescribe, apply the Municipal Fund to any of the following purposes within the Municipality, that is to say—

(1) the construction and improvement of roads, bridges, embankments, squares, gardens tanks, ghâts, wharves, jetties, wells, channels, drains, privies, latrines, and urinals,

(2) the supply of water, and the lighting and watering of roads,

(3) the erection and maintenance of offices, police stations, and other buildings required for municipal purposes,

(4) other works of public utility calculated to promote the health, comfort, or convenience of the inhabitants

তাহা তাঁহাদের কর্তৃত্বাধীনে থাকিবে, ও তাঁহারা এই আইনের কার্য্যপক্ষে ঐ সকল দ্রব্যাদি ন্যস্তস্বরূপ রাখিবেন।

১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইনের (অর্থাৎ কলিকাতার শাখানগরের পোলীসের সুবিধান করণার্থ আইনের) ১১ ও ৪৮ ধারায় পোলীসের কার্য্যে খাটিবে বলিয়া যে ফণ্ডের উল্লেখ হইয়াছে, মুনিসিপল ফণ্ড তাহাই জ্ঞান করিতে হইবে ইতি।

৬০ ধারা। প্রথম, মুনিসিপল পোলীস দলের ব্যয় পোষণার্থ এই আইনমতে কমিশ্যনরদের যত টাকা দিতে হইবে,

পোলীস ও ঋণের সুদ ও আমলাগণের বেতনাদির কথা।

দ্বিতীয়, কমিশ্যনরেরা কোন ঋণ গ্রহণ করিলে তাহার সুদ দিবার জন্যে যত টাকা প্রয়োজন হয়,

এবং তৃতীয়, এই আইনমতে আপনারদের আমলাগণের বেতনাদির ও কার্য্যালয়ের খরচের যত টাকার ও ৭৪ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের ও দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের আফিসে মুনিসিপল যে কর্ম্মকারকদিগকে রাখা যায় তাহারদের বেতনাদি বলিয়া যত টাকার বিধান করিবার আদেশ থাকে,

কমিশ্যনরেরা বৎসর২ মুনিসিপল ফণ্ডহইতে তত টাকা পৃথক রাখিয়া, সেই২ কর্ম্মে প্রয়োগ করিবেন ইতি।

৬১ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে পুর্ব্বোক্ত টাকা পৃথক করিয়া রাখা গেলে পর, কমিশ্যনরেরা মুনিসিপল ফণ্ডহইতে যত দূর পাবেন তত দূর সময়ে২ মুনিসিপালিটীর অন্তর্গত কমিশ্যনরদের সম্পত্তিস্বরূপ পথ ও সাঁকো ও বাঁধ ও পুষ্করিণী ও ঘাট ও মাল তুলিবার ঘাট ও জেটি ও ইঁদারা ও জলনালা ও নরদমা ও পাইখানা ও মূত্রালয় ও মূত্রপাত্র রক্ষা করিয়া ও সারাইয়া রাখিবেন ও মুনিসিপালিটী পরিষ্কার করিয়া রাখিবেন,

ফণ্ডের টাকা যেই২ কর্ম্মে খরচ হইবে তাহার কথা।

ও মুনিসিপালিটীর অন্তর্গত স্থানে নিম্নলিখিত কোন কার্য্যে ঐ মুনিসিপল ফণ্ড প্রয়োগ করিতে পারিবেন। কিন্তু শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়ে২ যে বিধি ও নিষেধ সূচক যে আজ্ঞা করেন তাহা মানিতে হইবে। বিশেষতঃ

(১)—পথ ও সাঁকো ও বাঁধ ও চত্বর ও বাগান ও পুষ্করিণী ও ঘাট ও মাল তুলিবার ঘাট ও জেটী ও ইঁদারা ও জলনালা ও নর্দ্দমা ও পাইখানা ও মূত্রালয় ও মূত্রপাত্র প্রস্তুত ও উৎকৃষ্ট করণ কার্য্যে।

(২)—জলসম্পোষ্য ও পথে আলো ও জলদেওন কার্য্যে।

(৩ —মুনিসিপল কার্য্যের নিমিত্ত যে কার্য্যালয়ের ও থানার ও অন্য ঘরের প্রয়োজন থাকে তাহা নির্ম্মাণ ও রক্ষা করণ কার্য্যে।

(৪)—সাধারণের উপকারার্থ অন্য যে কার্য্যদ্বারা নগরবাসিদের স্বাস্থ্য ও সুখ ও স্বচ্ছন্দতা বর্দ্ধন হয় সেই কার্য্যে।

provided that for every thousand inhabitants of any Municipality not more than two hundred rupees a year shall be expended on such other works of public utility, unless the Lieutenant-Governor shall, at the request of the Commissioners at a meeting, extend such limit for a special object ;

(5) the construction and repair of school-houses, and the establishment and maintenance of schools either wholly or by means of grants in-aid ;

(6) the establishment and maintenance of hospitals and dispensaries ;

(7) the promotion of vaccination ;

(8) and generally to carrying out the purposes of this Act.

Provided that no portion of the Municipal Fund shall be applied to the establishment and maintenance of any school, hospital, or dispensary, or to the promotion of vaccination, unless such application be sanctioned by the consent of a majority of the Commissioners present at a meeting specially convened for considering such application, or held after special notice has been given that such application will be considered at such meeting

The Commissioners may do all things, not being inconsistent with this Act, which may be necessary to carry out the purposes of this section

Contribution to other Municipalities

**62.** With the consent of two-thirds of the Commissioners obtained in writing, and with the sanction of the Lieutenant-Governor, the Commissioners may contribute a portion of the Municipal Fund towards the expenses incurred in any other Municipality, or elsewhere, for any of the purposes mentioned in the last preceding section, and also towards the expenses of making, maintaining, and repairing any work for the improvement of a river or harbour (by whomsoever such work may be done)

but no contribution shall be made under this section to any work unless the same is calculated to benefit the inhabitants of the contributing Municipality

Account books to be kept open and quarterly statement published

**63.** The account books of the Municipality shall be open to the inspection of any tax-payer at the office of the Commissioners on a day to be fixed in each month

An account showing the receipts and expenditure during the quarter, arranged under the proper heads and duly balanced, shall be prepared

কিন্তু কোন মুনিসিপালিটীর মধ্যবাসি একং সহস্র লোক ধরিষা সাধারণের উপকারার্থ উক্ত অন্য কার্য্যে বৎসর ২০০৲ টাকার অধিক খরচ করিতে হইবে না। পরন্তু কমিশ্যনরেরা সভাগত হইয়া প্রার্থনা করিলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব বিশেষ কার্য্যের নিমিত্ত অধিক টাকা খরচ কবিবাব অনুমতি দিলে খরচ করা যাইতে পারিবে।

(৫)—পাঠশালা নির্ম্মাণ ও মেরামত করণে ও পাঠশালা স্থাপন, ও তাহাব সম্পূর্ণ ব্যয়াদি দেওনে কিম্বা রাজকীয় সাহায্য গ্রহণপূর্ব্বক তাহার ব্যয়াদি দেওনে।

(৬)—হাস্পাতাল ও ঔষধালয় স্থাপনে ও তাহার ব্যয়-পোষণে,

(৭)—টীকাদানেব প্রবৃত্তি দেওনে,

(৮)—ও অন্যং বিষয়ে এই আইনেব অভিপ্রায় সফল করা কার্য্যে।

কিন্তু বিদ্যালযাদিব সংস্থাপনে মুনিসিপল ফণ্ডের কোন অংশ প্রযোগ করা কর্ত্তব্য কি না, এই বিষয়ের প্রার্থনা বিবেচনা করিবার জন্যে যে বিশেষ সভা হয়, কিম্বা সেই সভায় ঐ প্রার্থনা বিবেচনা করা যাইবে এই মর্ম্মেব বিশেষ নোটিস দিযা যে সভা হয সেই সভাগত কমিশ্যনবদেব অধিকাংশ ব্যক্তি সম্মত না হইলে, বিদ্যালয কি হাস্পাতাল কি ঔষধালয স্থাপনার্থে কিম্বা তাহাব ব্যযপোষণার্থে কিম্বা টীকা দেওনকার্য্যেব উৎসাহ দেওনার্থে মুনিসিপল ফণ্ডের কোন অংশ প্রযোগ হইবে না।

এই ধারাব উদ্দেশ্য সফল করণার্থ যে কোন কার্য্য করা আবশ্যক কমিশ্যনরেরা এই আইনেব অসঙ্গত নয এমত সকল কার্য্য করিতে পারিবেন ইতি।

অন্যং মুনিসিপালিটীতে টাকা দিবার কথা।

৬২ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে কিম্বা অন্য স্থানে ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট অন্যতর কার্য্যে, এবং নদী কি বন্দর উৎকৃষ্ট করিবাব জন্যে যে কোন ব্যক্তি দ্বারা যে বিষয প্রস্তুত ও রক্ষা ও মেরামৎ করা যায, তাহা করণার্থে যে টাকা ব্যয় হয, অন্য মুনিসিপালিটীর কমিশ্যনবদেব তিন অংশেব দুই অংশ ব্যক্তি লিখিযা সম্মতি জানাইলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতিক্রমে প্রথমোক্ত মুনিসিপালিটীর ঐ ব্যয শোধ করণার্থে আপনাদেব মুনিসিপল ফণ্ডহইতে টাকা দিতে পারিবেন।

কিন্তু যে মুনিসিপালিটী ঐ টাকা দেন, ঐ কার্য্যদ্বারা সেই মুনিসিপালিটী নিবাসি লোকদের উপকার হইবার সম্ভাবনা না থাকিলে, এই ধারামতে তাঁহাদেব পূর্ব্বোক্ত টাকা দিতে হইবে না ইতি।

খাতাবহী রাখিবার ও তিনং মাসে বর্ণনাপত্র প্রকাশ করিবার কথা।

৬৩ ধারা। যে কোন ব্যক্তি টাক্স দিয়া থাকেন, তিনি প্রতি মাসেব কোন নির্দ্দিষ্ট দিনে কমিশ্যনরদের কার্য্যালযে মুনিসিপালিটীর খাতাবহী দেখিতে পারিবেন।

তিনং মাসের অবসান হইলে পরই, সেই তিন মাসের জমা ও খরচ উপযুক্ত দফাং মতে লিখিত হইয়া নিয়মানুসারে বাকী কাটিযা প্রস্তুত করা

immediately after the close of each quarter, and shall, with the account books, be open to the inspection of any tax-payer, and a copy of such account shall be forwarded to the Magistrate of the district

যাইবে। যে ব্যক্তি টাক্স দিয়া থাকেন তিনি খাতা-বহীর সহিত ঐ জমাখরচের ফর্দ্দও দেখিতে পাইবেন। এবং ঐ হিসাব পত্রের প্রতিলিপি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠান যাইবে।

A similar account shall be prepared for each year as soon as possible after its close, and shall be open to inspection as aforesaid and a copy thereof shall be forwarded to the Magistrate of the district for submission to the Commissioner of the division

প্রতি বৎসরের পরেই যত শীঘ্র হইতে পারে সেই বৎসরেরও তদ্রূপ হিসাব প্রস্তুত করিতে হইবে তাহাও পূর্ব্বোক্তমতে দেখিবার জন্যে খোলা থাকিবে ও দেশখণ্ডের কমিশ্যনর সাহেবকে দেখাইবার জন্যে জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট তাহার প্রতিলিপি পাঠান যাইবে ইতি।

Annual estimates of expenditure to be prepared

64 The Commissioners, at a meeting held at least three months before the close of the year, shall prepare in detail estimates showing the probable receipts and expenditure during the ensuing year, and the objects in respect of which it is proposed to incur such expenditure

খরচের অনুমানপত্র বৎসরং প্রস্তুত করিবার কথা।

৬৪ ধারা। কোন বৎসরে যত টাকা জমা ও খরচ হইবার সম্ভাবনা, ও যেং কার্য্যে ঐ টাকা খরচ করিবার কল্পনা থাকে, কমিশ্যনরেরা তৎপূর্ব্ব বৎসরের অবসান হইবার তিন মাস থাকিতে অধিবিষ্ট হইয়া ইহার বিস্তারিত অনুমানপত্র প্রস্তুত করিবেন ইতি।

Estimates to be published

65 Copies of the estimates and translations thereof in the vernacular of the district shall be lodged in the office of the Magistrate and in the municipal office or offices

অনুমানপত্র প্রকাশ করিবার কথা।

৬৫ ধারা। অনুমানপত্রের ঐ প্রতিলিপি এবং জিলার দেশীয় ভাষায় ঐ পত্রের অনুবাদ জিলার মাজিষ্ট্রেট সাহেবের কাছারীতে ও সেই মুনিসিপালিটীর আফিসে রাখিতে হইবে।

During fourteen days after the estimates shall have been so lodged in the said offices, of which due notice shall be locally published, the estimates and translations in the vernacular of the district shall be open to inspection at all reasonable times by any tax-payer of such Municipality who may desire to inspect the same

ও সেই প্রতিলিপি যে তথায় রাখা গেল, স্থানবিশেষে তাহার উপযুক্ত নোটিস প্রকাশ করা যাইবে। উক্ত প্রকারে রাখা গেলে পর ঐ মুনিসিপালিটীর টাক্সদায়ি কোন ব্যক্তি তাহা দেখিতে চাহিলে, চৌদ্দ দিন পর্য্যন্ত উপযুক্ত সকল সময়ে ঐ অনুমানপত্র, ও জিলার চলিত ভাষায় ঐ পত্রের অনুবাদ, দেখিতে পারিবেন।

Any written suggestion which may be deposited in the office of the Commissioners shall be recorded and laid before them for consideration at the next meeting

কমিশ্যনরদের আফিসে কোন ব্যক্তি কোন বিষয়ের প্রস্তাব লিখিয়া রাখিলে তাহা লিপিবদ্ধ করা যাইবে, ও তৎপরে তাঁহাদের অধিবেশন হইলে সেই প্রস্তাব তাঁহাদের বিবেচনার্থে উপস্থিত করা যাইবে ইতি।

Estimate to be transmitted to Magistrate of district and Commissioner of division

66 After the expiration of the said fourteen days, and after such revision as may appear requisite, the Chairman shall transmit the estimates to the Magistrate of the district with any remarks or objections thereupon which may have been recorded by himself or by the Commissioners at a meeting,

জিলার মাজিষ্ট্রেট সাহেবের ও দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট অনুমানপত্র পাঠাইবার কথা।

৬৬ ধারা। উক্ত চৌদ্দ দিন গত হইলে পর, ও তাহার যদ্রূপে সংশোধন করা প্রয়োজন বোধ হয় তাহা করিলে পর, সভাপতি কিম্বা সভাগত কমিশ্যনরেরা ঐ অনুমানপত্র বিষয়ে কোন মন্তব্য কথা বা কোন আপত্তি লিখিলে, সভাপতি তাহা সমেত ঐ অনুমানপত্র জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবেন।

and the Magistrate of the district shall forward them to the Commissioner of the division together with such remarks or objections, and his own opinion thereon

জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ অনুমানপত্র বিষয়ে উক্ত মন্তব্য কথা ও আপত্তি ও তদ্বিষয়ে আপনার অভিমত সহিত ঐ অনুমানপত্র দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইবেন ইতি।

Power of Commissioner of division and Lieutenant Governor as to estimates

67 The Commissioner of the division may either sanction the estimate or may submit it for the consideration of the Lieutenant-Governor The Lieutenant-Governor may either sanction the estimate as it stands, or sanction it after making such alterations therein as

অনুমানপত্র বিষয়ে কমিশ্যনরদের ও লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ক্ষমতার কথা।

৬৭ ধারা। দেশখণ্ডের কমিশ্যনর সাহেব ঐ অনুমানপত্র অনুমোদন করিতে, কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের বিবেচনার জন্যে অর্পণ করিতে পারিবেন। ঐ অনুমানপত্র যেমন থাকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তেমনি তাহা অনুমোদন

may seem to him fit, or may cause it to be returned to the Commissioners for such modifications as he may think necessary, and when such modifications have been made, the estimate shall be re-submitted to the Commissioner of the division and passed by him

কবিতে পারিবেন, কিম্বা তন্মধ্যে যাহা পরিবর্ত্তন করা উচিত বোধ করেন তাহা করিয়া অনুমোদন কবিতে পাবিবেন, কিম্বা তাহাব যেরূপে মতান্তব করা উচিত বোধ হয় তাহা করিবাব জন্যে কমিশ্যনবদের নিকট ফিবিযা পাঠাইতে পাবিবেন। তদ্রূপে মতান্তর করা গেলে পব ঐ অনুমানপত্র দেশখণ্ডেব কমিশ্যনব সাহেবেব নিকট পুনশ্চ পাঠান যাইবে ও তিনি তাহা গ্রাহ্য কবিবেন ইতি।

68 The Commissioners at a meeting may from time to time revise any estimate of expenditure with the view of providing for any modifications which they may deem it advisable to make in the appropriation of the amount at their disposal, and such revised estimate shall be published, and forwarded for sanction to the Commissioner of the division through the Magistrate of the district in the manner prescribed by section 66, and the Commissioner of the division and the Lieutenant-Governor may deal with such revised estimate in the manner provided by the last preceding section

Estimate of expenditure may be revised

৬৮ ধারা। কমিশ্যনবদেব ব্যযার্থে যে টাকা নিরূপণ থাকে তাহা প্রযোগ কবিবাব নিযম কোন প্রকাবে মতান্তব করা বিহিত বোধ হইলে, তাহাব বিধান কবিবাব জন্যে তাঁহাব সভাগত হইযা সমযে২ সেই খবচেব অনুমানপত্র সংশোধন কবিতে পারিবেন, ও সেই সংশোধিত অনুমানপত্র প্রকাশ করা যাইবে, এবং ৬৬ ধাবাব বিধানমতে জিলাব মাজিষ্ট্রেট সাহেবেব দ্বাবা দেশখণ্ডের কমিশ্যনব সাহেবেব অনুমোদনার্থে পাঠান যাইবে এবং দেশখণ্ডেব কমিশ্যনব সাহেব ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নব সাহেব ইহাব পূর্ব্ব ধাবাব বিধানমতে সেই সংশোধিত অনুমানপত্র লইযা কার্য্য করিতে পাবিবেন ইতি।

খরচের অনুমানপত্র সংশোধন করিবার কথা।

69 After the estimates of the Municipality for the year shall have been sanctioned by the Commissioner of the division, the Commissioners at a meeting may, from time to time, by a general or a special resolution, authorize the expenditure of any sum provided in such estimates, or any part of such sum, for the purpose to which it has been assigned in such estimate

Disbursement of expenditure sanctioned in estimate

৬৯ ধাবা। দেশখণ্ডেব কমিশ্যনব সাহেব মুনিসিপালিটীব ঐ বৎসরেব অনুমানপত্র অনুমোদন কবিলে পব, কমিশ্যনবেরা সভাগত হইযা সমযে২ সাধাবণ কি বিশেষ নির্দ্ধারণ কবিযা ঐ অনুমানপত্রে যে কার্য্যেব নিমিত্ত যত টাকা নিরূপিত হইল সেই কার্য্যে তত টাকা কি তাহার কোন অংশ ব্যয কবিবাব অনুমতি দিতে পারিবেন।

অনুমানপত্রে যে টাকা খরচ করিবাব অনুমতি হয় তাহা খরচ করিবার কথা।

Notwithstanding anything contained in this section, the Lieutenant Governor may lay down such rules as he may think fit limiting or regulating the powers of any Municipality in respect to the expenditure of money for purposes which are provided for in the budget estimates of the year

বৎসবেব বজেট ইষ্টিমেটে (অর্থাৎ আযব্যযের অনুমানপত্রে) যে কার্য্যেব নিমিত্ত যত টাকা নিরূপণ হইল এই ধাবায ভাবান্তরের কথা থাকিলেও শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নব সাহেব সেই কার্য্যে কোন মুনিসিপালিটীর ঐ টাকা ব্যয কবিবাব ক্ষমতা সঙ্কোচ কবিবাব কি তাহার বিধান করিবাব যে বিধি বিহিত বোধ করেন করিতে পাবিবেন ইতি।

70 If any work is estimated to cost above three thousand rupees, the Lieutenant-Governor may require the plans and estimates of such work to be submitted for his approval, or for the approval of any officer of Government, before such work is commenced,

Power of Lieutenant Governor if work estimated to cost more than Rs 3,000

৭০ ধাবা। কোন কার্য্যে তিন সহস্র টাকাব অধিক লাগিবাব সম্ভাবনা হইলে, ঐ কার্য্য আবম্ভ কবিবাব পূর্ব্বে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নব সাহেব আপনার গবর্ণমেন্টেব কোন কার্য্যকারকের অনুমোদনের নিমিত্ত সেই কার্য্যেব পাণ্ডুলিপি ও ব্যযেব অনুমানপত্র অর্পণ করিবাব আজ্ঞা দিতে পাবিবেন।

কোন কার্য্যে ৩০০০ টাকার অধিক লাগিবার সম্ভাবনা হইলে, লেপ্টেনেন্ট গবরনর সাহেবের ক্ষমতার কথা।

and may require statements of the progress and completion of such work, with accounts of the expenditure on the same, to be submitted from time to time, in such form as he may prescribe, for his approval, or for the approval of such officer of Government.

এবং তিনি যে২ পাঠ নির্দ্ধার্য্য করেন, ঐ কার্য্য ক্রমশ চলনের ও তাহার সমাপ্ত হওয়ার বর্ণনা ও তাহাতে যত টাকা ব্যয হয তাহার হিসাব সেই পাঠে লিখিযা আপনার কিম্বা গবর্ণমেন্টের ঐ কার্য্যকারকের অনুমোদনার্থে সমযে২ পাঠাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[*Government Gazette*, *9th May* 1876 ]

71 It shall not be lawful for the Commissioners to authorize the expenditure on any object during the year of a sum in excess of that which has been sanctioned in the estimate of the year, or in a revised estimate, for such object, but if it be found necessary in the course of the year, the Commissioners may recommend to the Commissioner of the division that the allotments which have been made to the different heads of the estimate shall be modified by transfer of any amount from one head to another, and the Commissioner of the division may sanction such transfers of allotment

Disbursement of excess expenditure

৭১ ধারা। কোন বৎসরের অনুমানপত্রে কিম্বা সংশোধিত অনুমানপত্রে যে কার্য্যের নিমিত্ত যত টাকা খরচ করিবার অনুমতি হইল, কমিশ্যনরেরা সেই বৎসরে সেই কার্য্যে তাহার অধিক টাকা ব্যয় করিবার অনুমতি দিতে পারিবেন না। কিন্তু বৎসরের মধ্যে তদ্রূপই করা আবশ্যক জানা গেলে, অনুমানপত্রের অন্তর্গত যে২ দফায় যত করিয়া টাকা লেখা গেল কমিশ্যনরেরা দেশখণ্ডের কমিশ্যনর সাহেবকে এক২ দফাহইতে সেই দফার নিরূপিত টাকা উঠাইয়া অন্য দফায় দিয়া ঐ অনুমানপত্র মতান্তর করিবার পরামর্শ দিতে পারিবেন। ও দেশখণ্ডের কমিশ্যনর সাহেব সেই নিরূপিত টাকা তদ্রূপে পরিবর্ত্তন করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

অধিক টাকা খরচ হইলে তাহা বণ্টন করিবার কথা।

72 The Commissioners shall, at such time and in such form as the Lieutenant-Governor shall direct, furnish annually a report of their proceedings and statements of the works executed by them, and of all sums received and expended by them

An annual report of proceedings, &c, to be submitted

৭২ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কমিশ্যনরদের আনুষ্ঠানিক কার্য্যের রিপোর্ট, ও তাঁহারদের দ্বারা যে সকল কার্য্য সম্পাদন হইয়াছে, ও তাঁহাদের যত টাকা আয় ও ব্যয় হইয়াছে, তাহার বর্ণনাপত্র যে সময়ে যে পাঠে লিখিয়া দিতে আদেশ করেন, কমিশ্যনরেরা সেই সময়ে সেই পাঠে তাহা লিখিয়া অর্পণ করিবেন।

আনুষ্ঠানিক কার্য্যাদির বার্ষিক রিপোর্ট অর্পণ করিবার কথা।

The report and any orders which may be passed thereon by Government shall be open to the inspection of the tax-payers at the office of the Commissioners, with the account books and the quarterly and annual accounts, and the Lieutenant-Governor may cause any such report to be published in the *Calcutta Gazette*

ঐ রিপোর্ট ও তদ্বিষয়ে গবর্ণমেণ্ট যে কোন আজ্ঞা করেন তাহা হিসাবখাতার ও ত্রৈমাসিক ও বার্ষিক হিসাবের সহিত কমিশ্যনরদের কার্য্যালয়ে ট্যাক্সদাতাদের দৃষ্টির জন্যে খোলা থাকিবে, ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তদ্রূপ কোন রিপোর্ট কলিকাতা গেজেটে প্রকাশ করাইতে পারিবেন ইতি।

73 The municipal accounts shall be audited each year by such person and in such manner as the Lieutenant-Governor shall direct, and the expense of such audit shall be paid from the Municipal Fund

Audit of accounts

৭৩ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ সকল মুনিসিপল হিসাব যেরূপে আডিট করিবার জন্যে যে ব্যক্তিকে নিযুক্ত করেন, তিনি বৎসর২ সেইরূপে ঐ হিসাব আডিট করিবেন। তদ্রূপ আডিট করিবার খরচ মুনিসিপল ফণ্ডহইতে দেওয়া যাইবে ইতি।

হিসাব আডিট করিবার কথা।

74 The Lieutenant-Governor may direct that the cost of maintaining clerks or other establishments in the offices of the Magistrate of the district and of the Commissioner of the division, for the audit of accounts and the requisite correspondence connected with the purposes of this Act, shall be paid in rateable proportion from the funds of the several municipalities which may be constituted under this Act in such district or division

Expense of clerks in office of Magistrate and Commissioner

৭৪ ধারা। কোন জিলায় কিম্বা দেশখণ্ডে এই আইনমতে যত মুনিসিপালিটী সংস্থাপিত হয়, জিলার মাজিষ্ট্রেট সাহেবের ও দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের আফিসে হিসাব আডিট করিবার, ও এই আইনের কার্য্যসম্পর্কীয় যে পত্রাদি লেখা প্রয়োজন হয় তাহা লিখিবার কেরাণীদের কি অন্য আমলাগণের খরচ, সেই২ মুনিসিপালিটির ফণ্ডহইতে অংশাংশমতে দেওয়া যায়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এমত আজ্ঞা করিতে পারিবেন।

মাজিষ্ট্রেট ও কমিশ্যনর সাহেবের আফিসের কেরাণীদের বেতনাদির কথা।

And the Commissioners of every municipality shall pay to the Magistrate of the district the sum which they may be required to pay for the purposes of this section and the last preceding section

এই ধারার ও ইহার পূর্ব্ব ধারার কার্য্যের নিমিত্তে মুনিসিপালিটির কমিশ্যনরদের প্রতি যত টাকা দিবার আজ্ঞা হয়, তাঁহারা জিলার মাজিষ্ট্রেট সাহেবকে তত টাকা দিবেন ইতি।

75 All sums received on account of the Municipal Fund shall be paid into a Government treasury, or into any bank or branch bank used as a Government treasury in or near to the municipality, and shall be credited to an account to be called the account of the municipality to which they belong

Custody of the Municipal Fund

Provided that the Commissioners may invest any moneys not required for immediate use either in the Government Savings Bank or in Government securities, or in any other form of security which may be approved of by the Lieutenant-Governor

76 Unless the Lieutenant Governor shall expressly extend (as he is hereby empowered to do on the recommendation of the Commissioners) the limit of the powers of the Chairman or Vice-Chairman in this behalf, all orders for the payment of money from the Municipal Fund, if for a sum not above five hundred rupees in a first class municipality, and not above two hundred rupees in a second class municipality, shall be signed by the Chairman or Vice Chairman, and all orders for larger sums by both of the said officers, or by one of the said officers and another Commissioner.

Orders for payment of money

No such orders shall be issued otherwise than for the payment of money of which the expenditure has been authorized by the Commissioners at meeting, as provided in section 69

---

## PART IV.

### Of Municipal Taxation

*Of the power to impose Taxes and Tolls*

77 The Commissioners may, from time to time, at a meeting convened expressly for the purpose, of which due notice shall have been given, and with the sanction of the Lieutenant-Governor, impose within the limits of the municipality one or other, but not both, of the following taxes —

Alternative tax upon persons or holdings

(*a*) a tax upon persons occupying holdings within the municipality, according to their circumstances and property within the municipality

৭৫ ধারা। মুনিসিপল ফণ্ডের নিমিত্ত যে সকল টাকা পাওয়া যায় তাহা গবর্ণমেণ্টের খাজানাখানায়, কিম্বা মুনিসিপালিটির মধ্য বা নিকটস্থ কোন ব্যাঙ্কে কি শাখা ব্যাঙ্কে গচ্ছিত করা যাইবে। ঐ টাকা যে মুনিসিপালিটীর টাকা হয়, সেই মুনিসিপালিটীর খাতা বলিয়া এক খাতায় তাহা জমা করিয়া লওয়া যাইবে।

মুনিসিপল ফণ্ড রাখিবার কথা।

কিন্তু তন্মধ্যে কোন টাকা তৎকালে ব্যয় করিবার প্রয়োজন না থাকিলে, কমিশ্যনরেরা গবর্ণমেণ্টের সেবিং ব্যাঙ্কে ঐ টাকা রাখিতে পারিবেন কিম্বা সেই টাকাতে গবর্ণমেণ্টের সিকুরিটী ক্রয় করিতে পারিবেন, কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অন্য যে প্রকারে অনুমোদন করেন সেই প্রকারে ঐ টাকা গচ্ছিত করিয়া রাখিবেন ইতি।

৭৬ ধারা। এই বিষয়ে সভাপতির কি প্রতিনিধি সভাপতির ক্ষমতার যে সীমা আছে, এতৎক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি কমিশ্যনরদের পরামর্শানুসারে তাহা বৃদ্ধি করিবার ক্ষমতা দেওয়া গেল। তিনি সেই ক্ষমতার সীমা স্পষ্টরূপে বৃদ্ধি করিয়া না দিলে মুনিসিপল ফণ্ড হইতে টাকা দিবার আজ্ঞা হইলে যদি প্রথম শ্রেণীর মুনিসিপালিটীতে পাঁচ শত টাকার অনধিক ও দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটীতে দুই শত টাকার অনধিক দিবার আজ্ঞা থাকে, তবে সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি সেই আজ্ঞাপত্রে স্বাক্ষর করিবেন। তাহার অধিক টাকার আজ্ঞা হইলে উক্ত দুই জন কার্য্যকারক কিম্বা তাঁহাদের এক জন ও অন্য কমিশ্যনর তাহাতে স্বাক্ষর করিবেন।

টাকা দিবার আর্ডরের কথা।

কমিশ্যনরেরা ৬৯ ধারার বিধানমতে সভাগত হইয়া যে টাকা ব্যয় করিবার অনুমতি দেন, তাহাছাড়া অন্য টাকা খরচ করিবার তদ্রূপ আজ্ঞা দেওয়া যাইবে না ইতি।

---

## চতুর্থ পরিচ্ছেদ।

### মুনিসিপল টাক্স ধার্য্য করণের কথা।

*টাক্স ও মাসুল ধার্য্য করিবার ক্ষমতার কথা।*

৭৭ ধারা। কমিশ্যনরেরা সভা হইবার উপযুক্ত নোটিস দিয়া ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতিক্রমে সময়ে২ এই কার্য্যের নিমিত্তে সভা করিয়া ঐ মুনিসিপালিটীর সীমার মধ্যে, নিম্নলিখিত একি প্রকারের টাক্স বসাইতে পারিবেন, দুই প্রকারের নয়।

ব্যক্তিদের কিম্বা যোতের উপর টাক্সের কথা।

(ক). মুনিসিপালিটীর মধ্যে যে ব্যক্তিদের যোত থাকে, তাহাদের সঙ্গতি অনুসারে ও মুনিসিপালিটীর মধ্যে তাহাদের যে সম্পত্তি থাকে তদনুসারে সেই ব্যক্তিদের উপর টাক্স।

provided that the total sum to be raised by such tax in any year shall not exceed the sum which would be produced by an average rate of two rupees and four annas per annum for each holding, and that the amount assessed in respect of the occupation of any one holding shall not be more than eighty-four rupees per annum, or

(*b*) a rate on the annual value of all holdings situated within the municipality

provided that such rate shall not exceed seven and a half per centum on the annual value of such holdings, except within the Municipality of Dacca, in which it shall not exceed ten per centum on such annual value, and provided also that no rate shall be imposed on any holding of which the annual value is less than six rupees

Additional taxes

78 The Commissioners may, from time to time, at a meeting convened as aforesaid, and with the sanction of the Lieutenant-Governor, order that the following tax, fee, and tolls, or any of them, be levied within the limits of the municipality in addition to either of the taxes mentioned in the last preceding section —

(*a*) a tax on carriages, horses, and other animals named in the third schedule

(*b*) a fee on the registration of carts

(*c*) tolls on ferries and (subject to the provisions of sections 149 and 150) tolls upon bridges and metalled roads

*Of the Tax on Persons*

Assessment list to be prepared

79 When it has been determined that a tax shall be imposed on persons occupying holdings within the municipality, according to their circumstances and property, the Commissioners, after making such enquiries as may be necessary, shall cause to be prepared an assessment list, which shall contain the following particulars, and any others which the Commissioners may think proper to include —

(*a*) name of the street or road in which the holding is situated,

(*b*) number of the holding on the register,

(*c*) name of person occupying the holding, whether such person be assessed or exempted from assessment,

(*d*) description of the holding, and of the property within the municipality, with profession or business of the person assessed,

কিন্তু এক২ যোতের উপর গড়ে বৎসর ২।০ দুই টাকা চারি আনা ধরিলে যত টাকা তোলা যাইতে পারে, কোন বৎসরে ঐ প্রকারের টাক্স বসাইয়া সকল যোতের উপর মোটে তাহার অধিক তুলিতে হইবে না, এবং কোন এক যোতের অধিকার সম্পর্কে বৎসর ৮৪৲ চৌরাশী টাকার অধিক ধার্য্য করিতে হইবে না। কিম্বা

(খ) মুনিসিপালিটীর মধ্যে যত যোত থাকে তাহার বার্ষিক মূল্যের উপর রেট।

কিন্তু ঢাকার মুনিসিপালিটীর মধ্যে ঐ বার্ষিক মূল্যের উপর শতকরা ১০৲ টাকার অধিক হারে ঐ রেট ধার্য্য হইবে না, তাহা ছাড়া অন্য সকল যোতের ঐ বার্ষিক মূল্যের উপর শতকরা ৭৷৷০ টাকার অধিক হারে রেট ধার্য্য হইবে না, ও যে যোতের বার্ষিক মূল্য ৬ ছয় টাকার কম হয় তাহার উপর কোন রেট ধার্য্য হইবে না ইতি।

আর২ টাক্সের কথা।

৭৮ ধারা। কমিশ্যনরেরা সময়ে২ পূর্ব্বোক্তমতে সভা করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সম্মতি লইয়া, ঐ মুনিসিপালিটীর সীমার মধ্যে ইহার পূর্ব্বধারার লিখিত অন্যতর টাক্সের অতিরিক্ত নিম্নলিখিত সকল কি কোন টাক্স ও ফী ও মাসুল আদায় হইবার আজ্ঞা করিতে পারিবেন।

(ক) তৃতীয় তফসীলে যে গাড়ীর ও ঘোড়া প্রভৃতি জন্তুর কথা লেখা আছে তাহার উপর টাক্স।

(খ) গোরুর গাড়ী রেজিষ্টরী করিবার ফী।

(গ) খেয়ার উপর মাসুল ও ১৪৯ ও ১৫০ ধারার বিধান প্রবল মানিয়া সাঁকোর ও পাতরাথা রাস্তার উপর মাসুল ইতি।

ব্যক্তিদের উপর টাক্সের কথা।

টাক্স নিরূপণের ফর্দ্দ প্রস্তুত করিতে হইবার কথা।

৭৯ ধারা। মুনিসিপালিটীর অন্তর্গত যোত যে ব্যক্তিদের দখলে থাকে তাঁহাদের সঙ্গতি ও সম্পত্তি অনুসারে তাঁহাদের উপর টাক্স বসাইতে স্থির হইলে, যে প্রকারের অনুসন্ধান লওয়া আবশ্যক হইতে পারে কমিশ্যনরেরা তাহা লইয়া ঐ টাক্স নিরূপণের ফর্দ্দ প্রস্তুত করিবেন, তন্মধ্যে এই২ কথা ও কমিশ্যনেরা অন্য যে২ কথা লেখা উচিত বোধ করেন তাহাও বিশেষ করিয়া লিখিতে হইবে,—

(ক) ঐ যোত যে রাস্তার কি পথের ধারে থাকে তাহার নাম।

(খ) রেজিষ্টরী বহীতে ঐ যোতের যে নম্বর থাকে তাহা।

(গ) যোতদারের উপর টাক্স ধার্য্য হউক কিম্বা তিনি টাক্সহইতে মুক্ত থাকিলেও তাঁহার নাম।

(ঘ) ঐ যোতের ও মুনিসিপালিটীর মধ্যে সম্পত্তির বর্ণনা ও যে ব্যক্তির টাক্স ধার্য্য হইল তাঁহার বৃত্তি কি ব্যবসায়।

(e) amount of annual assessment,
(f) amount of quarterly instalment,
(g) if the occupier of the holding is exempted from assessment, a note to that effect

The tax upon persons shall be payable in quarterly instalments by persons occupying holdings

80 Save as is herein otherwise provided, every assessment of the tax upon persons shall take effect from the beginning of the year next following that in which the notice required by section 103 is published, and shall be valid for three years and until the beginning of the year next after the date on which a new assessment or valuation may be published, or until the assessment and valuation be revised and amended

Duration of assessment

Provided that when Chapters I, II, and V are extended to any place the first assessment may take effect from the beginning of the quarter next following that in which the said notice shall be published

Provided also that whenever the tax on persons which was assessed under the District Towns Act, 1868, remains in force in any second class municipality and is levied therein under the provisions of section 6, the Commissioners may revise such assessment or may make a new assessment, and may order that such revision or new assessment shall take effect from the beginning of the year next following the date on which the notice required by section 103 is published

81 In any municipality in which the tax on persons is imposed, no tax shall be assessed on any person in respect of his occupation of any holding which is the property of Government and used for the purposes of a public building, but a rate of seven and a half per centum shall be assessed on the annual value of every such holding, to be ascertained in the manner prescribed by section 92, and such rate shall be payable by the Government

Assessment of public buildings

Provided that no rate shall be assessed or levied on any arable land, or on any building which is used exclusively as a place of worship, or as a hospital

82 Whenever any tax shall have been assessed on any person in respect of his occupation of two or more holdings, and the aggregate of the amount so assessed upon him shall exceed eighty-four rupees per annum, such person may, within fifteen days of the publication of the notice required by

Procedure if aggregate amount of rates assessed on any person exceeds Rs 84 per annum

(ঙ) বৎসর যত টাকা টাক্স ধার্য্য হইল।
(চ) তিনং মাসান্তর যত টাকা কিস্তি।
(ছ) যোতদার টাক্সহইতে মুক্ত থাকিলে সেই মর্ম্মের সংক্ষেপ কথা।

ব্যক্তিদের উপর যে টাক্স ধার্য্য হয় যোতদারেরা তিনং মাসের কিস্তি করিয়া তাহা দিবেন ইতি।

৮০ ধারা। এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে, ব্যক্তিদের উপর যে টাক্স নির্দ্ধারিত হয় ১০৩ ধারার আজ্ঞামত নোটিস যে বৎসরে প্রকাশ করা যায় তাহার পর বৎসরের আরম্ভ অবধি ঐ টাক্স প্রবল হইয়া তিন বৎসর পর্য্যন্ত, কিম্বা নূতন টাক্স কি মূল্য নিরূপণপত্র যে তারিখে প্রকাশ করা যায় তাহার পর বৎসরের প্রথম পর্য্যন্ত, কিম্বা টাক্স ও মূল্য নিরূপণপত্র পুনরালোচনা ও সংশোধন না হওয়াপর্য্যন্ত প্রবল থাকিবে।

টাক্স নিরূপণপত্র যত দিন প্রবল থাকিবে তাহার কথা।

কিন্তু প্রথম ও দ্বিতীয় ও পঞ্চম অধ্যায় কোন স্থানে প্রচলিত করা গেলে, উক্ত নোটিস যে তিন মাসের মধ্যে প্রকাশ করা যায় তাহার পর তিন মাসের প্রথমাবধি ঐ টাক্স নিরূপণের প্রথম পত্র প্রবল হইতে পারিবে।

আরো প্রদেশীয় নগরাদিবিষয়ক ১৮৬৮ সালের আইনমতে ব্যক্তিদের উপর যে টাক্স ধার্য্য হইয়াছিল, তাহা দ্বিতীয় শ্রেণীর কোন মুনিসিপালিটীর মধ্যে প্রবল থাকিয়া ৬ ধারার বিধানমতে আদায় হইলে, কমিশনরেরা ঐ টাক্স নিরূপণপত্র পুনরালোচনা করিতে কিম্বা টাক্স নিরূপণের নূতন পত্র করিতে পারিবেন, ও ১০৩ ধারার আদেশমত নোটিস যে তারিখে প্রকাশ করা যায় তাহার পর বৎসরের আরম্ভ অবধি ঐ সংশোধিত কি নূতন টাক্স নিরূপণপত্র প্রচলিত হইবার আজ্ঞা করিবেন ইতি।

৮১ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে ব্যক্তির উপর টাক্স ধার্য্য হইলে, যে যোত গবর্ণমেণ্টের সম্পত্তি হইয়া রাজকীয় কোটার নিমিত্ত প্রযোগ থাকে সেই যোতের অধিকার উপলক্ষে কোন ব্যক্তির উপর টাক্স ধার্য্য হইবে না। কিন্তু ঐ যোতের বার্ষিক মূল্য ৯২ ধারার বিধানমতে নির্ণয় করা গেলে, সেই মূল্যের উপর শত করা ৭।।০ সাড়ে সাত টাকার হারে রেট ধার্য্য হইবে। ঐ রেট গবর্ণমেণ্টহইতে দেওয়া যাইবে।

রাজকীয় গৃহাদির উপর টাক্স ধার্য্য করার কথা।

কিন্তু যে ভূমিতে চাষ হইতে পারে, ও কেবল ঈশ্বরারাধনার কিম্বা হাস্পাতালের নিমিত্ত যে ঘরের প্রযোগ হয় তাহার উপর রেট ধার্য্য ও আদায় হইবে না ইতি।

৮২ ধারা। কোন ব্যক্তির অধিকারে দুই কি তদধিক যোত থাকাতে তাঁহার উপর টাক্স ধার্য্য হইলে, যদি সর্ব্বসুদ্ধ বৎসর চৌরাশী টাকার অধিক ধার্য্য হইয়া থাকে, তবে ১০৩ ধারামত নোটিস প্রকাশ হইবার পর তিনি পঞ্চদশ দিনের মধ্যে কমিশ্যনরদের নিকট সেই নিদ্ধারিত টাক্স রহিত করিয়া আপনার উপর মোটে যত টাকা টাক্স তজ্রূপে

কোন ব্যক্তির উপর যত রেট ধার্য্য হয় মোটে ৮৪ টাকার অধিক হইলে কার্য্য প্রণালীর কথা।

section 103, apply to the Commissioners to cancel such assessment, and to substitute for the total amount of tax so assessed upon him in respect of the said holdings a rate to be calculated at seven and a half per centum on the annual value of such holdings, and the Commissioners shall thereupon substitute such rate, and for the purpose of calculating the amount of such rate, shall determine the annual value of the said holdings in the manner prescribed by section 92

Every rate imposed under this section shall be payable by the occupier of the holdings so rated

**83** The Commissioners may exempt from assessment any person who may by them be deemed too poor to pay the tax, but the name of the occupier of every holding shall be included in the assessment list, whether he be assessed or exempted from assessment

*Power of exemption*

**84** Any person mentioned in the assessment list, who shall at any time after the publication thereof have ceased to occupy any holding in respect of the occupation of which he has been assessed, or whose means and property in respect of which he has been so assessed shall have been reduced, may apply to the Commissioners to exempt him from his assessment or to revise the same

*Power to apply for reduction of assessment in altered circumstances*

**85** The Commissioners may, at any time after the publication of the notice required by section 103, assess any person who was without authority omitted from the assessment list or whose liability to assessment has accrued thereafter, and may enhance any assessment which appears to them to be inadequate, and to have been so made owing to mistake or fraud

*Power to alter assessment*

Any assessment or enhancement made under this section shall take effect from the beginning of the quarter next following that in which such assessment or enhancement is made

**86** The Commissioners may at any time substitute for any name mentioned in the assessment list the name of any new occupier of a holding, and may assess the tax on such person, and such person shall be liable to pay such assessment from the date on which his occupation of the holding commenced

*Procedure on change of occupation*

ধার্য্য হইল তৎপরিবর্ত্তে ঐ২ যোতের বার্ষিক মূল্যের উপর শতকর ৭।।০ সাড়ে সাত টাকার হারে রেট ধার্য্য হইবার প্রার্থনা করিতে পারিবেন, তাহা হইলে কমিশ্যনরেরা টাক্সের পরিবর্ত্তে ঐ রেট ধার্য্য করিবেন। ও যত টাকা রেট ধরিতে হইবে ইহার হিসাব করিবার জন্যে তাঁহারা ৯২ ধারার বিধানমতে ঐ২ যোতের বার্ষিক মূল্য নির্ণয় করিবেন।

এই ধারামতে যে রেট ধার্য্য হয় যে যোতের রেট ধার্য্য হইল তাহার দখীলকারের সেই রেট দিতে হইবে ইতি।

৮৩ ধারা। কোন ব্যক্তির দৈন্যদশাপ্রযুক্ত কমিশ্যনরেরা তাঁহাকে ঐ টাক্স দিবার অক্ষম বলিয়া জ্ঞান করিলে, তাঁহাকে টাক্সহইতে মুক্ত করিতে পারিবেন, কিন্তু যোতদারের উপর টাক্স ধার্য্য হউক কি নাই হউক টাক্স নিরূপণপত্রের মধ্যে তাহার নাম লিখিতে হইবে ইতি।

*মুক্ত করিবার ক্ষমতার কথা।*

৮৪ ধারা। উক্ত টাক্স নিরূপণপত্রে যাঁহার নাম লেখা থাকে, যে যোতের অধিকার করণোপলক্ষে তাঁহার সেই টাক্স ধার্য্য হইল ঐ টাক্সনিরূপণপত্র প্রকাশ হইলে পর কোন সময়ে সেই যোত তাঁহার অধিকারে আর না থাকিলে, কিম্বা তাঁহার যে সঙ্গতির কি সম্পত্তির উপলক্ষে সেই টাক্স ধার্য্য হইল তাহা কমিয়া গেলে, তিনি কমিশ্যনরদের নিকট সেই টাক্সহইতে মুক্ত হইবার কিম্বা আপনার পক্ষে নির্দ্ধারিত সেই টাক্স সংশোধন হইবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

*অবস্থা পরিবর্ত্তন হওয়াতে টাক্স কম করিতে প্রার্থনা করিবার ক্ষমতার কথা।*

৮৫ ধারা। টাক্স নিরূপণপত্রে অনুমতি বিনা কোন ব্যক্তির নাম ছাড়া হইলে, কিম্বা সেই নিরূপণপত্র প্রকাশ করিবার পর কোন ব্যক্তির টাক্স দিবার যোগ্যতা বর্ত্তিলে, ১০৩ ধারায় যে নোটিস দিবার আজ্ঞা হইল কমিশ্যনরেরা সেই নোটিস প্রকাশ হইবার পর কোন সময়ে ঐ ব্যক্তির টাক্স ধার্য্য করিতে পারিবেন, ও তাঁহাদের বিবেচনায় কোন ব্যক্তির টাক্স কম করিয়া নির্দ্ধারিত হইলে এবং ভুলক্রমে কি প্রতারণাদ্বারা কম ধরা গেলে, তাহা বৃদ্ধি করিতে পারিবেন।

*টাক্স নিরূপণপত্র পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।*

এই ধারামতে কোন ব্যক্তির টাক্স নিরূপণ হইলে কি বৃদ্ধি করা গেলে, যে তিন মাসের মধ্যে তাহা নিরূপণ কি বৃদ্ধি করা যায় তাহার পশ্চাৎ তিন মাসের আরম্ভ অবধি তাহা প্রবল হইবে ইতি।

৮৬ ধারা। টাক্স নিরূপণপত্রে যে ব্যক্তির নাম লেখা থাকে তাঁহার স্থানে অন্য ব্যক্তি আইলে কমিশ্যনরেরা কোন সময়ে তাঁহার নাম উঠাইয়া যোতের ঐ নূতন দখীলকারের নাম লিখিয়া সেই ব্যক্তির উপর ঐ টাক্স ধার্য্য করিতে পারিবেন। ও সেই ব্যক্তি যে তারিখঅবধি ঐ যোতের দখল করিলেন সেই তারিখঅবধি তিনি সেই নির্দ্ধারিত টাক্স দিবার দায়ী হইবেন ইতি।

*দখীলকারের পরিবর্ত্তন হইলে কার্য্যপ্রণালীর কথা।*

87 If any holding shall become vacant in the course of the year, the assessment on account of the occupation of such holding shall cease to have effect from the first day of the quarter next following that in which it became vacant

Assessment on vacant holdings when to cease

*Of the Rate on the value of Holdings*

88 When it has been determined that a rate shall be imposed on the annual value of holdings, the Commissioners after making such inquiries as may be necessary shall determine the valuation of all holdings within the municipality as hereinafter provided

Tax to be paid by quarterly instalments

89 Save as is herein otherwise provided, such valuation shall be valid for three years from the date on which it first takes effect in the municipality, and until the beginning of the year next after the date on which a new valuation may be made, or until the valuation be revised and amended

Duration of assessment

Provided that whenever the tax on the value of holdings which was imposed and assessed under the District Municipal Improvement Act, 1864, remains in force in any municipality and is levied thereon under the provisions of section 6, the Commissioners may revise the valuation and rating according to which such tax is being levied, or may make a new valuation and rating, and may order that such revision or such new valuation and rating shall take effect from the beginning of the year next following the date on which the notice required by section 103 is published

90 The rate on the value of holdings shall not be assessed or levied on any holding which is used exclusively as a place of worship or as a hospital

Buildings exempted from tax

91 The Commissioners, in order to prepare the valuation list, may, whenever they think fit, by notice, require the owners or occupiers of all holdings to furnish them with returns of the rent or annual value thereof, and the Commissioners, or any person authorized by them in that behalf, at any time between sunrise and sunset, may enter, inspect and measure any such holding after having given forty-eight hours' previous notice of their intention to the occupier thereof

What returns may be required for ascertaining annual value

৮৭ ধারা। বৎসরের মধ্যে কোন যোত খালি হইলে, যে তিন মাসেব মধ্যে খালি হয তাহাব পশ্চাৎ তিন মাসেব প্রথম দিবসাবধি ঐ যোতের দখলের উপলক্ষে নির্দ্ধারিত টাক্স প্রবল থাকিবে না ইতি।

যোত খালি হইলে তাহাব উপর নির্দ্ধারিত টাক্স যে সময়ে রহিত হইবে তাহার কথা।

যোতেব মূল্যেব উপর বেটের কথা।

৮৮ ধারা। যোতেব বার্ষিক মূল্যেব উপব রেট বসাইতে স্থিব কবা গেলে, যদ্রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক কমিশ্যনবেবা তাহা লইযা মুনিসিপালিটীব মধ্যে যত যোত থাকে নিম্নলিখিত বিধানমতে তাহার মূল্য নিরূপণ করিবেন ইতি।

তিন২ মাসের কিস্তি করিয়া টাক্স দিতে হইবার কথা।

৮৯ ধারা। এই আইনে প্রকারান্তরেব বিধান না থাকিলে, মুনিসিপালিটীব মধ্যে যোতের যে মূল্য নিরূপণ হয সেই মূল্য-নিরূপণপত্র প্রবল হইবাব প্রথম দিনাবধি তিন বৎসব প্রবল থাকিবে, ও মূল্য নূতন নিরূপণ কবা গেলে তাহা কবিবার তাবিখেব পব বৎসবেব প্রথম পর্য্যন্ত কিম্বা যত দিন তাহাব পুনবালোচনা ও সংশোধন না হয তত দিন তাহা প্রবল থাকিবে।

ঐ নিরূপিত মূল্য যত দিন প্রবল থাকিবে তাহার কথা।

কিন্তু "মফঃসলেব নগরেব সৌষ্ঠবকবণার্থ ১৮৬৪ সালেব আইন"মতে যোতেব মূল্যেব উপব টাক্স বসান গিযা ধার্য্য হইলে কোন মুনিসিপালিটীব মধ্যে তাহা প্রবল থাকিযা ৬ ধারাব বিধানমতে আদায হইযা থাকিলে, নিরূপিত যে মূল্যানুসারে ও যে হারানুসারে ঐ টাক্স আদায হইযা থাকে কমিশ্যনবেবা তাহাব পুনবালোচনা কবিতে কিম্বা নূতন কবিযা মূল্য নিরূপণ কবিতে ও হার ধবিতে পাবিবেন, এবং ১০৩ ধারামত নোটিস প্রচার কবিবার তারিখের পশ্চাৎ যে বৎসব আইসে ঐ নূতন নিরূপিত মূল্য ও হার সেই বৎসবেব প্রথমাবধি প্রবল হইবার আজ্ঞা কবিতে পারিবেন ইতি।

৯০ ধারা। কেবল ঈশ্বরারাধনার নিমিত্ত কি হাস্পাতাল বলিযা যে যোতেব প্রয়োগ হয তাহার মূল্যের উপব রেট ধার্য্য কি আদায করা যাইবে না ইতি।

যেং গৃহ টাক্সহইতে মুক্ত থাকিবে তাহার কথা।

৯১ ধারা। মূল্য নিরূপণপত্র প্রস্তুত করিবার জন্যে কমিশ্যনরেরা যখন উচিত বোধ করেন তখনই সকল যোতের স্বামিদেব কি প্রজাদের নামে নোটিস দিযা ঐ২ যোতের খাজানার কি বার্ষিক মূল্যের রিটর্ন দিতে আজ্ঞা করিবেন। এবং কমিশ্যনবেরা কিম্বা এই কার্য্যপক্ষে তাঁহাদেরহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি আটচল্লিশ ঘণ্টা থাকিতে কোন যোতেব প্রজাকে আপনারদের সেই যোতে যাইবার মনস্থ জানাইয়া সূর্য্যের উদয ও অস্ত হইবার মধ্য কোন সময়ে সেই যোতে গিযা তাহা দেখিতে ও মাপ করিয়া আসিতে পারিবেন ইতি।

বার্ষিক মূল্য নিশ্চয়রূপে জানিবাব নিমিত্ত যেং রিটর্নের প্রযোজন হইবে তাহার কথা।

*Annual value of holding how to be ascertained*

**92.** The gross annual rent at which any holding may be reasonably expected to let shall be deemed to be the annual value thereof, and such value shall accordingly be determined by the Commissioners and entered in the valuation list

*Determination of rate of tax on holdings*

**93** Subject to the provisions of section 77, the Commissioners, at a meeting to be held before the close of the year next preceding the year to which the rate will apply, shall determine the percentage on the valuation of holdings at which the rate shall be levied, and the percentage so fixed shall remain in force until the order of the Commissioners determining such percentage shall be rescinded, and until the Commissioners at a meeting shall determine some other percentage on the valuation of holdings at which the rate will be levied from the beginning of the next year

Provided that when Chapters I, II, and V are extended to any place, the first rate may be levied from the beginning of the quarter next after that in which the percentage has been fixed by the Commissioners at a meeting

*Publication of valuation and rating list*

**94** As soon as possible after the percentage at which the rate is to be levied on the next year shall have been determined under the last preceding section, the Commissioners shall cause to be prepared a valuation and rating list, which shall contain the following particulars, and any others which the Commissioners may think proper to include —

(*a*) name of the street or road in which the holding is situated,
(*b*) number of the holding on the register,
(*c*) description of the holding,
(*d*) annual value of the holding,
(*e*) name of owner,
(*f*) amount of rate payable for the year;
(*g*) amount of quarterly instalment,
(*h*) if the holding is exempted from assessment, a note to that effect

The rate upon holdings shall be payable in quarterly instalments by the owner of the holding

*Power to assess upon a house consolidated tax for house and land on which it stands*

**95** If any house belongs to one owner, and the land on which it stands, and the adjacent land which is usually occupied therewith, belongs to another, the Commissioners may value such house and land

*যোতের বার্ষিক মূল্য যেরূপে নির্ণয় করিতে হইবে তাহার কথা।*

৯২ ধারা। কোন যোতের বৎসর২ মোটে যত টাকা ভাড়া কি খাজানা যুক্তিমতে হইতে পারে তাহাই ঐ যোতের বার্ষিক মূল্য বলিয়া জ্ঞান করিতে হইবে। কমিশ্যনরেরা তদনুসারে যোতের মূল্য নিরূপণ করিয়া মূল্য নিরূপণপত্রে লিখিবেন ইতি।

*যোতের উপর যে হারে টাক্স লইতে হইবে তাহা নিরূপণ করিবার কথা।*

৯৩ ধারা। রেট যে বৎসরে চলিবে কমিশ্যনরেরা তাহার পূর্ব্ব বৎসর শেষ হওয়ার অগ্রে সভা করিয়া, ৭৭ ধারার বিধান প্রবল মানিয়া, যোতের মূল্যের উপর শতকরা যে হারানুসারে রেট আদায় করিতে হইবে ইহা স্থির করিবেন। ও যে কমিশ্যনরেরা শতকরা সেই হার নিরূপণ করিলেন তাঁহাদের আজ্ঞা যত দিন না রহিত করা যায়, ও কমিশ্যনরেরা সভাগত হইয়া আগামি বৎসরের আরম্ভ অবধি যোতের মূল্যের উপর শতকরা যে হারে রেট আদায় হইবে ইহা যত দিন নিরূপণ না করেন তত দিন পূর্ব্বোক্ত হার প্রবল থাকিবে।

কিন্তু প্রথম ও দ্বিতীয় ও পঞ্চম অধ্যায় কোন স্থানে প্রচলিত করা গেলে, কমিশ্যনরেরা সভাগত হইয়া যে তিন মাসের মধ্যে শতকরা যে হার নির্দ্ধার্য্য করেন তাহার পশ্চাৎ তিন মাসের আরম্ভ অবধি সেই হারানুসারে রেট প্রথম আদায় হইবে ইতি।

*মূল্য নিরূপণের ও রেটের পত্র প্রকাশ করিবার কথা।*

৯৪ ধারা। আগামি বৎসরে শতকরা যে হারানুসারে রেট আদায় করিতে হইবে, ইহার পূর্ব্ব ধারামতে এই কথা স্থির করা গেলে পর যত শীঘ্র হইতে পারে কমিশ্যনরেরা মূল্য নিরূপণপত্র ও রেটের নির্ঘণ্টপত্র প্রস্তুত করাইবেন। তন্মধ্যে নিম্নলিখিত কথা ও কমিশ্যনরেরা অন্য যে২ কথা লেখা উচিত জ্ঞান করেন তাহা বিশেষ করিয়া লেখা যাইবে,—

(ক) যোত যে রাস্তার কি পথের ধারে আছে তাহার নাম।
(খ) রেজিষ্টরী বহীতে যোতের যে নম্বর থাকে তাহা।
(গ) যোতের বর্ণনা।
(ঘ) যোতের বার্ষিক মূল্য।
(ঙ) স্বামির নাম।
(চ) বৎসরে যত টাকা রেট দিতে হইবে।
(ছ) তিন২ মাসের কিস্তি যত টাকা।
(জ) যোতের উপর টাক্স ধার্য্য না হইলে, সেই মর্ম্মের সংক্ষেপ কথা।

যোতের উপর যে রেট ধরা যায় যোতের স্বামী তিন২ মাসের কিস্তি করিয়া তাহা দিবেন ইতি।

*ঘর যে ভূমিতে থাকে সেই ভূমির টাক্স সুদ্ধ ঘরের টাক্স ধরিবার কথা।*

৯৫ ধারা। ঘর এক স্বামির হইলে, ও তাহা যে ভূমিতে থাকে কিম্বা যে ভূমির সহিত তাহার ভাড়া নিয়ত দেওয়া গিয়া থাকে সেই ভূমি অন্য ব্যক্তির হইলে, কমিশ্যনরেরা সেই ঘরের ও ভূমির মূল্য একত্র

together, and may impose thereon one consolidated rate

The total amount of the rates shall be payable by the owner of the house, who shall thereafter be entitled to deduct from the rent which he pays for the land such proportion of the rate so paid by him as is equal to the proportion which such rent bears to the annual value of the holding

If the owner of the house and the owner of the land do not agree in respect of the proportion of the rate so deducted by the owner of the house, the Commissioners shall, on the application of either party, make an award declaring the amount payable by each, and such award shall be final

*Tax due from non resident owner may be recovered from occupier, and deducted by him from his rent*

**96** If the sum due from the owner of any holding remains unpaid after the notice of demand has been duly served, and such owner be not resident within the municipality, or the place of abode of such owner be unknown, the same may be recovered from the occupier for the time being of such holding, who may deduct from the next and following payments of his rent the amount which may be so paid by or recovered from him.

Provided that no arrear of rate which has remained due from the owner of any holding for more than one year shall be so recovered from the occupier thereof

*Power of Commissioners in cases of excessive hardship*

**97** Whenever, from the circumstances of the case, the levy of the rate on any holding in the municipality would be productive of excessive hardship to the person liable to pay the same, the Commissioners at a meeting may reduce the amount payable on account of such holding, or may remit the same

*Application for reduction of assessment*

**98** If the value of any holding shall be diminished from any cause beyond the control of the owner thereof, the owner thereof may apply for reduction of the valuation of the same

*Power to revise valuation and assessment*

**99.** The Commissioners may, at any time after the publication of the notice required by section 103, value and rate any holding which was without authority omitted from the valuation and rating list, or which has become liable to valuation and rating after the publication thereof, and may enhance the valuation and rating of any holding which may appear to have been insufficiently valued or rated through mistake or fraud,

[*Government Gazette*, 9th May 1876.]

ধরিয়া তাহার উপর মোটে একি রেট ধার্য্য করিতে পারিবেন।

ঐ রেটের সমষ্টি টাকা ঘরের স্বামির দিতে হইবে। পরে সম্পূর্ণ সম্পত্তির বার্ষিক যত মূল্য ধরিয়া টাক্স ধার্য্য হইল, ঐ ভূমির খাজানা সেই মূল্যের যে অংশ হয়, তিনি সেই হারানুসারে ভূমির রেটের একাংশ হিসাব ধরিয়া ভূমির খাজানাহইতে কাটিয়া লইতে পারিবেন।

ঘরের স্বামী যে হারানুসারে ঐ রেট কাটিয়া লন তদ্বিষয়ে যদি ভূমি ও ঘর উভয়ের স্বামির অনৈক্য হয়, তবে একতর ব্যক্তির প্রার্থনা হইলে, কাহার কত দিতে হইবে কমিশ্যনরেরা ইহা মীমাংসা করিবেন, ও সেই মীমাংসা চূড়ান্ত হইবে ইতি।

*স্বামী মুনিসিপালিটীতে বাস না করিলে প্রজার স্থানে টাক্স লইবার ও ভাড়াহইতে তাহা কাটিয়া লইতে পারিবার কথা।*

৯৬ ধারা। যোতের স্বামির স্থানে টাক্সের টাকা পাওনা থাকিলে ও দাওয়ার নোটিস উচিতমতে দেওয়া গেলে পর যদি টাকা না দেওয়া যায় ও সেই স্বামী নিজে সেই মুনিসিপালিটীর মধ্যে বাস না করেন, কিম্বা সেই স্বামির বাসস্থান জানা না যায়, তবে ঐ যোত যে সময়ে যাঁহার দখলে থাকে তাঁহার স্থানে ঐ টাকা আদায় করিয়া লওয়া যাইতে পারিবে। প্রজা সেই টাক্স দিলে, কিম্বা তাঁহার স্থানে তাহা আদায় করা গেলে, তৎপশ্চাৎ তাঁহার যে ভাড়া দেনা হয় তাহাহইতে তিনি ঐ টাকা কাটিয়া লইতে পারিবেন।

কিন্তু যোতের স্বামির স্থানে এক বৎসরের অধিক কালের রেট বাকী থাকিলে প্রজার স্থানে তাহা আদায় করা যাইতে পারিবে না ইতি।

*অত্যন্ত কষ্টের স্থলে কমিশ্যনরদের ক্ষমতার কথা।*

৯৭ ধারা। মুনিসিপালিটীর অন্তর্গত কোন যোতের আদায় করিতে গেলে যে ব্যক্তি সেই টাকার দায়ী হন ভাবগতিক বিবেচনায় তাঁহার অত্যন্ত কষ্ট হইবার সম্ভাবনা হইলে, কমিশ্যনরেরা সভাগত হইয়া ঐ যোতের উপর দেনা টাকা কমাইয়া দিতে কিম্বা ক্ষমা করিতে পারিবেন ইতি।

*অবধারিত রেট কমাইয়া দিবার প্রার্থনার কথা।*

৯৮ ধারা। যাহার উপর স্বামির কর্তৃত্ব নাই এমত কোন যোতের মূল্য কোন কারণে কমিয়া গেলে স্বামী ঐ যোতের নিরূপিত মূল্য কমাইয়া দিবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

*মূল্য নিরূপণ ও নির্দ্ধারিত টাক্স সংশোধন করিবার ক্ষমতার কথা।*

৯৯ ধারা। ঐ মূল্য নিরূপণের ও রেটের নির্ঘণ্ট-পত্রে অনুমতি বিনা কোন যোত লিখিবার ত্রুটি হইলে, কিম্বা ঐ নির্ঘণ্টপত্র প্রকাশ করা গেলে পর ঐ যোতের মূল্য নিরূপণ ও রেট ধার্য্য হওয়া উচিত হইলে কমিশ্যনরেরা ১০৩ ধারামত নোটিস প্রকাশ করিবার পর কোন সময়ে সেই যোতের মূল্য নিরূপণ ও রেট ধার্য্য করিতে পারিবেন এবং ভুলক্রমে কি প্রতারণাদ্বারা কোন যোতের কম মূল্য ধরা কি রেট হ্রাস করিয়া ধরা গেল বোধ হইলে

and may re-value and re-assess the rate on any holding the value of which has been increased by additions or alterations to any building thereon

Any rate imposed or enhancement made under this section shall take effect from the beginning of the quarter next following that in which the rate shall be imposed or enhancement made

Power to revise assessment list

**100** The Commissioners may at any time substitute for any name mentioned in the valuation and rating list the name of any person to whom any holding mentioned therein shall have been transferred

Such person shall be liable to pay the rate payable on such holding from the first day of the quarter next after the date of the transfer

Remission or refund on account of vacant holdings

**101** When any holding has been vacant for sixty or more consecutive days during any year, the Commissioners shall remit, and, if the rate has been paid, shall refund, one-half of so much of the rate of that year as may be proportionate to the number of days the said holding has remained unoccupied, provided that the owner of such holding, or his agent, has given to the Commissioners notice in writing of the vacancy thereof

The amount of tax to be remitted or refunded shall be calculated from the date of the delivery of such notice

Penalty

**102** Whoever, being the owner of any holding for which a remission or refund of the rate has been made under the last preceding section, fails to give notice of the re-occupation of such holding within ten days of such re-occupation, shall be liable to a fine not exceeding three times the amount of rate payable quarterly on such house

*Of general provisions relating to the tax on persons and the rate on holdings and to the recovery of the same*

Publication of notice of assessments

**103** When the assessment list of the tax upon persons or the valuation and rating list of the rate on the annual value of holdings shall have been prepared or revised, the Chairman shall sign the same, and shall cause it to be deposited in the office of the Commissioners, and shall cause the notice in form (A) or the notice in form (B) of the first schedule (as the case may be) to be published in the manner required by section 362

মূল্য ও তাহার রেট বৃদ্ধি করিতে পারিবেন, এবং কোন যোতে যে গৃহাদি থাকে তাহার বৃদ্ধি কি পরিবর্ত্তন হওয়াতে তাহার মূল্য বৃদ্ধি হইলে তাঁহারা পুনবার তাহার মূল্য নিরূপণ করিতে ও তাহার উপর রেট ধার্য্য করিতে পারিবেন।

এই ধারামতে যে তিন মাসের মধ্যে যে রেট ধার্য্য হয় কি বৃদ্ধি করা যায় তাহার পশ্চাৎ তিন মাসের আরম্ভ অবধি সেই নির্দ্ধারিত কি বর্দ্ধিত রেট প্রবল হইবে ইতি।

টাক্সনিরূপণপত্র সংশোধন করিবার কথা।

১০০ ধারা। মূল্য ও রেট নিরূপণপত্রে যে যোত যাঁহার নামে লেখা থাকে সেই যোত অন্য ব্যক্তির হস্তগত হইলে, কমিশ্যনরেরা কোন সময়েই সেই নির্ঘণ্টপত্রে পূর্ব্ব ব্যক্তির নাম কাটিয়া সেই অন্য ব্যক্তির নাম লিখিতে পারিবেন।

ঐ যোত হস্তান্তর করিবার তারিখের পর যে তিন মাস উপস্থিত হয়, তাহার প্রথম দিনাবধি ঐ ব্যক্তি ঐ যোতের উপর নির্দ্ধারিত ঐ রেটের দায়ী হইবেন ইতি।

যোত খালি থাকিলে ক্ষমা করিবার কি টাকা ফিরিয়া দিবার কথা।

১০১ ধারা। কোন বৎসরে কোন যোত ষাইট দিন কি তাহার অধিক কাল ক্রমাগত খালি থাকিলে, যত দিন খালি থাকে কমিশ্যনরেরা তত দিনের হিসাব ধরিয়া সেই যোতের সেই বৎসরের রেটের অর্দ্ধেক ক্ষমা করিবেন কিম্বা ঐ রেটের টাকা পূর্ব্বে দেওয়া গিয়া থাকিলে তাহার অর্দ্ধেক ফিরিয়া দিবেন। কিন্তু এমন স্থলে ঐ যোতের স্বামির কিম্বা তৎপক্ষে কর্ম্মকারকের প্রয়োজন যে কমিশ্যনরদিগকে ঐ যোত খালি থাকিবার নোটিস লিখিয়া দেন।

টাক্সের যে টাকা ক্ষমা করা কি ফিরিয়া দেওয়া যাইবে সেই নোটিস দিবার তারিখ অবধি তাহার হিসাব ধরিতে হইবে ইতি।

দণ্ডের কথা।

১০২ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যোতের রেট ক্ষমা করা কি ফিরিয়া দেওয়া গেলে, যদি সেই যোতে পুনবার প্রজা আইসে, তবে তাহার পুনশ্চ দখল হইবার দশ দিনের মধ্যে ঐ যোতের স্বামী তাহার পুনশ্চ দখল হওয়ার নোটিস না দিলে, ঐ যোতের উপর তিন২ মাসের রেট বলিয়া যত টাকা দেনা হয় ঐ স্বামির তাহার তিন গুণের অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

ব্যক্তির উপর যে টাক্স ও যোতের উপর যে রেট ধার্য্য হয় তদ্বিষয়ক ও তাহা আদায় করণবিষয়ক সাধারণ বিধি।

রেট ধার্য্য হওয়ার নোটিস প্রচার করিবার কথা।

১০৩ ধারা। ব্যক্তির উপর টাক্স নিরূপণপত্র কিম্বা যোতের মূল্য নিরূপণপত্র ও যোতের বার্ষিক মূল্যের উপর রেটের নির্ঘণ্টপত্র প্রস্তুত কি সংশোধন করা গেলে পর সভাপতি তাহাতে স্বাক্ষর করিয়া কমিশ্যনরদের কার্য্যালয়ে তাহা রাখিতে দিবা ৩৬২ ধারার নির্দ্দিষ্টমতে প্রথম তফসীলের A চিহ্নিত পাঠের কিম্বা বিষয়বিশেষে B চিহ্নিত পাঠের নোটিস করাইবেন ইতি।

**104** Any person who is dissatisfied with the amount assessed upon him, or with the valuation or rating of any holding,

Application for review

or who disputes his occupation of any holding, or his liability to be assessed, or rated,

may apply to the Commissioners to review the amount of assessment, valuation, or rating, or to exempt him from the assessment or rate

১০৪ ধারা। কোন ব্যক্তির নামে যত টাকা টাক্স ধার্য্য হইল কিম্বা কোন যোতের যত মূল্য ও যত টাকা রেট ধার্য্য হইল তিনি তাহাতে অসন্তুষ্ট হইলে,

পুনর্দৃষ্টি হইবার প্রার্থনার কথা।

কিম্বা কোন যোত তাহার অধিকারে নাই বলিয়া,

কিম্বা তিনি টাক্স কি রেট দিবার যোগ্য নহেন বলিয়া প্রতিবাদ করিলে,

তিনি সেই টাক্স, কি ভূমির মূল্য কি রেট নিরূপণপত্র পুনর্দৃষ্টি হইবার জন্যে, কিম্বা আপনাকে ঐ টাক্স কি রেট হইতে মুক্ত করিবার জন্যে, কমিশ্যনরদের নিকট প্রার্থনা করিতে পারিবেন ইতি।

**105.** Every application presented under the last preceding section shall be heard and determined by not less than three Commissioners, who shall be appointed on that behalf by the Chairman The Commissioners so appointed, after making such inquiries as they may deem necessary, may pass such order as they shall think fit in respect of such application.

Procedure upon review

The decision of such Commissioners, or of a majority thereof, in such cases shall be final

১০৫ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে যে প্রার্থনাপত্র উপস্থিত করা যায়, তিন জনের অন্যূন কমিশ্যনর সেই প্রার্থনা শুনিয়া নির্ণয় করিবেন। সভাপতি তাঁহাদিগকে সেই কার্য্যে নিযুক্ত করিবেন। কমিশ্যনরেরা তদ্রূপে নিযুক্ত হইয়া, যদ্রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহা লইয়া, ঐ প্রার্থনাপত্র বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন।

পুনর্দৃষ্টি হইলে কার্য্য-প্রণালীর কথা।

তদ্রূপ স্থলে ঐ কমিশ্যনরদের কিম্বা তাঁহাদের অধিকাংশ ব্যক্তির নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

**106** Unless good cause shall be shown to the satisfaction of such Commissioners for extending the time allowed, and save as is otherwise expressly provided in this Act, no such application shall be received after the expiration of one month from the date of publication of the notice required by section 103 relating to the list containing the assessment, valuation, or rating in respect of which the application is made, or after the expiration of fifteen days from the date of service of the first notice of demand for payment at the rate in respect of which the application is made, whichever period shall last expire

Limitation of time for application of review

১০৬ ধারা। অবধারিত যে টাক্স কিম্বা নিরূপিত যে মূল্য কিম্বা নির্দ্ধারিত যে রেটের বিষয়ে উক্ত প্রার্থনা করা যায়, ১০৩ ধারায় তাহার নির্ঘণ্টপত্র বিষয়ক যে নোটিসের আজ্ঞা হইল, ঐ কমিশ্যনরদের হৃদ্বোধমতে সেই প্রার্থনা করিবার মিয়াদ বৃদ্ধি হওয়ার বিশিষ্ট কারণ দেখান না গেলে ও এই আইনে প্রকারান্তরের স্পষ্ট বিধান না থাকিলে, ঐ নোটিস প্রচার করিবার তারিখঅবধি এক মাস গত হইলে পর, কিম্বা যে রেটের বিষয়ে ঐ প্রার্থনা করা যায় সেই রেট অনুসারে টাকার দাবির প্রথম নোটিস যে তারিখে দেওয়া যায় সেই তারিখঅবধি পনের দিন, ইহার মধ্যে যে মিয়াদ প্রথম অতীত হয় সেই মিয়াদ গত হইলে পর, পর তদ্রূপ প্রার্থনাপত্র গ্রাহ্য হইবে না ইতি।

সংশোধন করণার্থ প্রার্থনা করিবার মিয়াদের কথা।

**107.** No objection shall be taken to any assessment or rating, nor shall the liability of any person to be assessed or rated be questioned, in any other manner or by any other authority than in this Act is provided.

Assessment to be questioned only under Act

১০৭ ধারা। নিরূপিত টাক্সের কি রেটের বিষয়ে কোন আপত্তি থাকিলে, কিম্বা কোন ব্যক্তির টাক্স কি রেট দিবার যোগ্যতা বিষয়ে কোন প্রতিবাদ থাকিলে, এই আইনে যে বিধান হইয়াছে কেবল সেই বিধানমতে প্রতিবাদ হইতে পারিবে। অন্য কোন প্রকারে কিম্বা অন্য কোন শক্তিক্রমে হইতে পারিবে না ইতি।

নিরূপিত টাক্স বিষয়ক আপত্তি কেবল আইনমতে হইতে পারিবার কথা।

**108.** By notification to be posted up in their office, the Commissioners shall declare at what hours of each day (not being a Sunday or other recognized holiday) the office hall be open for the receipt of money

Office hours for payment of taxes

১০৮ ধারা। রবিবার ও অবধারিত বন্দের দিন ভিন্ন প্রতিদিন কোন্ সময়ে টাকা আদায়ের নিমিত্ত কাছারি খোলা থাকিবে, কমিশ্যনরেরা ইহা নিরূপণ করিয়া আপনাদের কাছারী ঘরে তাহার জ্ঞাপনপত্র লাগাইয়া দিবেন ইতি।

টাকা আদায়ের সময়ের কথা।

**109** The amount due by any person on account of the tax on persons, or the rate on holdings, shall be deemed to be the amount entered in the lists the notice relating to which is published under section 103, unless the amount entered in such list is subsequently altered by the Commissioners as provided in this Act, in which case the amount to which the assessment or rating is so altered shall be deemed to be the amount due

Tax payable in advance

Every instalment of such tax or rate shall be deemed to be due on the first day of the quarter in respect of which such instalment is payable

**110** For all sums paid on account of any tax or rate under this Act, a receipt stating the amount and the tax or rate on account of which it is paid shall be given, signed by the tax-collector or by some other officer authorized by the Commissioners to grant such receipts

Receipts to be given

**111** At any time within six months after any sum has become due on account of any tax or rate the Commissioners shall cause to be served upon the person liable to the payment thereof a bill for the said sum, which shall contain a statement of the period and of the tax or rate on account of which the charge is made

Bill and notice of demand to be presented after one month

If the amount mentioned in such bill be not paid on presentation thereof, a notice of demand in the form marked (A) in the second schedule shall be served on the person liable to pay the same, and such notice of demand may be served at any subsequent time, provided that no charge shall be made in respect of the service of such notice

Such notice shall be signed by the Chairman or an officer authorized in that behalf, and shall be served by a person authorized to receive payment

**112** If any person, after service upon him of such bill and notice, shall not, within fifteen days of the service of such notice or from the date of any order made on an application for review under section 105, pay the sum due, either to the Commissioners at their office, or to some person authorized by them to receive the money, or show to the Commissioners sufficient cause for not paying the same, the amount of the arrear due, with costs on the scale shown in the table of fees marked (B) in the second schedule, may at any time within three months after the date of service of the said notice, or

If not paid in fifteen days, process of distress may issue

১০৯ ধারা। ব্যক্তির উপর টাক্সের কিম্বা যোতের উপর রেটের নিমিত্ত যে ব্যক্তির নিকট টাকা পাওনা থাকে, ১০৩ ধারামতে যে নির্দ্দিষ্টপত্রের নোটিস প্রচার করা যায় সেই নির্দ্দিষ্টপত্রে যত টাকা লেখা থাকে তাহাই তাঁহার দেনা বলিয়া জ্ঞান হইবে। কিন্তু যদি কমিশ্যনরেরা পশ্চাৎ এই আইনের বিধানমতে ঐ নির্দ্দিষ্টপত্র লিখিত টাকা পরিবর্ত্তন করিয়া থাকেন, তবে তাহা পরিবর্ত্তন হইয়া অবধারিত টাক্স কি রেট স্বরূপ যত টাকা ধরা যায় তাহাই তাঁহার দেনা বলিয়া জ্ঞান হইবে।

টাক্স আগাম দিতে হইবার কথা।

ঐ টাক্সের কি রেটের যে তিন মাসের যে কিস্তি দেনা হয় তাহা সেই তিন মাসের প্রথমেই দেনা বলিয়া জ্ঞান হইবে ইতি।

১১০ ধারা। এই আইনমত কোন টাক্সের কি রেটের টাকা দেওয়া গেলে, টাক্স আদায়কারি কিম্বা অন্য যে ব্যক্তি কমিশ্যনরদের স্থানে রসীদ দিবার ক্ষমতা পান তিনি যত টাকা পাইলেন, ও যে টাক্সের কি রেটের নিমিত্ত ঐ টাকা দেওয়া গেল ইহা নির্দ্দেশ করিয়া ঐ টাকার রসীদ দিবেন ইতি।

রসীদ দিবার কথা।

১১১ ধারা। কোন টাক্সের কি রেটের নিমিত্ত টাকা পাওনা হইলে পর যে ব্যক্তির স্থানে ঐ টাকা পাওনা হয় কমিশ্যনরেরা ছয় মাসের মধ্যে কোন সময়ে তাঁহাকে ঐ টাকার বিল দেওয়াইবেন, যে কালের নিমিত্ত এবং যে টাক্সের কি রেটের নিমিত্তে ঐ টাকার দাওয়া হয় ঐ বিলে তাহার বর্ণনা লেখা থাকিবে।

বিল ও দাওয়ার নোটিস এক মাসের পর দিবার কথা।

ঐ বিল দেখাইবার সময়েই বিলের টাকা না দেওয়া গেলে, ঐ টাকা যে ব্যক্তির স্থানে পাওয়া যাইবে তাহার নামে দ্বিতীয় তফসীলের A চিহ্নিত পাঠে দাওয়ার নোটিস জারী হইবে, ও তৎপরে কোন সময়েই তাঁহাকে সেই দাওয়ার নোটিস দেওয়া যাইতে পারিবে, কিন্তু ঐ নোটিস দিবার জন্যে কোন খরচ লওয়া যাইবে না।

সভাপতি কিম্বা তৎপক্ষে উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত কোন কর্ম্মকারক ঐ দাওয়ার নোটিসে স্বাক্ষর করিবেন, ও যে ব্যক্তি টাকা লইবার ক্ষমতা পান এমত ব্যক্তি ঐ নোটিস জারী করিবেন ইতি।

১১২ ধারা। কোন ব্যক্তিকে ঐ বিল ও নোটিস দেওয়া গেলে পর পঞ্চদশ দিনের মধ্যে, কিম্বা ১০৫ ধারামত পুনর্দৃষ্টি হইবার প্রার্থনাপত্রের উপর কোন আজ্ঞা করা গেলে সেই আজ্ঞার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে তিনি কমিশ্যনরদের কার্য্যালয়ে তাঁহাদিগকেই কিম্বা তাঁহারা যে ব্যক্তিকে ঐ টাকা গ্রহণ করিবার ক্ষমতা দেন তাঁহাকে তাঁহার দেনা টাকা না দিলে, কিম্বা কমিশ্যনরদের নিকট সেই বিলের টাকা না দিবার উপযুক্ত কারণ না দর্শাইলে, লাঙ্গল ও হালিয়া গোরু কিম্বা ব্যবসায়ের কি কৃষিকার্য্যের হাতিয়ার ও যন্ত্রাদিছাড়া ঐ বাকীদারের যে অস্থাবর দ্রব্য যে স্থানেই পাওয়া যাউক তাহা, কিম্বা

পনের দিনের মধ্যে না দেওয়া গেলে ক্রোক করিবার পরওয়ানা জারী হইবার কথা।

of the order made on an application to review as aforesaid, be levied by distress and sale of any moveable property belonging to the defaulter, except ploughs, plough cattle, tools or implements of trade or agriculture, wherever found, or of any such moveable property which may be found within the holding in respect of which such defaulter is liable to such tax or rate

If the said property or any part thereof belong to any person other than the defaulter, the defaulter shall be liable to indemnify the owner thereof for any damage he may sustain by reason of such distress, or by reason of any payment he may make to avoid such distress or any sale under the same

**113.** Every warrant of distress and sale under the last preceding section shall be issued by the Commissioners, and shall be in the form marked (C) in the second schedule

Distress how to be made

Distress shall be made by actual seizure of moveable property, and the officer charged with the execution of the warrant shall be responsible for the due custody thereof

Such officer shall make an inventory of all moveable property seized under the warrant, and shall give not less than ten days' previous notice of the sale, and of the time and place thereof, by beat of drum, in the Municipality or Ward in which the property is situated, and by serving on the defaulter a notice in the form marked (D) in the second schedule

Provided that if the property is of a perishable nature, it may be sold, with the consent of the defaulter, at any time after the expiry of twenty-four hours from the seizure

**114** The officer charged with the execution of the warrant may, under the special order of the Commissioners, between sunrise and sunset, break open any outer or inner door or window of a house, in order to make the distress, if he has reasonable ground for believing that such house contains any moveable property belonging to the defaulter, and if, after notification of his authority and purpose and demand of admittance duly made, he cannot otherwise obtain admittance

Officer may break open door

Provided that he shall not enter or break open the door of any room appropriated for the zanáná, or residence of women which by the usage of the country is considered private, except after three hours' notice and opportunity given for the retirement of the women

[*Government Gazette*, 9*th May* 1876.]

যে যোতের নিমিত্ত ঐ বাকীদার সেই টাক্সের কি রেটের দায়ী হন সেই যোতের মধ্যে যে অস্থাবর দ্রব্য পাওয়া যায় তাহা ঐ নোটিস জারী হইবার তারিখের পর কিম্বা পুনর্দৃষ্টি হইবার পূর্ব্বোক্ত প্রার্থনা হইয়া যে আজ্ঞা হইল ঐ আজ্ঞার তারিখ অবধি তিন মাসের মধ্যে ক্রোক ও নীলাম হইয়া ঐ বাকী পাওনা এবং দ্বিতীয় তফসীলের B চিহ্নিত বস্তুমের টেবিলে যে হার নির্দ্দিষ্ট হইল সেই হারে খরচ আদায় করা যাইবে।

যদি সেই দ্রব্য কি তাহার কোন অংশ বাকীদার ছাড়া অন্য ব্যক্তির দ্রব্য হয়, তবে তদ্রূপ ক্রোককরণ দ্বারা ঐ দ্রব্যের স্বামির যে হানি হইয়া থাকে, কিম্বা ঐ দ্রব্য ক্রোক না হয় কি ক্রোক হইয়া বিক্রয় না হয় এই নিমিত্ত স্বামী যে টাকা দিয়া থাকেন, বাকীদার তাঁহার সেই হানিপূরণের কি সেই টাকার দায়ী হইবেন ইতি।

১১৩ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে ক্রোক ও নীলাম করিবার যে পরওয়ানা বাহির হয় কমিশ্যনরেরা তাহা দিবেন। তাহা দ্বিতীয় তফসীলের (C) পাঠে লেখা যাইবে।

যে প্রকারে ক্রোক করিতে হইবে তাহার কথা।

অস্থাবর দ্রব্য ধরিয়া লইয়াই ক্রোক করা যাইবে ও পরওয়ানা জারী করিবার নিমিত্ত যে কর্ম্মকারককে দেওয়া যায় তিনি সেই দ্রব্য উপযুক্তমতে রাখিবার দায়ী হইবেন।

পরওয়ানামতে যত দ্রব্য ক্রোক করা যায় উক্ত কর্ম্মকারক তাহার নির্ঘণ্টপত্র করিবেন। এবং ঐ দ্রব্য যে মুনিসিপালিটীর কি পল্লির মধ্যে থাকে তথায় ঢেঁড়রা দিয়া, ও বাকীদারকে দ্বিতীয় তফসীলের (D) পাঠে নোটিস দিয়া, নীলামের পূর্ব্বে অতি কম দশ দিন থাকিতে ঐ নীলামের নোটিস ও নীলাম যে সময়ে ও যেস্থানে হইবে তাহার নোটিস দিবেন।

কিন্তু কাঁচা দ্রব্য হইলে বাকীদারের অনুমতি লইয়া তাহা ধরিবার পর চব্বিশ ঘণ্টা বাদে কোন সময়ে নীলাম হইতে পারিবে ইতি।

১১৪ ধারা। বাকীদারের অস্থাবর দ্রব্য কোন ঘরের মধ্যে আছে, পরওয়ানা জারী করিতে যে কর্ম্মকারককে দেওয়া যায় তাঁহার এমত জানিবার যুক্তিসিদ্ধ কারণ থাকিলে, এবং আপনার ক্ষমতা ও অভিপ্রায় জানাইয়া ঘরে প্রবেশ করিবার অনুমতি চাহিলেও যদি অন্য প্রকারে প্রবেশ করিতে না পান, তবে তিনি কমিশ্যনরদের বিশেষ আজ্ঞা পাইয়া ঐ দ্রব্য ক্রোক করিবার জন্যে সূর্য্যের উদয় ও অস্ত হইবার সময়ের মধ্যে ঐ ঘরের বহির্দ্বার কি খিড়কী দ্বার কি জানালা ভাঙ্গিয়া প্রবেশ করিতে পারিবেন।

দ্বার ভাঙ্গিয়া খুলিতে কর্ম্মকারকের ক্ষমতার কথা।

কিন্তু জানানা অর্থাৎ স্ত্রীলোকদের অন্তপুর বলিয়া যে ঘর দেশাচারমতে গোপনীয় জ্ঞান হয়, তিনি তিন ঘণ্টার নোটিস না দিয়া ও স্ত্রীলোকদের চলিয়া যাইবার সুযোগ না দিয়া সেই ঘরে প্রবেশ করিতে কিম্বা সেই ঘরের দ্বার ভাঙ্গিয়া খুলিতে পারিবেন না ইতি।

**115** If the sum due be not paid with costs before the time fixed for the sale, or the warrant be not discharged or suspended by the Commissioners, the moveable property seized shall be sold by auction, at the time and place specified, in the most public manner possible, and the proceeds shall be applied in discharge of the arrears and costs, and the surplus, if any, shall be returned on demand to the person in possession of the moveable property at the time of the seizure, or if unclaimed for a period of twelve months, shall become vested in the Commissioners and be transferred to the Municipal Fund

*Sale how to be conducted.*

১১৫ ধারা। নীলাম হইবার নিরূপিত সময়ের পূর্ব্বে খরচা সমেত বাকী টাকা না দেওয়া গেলে, কিম্বা কমিশ্যনরেরা সেই পরওয়ানা রহিত কি স্থগিত না করিলে, উক্ত যে অস্থাবর দ্রব্য ক্রোক করা গেল তাহা নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে সাধ্যমতে প্রকাশরূপে নীলাম করা যাইবে। তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় তাহাহইতে বাকী টাকা ও খরচা কাটিয়া লওয়া যাইবে। উদ্বর্ত্ত থাকিলে ঐ অস্থাবর দ্রব্য ক্রোক করিবার সময়ে যে ব্যক্তির অধিকারে ছিল তাঁহার দাওয়ামতে তাঁহাকে দেওয়া যাইবে। কিম্বা বারো মাস পর্য্যন্ত ঐ টাকার দাওয়া না হইলে, তাহা কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবে ও মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে।

*নীলাম যেরূপে হইবে তাহার কথা।*

The tax-collector or other officer authorized in that behalf shall make a return of all such sales to the Commissioners in the form marked (E) in the second schedule

*Return of sales*

টাক্স আদায়কারী কিম্বা অন্য যে কর্ম্মকারক সেই কর্ম্মে নিযুক্ত হন তিনি দ্বিতীয় তফসীলের (E) পাঠে কমিশ্যনরদের নিকট ঐ সকল নীলামের রিটর্ণ দিবেন ইতি।

*নীলামের রিটর্ণের কথা।*

**116** All officers and servants of the Commissioners, and all chowkeedars, constables, and other officers of Police are prohibited from purchasing any property at any such sale

*Certain persons prohibited from purchasing at sales*

১১৬ ধারা। কমিশ্যনরদের সকল কর্ম্মকারকের ও চাকরের প্রতি ও সকল চৌকীদারের ও কনষ্টবলের ও পোলীসের অন্য কর্ম্মচারিদের প্রতি নিষেধ হইল যে তাঁহারা উক্ত কোন নিলামে কোন সম্পত্তি ক্রয় না করেন ইতি।

*নীলামে কোন২ ব্যক্তিদের প্রতি ক্রয় করিতে নিষেধ হওয়ার কথা।*

**117** The Commissioners shall cause a regular account to be kept of all distresses levied and sales made for the recovery of taxes under this Act

*Commissioners to keep account of distresses and sales*

১১৭ ধারা। এই আইনমতে টাক্স আদায় করিবার নিমিত্ত যে ক্রোক ও নীলাম করা যায়, কমিশ্যনরেরা তাহার নিয়মিত হিসাব রাখিবার বিধান করিবেন ইতি।

*ক্রোক ও নীলামের হিসাব কমিশ্যনরদের রাখিবার কথা।*

**118** If no sufficient goods or chattels belonging to a defaulter, or being upon the premises in respect of which he is assessed or rated, can be found within the Municipality, the Magistrate may, on the application of the Commissioners, issue his warrant to any officer of his Court for the distress and sale of any personal property or effects belonging to the defaulter within any other part of the jurisdiction of the Magistrate, or for the distress and sale of any personal property belonging to the defaulter within the jurisdiction of any other Magistrate whatsoever, and such other Magistrate shall endorse the warrant so issued, and cause it to be executed, and the amount, if levied, to be remitted to the Magistrate issuing the warrant, who shall remit the same to the Commissioners

*Sale of property beyond limits of Municipality*

১১৮ ধারা। বাকীদারের যত দ্রব্য বিক্রয় হইলে তাঁহার ঐ দেনা টাকা শোধ হইতে পারে যদি মুনিসিপালিটীর মধ্যে তাঁহার তত দ্রব্য কি আসবাব পাওয়া না যায়, কিম্বা যে বাড়ীর নিমিত্ত তাহার টাক্স কি রেট ধার্য্য হইল সেই বাড়ীরও মধ্যে পাওয়া না যায়, তবে কমিশ্যনরদের প্রার্থনা হইলে, মাজিষ্ট্রেট সাহেব আপনার এলাকার অন্তর্গত অন্য কোন স্থানে ঐ বাকীদারের অস্থাবর কোন সম্পত্তি কি বিষয় ক্রোক ও নীলাম করিবার জন্যে, কিম্বা অন্য কোন মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে বাকীদারের অস্থাবর কোন সম্পত্তি ক্রোক ও নীলাম করিবার জন্যে আপন আদালতের কোন আমলাকে পরওয়ানা দিতে পারিবেন। অন্য এলাকার মাজিষ্ট্রেট হইলে তিনিই উক্ত প্রকারের জারী করা পরওয়ানার পৃষ্ঠে স্বাক্ষর করিয়া তদনুসারে কার্য্য করাইবেন, ও টাকা আদায় হইলে, যে মাজিষ্ট্রেট সাহেব পরওয়ানা দিলেন তাঁহার নিকট পাঠাইলেন তিনি কমিশ্যনরদের নিকট পাঠাইবেন ইতি।

*মুনিসিপালিটীর সীমার বহির্ভূত সম্পত্তি বিক্রয়ের কথা।*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ৯ মে।]

**119** No distress or sale made under this Act shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser on account of any error, defect, or want of form in the bill, notice, summons, warrant of distress, inventory, or other proceeding relating thereto

*Distress or sale not unlawful for want of form*

**120** Instead of proceeding by distress and sale, or in case of failure to realize thereby the whole or any part of any tax, the Commissioners may sue the person liable to pay the same in any court of competent jurisdiction

*Commissioners may bring suit instead of distraining, or on failure of distress*

**121** The Commissioners may order to be struck off the books the amount of any tax or rate which may appear to them to be irrecoverable

*Irrecoverable taxes*

*Of the Tax on Carriages, Horses, and other Animals*

**122.** When it has been determined that a tax on carriages, horses, and other animals specified in the third schedule shall be imposed, the Commissioners at a meeting shall make an order that every carriage, horse, and every other animal of the kind specified in the third schedule, which is kept or habitually used within, or which is let for hire within or without, the municipality, and habitually used within it, shall pay the tax, and shall cause such order to be published in the manner required by section 362

*Tax on carriages, horses, and other animals*

Such order shall be published at least one month before the beginning of the half-year in which such tax shall first take effect, and shall specify at what rates, not exceeding the rates given in the third schedule, such tax shall be levied

But such tax shall not be imposed on—

(*a*) horses or ponies belonging to officers doing regimental duty, at the rate of one animal for each officer,

(*b*) animals exempt from any municipal tax under section 25 of the Indian Volunteers' Act, 1869,

(*c*) carriages or animals belonging to Government, or to the municipality,

১১৯ ধারা। এই আইনের বলে ক্রোক কি নিলাম হইলে বিলের কি নোটিসের কি সমনের কি ক্রোকী পরওয়ানার কি নির্ঘন্টপত্রের কিম্বা তৎসম্পর্কীয় অন্য আনুষ্ঠানিক কার্য্যের কোন ভ্রম কি দোষ কি দাঁড়ার ব্যতিক্রম হইলেও, সেই নোটিসপ্রভৃতি অবৈধ বলিয়া জ্ঞান হইবে না, ও যে ব্যক্তি ঐ কার্য্য করেন তাঁহাকে তজ্জ্বক অনধিকার প্রবেশকারি বলিয়া জ্ঞান হইবে না ইতি।

*দাঁড়ামতে কার্য্য না হইলে ক্রোক কি নিলাম অবৈধ না হইবার কথা।*

১২০ ধারা। কমিশ্যনরেরা সমুদয় টাক্স কি তাহার একাংশ ক্রোক ও নীলামকরণ দ্বারা আদায় না করিয়া, কিম্বা আদায় করিতে না পারিলে, ঐ টাকা দায়ী ব্যক্তির নামে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে নালিশ করিতে পারিবেন ইতি।

*ক্রোক না করিয়া কিম্বা ক্রোক করিতে না পারিলে কমিশ্যনরদের মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।*

১২১ ধারা। কোন টাক্সের কি রেটের টাকা কমিশ্যনরদের বিবেচনামতে আদায় হইতে না পারিলে, তাঁহারা আপনাদের খাতাবহীহইতে সেই টাকা উঠাইয়া ফেলিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

*টাক্স আদায় হইতে না পারিলে তাহার কথা।*

গাড়ী ও ঘোড়াপ্রভৃতি জন্তুর উপর টাক্‌সের কথা।

১২২ ধারা। তৃতীয় তফসীলে যে গাড়ী ও ঘোড়া প্রভৃতি জন্তুর উল্লেখ হইযাছে তাহার উপর টাক্‌স ধার্য্য করিতে স্থির করা গেলে তৃতীয় তফসীলে যে২ প্রকারের গাড়ী ও ঘোড়া ও অন্য জন্তুর কথা বিশেষ করিয়া লেখা গেল, মুনিসিপালিটীর মধ্যে সেই প্রকারের যে গাড়ী প্রভৃতি রাখা যায় কি যাহার নিত্য কার্য্য চলে, কিম্বা মুনিসিপালিটীর মধ্যে কি বাহিরে যাহা ভাড়া দেওয়া গিয়া থাকে ও মুনিসিপালিটীর মধ্যে যাহার নিয়ত কার্য্য চলে, তাহার টাক্‌স দিতে হইবে, কমিশ্যনরেরা সভাগত হইয়া এই আজ্ঞা করিয়া ৩৬২ ধারার নির্দ্দিষ্টমতে ঐ আজ্ঞা প্রচার করাইবেন।

*গাড়ী ঘোড়া প্রভৃতি জন্তুর উপর টাক্সের কথা।*

ঐ টাক্‌স প্রথম যে অর্দ্ধবৎসরে প্রচলিত হইবে তাহার আরম্ভের পূর্ব্বে ন্যূন কল্পে এক মাস থাকিতে ঐ আজ্ঞা প্রচার করা যাইবে, এবং তৃতীয় তফসীলের হারের অনধিক যে হারে ঐ টাক্‌স আদায় করা যাইবে তাহাও ঐ আজ্ঞায় নির্ণয় হইবে।

কিন্তু নিম্নলিখিত গাড়ী প্রভৃতির উপর ঐ টাক্‌স বসান যাইবে না।

(ক) যে সৈনিকেরা সৈন্যদল সংক্রান্ত কর্ম্ম করিতেছেন তাঁহাদের এক২ জনের এক২ ঘোড়া কি টাটু।

(খ) ভারতবর্ষীয় বলণ্টের বিষয়ক ১৮৬৯ সালের আইনের ২৫ ধারামতে যে২ জন্তু মুনিসিপল সকল টাক্সহইতে মুক্ত থাকে সেই২ জন্তু।

(গ) গবর্ণমেণ্টের কি মুনিসিপালিটীর গাড়ী কি ঘোড়াপ্রভৃতি কিম্বা গবর্ণমেণ্ট কি কমিশ্যনে-

or for keeping which for the execution of their duty an allowance is made by the Government or by the Commissioners to any of their officers,

বেরা আপনাদেব কোন কর্ম্মকাবকেব কর্ম্ম নিষ্পাদন কবিবাব জন্যে যে গাড়ী ঘোড়াপ্রভৃতি বাখিবার খবচ দিয়া থাকেন তাহা।

(*d*) animals used by, or exclusively for the purposes of, any regiment,

(ঘ) কোন পল্টনেব দ্বারা কিম্বা কেবল পল্টনের কার্য্যেব নিমিত্ত যে জন্তুব ব্যবহাব হয তাহা।

(*e*) horses or ponies used by police officers, at the rate of not more than one for each officer,

(ঙ) পোলীসেব কর্ম্মকাবকেরা যে ঘোড়াব কি টাটুর ব্যবহার কবেন একং জন কর্ম্মকাবকের পক্ষে একটিব অনধিক ঘোড়া কি টাটু।

(*f*) carriages, the wheels of which do not exceed twenty-four inches in diameter,

(চ) যে গাড়ীব চাকাব আইন চব্বিশ ইঞ্চির অধিক নয সেই গাড়ী।

(*g*) animals under eleven hands in height,

(ছ) ৪৪ ইঞ্চিব উচ্চ নয যে জন্তু তাহা।

(*h*) carriages or animals kept for sale by any *bona fide* dealer in such carriages or animals, and not used for any other purpose

(জ) যাঁহাবা প্রকৃতপ্রস্তাবে গাড়ী ঘোড়াপ্রভৃতি ক্রযবিক্রয় কবেন তাঁহাদেব অন্য কার্য্যের নিমিত্ত নয কেবল বিক্রয কবিবাব জন্যে যে গাড়ী কি ঘোড়াপ্রভৃতি থাকে তাহ ইতি।

Tax so fixed to continue in force until altered

**123** Any order of the Commissioners imposing a tax under the last preceding section shall continue in force until rescinded, and the tax shall be levied at the rates specified in the order published aforesaid, unless and until the Commissioners at a meeting held not less than fifteen days before the end of the year, make and publish an order specifying any different rates at which the tax shall be payable for the ensuing year

তদ্রূপে যে টাকস নির্দ্ধারিত হয তাহা পরিবর্ত্তন না হওয়া পর্য্যন্ত প্রবল থাকাব কথা।

১২৩ ধারা। কমিশ্যনবেবা ইহাব পূর্ব্ব ধাবামতে টাকুস ধার্য্যকরণরূপ যে আজ্ঞা কবেন তাহা যত দিন না বহিত কবা যায তত দিন প্রবল থাকিবে, আব কমিশ্যনবেবা কোন বৎসবের অবসানেব পূর্ব্ব ন্যূন কল্পে পঞ্চদশ দিন থাকিতে সভা কবিযা আগামি বৎসবের টাকুস অন্য হারে আদায হইবার আজ্ঞা যত দিন না করেন ও প্রকাশ না করেন, পূর্ব্বোক্তমতে প্রচাবিত আজ্ঞার নির্দ্দিষ্ট হারে ঐ টাকস তত দিন আদায হইতে থাকিবে ইতি।

Licenses how to be obtained

**124** In any municipality in which a tax has been imposed under the last preceding section, the owner of every carriage, horse, and other animal specified in the third schedule shall, within the first month of each half-year, forward to the Commissioners a statement in writing, signed by him, containing a description of the carriages, horses, and other animals liable to the tax for which he is bound to take out a license

লাইসেন্স যেরূপে পাওয়া যাইবে তাহার কথা।

১২৪ ধারা। কোন মুনিসিপালিটীব মধ্যে ইহাব পূর্ব্ব ধাবামতে টাকস বসান গেলে তৃতীয তফসীলে যে গাড়ী ও ঘোড়া ও অন্য জন্তুর কথা লেখা আছে, টাকস দিবাব যোগ্য সেই গাড়ীর কি ঘোড়াপ্রভৃতির যে স্বামির লাইসেন্স লইতে হইবে তিনি প্রত্যেক অর্দ্ধ বৎসবেব প্রথম মাসেব মধ্যে, সেই গাড়ীব ও ঘোড়াব ও অন্য জন্তুব বর্ণনাপত্র লিখিযা স্বাক্ষব করিযা কমিশ্যনবদেব নিকট পাঠাইবেন।

Such owner shall at the same time pay to the Commissioners such sum as shall be payable by him for the current half-year for the carriages, horses, and other animals specified in such statement, according to the rates specified in any order for the time being in force under the two last preceding sections

আরো ইহাব পূর্ব্ব দুই ধারামতে যৎকালে যে আজ্ঞা প্রবল থাকে তন্মধ্যে যে হার নির্দ্দিষ্ট হইল তদনুসারে স্বামী ঐ বর্ণনাপত্রের লিখিত গাড়ীব ও ঘোড়াপ্রভৃতিব উপব চলিত অর্দ্ধ বৎসরেব টাকসও তৎকালে কমিশ্যনরদিগকে দিবেন ইতি।

Proportionate tax on carriages &c, acquired during half year

**125** If any person acquires possession at any time after the commencement of any half-year, of any carriage, horse, or other animal specified in the third schedule, in respect of which no

অর্দ্ধ বৎসরের মধ্য কোন সময়ে গাড়ী প্রভৃতিব স্বামী হইলে তাহার টাক্সের একাংশ দিবার কথা।

১২৫ ধাবা। কোন অর্দ্ধ বৎসর আবম্ভ হইবাব পর কোন সময়ে কোন ব্যক্তি তৃতীয তফসীলেব উল্লিখিত কোন গাড়ী কি ঘোড়া কি অন্য জন্তু পাইলে, ও তাহার জন্যে সেই অর্দ্ধবৎসরের

license has been given for such half year, he shall forward a statement as above required within one month of the date on which he may have acquired possession thereof, and shall pay such amount of the tax as shall bear the same proportion to the whole tax for the half-year as the unexpired portion of the half-year bears to the half-year, and such amount shall be calculated from the date on which such person may have acquired possession as aforesaid

On payment of tax, Commissioners to give a license

126 On receiving the amount of the tax due as aforesaid, the Commissioners, or some person authorized by them in that behalf, shall give to the person paying the same a license for the several carriages, horses, and other animals for the period in respect of which the amount is received

Such license shall be for the current half-year and no longer

Carriage, &c liable to the tax although the owner be absent

127 Whenever the owner of any carriage, horse, or other animal liable to pay the said tax is not resident within the limits of the municipality to the Commissioners of which the tax is due, the person in whose immediate possession the carriage, horse, or other animal is for the time being kept, shall take out a license for the same

Penalty

128 Whoever keeps or is in possession of any carriage, horse, or other animal without the license required by the three last preceding sections, shall be liable to a fine not exceeding three times the amount payable by him in respect of such license, exclusive of the amount so payable

Commissioners may compound with livery stable keepers

129 The Commissioners at their discretion may compound, for any period not exceeding one year, with livery stable keepers and other persons keeping carriages or animals for hire, for a certain sum to be paid for the carriages or animals so kept by such person, in lieu of the tax at the rates specified in any order made by the Commissioners under sections 122 and 123

List of persons licensed to be prepared

130 The Commissioners shall, from time to time, cause to be prepared and entered in a book, to be kept by them, and to be open to the inspection of any person interested therein, a list of the persons to whom, during the then current half-year, a license has been

নিমিত্ত লাইসেন্স দেওযা না গিয়া থাকিলে, তিনি সেই গাড়ী ও ঘোড়াপ্রভৃতি যে তারিখে পাইলেন, সেই তারিখ অবধি এক মাসের মধ্যে পূর্ব্বোক্ত প্রকারের বর্ণনাপত্র লিখিযা দিবেন, এবং অর্দ্ধ বৎসরের অবশিষ্ট দিন পুরা অর্দ্ধ বৎসরের যে অংশ হয তদনুসারে অর্দ্ধ বৎসরের পুরা টাক্সের একাংশ দিবেন, সেই ব্যক্তি যে তারিখে ঐ গাড়ী ঘোড়া প্রভৃতি পাইলেন সেই তারিখঋঅবধি ঐ টাকার হিসাব ধরিতে হইবে ইতি।

টাক্স দেওয়া গেলে কমিশ্যনরদের লাইসেন্স দিবার কথা।

১২৬ ধারা। কমিশ্যনরেরা পূর্ব্বোক্তমতে টাক্সের পাওনা টাকা পাইলে, যে ব্যক্তি যে কালের নিমিত্ত ঐ টাকা দিলেন কমিশ্যনরেরা কিম্বা তৎকর্ম্মে তাঁহাদের নিযমিতরূপে নিযুক্ত ব্যক্তি তাঁহাকে সেই কালের নিমিত্ত আপন গাড়ীর ও ঘোড়ার ও অন্য জন্তুর লাইসেন্স দিবেন।

ঐ লাইসেন্স চলিত অর্দ্ধ বৎসরের নিমিত্ত প্রবল থাকিবে তাহার পর নয ইতি।

স্বামির অনুপস্থানেও গাড়ীপ্রভৃতির টাক্স লাগিবার কথা।

১২৭ ধারা। উক্ত টাক্স দিবার যোগ্য গাড়ীর কি ঘোড়ার কি অন্য জন্তুর টাক্স যে মুনিসিপালিটীর কমিশ্যনরদের পাওনা হয সেই গাড়ীপ্রভৃতির স্বামী মুনিসিপালিটীর মধ্যে বাস না করিলেও ঐ গাড়ীপ্রভৃতি যৎকালে যে ব্যক্তির অধিকারে থাকে তাঁহারই সেই গাড়ীপ্রভৃতির লাইসেন্স লইতে হইবে ইতি।

দণ্ডের কথা।

১২৮ ধারা। ইহার পূর্ব্ব তিন ধারায় যে লাইসেন্স লইবার আজ্ঞা হইল, কোন ব্যক্তি সেই লাইসেন্স বিনা কোন গাড়ী কি ঘোড়া কি অন্য জন্তু রাখিলে কিম্বা ঐ গাড়ীপ্রভৃতি তাহার অধিকারে থাকিলে, ঐ লাইসেন্সের নিমিত্ত তাহার যত টাকা দিতে হইত তাঁহার তত টাকা ও তাহার তিন গুণের অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

আড়গড়াওয়ালাদের সঙ্গে কমিশ্যনরদের চুক্তি করিবার কথা।

১২৯ ধারা। আডগডাওযালারা ও অন্য যে ব্যক্তিরা ভাড়া দিবার জন্যে গাড়ী কি ঘোড়া রাখেন, কমিশ্যনরেরা ১২২ ও ১২৩ ধারামতে যে আজ্ঞা করেন তন্মধ্যে যে২ হার লেখা থাকে, তাঁহাদের সেই গাড়ীর ও ঘোড়াপ্রভৃতির নিমিত্ত সেই হারানুসারে টাক্স না লইযা, আপনাদের বিবেচনামতে তাঁহাদের সঙ্গে এক বৎসরের অনধিক কালের নিমিত্ত নিরূপিত কতক টাকা দিবার চুক্তি করিতে পারিবেন ইতি।

যে ব্যক্তিদিগকে লাইসেন্স দেওয়া গেল তাঁহাদের নাম নির্ঘণ্ট করিবার কথা।

১৩০ ধারা। কমিশ্যনরেরা একখানি বহী রাখিয়া, তৎকালের চলিত ছয মাসের নিমিত্ত যে ব্যক্তিদিগকে লাইসেন্স দেওযা গেল তাঁহাদের নামের ও তাঁহারা যে২ প্রকারের গাড়ীর ও ঘোড়ার ও অন্য জন্তুর টাক্স দিযাছেন তাহার নির্ঘণ্ট প্রস্তুত করাইযা ঐ বহীতে

given, and of the carriages, horses, and other animals in respect of which they have paid the tax

Power to inspect stable, &c., and to summon persons liable to the payment of the tax

131 The Commissioners, or any person authorized by them in that behalf, may at any time between sunrise and sunset enter and inspect any stable or coach-house, or any place wherein they may have reason to believe that there is any carriage, horse, or other animal liable to the tax, for which a license has not been duly taken out

And the Commissioners may summon any person whom they have reason to believe to be liable to the payment of any such tax, or any servant of such person, and may examine such person or servant as to the number and description of the carriages, horses, and other animals in respect of which such person is liable to be taxed

Refund of tax in certain cases

132 On proof being given to the satisfaction of the Commissioners that a carriage, horse, or other animal for which a license has been taken out for any half-year has ceased to be kept or to be used within the municipality during the course of such half year, the Commissioners shall order a refund of so much of the tax for the half-year as shall bear the same proportion to the whole tax for the half-year as the period during which such carriage, horse, or other animal has not been kept or used in the municipality bears to the half-year, but no such refund shall be allowed unless notice be given to the Commissioners within one month of the time when such use of such carriage, horse, or other animal ceased, and the Commissioners shall pass no order for refund until after the close of the half-year in respect of which the refund is claimed

*Of the Registration of Carts*

Registration and number of carts

133 The Commissioners at a meeting may make and publish an order that every cart, which is kept or habitually used within, or which is let for hire within or without, the municipality, and habitually used within it, shall be registered by the Commissioners with the name and residence of the owner, and shall bear the number of registration in such manner as the said Commissioners shall direct

This section shall not apply to carts—

(a) which are the property of the Government or of the municipality,

লেখাইবেন। উক্ত বিষয়ে যাঁহাদের স্বার্থ থাকে তাঁহারা তাহা দেখিতে পাইবেন ইতি।

আস্তাবলপ্রভৃতি দেখিবার ও যাঁহারা টাক্সদায়ী হন তাঁহাদিগকে সমন করিবার ক্ষমতার কথা।

১৩১ ধারা। যে গাড়ীর কি ঘোড়াপ্রভৃতির উপর টাক্স লাগিতে পারে তাহার নিমিত্ত নিয়মমতে লাইসেন্স না লইয়া কোন আস্তাবলে কি গাড়ীর ঘরে কি অন্য স্থানে সেই প্রকারের গাড়ী কি ঘোড়া কি অন্য জন্তু আছে, কমিশ্যনরদের কিম্বা সেই কর্ম্মে তাঁহাদের নিযুক্ত কোন ব্যক্তির কি ব্যক্তিদের এমত জানিবার কারণ থাকিলে, তাঁহারা সূর্য্যের উদয় ও অস্ত হইবার সময়ের মধ্যে কোন সময়ে সেই স্থানে প্রবেশ করিয়া দেখিতে পারিবেন।

এবং কমিশ্যনরেরা যে কোন ব্যক্তিকে ঐ টাক্সের দায়ী বলিয়া জ্ঞান করেন তাঁহাকে কিম্বা তাঁহার কোন চাকরকে সমন করিয়া যে গাড়ীপ্রভৃতির নিমিত্ত ঐ ব্যক্তি টাক্সের দায়ী হইতে পারেন তাঁহার এমত কত ও কি প্রকারের গাড়ী ও ঘোড়া ও অন্য জন্তু আছে, ঐ ব্যক্তির কি তাঁহার চাকরের নিকট এই কথা জিজ্ঞাসা করিতে পারিবেন ইতি।

কোনং স্থলে টাক্স ফিরিয়া দিবার কথা।

১৩২ ধারা। কোন অর্দ্ধ বৎসরের নিমিত্ত গাড়ির ও ঘোড়ার কি অন্য জন্তুর লাইসেন্স লওয়া গেলে পর, সেই অর্দ্ধ বৎসরের মধ্যে সেই মুনিসিপালিটীতে ঐ গাড়ি প্রভৃতি আর রাখা কি ব্যবহার হইতেছে না, কমিশ্যনরদের সন্তোষমতে ইহার প্রমাণ দেওয়া গেলে, অর্দ্ধ বৎসরের যত দিন ঐ গাড়ী কি ঘোড়া কি অন্য জন্তু আর রাখা কি ব্যবহার হইল না তত দিন পূরা অর্দ্ধ বৎসরের যে অংশ হয় কমিশ্যনরেরা অর্দ্ধ বৎসরের পূরা টাক্সেরও সেই অংশ ফিরিয়া দিবার আজ্ঞা করিবেন। কিন্তু সেই গাড়ী কি ঘোড়া কি অন্য জন্তু যে সময়ে তদ্রূপে আর ব্যবহার হইল না, সেই সময়াবধি এক মাসের মধ্যে কমিশ্যনরদিগকে সেই কথার নোটিস না দেওয়া গেলে ঐ টাকা ফিরিয়া দিবার অনুমতি হইবে না, ও যে অর্দ্ধ বৎসর সম্পর্কে ঐ টাকা ফিরিয়া পাইবার দাওয়া হয় সেই অর্দ্ধ বৎসরের অবসান না হইলে, কমিশ্যনরেরা ঐ টাকা ফিরিয়া দিবার আজ্ঞা করিবেন না ইতি।

গোরুর গাড়ী রেজিষ্টরী করণের কথা।

গোরুর গাড়ি প্রভৃতি রেজিষ্টরী করণের ও নম্বর দেওনের কথা।

১৩৩ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া এই আজ্ঞা করিয়া প্রকাশ করিতে পারিবেন যে, উক্ত মুনিসিপালিটীর মধ্যে যত গোরুর গাড়ী রাখা যায় ও নিয়ত ব্যবহার হয় কিম্বা সেই মুনিসিপালিটীর মধ্যে কি বাহিরে ভাড়া হইয়া ঐ স্থানের মধ্যে নিয়ত ব্যবহার হইয়া থাকে তাহা এবং স্বামির নাম ও বাসস্থান কমিশ্যনরদের দ্বারা রেজিষ্টরী করা যায়, এবং উক্ত কমিশ্যনরেরা রেজিষ্টরীর নম্বর যেরূপে দিতে স্থির করেন তাহা সেইরূপে দেওয়া যাইবে।

এই ধারার বিধান এই২ গোরুর গাড়ীর পক্ষে খাটিবে না।

(ক) গবর্ণমেণ্টের কিম্বা মুনিসিপালিটীর যে গোরুর গাড়ী থাকে,

(*b*) which are kept without the limits of the municipality, and are only temporarily and casually used within such limits,

(*c*) which are kept in Howrah or within the Suburbs of Calcutta

(খ) যে গাড়ী সেই মুনিসিপালিটীর সীমার বাহিরে রাখা গিয়া কদাচিত অল্প কালের নিমিত্তে ঐ সীমার মধ্যে ব্যবহার হইলে, সেই গাড়ী

(গ) যে গাড়ী হাবড়ায় কি কলিকাতার শহরতলীতে রাখা যায় সেই গাড়ী ইতি।

**134** The registration of carts under the last preceding section shall be made, and the numbers assigned yearly or half-yearly, upon such days as the Commissioners shall notify, and such fee as they shall from time to time fix and notify, not exceeding four rupees if the registration has effect for a year, and not exceeding two rupees if the registration has effect for half a year, shall be paid for each registration

*Fee for registration*

১৩৪ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে উক্ত গোরুর গাড়ী বৎসরান্তর কি ছয়২ মাসান্তর রেজিষ্টরী করা যাইবে ও তাহার নম্বর দেওয়া যাইবে। কমিশ্যনরেরা রেজিষ্টরী করিবার দিনের সম্বাদ দিবেন। ও প্রত্যেকবার রেজিষ্টরী করিবার নিমিত্ত তাঁহারা সময়ে২ যত ফী নিরূপণ করিয়া তাহার নোটিস দেন তাহা দেওয়া যাইবে। কিন্তু রেজিষ্টরী এক বৎসর প্রবল থাকিলে ৪৲ টাকার অধিক, ও অর্দ্ধ বৎসর প্রবল থাকিলে ২৲ টাকার অধিক ধরিবেন না ইতি।

*রেজিষ্টরী করিবার ফীর কথা।*

**135** Any person becoming possessed of any cart which has not been registered for the then current period of registration, shall register the same within one month of the date on which he may have become possessed thereof, and the Commissioners shall grant registration in any such case on payment of such amount of the fee as shall bear the same proportion to the whole fee for the current period of registration as the unexpired portion of the current period of registration bears to the whole of such period, and such fee shall be calculated from the date on which such person may have become possessed as aforesaid

*Proportionate payment of fee*

১৩৫ ধারা। রেজিষ্টরী করণের যে সময় চলিতেছে যদি কোন ব্যক্তি সেই সময়ের নিমিত্ত রেজিষ্টরী না হওয়া তদ্রূপ কোন গোরুর গাড়ী পান, তবে ঐ গাড়ী পাইলে পর এক মাসের মধ্যে তাঁহার সেই গাড়ী রেজিষ্টরী করিতে হইবে। এমনস্থলে রেজিষ্টরী করণের সময়ের অবশিষ্ট কাল ঐ রেজিষ্টরী করণের পূরা সময়ের যে অংশ হয় সেই রেজিষ্টরী করণের সময়ের সেই অবশিষ্টাংশের ফী দিলে কমিশ্যনরেরা রেজিষ্টরী করিবার অনুমতি দিবেন, এবং ঐ ব্যক্তির ঐ গাড়ী পাইবার তারিখ অবধি ঐ ফীর হিসাব ধরা যাইবে ইতি।

*ফীর একাংশ দিবার কথা।*

**136** When the ownership of any registered cart is transferred within any period of registration, it shall be registered anew, within one month of the transfer, in the name of the person to whom it has been transferred, and a fee not exceeding four annas shall be paid for every such last-mentioned registration

*Transfer of ownership*

১৩৬ ধারা। রেজিষ্টরী করিবার সময়ের মধ্যে রেজিষ্টরী করা গোরুর গাড়ী অন্য ব্যক্তির হস্তগত হইলে, যাঁহার হাতে যায় তাঁহার হস্তগত হইবার পর এক মাসের মধ্যে তাঁহার নামে তাহা পুনরায় রেজিষ্টরী করা যাইবে। এই প্রকারে পুনশ্চ রেজিষ্টরী করিলে চারি আনার অধিক ফী লাগিবে না ইতি।

*অন্য ব্যক্তির হাতে আইলে তাহার কথা।*

**137** Whoever keeps or is in possession of a cart not duly registered as required by the three last preceding sections, shall be liable to a fine not exceeding three times the amount payable by him in respect of such registration, exclusive of the amount so payable, and whoever, being the owner or driver of any cart, shall fail to affix thereto the registration number as required by section 131, shall be liable to a fine not exceeding five rupees

*Penalty*

১৩৭ ধারা। ইহার পূর্ব্ব তিন ধারায় রেজিষ্টরী করিবার যে বিধান আছে, কোন গোরুর গাড়ী সেই বিধানানুসারে নিয়মমতে রেজিষ্টরী না হইয়া যে ব্যক্তির নিকট কি যাঁহার অধিকারে থাকে, রেজিষ্টরী করিবার যত টাকা লাগে তদতিরিক্ত তাঁহার ঐ টাকার তিন গুণ অর্থদণ্ড হইতে পারিবে। ১৩১ ধারায় রেজিষ্টরী করণের যে নম্বর দেওয়ার আজ্ঞা হইল গোরুর গাড়ীর স্বামী কি গাড়ওয়ান সেই নম্বর লাগাইয়া না দিলে তাহার ৫৲ পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

*দণ্ডের কথা।*

**144** Every lease of a ferry given by the Commissioners as hereinafter provided shall be liable to be cancelled at once, if it shall appear to the Commissioners at a meeting that the lessee has failed to make due provision for the convenience or safety of the public within fifteen days after being required to do so by a notice in writing from the Commissioners

*Cancellation of ferry lease, &c*

On the cancelment of a lease, the Commissioners may take possession of all boats and other appliances which have been used by the lessee in the working of the ferry, and may either retain the same permanently on payment of a fair price to the proprietor, or may retain them for such time as may be necessary, not exceeding three months, until they can make arrangements for such other boats and appliances as may be necessary, in which case the Commissioners shall pay a fair price to the owners for the use of the said boats and appliances

Provided that within a week of taking such possession the Commissioners shall be bound to give notice to the said lessee of the intention to retain the said boats and appliances permanently, or of the period during which they intend to retain them, as the case may be

**145** Any collector or lessee of tolls, or his agent, may refuse to convey any person or goods across a municipal ferry until the proper toll has been paid, and may require any person who refuses to pay the toll to leave the boat and to remove his goods from it

*Toll must be prepaid*

Any person who refuses to leave a municipal ferry-boat or to remove his goods therefrom when required to do so under this section shall be liable to a fine not exceeding ten rupees

*Penalty*

**146** No person shall keep a ferry-boat for the purpose of plying for hire within a distance of two miles above or below any municipal ferry without the previous sanction

*Keeping of unauthorized ferry*

of the Commissioners, if he plies within the limits of the Municipality,

of the Magistrate of the district, if without such limits,

or of the Magistrate of the district and the Commissioners, if one of the two banks between which he plies is within, and the other bank is without, such limits

১৪৪ ধারা। ইহার পশ্চাৎ বিধানমতে কমিশ্যনরেরা খেয়া পাট্টা করিয়া দিলে পর কমিশ্যনরেরা পাট্টাদারের নামে নোটিস লিখিয়া দিয়া তাঁহাকে সাধারণের স্বচ্ছন্দতার ও নিরাপদের উপযুক্ত বিধান করিতে আজ্ঞা দিলেও তিনি পঞ্চদশ দিনের মধ্যে সেই বিধান করেন নাই, কমিশ্যনরেরা সভাগত হইয় ইহ, জানিতে পাইলে, সেই পাট্টা একেবারে রহিত করা যাইতে পারিবে।

*খেয়ার পাট্টাপ্রভৃতি রহিত করিবার কথা।*

পাট্টা রহিত করা গেলে, পাট্টাদার খেয়ার কার্য্য চালাওনে যে সকল নৌকার ও অন্য২ সরঞ্জামের ব্যবহার করিতেন, কমিশ্যনরেরা সেই সকল অধিকার করিয়া লইতে পারিবেন। ও স্বামিকে তাহার উপযুক্ত মূল্য দিয়া তাহা চিরকাল রাখিতে পারিবেন, কিম্বা আর২ যে নৌকার ও সরঞ্জামের আবশ্যক তাহার বিধান না করা পর্য্যন্ত তিন মাসের অনধিক যত দিন আবশ্যক তত দিন তাহা রাখিবেন। এমন স্থলে কমিশ্যনরেরা সেই২ নৌকার ও সরঞ্জামের ব্যবহারের নিমিত্ত স্বামিদিগকে উপযুক্ত মূল্য দিবেন।

পরন্তু ঐ নৌকাদি অধিকার করিয়া লইবার সময়াবধি এক সপ্তাহের মধ্যে পাট্টাদারকে কমিশ্যনরদের ঐ নৌকা ও সরঞ্জাম চিরকালের নিমিত্ত, কিম্বা বিষয়বিশেষে যত দিন রাখিবেন, তত দিন রাখিবার কল্পনার নোটিস দিতেই হইবে ইতি।

১৪৫ ধারা। কোন ব্যক্তি পার হইবার কিম্বা মাল পার করিবার উপযুক্ত মাসুল আগে না দিলে, মাসুল আদায়কারি ব্যক্তি কি পাট্টাদার কি তাঁহার পক্ষ কর্ম্মকারক তাঁহাকে কিম্বা তাঁহার দ্রব্য পার করিয়া দিতে অস্বীকার করিতে পারিবেন, ও কোন ব্যক্তি মাসুল দিতে না চাহিলে তাঁহাকে নৌকাহইতে নামিয়া যাইতে কিম্বা আপনার মাল তুলিয়া লইতে আদেশ করিতে পারিবেন।

*মাসুল অগ্রিম দিবার কথা।*

এই ধারামতে কোন ব্যক্তির প্রতি মুনিসিপল খেয়া নৌকা হইতে উঠিয়া যাইতে কি মাল তুলিয়া লইতে আজ্ঞা হইলেও তিনি তাহা না করিলে তাঁহার দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

*দণ্ডের কথা।*

১৪৬ ধারা। কোন মুনিসিপল খেয়া যে স্থানে থাকে তথাহইতে উজান কি ভাটো দিগে দুই মাইলের মধ্য কোন স্থানে কোন ব্যক্তি পারাণী পয়সা লইয়া খেয়ার নৌকা রাখিতে চাহিলে,

*অনুমতিবিনা খেয়া রাখিবার দণ্ডের কথা।*

যে স্থানে পারাপার হয় তাহা মুনিসিপালিটীর সীমার মধ্যে থাকিলে কমিশ্যনরদের অনু তি না পাইলে,

সেই স্থান ঐ সীমার বাহিরে থাকিলে জিলার মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি না পাইলে,

কিম্বা এক পাড ঐ সীমার মধ্যে, অন্য পাড ঐ সীমার বাহিরে থাকিলে, জিলার মাজিষ্ট্রেটের এবং কমিশ্যনরদের অনুমতি না পাইলে তাহা রাখিতে পারিবেন না।

This section shall not apply to any private ferry which may be in existence at the commencement of this Act.

এই আইন যে সময়ে প্রচলিত হয় সেই সময়ে ব্যক্তি-বিশেষের খেয়া থাকিলে তাহার প্রতি এই ধারা খাটিবে না ইতি।

**147.** Whoever keeps a ferry-boat contrary to the provisions of the last preceding section shall be liable to a fine not exceeding fifty rupees, and to a further fine not exceeding ten rupees for each day during which the offence is continued after he has been required by a notice in writing to desist from such offence

Penalty

১৪৭ ধারা। কোন ব্যক্তি ইহার পূর্ব্ব ধারার বিধান না মানিয়া খেয়া নৌকা রাখিলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও সেই অপরাধ যেন আর না করেন লিখিত নোটিসদ্বারা এই মর্ম্মের আজ্ঞা পাইলে পর যত দিন সেই অপরাধ হইয়া থাকে তত দিন ঐ ব্যক্তির দিনপ্রতি আর দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

### *Of tolls on Roads*

### পথের উপর মাস্থলের কথা।

**148** The Lieutenant-Governor may, with the consent of the Commissioners, make over to the Commissioners any existing toll-bar within the limits of the Municipality, to be administered by the Municipality until the Lieutenant Governor shall otherwise direct, every toll-bar while so administered shall be deemed to be a municipal toll-bar, and the profits derivable from it, or such part thereof as the Lieutenant-Governor shall direct, shall be carried to the credit of the Municipal Fund.

Existing toll bars

১৪৮ ধারা। মুনিসিপালিটীর সীমার মধ্যে মাস্থল আদাযের যে বার থাকে কমিশ্যনরেরা সম্মত হইলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাঁহাদের প্রতি তাহা অর্পণ করিতে পারিবেন, ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব যত দিন অন্যরূপ আজ্ঞা না করেন তত দিন মুনিসিপালিটীর দ্বারা ঐ টৌলবারের কার্য্য নিরূপণ হইবে। টৌল-বারের কার্য্য তদ্রূপে যত দিন নিরূপণ হয় তত দিন তাহা মুনিসিপল টৌল-বার বলিয়া জানা যাইবে ও তাহাহইতে যে লভ্য হয় তাহা কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহার যে অংশ আজ্ঞা করেন সেই অংশ মুনিসিপল ফণ্ডের হিসাবে জমা করিয়া লওয়া যাইবে ইতি।

মাস্থলের যে কাটক আছে তাহার কথা।

**149** The Commissioners at a meeting, with the sanction of the Lieutenant Governor, may establish a toll-bar and levy tolls on any bridge or metalled road which they may have constructed after the commencement of this Act, or at any place within the Municipality adjacent to such bridge or metalled road at which tolls may conveniently be levied on vehicles and animals passing over such bridge or road, and the profits derived therefrom shall be carried to the credit of the Municipal Fund

Commissioners may establish toll bar

১৪৯ ধারা। এই আইন প্রচলিত হইবার পর কমিশ্যনরেরা যে পুল কি পাতরিয়া রাস্তা নির্ম্মাণ করেন কমিশ্যনরেরা সভাগত হইয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক তাহার উপর, কিম্বা ঐ পুলের কি পাতরিয়া রাস্তার সন্নিকট ও মুনিসিপালিটীর অন্তর্গত যে স্থানে ঐ পুলের কি রাস্তার উপর দিয়া গমনীয় গাড়ীর ও জন্তুর উপর সুবিধামতে মাস্থল আদায় হইতে পারে, সেই স্থানে টৌল-বার স্থাপন করিয়া মাস্থল আদায় করিতে পারিবেন। তাহাহইতে যে লভ্য হয় তাহা মুনিসিপল ফণ্ডের হিসাবে জমা করিয়া লওয়া যাইবে।

কমিশ্যনরদের টৌল বার স্থাপন করিবার ক্ষমতার কথা।

Provided that no such toll-bar shall be established or tolls levied otherwise than for the purpose of recovering the expenses incurred in constructing such bridge or road and in maintaining such bridge or road in repair for the five years next after the construction thereof, together with interest on such expenses as hereinafter provided.

কিন্তু ঐ পুল কি রাস্তা প্রস্তুত করিতে যত টাকা খরচ হইল তাহা আদায় করিবার, ও প্রস্তুত হইলে পর পাঁচ বৎসর পর্য্যন্ত সারাইয়া রাখিবার ও পশ্চাৎলিখিত বিধানমতে সেই খরচের উপর সুদ লইবার অভিপ্রায় ছাড়া উক্ত প্রকারের কোন টৌল-বার স্থাপন কি মাস্থল আদায় করিতে হইবে না ইতি।

**150.** Whenever a toll-bar shall have been established and tolls shall be levied as provided in the last preceding section, the Commissioners shall at the end of each year pub-

Commissioners to publish expenses, &c., of toll bars.

১৫০ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে টৌল-বার স্থাপন ও মাস্থল আদায় করা গেলে, কমিশ্যনরেরা প্রতিবৎসরের শেষে আপনাদের কার্য্যালয়ে নিম্ন-

টৌল-বার স্থাপনাদির খরচ কমিশ্যনরদের প্রকাশ করিবার কথা।

**138.** If any person owns or keeps any cart hereinbefore required to be registered without having caused the same to be registered, the Commissioners, or any person authorized by them in that behalf, may seize and detain such cart (provided the same be not employed at the time of seizure in the conveyance of any passengers or goods), together with the animals drawing the same, and all police officers are required, on the application of the Commissioners, or of any servant of the Commissioners duly authorized in that behalf, to assist in the said seizure

Seizure and sale of un registered cart.

After such seizure the Commissioners shall forthwith issue a notice in writing that, after the expiration of ten days, they will sell such vehicle and animals by auction at such place as they may state in the notice, and if any registration fee, together with the cost arising from such seizure and custody, remains unpaid for ten days after the issue of such notice, the Commissioners may sell the property seized for payment of the said fee, and of all expenses occasioned by such non-payment, seizure, custody, and sale

Any balance that may remain out of the proceeds of the sale shall be returned, on demand, if made within twelve months, to the owner of the property, and if unclaimed after such period, shall be credited to the Municipal Fund

Provided that if at any time before the sale is concluded the person whose cart has been seized shall tender to the Commissioners, or the person authorized by them to sell the cart, the amount of all the expenses incurred, and the registration fee payable by him, the Commissioners shall forthwith release the cart so seized

Notwithstanding anything contained in this section, the surplus of the sale proceeds of a cart seized under this section may be devoted to the payment of any fine imposed under the last preceding section, and any cart which has been seized under this section may be sold for the realization of any such fine

*Of Tolls on Ferries*

**139** The Lieutenant-Governor may, with the consent of the Commissioners, make over to the Commissioners any existing public ferry within or adjacent to the limits of the municipality,

Existing public ferries

১৩৮ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে যে গাড়ী রেজিষ্টরী করিতে আজ্ঞা হইল, কোন ব্যক্তি তাহা রেজিষ্টরী না করাইয়া রাখিলে, কিম্বা কোন ব্যক্তির রেজিষ্টরী না করা গাড়ী থাকিলে, কমিশ্যনরেরা কিম্বা তাঁহাদের দ্বারা ক্ষমতাপন্ন কোন ব্যক্তি ঐ গাড়ী ও যে গোরুপ্রভৃতি টানে তাহাও ক্রোক করিয়া আটক রাখিতে পারিবেন। কিন্তু গাড়িতে যে সময়ে চড়নদার কি মাল যাইতেছে সেই সময়ে ক্রোক করিতে হইবে না। আর পোলীসের কর্ম্মকারকদের প্রতি এই আদেশ থাকিল, যে কমিশ্যনরেরা কিম্বা কমিশ্যনরদের যে কোন চাকর তৎপক্ষে নিয়মিতরূপে ক্ষমতা পান তিনি সাহায্য চাহিলে, ঐ গাড়ীপ্রভৃতি ধরিয়া রাখিবার জন্যে তাঁহার সাহায্য করেন।

রেজিষ্টরী না হইলে গাড়ী আটক রাখিয়া বিক্রয় করিবার কথা।

তদ্রূপে ধরা গেলে পর কমিশ্যনরেরা অবিলম্বেই এই মর্ম্মের নোটিস লিখিয়া প্রচার করিবেন যে, ঐ নোটিসে যে স্থান লেখা গেল দশ দিন গত হইলে পর তাঁহারা সেই স্থানে নীলাম করিয়া ঐ গাড়ী ও ঘোড়া বিক্রয় করিবেন। ও সেই নোটিস প্রচার হইলে পর যদি দশ দিনপর্য্যন্ত রেজিষ্টরী করণের কোন ফী ও উক্ত প্রকারে গাড়ী ধরিয়া রাখিবার খরচ বাকী থাকে, তবে কমিশ্যনরেরা ঐ ফী আদায় করিবার এবং তাহা না দেওয়াতে ও ঐ গাড়ী ধরিয়া রাখাতে ও নীলাম করাতে যে খরচ হয় সেই সকল খরচ আদায় করিবার জন্যে ঐ ধৃত গাড়ী প্রভৃতি বিক্রয় করিতে পারিবেন।

নীলাম হইয়া যত টাকা পাওয়া যায়, উক্ত খরচ শোধ হইলে পর উদ্বর্ত্ত থাকিলে, ঐ গাড়ীপ্রভৃতির স্বামী আর বারো মাসের মধ্যে ঐ উদ্বর্ত্ত টাকার দাওয়া করিলে তাঁহাকে দেওয়া যাইবে। সেই সময়ের পর দাওয়া না হইলে, তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে।

কিন্তু যে ব্যক্তির গাড়ী ধরিয়া রাখা গেল নীলাম শেষ হইবার পূর্ব্বে কোন সময়ে তিনি কমিশ্যনরদিগকে কিম্বা যে ব্যক্তি গাড়ী বিক্রয় করিতে অনুমতি পান তাঁহাকে সকল খরচ খরচা ও আপনার দেনা রেজিষ্টরী ফী দিলে, কমিশ্যনরেরা তৎকালেই ক্রোক করা সেই গাড়ী ছাড়িয়া দিবেন।

এই ধারামতে গাড়ী ধৃত হইয়া নীলাম করা গেলে পর উক্ত খরচ শোধ হইয়া যাহা উদ্বর্ত্ত থাকে, ইহার পূর্ব্ব ধারামতে কোন অর্থদণ্ডের আজ্ঞা হইলে, এই ধারায় ভাবান্তরের কোন কথা থাকিলেও, ঐ উদ্বর্ত্ত টাকাহইতে ঐ অর্থদণ্ড দেওয়া যাইতে পারিবে। ও এই ধারামতে যে গাড়ী ধৃত করা যায় উক্ত অর্থদণ্ড আদায়ের নিমিত্ত তাহা বিক্রয় করা যাইতে পারিবে ইতি।

খেয়ার মাসুলের কথা।

১৩৯ ধারা। কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে কি তন্নিকটে যে রাজকীয় খেয়া থাকে, কমিশ্যনরেরা সম্মত হইলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা কমিশ্যনরদের প্রতি অর্পণ

রাজকীয় যে খেয়া আছে তাহার কথা।

to be administered by such Municipality until the Lieutenant-Governor shall otherwise direct

করিতে পারিবেন। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যত দিন অন্যরূপ আজ্ঞা না করেন ঐ মুনিসিপালিটীর দ্বারা তত দিন সেই খেয়ার কার্য্য নিরূপণ হইবে।

Every ferry while so administered shall be deemed to be a municipal ferry, and the profits derivable therefrom, or such part of the profits as the Lieutenant-Governor shall order, shall be carried to the credit of the Municipal Fund

সেই খেয়াব কার্য্য যত দিন তদ্রূপে নিরূপণ হয তত দিন তাহা মুনিসিপল খেযা বলিযা জ্ঞান হইবে। ও তাহাহইতে যে লাভ হয তাহা কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনব সাহেব তাহাব যে অংশ আজ্ঞা করেন সেই অংশ মুনিসিপল ফণ্ডে জমা করিযা লওযা যাইবে ইতি।

**140** The Commissioners may also, with the sanction of the Lieutenant-Governor, declare that any other ferry within or adjacent to the limits of the Municipality is a municipal ferry, and the profits derivable therefrom shall thenceforward be carried to the credit of the Municipal Fund

Other ferries may be declared to be municipal

১৪০ ধাবা। আবো কোন মুনিসিপালিটীব সীমার মধ্যে কি তন্নিকটে অন্য যে খেযা থাকে, কমিশ্যনরেরা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনব সাহেবের অনুমতি লইযা সেই খেযাও মুনিসিপল খেযা বলিযা নির্দ্দেশ করিতে পাবিবেন। তদবধি ঐ খেযাহইতে যে লাভ হয তাহা মুনিসিপল ফণ্ডে জমা কবিয়া লওযা যাইবে।

অন্যং খেয়া মুনিসিপল খেয়া বলিয়া নির্দ্দেশ করিবার কথা।

provided that due compensation shall be made by the Municipality to any person for the loss which he may have sustained in consequence of such ferry being declared to be a municipal ferry

কিন্তু কোন খেযা মুনিসিপল খেযা বলিযা নির্দ্দেশ কবাপ্রযুক্ত কোন ব্যক্তিব হানি হইলে, মুনিসিপালিটী হইতে তাঁহাব সেই হানিপূবণেব উপযুক্ত টাকা দেওযা যাইবে।

The amount of compensation due in such cases shall be ascertained and awarded by the Magistrate under the provisions of section 4 of Bengal Act I of 1866 (*to amend certain provisions of Regulation VI of* 1819) or any similar law for the time being in force

উক্ত স্থলে হানিপূরণস্বরূপ যত টাকা দিতে হইবে মাজিষ্ট্রেট সাহেব ১৮৬৬ সালেব বঙ্গীয ১ আইনের অর্থাৎ ১৮১৯ সালেব ৬ আইনেব কোনং বিধান সংশোধন করণার্থ আইনের ৪ ধাবমেতে কিম্বা তদ্রূপ অন্য যে আইন যৎকালে প্রবল থাকে সেই আইনমতে ঐ কথা নির্ণয করিযা তদ্বিষযেব আজ্ঞা দিবেন ইতি।

**141** Every municipal ferry shall be maintained by the Commissioners, and they shall do all things necessary to provide for the safety and convenience of travellers, and the safety of property to be conveyed in such ferry

Duties of Commissioners in regard to such ferries

১৪১ ধাবা। প্রত্যেক মুনিসিপল খেযা কমিশ্যনরদেব দ্বাবা বক্ষা কবা যাইবে। চডনদাবদেব নিবাপদের ও সুবিধাব জন্যে ও খেযাদ্বারা যে মাল লইযা যাওযা যায তাহাব নিবাপদেব জন্যে যে সকল উপায কবা আবশ্যক তাহা ঐ কমিশ্যনবদেব কবিযা দিতে হইবে ইতি।

ঐ খেযা সম্পর্কে কমিশ্যনরদের কর্ত্তব্যের কথা।

**142** When it has been determined to impose tolls on municipal ferries, the Commissioners at a meeting shall make and publish an order specifying the ferries, and, with the sanction of the Lieutenant-Governor, the rates at which such tolls shall be levied

Rate of tolls to be established and published

১৪২ ধাবা। মুনিসিপল খেযাব উপব মাসুল বসাইতে স্থিব কবা গেলে, কমিশ্যনবেবা সভাগত হইযা ঐ সকল খেযা নির্দ্দিস্ট কবিযা এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবনব সাহেবেব সম্মতিক্রমে ঐ মাসুল যে হাবে লওযা যাইবে ইহাব আজ্ঞা করিযা প্রকাশ করিবেন।

মাসুলের হার স্থাপন করিয়া প্রকাশ করিবান কথা।

Such rates may from time to time be varied with the like sanction

উক্ত সাহেবেব অনুমতি লইযা ঐ মাসুলের হার সমযেং পবিবর্ত্তনও কবা যাইতে পাবিবে ইতি।

**143** No person shall be liable to pay any toll for crossing any river or stream at or near a municipal ferry unless he avails himself of the means provided by the Commissioners for crossing such river or stream

When persons crossing river not liable to toll.

১৪৩ ধাবা। কমিশ্যনরেবা কোন নদী কি স্রোত পাব হইবাব যে উপায় কবিযা থাকেন, কোন ব্যক্তি সেই উপায না ধরিযা মুনিসিপল খেযাব ঘাটে কি তাহার নিকট অন্য উপাযে সেই নদী কি স্রোত পাব হইলে, তাঁহাব পার হইবাব সেই মাসুল দিতে হইবে না ইতি।

যেং স্থলে নদী পার হইলে লোকদের সেই মাসুল দিতে না হইবে তাহার কথা।

lish, by causing it to be posted up at their office, an abstract account showing—

(1) the amount of expenses incurred in the construction of such bridge or road, and in the maintenance of the same,

(2) the amount of interest which has accrued due thereon, at the annual rate of six per centum, and

(3) the amount which has been received from the profits of the said toll-bars,

and as soon as such expenses and interest shall have been recovered as aforesaid such toll-bar shall be removed, and tolls shall no longer be levied on such bridge or road

**151** When it has been determined that tolls shall be levied on any such bridge or road, the Commissioners at a meeting shall make and publish an order, with the sanction of the Lieutenant-Governor, specifying the rates at which such tolls shall be levied

Rates of tolls to be established and published

Such rates may from time to time be varied with the like sanction

**152** Any collector or lessee of tolls may refuse to allow any person to pass through any municipal toll-bar until the proper toll has been paid

Power of collector or lessee in case of refusal to pay toll

**153** Whoever, having driven any vehicle or animal (not exempted from toll) through a toll-gate, refuses to pay the toll, or, with intent to evade payment of the toll, fraudulently avoids passing through such toll-gate, shall be liable to a fine not exceeding fifty rupees

Penalty for refusing to pay or avoiding payment of toll

**154** If the toll due on any vehicle or animal is not paid on demand, the person authorized to collect the same may seize such vehicle or animal, or any part of its burden of sufficient value to defray the toll, and shall give immediate notice of such seizure to the Commissioners.

In case of non payment of toll, vehicle, &c, may be seized and sold

After such seizure the Commissioners shall forthwith issue a notice in writing that after the expiration of ten days they will sell the property seized by auction at such place as they may state in the notice, and if any toll, together with the cost arising from such seizure and custody, remain undischarged for ten days after the issue of such

লিখিত খরচখরচার চুম্বকপত্র লাগাইয়া দিয়া তাহা প্রকাশ করিবেন।—

(১) ঐ পুল কি রাস্তা প্রস্তুত করিতে ও তাহার ব্যয়-পোষণে যত টাকা খরচ হইল।

(২) বৎসর শতকরা ৬ টাকার হিসাবে ঐ টাকার উপর যত সুদ পাওনা হইল।

(৩) ঐ টোল-বারের লাভহইতে যত টাকা পাওয়া গেল।

ও যত টাকা খরচ হইল ও তাহার উপর যত টাকা সুদ পাওনা হয় তাহা পূর্ব্বোক্তমতে আদায় হইলে পর ঐ টোল-বার উঠাইয়া দিতে হইবে ও ঐ পুলের কি রাস্তার উপর মাসুল আর আদায় হইবে না ইতি।

১৫১ ধারা। উক্ত কোন পুলের কি রাস্তার উপর মাসুল আদায় করিয়া লইতে স্থির করা গেলে, সেই মাসুল যে হারে লওয়া যাইবে কমিশ্যনরেরা সভাগত হইয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক সেই হার নিরূপণার্থ আজ্ঞা করিয়া প্রচার করিবেন।

মাসুল যে হারে লওয়া যাইবে তাহা নির্ণয় করিয়া প্রকাশ করিবার কথা।

আরও তাঁহারই অনুমতি গ্রহণপূর্ব্বক ঐ হার সময়েং পরিবর্ত্তন করা যাইতে পারিবে ইতি।

১৫২ ধারা। কোন ব্যক্তি উপযুক্ত মাসুল না দিলে, ঐ মাসুল আদায়কারি কি পাট্টাদার সেই ব্যক্তিকে মুনিসিপল টোল-বার দিয়া যাইতে বারণ করিতে পারিবেন ইতি।

কোন ব্যক্তি মাসুল দিতে না চাহিলে কালেক্টরের কি পাট্টাদারের ক্ষমতার কথা।

১৫৩ ধারা। যে গাড়ী কি জন্তু মাসুলহইতে মুক্ত নয় কোন ব্যক্তি সেই গাড়ী কি জন্তু মাসুলের ফাটক দিয়া লইয়া গেলেও মাসুল দিতে সম্মত না হইলে, কিম্বা মাসুল এড়াইবার অভিপ্রায়ে প্রতারণাভাবে সেই ফাটক দিয়া না গেলে, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

মাসুল না দিবার কি এড়াইবার দণ্ডের কথা।

১৫৪ ধারা। কোন গাড়ীর কি জন্তুর উপর মাসুলের দাওয়া হইবামাত্র দেওয়া না গেলে, যে গাড়ীর কি জন্তুর উপর ঐ মাসুল পাওনা হয় মাসুল আদায় করিবার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ঐ গোরু কি জন্তু কিম্বা বোঝাই যত দ্রব্য দ্বারা ঐ মাসুল আদায় হইতে পারে তাহা ধরিয়া রাখিতে পারিবেন ও তৎকালেই কমিশ্যনরদিগকে তাহা ধরিয়া রাখিবার নোটিস দিবেন।

মাসুল না দেওয়া গেলে গাড়ীপ্রভৃতি ক্রোক হইতে পারিবার কথা।

দ্রব্যাদি পূর্ব্বোক্তমতে ধরিয়া রাখা গেলে পর কমিশ্যনরেরা তৎক্ষণাৎ এই মর্ম্মের নোটিস লিখিয়া প্রচার করিবেন যে, দশ দিন গেলে পর ঐ নোটিসের লিখিত স্থানে ঐ দ্রব্যের নীলাম হইবে। ঐ নোটিস প্রচার করিবার পর সেই মাসুল ও উক্ত গাড়া প্রভৃতি ধরিয়া রাখিবার খরচ দশ দিনের মধ্যে না দেওয়া গেলে ঐ মাসুল আদায় করিবার জন্যে ও তাহা না দেওয়া

notice, the Commissioners may sell the property seized for discharge of the toll, and of all expenses occasioned by such non-payment, seizure, custody, and sale

Any balance that may remain out of the proceeds of the sale shall be returned, on demand, if made within twelve months, to the owner of the property, and if unclaimed after such period shall be credited to the Municipal Fund

Provided that if, at any time before the sale has been concluded, the person whose property has been seized shall tender to the Commissioners, or the officer appointed by them to sell the property, the amount of all the expenses incurred and of the toll payable by him, the Commissioners shall forthwith release the property seized

Notwithstanding anything contained in this section, the surplus of the sale proceeds of any property seized under this section may be devoted to the payment of any fine imposed under the last preceding section, and any property which has been seized under this section may be sold for the realization of any such fine

*Of general provisions relating to tolls on ferries and roads*

Lease of ferry or toll bar

**155** The Commissioners may grant a lease of any municipal ferry or toll bar for any period not exceeding three years

Table of tolls to be hung up

**156** A table of tolls legibly written in the vernacular of the district shall be hung up in some conspicuous position at each end of every municipal ferry, and in some conspicuous position near every municipal toll-bar, so as to be easily read by all persons required to pay the toll

Penalty

**157** Whoever, being a toll-collector or lessee of a municipal ferry or toll-bar, neglects to hang up a table of tolls as required by the last preceding section shall be liable to a fine not exceeding fifty rupees, and to a further fine not exceeding ten rupees for each day during which the offence is continued after he has been required by a notice in writing to desist from such offence

Composition in respect of toll

**158.** The Commissioners or the lessee of any municipal ferry or toll-bar may compound with any person for a certain sum to

প্রযুক্ত ও গাড়ীপ্রভৃতি ক্রোক ও রক্ষা ও বিক্রয করণে যত টাকা খরচ হয তাহা আদায় করিবার জন্যে কমিশ্যনরেরা ঐ ক্রোক করা দ্রব্য বিক্রয় করিতে পারিবেন।

দ্রব্য বিক্রয হইয়া যে টাকা পাওযা যায়, তাহার যাহা উদ্বর্ত্ত থাকে বারো মাসের মধ্যে দাওযা হইলে সেই টাকা ঐ মালের স্বামিকে দেওযা যাইবে। সেই কালের মধ্যে তাহার দাওযা না হইলে ঐ টাকা মুনিসিপল ফণ্ডে জমা করিযা লওয়া যাইবে।

পরন্তু যে ব্যক্তির মাল ক্রোক করা গেল ঐ দ্রব্যের নীলাম শেষ হইবার পূর্ব্বে কোন সময়ে তিনি কমিশ্যনরদিগকে কিম্বা ঐ দ্রব্য বিক্রযার্থে তাঁহাদের নিযুক্ত অন্য কার্য্যকারককে আপনার দেনা মাসুল ও যত টাকা খরচ হইযাছে সেই সমুদয দিতে প্রস্তাব করিলে, কমিশ্যনরেরা তৎক্ষণাৎ ঐ ক্রোক করা সম্পত্তি ছাড়িযা দিবেন।

এই ধারামতে কোন সম্পত্তি ধৃত হইযা বিক্রয় করা গেলে পর উদ্বর্ত্ত থাকিলে, এই ধারায ভাবান্তরের বিধান থাকিলেও ইহার পূর্ব্ব ধারামতে যে অর্থদণ্ড ধার্য্য হয ঐ উদ্বর্ত্তহইতে সেই দণ্ডের টাকা দেওযা যাইতে পারিবে ও এই ধারামতে যে সম্পত্তি ধৃত হইযাছে তাহা ঐ দণ্ডের টাকা আদাযের জন্যে বিক্রয করা যাইতে পারিবে ইতি।

খেযার ও পথের মাসুল বিষযক সাধারণ বিধি।

খেয়ার কি টোল বারের পাট্টা দিবার কথা।

১৫৫ ধারা। কমিশ্যনরেরা তিন বৎসরের অনধিক মিযাদে কোন মুনিসিপল খেযার কি টোল-বারের পাট্টা দিতে পারিবেন ইতি।

মাসুলের ফর্দ্দের কথা।

১৫৬ ধারা। প্রত্যেক মুনিসিপল খেযার দুই পাড়ে, ও প্রত্যেক মুনিসিপল টোল-বারের নিকট কোন স্থানে, ঐ মাসুলের ফর্দ্দ জিলার চলিত ভাষায সুপাঠ্য অক্ষরে লেখা হইযা কোন প্রকাশ স্থানে এমন করিযা লাগাইয়া দেওযা যাইবে, যেন ঐ মাসুল যাঁহাদের দিতে হয তাঁহারা সকলেই তাহা অনাযাসে পড়িতে পারেন ইতি।

দণ্ডের কথা।

১৫৭ ধারা। ইহার পূর্ব্ব ধারায মাসুলের যে ফর্দ্দ টাঙ্গাইযা রাখিবার আজ্ঞা আছে, কোন ব্যক্তি মুনিসিপল খেযার কি টোল-বারের মাসুল আদাযকারি কি পাট্টাদার হইযা সেই ফর্দ্দ টাঙ্গাইযা না রাখিলে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। ও লিখিত নোটিস দ্বারা তাঁহার সেই অপরাধ আর না করিবার আজ্ঞা দেওয়া গেলে পর যত দিন ঐ অপরাধ করিতে থাকেন দিন প্রতি তাঁহার আর দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

মাসুল কুরণ করিয়া লইবার কথা।

১৫৮ ধারা। কোন ব্যক্তি নিয়মিত হারানুসারে মাসুল না দিযা আপনার কিম্বা আপন কোন গাড়ীর কি জন্তুর জন্যে নির্দ্দিষ্ট কতক

be paid by such person for himself or for any vehicles or animals kept by him in lieu of the ordinary toll payable

159 No tolls shall be paid for the passage of troops on the march or of animals or vehicles employed in the transport of such troops,

Exemption.

or of military or Government stores, or the persons in charge of them,

or of military or police officers, or of any public or municipal officer on duty, or of any person in their custody, or of any property belonging to them or in their custody, or of any vehicle or animals employed by such persons for the transport of such property,

or of conservancy carts or other vehicles, or animals belonging to the Commissioners, or of the persons in charge of them,

or of any animals, whether belonging to Government or otherwise, which are attached to a regiment or a military department, and which pass through a toll bar, provided that tolls shall be leviable for conveying such animals over a ferry,

and the Commissioners or their lessees shall not be bound to allow any person or thing not specified above to cross a ferry or to pass a toll-gate without payment of the prescribed toll

But the Commissioners at a meeting may exempt any other class of persons or things from payment of the said toll, and in granting a lease of any ferry or toll-bar may stipulate that any municipal servants and property and any other persons or things shall be allowed to pass without payment of the toll

160 In all cases of resistance to the person authorized to collect tolls, police officers shall assist when required, and for that purpose shall have the same powers as they have in the exercise of their ordinary police duties

Police officers to assist

161 Whoever, being authorized under this Act to collect tolls, demands or takes any higher tolls than the tolls authorized under this Act shall be liable to a fine not exceeding fifty rupees, and in default of payment to one month's imprisonment

Penalty for taking unauthorized tolls

টাকা দিবার বিষয়ে কমিশ্যনরদের কিম্বা মুনিসিপল খেযার কি টোল-বারের ইজারদারের সঙ্গে রফা করিতে পারিবেন ইতি।

১৫৯ ধারা। সৈন্যদের যাত্রাকালে তাহাদের যাইবার কিম্বা তাহারদের দ্রব্যাদি লইযা যাইবার গাড়ীর কি জন্তুর উপর,

কোনং বিষয়ে মুক্ত থাকার কথা।

কিম্বা সৈনিক কি গবর্ণমেণ্টের দ্রব্যাদির কি ঐ দ্রব্যাদি যাহাদের জিম্মায থাকে তাহাদের যাইবার,

কিম্বা সৈনিক কি পোলীসের কর্ম্মকারকদের কিম্বা রাজকীয কি মুনিসিপল কার্য্যকারকদের কর্ত্তব্য কর্ম্ম করণকালে তাঁহাদের, ও তাঁহারদের হেফাজতে থাকা কোন ব্যক্তির, ও তৎকালে তাঁহাদের নিজের কি তাঁহাদের জিম্মায যে সম্পত্তি থাকে তাহার, ও ঐ দ্রব্যাদি লইযা যাইবার জন্যে তাঁহাদের যে গাড়ী কি জন্তু নিযুক্ত থাকে তাহার উপর,

ও কমিশ্যনরদের নগর পরিষ্কার রাখিবার কার্য্যের গোরুর গাড়ীর কি অন্য গাড়ীর কি জন্তুর উপর ও তাহা যে ব্যক্তিদের জিম্মায থাকে তাঁহাদের মাস্তুল লাগিবে না।

কিম্বা গবর্ণমেণ্টের কি অন্য যে জন্তু কোন পল্টনের কি মিলিটরী ডিপার্টমেণ্টের কর্ম্মে নিযুক্ত থাকিয় টোল-বার দিযা যায তাহার উপর মাস্তুল লাগিবে না, কিন্তু খেযার নৌকাদ্বারা ঐ২ জন্তু পার করিবার মাস্তুল লওযা যাইতে পারিবে।

ও যে২ ব্যক্তি কি বিষয পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্ট না থাকে কমিশ্যনরেরা কিম্বা তাঁহাদের পাট্টাদারেরা নির্দ্দিষ্ট মাস্তুল না লইয়া তাঁহাদিগকে কি তাহা খেযার নৌকা দ্বারা পার হইবার কি মাস্তুলের ফাটক দিযা যাইবার অনুমতি দিতে আবদ্ধ হইবেন না।

কিন্তু কমিশ্যনরেরা সভাগত হইয়া অন্য কোন শ্রেণীর লোকদিগকে কি দ্রব্য উক্ত মাস্তুলহইতে মুক্ত করিতে পারিবেন। এবং কোন খেযার কি টোল-বারের পাট্টা দেওন সময়ে তাঁহার এই নিযম করিতে পারিবেন যে, কোন মুনিসিপল কার্য্যকারকেরা ও বিষয ও অন্য কোন ব্যক্তিরা কি দ্রব্য মাস্তুল না দিযা পার হইতে পারিবে ইতি।

১৬০ ধারা। মাস্তুল আদায করিতে যে ব্যক্তির ক্ষমতা থাকে কোন ব্যক্তি তাঁহার বাধা দিলে পোলীসের কর্ম্মকারকদের সাহায্য প্রার্থনা হইলে তাঁহারা সাহায্য করিবেন। পোলীসের চলিত কর্ম্ম নির্ব্বাহ করণে তাঁহাদের যে শক্তি থাকে উক্ত কার্য্যপক্ষেও তাঁহাদের সেই শক্তি থাকিবে ইতি।

পোলীসের সাহায্য করিবার কথা।

১৬১ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে মাস্তুল আদায় করিবার ক্ষমতাপন্ন হইযা এই আইনমতে যত মাস্তুল লইবার অনুমতি পান তাহার অধিক কোন মাস্তুল দাওয়া কি গ্রহণ করিলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও সেই দণ্ড না দিলে তাঁহার এক মাস কারাদণ্ড হইতে পারিবে ইতি।

বিনানুমতির মাস্তুল লইবার দণ্ডের কথা।

### *Of Tolls on Navigable Channels*

Commissioners may be appointed to collect tolls in a navigable channel

**162** If the Lieutenant-Governor has declared that the provisions of the Canals' Act, 1864, or any other similar law for the time being in force, are applicable to any navigable channel which passes through the limits of a Municipality, he may, with the consent of the Commissioners, appoint the Commissioners to collect tolls as provided in section 8 of the said Act, until the Lieutenant-Governor shall otherwise direct, and the profits derivable therefrom, or such part thereof as the Lieutenant-Governor may direct, shall be carried to the credit of the Municipal Fund

In such case the Commissioners shall exercise all the powers vested by such Act in the Collector.

Lieutenant Governor may order Commissioners to cease levying tolls

**163** The Lieutenant-Governor may at any time order that the Commissioners, or any person authorized by them shall cease to levy any tolls under the last preceding section, and may at any time withdraw such order, provided that reasonable compensation shall be paid by the Commissioners to any farmer or other person who has entered into a legal contract with the Commissioners for the collection of such tolls, and whose profits under such contract are diminished by an order of the Lieutenant-Governor passed under this section

## PART V

### OF THE MUNICIPAL POLICE

Police in Municipalities to be appointed under Act V of 1861

**164** All police officers appointed or employed in any Municipality shall be appointed under the provisions of Act V of 1861 (*for the regulation of police*) or of any similar Act for the time being in force for the regulation of the police in the police district within which the Municipality may be situated, and shall be deemed to be a portion of the police establishments under the Government of Bengal, and shall be subject to the provisions of any such Act, except as hereinafter provided

### নৌকাদি যাইবার পথের মাসুলের কথা।

নৌকাদির পথের মাসুল আদায় করণার্থে কমিশ্যনরদের নিযুক্ত হইতে পারিবার কথা।

১৬২ ধারা। কোন মুনিসিপালিটীর সীমার মধ্য দিয়া নৌকাদি গমনের যে জল পথ যায়, তাহার প্রতি খালবিষযক ১৮৬৪ সালের আইনের কিম্বা তদ্রূপ অন্য যে আইন যৎকালে চলন থাকে তাহার বিধান খাটে, শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এমত আজ্ঞা করিলে, তিনি কমিশ্যনরদের সম্মতি লইয়া যত দিন অন্যরূপ আজ্ঞা না করেন তত দিন ঐ আইনের ৮ ধারার বিধানমতে ঐ কমিশ্যনরদিগকে মাসুল আদায় করণার্থে নিযুক্ত করিতে পারিবেন, ও তাহাহইতে যত লভ্য উৎপন্ন হয় তৎসমুদয় কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহার যে অংশ আজ্ঞা করেন সেই অংশ মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে।

এমত স্থলে ঐ আইনে কালেক্টর সাহেবের প্রতি যে সকল ক্ষমতা অর্পিত হইল কমিশ্যনরেরা সেই সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

কমিশ্যনরদিগকে আর মাসুল না লইতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা করিতে পারিবার কথা।

১৬৩ ধারা। কমিশ্যনরেরা কিম্বা তাঁহাদের হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ইহার পূর্ব্ব ধারামতে আর মাসুল আদায় না করেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কোন সময়েই এমত আজ্ঞা করিতে পারিবেন, ও কোন সময়েই সেই আজ্ঞা রহিতও করিতে পারিবেন। কিন্তু যে ইজারদার কি অন্য ব্যক্তি ঐ মাসুল আদায় করিবার জন্যে কমিশ্যনরদের সঙ্গে আইনমতে কোন চুক্তি করিয়া থাকেন, এই ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা হওয়াতে সেই চুক্তিমতে তাঁহার যে লভ্য ছিল তাহা ন্যূন পড়িলে, কমিশ্যনরেরা তাঁহার যুক্তিমতে হানিপূরণ করিয়া দিবেন ইতি।

## পঞ্চম অধ্যায়।

### মুনিসিপাল পোলীসের কথা।

মুনিসিপালিটীর পোলীস ১৮৬১ সালের ৫ আইনমতে নিযুক্ত হইবার কথা।

১৬৪ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে পোলীসের যে সকল কর্ম্মকারক নিযুক্ত হন কি কর্ম্ম পান, পোলীসের বিধানকরণার্থ ১৮৬১ সালের ৫ আইনের বিধানমতে, কিম্বা উক্ত মুনিসিপালিটী পোলীসের যে ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে তথাকার পোলীসের বিধান বিষয়ক অন্য যে আইন যৎকালে প্রবল থাকে সেই আইনমতে, পোলীসের ঐ কর্ম্মকারকদিগকে নিযুক্ত করা যাইবে, ও তাঁহাদিগকে বঙ্গদেশের পোলীসের আমলাগণের একাংশ বলিয়া জ্ঞান করিতে হইবে, ও পশ্চাৎ যে স্থলের অন্য বিধান করা যাইতেছে সেই স্থল ছাড়া তাঁহারা উক্ত কোন আইনের বিধানের অধীনে থাকিবেন ইতি।

Police paid under Act not to be employed beyond Municipality

**165** Except as provided in the next succeeding section, no police officer who forms part of the strength of the municipal police for which the estimate mentioned in section 167 may have been calculated shall be liable to serve beyond the limits of the Municipality save in execution of duties imposed on him by his employment as a police officer of such Municipality

Conditions under which Police may be deputed beyond municipal limits

**166** Whenever it shall appear to the Magistrate or to the District Superintendent of Police that it is necessary for the peace and good management of the district in which any Municipality is situated or of any other district that one or more members of the municipal police force shall be specially deputed to any duty beyond the limits of such Municipality, not being a duty imposed on him or them by their employment as police officers of such Municipality, the Magistrate or District Superintendent may depute such member or members to such duty, which they shall be bound to perform,

Provided that during such deputation the District Superintendent of Police shall make due provision for the efficient performance of police duties within the Municipality

In case of and during such deputation the salaries of the members of the police so deputed, and all other expenses incurred by their deputation, shall be paid by the local Government, and not by the Commissioners

Preparation of Police estimate

**167** From the commencement of this Act, every District Superintendent of Police shall prepare, in such form as may be directed by the Lieutenant-Governor, an estimate of the income and expense of the Police force in every Municipality within his district for the year next following the preparation of such estimate, and shall present the same to the Commissioners of such Municipality at least four months before the beginning of the year to which the estimate relates

Contents of estimate

**168** The Police estimate shall show the number, constitution, and salaries of the police force to be maintained in any such municipality

আইনমতে পোলীসের যে কর্ম্মকারকেরা বেতন পান মুনিসিপালিটীর বহির্ভূত স্থানে তাঁহাদের কর্ম্ম করিতে না হইবার কথা।

১৬৫ ধারা। ১৬৭ ধারায় যে অনুমানপত্রের কথা আছে, মুনিসিপল পোলীসের যে আমলাগণ ধরিয়া সেই অনুমানপত্র করা যায়, পোলীসের যে কর্ম্মকারক সেই আমলাগণের মধ্যে থাকেন, ইহার পশ্চাৎ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন, ঐ মুনিসিপালিটীর সীমার বহির্ভূত স্থানে তাঁহার কোন কর্ম্ম করিতে হইবে না। কেবল ঐ মুনিসিপালিটীর কর্ম্মকারকস্বরূপ তাঁহার প্রতি যে কর্ম্ম করিবার ভার থাকে তাহাই ঐ সীমার বাহিরে করিতে পারিবেন ইতি।

পোলীসকে যে নিয়মে মুনিসিপাল সীমার বহির্ভূত স্থানে পাঠান যাইতে পারে তাহার কথা।

১৬৬ ধারা। কোন মুনিসিপালিটী যে জিলার অন্তর্গত থাকে সেই কিম্বা অন্য কোন জিলার শান্তির ও সুশাসনের জন্যে ঐ মুনিসিপালিটীর পোলীসের কর্ম্মকারকস্বরূপ মুনিসিপল পোলীস দলের এক কি কএক জনের কর্ত্তব্য বলিয়া যে কর্ম্ম নির্দ্ধারিত থাকে তদ্ভিন্ন কোন কর্ম্ম করিবার নিমিত্ত তাঁহাকে কি তাঁহাদিগকে ঐ মুনিসিপালিটীর সীমার বহির্ভূত স্থানে বিশেষমতে প্রেরণ করা আবশ্যক, মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের এমত জ্ঞান থাকিলে, তিনি ঐ কর্ম্ম করিবার জন্যে সেই ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে প্রেরণ করিতে পারিবেন ও তাঁহাদের সেই কর্ম্ম করিতেই হইবে।

কিন্তু তাঁহার কি তাঁহাদের সেই কর্ম্মে নিযুক্ত থাকার সময়ে, পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব মুনিসিপালিটীর মধ্যে পোলীস সংক্রান্ত কার্য্য সফলরূপে নির্ব্বাহ হইবার সদ্বিধান করিবেন।

কোন ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে তদ্রূপে প্রেরণ করা গেলে যত দিন তাঁহারা ঐ কর্ম্মে নিযুক্ত থাকেন তত দিন তদ্রূপে প্রেরিত পোলীসের কর্ম্মকারকদের বেতন ও সেই কর্ম্মে নিযুক্ত থাকন সময়ে তাঁহারদের আর যে খরচ হয় তাহা স্থানীয় গবর্ণমেণ্টহইতে দেওয়া যাইবে কমিশ্যনরদের হইতে নয় ইতি।

পোলীসের অনুমানপত্র প্রস্তুত করিবার কথা।

১৬৭ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব প্রত্যেক মুনিসিপালিটীর আয়ব্যয়ের অনুমানপত্র যে পাঠে প্রস্তুত করিতে আদেশ করেন, পোলীসের প্রত্যেক জন ডিষ্ট্রিক সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এই আইন প্রচলিত হইবার সময়াবধি সেই পাঠে আপন ডিষ্ট্রিকটের অন্তর্গত প্রত্যেক মুনিসিপালিটীর পোলীস দলের আয় ব্যয়ের অনুমানপত্র অর্থাৎ যে সময়ে তাহা প্রস্তুত করেন তাহার পর বৎসরের অনুমানপত্র প্রস্তুত করিবেন। ও সেই বৎসরের আরম্ভ হওয়ার পূর্ব্বে ন্যূনকল্পে চারি মাস থাকিতে ঐ মুনিসিপালিটীর কমিশ্যনরদিগকে তাহা দিবেন ইতি।

অনুমানপত্রে যাহা লিখিতে হইবে তাহার কথা।

১৬৮ ধারা। তদ্রূপ কোন মুনিসিপালিটীর যে পোলীস দলের ব্যয়পোষণ করিতে হইবে তন্মধ্যে কত জন আমলা, ও কাহার কোন্ পদ, ও কে কত বেতন পাইবে, ঐ অনুমানপত্রের মধ্যে এই সকল কথা থাকিবে ইতি।

**169** After the receipt of the police estimate, the Commissioners shall cause the same to be translated into the language usually spoken in such Municipality, and such translation shall be made available for inspection by any tax-payer The estimate shall also be laid before the Commissioners at their next meeting for consideration

*Estimate to be translated and considered by Commissioners*

১৬৯ ধারা। কমিশ্যনবেরা পোলীসের সেই অনুমানপত্র পাইলে পব, ঐ মুনিসিপালিটীতে যে ভাষা চলন থাকে সেই ভাষায তর্জমা কবাইযা, যাহাতে টাকুস দাতা কোন ব্যক্তি ঐ তর্জমা দেখিতে পান ইহাব উপায কবিবেন। তাহার পর কমিশ্যনবদেব যে সভা হয সেই সভায বিবেচনার্থে ঐ অনুমানপত্র তাঁহাদের সম্মুখে অর্পণ কবা যাইবে ইতি।

*অনুমানপত্র কমিশ্যনরদের তর্জমা করিয়া বিবেচনা করিতে হইবার কথা।*

**170** After such meeting the Commissioners shall transmit the police estimate, together with any remarks or objections which the Commissioners at the meeting may record, to the Magistrate of the district for transmission to the Commissioner of the division, and by him to the Lieutenant-Governor

*Estimate to be transmitted to Magistrate and Commissioner of division*

১৭০ ধাবা। সেই সভার অধিবেশনকালে কমিশ্যনবেবা পোলীস সংক্রান্ত অনুমানপত্রেব বিষযে মন্তব্য যে কথা কিম্বা যে আপত্তি লেখেন ঐ সভাব পরে তাঁহাবা তৎসমেত ঐ অনুমানপত্র জিলাব মাজিষ্ট্রেট সাহেবেব নিকটে, ও তিনি দেশখণ্ডেব কমিশ্যনব সাহেবেব নিকটে, ও তিনি শ্রীযুত লেপ্টেনেন্ট গববনব সাহেবেব নিকটে পাঠাইবেন ইতি।

*ঐ অনুমানপত্র মাজিষ্ট্রেট ও খণ্ডেব কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইতে হইবার কথা।*

**171** The Lieutenant-Governor shall consider the police estimate so transmitted to him, and may approve, reject, or modify, and approve as modified, the same or any part thereof

*Lieutenant Governor to decide on estimate*

The Lieutenant-Governor shall also determine whether the whole or some, and what part of the expense of the police provided for in such estimate shall be borne by the Municipality to which the same refers

provided that the expense so to be borne by any Municipality in which the tax on persons is in force shall not exceed for a first class Municipality the average rate of one rupee and eight annas in the year, and for a second class Municipality the average rate of one rupee and four annas in the year, for each holding in respect of the occupation of which the tax is imposed

provided also that the expense so to be borne by any Municipality in which the tax on the value of holdings is in force shall not exceed five per centum on the total annual value of such holdings

১৭১ ধাবা। শ্রীযুত লেপ্টেনেন্ট গববনব সাহেবের নিকটে পোলীসংক্রান্ত যে অনুমানপত্র তদ্রূপে পাঠান যায, তিনি তাহা বিবেচনা করিযা, ঐ পত্র কিম্বা তাহার কোন অংশ অনুমোদন কি অগ্রাহ্য কি মতান্তর কবিতে কিম্বা মতান্তবিতমতে অনুমোদন কবিতে পাবিবেন,

*ঐ অনুমানপত্রবিষযে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনব সাহেবের নিষ্পত্তি করিবার কথা।*

যে মুনিসিপালিটীব ঐ অনুমানপত্র কবা যায ঐ পোলীস দলেব সমুদয খবচ, না তাহাব একাংশমাত্র ঐ মুনিসিপালিটীহইতে দেওযা যাইবে ও তাহাব কোন্ অংশ দেওযা যাইবে, শ্রীযুত লেপ্টেনেন্ট গববনব সাহেব ইহা স্থিব কবিবেন।

কিন্তু যে মুনিসিপালিটীতে ব্যক্তিব উপর টাকুস লওযাব প্রথা চলে, সেই মুনিসিপালিটীহইতে যদি সেই খবচ দেওযা যায, তবে প্রথম শ্রেণীব মুনিসিপালিটী হইলে যে২ যোতেব অধিকাব কবণসম্পর্কে ঐ টাকুস ধার্য্য হয তন্মধ্যে প্রত্যেক যোতের উপব গড়ে বৎসর ১।।০ দেড টাকাব অধিক, ও দ্বিতীয শ্রেণীব মুনিসিপলিটী হইলে প্রত্যেক যোতেব উপর গড়ে বৎসব ১।০ পাঁচ সিকাব অধিক খরচ দিতে হইবে না।

আবো যে মুনিসিপালিটীব মধ্যে যোতের উপব টাকুস লওযাব প্রথা চলে, এমত মুনিসিপালিটীব ঐ খবচ দিতে হইলে ঐ২ যোতের বৎসব২ মোটে যে মূল্য হয তাহার উপর শত কবা ৫৲ টাকাব অধিক খরচ লওযা যাইবে না ইতি।

**172** So much of the police estimate as the Lieutenant-Governor may determine to be borne by any Municipality shall, for the purposes of this Act, be the expense of the police to be borne by such Municipality for the year for which the police estimate shall have been presented

*Amount of estimate to be deemed expense of police force*

১৭২ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব পোলীসসংক্রান্ত অনুমানপত্রেব যত টাকা মুনিসিপালিটীর দিতে হইবে বলিযা নির্ণয় করেন, ঐ অনুমানপত্র যে বৎসবেব খরচ বলিযা উপস্থিত কবা গেল, সেই বৎসরের নিমিত্ত এই আইনের কার্য্যপক্ষে তত টাকাই ঐ মুনিসিপালিটীর পোলীসের খরচ হইবে।

*অনুমানপত্রে যত খরচ ধরা যায় তাহাই পোলীস দলের খরচ বলিয়া জ্ঞান হইবার কথা।*

[*Government Gazette, 9th May* 1876 ]

The amount which may be finally settled shall be entered in the estimates of the Municipality as prepared under section 64

যত টাকা শেষে নির্দ্ধারিত হয়, ৬৪ ধারামতে মুনিসিপালিটীর খরচের যে অনুমানপত্র প্রস্তুত করা যায়, তাহার মধ্যে তত টাকা লেখা যাইবে ইতি।

**Police to be paid monthly**

173 At the close of each month the District Superintendent of Police shall cause to be prepared and laid before the Commissioners a bill showing the actual expenses incurred during the month in the payment of the Police force, and the contingent expenses thereof, and so far as the same is in accordance with the Police estimate, the Commissioners shall cause the amount, or the share thereof which is payable by them under the last preceding section, to be paid from the Municipal Fund

**পোলীসের বেতন মাসে২ দিতে হইবার কথা।**

১৭৩ ধারা। প্রতি মাসে পোলীসদলের বেতন ও নৈমিত্তিক খরচ লইয়া ঠিক যত টাকা খরচ হইল, পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব সেই মাসের শেষে তত টাকার বিল লেখাইয়া কমিশ্যনরদের সম্মুখে অর্পণ করিবেন, আর তাহা পোলীসসংক্রান্ত অনুমানপত্রের সঙ্গে যত দূর মিলে, কমিশ্যনরেরা সেই টাকা, কিম্বা ইহার পুর্ব্ব ধারামতে তাহার যে অংশ তাঁহাদের দেনা হয় সেই অংশ, মুনিসিপল ফণ্ডহইতে দেওয়াইবেন ইতি।

**Magistrate may be vested with functions of District Superintendent**

174 The Lieutenant-Governor may at any time direct that the Magistrate in charge of any division of a district shall be deemed to be the District Superintendent of Police in respect of the Police of any Municipality within his division, or may direct that such Magistrate shall exercise any of the functions of District Superintendent of Police in regard to the Police of any such Municipality.

**মাজিষ্ট্রেট সাহেবের প্রতি ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কার্য্য অর্পণ করিবার কথা।**

১৭৪ ধারা। জিলার কোন খণ্ডে যে মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তৃত্ব থাকে তাঁহাকেই আপন অধীন ঐ খণ্ডের অন্তর্গত পোলীস সম্পর্কে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট বলিয়া জ্ঞান করিতে হইবে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব কোন সময়েই এমত আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা উক্ত কোন মুনিসিপালিটীর পোলীস সম্পর্কে ঐ মাজিষ্ট্রেট সাহেব পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কোন কার্য্য নিষ্পাদন করেন এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

**Saving of authority of Commissioner of Calcutta Police in suburbs**

175 Nothing in this Act shall deprive the Commissioner of Police for the town of Calcutta of any power or authority over the Police in the Suburbs of Calcutta vested in him by Bengal Act II of 1866 (*for the better regulation of the Police within the suburbs of the town of Calcutta*)

**শহরতলীতে কলিকাতার পোলীস কমিশ্যনরের ক্ষমতা প্রবল থাকার কথা।**

১৭৫ ধারা। কলিকাতা নগরের শহরতলীতে পোলীসের সুবিধান করণার্থে ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইনে কলিকাতা নগরের পোলীস কমিশ্যনর সাহেবের প্রতি কলিকাতার শহরতলীর পোলীসের উপর যে ক্ষমতা কি কর্ত্তৃত্ব দেওয়া গেল, এই আইনের কোন কথা দ্বারা তিনি তাহাতে বঞ্চিত হইবেন না।

And the Inspector-General of Police is hereby precluded from exercising over the Police within the said suburbs any of the powers and authorities vested in him by the said Act V of 1861

এবং ১৮৬১ সালের উক্ত ৫ আইনক্রমে পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেবের প্রতি যে২ ক্ষমতা ও কর্ত্তৃত্ব দেওয়া গেল, এতৎক্রমে উক্ত শহরতলীর অন্তর্গত পোলীসের উপর তাঁহার সেই ক্ষমতামতে কার্য্য করিতে নিষেধ হইল ইতি।

**Deputy Commissioner of Police for Suburbs of Calcutta deemed to be District Superintendent under this Act for Suburbs**

176 The Deputy Commissioner of Police for the Suburbs of Calcutta shall, for the purposes of this Act, be deemed to the District Superintendent of the said suburbs

**কলিকাতার শহরতলীর পোলীসের ডেপুটী কমিশ্যনর সাহেবকে শহরতলীতে এই আইনমতে ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট বলিয়া জ্ঞান করিবার কথা।**

১৭৬ ধারা। কলিকাতার শহরতলীর পোলীসের ডেপুটী কমিশ্যনর সাহেবকে এই আইনের কার্য্যপক্ষে উক্ত শহরতলীর ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট বলিয়া জ্ঞান করিতে হইবে ইতি।

## PART VI.

### OF MUNICIPAL REGULATIONS WHICH SHALL BE GENERALLY IN FORCE IN ALL MUNICIPALITIES

*General*

Operations of this Part

**177** The provisions of this Part shall be in force in every Municipality, unless and until the Lieutenant-Governor shall otherwise direct

Lieutenant Governor may order provisions of this Part to be not in force in a Municipality

**178** The Lieutenant Governor may at any time make an order directing that all or any of the said provisions shall not be in force in any Municipality, or in any part thereof, and the provisions mentioned in such order shall cease to be in force in such Municipality or part thereof from the date specified in such order

The Lieutenant-Governor may at any time cancel or modify any order made under this section

Procedure when owners or occupiers required to execute works by Commissioners.

**179.** Whenever it is provided in this Part or in Part VII that the Commissioners or the Commissioners at a meeting may require the owners or the occupiers, or may require the owners and the occupiers, of any land to execute any work or to do anything within a specified time, such requisition shall be made, as far as possible, by a notice to be served in the manner prescribed by sections 364 and 365 on every owner or occupier who is required to execute such work or to do such thing, but if there be any doubt as to the persons who are owners or occupiers, such requisition may be made by a notification to be posted up on or near the spot at which the work is required to be executed or the thing done, requiring the owners or the occupiers, or requiring the owners and occupiers, to execute such work or to do such thing within a specified time, and in such notification it shall not be necessary to name the owners or occupiers

Every requisition as aforesaid shall give notice to the persons to whom it is addressed that, if they fail to comply with the requisition, or to prefer an objection against such requisition as provided in the next succeeding section, the Commissioners will enter upon the land and cause the required work to be executed or the required

## ষষ্ঠ পরিচ্ছেদ।

### যেং মুনিসিপল বিধি সাধারণমতে সকল মুনিসিপালিটীর মধ্যে প্রবল হইবে তদ্বিষয়ক কথা।

সাধারণ।

এই পরিচ্ছেদের বিধান যে স্থলে প্রচলিত হইবে তাহার কথা।

১৭৭ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব যত দিন অন্য আজ্ঞা না করেন এই পরিচ্ছেদের বিধান তত দিন প্রত্যেক মুনিসিপালিটীর মধ্যে প্রচলিত থাকিবে ইতি।

কোনং মুনিসিপালিটীর মধ্যে এই অধ্যায়ের বিধান প্রবল না হওয়ার বিষয়ে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আজ্ঞা করিতে পারিবার কথা।

১৭৮ ধারা। কোন এক মুনিসিপালিটীর মধ্যে কিম্বা তাহার কোন অংশে উক্ত সমস্ত বিধান কি তন্মধ্য কোনং বিধান প্রচলিত না হয়, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কোন সময়েই এমত আজ্ঞা করিতে পারিবেন। তাহা করিলে, ঐ আজ্ঞার মধ্যে যেং বিধানের উল্লেখ হয়, তাহা ঐ আজ্ঞার নির্দ্দিষ্ট তারিখ অবধি সেই মুনিসিপালিটীতে কিম্বা তাহার সেই অংশে আর প্রচলিত থাকিবে না।

এই ধারাক্রমে যে আজ্ঞা করা যায় শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কোন সময়েই তাহা রহিত কি মতান্তর করিতে পারিবেন ইতি।

কমিশ্যনরেরা স্বামিদের কি প্রজাদের প্রতি কোন কার্য্য করিবার আজ্ঞা করিলে কার্য্য প্রণালীর কথা।

১৭৯ ধারা। কমিশ্যনরেরা কিম্বা সভাগত কমিশ্যনরেরা কোন ভূমির স্বামিদিগকে কি প্রজাদিগকে কিম্বা স্বামিদিগকে ও প্রজাদিগকে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে কোন কার্য্য কি কোন বিষয় সম্পাদন করিবার আদেশ দিতে পারিবেন, এই পরিচ্ছেদে কি সপ্তম পরিচ্ছেদে এই মর্ম্মের বিধান থাকিলে, যে স্বামির কি যে প্রজার প্রতি ঐ কার্য্য কি ঐ বিষয় সম্পাদন করিবার আদেশ থাকে, যত দূর পার যায় ৩৬৪ ও ৩৬৫ ধারার নির্দ্দিষ্টমতে ঐ স্বামির কি প্রজার নামে নোটিস দিয়া সেই আদেশ করা যাইবে। কিন্তু স্বামী কি প্রজা কে আছেন, এই বিষয়ে কোন সন্দেহ থাকিলে, যে স্থানে সেই কার্য্য কি বিষয় সম্পাদন করিবার প্রয়োজন থাকে সেই স্থানে কি তাহার নিকটে জ্ঞাপনপত্র লাগাইয়া স্বামিদের কি প্রজাদের কিম্বা স্বামিদের ও প্রজাদের প্রতি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ কার্য্য কি বিষয় সম্পাদন করিতে আদেশ করা যাইবে। সেই জ্ঞাপনপত্রে স্বামিদের কি প্রজাদের নাম লেখা আবশ্যক নাই।

পূর্ব্বোক্ত আদেশপত্র যে ব্যক্তিদের নামে দেওয়া যায় তাঁহাদিগকে ঐ পত্রে এই নোটিসও দেওয়া যাইবে যে, তাঁহারা সেই আদেশমতে কর্ম্ম না করিলে, কিম্বা ইহার পশ্চাৎ ধারার বিধানমতে সেই আদেশের বিপরীত আপত্তি না করিলে, কমিশ্যনরেরা ভূমিতে গিয়া প্রয়োজনীয় সেই কর্ম্ম করাইবেন কিম্বা প্রয়োজনীয় সেই বিষয় সম্পাদন করাইবেন। তাহা হইলে ঐ

thing to be done, and that in such case the expenses incurred thereby will be recovered from the persons who are required in such requisition to execute such work or do such thing

180 Any person who is required by a requisition as aforesaid to execute any work or to do anything may, instead of executing the work or doing the thing required, prefer an objection in writing to the Commissioners against such requisition within five days of the service of the notice or posting up of the notification containing the requisition, or if the time within which he is required to comply with the requisition be less than five days, then within such less time

Persons required to execute any work may prefer objection to the Commissioners

Except as provided in the next succeeding section, such objection shall be heard and disposed of by the Chairman or Vice-Chairman.

181 If the objection shall allege that the cost of executing the work or of doing the thing required will exceed three hundred rupees, such objection shall be heard and disposed of by the Commissioners at a meeting, unless the Chairman or Vice-Chairman shall certify that such cost will not exceed three hundred rupees, in which case the objection shall be heard and disposed of by the Chairman or Vice-Chairman

Procedure if person objecting alleges that work will cost more than Rs 300

Provided that in any case in which the Chairman or Vice-Chairman shall have certified his opinion as aforesaid, and the objection shall in consequence thereof have been heard and disposed of by the Chairman or Vice-Chairman, the person making the objection may, if the requisition made upon him is not withdrawn on the hearing of his objection, pay in the said sum of three hundred rupees to the Commissioners as the cost of executing the work or the thing required, whereupon such person shall be relieved of all further liability and obligation in respect of executing the work, or doing the thing required, and in respect of paying the expenses thereof, and the Commissioners themselves shall execute such work or do such thing, and shall exercise all powers necessary therefor

182 The Chairman or Vice-Chairman, or the Commissioners at a meeting, as the case may be, shall, after hearing the objection and making any inquiry which they may deem necessary, record an order withdrawing, modifying,

Chairman, &c, may make order after hearing objection

কর্ম্ম করাতে যে খরচ লাগে যাঁহাদের প্রতি ঐ কার্য্য করিতে কি ঐ বিষয় সম্পাদন করিতে আদেশ হইয়াছিল তাঁহাদের স্থানে ঐ খরচ আদায় করিয়া লওয়া যাইবে ইতি।

১৮০ ধারা। পূর্ব্বোক্ত আদেশপত্রানুসারে কোন ব্যক্তির প্রতি কোন কার্য্য সম্পাদন করিতে কি কোন বিষয় করিতে আদেশ হইলে, তিনি সেই আদেশমতে কর্ম্ম সম্পাদন না করিয়া কি সেই বিষয় না করিয়া ঐ আদেশসূচক নোটিস দিবার কি ঐ জ্ঞাপনপত্র লাগাইবার দিনাবধি পাঁচ দিনের মধ্যে, কিম্বা পাঁচ দিনের ন্যূন কোন সময়ের মধ্যে তাঁহার সেই কর্ম্ম করিবার আদেশ থাকিলে সেই ন্যূনকালের মধ্যে কমিশ্যনরদের নিকট পত্র লিখিয়া ঐ আদেশের বিপরীত আপত্তি জানাইতে পারিবেন।

যাঁহার প্রতি কোন কর্ম্ম সম্পাদন করিবার আদেশ থাকে কমিশ্যনরদিগকে তাঁহার আপত্তি জানাইতে পারিবার কথা।

ইহার পশ্চাৎ ধারার বিধানের স্থলছাড়া, সভাপতি কি প্রতিনিধি সভাপতি ঐ আপত্তি শুনিয়া নিষ্পত্তি করিবেন ইতি।

১৮১ ধারা। যে কার্য্য সম্পাদন করিবার কি যে বিষয় করিবার আদেশ হইল তাহাতে তিন শত টাকার অধিক লাগিবে বলিয়া আপত্তি হইলে, কমিশ্যনরেরা সভাগত হইয়া সেই আপত্তি শুনিয়া নিষ্পত্তি করিবেন। কিন্তু সভাপতি কি প্রতিনিধি সভাপতি তিন শত টাকার অধিক খরচ লাগিবে না বলিয়া সর্টিফিকট দিলে, সেই সভাপতি বা প্রতিনিধি সভাপতি ঐ আপত্তি শুনিয়া নিষ্পত্তি করিবেন।

ঐ কার্য্যে ৩০০ শত টাকার অধিক লাগিবে বলিয়া আপত্তি করিলে কার্য্যপ্রণালীর কথা।

পরন্তু সভাপতি বা প্রতিনিধি সভাপতি পূর্ব্বোক্ত প্রকারে আপনার অভিমতের সর্টিফিকট দেওয়াতে যদি সেই সভাপতি বা প্রতিনিধি সভাপতি ঐ আপত্তি শুনিয়া নিষ্পত্তি করিয়া থাকেন ও যে ব্যক্তি আপত্তি করিলেন তাঁহার আপত্তি শুনা গেলেও যদি তাঁহার উপর সেই আদেশটি রহিত করিয়া না দেওয়া যায়, তবে তিনি ঐ কার্য্য সম্পাদন করিবার কিম্বা ঐ বিষয় করিবার খরচ বলিয়া কমিশ্যনরদিগকে ঐ তিন শত টাকা দিতে পারিবেন। তাহা হইলে সেই আদেশানুসারে কার্য্য সম্পাদন করিবার কি সেই কার্য্য করিবার ও তৎসংক্রান্ত খরচ দেওয়ার সমস্ত দায় ও নির্ব্বন্ধ হইতে সেই ব্যক্তি একেবারে মুক্ত থাকিবেন। ও কমিশ্যনরের নিজে সেই কার্য্য সম্পাদন করিবেন ও সেই বিষয় করিবেন ও তদর্থে যে সকল ক্ষমতা থাকা আবশ্যক সেই সকল ক্ষমতানুসারে কার্য্য করিবেন ইতি।

১৮২ ধারা। সভাপতি বা প্রতিনিধি সভাপতি কিম্বা বিষয়বিশেষে সভাগত কমিশ্যনরেরা আপত্তি শুনিলে পর ও তদ্রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহা লইলে পর, উক্ত যে আদেশের বিপরীত আপত্তি

আপত্তি শুনিলে পর সভাপতি প্রভৃতির আজ্ঞা করিতে পারিবার কথা।

or making absolute the requisition against which the objection is preferred, and if such order does not withdraw the requisition, it shall specify the time within which the requisition shall be carried out, which shall not be less than the shortest time which might have been mentioned under this Act in the original requisition

উপস্থিত করা গেল, সেই আদেশ রহিত কি মতান্তর কিম্বা স্থির করিবার আজ্ঞা করিবেন। যদি সেই আদেশ রহিত করিবার আজ্ঞা না হইয়া থাকে, তবে যে সময়ের মধ্যে ঐ আদেশমত কর্ম্ম করিতে হইবে ঐ আজ্ঞাপত্রে সেই সময় নির্দ্দেশ করিয়া লিখিত হইবে। কিন্তু প্রথম আদেশপত্রে এই আইনমতে অতি অল্প যে সময় নির্দ্দিষ্ট ছিল তাহার কম সময় দিতে হইবে না ইতি।

Order to be explained orally

183 If the person making such objection be present at the office of the Commissioners, the said order shall be explained to him orally, and if such order cannot be so explained, notice of such order shall be given to the person making the objection in the manner prescribed by Section 364, and such explanation of or service of the notice of the said order shall be deemed a requisition duly made under this Act to execute the work or do the thing required

আজ্ঞার বাচনিক অর্থ করিতে হইবার কথা।

১৮৩ ধারা। যে ব্যক্তি আপত্তি করেন তিনি কমিশ্যনরদের কার্য্যালয়ে উপস্থিত থাকিলে, উক্ত আজ্ঞা তাহাকে মুখের কথা দ্বারা বুঝাইয়া দেওয়া যাইবে। তদ্রূপ বুঝাইয়া দিতে না পারিলে, আপত্তিকারককে ৩৬৪ ধারার বিধানমতে ঐ আজ্ঞার নোটিস দেওয়া যাইবে। ও সেই আজ্ঞার অর্থ বুঝাইয়া দেওয়, কিম্বা ঐ আজ্ঞার নোটিস দেওয়া এই আইনমতে লক্ষিত কার্য্যসম্পাদন করিবার কি বিষয় করিবার নিয়মমত আদেশ বলিয়া জ্ঞান হইবে ইতি।

Power of Commissioners on failure of person to execute work

184 If the person or persons required to execute the work or to do the thing fail, within the time specified in any requisition as aforesaid, to begin to execute such work or to do such thing, and thereafter diligently to continue the same to the satisfaction of the Commissioners until it is completed, the Commissioners or any person authorized by them in that behalf may, after giving forty-eight hours' notice of their intention by a notification to be posted upon or near the spot, enter upon the land and perform all necessary acts for the execution of the work or doing of the thing required, and the expenses thereby incurred shall be paid by the owners or by the occupiers, if such requisition was addressed to the owners or to the occupiers respectively, and by the owners and the occupiers, if such requisition was addressed to the owners and the occupiers

ঐ ব্যক্তি কার্য্যসম্পাদন না করিলে, কমিশ্যনরদের ক্ষমতার কথা।

১৮৪ ধারা। যে ব্যক্তির বা যে ব্যক্তিদের প্রতি উক্ত কর্ম্ম সম্পাদন করিতে বা উক্ত বিষয় করিতে আদেশ হইল, তিনি বা তাঁহারা পূর্ব্বোক্ত কোন আদেশপত্রের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ কার্য্যসম্পাদন করিতে কি ঐ বিষয় করিতে আরম্ভ না করিলে ও তৎপরে সমাপ্ত না হওন পর্য্যন্ত কমিশ্যনরদের হৃদ্বোধমতে তাহ যত্নপূর্ব্বক না চালাইলে, কমিশ্যনরেরা কিম্বা তৎকার্য্যপক্ষে তাঁহাদের হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ঐ স্থানে কি তাহার নিকটে আটচল্লিশ ঘণ্ট থাকিতে জ্ঞাপনপত্র লটকাইয়া আপনাদের মনস্থের নোটিস দিয়া সেই ভূমিতে গিয়া লক্ষিত কার্য্য নির্ব্বাহ করিবার কি লক্ষিত বিষয় সম্পাদন করিবার আবশ্যক সকল কর্ম্ম করিতে পারিবেন। আর যদি ঐ আদেশপত্র স্বামিদের কিম্বা প্রজাদের নামে লেখা গিয়া থাকে তবে স্বামিরা কিম্বা প্রজারা ঐ কার্য্য করণের খরচ দিবেন, কিম্বা স্বামিদের ও প্রজাদের নামে লেখা গিয়া থাকিলে স্বামিরা ও প্রজারা ঐ খরচ দিবেন ইতি।

Commissioners may apportion expenses among owners

185 Whenever any expenses incurred by the Commissioners are to be paid by the owners of any land, as provided in the last preceding section, the Commissioners may, if there be more than one owner, apportion the said expenses among such owners in such manner as to the Commissioners may seem fit

And whenever any such expenses are to be paid by the occupiers of any land, as provided in the last preceding section, the Commissioners may, if there be more than one occupier, apportion the said expenses among such occupiers in such manner as to the Commissioners may seem fit

স্বামিদের স্থানে কমিশ্যনরদের অংশাংশ করিয়া খরচ লইতে পারিবার কথা।

১৮৫ ধারা। কমিশ্যনরদের যখন যে খরচ লাগে, ইহার পূর্ব্ব ধারামতে কোন ভূমির স্বামিদের সেই খরচ দিতে হইলে যদি একের অধিক জন স্বামী থাকেন তবে কমিশ্যনরেরা যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপে ঐ স্বামিদের স্থানে অংশাংশ করিয়া ঐ খরচ লইবেন।

ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কোন ভূমির প্রজাদের সেই খরচ দিতে হইলে, একের অধিক জন প্রজা থাকিলে কমিশ্যনরেরা যদ্রূপে উচিত বোধ করেন তদ্রূপে ঐ প্রজাদের স্থানে ঐ খরচ অংশাংশ করিয়া লইবেন ইতি।

**186** Whenever any expenses incurred by the Commissioners are to be paid by the owners and occupiers of any land, as provided in section 184, the Commissioners may apportion the said expenses among the said owners and occupiers in such manner as to the Commissioners may seem fit

Apportionment among owners and occupiers

১৮৬ ধারা। কমিশ্যনরদের যখন যে খরচ লাগে ১৮৪ ধারার বিধানমতে কোন ভূমির স্বামিদের ও প্রজাদের ঐ খরচ দিতে হইলে, কমিশ্যনরেরা যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপে ঐ স্বামিদের ও প্রজাদের স্থানে ঐ খরচ অংশাংশ করিয়া লইবেন ইতি।

স্বামিদের ও প্রজাদের খরচ অংশাংশ করিবার কথা।

**187** Any expenses incurred, or fee chargeable by the Commissioners under this Part or Part VII, may be recovered from the person liable to pay the same as an arrear of tax under sections 111 to 120 (both inclusive)

Recovery of expenses incurred or fee chargeable

The demand for such expenses or fee shall be made by notice at any time within three months from the date on which the amount thereof shall have been ascertained

১৮৭ ধারা। এই পরিচ্ছেদ কিম্বা সপ্তম পরিচ্ছেদমতে কমিশ্যনরদের যে খরচ লাগে কিম্বা তাঁহাদের দ্বারা যে ফী লওয়া যাইতে পারে, যে ব্যক্তিরা তাহার দায়ী হন তাঁহাদের স্থানে ১১১ অবধি ১২০ পর্য্যন্ত ধারামতে বাকী টাক্সের ন্যায় তাহা আদায় করা যাইতে পারিবে।

যে খরচ লাগে কি যে ফী লওয়া যাইতে পারে তাহা আদায় করিবার কথা।

ঐ খরচ কি ফী যত টাকা হয় ইহা যে তারিখে নিশ্চিতমতে জানা যায়, সেই তারিখ অবধি তিন মাসের মধ্যে কোন সময়ে নোটিস দিয়া ঐ খরচার কি ফীর টাকার দাওয়া করিতে হইবে ইতি।

**188** Whenever any works or any alterations and improvements of which the Commissioners are authorized by this Part or Part VII to require the execution, are executed by the occupier on the requisition of the Commissioners, or are executed by the Commissioners, and the cost thereof is recovered from the occupier, the cost thereof may, if the Commissioners shall certify that such cost ought to be borne by the owner, be deducted by such occupier from the next and following payments of his rent due or becoming due to such owner, or may be recovered by him in any court of competent jurisdiction

Occupier may recover cost of works executed at his expense from owner

১৮৮ ধারা। কমিশ্যনরেরা এই পরিচ্ছেদ বা সপ্তম পরিচ্ছেদমতে যে কোন কার্য্য নির্ব্বাহ করিবার বা যে বিষয় পরিবর্ত্তন ও উৎকৃষ্ট করিবার আদেশ করিতে পারিবেন, তাহা যদি কমিশ্যনরদের আদেশানুসারে প্রজার দ্বারা নির্ব্বাহ হইয়া থাকে, কিম্বা যদি কমিশ্যনরদের দ্বারা নির্ব্বাহ হইয়া প্রজার স্থানে তাহার খরচ আদায় হইয়া থাকে, তবে স্বামির সেই খরচ দেওয়া উচিত কমিশ্যনরেরা এই মর্ম্মের সর্টিফিকট দিলে, প্রজার স্থানে, স্বামির যে খাজানা তৎকালে পাওনা থাকে কি পশ্চাৎ ক্রমাগত পাওনা হয় প্রজা সেই খাজানা হইতে ঐ খরচ বাদ দিয়া রাখিতে পারিবেন, কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে তাহা আদায় করিয়া লইতে পারিবেন ইতি।

প্রজার খরচে যে কার্য্য নির্ব্বাহ করা যায় স্বামির স্থানে তাহার সেই খরচ কিরিয়া পাইবার কথা।

**189.** Any owner or occupier of land may contest his liability to pay any expenses or fees under this Part or Part VII, or may contest the amount which he has been called upon to pay, in a civil court of competent jurisdiction, provided that the fact of such action having been instituted shall be no bar to the recovery of the said amount in the manner prescribed by section 187

Liability to pay expenses or fees may be contested in civil court

১৮৯ ধারা। এই পরিচ্ছেদ কিম্বা সপ্তম পরিচ্ছেদমতে যে খরচ কি ফী দিতে হইবে ভূমির কোন স্বামী কি প্রজা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন দেওয়ানী আদালতে আপনার সেই টাকা দিবার দায়ের প্রতিবাদ কিম্বা তাঁহার যত টাকা দিবার আজ্ঞা হইল তাহার প্রতিবাদ করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ মোকদ্দমা উপস্থিত করা গেলেও ১৮৭ ধারার বিধানমতে ঐ টাকা আদায় করিবার বাধা নাই ইতি।

দেওয়ানী আদালতে খরচ কি ফী দিবার দায়ের প্রতিবাদ হইতে পারিবার কথা।

**190** Where any damages or compensation are by this Chapter directed to be paid by the Commissioners, the amount and, if necessary, the apportionment of the same, in case of dispute, shall be ascertained and determined by a civil court of competent jurisdiction

Damages and compensation how to be determined

১৯০ ধারা। এই অধ্যায়ে কমিশ্যনরদের কোন ক্ষতি কি হানিপূরণের টাকা দিবার আজ্ঞা থাকিলে, তাঁহাদের যত টাকা দিতে হইবে এবং আবশ্যক হইলে অংশাংশমতে যাঁহাকে যত দিতে হইবে এই বিষয়ে বিবাদ হইলে, উপযুক্ত ক্ষমতাপন্ন কোন দেওয়ানী আদালতে তাহা নির্দ্দেশ করিয়া নির্ণয় করা যাইবে ইতি।

ক্ষতি ও ক্ষতিপূরণার্থ টাকা যেরূপে নির্ণয় হইবে তাহার কথা।

*Method of proceeding before the Court*

**191.** In any such case which is to be determined by such Court, such Court may, on the application of either party, summon the other party to appear at a time and place to be named in such summons

Upon the appearance of the parties, or, in the absence of any of them, upon proof of due service of the summons, such Court may hear and determine such question, and, for that purpose, may examine such parties or any of them, and their witnesses, on oath or affirmation, and the costs of every such inquiry shall be in the discretion of such Court, which shall determine the amount thereof

*আদালতের সম্মুখে কার্য্য প্রণালীর কথা।*

১৯১ ধারা। উক্ত প্রকারের কোন মোকদ্দমা উক্ত আদালতের দ্বারা নির্ণয় করিতে হইলে ঐ আদালত এক পক্ষের প্রার্থনামতে অন্য পক্ষের নামে সমন দিয়া ঐ সমনের উল্লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন।

উভয় পক্ষ উপস্থিত হইলে, কিম্বা এক পক্ষ না থাকিলে তাঁহাকে নিয়মমতে সমন দেওয়া গেল প্রমাণ হইলে, ঐ আদালত সেই বিবাদ শুনিয়া নির্ণয় করিবেন, ও এ কার্য্যপক্ষে তিনি শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইয়া ঐ উভয় কি তাঁহাদের কোন পক্ষের ও তাঁহাদের সাক্ষিদের পরীক্ষা লইতে পারিবেন ও সেই অনুসন্ধান লওয়ার খরচ ঐ আদালতের বিবেচনামতে দেওয়া যাইবে ও যত টাকা খরচ দিতে হইবে ঐ আদালত তাহা নির্ণয় করিবেন ইতি।

*Recovery of damages by distress.*

**192.** If the amount of damages or compensation ascertained in the manner above described be not paid by the party liable to pay the same within seven days after demand, such amount may be recovered under a warrant of such Court by distress and sale of the moveable property of such party, and the surplus arising from the sale thereof, after satisfying such amount and the costs of the distress and sale, shall be returned on demand to the party whose property shall have been distrained

*ক্রোক করণ দ্বারা হানি পূরণের টাকা আদায় করিবার কথা।*

১৯২। ক্ষতি কি হানিপূরণের যত টাকা পূর্ব্বোক্ত মতে নির্ণয় করা যায়, তাহা যে পক্ষের দিতে হয় তাঁহার নিকট দাওয়া হইলে পর সাত দিনের মধ্যে না দিলে ঐ আদালতের পরওয়ানাক্রমে ঐ ব্যক্তির অস্থাবর সম্পত্তি ক্রোক ও নিলাম করিয়া ঐ টাকা আদায় করা যাইতে পারিবে। তাহা বিক্রয় হইয়া যে টাকা পাওয়া যায় তাহাহইতে ঐ টাকা এবং ক্রোক ও নিলাম করিবার খরচ শোধ হইলে পর উদ্বর্ত্ত থাকিলে, যাঁহার সম্পত্তি ক্রোক করা গেল তাঁহার দাওয়ামতে ঐ উদ্বর্ত্ত টাকা তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

### *Of Offensive Matter, Rubbish, Privies, and Drains*

### দুর্গন্ধ দ্রব্য ও বাবিশ ও পাইখানা ও নর্দ্দমার কথা।

*Establishments for removal of offensive matter and rubbish*

**193** The Commissioners shall provide all establishments, cattle, carts, and implements required for the removal of offensive matter and rubbish

*দুর্গন্ধ দ্রব্য ও বাবিশ ফেলিবার লোকাদির কথা।*

১৯৩ ধারা। দুর্গন্ধ দ্রব্য ও বাবিশ লইয়া যাইবার জন্যে যে লোকদের ও জন্তুর ও গাড়ির ও হাতিয়ারের আবশ্যক, কমিশ্যনরেরা তাহা যোগাইয়া দিবেন ইতি।

*Hours and mode of removal of offensive matter and rubbish*

**194.** The Commissioners at a meeting may, from time to time, by an order published as prescribed in section 362, appoint the hours within which it shall be lawful to remove offensive matter and the manner in which the same shall be removed, and may provide places convenient for the deposit thereof, and may require the occupiers of houses to cause the same to be deposited daily, or at other stated intervals, in such places, and may remove the same at the expense of the occupier from any house if the occupier thereof fails to do so in accordance with this Act

*দুর্গন্ধ দ্রব্য ও বাবিশ লইয়া যাইবার সময়ের ও নিয়মের কথা।*

১৯৪ ধারা। দুর্গন্ধ দ্রব্য যে২ ঘণ্টার মধ্যে ও যে প্রকারে উঠাইয়া লওয়া যাইবে, কমিশ্যনরেরা সভাগত হইয়া ৩৬২ ধারার বিধানমতে আজ্ঞা প্রকাশ করিয়া সময়ে২ সেই কথা নিরূপণ করিবেন, ও তাহা ফেলিয়া রাখিবার উপযুক্ত স্থান স্থির করিয়া নানা ঘরের প্রজাদিগকে দিন২ কিম্বা নির্দ্দিষ্ট কোন সময়ান্তরে সেই স্থানে ঐ দ্রব্য ফেলাইয়া দিতে আজ্ঞা করিবেন কোন ঘরের প্রজা এই আইনের বিধানমতে তাহা উঠাইয়া না দিলে, কমিশ্যনরেরা তাহা করাইয়া প্রজার স্থানে খরচ লইতে পারিবেন ইতি।

*Mehters must give one month's notice if they leave the service of the Commissioners*

**195.** Whenever such order shall have been published, no mehter, nightman, or other servant of the Commissioners employed to remove offensive matter shall withdraw from his duties without the permission of the Commissioners, unless he has given

*মেহতরেরা কমিশ্যনরদের কর্ম্ম ছাড়িয়া যাইতে চাহিলে এক মাস থাকিতে নোটিস দিতে হইবার কথা।*

১৯৫ ধারা। তদ্রূপ আজ্ঞা প্রকাশ করা গেলে পর, কোন মেহতর কিম্বা বিষ্ঠা কি দুর্গন্ধ দ্রব্য লইয়া যাইবার জন্যে অন্য যে চাকরেরা কমিশ্যনরদের দ্বারা নিযুক্ত হয়, তাহারা কমিশ্যনরদের অনুমতি বিনা কার্য্য ছাড়িয়া যাইতে চাহিলে ন্যূনকল্পে

notice in writing not less than one month previously of his intention so to withdraw

Any mehter, nightman, or other such person who after the said publication withdraws from his duties without giving such notice as aforesaid, shall be liable to rigorous imprisonment for a term not exceeding one month, and shall forfeit all salary which may be due to him

Commissioners may appoint hours for placing rubbish on public road

**196** The Commissioners at a meeting may, from time to time, by an order published as prescribed in section 362, appoint the hours within which only every occupier of any house or land may place rubbish on the public road adjacent to his house or land in order that such rubbish may be removed by the Commissioners, and the Commissioners may charge such fees as they may think fit in respect of the removal of such rubbish, with the consent of the occupier of any house or land, from such house or land, or in respect of the removal from such public road of any rubbish which has accumulated in the exercise of a trade or business

Penalty

**197** Whenever any order as provided in the last preceding section shall have been published in a Municipality, every occupier of any house or land who shall place, or who shall allow his servants to place rubbish on a public road at other than the appointed times, shall be liable to a fine not exceeding twenty rupees

Drains, privies, &c., under control of Commissioners

**198** All drains, privies, and cesspools shall be under the survey and control of the Commissioners

Inspection of drains, privies, and cesspools

**199** The Commissioners, or any officer authorized by them in that behalf, may inspect all privies, drains, and cesspools at any time between sunrise and sunset, after six hours' notice in writing to the occupier of any premises in which such privies, drains, or cesspools are situated, and may, if necessary, cause the ground to be opened where they or he may think fit for the purpose of preventing or removing any nuisance arising from such privies, drains, or cesspools, and the expenses thereby incurred shall be paid by the owner or occupier of such premises

Common privies

**200.** The Commissioners may provide and maintain, in sufficient numbers and in proper situations, common privies and urinals for the separate use of each sex, and shall cause the same to

এক মাস থাকিতে সেই মানসের নোটিস লিখিয়া না জানাইলে, তাহারা কর্ম্ম ছাড়িয়া যাইতে পারিবে না।

সেই আজ্ঞা প্রকাশ করা গেলে পর কোন মেহতর কি বিষ্ঠা লইয়া যাইবার লোক কি উক্ত অন্য চাকর পুর্ব্বোক্তমতে নোটিস না দিয়া আপন কর্ম্ম ছাড়িয়া গেলে, তাহার এক মাসের অনধিক কাল কঠিন পরিশ্রম-সহিত কারাদণ্ড হইতে পারিবে, ও তাহার যে মাহিয়ানা পাওনা থাকে তাহাও পাইবে না ইতি।

সরকারী রাস্তায় রাবিশ ফেলিবার সময় কমিশ্যনরদের নিরূপণ করিবার কথা।

১৯৬ ধারা। কমিশ্যনরদের দ্বারা রাবিশ উঠাইয়া লওয়া যায়, এই নিমিত্ত কোন ঘরের কি ভুমির প্রজারা যে২ ঘণ্টা ছাড়া অন্য ঘণ্টার মধ্যে আপন২ ঘরের ও জমীর নিকট সরকারী রাস্তায় রাবিশ ফেলিতে পারিবে না কমিশ্যনরেরা সময়ে২ সভাগত হইয়া ৩৬২ ধারার বিধানমতে আজ্ঞা প্রকাশ করিয়া সেই২ ঘণ্টা নিরূপণ করিতে পারিবেন। এবং কোন ঘরের কি জমীর প্রজার সম্মতিক্রমে ঐ ঘর কি জমী-হইতে ঐ রাবিশ উঠাইয়া লইয়া যাইবার জন্যে, কিম্বা কোন ব্যবসায় কি কার্য্য চালাওনে যে রাবিশ জমিয়া থাকে সেই সরকারী রাস্তাহইতে তাহা তুলিয়া লইয়া যাইবার জন্যে কমিশ্যনরেরা যত টাকা ফী লওয়া উচিত বোধ করেন তাহা লইতে পারিবেন ইতি।

দণ্ডের কথা।

১৯৭ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে ইহার পুর্ব্ব ধারার বিধানমতে কোন আজ্ঞা প্রকাশ করা গেলে পর, কোন ঘরের কি জমীর প্রজা নির্দ্দিষ্ট সময় ছাড়া অন্য সময়ে সরকারী রাস্তায় রাবিশ ফেলিলে কিম্বা আপন চাকরদিগকে ফেলিতে দিলে তাহার বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

নর্দ্দমা পাইখানা প্রভৃতি কমিশ্যনরদের তত্ত্বাধীনে থাকার কথা।

১৯৮ ধারা। সকল নর্দ্দমা ও পাইখানা ও আঁস্তাকুড কমিশ্যনরদের তত্ত্বে ও কর্ত্তৃত্বাধীনে থাকিবে ইতি।

নর্দ্দমা ও পাইখানা ও আঁস্তাকুড় দেখিবার কথা।

১৯৯ ধারা। যে বাড়ীর মধ্যে পাইখানা কি নর্দ্দমা কি আঁস্তাকুড থাকে, কমিশ্যনরেরা কিম্বা এতৎকার্য্যে তাঁহাদের নিযুক্ত অন্য কর্ম্মকারক ছয় ঘণ্টা থাকিতে সেই বাড়ীর স্বামিকে কি প্রজাকে লিখিয়া সম্বাদ দিলে সূর্য্যের উদয় ও অস্ত হইবার মধ্য কোন সময়ে সেই পাইখানা ও নর্দ্দমা ও আঁস্তাকুড দেখিয়া লইতে পারিবেন। এবং সেই পাইখানা কি নর্দ্দমা কি আঁস্তাকুড দ্বারা যে অনিষ্ট হয় তাহা নিবারণ করিবার কি উঠাইয়া দিবার নিমিত্ত আবশ্যক হইলে তাঁহারা যে স্থানে উচিত বোধ করেন সেই স্থানের মাটি খুঁড়াইয়া ফেলিতে পারিবেন। ইহাতে যে খরচ লাগে তাহা ঐ বাড়ীর স্বামির কি প্রজার দিতে হইবে ইতি।

সাধারণের পাইখানার কথা।

২০০ ধারা। পুরুষ ও স্ত্রীলোকের স্বতন্ত্র ব্যবহারের জন্যে সাধারণ যত পাইখানা ও মূত্রপাত্র করা আবশ্যক, কমিশ্যনরেরা উপযুক্ত স্থানে২ তাহা প্রস্তুত করিয়া রাখিতে পারিবেন। ও

be kept in proper order and to be properly cleansed.

**201** Whenever any land being private property, or within any private enclosure, appears to the Commissioners, by reason of thick or noxious vegetation or jungle, to afford facilities for the commission of a nuisance, or by want of drainage to be in a state injurious to health or offensive to the neighbourhood, the Commissioners may require the owners or occupiers, or the owners and occupiers of such land, within fifteen days, to clear and remove such vegetation or drain such land

Power to require owners to clear noxious vegetation and to improve bad drainage

Provided that if for the purpose of effecting any drainage under this section it shall be necessary to acquire any land not being the property of the person who is required to drain his land, or to pay compensation to any other person, the Commissioners shall provide such land and pay such compensation

**202** Whoever, being an owner or occupier of land, fails to comply with the requisition mentioned in the last preceding section, shall be liable to a fine not exceeding one hundred rupees, and to a further fine, not exceeding twenty rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Penalty

**203** All rubbish and offensive matter collected by the Commissioners from roads, privies, sewers, cesspools, and other places, shall be the property of the Commissioners, who shall have power to sell or otherwise dispose of the same, and the money arising from the sale thereof shall be carried to the credit of the Municipal Fund

All rubbish collected to be the property of Municipal Commissioners

**204** All existing public sewers, drains, and other conservancy works, shall be under the direction and control of the Commissioners, who shall have power to construct any further works of that nature which they may consider necessary

Sewers, drains, &c, under control of the Commissioners

*Of Bathing and Washing Places and Tanks*

**205** All streams, channels, water-courses, tanks, reservoirs, springs, and wells, not being private property, shall, for the purposes of this Act, be under the direction and control of the Commissioners

All public streams &c to be under direction and control of the Commissioners

তাহা উপযুক্তভাবে রাখিবার ও উপযুক্তমতে পরিষ্কার করিবার নিয়ম করিবেন ইতি।

২০১ ধারা। ব্যক্তিবিশেষের সম্পত্তির কি ব্যক্তিবিশেষের আবৃত স্থানের অন্তর্গত কোন ভূমির মধ্যে ভারি ও রোগজনক গাছ্‌গাছ্‌ড়া ও জঙ্গল থাকাতে লোকদের মলমূত্র ত্যাগ করিবার সুবিধা হয়, কিম্বা জল বাহির হইবার পথ না থাকাতে ঐ স্থান কমিশ্যনরদের বিবেচনায় প্রতিবাসিদের অস্বাস্থ্যজনক কিম্বা অনিষ্টজনক হইলে, তাঁহারা সেই ভূমির স্বামি কি প্রজাদিগকে কিম্বা স্বামি ও প্রজাদিগকে পঞ্চদশ দিনের মধ্যে ঐ জঙ্গল পরিষ্কার করিয়া ফেলিতে, কিম্বা ঐ ভূমির জল নির্গত হইবার উপায় করিতে আজ্ঞা করিবেন।

অস্বাস্থ্যজনক জঙ্গল পরিষ্কার করিবার ও জল নির্গত হইবার সদুপায় না থাকিলে তাহা করিবার কথা।

কিন্তু যে ব্যক্তির প্রতি ঐ ভূমির জল নির্গত হইবার উপায় করিতে আজ্ঞা হইল, যদি এই ধারামতে জল নির্গমনের কোন পয়নালা করিবার জন্যে ঐ ব্যক্তির সম্পত্তিছাড়া কোন ভূমি লইবার কিম্বা অন্য কোন ব্যক্তিকে হানিপূরণের টাকা দিবার আবশ্যক হয়, তবে কমিশ্যনরেরা ঐ ভূমি দেওয়াইয়া হানিপূরণের ঐ টাকা দিবেন ইতি।

২০২ ধারা। কোন ব্যক্তি ভূমির স্বামী কি প্রজা হইয়া ইহার পূর্ব্ব ধারার লিখিত আদেশমতে কর্ম্ম না করিলে, তাঁহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে এবং ঐ অপরাধ নির্ণয় হইলে পর যত দিন সেই অপরাধ করিতে থাকেন দিনপ্রতি তাঁহার আর বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

২০৩ ধারা। কমিশ্যনরেরা পথ ও পাইখানা ও নরদমা ও আঁস্তাকুড় প্রভৃতি স্থানহইতে যত রাবিশ ও দুর্গন্ধ দ্রব্য জমা করিয়া লন তাহা কমিশ্যনরদেরই সম্পত্তি হইবে, ও তাঁহারা তাহা বিক্রয় করিতে কিম্বা তাহা লইয়া যাহা ইচ্ছা তাহাই করিতে পারিবেন, তাহাহইতে যে টাকা পাওয়া যায় তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে ইতি।

যত রাবিশ জমা হয় তাহা কমিশ্যনরদের সম্পত্তি হইবার কথা।

২০৪ ধারা। রাজকীয় যত নরদমা ও জল প্রণালী ও নগর পরিপাটী করিবার যত বিষয় থাকে তাহা সকলেই কমিশ্যনরদের আজ্ঞার ও তন্ত্রের অধীনে থাকিবে। তাঁহারা সেই প্রকারের অন্য যে বিষয় করা আবশ্যক জ্ঞান করেন তাহাও প্রস্তুত করিয়া দিতে পারিবেন ইতি।

নরদমা ও জলপ্রণালী প্রভৃতি কমিশ্যনরদের তন্ত্রাধীনে থাকার কথা।

স্নানাদি করিবার স্থানের ও পুকুরের কথা।

২০৫ ধারা। ব্যক্তিবিশেষের সম্পত্তি ছাড়া যত জলস্রোত ও নালা ও জলধারা ও পুকুর ও জলাশয় ও উন্‌হুই ও কূপ থাকে তাহা এই আইনের কার্য্যের নিমিত্ত কমিশ্যনরদের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীনে থাকিবে ইতি।

সাধারণ স্রোতাদি কমিশ্যনরদের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীনে থাকিবার কথা।

206 The Commissioners may, by order published at such places as they may think fit, set apart convenient tanks, or parts of rivers, streams, or channels, not being private property, for the supply of water for drinking and for culinary purposes, and may prohibit therein all bathing, washing of clothes and animals, or other acts calculated to pollute the water set apart for the purposes aforesaid,

Bathing places, &c.

and may similarly set apart a sufficient number of the same for the purposes of bathing,

and a sufficient number for washing animals or clothes, or for any other purpose connected with the health, cleanliness, or comfort of the inhabitants.

২০৬ ধারা। কমিশ্যনরেরা যেং স্থানে উচিত বোধ করেন সেইং স্থানে আজ্ঞা প্রকাশ করিয়া ব্যক্তিবিশেষের পুষ্করিণী প্রভৃতিছাড়া লোকদের পান করিবার ও রন্ধনের কার্য্যের নিমিত্ত জল যোগাইবার জন্যে উপযুক্ত পুষ্করিণী কিম্বা নদীর কি স্রোতের কি নালার একং স্থান নিরূপণ করিতে পারিবেন ও তন্মধ্যে লোকদের স্নান করিবার ও কাপড় কাচিবার ও জন্তুর গা ধুইবার ও অন্য যে কার্য্যদ্বারা পুর্ব্বোক্তমতে নিরূপিত জল ময়লা হইতে পারে সেই কার্য্য করিবার নিষেধ করিতে পারিবেন।

স্নান করিবার স্থানের কথা।

তদ্রূপেও স্নান করিবার জন্যে উপযুক্ত সংখ্যার পুষ্করিণী নিরূপণ করিতে পারিবেন।

ও পশুর গা ধুয়াইবার ও কাপড় কাচিবার ও নগরনিবাসিদের সুস্থ ও পরিষ্কার ও স্বচ্ছন্দভাবে থাকনসংক্রান্ত অন্যং উদ্দেশে যত পুষ্করিণীপ্রভৃতির আবশ্যক হয় তাহা নিরূপণ করিতে পারিবেন ইতি।

207 Whoever disobeys an order passed by the Commissioners under the last preceding section, shall be liable to a fine not exceeding fifty rupees

Penalty

২০৭ ধারা। ইহার পুর্ব্ব ধারামতে কমিশ্যনরেরা যে আজ্ঞা করেন, কোন ব্যক্তি সেই আজ্ঞা না মানিলে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

208 The Commissioners at a meeting may require the owners or occupiers, or the owners and occupiers of any land, within eight days, to cleanse any private tank or pool therein, and to drain off and remove any waste or stagnant water which may appear to be injurious to health or offensive to the neighbourhood

Power to require unwholesome tanks on private premises to be cleansed or drained

২০৮ ধারা। কোন ব্যক্তির জমীর মধ্যে তাঁহার নিজ পুকুরের কিম্বা ডোবার ময়লা কি মরা জলে প্রতিবাসিদের স্বাস্থ্যের হানি হয় কি অনিষ্ট জন্মে এমত বোধ হইলে, কমিশ্যনরেরা সভাগত হইয়া সেই ভূমির স্বামিদিগকে কি প্রজাদিগকে কিম্বা স্বামি ও প্রজাদিগকে আট দিনের মধ্যে সেই পুকুর কি ডোবা পরিষ্কার করিবার এবং নালা কাটাইয়া সেই মরা জল বাহির করিয়া দিবার আজ্ঞা দিতে পারিবেন।

কোন ব্যক্তির বাড়ির মধ্যে অস্বাস্থ্যজনক পুকুর থাকিলে তাহা পরিষ্কার করাইবার ও ও জল বাহির করিয়া দিবার ক্ষমতার কথা।

Provided that if for the purpose of effecting any drainage under this section it shall be necessary to acquire any land not being the property of the person who is required to drain his land, or to pay compensation to any other person, the Commissioners shall provide such land and pay such compensation

যে ব্যক্তির প্রতি জল নির্গমন করাইবার আজ্ঞা হয়, এই ধারামতে ঐ জল নির্গমনের নালা করিবার জন্যে যদি সেই ব্যক্তির সম্পত্তি ছাড়া অন্য ভূমি লইবার কিম্বা অন্য কোন ব্যক্তিকে হানিপূরণের টাকা দিবার আবশ্যক হয়, তবে কমিশ্যনরেরা সেই ভূমি দেওয়াইবেন ও হানিপূরণের সেই টাকা দিবেন ইতি।

209 Whoever, being an owner of land, fails to comply with the requisition mentioned in the last preceding section, shall be liable to a fine not exceeding one hundred rupees, and to a further fine, not exceeding twenty rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Penalty

২০৯ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে আদেশের কথা আছে কোন ব্যক্তি ভূমির স্বামী হইয়া সেই আদেশমতে কর্ম্ম না করিলে তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন ঐ অপরাধ করিতে থাকেন দিন প্রতি তাঁহার আর বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

*Of Obstructions and Encroachments on Roads*

**210** The Commissioners may close temporarily any road or part of a road for the purpose of repairing such road, or for the purpose of constructing any sewer, drain, culvert, or bridge, or for any other public purpose

Power to close a road or part of a road for repairs or other public purpose

Whenever, owing to such repairs or constructions, or from any other cause, any road or part of a road shall be in a state which is dangerous to passengers, the Commissioners shall cause sufficient barriers or fences to be erected for the security of life and property, and shall cause such barriers or fences to be sufficiently lighted from sunset to sunrise

**211** Whoever, without the permission of the Commissioners, by making any excavation or erecting any wall, fence, rail, post, or other obstruction, encroaches upon any drain, sewer, or aqueduct, shall be liable to a fine not exceeding fifty rupees

Penalty for erecting obstruction on road, drain, &c

**212** The Commissioners may issue a notice requiring any person to remove any wall which he may have built, or any fence, rail, post, or other obstruction or encroachment, which he may have erected in or on any road or open drain, sewer, or aqueduct, after the date on which the District Municipal Improvement Act, 1864, or the District Towns' Act, 1868, as the case may be, took effect in the Municipality, or in case neither of the said Acts was in force in the Municipality before the commencement of this Act, then after the date on which this Act may have been extended thereto, and if such person shall fail to comply with such requisition within eight days of the receipt of the same, the Magistrate may, on the application of the Commissioners, order that such obstruction or encroachment be removed, and thereupon the Commissioners may remove any such obstruction or encroachment, and the expenses thereby incurred shall be paid by the person who erected the same.

Removal of future obstructions or encroachments in road

No person shall be entitled to compensation in respect of the removal of any wall, fence, rail, post, or other obstruction under this section

পথাবরোধ ও পথে স্থান যোড়া করিবার কথা।

২১০ ধারা। কমিশ্যনরেরা কোন রাস্তা সারাইবার জন্যে কিম্বা জলপ্রণালী কি নর্দ্দমা কি কলবর্ট কি সাঁকো করিবার জন্যে কিম্বা সাধারণের ব্যবহার্য্য অন্য কার্য্যের জন্যে ক্রিয়ৎকালের নিমিত্ত কোন পথ কিম্বা পথের কোন অংশ বন্ধ রাখিতে পারিবেন।

মেরামত প্রভৃতি কার্য্যের জন্যে রাস্তা কি রাস্তার এক অংশ বন্ধ করিবার ক্ষমতার কথা।

তদ্রূপে পথ সারাইয়া দেওন কি নূতন পথ প্রস্তুত করণহেতুক কিম্বা অন্য কারণে পথিকদের পক্ষে কোন পথ কিম্বা পথের কোন অংশ সঙ্কটজনক হইলে, কাহারও প্রাণের কি সম্পত্তির হানি না হয় এই কারণে কমিশ্যনরেরা উপযুক্তমতে বাঁশ কি বেড়া দিয়া ঐ পথ কি স্থান ঘেরিয়া রাখিবেন ও সূর্য্যাস্তকালাবধি সূর্য্যোদয় পর্য্যন্ত ঐ বেড়াতে উপযুক্ত আলো দেওয়াইবেন ইতি।

২১১ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি না লইয়া কোন গর্ত্ত করিয়া কিম্বা কোন দেয়াল কি বেড়া কি গড়াদিয়া কি থাম কি অবরোধজনক কোন বিষয় স্থাপন করিয়া কোন নর্দমার কি ময়লা জলের বড় নর্দ্দমার কি পয়নালার স্থান যোড়া করিলে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

পথ নর্দমা প্রভৃতির অবরোধজনক বিষয় স্থাপন করিবার দণ্ডের কথা।

২১২ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে মফঃসলের নগর সৌষ্ঠব করণার্থ ১৮৬৪ সালের আইন কিম্বা বিষয় বিশেষে প্রদেশীয় নগর বিষয়ক ১৮৬৮ সালের আইন যে তারিখে প্রচলিত হইতে আরম্ভ হইল, কিম্বা এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যদি পূর্ব্বোক্ত কোন এক আইন ঐ মুনিসিপালিটীর মধ্যে প্রচলিত না হইয়া থাকে, তবে ঐ আইন যে তারিখে ঐ মুনিসিপালিটীতে প্রচলিত করা যায়, সেই তারিখের পর কোন ব্যক্তি কোন পথে কি খোলা নর্দমায় কি ময়লা জলের বড় নর্দমায় কি পয়নালায় কি তাহার উপরে যে দেয়াল গাঁথিল কিম্বা যে বেড়া কি গড়াদিয়া কি থাম কিম্বা অবরোধজনক কি স্থানযোড়াকারি যে বিষয় রাখিল, কমিশ্যনরেরা নোটিস দিয়া তাঁহাকে সেই দেয়াল প্রভৃতি উঠাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। ও সেই ব্যক্তি ঐ নোটিস পাইলে পর আট দিনের মধ্যে তদনুসারে কার্য্য না করিলে, কমিশ্যনরদের প্রার্থনামতে মাজিষ্ট্রেট সাহেব সেই অবরোধজনক কি স্থানযোড়াকারি বিষয় উঠাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে কমিশ্যনরেরা ঐ অবরোধজনক কি স্থানযোড়াকারি বিষয় উঠাইয়া দিতে পারিবেন। ও তাহাতে যে খরচ লাগে, যে ব্যক্তি ঐ বিষয় গাঁথিয়া কি করাইয়া দিলেন তাঁহারই সেই খরচ দিতে হইবে।

ইহার পরে পথে অবরোধজনক কি স্থানযোড়াকারি বিষয় থাকিলে তাহা স্থানান্তর করিবার কথা।

এই ধারামতে কোন দেওয়াল কি বেড়া কি গড়াদিয়া কি থাম কি অবরোধজনক অন্য বিষয় উঠাইয়া দেওয়া যাওয়াতে কোন ব্যক্তির হানিপূরণ পাইবার অধিকার নাই ইতি।

**213** Whoever fails to comply with a requisition of the Commissioners under the last preceding section, within the period specified in such requisition, shall be liable to a fine not exceeding fifty rupees, and to a further fine, not exceeding ten rupees, for each day after the expiration of eight days from the issue of such requisition until the wall, fence, rail, post, or other obstruction or encroachment is removed.

*Penalty*

**214** If the person who built or erected the said wall, fence, rail, post, or other obstruction or encroachment is not known or cannot be found, the Commissioners may cause a notice to be posted up in the neighbourhood of the said wall, fence, rail, post, or other obstruction or encroachment, requiring any person interested in the same to remove it, and it shall not be necessary to name any person in such requisition, and if the said wall, fence, rail, post, or other obstruction or encroachment be not removed in compliance with the requisition contained in such notice within eight days of the posting up of the same, the Magistrate may, on the application of the Commissioners, order that such obstruction or encroachment be removed, and thereupon the Commissioners may remove any such obstruction or encroachment, and may recover the cost of such removal by sale of the materials so removed

*Procedure when person who erected obstruction cannot be found*

Any surplus of such sale proceeds shall on demand be restored to the owners of such materials, and, if unclaimed, shall, after the lapse of one year, be carried to the credit of the Municipal Fund

**215** The Commissioners may give notice in writing to the owner or occupier of any house requiring him to remove or alter any projection, encroachment, or obstruction erected or placed against or in front of such house which may have been so erected or placed after the date on which the District Municipal Improvement Act, 1864, or the District Towns' Act, 1868, as the case may be, took effect in the Municipality, or in case neither of the said Acts was in force in the Municipality before the commencement of this Act, then after the date on which this Act may have been extended thereto, if the same overhangs the road, or juts into, or in any way projects or encroaches upon, or is an obstruction to the safe and convenient passage along any road,

*Projections from houses erected in future to be removed*

২১৩ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে কমিশ্যনরদের যে আদেশ করা যায়, কোন ব্যক্তি সেই আদেশপত্রের নিরূপিত সময়ের মধ্যে তদনুসারে কার্য্য না করিলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, এবং ঐ আদেশপত্র বাহির হইবার সময়াবধি আট দিন গত হইলে পর, যত দিন ঐ দেয়াল কি বেড়া কি গরাদিয়া কি থাম কি অবরোধজনক কি স্থানযোড়াকারি বিষয় উঠাইয়া না দেওয়া যায় তত দিন তাঁহার দিনপ্রতি আর দশ টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

*দণ্ডের কথা।*

২১৪ ধারা। যে ব্যক্তি ঐ দেয়াল কি বেড়া কি গরাদিয়া কি থাম কি অবরোধজনক কি স্থানযোড়াকারি ঐ বিষয় স্থাপন করিলেন তাঁহার পরিচয় জানা না গেলে কিম্বা তাঁহার উদ্দেশ পাওয়া যাইতে না পারিলে, কমিশ্যনরেরা ঐ দেয়ালের কি বেড়ার কি গরাদিয়ার কি থামের কি অবরোধজনক কি স্থানযোড়াকারি ঐ বিষয়ের নিকট নোটিস লাগাইয়া ঐ বিষয়ে যে ব্যক্তির সম্পর্ক থাকে তাঁহাকে সেই বিষয় উঠাইয়া দিতে আজ্ঞা করিবেন, ঐ আদেশপত্রে কোন ব্যক্তির নাম লিখিবার প্রয়োজন নাই। আর ঐ নোটিস লাগাইয়া দিবার পর আট দিনের মধ্যে যদি সেই নোটিসের লিখিত আদেশানুসারে ঐ দেয়াল কি বেড়া কি গরাদিয়া কি থাম কি অবরোধজনক কি স্থানযোড়াকারি ঐ বিষয় উঠাইয়া না দেওয়া যায়, তবে কমিশ্যনরদের প্রার্থনামতে মাজিষ্ট্রেট সাহেব অবরোধজনক কি স্থানযোড়াকারি ঐ বিষয় উঠাইয়া দিতে আজ্ঞা করিবেন। তাহা হইলে কমিশ্যনরেরা অবরোধজনক কি স্থানযোড়াকারি ঐ বিষয় উঠাইয়া দিয়া ঐ বিষয়ের সরঞ্জাম বিক্রয় করিয়া উঠাইয়া দিবার খরচ লইতে পারিবেন।

*যে ব্যক্তি অবরোধজনক বিষয় স্থাপন করিলেন তাঁহার উদ্দেশ পাওয়া না গেলে তাহার কথা।*

তাহা বিক্রয় করিয়া ও সেই খরচ আদায় করিয়া উদ্বর্ত্ত থাকিলে ঐ সরঞ্জামের স্বামিদের দাওয়ামতে তাঁহাদিগকে দেওয়া যাইবে, দাওয়া না হইলে এক বৎসরের পর তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে ইতি।

২১৫ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে মফঃসলের নগর সৌষ্ঠব করণার্থ ১৮৬৪ সালের আইন কিম্বা বিষয়বিশেষে প্রদেশীয় নগরবিষয়ক ১৮৬৮ সালের আইন যে তারিখে প্রচলিত করা যায়, কিম্বা এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে পূর্ব্বোক্ত কোন আইন ঐ মুনিসিপালিটীতে প্রচলিত করা না গেলে এই আইন যে তারিখে সেই মুনিসিপালিটীতে প্রচলিত করা যায় সেই তারিখের পর কোন ঘরের আড়ালে কি অগ্রভাগে বাড়াইয়া থাক কি স্থানযোড়াকারি কি অবরোধক কোন বিষয় নির্ম্মিত কি স্থাপিত হইলে, ও তাহা কোন রাজপথের উপর ঝুঁকিয়া কি বাড়িয়া থাকিলে কিম্বা পথের উপর বাড়িয়া থাকাতে স্থান যোড়া করিলে, কি পথ দিয়া নির্ব্বিঘ্নে ও স্বচ্ছন্দে গমনের বাধা জন্মাইলে,

*ঘরের কোন অংশ বাড়িয়া থাকিলে তাহা স্থানান্তর করিবার কথা।*

or obstructs or projects or encroaches into or upon any uncovered aqueduct, drain, or sewer in such road ,

কিম্বা সেই পথের পার্শ্বের কোন খোলা প্রণালী কি পয়মালা কি নর্দমাজুলীর বাধা হইলে কি তাহার উপর বাড়িয়া পড়িলে কি স্থান যোড়া করিলে, কমিশ্যনরেরা সেই ঘরের স্বামিকে কি প্রজাকে সেই বিষয় উঠাইয়া দিবার কি পরিবর্ত্তন করিবার নোটিস লিখিয়া দিতে পারিবেন।

and if such owner or occupier shall fail to comply with such requisition within eight days of the receipt of the same, the Magistrate may, on the application of the Commissioners, order that such projection, encroachment, or obstruction be removed or altered, and thereupon the Commissioners may remove or alter such projection, encroachment, or obstruction, and the expenses thereby incurred shall be paid by the owner or occupier so making default

ও স্বামিকে কি প্রজাকে ঐ নোটিস দেওয়া গেলে পর আট দিনের মধ্যে তিনি ঐ আদেশ অনুসারে কর্ম্ম না করিলে মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যনরদের প্রার্থনামতে ঐ বাড়ান কি স্থানযোড়াকারি কি অবরোধজনক বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিবার আজ্ঞা দিতে পারিবেন, তাহা হইলে, কমিশ্যনরেরা সেই বাড়ান কি স্থান-যোড়াকারি কি অবরোধজনক বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিতে পারিবেন। ও তাহা করিবার খরচ ঐ ত্রুটিকারি স্বামির কি প্রজার দিতে হইবে।

No person shall be entitled to compensation in respect of the removal of any projection, obstruction, or encroachment under this section

যে ভাগটি বাহির হইয়া থাকে কিম্বা পথ অবরোধ কি স্থান যোড়া করে, তাহা এই ধারামতে স্থানান্তর করিয়া দেওয়া হেতুক কোন ব্যক্তির হানিপূরণ পাইবার অধিকার থাকিবে না ইতি।

**216.** Whoever fails to comply with a requisition of the Commissioners under the last preceding section, within the period specified in such requisition, shall be liable to a fine not exceeding fifty rupees, and to a further fine, not exceeding ten rupees, for each day after the expiration of eight days from the issue of such requisition until the projection, encroachment, or obstruction is removed

Penalties

২১৬ ধারা। কমিশ্যনরেরা ইহার পূর্ব্ব ধারামতে যে আদেশ করেন কোন ব্যক্তি ঐ আদেশপত্রের নিরূপিত সময়ের মধ্যে সেই আদেশানুসারে কর্ম্ম না করিলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। এবং ঐ আদেশপত্র বাহির হইবার সময়াবধি আট দিন গত হইলে পর যত দিন ঐ বাড়ান কি স্থান-যোড়াকারী কি অবরোধজনক বিষয় স্থানান্তর করিয়া না দেওয়া যায় তত দিন তাঁহার দিন প্রতি আর দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

**217** Every order made by the Magistrate under section 212, section 214, or section 215, shall be deemed to be an order made by him in the discharge of his judicial duty, and the Commissioners shall be deemed to be persons bound to execute such orders of a Magistrate within the meaning of Act XVIII of 1850 *(for the protection of Judicial Officers)*

Effect of order made under sections 212, 214, 215

২১৭ ধারা। মাজিষ্ট্রেট সাহেব ২১২ বা ২১৪ বা ২১৫ ধারামতে যে আজ্ঞা করেন, আপনার বিচার কার্য্য নির্ব্বাহ করণক্রমে সেই আজ্ঞা করা গেল এমত জানিতে হইবে, এবং (বিচার কর্ত্তাদের রক্ষা করণার্থ) ১৮৫০ সালের ১৮ আইনের মর্ম্মানুসারে কমিশ্যনর-দিগকে তাঁহার সেই আজ্ঞামতে কার্য্য করিতে বদ্ধ ব্যক্তি বলিয়া জানিতে হইবে ইতি।

২১২, ২১৪, ২১৫ ধারামতে যে আজ্ঞা করা যায় তাহার ফলের কথা।

**218** Whenever any house, part of which projects beyond the regular line of a road, or beyond the front of the house on either side thereof, shall be burnt down or otherwise destroyed, or shall be taken down in order to be rebuilt or repaired, the Commissioners may require the same to be set back to, or beyond the line of the road or the line of the adjoining house, and shall make reasonable compensation to the owner of such house for any damage he may thereby sustain.

Houses projecting beyond line of road when taken down to be set back

২১৮ ধারা। যদি কোন ঘরের কোন ভাগ পথের অবধারিত সীমা অতিক্রম করিয়া থাকে, অথবা পার্শ্বের কোন ঘরের অগ্রভাগ অপেক্ষা আগিয়া থাকে, তবে সেই গৃহাদি দগ্ধ হইলে কি প্রকারান্তরে নষ্ট হইলে, কিম্বা পুনরায় গাঁথিয়া কি মেরামত করিয়া দিবার জন্যে ভাঙ্গিয়া ফেলা গেলে, কমিশ্যনরেরা তাহা পিছাইয়া রাজপথের কি নিকটস্থ ঘরের সীমার রেখার সমান করিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহাতে সেই ঘরের স্বামির কোন ক্ষতি হইলে কমিশ্যনরেরা তাঁহার ক্ষতির উপযুক্ত প্রতিকার করিবেন ইতি।

পথের সীমার বাহিরে ঘর থাকিলে, যখন ভাঙ্গা যায় তখন পিছাইয়া করিতে হইবার কথা।

Power to trim hedges and trees bordering roads

**219.** The Commissioners may require the owner or occupier of any land, within three days, to trim or prune the hedges bordering on any road, and to cut and trim any trees overhanging any road and obstructing the same or causing damage thereto

Penalty

**220** Whoever disobeys an order of the Commissioners given under either of the two last preceding sections, shall be liable to a fine not exceeding fifty rupees, and to a further fine, not exceeding ten rupees, for each day during which he fails to obey such order after he has been required to obey the same

*Of General Conservancy and Improvement*

Wells, tanks, &c, to be secured

**221** If any well, tank, or other excavation, whether on public or private ground, be, for want of sufficient repairs or protection dangerous to passengers, the Commissioners shall forthwith, if it appears to them to be necessary, cause a temporary hoard or fence to be put up for the protection of passengers, and may require the owners or occupiers, or the owners and occupiers of the land on which such tank, well, or other excavation is situated, forthwith properly to secure or protect such well, tank, or other excavation

Penalty

**222** Whoever fails to comply with any requisition under the last preceding section, shall be liable to a fine not exceeding one hundred rupees, and to a further fine, not exceeding twenty rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Houses, &c, in a ruinous or dangerous state

**223** If any house, wall, structure, or anything affixed thereto, be deemed by the Commissioners to be in a ruinous state, or in any way dangerous, they shall forthwith, if it appears to them to be necessary, cause a proper hoard or fence to be put up for the protection of passengers, and may require the owners or occupier, or the owners and occupiers of the land to which such house, wall, or structure is affixed, forthwith to cause such repairs to be made to such house, wall, or structure as they may consider necessary for the public safety, or to remove such house, wall, structure, or thing affixed thereto

পথের ধারের গাছ ও বেড়া ঝুড়িয়া দিবার ক্ষমতার কথা।

২১৯ ধারা। রাস্তার ধারের কোন বেড়া কি কোন গাছের ডাল পথের উপর ঝুলিয়া পড়াতে গমনাগমনের বাধা হইলে, কিম্বা রাস্তার হানি হইলে, কমিশ্যনরেরা সেই ভুমির স্বামিকে কি প্রজাকে তিন দিনের মধ্যে তাহা কাটিবার কি ঝুড়িয়া দিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

দণ্ডের কথা।

২২০ ধারা। কমিশ্যনরেরা ইহার পূর্ব্ব দুই ধারার একতর ধারামতে যে আজ্ঞা দেন, কোন ব্যক্তি সেই আজ্ঞা না মানিলে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও তাঁহার প্রতি সেই আজ্ঞা মানিবার আদেশ করা গেলে পর যত দিন সেই আজ্ঞামতে কর্ম্ম না করেন তত দিন তাঁহার দিনপ্রতি আর দশ টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

নগর পরিপাটিরূপে রাখিবার ও সৌষ্ঠব করিবার সাধারণ বিধি।

কূপ পুকুরাদি ঘেরিয়া রাখিবার কথা।

২২১ ধারা। রাজকীয় কিম্বা ব্যক্তিবিশেষের ভুমিতে যে পুকুর কি কূপ কি অন্য গর্ত্ত থাকে উপযুক্তমতে মেরামৎ না হওয়াতে কিম্বা ঘেরিয়া না দেওয়াতে তাহা পথিকদের আশঙ্কাজনক হইলে, কমিশ্যনরেরা আবশ্যক বোধ করিলে পথিকদের রক্ষার জন্যে অগৌণেই কিয়ৎকালের নিমিত্ত তক্তার কি বাঁশের বেড়া দেওয়াইতে পারিবেন এবং ঐ পুকুর কি কূপ কি অন্য গর্ত্ত যে ভুমিতে থাকে সেই ভুমির স্বামি কি প্রজাদিগকে কিম্বা স্বামি ও প্রজাদিগকে অবিলম্বে ঐ কূপ কি পুকুর কি অন্য গর্ত্ত উপযুক্তরূপে ঘেরিয়া দিবার কি রক্ষা করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

দণ্ডের কথা।

২২২ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে আদেশ করা যায় কোন ব্যক্তি সেই আদেশানুসারে কর্ম্ম না করিলে তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন ঐ অপরাধ করিতে থাকেন দিনপ্রতি তাহার আর বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

গৃহাদি ভগ্ন কি আশঙ্কাজনক অবস্থায় থাকিলে তাহার কথা।

২২৩ ধারা। কোন ঘর কি দেয়াল কি গাঁথনি কিম্বা তৎসংযুক্ত কোন দ্রব্য কমিশ্যনরদের বিবেচনায় ভগ্নাবস্থায় কিম্বা কোন প্রকারে আশঙ্কাজনক হইলে, তাঁহারা আবশ্যক বোধ করিলে পথিকদের রক্ষার জন্যে অগৌণেই তক্তার কি বাঁশের উপযুক্ত বেড়া দেওয়াইবেন ও ঐ ঘর কি দেয়াল কি গাঁথনি যে ভূমিতে সংলগ্ন থাকে তাঁহারা সাধারণের নিরাপদের জন্যে যত দূর আবশ্যক বোধ করেন সেই জমীর স্বামি কি প্রজাদিগকে কিম্বা স্বামি ও প্রজাদিগকে ঐ ঘর কি দেয়াল কি গাঁথনি তত দূর মেরামত করাইয়া দিবার কিম্বা ঐ ঘর কি দেয়াল কি গাঁথনি কি তাহাতে সংযুক্ত দ্রব্য উঠাইয়া দিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

**224** Whoever fails to comply with a requisition of the Commissioners under the last preceding section, shall be liable to a fine not exceeding one hundred rupees, and to a further fine, not exceeding twenty rupees, for each day after the expiration of eight days from the issue of the requisition until the said house, wall, or structure is secured or taken down

Penalty

**225** If the Commissioners shall have caused any repairs to be made to any house or other structure, and if such house or other structure be unoccupied, the Commissioners may enter upon possession of the same, and may retain possession thereof until the sum expended by them on the repairs be paid to them

Powers to enter upon possession of houses so repaired

**226** The materials of anything which shall have been pulled down or removed under the provisions of sections 223 may be sold by the Commissioners, and the proceeds of such sale may be applied, so far as the same will extend, to the payment of the expenses incurred

Sale of materials of houses, &c, pulled down

Any surplus of such sale proceeds shall on demand be restored to the owner of such materials, and, if unclaimed, shall, after the lapse of three years, be carried to the credit of the Municipal Fund

**227** The Commissioners, the Magistrate of the district or of the division, may by published order appoint from time to time certain periods within which any dogs without collars, or other marks distinguishing them as private property, found straying in the roads or beyond the enclosures of the houses of the owners of such dogs, may be destroyed, and such dogs may be destroyed in accordance with such order

Stray dogs to be killed at certain appointed periods

**228** The Commissioners at a meeting may offer rewards for the destruction of wild animals within the limits of a Municipality

Commissioners may offer rewards for destruction of wild animals

**229** The Commissioners at a meeting may cause a name to be given to any road and to be affixed in such place as they may think fit, and may also cause a number to be affixed to every house, and in like manner may from time to time cause such names and numbers to be altered

Names of roads and numbers of houses

২২৪ ধারা। কমিশ্যনরেরা ইহার পূর্ব্ব ধারামতে যে আদেশ করেন কোন ব্যক্তি সেই আদেশানুসারে কর্ম্ম না করিলে তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও সেই আদেশপত্র বাহির হইবার সময়াবধি আট দিন গত হইলে পর ঐ ঘর কি দেয়াল কি গাঁথনি যত দিন না সুরক্ষা করা কি ভাঙ্গিয়া ফেলা যায় তত দিন তাহার দিনপ্রতি আর বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

২২৫ ধারা। কমিশ্যনরেরা কোন ঘর কি অন্য গাঁথনি সারাইয়া দিলে, ও সেই ঘরের কি গাথনির প্রজা না থাকিলে, কমিশ্যনরেরা তাহা অধিকার করিয়া লইতে পারিবেন ও তাঁহারা যত টাকা খরচ করিয়া ঐ গৃহাদি সারাইয়া দিলেন তত টাকা তাঁহাদিগকে যত দিন ফিরিয়া না দেওয়া যায় তত দিন সেই ঘর আপনাদের অধিকারে রাখিতে পারিবেন ইতি।

ঘর তদ্রূপে মেরামত করা গেলে তাহার অধিকার করিয়া লইবার কথা।

২২৬ ধারা। ২২৩ ধারার বিধানমতে কোন বিষয় ভাঙ্গিয়া ফেলা কি স্থানান্তর করা গেলে, কমিশ্যনরেরা তাহার ইষ্টকাদি বিক্রয় করিতে পারিবেন। ইহাতে যে টাকা পাওয়া যায় তাহাহইতে খরচ যত দূর শোধ হইতে পারিবে শোধ করা যাইবে।

গৃহাদি ভাঙ্গিয়া ফেলা গেলে সরঞ্জাম বিক্রয় করিবার কথা।

তৎপরে উদ্বর্ত্ত থাকিলে ঐ সরঞ্জামের স্বামী দাওয়া করিলে তাঁহাকে দেওয়া যাইবে। ঐ টাকার দাওয়া না হইলে তিন বৎসরের পর তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে ইতি।

২২৭ ধারা। কোন কুকুরের গলাবন্ধ না থাকিলে কিম্বা অন্য যে চিহ্ন দ্বারা ব্যক্তি-বিশেষের কুকুর বলিয়া জানা যাইতে পারে এমত চিহ্ন না থাকিলে, সেই কুকুর পথে২ কিম্বা স্বামিদের বাড়ীর বেড়ার বাহিরে বেড়াইলে কমিশ্যনরেরা কিম্বা জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সময়ে২ আজ্ঞা প্রকাশ করণপূর্ব্বক ঐ প্রকারের কুকুর মারিয়া ফেলিবার কোন সময় নিরূপণ করিতে পারিবেন। সেই সময়ে ঐ প্রকারের কুকুরকে সেই আজ্ঞামতে মারিয়া ফেলা যাইতে পারিবে ইতি।

নির্দ্ধারিত কোন২ সময়ে বেড়ানিয়া কুকুর নষ্ট করিবার কথা।

২২৮ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া মুনিসিপালিটীর সীমার মধ্যে বন্য পশু নষ্ট করিবার পুরস্কার দিবার প্রস্তাব করিতে পারিবেন ইতি।

বন্য পশু মারিবার জন্যে কমিশ্যনরদের পুরস্কার দিতে পারিবার কথা।

২২৯ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া কোন পথের নাম দিতে পারিবেন। ও যে স্থানে কি যে২ স্থানে উচিত বোধ করেন সেই২ স্থানে ঐ রাস্তার নাম লাগাইয়া দিতে পারিবেন, ও ঘরে২ নম্বর লাগাইয়া দিতে পারিবেন। তদ্রূপেও সময়ে২ ঐ নাম কি নম্বর পরিবর্ত্তন করাইতে পারিবেন।

রাস্তার নামের ও ঘরের নম্বরের কথা।



৮

Penalty

Whoever destroys, pulls down, or defaces any such name, or puts up any name different from that put up by order of the Commissioners, shall be liable to a fine not exceeding twenty rupees

---

## PART VII

### Of certain Municipal Regulations which may be extended to any Municipality by express orders of the Lieutenant-Governor

*General*

Operation of this Part

230 No provision contained in this Part shall apply to any Municipality unless and until it has been expressly extended thereto by the Lieutenant-Governor in the manner provided by the next succeeding section

Lieutenant Governor may order provisions of this Part to be in force

231 The Lieutenant-Governor may, on the recommendation of the Commissioners at a meeting, order that all or any of the said provisions of this Part shall be in force in any Municipality, and may, on such recommendation, order that any place in a Municipality be excluded from the operation of the said provisions

Publication of order

Such order shall be published in the *Calcutta Gazette*, and the Commissioners shall, within fifteen days of such publication, cause a copy of the same, with a translation thereof into the vernacular, to be posted up at their office, with a notice of the date on which such order shall take effect, and shall cause the same to be published as provided in section 359,

and the said provisions shall come into force in the Municipality from the date so fixed

Provided that the date so fixed shall not be less than fifteen days after the publication under section 359, and shall not be more than three months after the publication of the order of the Lieutenant-Governor as aforesaid in the *Calcutta Gazette*

The Lieutenant-Governor may at any time cancel or modify an order made under this section

দণ্ডের কথা।

কোন ব্যক্তি উক্ত নাম নষ্ট করিলে কি নামাইয়া দিলে কি বিকৃত করিলে, কিম্বা কমিশ্যনরদের আজ্ঞা মতে যে নাম দেওয়া যায় তদ্ভিন্ন কোন নাম লাগাইয়া দিলে তাহার বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

---

## সপ্তম পরিচ্ছেদ।

### যে মুনিসিপাল বিধান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের স্পষ্ট আজ্ঞাক্রমে কোন মুনিসিপালিটীতে প্রচলিত করা যাইতে পারিবে এমত কোন২ বিধান।

সাধারণ।

এই পরিচ্ছেদের বিধান যে২ স্থানে প্রচলিত হইবে তাহার কথা।

২৩০ ধারা। এই পরিচ্ছেদে যে২ বিধান আছে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ইহার পশ্চাৎ লিখিত ধারার বিধানমতে কোন মুনিসিপালিটীতে স্পষ্ট করিয়া সেই২ বিধান না চালাইলে ও যত দিন না চালান তত দিন তাহা ঐ মুনিসিপালিটীর প্রতি বর্ত্তিবে না ইতি।

এই পরিচ্ছেদের বিধান প্রবল হওন বিষয়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা করিতে পারিবার কথা।

২৩১ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া অনুরোধ করিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কোন মুনিসিপালিটীর মধ্যে এই পরিচ্ছেদের উক্ত সমস্ত বিধান কিম্বা তন্মধ্য কোন২ বিধান প্রচলিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। ও উক্ত প্রকারে অনুরোধ হইলে, কোন মুনিসিপালিটীর অন্তর্গত কোন স্থান ঐ বিধানহইতে মুক্ত হওযারও আজ্ঞা করিতে পারিবেন।

আজ্ঞা প্রচার করিবার কথা।

উক্ত আজ্ঞা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে তদ্রূপে প্রকাশ হইবার পর পঞ্চদশ দিনের মধ্যে কমিশ্যনরেরা আপনাদের কার্য্যালযে সেই আজ্ঞাপত্রের নকল ও চলিত ভাষায় তাহার অনুবাদ ও সেই আজ্ঞা যে তারিখঅবধি প্রবল করা যাইবে তাহার নোটিস লাগাইয়া দিবেন ও ৩৫৯ ধারার বিধানমতে তাহা প্রকাশ করাইবেন।

তদ্রূপে যে তারিখ নির্দ্ধারিত হয় উক্ত বিধান সেই তারিখঅবধি সেই মুনিসিপালিটীর মধ্যে প্রবল করা যাইবে।

কিন্তু ৩৫৯ ধারামতে আজ্ঞাপত্র প্রকাশ হইবার পর পঞ্চদশ দিনের ন্যূন ও কলিকাতা গেজেটে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা পূর্ব্বোক্তমতে প্রকাশ হইবার পর তিন মাসের অধিক তারিখ তদ্রূপে নির্দ্ধারিত হইবে না।

এই ধারামতে যে আজ্ঞা করা যায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কোন সময়েই তাহা রহিত কি মতান্তর করিতে পারিবেন ইতি।

## *Of Privies, Drains, and Excavations.*

Commissioners may require owner or occupier to repair drain, &c

**232** The Commissioners may require the owners or occupiers, or the owners and occupiers of any land, within fifteen days, to repair and make efficient any drain, privy, or cess pool, or to close any cesspool which is situated on such land

Penalty for throwing rubbish into sewers

**233** Whoever, without the permission of the Commissioners, throws or puts, or permits his servants to throw or put, any earth, rubbish, offensive matter, or dead bodies of animals into any sewer or drain belonging to the Commissioners, or into any drain communicating therewith, shall be liable to a fine not exceeding twenty-five rupees for every such offence

Privies must be properly enclosed

**234** Every person constructing a privy shall have such privy shut out by a sufficient roof and wall or fence from the view of persons passing by or residing in the neighbourhood and the Commissioners may require any owner or occupier of land on which a privy stands, to cause the same to be shut out from view as aforesaid within fifteen days

Penalties

**235** Any person constructing a privy and failing to have it shut out from view as aforesaid, shall be liable to a fine not exceeding twenty rupees, and any person failing to comply with a requisition under the last preceding section, shall be liable to a fine not exceeding twenty five rupees, and to further fine, not exceeding five rupees, for every day during which the offence is continued after the expiration of the time specified in the said notice

Unauthorized drains leading into public sewers may be demolished

**236** If any person, without the written consent of the Commissioners first obtained, makes or causes to be made, or alters or causes to be altered, any drain leading into any of the sewers or drains vested in the Commissioners, the Commissioners may cause such branch drain to be demolished, altered, remade, or other wise dealt with as they shall think fit,

and the expenses thereby incurred shall be paid by the person making or altering such branch drain

## পাইখানার ও নর্দমার ও গর্ত্তের কথা।

নর্দ্দমা প্রভৃতি মেরামত করণবিষয়ে স্বামিকে কি প্রজাকে কমিশ্যনরদের আজ্ঞা দিতে পারিবার কথা।

২৩২ ধারা। কোন ভূমিতে যে নর্দমা কি পাইখানা কি আঁস্তাকুড় থাকে কমিশ্যনরেরা সেই ভূমির স্বামি কি প্রজাদিগকে কিম্বা স্বামি ও প্রজাদিগকে পঞ্চদশ দিনের মধ্যে তাহা মেরামত কি উত্তম করিয়া দিতে কিম্বা ঐ ভূমিতে যে আঁস্তাকুড় থাকে তাহা বন্ধ করিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

ময়লা জলের বড় নর্দ্দমায় রাবিশ ফেলিবার দণ্ডের কথা।

২৩৩ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি না পাইয়া ঐ কমিশ্যনরদের কোন বড় নর্দমায় কি পয়নালায় কিম্বা তাহার সঙ্গে যে পয়নালার সংযোগ থাকে তন্মধ্যে মাটি কি রাবিশ কি দুর্গন্ধ বিষয় কি মরা পশু ফেলিলে কি রাখিলে কি চাকরদিগকে ফেলিতে কি রাখিতে দিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে পঁচিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

পাইখানা উপযুক্তমতে ঘেরিয়া রাখিতে হইবার কথা।

২৩৪ ধারা। কোন ব্যক্তি পাইখানা প্রস্তুত করিলে, যাঁহারা নিকট দিয়া যান কি নিকটে বাস করেন তাঁহারা যেন ভিতরে দেখিতে না পান এই কারণে ঐ পাইখানার উপযুক্ত ছাদ ও দেয়াল কি বেড়া দিয়া তাহা প্রস্তুত করিতে হইবে। ও এখন যে জমীতে পাইখানা আছে কমিশ্যনরেরা সেই জমীর কোন স্বামি কি প্রজাকে পঞ্চদশ দিনের মধ্যে পূর্ব্বোক্তমতে লোকদের দৃষ্টি হইতে তাহা বন্ধ করাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

দণ্ডের কথা।

২৩৫ ধারা। কোন ব্যক্তি পাইখানা প্রস্তুত করিয়া সেই প্রকারে লোকদের দৃষ্টিহইতে বন্ধ না করিলে, তাহার বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। ও ইহার পূর্ব্ব ধারামতে আদেশ পাইলেও সেই আদেশমতে কর্ম্ম না করিলে তাহার পঁচিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও উক্ত নোটিসের মধ্যে যে মিয়াদ নিরূপিত হইল সেই মিয়াদের পর যত দিন ঐ অপরাধ হইতে থাকে তত দিন তাঁহার দিনপ্রতি আর পাঁচ টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

অনুমতি বিনা যে পয়নালা সরকারী নরদমার সঙ্গে সংযুক্ত থাকে তাহা নষ্ট করিতে পারিবার কথা।

২৩৬ ধারা। কমিশ্যনরগণের প্রতি যে নরদমা কি পয়নালা অর্পণ করা গেল, কোন ব্যক্তি তাঁহারদের লিখিত অনুমতি না পাইয়া তাহার সঙ্গে সংযোগ করিয়া শাখা পয়নালা প্রস্তুত করিলে কি করাইলে কিম্বা পরিবর্ত্তন করিলে কি করাইলে, কমিশ্যনরগণ সেই শাখাপয়নালা নষ্ট কি পরিবর্ত্তন কি নূতন করিয়া নির্ম্মাণ করাইতে পারিবেন, কিম্বা প্রকারান্তরে তাহা লইয়া যাহা উচিত জ্ঞান করেন করিতে পারিবেন।

তাহাতে যে খরচ লাগে, যে ব্যক্তি ঐ শাখা পয়নালা করিলেন কি পরিবর্ত্তন করিলেন তাঁহারই তাহা দিতে হইবে ইতি।

**237** Whoever, without the written consent of the Commissioners previously obtained, makes or causes to be made, or alters or causes to be altered, any drain leading into any of the sewers or draıns vested in the Commissioners by this Act, shall be liable to a fine not exceeding fifty rupees

*Penalty for altering or making unauthorized drains leading into public sewers*

**238** If any land, being within one hundred feet of a sewer, drain, or other outlet into which such land may, in the opinion of the Commissioners, be drained, is not drained to the satisfaction of the Commissioners, the Commissioners may require the owner within one month to drain the said land into such sewer, drain, or outlet

*Commissioners may require owner to drain land*

**239** If it appear to the Commissioners that a group or block of houses may be drained or improved more economically or advantageously in combination than separately, and a sewer, drain, or other outlet already exists, within one hundred feet of any part of such group or block of houses, the Commissioners may cause such group or block of houses to be drained and improved by a combined operation,

*Group or block of houses &c, may be drained by a combined operation*

and the expenses thereby incurred shall be recovered from the owners of such houses in such proportions as shall to the Commissioners seem fit

**240** If any branch drain, privy, or cesspool be constructed contrary to the directions and regulations of the Commissioners, or contrary to the provisions of this Act, or if any person, without the consent of the Commissioners, constructs, rebuilds, or unstops any branch drain, privy, or cesspool which has been ordered by them to be demolished or stopped up, or not to be made, the Commissioners may cause such amendment or alteration to be made in any such drain privy, or cesspool as they think fit, or may cause the same to be removed,

*Commissioners may alter any drain, &c, made contrary to their orders*

and the expenses thereby incurred shall be paid by the person by whom such drain, privy, or cesspool was improperly constructed, rebuilt, or unstopped

**২৩৭ ধারা।** এই আইনদ্বারা কমিশ্যনরগণের প্রতি বড়২ ও ছোট২ যে সকল নরদমা অর্পণ করা গেল, কোন ব্যক্তি কমিশ্যনরগণের লিখিত অনুমতি না পাইয়া সেই নরদমায় জল পড়িবার কোন পয়নালা নির্ম্মাণ করিলে কি করাইলে, কিম্বা পরিবর্ত্তন করিলে কি করাইলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

*সরকারী বড়২ নরদমায় জল পড়িবার পয়নালা পরিবর্ত্তন করিবার কি অনুমতি বিনা প্রস্তুত করিবার কথা।*

**২৩৮ ধারা।** যে বড় নর্দ্দমায় কি পয়নালায় কিম্বা কোন ভূমির জল কমিশ্যনরদের বিবেচনামতে যে নালায় গিয়া পড়িতে পারে এমত নর্দমাপ্রভৃতি ঐ ভূমিহইতে একশত ফুটের মধ্যে থাকিলে, ও কমিশ্যনরদের হৃদ্বোধমতে সেই ভূমির জল বাহির হইবার পথ না থাকিলে, তাঁহারা স্বামিকে এক মাসের মধ্যে উক্ত নর্দ্দমায় কি পয়নালায় কি অন্য নালায় ঐ ভূমির জল পড়িবার পথ করিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

*ভূমির জল বাহির করিবার নালা করণ বিষয়ে স্বামিকে কমিশ্যনরদের আজ্ঞা করিবার কথা।*

**২৩৯ ধারা।** কএকটা ঘর একত্র গাঁথা যাওয়াতে তাহার এক২ ঘরের স্বতন্ত্র পয়নালা না করিয়া সংযোগ ভাবে জল বাহির হইবার ও ঘর উৎকৃষ্ট করিবার উপায় করা গেলে অনেক খরচও বাঁচিতে, উপকারও হইতে পারে, কমিশ্যনরগণের এমত বিবেচনা থাকিলে, ও সেই ঘর সকলের কোন অংশহইতে এক শত ফুট অন্তর নরদমা কি পয়নালা কি জলনির্গমনের অন্য পথ থাকিলে কমিশ্যনরগণ ঐ সকল ঘরের জল বাহির হইবার ও সেই ঘর উৎকৃষ্ট করিবার একি সাধারণ উপায় করিয়া দিতে পারিবেন।

*গৃহাদি একত্র গাঁথা গেলে তাহার পয়নালা সংযোগ ভাবে করিবার কথা।*

তাহাতে যে খরচ লাগে কমিশ্যনরগণ অংশাংশমতে যত করিয়া দিতে নিরূপণ করেন ঐ ঘরের স্বামিদের ঐ খরচের সেই২ অংশ দিতে হইবে ইতি।

**২৪০ ধারা।** কমিশ্যনরগণ যে আজ্ঞা ও বিধান করেন, কোন শাখা পয়নালা কি পায়খানা কি আঁস্তাকুড় তাহার বিপরীতভাবে কিম্বা এই আইনের বিধানের বিপক্ষভাবে প্রস্তুত করা গেলে, কিম্বা কমিশ্যনরগণ যে শাখা পয়নালা কি পায়খানা কি আঁস্তাকুড় নষ্ট কি বন্ধ করিতে কি প্রস্তুত না করিতে আজ্ঞা করিলেন, কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি না লইয়া তাহা প্রস্তুত করিলে কি পুনরায় গাঁথিয়া কি খুলিয়া দিলে, কমিশ্যনরগণ ঐ নর্দ্দমা কি পায়খানা কি আঁস্তাকুড় যদ্রূপে পরিবর্ত্তন কি সংশোধন করা উচিত জ্ঞান করেন তাহা করাইয়া দিতে কিম্বা উঠাইয়া দিতে পারিবেন।

*কোন ব্যক্তি কমিশ্যনরগণের আজ্ঞার বিপরীতভাবে পয়নালা প্রভৃতি প্রস্তুত করিলে তাহার পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।*

তাহা করিতে যে খরচ লাগে, যে ব্যক্তি ঐ পয়নালা কি পায়খানা কি আঁস্তাকুড় অনুপযুক্তমতে প্রস্তুত করিলেন কি পুনরায় গাঁথিয়া কি খুলিয়া দিলেন তাঁহারই সেই খরচ দিতে হইবে ইতি।

Penalty for persons making or altering drains contrary to the orders of the Commissioners

**241** Whoever constructs any such drain, privy, or cesspool, after the commencement of this Act, contrary to the directions and regulations of the Commissioners, or contrary to the provisions of this Act, or without the consent of the Commissioners, constructs, rebuilds, or unstops any drain, privy, or cesspool which has been ordered by them to be demolished or stopped up, or not to be made, shall be liable to a fine not exceeding fifty rupees

কোন ব্যক্তি কমিশ্যনরগণের আজ্ঞার বিপরীত ভাবে পয়নালা প্রস্তুত কি পরিবর্ত্তন করিলে দণ্ডের কথা।

২৪১ ধারা। এই আইন প্রচলিত হইবার পর, কমিশ্যনরগণ যে আদেশ ও বিধি করেন, কোন ব্যক্তি তদ্বিপরীতে কিম্বা এই আইনের বিধানের বিপরীতে উক্ত কোন নরদমা কি পায়খানা কি আস্তাকুড় করিলে, কিম্বা কমিশ্যনরগণ যে নরদমা কি পায়খানা কি আঁস্তাকুড় নষ্ট কি বন্ধ করিতে কি প্রস্তুত না করিতে আজ্ঞা করিলেন কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি বিনা তাহা নির্ম্মাণ করিলে কি পুনরায় গাঁথিয়া দিলে কি খুলিয়া দিলে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

No latrine to be constructed within fifty feet of a tank

**242** No person shall, without the written permission of the Commissioners, construct or keep any latrine, urinal, cesspool, house-drain, or other receptacle for filth, sewage, house-drainage, or other offensive matter, within fifty feet of any public tank, or a tank which the inhabitants of any locality are entitled to use

The Commissioners may require any owner and occupier upon whose land any latrine, urinal, cesspool, house-drain, or other receptacle so situated exists, or may hereafter be constructed, to remove the same within eight days

পুষ্করিণীহইতে পঞ্চাশ ফুট পরিমাণ স্থানের মধ্যে পায়খানা না হইবার কথা।

২৪২ ধারা। সরকারী কোন পুষ্করিণী কিম্বা কোন স্থানবাসি লোকদের যে পুষ্করিণীর জল ব্যবহার করিবার অধিকার থাকে, এমত কোন পুষ্করিণীহইতে পঞ্চাশ ফুট পরিমাণ স্থানের মধ্যে কোন ব্যক্তি কমিশ্যনরগণের লিখিত অনুমতি না পাইয়া কোন পাইখানা কি মূত্রালয় কি আস্তাকুড় কি ঘরের নরর্দ্দমা করিতে, কিম্বা জঞ্জাল কি নরর্দ্দমার কি ঘরের নরর্দ্দমার ময়লা জল কি অন্য দুর্গন্ধ দ্রব্য ফেলিবার অন্য আধার করিতে পাইবে না।

যে ভূমির তদ্রূপ স্থানে কোন পাইখানা কি মূত্রালয় কি আঁস্তাকুড় কি ঘরের নর্দ্দমা কি উক্ত প্রকারের অন্য আধার থাকে কি ইহার পর প্রস্তুত করা যায় কমিশ্যনরেরা সেই ভূমির কোন স্বামিকে ও প্রজাকে আট দিনের মধ্যে তাহা স্থানান্তর করিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Construction of privy

**243** No person shall, without the permission of the Commissioners in writing, construct a privy with a door or trap door opening on to any road or drain The Commissioners may require any owner or occupier upon whose land any such privy exists to remove the same within eight days

পাইখানা প্রস্তুত করিবার কথা।

২৪৩ ধারা। কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে, কোন ব্যক্তি এমত পাইখানা প্রস্তুত করিবেন না যাহার দ্বার কি ঝাঁঝরী দ্বার কোন পথের কি নর্দ্দমার উপর খোলে। যে স্বামির কি প্রজার জমীতে তদ্রূপ পাইখানা আছে কমিশ্যনরেরা তাঁহাকে আট দিনের মধ্যে তাহা উঠাইয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Penalties

**244** Any person constructing a latrine, urinal, cesspool, house-drain, or privy in contravention of the provisions of either of the two last preceding sections, shall be liable to a fine not exceeding twenty-five rupees, and any person failing to comply with any requisition under the said sections, shall be liable to a fine not exceeding twenty-five rupees, and to a further fine, not exceeding five rupees, for each day during which the offence is continued after he has been required by a notice in writing to desist from the offence

দণ্ডের কথা।

২৪৪ ধারা। কোন ব্যক্তি ইহার পূর্ব্ব দুই ধারার বিধানের বিপরীতমতে মলমূত্র ত্যাগ করিবার স্থান কি মূত্রালয়, কি আঁস্তাকুড় কি ঘরের নর্দ্দমা কি পাইখানা প্রস্তুত করিলে তাহার পঁচিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। ও কোন ব্যক্তি উক্ত অন্যতর ধারামত আদেশানুসারে কর্ম্ম না করিলে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও লিখিত নোটিস দ্বারা তাহার প্রতি সেই অপরাধ আর না করিবার আদেশ হইলে পর যত দিন সেই অপরাধ হইয়া থাকে দিন প্রতি তাঁহার আর পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

Power to prohibit excavations

**245** The Commissioners at a meeting may by a general order prohibit the making of excavations for the purpose of taking earth therefrom, or for the purpose of storing

গর্ত্ত করিতে নিষেধ করিবার ক্ষমতার কথা।

২৪৫ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া সাধারণ আজ্ঞা করিয়া, আপনাদের বিশেষ অনুমতি না পাইলে, মাটি তুলিয়া লইবার জন্যে কিম্বা রাবিশ কি জঞ্জাল ফেলিবার জন্যে খানা করিতে,

rubbish or filth therein, and the digging of cesspools, tanks, or pits, without special permission previously obtained from them

If any such excavation, cesspool, tank, or pit is made after the issue and publication of such order without such special permission, the Commissioners may require the owners and occupiers of the land on which such excavation, cesspool, tank, or pit is made, within eight days, to fill up such excavation

Penalty

**246** Whoever shall dig or make, or cause or suffer to be dug or made therein, any such excavation, cesspool, tank, or pit without the written permission of the Commissioners, shall be liable to a fine not exceeding twenty-five rupees for every such offence

*Of Obstructions and Encroachments on Roads*

Removal of existing projection from houses

**247** The Commissioners at a meeting may determine on the removal or alteration, as they shall think fit, of any projection, encroachment, or obstruction which may have been erected or placed against, or in front of, any house on any road within the limits of the Municipality, before the date on which the District Municipal Improvement Act, 1864, or the District Towns' Act, 1868, as the case may be, took effect in the Municipality, or in case neither of the said Acts was in force in the Municipality before the commencement of this Act, then before the date on which this Act may have been extended thereto

Notice in writing shall be given to the owner or occupier of such house, requiring him to remove or alter the said projection, encroachment, or obstruction, or to show cause before the Commissioners why he should not be required so to do, and if such owner or occupier shall fail to comply with such requisition within thirty days of the receipt of the same, or if after such owner or occupier shall have shown cause against being required to remove or alter the said projection, encroachment, or obstruction, the Commissioners shall make an absolute order directing such removal or alteration, and such owner or occupier shall fail to comply with such order within fifteen days of the date of the same, the Magistrate may, on the application of the Commissioners, order such projection, encroachment, or obstruction to be removed or altered, and thereupon the Commissioners may remove or alter such projection, encroachment, or obstruction.

ও আঁস্তাকুড ও পুকুর ও গর্ত্ত খুঁড়িতে নিষেধ করিতে পারিবেন।

সেই আজ্ঞা বাহির হইয়া প্রচার করা গেলে পর, উক্ত প্রকারের বিশেষ অনুমতি বিনা তদ্রূপ খানা কি আঁস্তাকুড কি পুকুর কি গর্ত্ত করা গেলে তাহা যে ভূমিতে করা যায় কমিশ্যনরেরা সেই ভূমির স্বামি ও প্রজাদিগকে আট দিনের মধ্যে ঐ খানাপ্রভৃতি বুজাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

দণ্ডের কথা।

২৪৬ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইয়া তদ্রূপ কোন খানা কি আঁস্তাকুড কি পুকুর কি গর্ত্ত খুঁড়িলে কি করিয়া দিলে, কিম্বা খুঁড়াইয়া কি করাইয়া দিলে কিম্বা অন্যকে খুঁড়িতে কি করিতে দিলে উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার পঁচিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

পথাবরোধজনক ও স্থানযোড়াকারি বিষয়ের কথা।

ঘরের যে অংশ বাড়াইয়া থাকে তাহা স্থানান্তর করিবার কথা।

২৪৭ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে মফঃসলের নগর সৌষ্ঠব করণার্থ ১৮৬৪ সালের আইন কিম্বা প্রদেশীয় নগর বিষয়ক ১৮৬৮ সালের আইন প্রচলিত হইবার পূর্ব্বে, কিম্বা যদি পূর্ব্বোক্ত একতর আইন এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে ঐ মুনিসিপালিটীর মধ্যে প্রচলিত না হইয় থাকে, তবে এই আইন যে তারিখে তথায় প্রচলিত করা যায় সেই তারিখের পূর্ব্বে, ঐ মুনিসিপালিটীর সীমার অন্তর্গত কোন পথের ধারে কোন ঘরের আড়ালে কি সম্মুখভাগে কোন অংশ বাড়াইয়া থাকিলে কিম্বা অবরোধজনক কি স্থানযোড়াকারি হইলে, কমিশ্যনরেরা সভাগত হইয়া যে প্রকারে উচিত বোধ করেন সেই প্রকারে ঐ বিষয়টি স্থানান্তর কি পরিবর্ত্তন করণবিষয়ে নিশ্চয় করিতে পারিবেন।

ঐ ঘরের স্বামিকে কি প্রজাকে লিখিত নোটিস দিয়া তাঁহার প্রতি এই আদেশ থাকিবে যে, ঐ বাড়ান কিম্বা অবরোধজনক কি স্থানযোড়াকারি বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিয়া দেন, কিম্বা যে কারণে তাহার প্রতি তদ্রূপ আদেশ করা উচিত না হয় কমিশ্যনরদের সম্মুখে এমত কারণ দেখান। ঐ স্বামী কি প্রজা ঐ আদেশ পাইলে পর ত্রিশ দিনের মধ্যে সেই আদেশানুসারে কর্ম্ম না করিলে, কিম্বা ঐ বাড়ান বিষয় কিম্বা স্থানযোড়াকারি কি অবরোধজনক বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিবার আদেশ করা যে কারণে উচিত নয় ঐ স্বামী কি প্রজা এমত কারণ জানাইলেও কমিশ্যনরেরা ঐ বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিয়া দিবার দৃঢ় আজ্ঞা করিলে, ও সেই স্বামী কি প্রজা ঐ আজ্ঞার তারিখঅবধি পঞ্চদশ দিনের মধ্যে তদনুসারে কার্য্য না করিলে, কমিশ্যনরদের প্রার্থনামতে মাজিষ্ট্রেট সাহেব সেই বাড়ান কি স্থানযোড়াকারি কি অবরোধজনক বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন, তাহা হইলে কমিশ্যনরেরা সেই বাড়ান কি স্থানযোড়াকারি কি অবরোধজনক বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন।

The Commissioners shall make reasonable compensation to every person who suffers damage by any removal or alteration under this section

In determining the amount of compensation, the value of the land shall not be taken into consideration

এই ধারামতে কোন বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিয়া দেওনাতে কোন ব্যক্তির হানি হইলে কমিশ্যনরেরা যুক্তিমতে তাহার হানিপূরণ করিয়া দিবেন।

হানিপূরণ বলিয়া যত টাকা দিতে হইবে ইহা নির্ণয় করিতে গেলে ভূমির মূল্য বিবেচনায় ধরিতে হইবে না ইতি।

**248** Every order made by the Magistrate under the last preceding section shall be deemed to be an order made by him in the discharge of his judicial duty, and the Commissioners shall be deemed to be persons bound to execute such orders of a Magistrate within the meaning of Act XVIII of 1850 (*for the protection of Judicial Officers*)

Effect of order made under the last preceding section

২৪৮ ধারা। মাজিষ্ট্রেট সাহেব ইহার পূর্ব্ব ধারামতে যে আজ্ঞা করেন বিচারপতি-স্বরূপ আপনার কর্ত্তব্য কর্ম্ম করিয়া সেই আজ্ঞা করিলেন এমত জ্ঞান করিতে হইবে, এবং বিচারপতিদের রক্ষা করণার্থ ১৮৫০ সালের ১৮ আইনের মর্ম্মানুসারে কমিশ্যনরদিগকে মাজিষ্ট্রেটের আজ্ঞা মানিতে বদ্ধ বলিয়া জ্ঞান হইবে ইতি।

ইহার পূর্ব্ব ধারামতে যে আজ্ঞা করা যায় তাহার ফলের কথা।

**249** The Commissioners may grant permission to any person to deposit any moveable property on any road, or to make an excavation in any road, or to enclose the whole or any part of any road, and may charge such fees as they may fix for such permission, provided that such person undertakes to erect sufficient fences to protect the public from injury, danger, or annoyance, and to light such fences from sunset to sunrise sufficiently for such purpose

Leave to deposit materials on, or to excavate or close a road

২৪৯ ধারা। কমিশ্যনরেরা কোন ব্যক্তির প্রতি কোন পথে অস্থাবর কোন দ্রব্য ফেলিয়া রাখিবার কিম্বা পথে গর্ত্ত করিবার কি সম্পূর্ণ পথ কি তাহার একাংশ ঘেরিয়া দিবার অনুমতি দিতে পারিবেন ও সেই অনুমতির জন্যে যত ফী ধার্য্য করেন তাহাও লইতে পারিবেন। কিন্তু সাধারণের কোন হানি কি সঙ্কট কি কষ্ট না হয় এই কারণে ঐ ব্যক্তির উপযুক্ত বেড়া দিয়া ঘেরিয়া রাখিতে ও সূর্য্যাস্ত অবধি সূর্য্যোদয়পর্য্যন্ত ঐ বেড়াতে উপযুক্ত আলো দিয়া রাখিতে হইবে ইতি।

পথে ইষ্টকাদি ফেলিয়া রাখিবার কিম্বা গর্ত্ত করিবার কি পথ বন্ধ করিবার অনুমতির কথা।

**250** Every person intending to build or take down any house, or to alter or repair the outward part of any house, shall, if any public road will be obstructed or rendered inconvenient by means of such work, before beginning the same, cause sufficient hoards or fences to be put up, in order to separate the house where such works are being carried on from the road, and shall keep such hoard or fence standing and in good condition, to the satisfaction of the Commissioners, during such time as the public safety or convenience requires, and shall cause the same to be sufficiently lighted during the night

Hoards to be set up during repairs

Provided that no person shall put up a hoard or fence without the written permission of the Commissioners, and shall not keep up the said hoards or fence for a time longer than allowed in the said written permission

২৫০ ধারা। কোন ব্যক্তি কোন কোটা নির্ম্মাণ করিতে, কি ভাঙ্গিয়া ফেলিতে, কিম্বা কোন কোটার বাহির দিগ পরিবর্ত্তন কি মেরামৎ করিতে মনস্থ করিলে, যদি তাহার সেই কর্ম্ম দ্বারা কোন রাস্তা বন্ধ হয়, কিম্বা যাতায়াতের অসুবিধা হয়, তবে সেই কর্ম্ম আরম্ভ করিবার পূর্ব্বে, যে দিগে ঐ কর্ম্ম করা যাইবে সেই দিগে রাস্তার ও ঘরের মধ্যে তক্তার কি অন্য প্রকারের উপযুক্ত বেড়া দিবেন, ও সাধারণের নিরাপদের ও সুবিধার জন্যে যত দিন প্রয়োজন থাকে তত দিন কমিশ্যনরগণের সন্তোষমতে ঐ তক্তার কি অন্য প্রকারের বেড়া ভালমতে রাখিবেন ও রাত্রিতে সেই বেড়ায় উপযুক্তমতে আলো দেওয়াইবেন,

মেরামৎ করিবার সময়ে তক্তার বেড়া দিবার কথা।

কিন্তু কমিশ্যনরগণের লিখিত অনুমতি না পাইলে কোন ব্যক্তি তক্তার কি অন্য প্রকারের বেড়া দিতে পারিবেন না, ও অনুমতিপত্রে যত দিনের অনুমতি দেওয়া গেল ঐ তক্তার কি অন্য প্রকারের বেড়া তাহার অধিক দিন রাখিতে পারিবেন না ইতি।

**251** Every person who begins to build, or to take down or alter, or repair, any house contrary to the provisions of the last preceding section, or who, without license, erects or sets up any hoard, scaffolding, or fence whatsoever, or who, being licensed, fails to put up such fence or hoard, or to

Penalty

২৫১ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে বিধান আছে, কোন ব্যক্তি সেই বিধানের বিপক্ষে কোন ঘর গাঁথিতে কি ভাঙ্গিতে কি পরিবর্ত্তন করিতে কি সারাইয়া দিতে উদ্যত হইলে, কিম্বা অনুমতি না পাইয়া তক্তার কি অন্য প্রকারের বেড়া কি ভারা বাঁধিলে, কিম্বা অনুমতি না পাইয়াও তক্তার কি অন্য প্রকারের সেই বেড়া না দিলে,

দণ্ডের কথা।

continue the same standing, or to maintain the same in good condition, or who does not, while such hoard or fence is standing, keep the same sufficiently lighted during the night, or who does not remove the same within eight days, when directed by the Commissioners, shall be liable to a fine not exceeding fifty rupees for every such offence, and a further fine, not exceeding ten rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

### *Of Building Regulations*

**252** The Commissioners at a meeting may direct that within certain limits, to be fixed by them, the external roofs and walls of huts or other buildings which are about to be erected, or the roofs or walls of which are about to be renewed or thoroughly repaired, shall not be made of grass, leaves, mats, or other inflammable materials

Roofs and external walls not to be made of inflammable materials

**253** Before beginning within the limits of any Municipality to build or re-build any house, the person intending to build or rebuild such house shall give to the Commissioners notice thereof in writing, and shall accompany such notice with a plan, showing the levels and width at which the foundation and lowest floor of such house are proposed to be laid, by reference to some level ascertained under the direction of the Commissioners

Notice of new buildings to be given to the Commissioners

**254** Within fourteen days after receiving such notice as is mentioned in the last preceding section, the Commissioners shall signify their approval of the proposed levels and width of foundation or if they disapprove thereof, they shall fix other levels and width of foundation in lieu thereof within the same time

Commissioners to signify disapproval within fourteen days

**255** If such building as is mentioned in section 253 be begun or made without sending such notice and plan as are mentioned in the said section, or at any levels different from those fixed by the Commissioners, within the said fourteen days, or in any other respect contrary to the provisions of this Act, the Commissioners may require the owner or occupier to cause such building to be altered or demolished as the case may require

Houses built without notice, or contrary to provisions of this Act may be altered by the Commissioners

ও না বাখিলে ও উপযুক্ত অবস্থায় না বাখিলে, ও তক্তাব কি অন্য প্রকাবেব সেই বেড়া যত দিন থাকে তত দিন বাত্রিতে তথায় উপযুক্তমতে আলো দিয়া না বাখিলে, কিম্বা কমিশ্যনবদেব স্থানে তাহা উঠাইয়া দিবাব আজ্ঞা পাইলেও আট দিনের মধ্যে উঠাইয়া না দিলে তাঁহাব উক্ত প্রত্যেক অপবাধেব জন্যে পঞ্চাশ টাকাব অনধিক দণ্ড হইতে পাবিবে, ও তাঁহার সেই অপবাধ নির্ণয় হইলে পব যত দিন ঐ অপরাধ হইতে থাকে দিন প্রতি তাহাব আর দশ টাকাব অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

### গৃহ নির্ম্মাণেব বিধান বিষযক কথা।

২৫২ ধাবা। কমিশ্যনরেবা সভাগত হইযা কোন সীমা নিরূপণ কবিযা, ঐ সীমার মধ্যে নূতন যে বাঙ্গলা ঘর কি অন্য ঘব কবা যাইবে, কিম্বা যে ঘব নূতন কবিযা কি সম্পূর্ণরূপে মেবামৎ কবিযা দেওযা যাইবে, তাহাব উপবেব ছাদ কি বেড়া খড়ে কি পাতায কি দর্ম্মায কিম্বা আশুজ্বলনীয অন্য দ্রব্যে না কবিবাব আজ্ঞা দিতে পাবিবেন ইতি।

ছাদ ও বেড়া আশুজ্বলনীয দ্রব্য লইযা না করিবাব কথা।

২৫৩ ধারা। কোন মুনিসিপলিটীব মধ্যে কোন ঘর গাঁথিতে কি পুনশ্চ গাঁথিতে আবম্ভ করিবাব পূর্ব্বে, যে ব্যক্তি এ ঘব গাঁথিতে কি পুনশ্চ গাঁথিতে মনস্থ করেন, তিনি কমিশ্যনবগণেব নামে নোটিস লিখিযা সেই কথা জানাইবেন, ও ঐ নোটিসের সঙ্গে ঘবেব নক্শাও দিবেন। কমিশ্যনবগণেব আদেশানুসাবে ঠিক যে মাটাম, জানা থাকে তাহা দেখিযা ঐ ঘবেব ভিত্তিমূল ও তাহার প্রথম তালা যে মাটাম ধবিযা যত প্রশস্ত কবা যাইবে ঐ নক্শায তাহা দেখাইতে হইবে ইতি।

নূতন ঘব গাঁথিতে গেলে কমিশ্যনবগণকে নোটিস দিতে হইবাব কথা।

২৫৪ ধাবা। ইহাব পূর্ব্ব ধাবায যে নোটিসেব কথা আছে, কমিশ্যনবগণ সেই নোটিস পাইলে পব, প্রস্তাবিত মাটামেব ও ভিত্তিমূলেব প্রশস্ততার বিষযে সম্মত হইলে, চৌদ্দ দিনেব মধ্যে তাহা জানাইবেন, কিম্বা সম্মত না হইলে, সেই সমযেব মধ্যে ঐ মাটামেব ও ভিত্তিব প্রশস্ততাব পরিবর্ত্তে অন্য মাটাম ও প্রশস্ততা নিরূপণ করিবেন ইতি।

কমিশ্যনরগণ সম্মত না হইলে চৌদ্দ দিনেব মধ্যে জানাইতে হইবাব কথা।

২৫৫ ধাবা। ২৫৩ ধারায যে ঘবের কথা লেখা আছে, উক্ত ধাবামত নোটিস ও নক্শা না পাঠাইযা, কিম্বা কমিশ্যনবগণ উক্ত চৌদ্দ দিনের মধ্যে যে মাটাম নিরূপণ কবিযা দেন তাহা ছাড়া কোন মাটাম ধরিযা, কিম্বা অন্য কোন বিষযে এই আইনের বিধানের বিপক্ষে, ঐ ঘব আবম্ভ কি নির্ম্মাণ কবা গেলে, কমিশ্যনবগণ আবশ্যকমতে স্বামিকে কি প্রজাকে সেই ঘর পবিবর্ত্তন কবাইয়া দিবার, কিম্বা প্রযোজন হইলে তাহা নষ্ট করিযা ফেলিবার আজ্ঞা কবিতে পারিবেন ইতি।

নোটিস না দিযা কিম্বা আইনেব বিধানেব অন্যথায় ঘর নির্ম্মাণ কবা গেলে কমিশ্যনবগণেব পরিবর্ত্তন করিতে পারিবাব কথা।

**256.** If the Commissioners fail to signify in writing their approval or disapproval of the levels and width of foundation shown on such plan as is mentioned in the last preceding section, and to fix other levels and width of foundation within fourteen days after receiving such notice and plan as aforesaid, the person giving such notice may, notwithstanding anything hereinbefore contained, proceed to build or rebuild the house therein referred to, according to the levels and width of foundation shown on such plan

*If Commissioners fail to signify approval, &c, within fourteen days, parties may proceed without*

Provided that such building or rebuilding be otherwise in accordance with this Act

The word "house" in this and the three last preceding sections does not include a hut

**257.** It shall not be lawful for any person to erect a hut, or any range or block of huts or sheds, or to add any hut or shed to any range or block already existing at the commencement of this Act, without previous notice to the Commissioners, and the Commissioners may require such huts or sheds to be built so that they may stand in regular lines, with a free passage or way in front of and between every two lines, of such width as they may think proper for ventilation and to facilitate scavengering, and with such number of privies and with such means of drainage as to them may seem necessary, and at such a level as will admit of such drainage, and with a plinth at least two feet above the level of the nearest street

*Erection of new huts to be under the control of the Commissioners*

**258** If any such huts or sheds be built without giving such notice to the Commissioners or otherwise than is required by the Commissioners, the Commissioners may require the owners of the land on which such huts and sheds are built, and the occupiers of such huts and sheds, to take down and remove the same within one month, or to effect such alterations as they may deem necessary

*Power to direct removal of huts built without notice*

**259** Whoever erects a hut, or any range or blocks of huts or sheds, or adds to any hut or shed, or to any range or block already existing, contrary to the provisions of section 257, and whoever fails to remove such hut, block of huts or shed, when required by the Commissioners to do so, shall be liable to a fine not exceeding twenty rupees for every such offence, and to a further fine, not exceeding five rupees, for each day during which

*Penalty*

২৫৬ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে নকশার কথা আছে সেই নকশায় যে মাটাম ও ভিত্তিমূলের যে প্রশস্ততা দেখান গেল, কমিশ্যনরগণ সেই নোটিস ও নক্শা পাইলে পর চৌদ্দ দিনের মধ্যে সেই মাটামের বিষয়ে আপনাদের সম্মতি কি অসম্মতি না জানাইলে ও অন্য মাটাম ভিত্তিমূলের অন্য প্রশস্ততা নিরূপণ না করিলে, যে ব্যক্তি ঐ নোটিস দিলেন পূর্ব্বোক্ত বিধানে ভাবান্তরের কথা থাকিলেও তিনি ঐ নক্শার লিখিত ভিত্তিমূলের প্রশস্ততা ও মাটাম ধরিয়া ঐ নোটিসের লিখিত ঘর নির্ম্মাণের কি পুনঃ-নির্ম্মাণের কার্য্য চালাইতে পারিবেন।

*কমিশ্যনরগণ চৌদ্দ দিনের মধ্যে সম্মতিপ্রভৃতি না জানাইলে সেই কার্য্য চলিতে পারিবার কথা।*

কিন্তু সেই ঘরের নির্ম্মাণ কি পুনঃনির্ম্মাণ যেন অন্য সকল বিষয়ে এই আইনের অনুযায়ি হয়।

এই ধারায় ও ইহার পূর্ব্ব তিন ধারায় "ঘর" শব্দের মধ্যে বাঙ্গলা ঘর ধরা যায় নাই ইতি।

২৫৭ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরগণকে নোটিস না দিলে, কোন বাঙ্গলা ঘর কিম্বা বাঙ্গলা ঘরশ্রেণী কি মাচাশ্রেণী বাঁধিতে পারিবে না। ও এই আইন প্রচলিত হইবার সময়ে যে ঘর ও মাচাশ্রেণী থাকে তাহার মধ্যে আর বাঙ্গলা ঘর কি মাচা বাঁধিতে পারিবেন না। আর সেই২ বাঙ্গলা ঘর ঠিক শারি২ করিয়া বাঁধা যায় ও বাতাস খেলিবার জন্যে ও স্থান পরিষ্কার রাখার সুবিধার জন্যে কমিশ্যনরগণ যত ওসার স্থান রাখা উচিত বোধ করেন তুই২ শারির সম্মুখে ও মধ্যে২ এমত স্থান থাকে ও যত পাইখানা ও জল বাহির হইবার যে উপায় আবশ্যক বোধ হয় ও জল যাহাতে উপযুক্তমতে বাহির হইতে পারে এমত মাটাম ধরিয়া ও অতি নিকট যে রাস্তা থাকে তাহার মাটামহইতে মেজ্যা ন্যূনকল্পে তুই ফুট উচ্চ রাখিয়া ঐ ঘর বাঁধা যায়, কমিশ্যনরগণ এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

*কমিশ্যনরগণের তত্ত্বাধীনে নূতন বাঙ্গলা ঘর বাঁধিবার কথা।*

২৫৮ ধারা। কমিশ্যনরগণকে নোটিস না দিয়া, কিম্বা কমিশ্যনরগণ যদ্রূপে ঐ ঘর কি মাচা বাঁধিতে আজ্ঞা করেন তদ্ভিন্ন অন্য প্রকারে বাঁধা গেলে, ঐ ঘর ও মাচা যে জমীতে বাঁধা গেল কমিশ্যনরগণ সেই জমীর স্বামিদিগকে ও বাঙ্গলা ঘরের ও মাচার প্রজাদিগকে এক মাসের মধ্যে ঐ ঘর ভাঙ্গিয়া স্থানান্তর করিবার কিম্বা তাঁহারা যদ্রূপে তাহা পরিবর্ত্তন করা আবশ্যক বোধ করেন তদ্রূপে পরিবর্ত্তন করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

*নোটিস না দিয়া ঘর বাঁধা গেলে তাহা ভাঙ্গিয়া ফেলিবার আজ্ঞা দিবার ক্ষমতার কথা।*

২৫৯ ধারা। ২৫৭ ধারায় যে বিধান আছে, কোন ব্যক্তি সেই বিধানের বিরুদ্ধে কোন বাঙ্গলা ঘর কিম্বা ঘর শ্রেণী কি মাচা শ্রেণী বাঁধিলে কিম্বা যে ঘর কি মাচা শ্রেণী তৎকালে থাকে তাহার সঙ্গে নূতন ঘর কি মাচা সংযোগ করিয়া দিলে আর কমিশ্যনরেরা উক্ত বাঙ্গলা ঘর কিম্বা মাচার শ্রেণী উঠাইয়া দিতে আজ্ঞা করিলে কোন ব্যক্তি তাহা উঠাইয়া না দিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও সেই অপরাধ নির্ণয় হইলে পর যত

*দণ্ডের কথা।*

the offence is continued after he has been convicted of such offence

*Of Sanitary Measures with regard to Blocks of Huts*

*Power of Commissioners as to inspection of huts*

**260** Whenever the Commissioners at a meeting are satisfied, from inspection, or by report of competent persons, that any existing block of huts within the Municipality is by reason of the manner in which the huts are constructed or crowded together, or of the want of drainage and the impracticability of scavengering, attended with risk of disease to the inhabitants or the neighbourhood, they may cause the locality to be inspected by two medical officers, who shall make a report in writing on the sanitary condition of the said block of huts, and shall specify, if necessary, in the said report the huts which should be removed, the roads, drains, and sewers which should be constructed, and the low lands which should be filled up, with a view to the removal of the said risk of disease

*On receipt of report Commissioners may cause notice to be served*

**261** On receipt of the said report the Commissioners at a meeting may require the owners or occupiers of the huts, or at the option of the Commissioners, the owner of the land on which such huts are built, to carry out and execute, within a reasonable time, to be fixed by the Commissioners for such purpose, all or any of the works specified in the aforesaid report, or any portion thereof respectively

*Expenses may be recovered by instalments or remitted in case of poverty*

**262** The Commissioners at a meeting may order that any expenses payable in respect of any work done by them in consequence of the failure of the owners or occupiers to execute such work when required to do so under the last preceding section, shall be recovered by instalments from the person liable to pay the same, or if it should appear to them that the said person is unable by reason of poverty to pay the same, may order the same, or any portion thereof, to be paid out of the Municipal Fund

*Sale of huts*

**263** If any of the said huts be pulled down, the Commissioners shall cause the materials of each hut to be sold separately, if such sale can be effected, and the proceeds shall be paid to the owner of the hut, or if the owner be unknown, or the title disputed, shall be held in deposit by the Commissioners until the person interested therein shall obtain the order of a Civil Court of competent jurisdiction for the payment of the same

দিন সেই অপরাধ করিতে থাকেন দিনপ্রতি তাঁহার আর ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

বাঙ্গলা ঘর শ্রেণীর সম্পর্কে স্বাস্থ্যরক্ষার উপায়াবলম্বনের কথা।

*কমিশ্যনরগণের বাঙ্গলা ঘর দেখিয়া লইতে পারিবার কথা।*

২৬০ ধারা। মুনিসিপালিটীর অন্তর্গত কোন স্থানে কএক খানা বাঙ্গলা ঘর বাঁধিবার ডৌল হেতুক কিম্বা ঘনং করিয়া বাঁধা যাওয়াতে কিম্বা জল বাহির হইবার উপায় না থাকাতে কি স্থান পরিষ্কার করিয়া রাখা অসাধ্য হওয়াতে ঐ বসতিতে নিবাসিদের কি প্রতিবাসিদের রোগ হওয়ার সম্ভাবনা কমিশ্যনরগণ তাহা দেখিয়া লইয়া কিম্বা উপযুক্ত ব্যক্তিদের রিপোর্ট দ্বারা ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে তাঁহারা সভাগত হইয়া দুই জন ডাক্তরের দ্বারা তৎস্থান পরিদর্শন করাইতে পারিবেন। তাঁহারা স্বাস্থ্য সম্পর্কে সেই বাঙ্গলা ঘর শ্রেণীর অবস্থার রিপোর্ট লিখিয়া দিবেন এবং রোগের উক্ত সঙ্কট নিবার ণার্থে ঐ সকল ঘরের মধ্যে কোন ঘর উঠাইয়া দেওয়া, কিম্বা কোন পথ ও নর্দ্দমা ও ময়লজুলি প্রস্তুত করাইয়া দেওয়া ও নিম্নভূমি ভরাট করিয়া দেওয়া উচিত হইলে সেই কথাও আবশ্যকমতে ঐ রিপোর্টে বিশেষ করিয়া লিখিবেন ইতি।

*রিপোর্ট পাইলে কমিশ্যনরদের নোটিশ প্রচার করাইবার কথা।*

২৬১ ধারা। রিপোর্ট পাইয়া কমিশ্যনরগণ সভাগত হইয়া ঐ বাঙ্গলা ঘর শ্রেণীর স্বামিদিগকে কি প্রজাদিগকে কিম্বা কমিশ্যনরগণের ইচ্ছা হইলে ঐ২ ঘর যে ভূমিতে থাকে সেই ভূমির স্বামিকে কমিশ্যনরগণের নির্দ্ধারিত কোন সঙ্গত সময়ের মধ্যে সেই রিপোর্টের নির্দ্দিষ্ট সকল কি কোন কার্য্য কিম্বা তাহার কোন অংশ সাধন করিতে আজ্ঞা করিতে পারিবেন ইতি

*খরচ কিস্তি করিয়া লওয়া যাইতে কিম্বা দরিদ্রতা প্রযুক্ত ক্ষমা হইতে পারিবার কথা।*

২৬২ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে স্বামিদের কি প্রজাদের প্রতি কোন কর্ম্ম করিবার আজ্ঞা হইলেও, তাঁহাদের সেই কর্ম্ম করিবার ত্রুটিপ্রযুক্ত কমিশ্যনরেরা নিজে সেই কর্ম্ম সম্পাদন করিয়া দিলে, তাহাতে যত টাকা খরচ হয়, কমিশ্যনরেরা সভাগত হইয়া ঐ টাকার দায়ি ব্যক্তির স্থানে কিস্তি করিয়া সেই টাকা আদায় করিবার আজ্ঞা দিতে পারিবেন। কিম্বা সেই ব্যক্তি দৈন্যদশাপ্রযুক্ত ঐ টাকা দিতে পারেন না এমত বোধ হইলে, তাঁহারা মুনিসিপল ফণ্ড হইতে সেই টাকা কি তাহার কোন অংশ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

*ঘর বিক্রয় করিবার কথা।*

২৬৩ ধারা। উক্ত কোনং বাঙ্গলা ঘর ভাঙ্গিয়া ফেলা গেলে ঐ২ ঘরের সরঞ্জাম স্বতন্ত্র বিক্রয় হইতে পারিলে কমিশ্যনরগণ একং ঘরের সরঞ্জাম স্বতন্ত্র বিক্রয় করাইবেন, তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় তাহা ঐ২ ঘরের স্বামিকে দেওয়া যাইবে। স্বামিকে জানা না গেলে, কিম্বা অধিকার বিষয়ে বিবাদ হইলে, ঐ বিষয়ে যে ব্যক্তির স্বার্থ থাকে তিনি যত দিন সেই টাকা পাইবার বিষয়ে উপযুক্ত ক্ষমতাপন্ন দেওয়ানী আদালতের আজ্ঞা না পান, কমিশ্যনরগণ তত দিন সে টাকা গচ্ছিত রাখিবেন ইতি।

**264** In case the Commissioners should omit to take any action under sections 260 and 261, or in the opinion of the Lieutenant-Governor should fail to give proper effect to the provisions thereof, the Lieutenant-Governor may cause any block of huts to be inspected by the Sanitary Commissioner of Bengal, who shall make a report in writing to the Lieutenant-Governor on the sanitary condition of the locality, and in the event of his reporting that the sanitary condition of the locality is such as to be attended with risk of disease to the inhabitants or the neighbourhood, shall specify the huts which should be removed, the roads, drains, and sewers which should be constructed, and the low lands which should be filled up, with a view to the removal of the said risk of disease

If Commissioners fail to act, Lieutenant Governor may take steps

২৬৪ ধারা। কমিশ্যনরগণ ২৬০ কি ২৬১ ধারামতে কোন কার্য্য না কবিলে, কিম্বা তাঁহারা স্থানীয় গবর্ণমেণ্টের বিবেচনায় ঐ২ ধারাব বিধান উপযুক্তমতে সফল করণে ত্রুটি করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট বঙ্গদেশের স্বাস্থ্যরক্ষক কমিশ্যনর সাহেবকে সেই বাঙ্গলা ঘরশ্রেণীর পরিদর্শন কবিবার আজ্ঞা দিতে পাবিবেন, তিনি স্থানীয গবর্ণমেণ্টকে সেই স্থানেব স্বাস্থ্যসম্পর্কীয অবস্থার রিপোর্ট লিখিয়া দিবেন। এবং ঐ স্থানের স্বাস্থ্যসম্বন্ধীয অবস্থা বিবেনায তন্নিবাসিদের বা প্রতিবাসিদের বোগের সম্ভাবনা আছে তিনি এমত রিপোর্ট করিলে, রোগের ঐ সঙ্কট নিবাবণার্থে যে২ বাঙ্গলা ঘর উঠাইয়া দেওয়া ও যে২ পথ ও নর্দ্দমা ও নযনজুলি প্রস্তুত করা উচিত ও যে নীচ ভূমি ভরাট কবিযা দেওযা উচিত তিনি এই সকল কথা সবিশেষ লিখিবেন ইতি।

কমিশ্যনরগণ তদ্বিষয়ে ত্রুটি কবিলে স্থানীয় গবর্ণমেণ্টের ঐ কর্ম্ম সম্পাদন করিতে পারিবার কথা।

**265** On receipt of the said report the Lieutenant-Governor may order the Commissioners to require the owners or occupiers of the huts, or the owner of the land on which such huts are built, to carry out and execute, within a reasonable time, to be fixed by the Lieutenant-Governor for such purpose, all or any of the works specified in the said report, or any portion thereof respectively, and a requisition made by the Commissioners in accordance with such order shall be deemed to be a requisition made under section 261

On receipt of report Lieutenant Governor may order Commissioners to serve notice on owners

২৬৫ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব উক্ত বিপোর্ট পাইলে পর কমিশ্যনবদিগকে এই আজ্ঞা কবিতে পারিবেন যে তাঁহারা ঐ সকল বাঙ্গলা ঘরেব স্বামি কি প্রজাদিগকে কিম্বা ঐ ঘব যে জমীতে বাঁধা গেল সেই জমীর স্বামিকে স্থানীয গবর্ণমেণ্ট সঙ্গত যে সময নিরূপণ করেন সেই সমযেব মধ্যে ঐ বিপোর্টেব নির্দ্দিষ্ট সকল কি তন্মধ্যে কোন কার্য্য কিম্বা ঐ২ কার্য্যেব কোন অংশ সম্পাদন কবিযা ফেলিবাব আদেশ কবেন। কমিশ্যনবেরা সেই আজ্ঞানুসারে যে আদেশ করেন তাহা ২৬১ ধাবামত আদেশ বলিযা জ্ঞান হইবে ইতি।

স্থানীয় গবর্ণমেণ্ট রিপোর্ট পাইলে কমিশ্যনরগণকে স্বামিদের উপর নোটিস দিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

**266.** If the Commissioners make default in carrying out the said order of the Lieutenant-Governor, the Lieutenant-Governor may appoint some officer to perform the same, and such officer may exercise such powers as the Commissioners, or the Commissioners at a meeting, might have exercised in respect of the execution of the required works, and in respect of the recovery of the expenses incurred thereby, and shall be liable to all or any of the obligations imposed upon the Commissioners by section 263, and the expenses incurred by such officer in the execution of the said works shall, subject to the provisions of section 262, be paid by the owners or occupiers of the huts, or the owner of the land, as the Lieutenant Governor may direct

If Commissioners make default in carrying out order, Lieutenant Governor may carry it out

২৬৬ ধাবা। কমিশ্যনরেবা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনব সাহেবের উক্ত আজ্ঞানুসারে কার্য্য করিতে ত্রুটি কবিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেই কার্য্য নির্ব্বাহ করিবাব জন্যে কোন কার্য্যকারককে নিযুক্ত করিতে পাবিবেন। এবং ঐ আজ্ঞামত কর্ম্ম সম্পাদন কবিবার ও তাহাতে যে খরচ হয তাহা আদায় কবিবার জন্যে কমিশ্যনরেরা কিম্বা সভাগত কমিশ্যনরেরা যে ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিতেন ঐ কার্য্যকাবক সেই২ ক্ষমতানুসাবে কার্য্য করিতে পাবিবেন, এবং ২৬৩ ধারাক্রমে অবশ্য কর্ত্তব্য বলিযা যে কর্ম্মের নিমিত্ত কমিশ্যনবেরা দাযী হন ঐ কার্য্যকারকও সেই সকল কিম্বা তন্মধ্য কোন কর্ম্মের দাযী হইবেন, এবং উক্ত কর্ম্ম নির্ব্বাহ করণে ঐ কার্য্যকাবক যত টাকা খরচ করেন, ২৬২ ধারার বিধান প্রবল মানিযা, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনব সাহেব যদ্রূপ আজ্ঞা করেন তদ্রূপে ঐ বাঙ্গলা ঘরের স্বামিদের কি প্রজাদের কিম্বা ভূমির স্বামিব সেই খরচ দিতে হইবে ইতি।

কমিশ্যনরদেব সেই আজ্ঞা মতে কার্য্য করিতে ত্রুটি হইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবেব তাহা করিতে পারিবাব কথা।

*Of the Regulation of the Sale of Food, Drink, and Drugs*

**267** Every owner, or occupier, or farmer, of any place for the sale of meat, poultry, fish, or vegetables, or of any slaughter-house, within the limits of a Municipality, shall cause such drains to be made therein as shall be considered sufficient by the Commissioners, and (if required so to do by the Commissioners) shall cause all the floors and drains to be paved with stone or burnt brick, and shall also cause a supply of water to be provided, sufficient for keeping such place or slaughter-house in a clean and wholesome state.

Markets, slaughter-houses &c, to be properly drained

**268** If such owner, occupier, or farmer, after notice in writing given to him by the Commissioners that such place or slaughter-house is defective in any of the said particulars, and requiring him to remedy the defect specified within not less than thirty days, makes default therein, he shall be liable to a fine not exceeding twenty rupees for every day during which such default is continued after issue of the said notice

Penalty

**269** Any Magistrate, on the application of the Commissioners or any of their officers, setting forth that there is just cause to believe that any article which has been rendered, or has become noxious or unfit for use as food or drink for man, is in the possession of any person for the purpose of being sold or offered, or exposed for sale, within the limits of a Municipality, as food or drink for man, may grant a warrant to enter upon the premises of such person, and to search for and seize such article,

and if it appear to the said Magistrate that the same is noxious or unfit for such use, he shall order it to be forfeited and disposed of in such way as to him shall seem proper

Sale of unwholesome food or drink

**270** The Commissioners, or any person authorized by them in that behalf, may at all reasonable times enter into and inspect any market, buildings, shop, stall, or place used for the sale of meat, poultry, fish, vegetables, corn, bread, flour, wine, spirits, butter, ghee, or other food or drink, or as a slaughter-house, and may examine any of the aforesaid articles of food or drink which may be therein, and in case any of the aforesaid articles of food or drink appear to be intended

Power to Commissioners to enter and inspect markets, shops &c, and to seize unwholesome articles exposed for sale

আহারীয় ও পানীয় ও বণিকদ্রব্য বিক্রয়ের নিধানের কথা।

২৬৭ ধারা। যে ব্যক্তি মুনিসিপালিটীর মধ্যে মাংস কি মুরগী প্রভৃতি কি মাছ কি শাকসবজী বিক্রয় করিবার কোন স্থানের কি কোন বুচরখানার স্বামী কি প্রজা কি ইজারদার হন কমিশ্যনরগণ যাহা উপযুক্ত বলিয়া জ্ঞান করেন, তাঁহারা ঐ স্থানের জল বাহির হইবার এমত নরদমা করাইয়া দিবেন। এবং কমিশ্যনরগণ আজ্ঞা করিলে তাঁহারা সকল মেজ্যাতে ও নরদমায় পাতর কি পাকা ইট বসাইয়া দিবেন, এবং সেই স্থান কি বুচরখানা পরিষ্কার ও স্বাস্থ্যজনকভাবে রাখিবার জন্যে যত জলের প্রয়োজন হয়, তত জলসম্পোষ্য করিয়া দিবার বিধান করিবেন ইতি।

বাজারে ও বুচরখানাপ্রভৃতিতে উপযুক্ত পয়নালা করিবার কথা।

২৬৮ ধারা। উক্ত কোন স্থানে কি বুচরখানায় পূর্ব্বোক্ত কোন বিষয়ের অভাব আছে, ও ত্রিশ দিনের কম না হয় এমত কোন মিয়াদের মধ্যে সেই দোষের প্রতিকার করিতে হইবে বলিয়া কমিশ্যনরগণ সেই বাজারপ্রভৃতির স্বামিকে কি প্রজাকে কি ইজারদারকে নোটিস দিলেও তিনি ঐ বিষয়ে ত্রুটি করিলে, ঐ নোটিস বাহির হইবার পর সেই দোষ যত দিন হইতে থাকে দিনপ্রতি ঐ ব্যক্তির বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

২৬৯ ধারা। যে দ্রব্য পীড়াজনক করা গিয়াছে, কিম্বা পীড়াজনক ও মনুষ্যদের আহারের কি পানের অনুপযুক্ত হইয়াছে এমত দ্রব্য মুনিসিপালিটীর সীমার মধ্যে মনুষ্যদের আহারীয় কি পানীয় দ্রব্যস্বরূপ বিক্রয় করিবার জন্যে কিম্বা বিক্রয়ার্থে দেখাইবার জন্যে কোন ব্যক্তির নিকট আছে, ইহা জানিবার উপযুক্ত কারণ থাকন বিষয়ে কোন মাজিস্ট্রেট সাহেব কমিশ্যনরদের কিম্বা তাঁহাদের কোন কার্য্যকারকদের প্রার্থনাপত্র পাইলে তিনি ঐ ব্যক্তির বাড়ীতে গিয়া ঐ দ্রব্য তলাশ করিয়া ও ধরিয়া আনিবার পরওয়ানা দিতে পারিবেন।

ও সেই দ্রব্য পীড়াজনক ও মনুষ্যের আহারের কি পানের অনুপযুক্ত মাজিস্ট্রেট সাহেব এমত বোধ করিলে তাহা জব্দ করিয়া লইতে, ও আপনি যাহা উচিত বোধ করেন ঐ দ্রব্য লইয়া তাহা করিতে আজ্ঞা দিবেন ইতি।

অস্বাস্থ্যজনক আহারীয় কি পানীয় দ্রব্য বিক্রয়ের কথা।

২৭০ ধারা। মাংস কি মুরগী প্রভৃতি কি মাছ কি শাকসবজী কি শস্য কি রুটী কি ময়দা কি মদ কি শরাব কি মাখন কি ঘী কিম্বা আহারীয় কি পানীয় অন্য দ্রব্য বিক্রয়ের জন্যে কি বুচরখানা বলিয়া যে হাট, কি ঘর কি দোকান কি চালাপ্রভৃতি স্থানের ব্যবহার হয়, কমিশ্যনরগণ কিম্বা এই কার্য্যের নিমিত্তে তাঁহাদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি যুক্তিমত কোন সময়ে সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন, ও তাহার মধ্যে আহারীয় কি পানীয় উক্ত যে বিষয় থাকে তাহা পরীক্ষা

হাট দোকানপ্রভৃতিতে কমিশ্যনরগণের গিয়া দেখিবার এবং অস্বাস্থ্যজনক দ্রব্য বিক্রয় হইবার জন্যে দেখান গেলে তাহা ধরিয়া লইবার ক্ষমতার কথা।

for the food or drink of man, and to be unfit for such food or drink, may seize the same,

করিযা দেখিতে পারিবেন। আর আহারীয কি পানীয পূর্ব্বোক্ত কোন দ্রব্য মানুষের আহারের কি পানের নিমিত্ত বলিযা সাজাইযা রাখা গেলেও আহারের কি পানের উপযুক্ত নয বলিযা দেখা গেলে তাহা ধরিযা লইতে পারিবেন,

and if it appear to a Magistrate that any of the aforesaid articles of food or drink is unfit for the food or drink of man, he shall order the same to be destroyed, or to be so disposed of as to prevent its being exposed for sale or used for such food

ও মাজিষ্ট্রেট সাহেব আহারীয কি পানীয উক্ত কোন দ্রব্য মনুষ্যের আহারের কি পানের অনুপযুক্ত জ্ঞান করিলে, তাহা নষ্ট করিতে, কিম্বা ঐ দ্রব্য যাহাতে বিক্রয় করণার্থে দেখান না যায কি মানুষের আহারার্থে ব্যবহার না হয তাহা লইযা এমত অন্য কার্য্য করিতে আজ্ঞা দিবেন ইতি।

271 No place shall be kept for the sale of drugs unless the same shall have been registered in the office of the Commissioners

No place to be kept for the sale of drugs unless registered

২৭১ ধারা। কমিশ্যনরগণের আফিসে রেজিষ্টরী করা না গেলে, বণিকদ্রব্য বিক্রয করিবার স্থান রাখিতে হইবে না ইতি।

রেজিষ্টর না হইলে বণিক দ্রব্য বিক্রয় করিবার দোকান না রাখিবার কথা।

272 Whoever uses any such place as is mentioned in the last preceding section without the same being registered, shall be liable to a fine not exceeding one hundred rupees and to a further fine, not exceeding twenty rupees for each day during which the offence is continued after he has been convicted of such offence

Penalty

২৭২ ধারা। ইহার পূর্ব্ব ধারায যে প্রকারের স্থানের কথা আছে, কোন ব্যক্তি রেজিষ্টরী না করাইযা সেই স্থানের ব্যবহার করিলে, তাহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও সেই অপরাধ নির্ণয হইলে পর তার যত দিন ঐ অপরাধ করিতে থাকেন দিনপ্রতি তাঁহার আর বিশ টাকা অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

273 The Commissioners, or any person authorized by them in that behalf, may at all reasonable times enter into and inspect any place kept for the sale of drugs, or in which drugs are sold, and if they have reason to suspect that any drug in the said place is adulterated in such a manner as to lessen its efficacy, to change its operation, or to render it noxious, may remove the same on giving a receipt therefor, specifying the nature and quantity of the drug removed, and its approximate value, and if it appear to a Magistrate that the said drug removed as aforesaid is adulterated as aforesaid, he may order the same to be destroyed, or to be so disposed of as to him may seem fit

Inspection of drugs

২৭৩ ধারা। বণিকদ্রব্য বিক্রয করিবার জন্যে যে স্থান থাকে, কিম্বা যে স্থানে বণিকদ্রব্য বিক্রয হইযা থাকে, কমিশ্যনরগণ কিম্বা এতৎপক্ষে তাঁহাদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি যুক্তিমত কোন সমযে সেই স্থানে গিযা দেখিতে পারিবেন। ও সেই স্থানে যে বণিক দ্রব্য পাওযা যায অন্য দ্রব্যের সঙ্গে মিশাইযা তাহার গুণ কমিযা গিযাছে কি তাহার ফল পরিবর্ত্তন হইযাছে কিম্বা তাহা অস্বাস্থ্যজনক হইযাছে তাঁহার এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, যে প্রকারের যে পরিমাণের দ্রব্য ও তাহার ন্যূনাধিক যে মূল্য হয এই কথা সম্বলিত রসীদ দিযা তিনি ঐ দ্রব্য লইযা যাইতে পারিবেন। আর পূর্ব্বোক্তমতে যে দ্রব্য লইযা যাওযা যায তাহা উক্ত প্রকারে অন্য দ্রব্যের সঙ্গে মিশান হইয়াছে মাজিষ্ট্রেট এমত বোধ করিলে ঐ দ্রব্য নষ্ট হইবার কিম্বা অন্যরূপে যাহা করা উচিত বোধ করেন সেই দ্রব্য লইযা তাহা করিবার আজ্ঞা দিতে পারিবেন।

বণিক দ্রব্য দেখিবার কথা।

If it shall appear to the said Magistrate that the drug so removed is not adulterated as aforesaid, the person from whose shop or place it has been taken shall be entitled to have it restored to him, and it shall be in the discretion of the said Magistrate to award him such compensation as he may think proper, not exceeding the actual loss which has been sustained

Compensation if drug be not adulterated

তদ্রূপে যে দ্রব্য লইয়া যাওয়া গেল তাহা পূর্ব্বোক্তমতে মিশ্রিত নয উক্ত মাজিষ্ট্রেটের এমত বিবেচনা থাকিলে, যাঁহার দোকান কি স্থানহইতে ঐ দ্রব্য লইযা যাওযা গেল তাঁহার সেই দ্রব্য ফিরিয়া পাইবার অধিকার থাকিবে, ও তাঁহার যথার্থই যত হানি হইযাছে তাহার অনধিক যত টাকাতে ঐ ব্যক্তির হানিপূরণ হইতে পারে উক্ত মাজিষ্ট্রেট আপন বিবেচনামতে তাঁহার তত টাকা পাইবার আজ্ঞা করিবেন।

ঐ দ্রব্য মিশ্রিত না হইলে হানিপূরণের কথা।

If the drug removed as aforesaid is not brought before a Magistrate, it shall be restored to the person from whose shop or place it was taken, and such person shall be entitled to compen-

পূর্ব্বোক্তমতে যে বণিকদ্রব্য লইযা যাওয়া গেল, তাহা মাজিষ্ট্রেটের সম্মুখে আনা না গেলে যাঁহার দোকান কি স্থানহইতে বাহির করিয়া লওয়া গেল তাঁহাকে ফিরিযা দেওয়া যাইবে। ও সেই দ্রব্য লইয়া যাওয়াতে তাঁহার

sation for any actual loss which he may have sustained by the removal of the said drug

যথার্থই যত হানি হইয়া থাকে তাঁহার সেই হানিপূরণ পাইবার অধিকার থাকিবে ইতি।

*Of Burial and Burning-Grounds*

কবরস্থানের ও শ্মশানের কথা।

Registration of existing burial and burning grounds

274 Within three months from the commencement of this Act, every place which is used as a burial or burning-ground for corpses shall be registered as such by the owner thereof in the office of the Commissioners, but no fee shall be charged for such registry

যেং কবরস্থান ও শ্মশান আছে তাহা রেজিষ্টরী করিতে হইবার কথা।

২৭৪ ধারা। কবর স্থান কি শবদাহ করিবার স্থান বলিয়া যেং স্থানের ব্যবহার হয় এই আইন প্রচলিত হওনের সময়াবধি তিন মাসের মধ্যে, কমিশ্যনরদের আফিসে স্বামিদের সেইং স্থান রেজিষ্টরী করিতে হইবে কিন্তু রেজিষ্টরী করিবার কোন ফী লওয়া যাইবে না ইতি।

No burial or burning place henceforth to be formed without leave of Government or of Commissioners

275 No burial or burning-ground, whether public or private, shall be made or formed, or having lapsed into disuse, shall be again used as such otherwise than with the permission of the Commissioners, or under the authority of the Lieutenant-Governor

গবর্ণমেণ্টের কিম্বা কমিশ্যনরদের অনুমতি বিনা কবরস্থান কি শ্মশান না করিতে পারিবার কথা।

২৭৫ ধারা। কমিশ্যনরদের লিখিত অনুমতি বিনা কিম্বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রদত্ত ক্ষমতা বিনা, সাধারণ লোকদের কিম্বা ব্যক্তি বিশেষের কবরস্থান কি শবদাহ করিবার স্থান করিতে হইবে না ও অব্যবহার্য্য হইলে পর সেই অনুমতি বিনা তাহার তদ্রূপ ব্যবহার পুনশ্চ হইতে পারিবে না ইতি।

Commissioners may order certain burial or burning grounds to be closed

276 If it shall appear to the Commissioners at a meeting that any public or private burial or burning-ground is dangerous to health or offensive to the tax-payers, or to the inhabitants of the neighbourhood, and also that a suitable place for interment or burning, as the case may be, exists within a convenient distance, and is open and available to the inhabitants of the Municipality, the Commissioners shall give public notice of their intention to close such burial or burning ground, and shall consider any objections which may be preferred within fifteen days of the publication of such notice After considering such objections they may, with the sanction of the Commissioner of the division previously obtained, by notification to be affixed on some conspicuous part of the ground, appoint a time, not being less than two months, for the closing of such burial or burning-ground

If any building is attached to and used in connection with a burning ground closed under this section, the Commissioners shall, if the owner of such building make an application to them in that behalf, take over the same on payment of a fair price therefor

কোনং কবরস্থান কি শ্মশান কমিশ্যনরদের বন্ধ করিবার কথা।

২৭৬ ধারা। যাঁহারা টাক্স দিয়া থাকেন সাধারণ কি ব্যক্তিবিশেষের কোন কবরস্থানের কি শ্মশানের দ্বারা তাঁহাদের ও প্রতিবাসিদের স্বাস্থ্যের বিঘ্ন কি আনষ্ট জন্মিতে পারে, এবং অদূর স্থানে কবর দিবার কিম্বা বিষয়বিশেষে শবদাহ করিবার উপযুক্ত অন্য স্থান আছে ও মুনিসিপ্যালিটীর নিবাসিদের জন্যে তাহা পাওয়া যাইতে পারে, সভাগত কমিশ্যনরেরা ইহা জানিতে পাইলে, সেই কবরস্থান কি শ্মশান বন্ধ করণ বিষয়ে আপনাদের কল্পনার নোটিস প্রচার করিয়া ঐ নোটিস প্রকাশ করণাবধি পঞ্চদশ দিনের মধ্যে যে আপত্তি উপস্থিত করা যায় তাহা বিবেচনা করিবেন। ঐ আপত্তি বিবেচনা করিলে পর তাঁহারা দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক ঐ ভূমির কোন প্রকাশ স্থানে নোটিস লাগাইয়া ঐ কবরস্থানের কি শ্মশানের বন্ধ হইবার দুই মাসের অন্যূন কোন সময় নিরূপণ করিতে পারিবেন।

এই ধারামতে শবদাহ করিবার স্থান বন্ধ হইলে যদি সেই স্থানে কোন ঘর ঐ ভূমিতে সংলগ্ন ও ঐ ভূমির সম্পর্কে ব্যবহার হইয়া থাকে তবে ঐ ঘরের স্বামী প্রার্থনা করিলে কমিশ্যনরেরা তাহার উপযুক্ত মূল্য দিয়া ঐ ঘর লইবেন ইতি।

Prohibition to bury or burn in unregistered ground

277 After the expiration of three months from the commencement of this Act, no corpse shall be buried or burnt otherwise than in a place which is borne on the register of the Commissioners as an open burial or burning-ground, but the Commissioners may grant special permission for a corpse to be buried or burnt elsewhere.

রেজিষ্টরী না করা জমীতে কবর দিতে কি শবদাহ করিতে নিষেধের কথা।

২৭৭ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি তিন মাস গত হইলে পর, কমিশ্যনরদের রেজিষ্টরী বহীতে খোলা কবর স্থান কি শ্মশান বলিয়া যে স্থান লেখা না থাকে সেই স্থানে শব কবর দিতে কি দাহ করিতে হইবে না। কিন্তু কমিশ্যনরেরা অন্য স্থানে শব কবর দিবার কি দাহ করিবার বিশেষ অনুমতি দিতে পারিবেন ইতি।

**278** Whoever, after the expiration of the period mentioned in the last preceding section, knowingly buries or burns, or causes, procures, or suffers to be buried or burned, any corpse in or on any ground not registered as a burial or burning-ground, shall be liable to a fine not exceeding one hundred rupees

Penalty

**279** The Commissioners at a meeting may from time to time, out of the Municipal Fund, with the sanction of the Local Government, provide fitting places to be used as burial or burning grounds

Commissioners may provide places to be used as burial or burning grounds

**280** The Commissioners at a meeting may from time to time, out of the Municipal Fund provide for the burial and burning of paupers, free of charge, within the limits of the Municipality

Commissioners may provide for burial of paupers free of charge

*Of certain Offensive and Dangerous Trades or Occupations*

**281** Within such local limits as may be fixed by the Commissioners at a meeting, no place shall be used without a license from the Commissioners, which shall be renewable annually, for any of the following purposes, namely,

Certain offensive and dangerous trades not to be established within limits to be fixed by the Commissioners without license

melting tallow ,
boiling offal or blood ,
skinning or disembowelling animals ,

as a soap-house, oil-boiling-house, dyeing-house,

tannery, slaughter house, or kiln for making bricks, pottery, tiles, or lime ,

as a manufactory or place of business from which offensive or unwholesome smells may arise ,

as a yard or depôt for trade in hay, straw, wood, thatching grass, jute, or other dangerously inflammable material ,

as a store-house for kerosine, petroleum, naphtha, or any inflammable oil, spirit, or explosive substance ,

as a shop for the sale of meat ,
or as a serai

Such license shall not be withheld unless the Commissioners have reason to believe that the

২৭৮ ধারা। কবরস্থান কি শ্মশান বলিয়া যে ভূমি রেজিষ্টরী না হইল, ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত সময় গত হইলে পর কোন ব্যক্তি জানিয়া শুনিয়া সেই ভূমিতে শব কবর দিলে কি দাহ করিলে, কিম্বা কবর দেওয়াইলে কি দাহ করাইলে কিম্বা কবর দিবার কি দাহ করিবার প্রবৃত্তি দিলে কি অন্যকে কবর দিতে কি দাহ করিতে দিলে তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

২৭৯ ধারা। সভাগত কমিশ্যনরগণ সময়েং স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া মুনিসিপল ফণ্ডহইতে কবর দিবার কি শব দাহ করিবার উপযুক্ত স্থান নিরূপণ করিয়া দিতে পারিবেন ইতি।

কবরস্থান কি শ্মশানের জন্যে কমিশ্যনরগণের ভূমি নিরূপণ করিয়া দিবার কথা।

২৮০ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া সময়েং মুনিসিপল ফণ্ডহইতে মুনিসিপালিটীর সীমার মধ্যে দরিদ্র লোকদের বিনা খরচে শব কবর দিবার কি দাহ করিবার বিধান করিতে পারিবেন ইতি।

দরিদ্র লোকদের বিনা খরচে কবর দিবার জন্যে কমিশ্যনরদের বিধান করিবার কথা।

দুর্গন্ধ ও আশঙ্কাজনক কোনং ব্যবসায়ের কি কার্য্যের কথা।

২৮১ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া যে সীমা নিরূপণ করেন সেই সীমার মধ্যে কমিশ্যনরদের লাইসেন্স বিনা নিম্নলিখিত কোন ব্যবসায় কোন স্থানে চালাইতে হইবে না। বৎসরং ঐ লাইসেন্স নূতন করিয়া লইতে হইবে।—

কমিশ্যনরেরা যে সীমা নিরূপণ করেন সেই সীমার মধ্যে লাইসেন্স ছাড়া দুর্গন্ধ যুক্ত ও আশঙ্কাজনক ব্যবসায় চালাইবার কথা।

চরবি গলান,
উচ্ছিষ্ট মাংস কি রক্ত পাক করণ,
পশুর চামড়া খুলিয়া কি নাড়ীভুঁড়ী বাহির করিয়া লওন।

সাবান প্রস্তুত করিবার কি তৈল পাক করিবার কি কাপড় রঙ্গ করিবার,

কি চর্ম্ম কশাইবার কারখানা কিম্বা বুচরখানা কি ইটের পাঁজা কি কুম্ভের কি টালির পোয়ান কি চূণের ভাটি।

অন্য যে কর্ম্ম দ্বারা কি যে কারখানাহইতে দুর্গন্ধ কি অস্বাস্থ্যজনক গন্ধ নির্গত হয় এমত কর্ম্মের কি কারখানার স্থান।

শুষ্ক ঘাসের কি বিচালির কি কাষ্ঠের কি খড়ের কি পাটের কিম্বা সঙ্কটজনকভাবে আশু জ্বলনীয় অন্য দ্রব্যের ব্যবসায়ার্থ স্থান কি গোলা।

কেরোসিন তৈল কি পিট্রোলিয়ম কি নাফথা কি আশুজ্বলনীয় অন্য তৈল কি সুরা কিম্বা যাহা শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত অন্য দ্রব্যের গোলা।

মাংস বিক্রয়ের দোকান।
সরাই।

আরো উক্ত যে ব্যবসায় করিবার কি চালাইবার অভিপ্রায় থাকে, তাহা প্রতিবাসিদের কিম্বা যাঁহারা

business which it is intended to establish or maintain would be offensive or dangerous to persons residing in or frequenting the immediate neighbourhood

নিয়ত নিকটে যাতায়াত করিয়া থাকেন তাঁহাদের অনিষ্টজনক কি আশঙ্কাজনক, কমিশ্যনরদের এমত জ্ঞান করিবার কারণ না থাকিলে, তাঁহারা লাইসেন্স দিতে অস্বীকার করিবেন না।

The Commissioners may impose such conditions in respect of such license as they may think necessary

কমিশ্যনরেরা ঐ লাইসেন্স সম্পর্কে যে নিয়ম আবশ্যক জ্ঞান করেন ধার্য্য করিতে পারিবেন।

*This section shall not be applicable, until the expiration of one year from the date on which it comes into force, as provided in section 231, to any land which may have been used for any such purpose before such date

এই আইন ২৩১ ধারার বিধানমতে কোন স্থানে প্রচলিত হইবার পূর্ব্বে যদি উক্ত কার্য্যে কোন জমীর ব্যবহার হইয়া থাকে, তবে এই আইন সেই স্থানে প্রচলিত করা গেলে পর এক বৎসর গত না হইলে এই ধারা সেই স্থানে খাটিবে না ইতি।

**282** Whoever, without a license, uses any place for any of the aforesaid purposes within the limits of a Municipality after the expiration of the said time, shall be liable to a fine not exceeding fifty rupees for every such offence, and to a further fine, not exceeding ten rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Penalty

২৮২ ধারা। উক্ত সময় গত হইলে পর কোন ব্যক্তি লাইসেন্স না পাইয়া মুনিসিপালিটীর সীমার মধ্যে পূর্ব্বোক্ত কোন কার্য্যের নিমিত্ত কোন স্থানের ব্যবহার করিলে, তাহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও তাঁহার সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন ঐ অপরাধ হইয়া থাকে দিনপ্রতি তাঁহার আর দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

**283** If it be shown to the satisfaction of the Commissioners at a meeting that any place licensed under section 281, or that any place in respect of which the period of one year as mentioned in the said section, has not expired, is a nuisance to the neighbourhood, they may, notwithstanding anything contained in the said section, give notice to the occupier to discontinue the use of such place within one month after the date of such notice

Commissioners may in certain cases order the use of slaughter houses, and the carrying on of dangerous and offensive trades, to be discontinued

২৮৩ ধারা। ২৮১ ধারামতে যে স্থানের লাইসেন্স দেওয়া গেল, কিম্বা যে স্থানের বিষয়ে ঐ ধারার উল্লিখিত এক বৎসর গত হয় নাই সেই স্থানটি প্রতিবাসিদের অনিষ্টজনক এ কথা সভাগত কমিশ্যনরদের হৃদ্বোধজনকরূপে প্রকাশ করা গেলে, ঐ ধারায় ভাবান্তরের কথা থাকিলেও তাঁহারা ঐ স্থানের প্রজাকে নোটিস দিয়া ঐ নোটিসের তারিখ অবধি এক মাসের মধ্যে ঐ স্থানের আর তদ্রূপ ব্যবহার না করিতে আজ্ঞা দিতে পারিবেন ইতি।

কোনং স্থলে সুচরখানা ও আশঙ্কা ও দুর্গন্ধজনক ব্যবসায় বন্ধ করণ বিষয়ে কমিশ্যনরদের আজ্ঞা করিতে পারিবার কথা।

**284.** Whoever, after the expiration of such time, uses such place, or permits it to be used, in such a manner as to be a nuisance to the neighbourhood, shall be liable to a fine not exceeding two hundred rupees, and to a further fine, not exceeding forty rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Penalty

২৮৪ ধারা। সেই সময় গত হইলে পর যাহাতে প্রতিবাসিদের অনিষ্ট জন্মে কোন ব্যক্তি এমতে ঐ স্থানের ব্যবহার করিলে কি অন্যকে ব্যবহার করিতে দিলে, তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও তাঁহার সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন ঐ অপরাধ করিতে থাকেন দিনপ্রতি তাঁহার আর চল্লিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

**285** Within such limits as the Commissioners at a meeting may determine, no milkman, cartman, livery stable-keeper, or keeper of hackney carriages, shall keep any animals or horned cattle exceeding ten heads for the purposes of trade or of business except in a place licensed by the Commissioners

Milkman, &c not to keep animals or cattle without license

২৮৫ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া যে সীমা নিরূপণ করেন সেই সীমার মধ্যে তাঁহারা যে স্থানের লাইসেন্স দেন, কোন দুধওয়ালা কি গাড়ওয়ান কি আড়গড়াওয়ালা কিম্বা যাঁহারা ছকড়া গাড়ী রাখেন তাঁহারা সেই স্থানছাড়া কোন স্থানে ব্যবসায় কি কর্ম্ম চালাইবার নিমিত্ত দশটির অধিক পশু কি গবাদি রাখিতে পারিবেন না।

দুধওয়ালা প্রভৃতির লাইসেন্স বিনা পশু কি গবাদি না রাখিবার কথা।

Such license shall be taken out half-yearly, in the first and seventh month in every year

ঐ লাইসেন্স ছয়২ মাসান্তর অর্থাৎ প্রতিবৎসরের প্রথম ও সপ্তম মাসে লইতে হইবে।

*[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ৯ মে।]

It shall be in the discretion of the Commissioners in meeting to grant any such license subject to such conditions as they may think fit

**286** Whoever, being a milkman, cartman, livery stable-keeper, or keeper of hackney carriages, keeps any animals or horned cattle within such limits without such license, shall be liable to a fine not exceeding fifty rupees, and to further fine, not exceeding twenty rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Penalty

**287** Whoever, being the holder of a license under section 285, breaks the conditions of such license, shall be liable to a fine not exceeding fifty rupees and to a further fine, not exceeding ten rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence.

Penalty

**288** Within such limits as the Commissioners may direct, no person shall keep any pig-stye not being shut out from a road by a sufficient wall or fence, and no person shall keep within such limits more than ten pigs or more than twenty sheep or goats, otherwise than with the written permission of the Commissioners

Regarding pig styes, sheep, and cattle

The Commissioners may charge an annual fee, not exceeding two rupees, for such permission, and may impose such conditions in respect of such permission as they may think necessary

**289** Whoever keeps any pig-stye, pigs, sheep, or goats, contrary to the provisions of the last preceding section, shall be liable to a fine not exceeding fifty rupees, and to a further fine, not exceeding ten rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Penalty

**290** Any Magistrate before whom any person is convicted of an offence contrary to the provisions of this Act relating to the use of any place for a purpose for which a license is required, or of the non-observance of any of the bye-laws relating thereto made under this Act, in addition to the fine which may be imposed on such person under this Act, may suspend, for any period not exceeding two months, any such license.

Suspension or revocation of license, &c

and the Commissioners, upon the conviction of any person for a second or other subsequent like offence, may cancel his license

কমিশ্যনরেরা সভাগত হইয়া যেং নিয়ম উচিত বোধ করেন আপনাদের বিবেচনামতে সেইং নিয়মানুসারে তদ্রূপ লাইসেন্স দিতে পারিবেন ইতি।

২৮৬ ধারা। কোন গোয়ালা কি গারুর গাড়ীওয়ালা কি আড়গড়া ওয়ালা কি ছকড়া গাড়ীওয়ালা সেই প্রকারের লাইসেন্স না পাইয়া ঐ সীমার মধ্যে কোন জন্তু কি শৃঙ্গবিশিষ্ট গবাদি রাখিলে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে ও তাহার সেই অপরাধ নির্ণয় হইলে পর আর যত দিন সেই অপরাধ করা যায় দিনপ্রতি তাহার আর বিশ টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

২৮৭ ধারা। কোন ব্যক্তি ২৮৫ ধারামতে লাইসেন্স পাইয়া ঐ লাইসেন্সের নিয়ম লঙ্ঘন করিলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে, ও তাঁহার সেই অপরাধ নির্ণয় হইলে পর আর যত দিন ঐ অপরাধ করিতে থাকেন দিনপ্রতি তাঁহার আর দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

২৮৮ ধারা। কমিশ্যনেররা যে সীমা নিরূপণ করেন কোন ব্যক্তি সেই সীমার মধ্যে উপযুক্ত দেয়াল কি বেড়া দিয়া যাহা পথহইতে আবৃত না থাকে শূকরের এমত খোঁয়াড় রাখিবে না, ও কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে, সেই সীমার মধ্যে দশটার অধিক শূকর কি বিশটার অধিক মেষ কি ছাগল রাখিবে না।

শূকরের খোঁয়াড়ের ও মেষের ও গবাদির কথা।

তদ্রূপ অনুমতি দেওয়ার জন্যে কমিশ্যনরেরা বৎসর দুই টাকার অনধিক ফী লইতে পারিবেন ও সেই অনুমতি সম্পর্কে যেরূপ নিয়ম করা আবশ্যক বোধ করেন তাহা ধার্য্য করিতে পারিবেন ইতি।

২৮৯ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে বিধান আছে কোন ব্যক্তি সেই বিধানের বিপক্ষে শূকরের খোঁয়াড় কি শূকর কি মেষ কি ছাগল রাখিলে তাহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইবে, ও সেই অপরাধ নির্ণয় হইলে পর আর যত দিন সেই অপরাধ করিয়া থাকে দিন প্রতি তাহার আর দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

২৯০ ধারা। যে কার্য্যের নিমিত্ত লাইসেন্স লইবার আদেশ থাকে, সেই কার্য্যের নিমিত্ত এই আইনে কোন স্থানের ব্যবহার বিষয়ে যে বিধান হইল কোন মাজিষ্ট্রেটের সম্মুখে কোন ব্যক্তির সেই বিধান লঙ্ঘন করণ অপরাধ কিম্বা এই আইনমতে তদ্বিষয়ের কোন উপবিধি না মানিবার অপরাধ নির্ণয় হইলে, এই আইনমতে ঐ ব্যক্তির যত অর্থদণ্ড ধার্য্য হইতে পারে, ঐ মাজিষ্ট্রেট তদতিরিক্ত দুই মাসের অনধিক কাল উক্ত কোন লাইসেন্স স্থগিত রাখিতে পারিবেন।

লাইসেন্স স্থগিত রাখনের কি রহিত করণের কথা।

এবং ঐ ব্যক্তির দ্বিতীয়বার কিম্বা তাহার পর আর কোন সময়ে তদ্রূপ অপরাধ নির্ণয় হইলে কমিশ্যনরেরা তাহার লাইসেন্স রহিত করিতে পারিবেন ইতি।

## PART VIII

### OF THE REGISTRATION OF BIRTHS AND DEATHS

*Registration of births and deaths*

**291** Every Municipality, when required by the Lieutenant-Governor to do so, shall provide for the registration of births and deaths within the limits of its jurisdiction in accordance with the provisions of Bengal Act IV of 1873 (*for registering births and deaths*), or any other similar Act for the time being in force

*On requisition of Government, Commissioners to appoint Sub Registrars at burning ghâts and burial grounds*

**292** The Lieutenant-Governor may require the Commissioners of any Municipality to appoint and maintain at each burning ghât and native burial-ground a Sub-Registrar for the registration of all corpses brought to such burning ghât or burial ground for cremation or interment.

*Information required by Bengal Act IV of 1873 to be given to such Sub Registrars*

**293.** Whenever a Sub-Registrar shall have been appointed for any burning ghât or burial-ground under the last preceding section, information of the particulars required by section 8 of Bengal Act IV of 1873 to be known and registered may be given in respect of the death of any person whose body is brought to such burning ghât or burial-ground for cremation or interment to such Sub-Registrar, and information so given shall be deemed to be information given to the Registrar of the district as required by the said section

Section 9 of Bengal Act IV of 1873 shall be applicable to all Sub-Registrars appointed under this Act

*Information of deaths in hospitals.*

**294** Whenever a death shall occur in any hospital within the limits of any Municipality in respect of which the Lieutenant-Governor has directed that all deaths shall be registered under the said Bengal Act IV of 1873, it shall be the duty of the medical officer in charge of such hospital forthwith to send a notice in writing of the occurrence of such death to the Commissioners in such form as the Lieutenant-Governor may prescribe; and in such case no other person shall be required to give information of such death to a Registrar under the said Bengal Act IV of 1873, or to a Sub-Registrar under this Act

## অষ্টম পরিচ্ছেদ।

### জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিবার কথা।

*জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিবার কথা।*

২৯১ ধারা। কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে যত শিশুর জন্ম ও যত ব্যক্তির মৃত্যু হয় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব আদেশ করিলে ঐ মুনিসিপালিটী জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের কিম্বা যৎকালে তদ্রূপ অন্য যে আইন প্রচলিত থাকে সেই আইনের বিধানমতে ঐ২ জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিবার বিধান করিবেন ইতি।

*গবর্ণমেণ্টের আদেশ থাকিলে, শবদাহ করিবার ঘাটে ও কবরস্থানে কমিশ্যনরদের সব রেজিষ্ট্রার নিযুক্ত করিতে হইবার কথা।*

২৯২ ধারা। শবদাহ করিবার ঘাটে কি দেশীয় লোকের কবরস্থানে দাহ করিবার কি গোর দিবার জন্যে যত শব আনা যায় তাহা রেজিষ্টরী করিবার জন্যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কোন মুনিসিপালিটীর কমিশ্যনরদিগকে শবদাহ করিবার প্রত্যক ঘাটে ও কবর দিবার প্রত্যেক স্থানে সব-রেজিষ্ট্রার নিযুক্ত করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

*১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনমতে ঐ সব-রেজিষ্ট্রারদিগকে সন্ধান জানাইতে হইবার কথা।*

২৯৩ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে শবদাহ করিবার ঘাটে কিম্বা কবরস্থানে সব-রেজিষ্ট্রার নিযুক্ত হইলে, ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ৮ ধারামতে যে২ কথার অনুসন্ধান জানাইবার আজ্ঞা হইল দাহ করিবার উক্ত ঘাটে কি কবর স্থানে দাহ করিবার কি গোর দিবার জন্যে যে ব্যক্তির শব আনা যায় তাহার মরণ বিষয়ক সেই২ কথার সন্ধান ঐ সব-রেজিষ্ট্রারকে জানান যাইতে পারিবে। তদ্রূপ যে সন্ধান জানান যায় তাহা ঐ ধারার বিধানমতে জিলার রেজিষ্ট্রারকে জ্ঞাত করা সন্ধান বলিয়া জানা যাইবে।

এই আইনমতে যে সকল সব-রেজিষ্ট্রার নিযুক্ত হন তাঁহাদের প্রতি ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ৯ ধারা বর্ত্তিবে ইতি।

*হাস্পাতালে মৃত্যু হইলে তাহার সন্ধানের কথা।*

২৯৪ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৩ সালের বঙ্গীয় উক্ত ৪ আইনমতে যে মুনিসিপালিটীর লোকদের মৃত্যুর কথা রেজিষ্টরী করিবার আজ্ঞা করেন সেই মুনিসিপালিটীর সীমার অন্তর্গত কোন হাস্পাতালে কোন ব্যক্তির মৃত্যু হইলে ঐ হাস্পাতালে যে ডাক্তরের প্রতি কর্তৃত্ব ভার থাকে তাঁহার কর্ত্তব্য যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব মৃত্যুর নোটিস লিখিবার যে পাঠ ধার্য্য করেন তিনি অগৌণেই কমিশ্যনরদিগকে সেই পাঠে মৃত্যুর নোটিস লিখিয়া পাঠান। তাহা হইলে ১৮৭৩ সালের বঙ্গীয় উক্ত ৪ আইনমতে রেজিষ্ট্রারের নিকট কিম্বা এই আইনমতে সব রেজিষ্ট্রারের নিকট অন্য কোন ব্যক্তির ঐ মৃত্যুর সন্ধান জানাইবার প্রয়োজন থাকিবে না ইতি।

## PART IX.

### OF MUNICIPAL MARKETS

**295.** This Part shall not apply to any Municipality until it has been expressly extended thereto by the Lieutenant-Governor by notification in the *Calcutta Gazette*

Operation of this Chapter

**296** The Commissioners at a meeting may, with the sanction of the Lieutenant-Governor, and not otherwise, provide land for the purpose of being used as Municipal Markets, and may defray the cost of providing such land and of all expenses necessary for the establishment of such markets from the Municipal Fund, and may take a lease of any market,

Power to construct markets

and may, with such sanction, charge rent, tolls, and fees for the right to expose goods for sale in such markets, and for the use of shops, stalls, and standings therein

All such rents, tolls, and fees may be recovered as arrears of tax under the provisions of sections 111 to 120 (both inclusive)

**297** All rents, tolls, fees, and other sums received in respect of any market shall be credited to a separate fund, distinct from the Municipal Fund, which shall be styled "the Market Fund," and all expenses incurred in respect of the market, shall be charged against such Fund

Market Fund

Every sum expended from the Municipal Fund under the provisions of this section on any market shall, until such sum be repaid, be treated as a book debt against the Market Fund, bearing interest at the rate of five per centum per annum, and such interest shall be charged against the Market Fund and credited to the Municipal Fund as soon as possible after the close of each year

Interest on sums expended from Municipal Fund on markets

**298** No place shall be deemed to be a Municipal Market for which the sanction of the Lieutenant-Governor is required under section 296, and no place shall be deemed to be a market to which the following sections apply, unless at least thirty shops stalls, or standings are erected therein for the sale of goods

Definition of "Municipal Market"

## নবম পরিচ্ছেদ।

### মুনিসিপল বাজারের কথা।

২৯৫ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কোন মুনিশিপালিটীতে এই পরিচ্ছেদের বিধান স্পষ্টরূপে না বর্ত্তাইলে সেই মুনিসিপালিটীতে প্রচলিত হইবে না ইতি।

এই অধ্যায়ের বিধানের কথা।

২৯৬ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতিক্রমে মুনিসিপল বাজার করিবার জন্যে ভূমি প্রযোগ করিতে পারিবেন, কিন্তু তাঁহার অনুমতি বিনা করিবেন না। ও সেই ভূমি প্রযোগ করিবার খরচ ও সেই বাজার স্থাপন করিবার জন্যে আবশ্যক অন্যং খরচ মুনিসিপল ফণ্ডহইতে দিতে পারিবেন ও কোন বাজার পাট্টা করিয়া লইতে পারিবেন।

বাজার প্রস্তুত করিবার ক্ষমতার কথা।

এবং তাঁহারা সেই অনুমতি গ্রহণ পূর্ব্বক ঐ বাজারে বিক্রেয় দ্রব্য সাজাইয়া রাখিবার অধিকারের জন্যে ও দোকান ও মাচা ও দাঁড়াইবার স্থানের জন্যে ভাড়া ও মাসুল ও ফী লইতে পারিবেন।

বাকী টাক্স যেরূপে আদায় হইতে পারে ঐ ভাড়া ও মাসুল ও ফী ১১১ অবধি ২০ পর্য্যন্ত সকল ধারার বিধানমতে সেইরূপে আদায় হইতে পারিবে ইতি।

২৯৭ ধারা। কোন বাজারের নিমিত্ত খাজানা ভাড়া, মাসুল, ফী প্রভৃতি যে টাকা পাওয়া যায় তাহা মুনিসিপল ফণ্ড হইতে পৃথক তহবীলে জমা করিয়া লওয়া যাইবে, ঐ তহবীলের "অমুক স্থানের বাজারের ফণ্ড" নাম থাকিবে। ও বাজারের নিমিত্ত যত টাকা খরচ হয় তাহা ঐ তহবীলের হিসাবে খরচ লেখা যাইবে।

বাজারের তহবীলের কথা।

এই ধারার বিধানমতে কোন বাজারের নিমিত্ত মুনিসিপল ফণ্ডের টাকা খরচ হইলে, যত দিন ফিরিয়া দেওয়া না যায় তত দিন বাজারের ফণ্ডের খাতায় ঐ টাকা খরচ বলিয়া লেখা থাকিবে ও তাহার উপর বৎসর শতকরা ৫৲ টাকার হিসাবে সুদ চলিবে, সেই সুদের টাকা বাজারের ফণ্ডের খাতায় খরচ লিখিয়া প্রতি বৎসর অবসান হওয়ার পর যত শীঘ্র হইতে পারে মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে ইতি।

বাজারের নিমিত্ত মুনিসিপল ফণ্ডহইতে টাকা খরচ হইলে তাহার সুদের কথা।

২৯৮ ধারা। যে স্থানে বাজার করিবার নিমিত্ত ২৯৬ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতি লওয়া প্রযোজন, সেই স্থানে মাল বিক্রয় করিবার জন্যে ন্যূনকল্পে ত্রিশ খানি দোকান কি থান কি দাঁড়াইবার স্থান না থাকিলে তাহা মুনিসিপল বাজার বলিয়া জ্ঞান হইবে না এবং যে স্থানে নিম্নলিখিত নানা ধারা খাটে তাহার মধ্যে তত দোকান প্রভৃতি না থাকিলে তাহা বাজার বলিয়া জ্ঞান হইবে না ইতি।

"মুনিসিপল বাজার" এই শব্দের অর্থ নির্ণয়ের কথা।

Commissioners may prohibit use of unlicensed markets

**299.** The Commissioners at a meeting may order that within such limits as they may fix, no land shall be used as a market for the sale of meat, fish, butter, ghee, fruits, vegetables and similar provisions otherwise than under a license to be granted by the Commissioners

বাজারের লাইসেন্স না থাকিলে তাহার ব্যবহার করা কমিশ্যনরদের নিষেধ করিতে পারিবার কথা।

২৯৯ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া কোন সীমা নিরূপণ করিয়া এই আজ্ঞা করিতে পারিবেন যে কমিশ্যনরদের স্থানে লাইসেন্স না পাইলে ঐ সীমার অন্তর্গত কোন ভূমিখণ্ডে মাংস কি মাছ কি মাখন কি ঘী কি ফল কি শাক-সবজী প্রভৃতি আহারীয় দ্রব্য বিক্রয় করিবার বাজার হইতে পারিবে না ইতি।

Power to grant licenses for markets

**300** When the Commissioners at a meeting shall have issued an order under the last preceding section, they may at a meeting grant a license for the use of any land as a market for the sale of provisions as aforesaid within the Municipality

বাজারের লাইসেন্স দিবার ক্ষমতার কথা।

৩০০ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া ইহার পূর্ব্ব ধারামতে আজ্ঞা প্রচার করিলে, তাঁহারা সভাগত হইয়া মুনিসিপালিটীর মধ্যে পূর্ব্বোক্ত আহারীয় দ্রব্য বিক্রয় করিবার বাজার করিবার নিমিত্ত কোন ভূমির লাইসেন্স দিতে পারিবেন ইতি।

Duration of license and terms on which granted

**301** Every license granted under this Part shall be granted without fee, and shall be in force until the end of the year, and the Commissioners may grant such license, year by year, on the certificate in writing under the hand of the Chairman, annually renewed, that the land is fit to be used as a market for the sale of provisions as aforesaid

লাইসেন্স যত দিন প্রবল হইবে ও যে নিয়মমতে দেওয়া যাইবে তাহার কথা।

৩০১ ধারা। এই পরিচ্ছেদমতে যে লাইসেন্স দেওয়া যায় তাহা ফী না লইয়া দেওয়া যাইবে ও বৎসরের অবসানপর্য্যন্ত প্রবল থাকিবে। ও সেই ভূমি পূর্ব্বোক্ত আহারীয় দ্রব্য বিক্রয় করিবার বাজারের উপযুক্ত স্থান, সভাপতি ইহা বলিয়া বৎসর২ সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিয়া দিলে, কমিশ্যনরেরা বৎসর২ ঐ লাইসেন্স দিতে পারিবেন ইতি।

Chairman bound to certify fit places

**302** The Chairman, upon the application in writing of the owner of any land, shall grant such certificate, unless the land be defective for the purposes of a market in drainage, ventilation, water-supply, or proper width of paths and ways

উপযুক্ত স্থানের বিষয়ে সভাপতির সর্টিফিকট দিতেই হইবার কথা।

৩০২ ধারা। কোন ভূমির স্বামী লিখিয়া প্রার্থনা করিলে, জলনিঃসরণের ও বায়ু চলনের ও জল সম্পোষের উপায় সম্বন্ধে কিম্বা তাহার অন্তর্গত পথপ্রভৃতির উপযুক্ত প্রশস্ততা সম্বন্ধে সেই স্থান বাজার করিবার অনুপযুক্ত নহে, সভাপতি ইহা জানিলে উক্ত সর্টিফিকট দিবেন ইতি।

Existing markets

**303** The owners or lessees of all land used as markets for the sale of provisions as aforesaid at the time of the extension of this Part to the Municipality, shall be entitled to receive a license for the current year without the certificate required by section 301, but in subsequent years the license shall not be renewed without such certificate

এইক্ষণে যে বাজার আছে তাহার কথা।

৩০৩ ধারা। কোন মুনিসিপালিটীতে এই পরিচ্ছেদের বিধানপ্রচলিত হইবার সময়ে যে জমীতে পূর্ব্বোক্ত দ্রব্য বিক্রয় করিবার বাজার থাকে সেই জমীর স্বামী কি পাট্টাদার ৩০১ ধারার আজ্ঞামত সর্টিফিকটবিনা চলিত সনের নিমিত্ত লাইসেন্স পাইতে পারিবেন। কিন্তু ইহার পর কোন বৎসরে ঐ সর্টিফিকট না পাইলে ঐ লাইসেন্স নূতন করিয়া দেওয়া যাইবে না ইতি।

Licenses to be registered

**304** Every license under this Part shall be registered in a book to be kept for that purpose by the Commissioners in their office, in which shall be stated,

(a) the name and address of the owner of the land and market,

(b) the name and address of the lessee thereof, if any,

(c) the extent and boundary of the market,

লাইসেন্স রেজিষ্টরী করিবার কথা।

৩০৪ ধারা। এই পরিচ্ছেদমত সকল লাইসেন্স কমিশ্যনরদের কার্য্যালয়ে রেজিষ্টরী করা যাইবে। তাহার জন্যে উক্ত কমিশ্যনরদের কার্য্যালয়ে বহী থাকিবে। তন্মধ্যে এই২ কথা লেখা যাইবে।

(ক) ভূমির ও বাজারের স্বামির নাম ও ঠিকানা।

(খ) পাট্টাদার থাকিলে তাহার নাম ও ঠিকানা।

(গ) বাজারের আয়তন ও সীমা।

(*d*) the description of articles sold therein, and

(*e*) the days on which the market will be held

Transfer to be registered

**305** Every transfer of interest in any such market shall be registered within two months after the date of transfer

Unregistered markets to be deemed unlicensed

**306** Any market, the license of which, or the transfer of interest in which, shall not have been duly registered under the two last preceding sections, shall be deemed to be land used as a market without a license

Penalty for using unlicensed market

**307** Whoever, being the owner or occupier of any land, wilfully or negligently permits the same to be used as a market for the sale of meat, fish, butter, ghee, fruits, vegetables, or similar provisions without a license under section 300, shall be liable to a fine not exceeding two hundred rupees for every such offence, and to a further fine, not exceeding forty rupees for each day during which the offence is continued after conviction for such offence

Power to close unlicensed places

**308** The Magistrate, on the application of the Commissioners, may order any land, in respect of which a conviction shall have been obtained under the last preceding section, to be closed as a market place, and thereupon may appoint persons, or otherwise take order, to prevent such land being so used, and every person who shall sell or expose for sale meat, fish, butter, ghee, fruits, vegetables or similar provisions on any land which shall have been so closed, shall be liable, for every such offence, to a fine not exceeding ten rupees

---

## PART X

### OF BYE-LAWS AND MISCELLANEOUS MATTERS RELATING TO MUNICIPALITIES

Bye laws in a first class Municipality

**309** The Commissioners of any Municipality may from time to time, at a meeting which has been convened expressly for the purpose, and of which due notice shall have been given, make bye-laws not inconsistent with the provisions of this Chapter for—

(*a*) regulating the conduct of business at their meetings,

(*b*) regulating the time and mode of collecting the taxes mentioned in this Chapter,

(ঘ) তথায় যে২ প্রকারের দ্রব্য বিক্রয় হইবে, ও

(ঙ) যে২ দিনে বাজার বসিবে ইতি।

হস্তান্তর কার্য্য রেজিষ্টরী করিবার কথা।

৩০৫ ধারা। উক্ত বাজারে কোন ব্যক্তির যে স্বার্থ থাকে তাহা হস্তান্তর করা গেলে, হস্তান্তর করিবার তারিখের পর দুই মাসের মধ্যে তাহাও রেজিষ্টরী করিতে হইবে ইতি।

রেজিষ্টরী না করা বাজার বিনানুমতির জ্ঞান হইবার কথা।

৩০৬ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারামতে যে বাজারের লাইসেন্স কিম্বা যে বাজারের সম্পর্ক হস্তান্তরকরণকার্য্য নিয়মিতরূপে রেজিষ্টরী করা না যায়, তাহা লাইসেন্সবিনা বাজারস্বরূপ ব্যবহার করা জমী বলিয়া জ্ঞান হইবে ইতি।

লাইসেন্সবিনা বাজার করিতে দিবার দণ্ডের কথা।

৩০৭ ধারা। কোন ব্যক্তি কোন জমীর স্বামী কি পাট্টাদার হইয়া, ৩০০ ধারামতে লাইসেন্স না পাইয়া, স্বেচ্ছাক্রমে কিম্বা শৈথিল্য হেতুক সেই স্থান মাংস কি মাছ কি মাখন কি ঘী কি ফল কি শাকসবজী প্রভৃতি আহারীয় দ্রব্য বিক্রয়ের স্থানস্বরূপ ব্যবহার করিতে দিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ২০০৲ দুইশত টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে, ও ঐ অপরাধ নির্ণয় হইলে পর যত দিন সেই অপরাধ চলিতে থাকে তাহার দিন প্রতি ঐ ব্যক্তির ৪০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

যে স্থানের লাইসেন্স না থাকে তাহা বন্ধ করিবার ক্ষমতার কথা।

৩০৮ ধারা। কোন জমীর বিষয়ে ইহার পূর্ব্ব ধারামতে অপরাধ নির্ণয় হইলে, কমিশ্যনরদের প্রার্থনামতে মাজিষ্ট্রেট সাহেব সেই স্থান বাজারস্বরূপ ব্যবহার না হইয়া বন্ধ হইবার আজ্ঞা করিতে পারিবেন, ও উক্তমতে ঐ স্থানের ব্যবহার করিতে না পারিবার জন্যে তথায় লোক নিযুক্ত করিবেন কিম্বা অন্য উপায়ের বিধান করিবেন। কোন স্থান উক্ত প্রকারে বন্ধ হইলে পর, কোন ব্যক্তি তথায় মাংস কি মাছ কি মাখন কি ঘী কি ফল কি শাকসবজী প্রভৃতি আহারীয় দ্রব্য বিক্রয় করিলে, তাহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ১০৲ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

---

## দশম পরিচ্ছেদ।

### উপবিধির ও মুনিসিপালিটী সম্পর্কীয় বিবিধ বিষয়ের কথা।

প্রথম শ্রেণীর মুনিসিপালিটীর উপবিধির কথা।

৩০৯ ধারা। এই অধ্যায়ের বিধানের সহিত যাহা অসঙ্গত না হয় কোন মুনিসিপালিটীর কমিশ্যনরেরা সময়ে২ এমত উপবিধি করিবার স্পষ্ট অভিপ্রায়ে সভা করিয়া ও তদ্বিষয়ের উপযুক্ত নোটিস দিয়া এইং বিষয়ের উপবিধি করিতে পারিবেন,

(ক) আপনাদের সভায় কার্য্য নির্ব্বাহ হইবার নিয়মের উপবিধি।

(খ) এই অধ্যায়ে যে২ টাক্সের কথা লেখা আছে তাহা আদায় করিবার সময়ের ও নিয়মের উপবিধি।

(*c*) regulating the conduct of persons employed by them,

(*d*) the prevention of the construction or opening of cesspools,

(*e*) regulating the disposal of offensive matter, rubbish, and dead bodies of animals,

(*f*) the regulation and management of privies,

(*g*) for regulating traffic in the street,

(*h*) regulating or prohibiting of fire-balloons, fireworks, fire-arms, or other missiles in the vicinity of public roads,

(*i*) the registration of births and deaths,

(*k*) and generally for the purposes of this Chapter

(গ) তাঁহারা যে ব্যক্তিদিগকে কর্ম্ম দিয়া রাখেন তাঁহাদের আচার বিষয়ক উপবিধি।

(ঘ) আঁস্তাকুড় প্রস্তুত করিবার কি খুলিবার নিষেধ বিষয়ক উপবিধি।

(ঙ) দুর্গন্ধ বিষয় ও রাবিশ ও মরা পশু লইয়া যাহা করিতে হইবে তদ্বিষয়ক উপবিধি।

(চ) পাইখানার বিধান ও কার্য্যাধ্যক্ষতা বিষয়ক উপবিধি।

(ছ) পথে বাণিজ্য দ্রব্যাদি চলনের উপবিধি।

(জ) রাজপথের নিকট আগুনের বেলুন, ও আতশবাজী ও বন্দুকাদি ও নিক্ষেপ্য অন্যং দ্রব্য ছুড়িবার বিধান বা নিষেধবিষয়ক উপবিধি।

(ঝ) জন্ম ও মৃত্যু রেজিস্টরী করণের উপবিধি।

(ঞ) ও এই অধ্যায়ের উদ্দেশ্যের মধ্য নানা কার্য্যের উপবিধি।

And the Commissioners of any Municipality to which Part IX may have been extended may similarly make bye-laws for the regulation of markets

ও নবম পরিচ্ছেদ যে মুনিসিপালিটীর প্রতি বর্ত্তান যায় তথাকার কমিশ্যনরেরা বাজার সংক্রান্ত কার্য্যের বিধান করিবার উপবিধি করিতে পারিবেন।

The Commissioners may from time to time, at a meeting as aforesaid, repeal, alter, or add to such bye-laws

কমিশ্যনরেরা সময়েং পূর্ব্বোক্তমতে সভা করিয়া উক্ত উপবিধি রহিত কি পরিবর্ত্তন করিতে কিম্বা তাহাতে অন্য বিধি সংযোগ করিয়া দিতে পারিবেন।

Provided that no fee or toll which is not expressly sanctioned by this Act shall be levied under any such bye-law

কিন্তু এই আইনেতে যে ফী কি মাসুল লইবার স্পষ্ট অনুমতি না থাকে, উক্ত কোন উপবিধিক্রমে তাহা আদায় হইতে পারিবে না ইতি।

**310** No bye-law, and no repeal, alteration of, or addition to, any bye-law, shall have effect until the same has been confirmed by the Lieutenant-Governor, and until the expiration of one month after the same has been published in the manner directed in section 362 and no bye-law, and no alteration of, or addition to, any bye-law shall be sanctioned by the Lieutenant-Governor otherwise than on the recommendation of the Commissioners at a meeting

Confirmation of bye laws

৩১০ ধারা। কোন উপবিধি এবং উপবিধির রহিত কি পরিবর্ত্তন হওয়া কিম্বা কোন উপবিধিতে নূতন কথা সংযোগ করিয়া দেওয়া যত দিন শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের দ্বারা অনুমোদিত না হয়, তত দিন এবং ৩৬২ ধারার বিধানমতে প্রকাশ করা গেলে পর এক মাস গত না হইলে তাহ প্রবল হইবে না। আরো কমিশ্যনরের সভাগত হইয়া কোন উপবিধি প্রণয়ন কিম্বা পরিবর্ত্তন করিবার কিম্বা তাহাতে অন্য কথা সংযোগ করিয়া দিবার অনুরোধ না করিলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহার অনুমতি দিবেন না ইতি।

উপবিধি দৃঢ় করিবার কথা।

**311** The Commissioners at a meeting may, with the sanction of the Lieutenant-Governor, declare the penalties which shall be incurred by the breach of any bye-law, and any person committing a breach of any bye law shall be liable to the penalty so declared, provided that no higher penalty shall be incurred by the breach of any bye law than a fine of fifty rupees for every offence specified thereby, and a further fine of ten rupees for each day during which the offence is continued after the offender has been required by a notice in writing to desist from such offence

Penalties for breach of bye laws

৩১১ ধারা। কোন উপবিধি লঙ্ঘন করিলে যে দণ্ড হইতে পারিবে, কমিশ্যনরেরা সভাগত হইয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের সম্মতিক্রমে সেই দণ্ড ধার্য্য করিতে পারিবেন, ও কোন ব্যক্তি কোন উপবিধি লঙ্ঘন করিলে তাঁহার সেই নির্দ্ধারিত দণ্ড হইতে পারিবে। কিন্তু কোন উপবিধি লঙ্ঘন হওয়াতে তন্মধ্যে যে অপরাধ নির্দ্দিষ্ট হয় তাহার প্রত্যেক অপরাধের নিমিত্ত পঞ্চাশ টাকার অধিক দণ্ড ও অপরাধির নামে নোটিস লিখিয়া দিয়া সেই অপরাধ আর না করিবার আজ্ঞা হইলে পর যত দিন সেই অপরাধ করিতে থাকেন দিন প্রতি তাঁহার আর দশ টাকার অধিক দণ্ড ধার্য্য হইবে না ইতি।

উপবিধি লঙ্ঘনের দণ্ডের কথা।

**312** The Commissioners may direct any prosecution for any public nuisance, and may order proceedings to be taken for the recovery of any penalties under this Chapter, and for the punishment of any persons offending against the same, and may order the expenses of such prosecution or other proceedings to be paid out of the Municipal Fund

Commissioners may direct prosecution for public nuisance

**313** No prosecutions for an offence under this Chapter or any bye-law made in pursuance thereof, shall be instituted without the order or consent of the Commissioners, and no such prosecution shall be instituted except within three months next after the commission of such offence, unless the offence is continuous in its nature, in which case a prosecution may be instituted within three months of the date on which the commission or existence of the offence was first brought to the notice of the Chairman of the Commissioners

No prosecution for an offence under this Act to be instituted without consent of Commissioners

Provided that the failure to take out any license under this Chapter shall be deemed to be a continuing offence until the expiration of the period for which such license is required to be taken out

**314** If the Commissioner of the division in which the Municipality is situated shall have reason to believe that the Commissioners have failed to pay for the municipal police as required by this Chapter, or have failed to maintain within the limits of the Municipality, any road which without such limits is maintained by a District Committee under the Road Cess Act, 1871,

Procedure if Commissioners fail to pay for police, maintain roads, &c

or have failed to maintain in proper order the roads within the Municipality,

or have failed to make adequate and suitable provision for the cleaning and the conservancy of the Municipality to an extent likely to be prejudicial to the health of the inhabitants of any part thereof,

the said Commissioner may, with the sanction of the Lieutenant-Governor, convene a committee consisting of

(*a*) the Magistrate of the district, or the Magistrate of the division of the district,

৩১২ ধারা। সাধারণের অনিষ্টজনক কোন কর্ম্ম করা গেলে কমিশ্যনরেরা তদ্ধেতুক নালিশ হইবার আজ্ঞা দিতে পারিবেন, এবং এই অধ্যায়মতে অর্থদণ্ডের আজ্ঞা হইলে তাহা আদায় করিবার জন্যে ও কোন ব্যক্তি আইনবিরুদ্ধ অপরাধ করিলে তাহার দণ্ড হইবার জন্যে কার্য্যানুষ্ঠানের আজ্ঞা দিতে পারিবেন, ও সেই নালিশ হওয়ার কি অন্য কার্য্যানুষ্ঠানের খরচ মুনিসিপল ফণ্ড হইতে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

সাধারণের অনিষ্টজনক কর্ম্মহেতুক কমিশ্যনরদের নালিশ করিতে আজ্ঞা দিবার কথা।

৩১৩ ধারা। এই অধ্যায়মতে যাহা অপরাধ হয়, কিম্বা এই অধ্যায়ানুসারে যে উপবিধি করা যায় তৎক্রমে যাহা অপরাধ হয়, কমিশ্যনরদের আজ্ঞা কি অনুমতি না থাকিলে সেই অপরাধহেতুক নালিশ করা যাইবে না এবং তদ্রূপ অপরাধ করা গেলে পর তিন মাসের মধ্যে না হইলে নালিশ উপস্থিত করিতে হইবে না। কিন্তু অপরাধের ভাব বিবেচনায় যদি তাহা ক্রমাগত হইয়া থাকে, তবে কমিশ্যনরদের সভাপতিকে যে তারিখে সেই অপরাধ করণের কি হওনের কথা জ্ঞাত করা যায়, সেই তারিখঅবধি তিন মাসের মধ্যে ঐ নালিশ উপস্থিত করা যাইতে পারিবে।

কমিশ্যনরদের অনুমতি না হইলে, এই আইনমত অপরাধহেতুক অভিযোগ না হওয়ার কথা।

পরন্তু এই অধ্যায়মতে কোন লাইসেন্স লইবার ত্রুটি হইলে, যে মিয়াদের নিমিত্ত ঐ লাইসেন্স লইবার আজ্ঞা হইল সেই মিয়াদ গত না হওন পর্য্যন্ত ঐ অপরাধ নিয়ত চলিতেছে বলিয়া জ্ঞান হইবে ইতি।

৩১৪ ধারা। এই অধ্যায়ে মুনিসিপল পোলীসের যে বেতন দিবার আজ্ঞা হইল কমিশ্যনরেরা তাহা দিতে ত্রুটি করিয়াছেন, কিম্বা মুনিসিপালিটীর সীমার বাহিরের যে পথ, পথকর বিষয়ক ১৮৭১ সালের আইনমতে, জিলার কমিটীর দ্বারা রাখা গিয়া থাকে, কোন মুনিসিপালিটীর কমিশ্যনরেরা ঐ মুনিসিপালিটীর সীমার অন্তর্গত সেই পথ সারাইয়া রাখিলেন না।

কমিশ্যনরেরা পোলীসের বেতন দিতে কি পথাদি রক্ষা করিতে ত্রুটি করিলে কার্য্য প্রণালীর কথা।

কিম্বা মুনিসিপালিটীর অন্তর্গত পথ উপযুক্তমতে রাখিতে ত্রুটি করিয়াছেন।

কিম্বা মুনিসিপালিটীর কোন অংশ নিবাসি লোকদের স্বাস্থ্যের যাহাতে বিঘ্ন হয় এই পর্য্যন্ত ঐ মুনিসিপালিটী পরিষ্কার করিবার ও পরিপাটীরূপে রাখিবার যথোচিত ও উপযুক্ত বিধান করিতে ত্রুটি করিয়াছেন।

ঐ মুনিসিপালিটী যে দেশখণ্ডের অন্তর্গত থাকে সেই দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে তিনি শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক এই২ ব্যক্তিদিগকে লইয়া কমিটী করিতে পারিবেন,

(ক) জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জিলার খণ্ডের মাজিষ্ট্রেট,

(b) the Executive Engineer of the division,

(c) the Civil Surgeon of the district,

(d) and two members, one of whom shall be nominated by the Commissioner of the division, and the other by the Commissioners at a meeting,

and such Committee shall inquire into and report on the state of the Municipality

The Lieutenant-Governor may, on the report of such Committee, call upon the Commissioners by a requisition in writing forwarded to the Chairman, and published in the *Calcutta Gazette*, to raise the necessary funds and carry out the purposes of this Chapter, in respect of all or any of the objects mentioned in this section

And if the Commissioners neglect, for the period of three months from the date of such publication, to comply with such requisition, the Lieutenant Governor may direct the Magistrate of the district to raise the necessary funds under the provisions of this Chapter, and carry out the purposes thereof in respect of the said objects, or any of them, and for such purposes the Magistrate of the district shall have all the powers and rights conferred on the Commissioners and the Commissioners at a meeting by this Act, and shall exercise such powers and rights until the said Lieutenant Governor shall otherwise direct

(খ) সেই খণ্ডের এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র সাহেব,

(গ) জিলার সিবিল চিকিৎসক সাহেব।

(ঘ) ও কমিশ্যনরদের দুই জন। দেশখণ্ডের কমিশ্যনর সাহেব ইঁহাদের মধ্যে এক জনকে মনোনীত করিবেন, অন্য জনকে কমিশ্যনরেরা সভা করিয়া মনোনীত করিবেন।

ও সেই কমিটী মুনিসিপালিটীর অবস্থার অনুসন্ধান লইয়া তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ঐ কমিটীর রিপোর্ট পাইলে, সভাপতির নামে অনুজ্ঞাপত্র লিখিয়া ও কলিকাতা গেজেটে প্রকাশ করিয়া, কমিশ্যনরদিগকে আবশ্যকমতে টাকা তুলিয়া এই ধারার উল্লিখিত সকল কি কোন বিষয়ে এই অধ্যায়ের উদ্দেশ্য সফল করিতে আজ্ঞা করিতে পারিবেন।

সেই অনুজ্ঞাপত্র প্রকাশ হইবার তারিখ অবধি কমিশ্যনরেরা তিন মাসের মধ্যে ঐ অনুজ্ঞাপত্রমতে কর্ম্ম না করিলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব জিলার মাজিষ্ট্রেট সাহেবকে এই অধ্যায়ের বিধানমতে ঐ প্রয়োজনীয় টাকা তুলিতে এবং উক্ত কোন বিষয় সম্পর্কে এই আইনের উদ্দেশ্য সফল করিতে আজ্ঞা দিতে পারিবেন। এই আইন দ্বারা কমিশ্যনরদের ও সভাগত কমিশ্যনরদের প্রতি যে শক্তি ও অধিকার দেওয়া গেল, উক্ত কার্য্যপক্ষে জিলার মাজিষ্ট্রেট সাহেবের সেই শক্তি ও অধিকার থাকিবে ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব যত দিন অন্য আজ্ঞা না করেন তিনি তত দিন সেই শক্তি ও অধিকারক্রমে কার্য্য করিতে থাকিবেন ইতি।

## CHAPTER III

### *Of Unions*

**315** In every place which, in accordance with the provisions of section 3, becomes a Union under this Chapter, every person who has been appointed to be a member of a panchait for such place under Act XX of 1856, shall be deemed to be a member of the panchait duly appointed for such Union, and in every such Union any tax which may have been imposed and assessed under the provisions of the said Act shall be deemed to have been imposed and assessed under this Chapter, and may be levied as in this Chapter provided

Extent and commencement of this Chapter

**316** The provisions of this Chapter may be extended by the Lieutenant-Governor, by notification published in the *Calcutta Gazette*, to any city, town, suburb or bazar not being within the limits of the ordinary original jurisdiction of the High Court at Fort William in Bengal, from such date as may be specified therein,

Lieutenant Governor may extend Chapter

## তৃতীয় অধ্যায়।

### গ্রাম সমাহারের কথা।

৩১৫ ধারা। যে সকল স্থান ৩ ধারার বিধানানুসারে এই অধ্যায়মতে গ্রামসমাহার হয়, যে প্রত্যেক ব্যক্তি ১৮৫৬ সালের ২০ আইনমতে সেই২ স্থানের পঞ্চায়তে নিযুক্ত হইলেন, তাঁহাকে ঐ গ্রামসমাহারের পক্ষে নিয়মিতরূপে নিযুক্ত পঞ্চায়তের ব্যক্তি বলিয়া জ্ঞান করিতে হইবে। ও তদ্রূপ প্রত্যেক গ্রামসমাহারে উক্ত আইনের বিধানমতে যে কোন টাক্স স্থাপন হইয়া ধার্য্য করা গেল, তাহা এই অধ্যায়মতে স্থাপন হইয়া ধার্য্য হইল এমত জ্ঞান করিতে হইবে এবং এই অধ্যায়ের বিধানমতে আদায় হইতে পারিবে ইতি।

এই অধ্যায় যত দূর ও যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

৩১৬ ধারা। বঙ্গদেশের অন্তর্গত ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতা যে সীমার মধ্যে প্রবল থাকে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ঐ জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট তারিখঅবধি সেই সীমার বহির্ভূত কোন শহরে কি নগরে কি শাখা

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের এই অধ্যায় বিস্তৃত করিয়া বর্ত্তাইবার কথা।

and shall thereupon come into force in such city, town, suburb or bazar on the date so specified

নগরে কি বাজারে এই অধ্যায়ের বিধান বিস্তৃত করিয়া খাটাইতে পারিবেন, তাহা হইলে নির্দ্দিষ্ট সেই তারিখ-অবধি সেই বিধান ঐ শহরে কি নগরে কি শাখানগরে কি বাজারে প্রচলিত হইবে ইতি।

**317** The Lieutenant-Governor may, by like notification, at any time vary the limits of any Union, or withdraw any Union from the operation of this Chapter

*Lieutenant Governor may vary limits of town or withdraw it from operation of Chapter*

৩১৭ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব কোন সময়ে সেই প্রকারের জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কোন গ্রামসমাহারের সীমা পরিবর্ত্তন করিতে কিম্বা এই অধ্যায়ের বিধানহইতে কোন গ্রামসমাহার উঠাইয়া লইতে পারিবেন ইতি।

*নগরের সীমা পরিবর্ত্তন করিতে কিম্বা এই অধ্যায়ের বিধানহইতে মুক্ত করিতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের ক্ষমতার কথা।*

**318** The Lieutenant Governor may, by notification to be published in the said *Gazette*, form into a Union for the purposes of this Chapter any city town, suburb, or bazar, or any part or parts of a city, town, suburb, or bazar with any other city, town, suburb, or bazar, or part or parts of a city town, suburb, or bazar, but no agricultural village intervening shall be included in such Union

*Unions may be formed*

৩১৮ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব ঐ গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া, এই অধ্যায়ের কার্য্যপক্ষে কোন শহর কি নগর কি শাখা নগর কি বাজার, কিম্বা শহরের কি নগরের কি শাখ নগরের কি বাজারের কোন এক কি কএক অংশ অন্য শহরের কি নগরের কি শাখ নগরের কি বাজারের সঙ্গে কিম্বা অন্য শহরের কি নগরের কি শাখা নগরের কি বাজারের কোন এক কি কএক অংশের সহিত সমাহারবদ্ধ করিতে পারিবেন। কিন্তু চাষাগ্রাম ব্যবধান থাকিলে তাহা ঐ সমাহারের মধ্যে ধরা যাইবে না ইতি।

*গ্রামসমাহার করিবার কথা।*

**319** For the purposes of this Chapter, the Lieutenant-Governor may define and declare the limits of any Union, and all occupiers of houses within any such Union shall be liable to be assessed according to the provisions of this Chapter for the purposes mentioned in the next succeeding section, but such Union shall not include any agricultural village

*Government may define limits of towns, &c*

৩১৯ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব এই অধ্যায়ের কার্য্যপক্ষে কোন গ্রাম সমাহারের সীমা নিরূপণ ও নির্দ্দেশ করিতে পারিবেন, ও সেই গ্রাম সমাহারের অন্তর্গত সকল ঘরের প্রজার উপর ইহার পশ্চাৎ ধারার উল্লিখিত কার্য্যপক্ষে এই অধ্যায়ের বিধানানুসারে টাকা ধার্য্য হইতে পারিবে, কিন্তু ঐ সমাহারে কোন চাষাগ্রাম ধরিতে হইবে না ইতি।

*নগরাদির সীমা গবর্ণমেণ্টের নির্ণয় করিবার কথা।*

**320** The Magistrate of every Union shall, by ways and means in and by this Chapter provided, cause to be levied and raised in such Union the amount of the expense of the police to be borne under the provisions of this Chapter by such Union, and the cost of raising such amount, and the Magistrate may by the same ways and means cause to be levied such further sum as to him shall seem meet, and apply the same in cleansing such Union, in providing drinking-water, or in lighting or otherwise improving the same

*Magistrate to raise amount of expense*

৩২০ ধারা। এই অধ্যায়ের বিধানমতে প্রত্যেক সমাহারে পোলীসের যে খরচ দিতে হইবে ঐ সমাহারের মাজিষ্ট্রেট এই অধ্যায়ের নির্দ্ধারিত উপায় ও নিয়ম দ্বারা সেই সমাহারের মধ্যে ঐ টাকা এবং তাহা তুলিবার খরচ ধার্য্য করিয়া তুলিবেন। ও আর যত টাকা তাঁহার বিবেচনায় উচিত বোধ হয় তিনি সেই উপায়ে ও নিয়মমতে তত টাকা আদায় করিয়া ঐ সমাহারবদ্ধ নগরাদি পরিষ্কার করণে ও পানীয় জল যোগাইয়া দেওনে কিম্বা আলো দেওনে কিম্বা অন্য প্রকারে তাহার উৎকর্ষসাধনে ব্যয় করিতে পারিবেন।

*খরচ মাজিষ্ট্রেটের তুলিতে হইবার কথা।*

Provided that the aggregate amount to be raised under the provisions of this section shall not exceed the average rate of one rupee and eight annas per annum for each house, and the amount assessed in respect of any one house shall not be more than the pay of a police officer of the lowest grade who is appointed to such Union

কিন্তু ঘর প্রতি বৎসর ১॥ দেড় টাকা গড় ধরিয়া যত হয় এই ধারার বিধানমতে মোটে তাহার অধিক তুলিতে হইবে না, এবং পোলীসের যে কার্য্যকারকেরা সেই সমাহারে নিযুক্ত থাকেন তাঁহাদের মধ্যে নিম্নতর শ্রেণীর কোন আমলার যত টাকা বেতন হয় কোন এক ঘরের উপর তাহার অধিক ধার্য্য করিতে হইবে না ইতি।

**321** All sums raised, levied, or received by the Magistrate, and all fines paid or levied under this Chapter, and all other sums which the Lieutenant Governor may direct, shall constitute a fund which shall be called the Union Fund of the Union on account of which they are raised, levied, or received, and all expenditure authorized by this Chapter shall be made from such fund

The Town Fund

**322** The Magistrate shall, before the close of each year, cause to be prepared in detail estimates showing the probable receipts and expenditure of the Union during the ensuing year, and shall lay such estimates before the Commissioner of the division, who may accept, amend, or reject the same

Magistrate may cause estimates to be prepared

**323** The tax to be levied in any Union for the purposes of this Chapter shall be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same

Nature of the tax to be levied

**324** For the purposes hereinafter mentioned, the Magistrate shall constitute and appoint a panchait for each Union, or, when he may see fit to divide any Union into convenient wards, for each ward thereof, and shall issue a certificate of appointment specifying the names, residence, business, or other description of the persons appointed, and the period for which the appointment is made

Constitution of panchaits

Every panchait shall consist of three or five respectable persons residing or carrying on business in or near to any such Union, or in or near to any such division thereof

Provided that instead of any one such person, the Magistrate may appoint any person whom he may think fit to be a member of the panchait notwithstanding such person may not reside or carry on business in or near to such Union, or in or near to any such division thereof

**325** The panchait so appointed, or the majority of them, shall, once in every year, if required so to do by the Magistrate, prepare and make, in accordance with the rules laid down in the requisition, an assessment upon the several persons liable to be assessed in respect of their occupation of property within the Union, or any ward thereof as aforesaid for which the panchait shall be appointed,

Duties of panchait

৩২১ ধারা। মাজিষ্ট্রেটের দ্বারা যে টাকা তোলা কি ধার্য্য করা কি পাওয়া যায় ও এই অধ্যায়মতে অর্থদণ্ডের যে টাকা দেওয়া যায় বা আদায় করা যায় ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব অন্য যে টাকার আজ্ঞা করেন সেই সকল টাকা লইয়া তহবীল করা যাইবে। যে সমাহারের নিমিত্ত তোলা বা ধার্য্য করা বা পাওয়া যায় সেই সমাহারের তহবীল বলিয়া ঐ তহবীল জানা যাইবে, এই অধ্যায়ে যত টাকা খরচ করিবার অনুমতি হয় তাহা সেই তহবীলহইতে দেওয়া যাইবে ইতি।

নগরীয় তহবীলের কথা।

৩২২ ধারা। প্রতি বৎসর সমাহারবদ্ধ নগরাদির যত টাকা আয় ও ব্যয় হইতে পারিবে মাজিষ্ট্রেট সাহেব তাহার পূর্ব্ব বৎসরাবসান হওয়ার পূর্ব্বে ইহার বিস্তারিত অনুমানপত্র প্রস্তুত করাইয়া দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের সম্মুখে অর্পণ করিবেন তিনি তাহা গ্রাহ্য বা সংশোধন বা অগ্রাহ্য করিতে পারিবেন ইতি।

মাজিষ্ট্রেটের অনুমানপত্র প্রস্তুত করাইবার কথা।

৩২৩ ধারা। কোন সমাহারে যাহারা টাক্স দিবার যোগ্য হন তাঁহাদের সঙ্গতি বিবেচনায় ও তাঁহাদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবে তদনুসারে এই অধ্যায়ের কার্য্য পক্ষে তাঁহাদের টাক্স ধার্য্য হইবে ইতি।

যে প্রকারের টাক্স আদায় হইতে পারিবে তাহার কথা।

৩২৪ ধারা। নিম্নলিখিত কার্য্যপক্ষে মাজিষ্ট্রেট সাহেব প্রত্যেক সমাহারে পঞ্চায়ত স্থাপন করিয়া নিযুক্ত করিতে পারিবেন কিম্বা সুবিধামতে পল্লি করিয়া সমাহার বিভক্ত করা উচিত বোধ করিলে প্রত্যেক পল্লির পঞ্চায়ত স্থাপন করিয়া নিযুক্ত করিতে পারিবেন। ও তিনি নিয়োগের সর্টিফিকট প্রচার করিয়া যাঁহাদিগকে নিযুক্ত করা গেল তাঁহাদের নাম ও বাসস্থান ও ব্যবসায় কি অন্য বর্ণনা ও যত দিনের নিমিত্ত নিযুক্ত হইলেন তাহা বিশেষ করিয়া লিখিবেন।

পঞ্চায়তের সংস্থিতির কথা।

যাঁহারা উক্ত সমাহারে কি তন্নিকটে কিম্বা উক্ত পল্লির মধ্যে কি তন্নিকটে বাস করেন কি ব্যবসায় চালান এমত তিন কি পাঁচ জন সম্ভ্রান্ত ব্যক্তিকে লইয়া প্রত্যেক পঞ্চায়ত হইবে।

কিন্তু ঐ সমাহারের মধ্যে কি তন্নিকটে কিম্বা তাহার কোন পল্লির মধ্যে কি তন্নিকটে বাস না করিলেও যে ব্যক্তিকে মাজিষ্ট্রেট পঞ্চায়তের মধ্যে থাকার উপযুক্ত বোধ করেন, তিনি উক্ত পঞ্চায়তের কোন এক জনের পরিবর্ত্তে, তাঁহাকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

৩২৫ ধারা। পঞ্চায়ত যে সমাহারে কি পূর্ব্বোক্ত যে পল্লিতে নিযুক্ত থাকেন তদন্তর্গত সম্পত্তি অধিকার করণ হেতুক যে ব্যক্তিরা টাক্স দিবার যোগ্য হন, পূর্ব্বোক্তমতে নিযুক্ত পঞ্চায়ত কিম্বা তাঁহাদের অধিকাংশ ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের আদেশ পাইলে সেই আদেশপত্রের নির্দ্দিষ্ট বিধি অনুসারে বৎসর একবার সেই ব্যক্তিদের টাক্স ধার্য্য করিয়া নির্দ্ধারণপত্রে লিখিবেন। ঐ সমাহারের কি পল্লির

পঞ্চায়তের কর্ত্তব্য কর্ম্মের কথা।

and shall enter the same in a list which shall specify the names of the several occupiers of property within such Union or ward thereof liable to be assessed under the provisions of this Chapter, the trade, business, or other description of such occupier, the property occupied, and the amount payable monthly by such occupier

অন্তর্গত সম্পত্তির যেং দখীলকার এই অধ্যাযের বিধানমতে টাক্স দিবার যোগ্য হন, ঐ নির্ঘন্টপত্রে তাঁহাদের প্রত্যেক জনের নাম ও ব্যবসায কি কর্ম্ম বা অন্য বর্ণনা ও যে সম্পত্তি অধিকার করেন ও মাসে তাঁহার যত দিতে হইবে এই সকল কথা বিশেষ করিয়া লিখিতে হইবে ইতি।

*Form of Magistrate's requisition*

**326** The requisition of the Magistrate to the panchait to make out such list shall be in the from marked (A), set forth in the fourth schedule or to the like effect

*মাজিষ্ট্রেটের আদেশপত্রের পাঠের কথা।*

৩২৬ ধারা। মাজিষ্ট্রেট সাহেব পঞ্চাযতের প্রতি ঐ নির্ঘন্টপত্র লিখিবার যে আদেশ করেন তাহা চতুর্থ তপসীলের A চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মানুসারে লেখা যাইবে ইতি।

*Panchait may revise existing assessment*

**327** The panchait shall, if required by the Magistrate so to do, instead of making a new assessment, revise and amend the assessment then in force

*যে টাক্সপত্র প্রচলিত আছে পঞ্চায়তের তাহা পুনর্বালোচনা করিতে পারিবার কথা।*

৩২৭ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের আদেশ পাইলে, পঞ্চাযত নূতন টাক্সপত্র প্রস্তুত না করিয়া যে পত্রখানি প্রবল আছে তাহা পুনরালোচনা করিয়া সংশোধন করিবেন ইতি।

*Magistrate may amend and settle assessment as revised by the panchait*

**328** When an assessment shall have been made or revised, as the case may be, the panchait shall forward to the Magistrate the list containing the same, and the Magistrate shall revise and, if necessary, amend and settle it

*পঞ্চাযত ঐ টাক্সপত্র পুনর্দৃষ্টি করিলে পর মাজিষ্ট্রেটের তাহা সংশোধন করিয়া স্থির রাখিবার কথা।*

৩২৮ ধারা। টাক্সপত্র প্রস্তুত করা কিম্বা বিষয়বিশেষে পুনরালোচনা করা গেলে পর পঞ্চাযত মাজিষ্ট্রেটের নিকট তৎসম্বলিত নির্ঘন্টপত্র পাঠাইবেন। মাজিষ্ট্রেট সাহেব তাহা পুনর্দৃষ্টি ও প্রযোজনমতে সংশোধন করিয়া দৃঢ় করিবেন ইতি।

*Magistrate may exempt occupiers unable to pay the assessment*

**329** The Magistrate may, at his discretion exempt from the assessment any occupier who may be unable from poverty to pay the same

*যাহারা টাক্স দিতে না পারেন তাহাদিগকে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমা করিতে পারিবার কথা।*

৩২৯ ধারা। কোন প্রজা দীনতাপ্রযুক্ত অবধারিত টাক্স দিতে না পারিলে, মাজিষ্ট্রেট সাহেব স্বীয় বিবেচনামতে তাঁহাকে মুক্ত করিতে পারিবেন ইতি।

*Assessment to be published*

**330** When the assessment shall have been settled, the Magistrate shall sign the list, and shall cause a copy thereof to be prepared in the form (B) in the fourth schedule and deposited in his office, and a notification in the form (C) of the said schedule or to the like effect, and written in the language which is ordinarily spoken in such Union, to be published in the manner provided in section 362

*টাক্সপত্র প্রকাশ করিবার কথা।*

৩৩০ ধারা। টাক্স স্থিররূপে ধার্য্য হইলে পর, মাজিষ্ট্রেট সাহেব নির্ঘন্টপত্রে স্বাক্ষর করিয়া চতুর্থ তপসীলের B চিহ্নিত পাঠে তাহার নকল প্রস্তুত করাইয়া আপনার কাছারীতে রাখিবেন ও সেই তপসীলের C চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মানুসারে জ্ঞাপনপত্র ঐ সমাহারবদ্ধ নগরাদির চলিত ভাষায় লেখাইয়া ৩৬২ ধারার বিধানমতে প্রকাশ করাইবেন ইতি।

*Assessment to stand good for one year*

**331** Unless revised or corrected as hereinafter provided, every assessment made under this Chapter shall stand good for one whole year, and until a new one is made

*টাক্সপত্র এক বৎসর প্রবল থাকিবার কথা।*

৩৩১ ধারা। এই অধ্যাযমতে যে টাক্সপত্র করা যায নিম্নলিখিত বিধানমতে তাহ পুনর্দৃষ্টি কি সংশোধন না হইলে, পূরা এক বৎসর ও যত দিন নূতন টাক্সপত্র না করা যায তত দিন প্রবল থাকিবে।

*Change of occupation before a new assessment*

In case the occupier of any property included in any assessment shall be changed before a new assessment is made, the new occupier, instead of the former occupier thereof, shall be liable in respect of such property for any portion of the assessment which shall have become

*নূতন টাক্সপত্র করিবার পূর্ব্বে ব্যবসাযাদির পরিবর্ত্তন হওয়ার কথা।*

কোন টাক্সপত্রে সম্পত্তির প্রজা বলিযা যে ব্যক্তির নাম লেখা থাকে নূতন টাক্সপত্র প্রস্তুত হইবার পূর্ব্বে সেই প্রজার পরিবর্ত্তন হইলে, ঐ সম্পত্তির নিমিত্ত নূতন প্রজার অধিকার করণ সমযে টাক্সের যে অংশ পাওনা থাকে পূর্ব্বকার প্রজার স্থানে ঐ নূতন প্রজা

payable during his occupation, and, after notification to such person, the Magistrate may cause his name to be substituted in the said list for the name of the former occupier

সেই অংশের দায়ী হইবেন। মাজিষ্ট্রেট সাহেব তাঁহাকে নোটিস দিয়া ঐ নির্ঘণ্টপত্রে পূর্ব্বকার প্রজার নাম উঠাইয়া নূতন প্রজার নাম লেখাইবেন ইতি।

Revised assessment to be deemed a new one

Every assessment which shall be revised according to the provisions of section 327 shall be deemed a new assessment,

সংশোধিত টাক্সপত্র নূতন বলিয়া জ্ঞান করিবার কথা।

৩২৭ ধারার বিধানমতে যে টাক্সপত্র সংশোধন করা যায় তাহা নূতন টাক্সপত্র বলিয়া জ্ঞান করিতে হইবে।

Provided that if no new assessment is made within the first three months of any year, a notification of the list of the previous year shall be published as required by section 330, and such list shall thereupon be deemed to be the assessment for the current year, and shall be open to appeal under the next succeeding section

কিন্তু কোন বৎসরের প্রথম তিন মাসের মধ্যে নূতন টাক্সপত্র প্রস্তুত না করা গেলে ৩৩০ ধারার বিধানমতে পূর্ব্ববৎসরের নির্ঘণ্টপত্র বিষয়ক জ্ঞাপনপত্র প্রকাশ করা যাইবে, তাহা হইলে ঐ নির্ঘণ্টপত্র চলিত সনের অবধারিত টাক্সপত্র বলিয়া জ্ঞান হইবে, ও পশ্চাৎ লিখিত ধারামতে তাহার উপর আপীল হইতে পারিবে ইতি।

Appeal from assessment

332 Any person assessed who shall be dissatisfied with his assessment or who shall dispute his occupation of any property, or his liability to be assessed, may appeal on unstamped paper to the Magistrate, and the Magistrate, after making such inquiries as he deems necessary, by examination of the appellant on oath or solemn affirmation, or otherwise, may confirm the assessment or amend the same

টাক্সপত্রের উপর আপীল হইবার কথা।

৩৩২ ধারা। কোন ব্যক্তির উপর যে টাক্স ধার্য্য হইল তিনি সেই নির্দ্ধারিত টাক্সের বিষয়ে অসন্তুষ্ট হইলে, কিম্বা কোন সম্পত্তি তাহার অধিকারে থাকেন বিষয়ে কিম্বা তাঁহার নির্দ্ধারিত টাক্সের দায় বিষয়ে আপত্তি থাকিলে, তিনি ইষ্টাম্প-ছাড়া শাদা কাগজে মাজিষ্ট্রেট সাহেবের নিকট আপীল করিতে পারিবেন। ও মাজিষ্ট্রেট সাহেব শপথ কি ধর্ম্মত. প্রতিজ্ঞাপূর্ব্বক কি প্রকারান্তরে আপেলান্টের পরীক্ষা করিয়া যদ্রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহা লইয়া ঐ অবধারিত টাক্স দৃঢ় রাখিতে কিম্বা সংশোধন করিতে পারিবেন।

The decision of the Magistrate in such cases shall be final, and no objection shall be taken to any assessment, nor shall the liability of any person to be assessed be questioned in any other manner or by any other court

তদ্রূপ স্থলে মাজিষ্ট্রেট সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবে, ও অন্য কোন প্রকারে কিম্বা অন্য কোন আদালতে অবধারিত টাক্সের বিষয়ে কোন আপত্তি গ্রাহ্য হইবে না, ও কোন ব্যক্তির টাক্স দিবার দায়ের বিবাদ হইবে না।

Provided that no appeal shall be received after the expiration of one month from the time of the publication of the notification prescribed by section 330, or of the notification of the substitution of the name of an occupier under section 331, unless the Magistrate, upon reasonable cause shown, shall extend the time for receiving such appeal

কিন্তু ৩৩০ ধারায় যে জ্ঞাপনপত্র প্রকাশ করিবার বিধান হইল, তাহা প্রকাশ হইবার, কিম্বা ৩৩১ ধারামতে কোন প্রজার নামের পরিবর্ত্তে অন্য প্রজার নাম দেওয়ার জ্ঞাপনপত্র প্রকাশ হওয়ার সময়াবধি এক মাস গত হইলে কোন আপীল গ্রাহ্য হইবে না, কিন্তু সঙ্গত কারণ দেখান গেলে মাজিষ্ট্রেট সাহেব ঐ আপীল গ্রাহ্য করিবার মিয়াদ বাড়াইয়া দিতে পারিবেন ইতি।

Commissioner of division may direct revision of assessment

333 The Commissioner of the division, with the consent of the Lieutenant-Governor, may at any time direct the Magistrate to revise the assessment of any Union, or ward thereof as aforesaid, specifying the reasons which, in his opinion, render such revision necessary, and the Magistrate shall, according to such direction, revise and, if necessary, amend the same

টাক্সপত্র সংশোধন করাইতে দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের আজ্ঞা দিতে পারিবার কথা।

৩৩৩ ধারা। দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের বিবেচনায় সমাহারবদ্ধ কোন নগরাদির কিম্বা তাহার পূর্ব্বোক্ত কোন পল্লির টাক্সপত্র যে২ কারণে সংশোধন করা আবশ্যক বোধ হয় তিনি সেই২ কারণ বিশেষমতে লিখিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া কোন সময়েই মাজিষ্ট্রেট সাহেবকে তাহা সংশোধন করিতে আদেশ করিতে পারিবেন, মাজিষ্ট্রেট সাহেব সেই আদেশানুসারে তাহা পুনর্দৃষ্টি করিয়া আবশ্যক হইলে সংশোধন করিবেন ইতি।

**334** The Magistrate may require the panchait to revise the assessment at any period during the year, but on every such occasion he shall address a written order to the panchait specifying the reasons which render such revision necessary, and requiring an amended return within a stated period

*Magistrate may direct revision of assessment at any time of the year for reasons to be stated*

**335** Whenever any assessment is revised during the year as provided in the two last preceding sections, a copy of such revised list shall be prepared and deposited as provided in section 330, and a notification shall be published in the manner directed in the said section And all objections to such revised assessment shall be made and dealt with in the manner prescribed by section 331

*Publication of assessment as revised under the two last sections*

**336** If the persons appointed a panchait, or a majority of them, refuse or omit, for a period of fifteen days after the receipt of an order from the Magistrate, to perform the duties required of them, the Magistrate may himself make or revise the assessment, and may enforce the same as if it had been made or revised in the first instance by the panchait

*If panchait refuse or omit to act Magistrate may assume their functions*

Provided that the functions of the panchait shall not thereby absolutely cease and determine, but may be resumed at any time, only not so as to invalidate any act done by the Magistrate under this section

**337** No person shall be bound to act on a panchait unless he shall reside or carry on business within the limits of the Union or ward thereof for which the panchait is to be appointed

*Residents only bound to act on a panchait*

**338** Every panchait shall be appointed for the period of one year, and no person shall be compelled to serve on a panchait for more than one year at a time, or within less than three years after the expiry of previous service, but nothing in this section shall prevent any person from being appointed to serve on a panchait at any time whatsoever with his own consent

*Duration of panchait and limitation of service thereon*

৩৩৪ ধারা। মাজিষ্ট্রেট সাহেব বৎসরের কোন সময়েই পঞ্চায়তকে নির্দ্ধারিত টাক্সের পত্র পুনর্দ্দৃষ্টি করিবার আজ্ঞা দিতে পারিবেন, কিন্তু তদ্রূপ প্রত্যেক স্থলে তিনি পঞ্চায়তের নামে আজ্ঞাপত্র লিখিয়া যেং কারণে তাহা সংশোধন করা আবশ্যক তাহা সবিশেষ লিখিয়া নিরূপিত সময়ের মধ্যে সংশোধিত পত্র ফিরিয়া দিবার আজ্ঞা করিবেন ইতি।

*মাজিষ্ট্রেট সাহেবের কারণ জানাইয়া বৎসরের কোন সময়েই টাক্সপত্র সংশোধন করিতে আজ্ঞা দিবার কথা।*

৩৩৫ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার বিধানমতে কোন টাক্সপত্র বৎসরের মধ্যেই সংশোধন করা গেলে, ৩৩০ ধারার বিধানমতে ঐ সংশোধিত নির্ঘন্টপত্রের প্রতিলিপি প্রস্তুত হইয়া রাখা যাইবে ও সেই ধারার আদেশমতে তদ্বিষয়ের জ্ঞাপনপত্র প্রকাশ করা যাইবে। সেই সংশোধিত টাক্সপত্রের বিষয়ে কোন আপত্তি থাকিলে, ৩৩১ ধারার বিধানমতে সেই আপত্তি জানাইতে হইবে ও তাহা লইয়া সেই ধারামতে কার্য্য হইবে ইতি।

*ইহার পূর্ব্ব দুই ধারামতে সংশোধিত টাক্সপত্র প্রকাশ করিবার কথা।*

৩৩৬ ধারা। যাঁহারা পঞ্চায়তের পদে নিযুক্ত হন তাঁহাদের প্রতি যেং কর্ম্ম করিতে আদেশ থাকে, মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা পাইলে পর তাঁহারা কিম্বা তাঁহাদের অধিকাংশ ব্যক্তি পঞ্চদশ দিন পর্য্যন্ত সেই কর্ম্ম করিতে অসম্মত হইলে কি সেই কর্ম্ম না করিলে, মাজিষ্ট্রেট সাহেব আপনি সেই টাক্স নির্দ্ধারণের পত্র প্রস্তুত কি সংশোধন করিতে পারিবেন, ও প্রথমেই পঞ্চায়তের দ্বারা প্রস্তুত কি সংশোধন করা যাইবার মতে প্রবল করিতে পারিবেন।

*পঞ্চায়ত কর্ম্ম করিতে অসম্মত হইলে কি ত্রুটি করিলে তাহাদের কর্ম্ম মাজিষ্ট্রেট সাহেবের গ্রহণ করিবার কথা।*

পরন্তু পঞ্চায়তের কর্ম্ম তৎপ্রযুক্ত রহিত ও শেষ হইয়া যাইবে না, তাহা কোন সময়ে পুনর্গ্রহণ করা যাইতে পারিবে, কেবল মাজিষ্ট্রেট সাহেব এই ধারামতে যে কোন কার্য্য করিলেন তাহা তাঁহার অসিদ্ধ করিতে পারিবেন না ইতি।

৩৩৭ ধারা। সমাহারবদ্ধ যে নগরাদির কিম্বা তাহার যে পল্লির পঞ্চায়ত নিযুক্ত করিতে হইবে, কোন ব্যক্তি সেই নগরাদির কি পল্লির সীমার মধ্যে বাস না করিলে কি কর্ম্ম না চালাইলে, তিনি পঞ্চায়তের কর্ম্ম করিতে আবদ্ধ নহেন ইতি।

*স্থানবাসিছাড়া অন্য ব্যক্তিদের পঞ্চায়তের কর্ম্ম করিতে বদ্ধ না থাকার কথা।*

৩৩৮ ধারা। পঞ্চায়ত এক বৎসরের নিমিত্ত নিযুক্ত থাকিবেন। কোন ব্যক্তি এক বৎসরের অধিক কাল নিয়ত পঞ্চায়তের কর্ম্ম করিতে, কিম্বা ঐ কর্ম্ম ছাড়িয়া দিলে পর তিন বৎসরের মধ্যে তাহা পুনরায় গ্রাহ্য করিতে আবদ্ধ নহেন। কিন্তু নিজে সম্মত হইলে এই ধারার কোন কথাক্রমে কোন সময়েই কোন ব্যক্তির পঞ্চায়তের পদে নিযুক্ত হইবার বাধা নাই ইতি।

*পঞ্চায়ত যত দিন থাকিবেন ও যত দিন পঞ্চায়তের কর্ম্ম করিবেন তদ্বিষয়ের কথা।*

**339** If a majority of the persons assessed in any Union or ward for which a panchait shall be appointed, not being in arrear, make application in writing to the Magistrate for the removal of any member of the panchait appointed for such district, the Magistrate, if he think it expedient, may remove such member from the panchait

Member of panchait removable only on application of rate payers

৩৩৯ ধারা। সমাহারবদ্ধ যে নগরাদির কিম্বা যে পল্লির পঞ্চায়ত নিযুক্ত হন, সেই নগরাদির কি পল্লির মধ্যে যে ব্যক্তিদের টাক্স ধার্য্য হইল ও যাঁহাদের টাক্স বাকী না থাকে তাঁহাদের অধিকাংশ ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের নামে ঐ পল্লি-প্রভৃতিতে নিযুক্ত পঞ্চায়তের কোন ব্যক্তির অবসর হওয়ার প্রার্থনাপত্র লিখিয়া দিতে পারিবেন। তিনি বিহিত বোধ করিলে পঞ্চায়তহইতে সেই ব্যক্তিকে অবসর করিয়া দিতে পারিবেন ইতি।

যাঁহারা টাক্স দেন কেবল তাঁহাদের প্রার্থনামতে পঞ্চায়তের কোন ব্যক্তিকে অবসর করা যাইতে পারিবার কথা।

**340** If any vacancy shall occur among the members of a panchait, or if any member appointed shall refuse or decline or be unable to act, the Magistrate may, by a written communication to the person appointed, nominate and appoint another person to supply the vacancy or to be a member of the panchait

Vacancies in panchait how to be supplied

৩৪০ ধারা। পঞ্চায়তের কোন ব্যক্তির পদ শূন্য হইলে, কিম্বা কোন ব্যক্তি কর্ম্ম করিতে স্বীকার না করিলে কি অসম্মত কি অক্ষম হইলে, মাজিষ্ট্রেট সাহেব অন্য যে ব্যক্তিকে মনোনীত করেন তাঁহাকে পত্র লিখিয়া মনোনীত করিয়া পঞ্চায়তের ঐ শূন্য পদে কিম্বা ঐ ব্যক্তির স্থানে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

পঞ্চায়তের পদ শূন্য হইলে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিবার কথা।

**341** In cities and large towns containing three or more divisions or districts, the Magistrate may appoint a sudder panchait consisting of not less than five members, who may be selected either from the members of the local panchaits or from any other residents of the town

Appointment and duty of sudder panchait

৩৪১ ধারা। শহরে ও বড়২ নগরে তিন কি তদধিক খণ্ড কি পল্লি থাকিলে, মাজিষ্ট্রেট সাহেব অন্যূন পাঁচ ব্যক্তির সদর পঞ্চায়ত নিযুক্ত করিতে পারিবেন। স্থানীয় নানা পঞ্চায়ত-হইতে কিম্বা নগরবাসি অন্য লোকহইতে তিনি তাঁহা-দিগকে মনোনীত করিতে পারিবেন।

সদর পঞ্চায়ত নিযুক্ত হইবার ও কর্ত্তব্য কর্ম্মের কথা।

It shall be the duty of the sudder panchait to assist the Magistrate, when required so to do, in carrying out generally the objects of this Chapter, and particularly in revising the assessment made by the panchaits of wards of the Union, and enquiring into, and reporting on, appeals preferred against the same

সদর পঞ্চায়তের কর্ত্তব্য কর্ম্ম এই২। আদেশ পাইলে তাঁহারা সাধারণমতে এই অধ্যায়ের নানা উদ্দেশ্য সফল করণার্থে, বিশেষমতে সমাহারবদ্ধ নগরাদির নানা পল্লির পঞ্চায়ত টাক্স নিরূপণের যে পত্র করিলেন তাহা পুনর্দ্দৃষ্টি করণার্থে, ও তাহার উপর যে আপীল উপস্থিত করা যায় তদ্বিষয়ের অনুসন্ধান লইয়া রিপোর্ট করণার্থে মাজিষ্ট্রেট সাহেবের সাহায্য করিবেন ইতি।

**342** Subject to the approval of the Commissioner of the division, the Magistrate may appoint one or more tax collectors and such other servants as may be necessary for preparing, or assisting the panchait in preparing, the assessment, for copying the same, for Collecting the tax, keeping the accounts and records, and otherwise carrying out the purposes of this Chapter The Magistrate shall take from every tax collector such security for the due disposal of the sums collected by him as may be thought necessary

Appointment of Tax Collectors and other establishments

৩৪২ ধারা। দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমোদনের অপেক্ষায়, মাজিষ্ট্রেট সাহেব টাক্স আদায় করিবার জন্যে এক কি কএক ব্যক্তিকে, এবং টাক্স ধার্য্য-করণপত্র প্রস্তুত করিবার কিম্বা তাহা প্রস্তুত করণে পঞ্চায়তের সাহায্য করিবার ও তাহার নকল করিবার ও টাক্স আদায় করিবার ও হিসাব খাতা ও কাগজপত্র রাখিবার জন্যে ও অন্য২ প্রকারে এই অধ্যায়ের উদ্দেশ্য সফল করিবার জন্যে আর যত জন কর্ম্মচারির আবশ্যক হয় তাহাদিগকে নিযুক্ত করিতে পারিবেন। যাঁহারা টাক্স আদায় করেন তাঁহারা যত টাকা আদায় করেন তাহা উপযুক্তমতে প্রয়োগ করিবেন, ইহার যে জামীন আবশ্যক বোধ হয় মাজিষ্ট্রেট সাহেব তাঁহাদের প্রত্যেক জনের স্থানে সেই জামিন লইবেন ইতি।

টাক্স আদায় কারিদের ও অন্য আমলাগণের নিয়োগের কথা।

**343** On such dates as may be fixed by the panchaits for payment of instalments of the tax, the tax collector shall proceed in person, or through some one of his office establishment, to collect the amount due for the current month from each person subject to the tax, and for all sums so collected the tax collector shall grant a receipt

Collection of assessment

Provided that, with the sanction of the Commissioner of the division previously obtained, the collection may be made quarterly instead of monthly, and in such case the amount due for each quarter shall be collected in the last month of that quarter

**344** For the recovery of all sums which may not be paid to the tax collector on demand, the Magistrate shall proceed as far as possible in accordance with sections 111 to 120 (both inclusive)

Recovery of sums not paid to the Tax Collector

**345** The provisions of Part V of Chapter II shall, as far as possible, be applicable to Unions In so applying them, the sections of the said Part shall be read as if the word "Union" were substituted for the word "Municipality" and for the word "municipal," wherever such words occur,

Part V of Chapter II is applicable to towns

and all functions assigned to the Commissioners of Municipalities by the said Part shall be performed by the panchaits of Unions,

provided that the District Superintendent of Police shall present his estimate, as mentioned in section 167, to the Magistrate, and not to the panchait,

provided also that the Magistrate shall cause such estimate to be translated, made available for inspection by any tax payers, and laid before the panchaits in the manner provided in section 169 and that the District Superintendent of Police shall cause the bill mentioned in section 173 to be laid before the Magistrate and not before the panchait, and the Magistrate shall cause the amount to be paid as provided in the same section

**346** The Magistrate may cause a name to be given to any street and affixed in such place or places as he may think fit, and may also cause a number to be affixed to every house for the purpose of identifying such house, and if any person shall wilfully remove, obliterate, or destroy such name or number, he

Penalty for removing &c name of street or number of house

৩৪৩ ধারা। পঞ্চায়ত টাক্সের কিস্তি দিবার যেং তারিখ নিরূপণ করেন, টাক্স আদায়কারি আপনি কিম্বা আপনার আমলাগণের দ্বারা সেইং তারিখে ঐ টাক্স দিবার যোগ্য প্রত্যেক ব্যক্তির চলিত মাসের দেনা ঐ টাকা আদায় করিবেন ও যত টাকা আদায় করা যায় টাক্স আদায়কারি তাহার রসীদ দিবেন।

নির্দ্ধারিত টাক্স আদায় করিবার কথা।

কিন্তু দেশখণ্ডের কমিশানর সাহেবের অনুমতি পাওয়া গেলে ঐ টাক্স মাসেং আদায় না হইয়া তিনং মাসান্তর আদায় করা যাইতে পারিবে, তাহা হইলে যে তিন মাসের যত টাকা দেনা হয় তাহা সেই তিন মাসের শেষ মাসে আদায় হইতে পারিবে ইতি।

৩৪৪ ধারা। টাক্স আদায়কারী টাক্সের টাকা দাওয়া করিলেও যদি না দেওয়া যায় তবে মাজিষ্ট্রেট সাহেব সাধ্যমতে ১১০ অবধি ১২০ পর্য্যন্ত ধারার বিধানানুসারে কার্য্য করিবেন ইতি।

আদায়কারিকে টাক্স দেওয়া না গেলে তাহা আদায়ের কথা।

৩৪৫ ধারা। সমাহারবদ্ধ নগরাদির প্রতি দ্বিতীয় অধ্যায়ের পঞ্চম পরিচ্ছেদের বিধান যত দূর খাটিতে পারে খাটিবে। তাহা খাটাইতে গেলে, ঐ পরিচ্ছেদের নানা ধারায় "মুনিসিপালিটী" "ও মুনিসিপল" শব্দ যেং স্থানে থাকে তাহার পরিবর্ত্তে "সমাহারবদ্ধ নগরাদি" শব্দ দিয়া ঐং ধারা পাঠ করিতে হইবে।

নগরাদির প্রতি দ্বিতীয় অধ্যায়ের পঞ্চম পরিচ্ছেদ খাটিবার কথা।

ও ঐ পরিচ্ছেদক্রমে মুনিসিপালিটীর কমিশানরদের প্রতি যে কার্য্যাপণ হয় তাহা সমাহারবদ্ধ নগরাদির পঞ্চায়তের করিতে হইবে।

কিন্তু ১৬৭ ধারায় যে অনুমানপত্রের কথা আছে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব পঞ্চায়তকে ঐ অনুমানপত্র না দিয়া মাজিষ্ট্রেট সাহেবকে দিবেন।

আরো মাজিষ্ট্রেট সাহেব ঐ অনুমানপত্র তরজমা করাইয়া টাক্সদায়ি কোন ব্যক্তি যেন তাহা দেখিতে পারেন এমত বিধান করিয়া, ১৬৯ ধারার বিধানমতে পঞ্চায়তের সম্মুখে অর্পণ করাইবেন। এবং ১৭৩ ধারায় যে বিলের কথা আছে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব পঞ্চায়তের সম্মুখে তাহা অর্পণ না করিয়া মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অর্পণ করিবেন, ও মাজিষ্ট্রেট সাহেব সেই ধারার বিধানুসারে ঐ বিলের টাকা দেওয়াইবেন ইতি।

৩৪৬ ধারা। মাজিষ্ট্রেট সাহেব কোন পথের নাম দেওয়াইয়া, যে২ স্থানে উচিত বোধ করেন ঐ পথের নাম লাগাইয়া দিতে পারিবেন, ও নানা ঘর চিনিয়া লইবার নিমিত্ত প্রত্যেক ঘরের নম্বর লাগাইয়া দিতে পারিবেন। ও কোন ব্যক্তি ইচ্ছা করিয়া সেই নাম কি নম্বর কি তাহার কোন অক্ষর কি অঙ্ক উঠাইয়া দিলে

পথের নাম কি ঘরের নম্বর উঠাইয়া দেওয়ার দণ্ডের কথা।

shall be liable to a fine not exceeding twenty rupees

কি নষ্ট করিলে তাঁহার বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

**347** The provisions of Chapters I and V shall apply to every Union in which this Chapter is in force

Chapters I and V made applicable

৩৪৭ ধারা। সমাহারবদ্ধ যে নগরাদির মধ্যে এই অধ্যায়ের বিধান প্রচল আছে তাহার প্রতি প্রথম ও পঞ্চম অধ্যায়ের বিধান খাটিবে ইতি।

১ ও ৫ অধ্যায় খাটাইবার কথা।

---

## CHAPTER IV

### Of Stations

**348** In every place which, in accordance with the provisions of section 3 becomes a station under this Chapter, every person who has been appointed to be a Commissioner for such place under Act XXVI of 1850, shall be deemed to be a Commissioner duly appointed for such Station, and in every such station any tax which may have been imposed and assessed under the provisions of the said Act, shall be deemed to have been imposed and assessed under this Chapter, and may be levied as in this Chapter provided

Operation of Chapter

**349** If it shall appear to the Lieutenant-Governor, from a requisition in writing signed by not less than two thirds of the inhabitants of any town or suburb, not being within of limits of the ordinary original jurisdiction of the High Court at Fort William in Bengal, that the inhabitants of such town or suburb are desirous of making better provision for making, repairing, cleaning, lighting, or watching any public streets roads, drains, or tanks, or for the prevention of nuisances or for improving the said town or suburb in any other manner, the Lieutenant-Governor may extend the provisions of this Chapter to such town or suburb

Lieutenant Governor may extend Chapter

**350** Whenever any application shall be made to the Government for putting this Chapter in force in any town or suburb, notice thereof shall be given in the *Calcutta Gazette* setting forth the purposes of the application and giving reasonable time for all inhabitants of such town or suburb, who are minded to declare themselves for or against the adoption of this Chapter therein, for such purposes or any of them

Notice to be given of application

Such notice shall also be published as provided in section 362

## চতুর্থ অধ্যায়।

### নগরের কথা।

৩৪৮ ধারা। ৩ ধারার বিধানানুসারে যে২ স্থান এই অধ্যায়মতে নগর হয়, ১৮৫০ সালের ২৬ আইনমতে যে২ ব্যক্তি সেই২ স্থানের কমিশ্যনরের পদে নিযুক্ত হইয়া থাকেন তাঁহাকে নিয়মমতে ঐ নগরের নিযুক্ত কমিশ্যনর বলিয়া জানিতে হইবে। ও উক্ত আইনের বিধানমতে উক্ত প্রত্যেক নগরে যে টাক্স স্থাপন হইয়া ধার্য্য হইয়াছে তাহা এই অধ্যায়মতে স্থাপিত ও ধার্য্য হইয়াছে বলিয়া জ্ঞান হইবে ও এই অধ্যায়ের বিধানমতে আদায় করিয়া লওয়া যাইতে পারিবে ইতি।

এই অধ্যায়ের বিধান যে স্থানে প্রচলিত হইবে তাহার কথা।

৩৪৯ ধারা। বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতা যে সীমার মধ্যে প্রচল থাকে সেই সীমার অন্তর্গত নয় যে নগর কি শাখানগর, তন্নিবাসি লোকেরা ঐ নগরের কি শাখানগরের কোন রাজপথ কি রাস্তা কি নর্দ্দমা কি পুষ্করিণী করিবার ও সারাইবা ও পরিষ্কার করিয়া রাখিবার ও তাহাতে আলো দিবার কি চৌকী দিবার কিম্বা তন্মধ্যে অনিষ্টজনক বিষয় নিবারণ করিবার কিম্বা প্রকারান্তরে তাহার উৎকর্ষসাধন করিবার ইচ্ছুক আছেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ঐ নগর কি শাখানগরবাসি তিন অংশের লোকের দুই অংশের অন্যূন ব্যক্তির স্বাক্ষরিত প্রার্থনা পত্রদ্বারা ইহা জানিতে পারিলে তিনি সেই নগরে কি শাখানগরে এই অধ্যায়ের বিধান বর্ত্তাইতে পারিবেন ইতি।

এই অধ্যায়ের বিধান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের বিস্তৃত করিয়া বর্ত্তাইবার কথা।

৩৫০ ধারা। কোন নগরে কি শাখানগরে এই অধ্যায়ের বিধান প্রচল করণার্থে গবর্ণমেণ্টের নিকট প্রার্থনা করা গেলে, কলিকাতা গেজেটে সেই কথার নোটিস প্রচার হইয়া ঐ প্রার্থনার উদ্দেশ্য প্রকাশ করা যাইবে, ও সেই২ কিম্বা তন্মধ্যে কোন উদ্দেশ্যহেতুক ঐ নগরের কি শাখানগরবাসি লোকের এই অধ্যায়ের বিধান প্রচলিত হওনার সপক্ষে কি বিপক্ষে আপনাদের মত প্রকাশ করিতে চাহিলে তাহা করিবার উপযুক্ত সময় দেওয়া যাইবে।

ঐ প্রার্থনা হওয়ার নোটিস দিবার কথা।

৩৬২ ধারার বিধানমতেও সেই নোটিস প্রচার করা যাইবে ইতি।

**351** The Lieutenant-Governor shall take all such declarations into due consideration, and after the time allowed for receiving the same, shall make a final order, which shall be published in the *Calcutta Gazette*, and also as provided in section 362, to the effect that the application appears, or does not appear, to be according to the wishes of the inhabitants, either wholly, or in respect to one or more of the purposes in respect of which it is made, and if the whole or any part of it shall appear to be according to the wishes of the inhabitants, then that this Chapter shall be thenceforth in force in such town or suburb, for such purposes only as shall be mentioned in the order

Publication of final order

**352** Whenever any such order shall be made and published as aforesaid, this Chapter shall come into force within the said town or suburb, for such purposes as are mentioned in the order, and the making and publication of the said order shall be conclusive evidence that the provisions of this Chapter have been complied with, and that this Chapter is thenceforth in force within the said town or suburb, for such purposes as are mentioned in the order

On publication of order, chapter comes into force

**353** Whenever this Chapter shall come into force in any place, the Lieutenant-Governor shall appoint the Magistrate and such number of the inhabitants thereof as to him shall appear necessary, to be Commissioners for putting the Chapter in force in the Station, and shall give authority to them to prepare rules for more effectually accomplishing the purposes for which they are appointed, which rules, when approved by the Lieutenant-Governor and published in the *Calcutta Gazette*, shall be of the same force within the Station, until altered or rescinded as hereinafter provided, as if they were inserted in this Chapter

Appointment of Commissioners

And the Lieutenant-Governor may remove any of the Commissioners and appoint others, and may fill up vacancies occurring among the Commissioners in such manner as may seem to him fit

**354** The rules to be prepared by the said Commissioners shall provide, among other things, for those following, that is to say —

Rules

(1) the appointment and management of all necessary officers and servants of the Commissioners, and the salaries to be allowed to them,

৩৫১ ধারা। পূর্ব্বোক্তমতে যে২ মত প্রকাশ করা যায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা বিবেচনা করিবেন, ও সেই মত গ্রাহ্য করিবার নিরূপিত সময় গত হইলে তিনি তদ্বিষয়ের চূড়ান্ত আজ্ঞা করিবেন। সেই আজ্ঞা কলিকাতা গেজেটে এবং ৩৬২ ধারার বিধানমতে প্রকাশ করা যাইবে। আজ্ঞার মর্ম্ম এই, যে২ উদ্দেশ্য লক্ষ করিয়া ঐ প্রার্থনাপত্র করা যায় সেই সমুদয় কিম্বা তন্মধ্যে এক কি কএক উদ্দেশ্যের উপলক্ষে নিবাসি লোকদের ইচ্ছানুরূপ প্রার্থনা হইল বোধ হয়, বা এমত বোধ হয় না। সমুদয় কি তন্মধ্যে কোন উদ্দেশ্য নগরবাসিদের ইচ্ছানুরূপ হইযাছে বোধ হইলে এই মর্ম্মের আজ্ঞা হইবে যে, এই আজ্ঞাপত্রে যে২ উদ্দেশ্যের উল্লেখ হইল কেবল তৎসম্পর্কে এই অবধি ঐ নগরে কি শাখানগরে এই অধ্যায়ের বিধান প্রচলিত হইবে ইতি।

শেষ আজ্ঞা প্রচার করিবার কথা।

৩৫২ ধারা। উক্ত প্রকারের আজ্ঞা পূর্ব্বোক্তমতে করা গেলে ও প্রকাশ করা গেলে, ঐ আজ্ঞাপত্রে যে২ উদ্দেশ্যের উল্লেখ হইল তৎসম্পর্কে এই অধ্যায় উক্ত নগরে কি শাখানগরে প্রবল করা যাইবে, এবং এই অধ্যায়ের বিধানানুসারে কার্য্য করা গেল ও আজ্ঞাপত্রে যে২ উদ্দেশ্যের উল্লেখ হইল তৎসম্পর্কে এই অধ্যায়ের বিধান ঐ নগরে কি নগরে প্রবল আছে, উক্ত আজ্ঞা প্রণয়ন ও প্রকাশ করাই ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

আজ্ঞা প্রকাশ করা গেলেই এই অধ্যায়ের বিধান প্রবল হইবার কথা।

৩৫৩ ধারা। এই অধ্যায়ের বিধান কোন স্থানে প্রচলিত করা গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ নগরে এই অধ্যায়ের বিধান প্রবল করিবার জন্যে তৎস্থানের মাজিষ্ট্রেটকে ও ঐ নগরবাসি যত জন আবশ্যক বোধ হয় তাঁহাদিগকে কমিশ্যনরের পদে নিযুক্ত করিবেন। ও যে২ অভিপ্রায়ে তাঁহাদিগকে নিযুক্ত করা গেল সেই২ অভিপ্রায় সফল করিবার জন্যে তাঁহাদের প্রতি বিধি প্রণয়ন করিবার ক্ষমতা প্রদান করিবেন। সেই বিধি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কর্ত্তৃক অনুমোদিত ও কলিকাতা গেজেটে প্রকাশিত হইলে পর, নিম্নলিখিত বিধানমতে যত দিন পরিবর্ত্তন কি রহিত করা না যায়, তত দিন এই অধ্যায়ের মধ্যে লিখিত হওয়ার ন্যায় ঐ নগরে বলবৎ থাকিবে।

কমিশ্যনরদের নিয়োগের কথা।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উক্ত কমিশ্যনরদের কোন ব্যক্তিদিগকে অবসর করিয়া অন্য ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে পারিবেন, ও কমিশ্যনরের পদ শূন্য হইলে তিনি যেমন উচিত বোধ করেন তেমনি সেই শূন্য পদে লোক নিযুক্ত করিতে পারিবেন ইতি।

৩৫৪ ধারা। উক্ত কমিশ্যনরদের যে২ বিধি প্রস্তুত করিতে হইবে তন্মধ্যে অন্যা২ বিষয় লইয়া এই২ বিষয়েরও বিধান করিবেন, বিশেষতঃ

বিধির কথা।

(১) কমিশ্যনরদের যত জন কর্ম্মকারকের ও পরিচারকের আবশ্যক তাঁহাদের নিযুক্ত করিবার ও তাঁহাদের উপর কর্ত্তৃত্ব রাখিবার ও তাঁহারদিগকে যত বেতন দিতে হইবে তাহার বিধান।

(2) the definition of the persons or property within the Station to be taxed for raising the monies necessary for the purposes of this Chapter (whether by house assessment or town duties, or otherwise), the amount or rate of the taxes to be imposed, the manner of raising and collecting them, and ensuring the safety and due application of them when collected,

(3) the manner in which from time to time the rules in force are to be amended or rescinded, and new rules are to be made, with the approval in every case of the Lieutenant-Governor,

(4) the definition and prohibition of nuisances within the Station,

(5) the imposition of reasonable penalties for breach of any rules made by the Commissioners, not exceeding fifty rupees, or in the case of continuing nuisance, not exceeding five rupees, for every day that such nuisance is continued

(২) এই অধ্যায়ের উদ্দেশ্য সফল করিবার জন্যে যে টাকার প্রয়োজন তাহা তুলিবার নিমিত্ত নগরের অন্তর্গত যে ব্যক্তিদের কি যে সম্পত্তির উপর টাক্স বসাইতে হইবে, অর্থাৎ ঘরের উপর টাক্স ধার্য্য করিয়া কি নগরে মাসুল লইয়া কি প্রকারান্তরে যে টাক্স বসাইতে হইবে তাহা নির্ণয় করিবার ও যত টাকা কি যে হারানুসারে টাক্স ধার্য্য হইবে তাহার ও সেই টাকা তুলিবার ও টাক্স আদায় করিবার ও আদায় হইলে নিরাপদে রাখিবার ও বৈধমতে ব্যয় হইবার বিধান।

(৩) যেং বিধি প্রচলিত থাকে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমোদনক্রমে তাহা সময়েং যে প্রকারে সংশোধন কি রহিত করা যাইবে ও নূতনং বিধি প্রণয়ন করা যাইবে ইহার বিধান।

(৪) নগরের মধ্যে অনিষ্টজনক বলিয়া যাহা জানিতে হইবে তাহা নির্ণয় ও নিবারণ করিবার বিধান।

(৫) কমিশ্যনরদের প্রণীত কোন বিধি লঙ্ঘন হইলে পঞ্চাশ টাকার অনধিক ও অনিষ্টজনক কার্য্য করা যাইতে থাকিলে দিন প্রতি পাঁচ টাকার অনধিক নগদ দণ্ড ধার্য্য করিবার বিধান ইতি।

Station Fund

355 All sums realized under the provisions of this Chapter shall be paid into a separate fund to be styled "The Station Fund of ——," and such fund shall be at the disposal of the Commissioners, and all expenditure authorized by this Chapter shall be made from such fund

নগরের ফণ্ডের কথা।

৩৫৫ ধারা। এই অধ্যায়ের বিধানমতে যে সকল টাকা আদায় হয় তাহা স্বতন্ত্র তহবীলে জমা করিয়া লওয়া যাইবে, ঐ তহবীল "অমুক নগরের ফণ্ড" নামে জানা যাইবে ও কমিশ্যনরদের আজ্ঞামতে সেই ফণ্ডের টাকা ব্যয় হইতে পারিবে ও এই অধ্যায়মতে যত টাকা খরচ করিবার অনুমতি আছে তাহা ঐ ফণ্ড হইতে দেওয়া যাইবে ইতি।

Commissioners may make contracts

356 The Commissioners appointed from time to time shall have full power to make all necessary contracts for the purposes of this Chapter, and apply the taxes raised as aforesaid in the necessary works, and in payment of their officers and servants, and the other expenses incident to the execution of this Chapter within the Station

কমিশ্যনরদের চুক্তি করিতে পারিবার কথা।

৩৫৬ ধারা। সময়েং যে কমিশ্যনরেরা নিযুক্ত হন তাঁহারদের এই অধ্যায়ের কার্য্যপক্ষে প্রয়োজনমতে সকল চুক্তি করিবার, ও যে টাক্স তোলা যায় তাহা প্রয়োজনমত কার্য্যে ও আপনাদের কর্ম্মকারকদের ও চাকরদের বেতন দেওনে প্রয়োগ করিবার, ও নগরের মধ্যে এই অধ্যায়ানুসারে কার্য্য সম্পাদন সংক্রান্ত অন্যং খরচ দিবার ক্ষমতা থাকিবে ইতি।

Liability of Commissioners

357 No Commissioner shall be personally liable for any contract made by the Commissioners on behalf of the inhabitants of the Station, but every Commissioner shall be liable for any misapplication of the monies collected, to which he shall have been knowingly party or privy, or which shall have happened through gross neglect of his duty, and shall be liable to be sued for the same as for money due to, and at the suit of, the Secretary of State in Council

কমিশ্যনরদের দায়ের কথা।

৩৫৭ ধারা। কমিশ্যনরেরা নগরনিবাসিদের সপক্ষে যে চুক্তি করেন, তজ্জন্যে কোন এক জন কমিশ্যনর স্বয়ং দায়ী নহেন। কিন্তু যে টাকা আদায় হয় তাহা অবিহিতমতে প্রয়োগ হইলে, যদি কোন কমিশ্যনর জানিয়া শুনিয়া সেই কার্য্যের অংশী কি সহজ্ঞাতা হন, কিম্বা তাঁহার কর্ত্তব্য কর্ম্মে গুরুতররূপে শৈথিল্য হওন দ্বারা যদি ঐ কার্য্য হইয়া থাকে, তবে তিনি দায়ী হইবেন, ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট ঐ টাকা দেনা হওয়ার মতে ঐ ষ্টেট সেক্রেটরী সাহেবের নালিশক্রমে ঐ টাকার জন্যে তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

Recovery of taxes

358 All sums due on account of any tax under this Chapter may be recovered in the manner provided by sections 111 to 120 (both inclusive), and the provision of those sections shall, so far as

টাক্স আদায় করিবার কথা।

৩৫৮ ধারা। এই অধ্যায়মত কোন টাক্সের নিমিত্ত টাকা দেনা হইলে ১১১ অবধি ১২০ পর্য্যন্ত সকল ধারার বিধানমতে তাহা আদায় হইতে পারিবে। এই অধ্যায়মতে কমিশ্যনরদের সেই সকল টাকা আদায়

may be practicable, apply to the recovery of all such sums by the Commissioners under this Chapter

359 All Commissioners acting in execution of this Chapter shall, on or before the last day of every year, make up and send to the Lieutenant-Governor an account of all works executed by them, and of all sums received and spent by them in the foregoing year in such form and with such vouchers as the Lieutenant Governor shall from time to time order

Commissioners to send Lieutenant Governor an annual account

360. The Lieutenant Governor may, at any time, suspend the operation of this Chapter in any Station, and appoint any person or persons to examine and report upon the behaviour of the Commissioners, or any of them or their officers, in the execution of the duties imposed on them by this Chapter

Lieutenant-Governor may suspend operation of Chapter

361 The provisions of Chapters I and V shall apply to every Station in which this Chapter is in force

Chapters I and V made applicable

---

## CHAPTER V

### OF GENERAL MATTERS RELATING TO MUNICIPALITIES, UNIONS, AND STATIONS

362 Every bye-law, order, notice, or other document directed to be published, under Chapter II or Chapter IV, as the case may be, shall be written in or translated into the vernacular of the district, and deposited in the office of the Commissioners and (under Chapter III) in the office of the Magistrate, and a copy shall be posted up in a conspicuous position at such office and at every police station or outpost in the Municipality, Ward, Union, or Station to which it relates, and in any other public places which the Commissioners or the Magistrate, as the case may be, may think proper

Publication of bye laws, orders, &c

And a public proclamation shall be read throughout such Municipality, Ward, Union, or Station by beat of drum, notifying that such copy has been so posted up, and that the original is open to

করণরূপ কার্য্যপ্রতি ঐ২ ধারার সকল বিধান যত দূর খাটিতে পারে খাটিবে ইতি।

৩৫৯ ধারা। যে সকল কমিশ্যনর এই অধ্যায়মতে কার্য্য করেন, তাঁহারা প্রতি বৎসর যে সকল কর্ম্ম সম্পাদন করেন, ও যত টাকা পাইলেন ও ব্যয় করিলেন, সেই বৎসরের শেষ দিনে কি তৎপূর্ব্বে তাহার হিসাব লিখিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট পাঠাইবেন। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়েং যে পাঠে ঐ হিসাব লিখিবার আদেশ করেন সেই পাঠানুসারে হিসাব লেখা যাইবে ও তিনি যেং বৌচর পাঠাইতে আজ্ঞা করেন তাহাও হিসাবের সঙ্গে পাঠাইতে হইবে ইতি।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট কমিশ্যনরদের বৎসরং হিসাব পাঠাইবার কথা।

৩৬০ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কোন সময়েই কোন নগরের মধ্যে এই অধ্যায়ের বিধান স্থগিত রাখিতে পারিবেন এবং এই অধ্যায়ক্রমে কমিশ্যনরদের প্রতি যেং কার্য্যার্পণ হইয়াছে, তাঁহারা কি তাঁহাদের কোন জন কিম্বা তাঁহাদের কার্য্যকারকেরা সেই কার্য্য নির্ব্বাহ করণে যেরূপ আচরণ করিয়াছেন ইহার পরীক্ষা করিয়া রিপোর্ট করিবার জন্যে কোন ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

এই অধ্যায়ের বিধান স্থগিত করিতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের ক্ষমতার কথা।

৩৬১ ধারা। এই অধ্যায়ের বিধান যেং নগরে প্রচলিত করা যায় তাহার প্রতি প্রথম ও পঞ্চম অধ্যায়ের বিধান খাটে ইতি।

১ ও ৫ অধ্যায় খাটিবার কথা।

---

## পঞ্চম অধ্যায়।

### মুনিসিপালিটী ও সমাহার ও নগর সম্পর্কীয় সাধারণ বিষয়ের কথা।

৩৬২ ধারা। দ্বিতীয় কিম্বা বিষয়বিশেষে চতুর্থ অধ্যায়মতে যে সকল উপবিধি কি আজ্ঞা কি নোটিস কি অন্য দলীল প্রকাশ করিবার আজ্ঞা থাকে, তাহা জিলার চলিত ভাষায় লেখা গিয়া কিম্বা অনুবাদিত হইয়া কমিশ্যনরদের কার্য্যালয়ে, ও তৃতীয় অধ্যায়মতে যে উপবিধি প্রভৃতি প্রকাশ করা যায় তাহা মাজিষ্ট্রেট সাহেবের কাছারীতে অর্পণ করা যাইবে। ও তাহার প্রতিলিপি সেই কার্য্যালয়ের কি কাছারীর কোন প্রকাশ স্থানে, ও যে মুনিসিপালিটী কি পাল্লা কি সমাহার কি নগর সম্পর্কীয় হয় তাহার প্রত্যেক পোলীস থানায় কি ফাঁড়িতে, ও কমিশ্যনরেরা কিম্বা বিষয়বিশেষে মাজিষ্ট্রেট সাহেব অন্য যেং প্রকাশ স্থান উপযুক্ত জ্ঞান করেন সেইং স্থানে লটকাইয়া দেওয়া যাইবে।

উপবিধি আজ্ঞা প্রভৃতি প্রকাশ করিবার কথা।

ও ঐ প্রতিলিপি তদ্রূপে লটকাইয়া দেওয়া গিয়াছে ও কমিশ্যনরদের কার্য্যালয়ে কিম্বা বিষয়বিশেষে মাজিষ্ট্রেটের কাছারীতে আসলপত্র সাধারণের দেখিবার জন্যে খোলা আছে, সাধারণের নিকট এই মর্ম্মের

inspection in the office of the Commissioners or of the Magistrate, as the case may be

নোটিস সূচক ঘোষণাপত্র তৈয়ার দিয়া ঐ মুনিসিপালিটীর ও পব্লিক ও সমাচারের ও নগরের সর্ব্বত্র পাঠ করা যাইবে ইতি।

363 Fines under this Act may be imposed by a Magistrate on any person who is convicted of the offence to which the fine attaches, and may be levied under the provisions of section 307 of the Code of Criminal Procedure, 1872

Levy of fines.

৩৬৩ ধারা। যে অপরাধের নিমিত্তে এই আইনমতে যে অর্থদণ্ড ধার্য্য আছে কোন ব্যক্তির সেই অপরাধ নির্ণয় হইলে, মাজিষ্ট্রেট সাহেব সেই দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধান বিষয়ক ১৮৭২ সালের ৩০৭ ধারার বিধানমতে ঐ দণ্ডের টাকা আদায় হইতে পারিবে ইতি।

অর্থদণ্ড আদায় করিবার কথা।

364 Every notice, bill, form, summons, or notice of demand under this Act may be served personally on or presented to the person to whom the same is addressed,

How notices, &c., may be served

৩৬৪ ধারা। এই আইনমতে নোটিস কি বিল কি ফারম কি সমন কি দাওয়ার নোটিস জারী করিতে হইলে, যে ব্যক্তির নামে দেওয়া যায় নিজ তাঁহাকেই দেওয়া যাইতে কিম্বা দেখান যাইতে পারিবে,

নোটিসপ্রভৃতি যেরূপে দেওয়া যাইতে পারিবে তাহার কথা।

or be left at his usual place of abode with some adult male member or servant of his family,

অথবা তাঁহার নিয়ত বাসস্থানে তাঁহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষকে কি চাকরকে দেওয়া যাইতে পারিবে।

or, if it cannot be so served or presented, may be put on some conspicuous part of his place of abode,

কিম্বা তদ্রূপে দেওয়া যাইতে কি দেখান যাইতে না পারিলে তাহার বাসগৃহের কোন প্রকাশ স্থানে,

or of the land, building, or other thing in respect of which the notice, bill, form, summons, or notice of demand is intended to be served.

কিম্বা যে ভূমি কি ঘর কি অন্য বিষয় সম্পর্কে ঐ নোটিস কি বিল কি ফারম কি সমন কি দাওয়ার নোটিস জারী করিবার কল্পনা থাকে তাহার কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইতে পারিবে ইতি।

365 Where any notice is required to be given to the owner or to the occupier of any land, such notice, addressed to the owner or occupier, as the case may require, may be served on the occupier of such land, or otherwise in the manner in the last preceding section mentioned

Service of notice on owner or occupier of land

৩৬৫ ধারা। ভূমির স্বামিকে কিম্বা প্রজাকে নোটিস দিবার আদেশ থাকিলে, ঐ নোটিস স্বামির কিম্বা বিষয় বিবেচনায় প্রয়োজন হইলে প্রজার নামে লেখা গিয়া ঐ ভূমির প্রজাকে দেওয়া যাইতে পারিবে, কিম্বা ইহার পূর্ব্ব ধারার লিখনমতে তাহা অন্য প্রকারে জারী হইতে পারিবে।

ভূমির স্বামিকে কি রায়তকে নোটিস দিতে হইবার কথা।

Provided that when the owner and his place of abode are known to the Commissioners or other authorities issuing the notice, they shall, if such place of abode be within the limits of their authority, cause every notice required to be given to the owner of any land to be served on such owner, or left with some adult male member or servant of his family,

কিন্তু কমিশ্যনরেরা কিম্বা অন্য যে কর্ত্তৃপক্ষেরা নোটিস দেন তাঁহারা ঐ জমীর স্বামিকে ও তাঁহার বাসস্থান জানিলে, ও সেই স্থানটি তাঁহাদের ক্ষমতাধীন স্থানের সীমার মধ্যে থাকিলে, ঐ জমীর স্বামিকে যে২ নোটিস দিবার আজ্ঞা হয় তাহা স্বামিকেই কিম্বা তাঁহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তিকে কি চাকরকে দেওয়াইবেন,

and if the place of abode of the owner be not within such limits, they shall send every such notice by post in a registered cover addressed to his place of abode, and such service shall be deemed to be good service of the notice

স্বামির বাসস্থান সেই সীমার মধ্যে না থাকিলে, তাঁহারা তদ্রূপ প্রত্যেক নোটিস রেজিষ্টরী করা লেফাফায় বদ্ধ করিয়া ডাকযোগে তাঁহার বাসস্থানে পাঠাইবেন, তাহা হইলে নোটিস উপযুক্তমতে জারী হইল এমত জ্ঞান হইবে।

When the name of the owner or occupier is not known, it shall be sufficient to designate him as "the owner" or "the occupier" of the land in respect of which the notice is served

স্বামির কিম্বা প্রজার নাম জানা না গেলে, যে জমীর বিষয়ে নোটিস দেওয়া যায়, সেই জমীর "স্বামী" কি "প্রজা" মাত্র লিখিলেই চলিতে পারিবে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ৯ মে।]

366. No assessment or rating of tax on property shall be invalid for error or defect of form, and it shall be enough in any assessment, valuation or rating for the purpose of making such tax, if the property so assessed or valued is so described as to be generally known, and it shall not be necessary to name the owner or occupier thereof

*Tax not invalid for want of form*

367 Every person to whom a license has been granted under this Act shall at all reasonable times while such license shall remain in force, if thereunto required by the authorities which granted the license or by any person authorized by them in that behalf, produce such license to the said authorities or to the person so authorized

*Holder of license to produce it when required*

Whoever fails to produce his license when required to produce the same by any person authorized under this section to demand the production thereof, shall be liable to a fine not exceeding one hundred rupees

*Penalty*

368 All costs and other monies which are due under the provisions of this Act to the Commissioners of any Municipality under Chapter II, to the Magistrate acting under Chapter III, or to the Commissioners of any Station under Chapter IV, may be recovered in the manner provided in sections 111 to 120 (both inclusive)

*Costs how recoverable*

369 If money be due under this Act in respect of any holding from the owner thereof, on account of any tax, expenses, or charges recoverable under this Act, and if the owner thereof is unknown or the ownership thereof is disputed, the Commissioners, or other authorities who are entitled to demand payment of such money, may publish twice, at an interval of three months, a notification of sale of such holding, and after the expiry of not less than three months from the date of the last publication, unless the amount recoverable be paid, may sell such holding to the highest bidder, who shall at the time of sale deposit the full amount of the purchase-money

*Power to sell unclaimed holdings for money due*

Any person may pay the amount due at any time before the completion of the sale, and may recover such amount by a suit in a court of competent jurisdiction from any person beneficially interested in such property

৩৬৬ ধারা। সম্পত্তির উপর যে টাক্স ধার্য্য বা নিরূপণ হয় ভ্রম কি দাঁড়ার কোন ব্যতিক্রম প্রযুক্ত তাহা অসিদ্ধ হইবে না, ঐ টাক্স করিবার জন্যে যে সম্পত্তির টাক্স ধার্য্য কি মূল্য নিরূপণ কি রেট ধার্য্য হয় ঐ সম্পত্তি যাহাতে চেনা যাইতে পারে ঐ টাক্সপত্রে কিম্বা ঐ টাক্স কি মূল্যনিরূপণপত্রে তাহা এইমতে নির্ণয় হইলেই কার্য্য চলিতে পারিবে, ঐ সম্পত্তির স্বামির কি প্রজার নাম লিখিবার প্রযোজন নাই ইতি।

*দাঁড়ার ব্যতিক্রম হওয়াতে টাক্স অসিদ্ধ না হওয়ার কথা।*

৩৬৭ ধারা। এই আইনমতে কোন ব্যক্তিকে লাইসেন্স দেওয়া গেলে, যে কর্তৃপক্ষেরা ঐ লাইসেন্স দিলেন তাঁহারা কিম্বা এই কার্য্যপক্ষে তাঁহাদের হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি সেই লাইসেন্স প্রবল থাকার মিয়াদের মধ্যে সঙ্গত কোন সময়ে দেখাইতে বলিলে তাঁহার ঐ লাইসেন্স দেখাইতে হইবে।

*লাইসেন্স যাঁহাকে দেওয়া গেল আদেশ হইলে তাঁহার দেখাইতে হইবার কথা।*

এই ধারামতে যে ব্যক্তির প্রতি লাইসেন্স দেখাইতে আজ্ঞা করিবার ক্ষমতা দেওয়া যায়, তিনি কোন ব্যক্তিকে লাইসেন্স দেখাইতে আদেশ করিলেও ঐ ব্যক্তি না দেখাইলে তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

*দণ্ডের কথা।*

৩৬৮ ধারা। এই আইনের বিধানক্রমে দ্বিতীয় অধ্যায়মতে কোন মুনিসিপালিটীর কমিশ্যনরদের নিকট কিম্বা তৃতীয় অধ্যায়মতে কর্ম্মকারি মাজিষ্ট্রেটের নিকট কিম্বা চতুর্থ অধ্যায়মতে কোন নগরের কমিশ্যনরদের নিকট খরচা প্রভৃতি হেতুক যে সকল টাকা দেনা হয়, ১১১ অবধি ১২০ পর্য্যন্ত নানা ধারার বিধানমতে তাহা আদায় হইতে পারিবে ইতি।

*খরচার টাকা যেরূপে আদায় করা যাইবে তাহার কথা।*

৩৬৯ ধারা। এই আইনের বিধানমতে যে টাক্স কি খরচ কি দাবীর টাকা আদায় হইতে পারে, কোন যোতের উপলক্ষে স্বামিদের স্থানে কমিশ্যনরদের সেই টাকা পাওনা থাকিলে ও সেই যোতের স্বামির পরিচয় পাওয়া না গেলে কিম্বা স্বামিত্বের বিষয়ে বিবাদ হইলে, ঐ কমিশ্যনরেরা কিম্বা সেই টাকা দাওয়া করিবার অধিকার প্রাপ্ত অন্য কর্তৃপক্ষেরা, তিন২ মাসান্তরে দুই বার ঐ যোত নীলাম হইবার নোটিস প্রকাশ করিতে পারিবেন, ও সেই পাওনা টাকা না দেওয়া গেলে ঐ নোটিস শেষ বার প্রকাশ হইবার তারিখঅবধি অতিন্যূন তিন মাস গত হইলে পর ঐ যোতের নিমিত্ত যে ব্যক্তি উচ্চ মূল্য ডাকেন তাঁহার নিকট ঐ যোত বিক্রয় করিবেন। সেই ব্যক্তি বিক্রয় কালেই খরিদের সমুদয় টাকা গচ্ছিত করিয়া দিবেন।

*যোতের দাওয়া না হইলে পাওনা টাকার নিমিত্ত তাহা বিক্রয় করিবার ক্ষমতার কথা।*

নীলাম সমাপ্ত হইবার পূর্ব্বে কোন সময়ে কোন ব্যক্তি ঐ পাওনা টাকা শোধ করিয়া দিতে পারিবেন, করিলে সেই সম্পত্তিতে যে ব্যক্তির উপকারজনক স্বার্থ আছে উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে মোকদ্দমা উপস্থিত করিয়া তাঁহার স্থানে ঐ টাকা ফিরিয়া পাইতে পারিবেন।

After payment of the amount due to the Commissioners or other authorities as aforesaid, the surplus, if any, shall be paid on demand to any person who establishes his right to the satisfaction of such Commissioners or other such authorities, or in a court of competent jurisdiction, or if unclaimed for a period of one year, shall be transferred to the Municipal Fund, Union Fund, or Station Fund, as the case may be

Power to make compensation out of the Municipal Fund

370 The Commissioners under Chapter II, or the Magistrate acting under Chapter III, or the Commissioners under Chapter IV, respectively, may make compensation out of the Municipal, Union or Station Fund respectively, to any person sustaining any damage by reason of the exercise of any of the powers conferred by this Act

No action to be brought against the Commissioners or their officers until after one month's notice of cause of action

371 No suit shall be brought against the Commissioners of any Municipality, the Magistrate acting under Chapter III, or the Commissioners of any Station under Chapter IV or any of their officers, or any person acting under their direction, for anything done under this Act, until the expiration of one month next after notice in writing has been delivered or left at the office of such Commissioners or Magistrate, and also (if the suit is intended to be brought against any officers of the said Commissioners or Magistrate, or any person acting under their directions) at the place of abode of the person against whom such suit is threatened to be brought, stating the cause of suit and the name and place of abode of the intended plaintiff,

And unless such notice be proved, the Court shall find for the defendant

Every such action shall be commenced within three months next after the accrual of the cause of action, and not afterwards

If any such person to whom any such notice is given shall, before suit is brought, tender sufficient amends to the plaintiff, such plaintiff shall not recover

Chowkeedaree chakran lands

372. Notwithstanding anything contained in section 3 of Bengal Act VI of 1870 (*an Act to provide for the appointment, dismissal, and maintenance of village chowkeedars*), the provisions of Part II of the said Act, relating to chowkeedaree chakran lands, shall be applicable to all such lands which have been assigned before the commencement of the said Act for the benefit

কমিশ্যনবদের কিম্বা পুর্ব্বোক্ত অন্য কর্তৃপক্ষদের প্রাপ্য টাকা দেওয়া গেলে পর উদ্বর্ত্ত থাকিলে, কোন ব্যক্তি তাহা দাওয়া করিয়া কমিশ্যনরদের কিম্বা পুর্ব্বোক্ত অন্য কর্তৃপক্ষদেব হৃদ্বোধমতে অথবা উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে আপনাব সেই উদ্বর্ত্ত টাকা পাইবার অধিকাব স্থাপন করিলে তাঁহাকে দেওয়া যাইবে। এক বৎসর পর্য্যন্ত দাওয়া না হইলে সেই উদ্বর্ত্ত টাকা মুনিসিপল ফণ্ডে কিম্বা বিষযবিশেষে সমাহাবেব ফণ্ডে কিম্বা নগবের ফণ্ডে জমা করিয়া লওযা যাইবে ইতি।

মুনিসিপল ফণ্ড হইতে হানিপূরণ করিবার ক্ষমতার কথা।

৩৭০ ধাবা। এই আইনমতে যে২ ক্ষমতা প্রদান কবা গেল সেই২ ক্ষমতামতে কার্য্য হওযাপ্রযুক্ত কোন ব্যক্তির হানি হইলে, দ্বিতীয় অধ্যাযমত কমিশ্যনরেরা কিম্বা তৃতীয় অধ্যাযমত কর্ম্মকারি মাজিষ্ট্রেট সাহেব কিম্বা চতুর্থ অধ্যাযমত কমিশ্যনবগণ মুনিসিপল কিম্বা সমাহারবদ্ধ নগরাদির কি নগরের ফণ্ডহইতে সেই হানিপূরণ করিতে পারিবেন ইতি।

কমিশ্যনবদের কি তাঁহাদের কার্য্যকারকদের নামে এক মাস থাকিতে মোকদ্দমার হেতুর নোটিস না দিলে নালিশ হইতে না পারিবার কথা।

৩৭১ ধারা। এই আইনমত কোন কার্য্যহেতুক কোন মুনিসিপালিটীর কমিশ্যনরদের কিম্বা তৃতীয় অধ্যাযমতে কর্ম্মকারি মাজিষ্ট্রেটের কিম্বা চতুর্থ অধ্যাযমতে কোন নগরের কমিশ্যনবদের কিম্বা তাঁহাদের অন্যতর কর্ম্মকারকের কি তাঁহাদের আজ্ঞাকারি কোন ব্যক্তির নামে নালিশ করিবার মানস থাকিলে যে ব্যক্তি বাদী হইতে চাহেন তাঁহার নাম ও বাসস্থান ও নালিশ করিবার যে হেতু হয তদ্বিষযের নোটিস লিখিত হইয়া ঐ কমিশ্যনরদের কি মাজিষ্ট্রেটের আফিসে, কিম্বা উক্ত কমিশ্যনবদের কি মাজিষ্ট্রেটের কোন কর্ম্মকারকের কি তাঁহাদের আজ্ঞাকারি কোন ব্যক্তির নামে মোকদ্দমা উপস্থিত করিবার কল্পনা থাকিলে যাঁহাকে প্রতিবাদী করা যাইবে তাঁহার বাসস্থানে দেওয়া গেলে পর এক মাস গত না হইলে নালিশ করিতে পারা যাইবে না।

ও সেই নোটিস দেওযার প্রমাণ না হইলে আদালত প্রতিবাদির সপক্ষ আজ্ঞা করিবেন।

নালিশের হেতু হইবার পর তিন মাসের মধ্যে উক্ত প্রকারের মোকদ্দমার আরম্ভ করিতে হইবে তাহার পর নয।

যাঁহাকে উক্ত প্রকারের কোন নোটিস দেওয়া যায় তিনি উক্ত মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে বাদির উপযুক্ত হানিপূরণের প্রস্তাব করিলে ঐ বাদী কিছুই পাইতে পারিবেন না ইতি।

চৌকীদারী চাকরাণ ভূমির কথা।

৩৭২ ধারা। এই আইন সময়ে২ যে মুনিসিপালিটীর কি সমাহারের কি নগরের কোন অংশে প্রচলিত করা যায়, ১৮৭০ সালের বঙ্গদেশীয় ৬ আইন (অর্থাৎ গ্রাম্য চৌকীদারদিগকে নিযুক্ত ও অবসর করিবার ও তাহাদের বেতনাদি দিবার বিধান করণার্থ আইন) প্রচলিত হইবার পুর্ব্বে সেই২ মুনিসিপালিটীপ্রভৃতির উপকারার্থে যে সকল চৌকীদারী চাকরাণ ভূমি নিরূপণ করা গিয়াছিল ঐ

of any part of a Municipality, union, or Station in which this Act may from time to time be in force, and all duties and functions which the panchait of a village or any member thereof is required to discharge under the provisions of the said Part, and all powers which the panchait of a village or any member thereof is authorized to exercise under the said Part shall be exercised,

in respect of any Municipality, by the Commissioners thereof,

in respect of any Union, by the Magistrate,

and in respect of any Station, by the Commissioner of such Station

**373** All police officers shall give immediate information to the Commissioners of the Municipality, the Magistrate of the Union, or the Commissioners of the Station as the case may be, of any offence committed against this Act

*Police officers to report offences to Justices and to arrest unknown offenders*

Any police officer may arrest any person committing in his view any offence against this Act, if the name and address of such person be unknown to him,

or if such person decline to give his name and address,

or if the police officer shall have reason to doubt the accuracy of such name and address, if given

And such person may be detained at the Station House until his name and address shall be correctly ascertained, or until he shall be brought up at once before the Magistrate

**374** If any person employed under this Act (not being a public servant within the meaning of section 21 of the Indian Penal Code) shall accept or obtain, or agree to accept or attempt to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than legal remuneration, as a reward for doing, or forbearing to do, any official act,

*Penalty on officers, &c., taking unauthorized fees*

or for showing or forbearing to show, in the exercise of his official functions, favor or disfavor to any person, or for rendering or attempting to render any service or disservice to any person with the Commissioners or with any public servant or with the Government, as such; he shall be punished with imprisonment, either simple or rigor-

আইনের ও ধারায় ভাবান্তরের বিধান থাকিলেও ঐ ভূমির প্রতি ঐ ভূমি বিষয়ক উক্ত আইনের দ্বিতীয় খণ্ডের বিধান বর্ত্তিবে। এবং ঐ খণ্ডের বিধানমতে গ্রামের পঞ্চায়তের প্রতি কিম্বা পঞ্চায়তের কোন ব্যক্তির প্রতি কর্ত্তব্যাদি বলিয়া যে সকল কর্ম্ম নির্ব্বাহ করিবার আদেশ থাকে, ও সেই খণ্ডানুসারে কোন গ্রামের পঞ্চায়তের কিম্বা পঞ্চায়তের কোন ব্যক্তির যে সকল ক্ষমতানুসারে কার্য্য করিবার অনুমতি দেওয়া গেল,

কোন মুনিসিপালিটীর উপলক্ষে তথাকার কমিশ্যনরেরা,

ও সমাহারের উপলক্ষে মাজিষ্ট্রেট সাহেব,

ও কোন নগরের উপলক্ষে ঐ নগরের কমিশ্যনরেরা সেই সকল কর্ম্ম নির্ব্বাহ করিবেন ও সেই সকল ক্ষমতানুসারে কার্য্য করিবেন ইতি।

৩৭৩ ধারা। এই আইনের বিপরীত কোন অপরাধ করা গেলে, পোলীসের সকল কর্ম্মকারক মুনিসিপালিটীর কমিশ্যনরদিগকে কিম্বা বিষয়বিশেষে সমাহারের মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা নগরের কমিশ্যনরদিগকে অগৌণেই সেই অপরাধের সন্ধান জানাইবেন।

*কমিশ্যনরদের নিকট পোলীসের কর্ম্মকারকদের অপরাধ রিপোর্ট করিবার ও অপরিচিত অপরাধিদিগকে আসেধ করিবার কথা।*

কোন ব্যক্তি পোলীসের কর্ম্মকারকের চক্ষুর গোচরে এই আইনের বিপরীত অপরাধ করিলে, ও ঐ ব্যক্তির নাম ও ঠিকানা তাহার জানা না থাকিলে,

কিম্বা সেই ব্যক্তি আপনার নাম ও ঠিকানা জানাইতে না চাহিলে,

কিম্বা জানাইলেও ঠিক নাম ও ঠিকানা জানাইয়াছেন কি না এই বিষয়ে পোলীসের কর্ম্মকারকের মনে সন্দেহ হইলে, তিনি সেই ব্যক্তিকে ধরিয়া রাখিতে পারিবেন।

ও তাহার নাম ও ঠিকানা যতক্ষণ নিশ্চয়মতে না জানা যায় কিম্বা তাঁহাকে যতক্ষণ একেবারে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে না আনা যায় ততক্ষণ তাহাকে পোলীস থানায় রাখা যাইতে পারিবে ইতি।

৩৭৪ ধারা। ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের ২১ ধারার মর্ম্মানুসারে যিনি রাজকীয় কার্য্যকারক হন তদ্ভিন্ন এই আইনমতে কার্য্যপ্রাপ্ত কোন ব্যক্তি আপনার পদসংক্রান্ত কোন কর্ম্ম করিবার কিম্বা কোন কর্ম্ম না করিবার জন্যে,

*কর্ম্মকারকপ্রভৃতি বিনানুমতির ফী লইলে তাহাদের দণ্ডের কথা।*

কিম্বা আপন পদ সংক্রান্ত কার্য্য নির্ব্বাহ করণে কোন ব্যক্তির প্রতি অনুগ্রহ বা নিগ্রহ প্রকাশ করিবার বা না করিবার জন্যে, কিম্বা কমিশ্যনর কি রাজকীয় কার্য্যকারক কি গবর্ণমেণ্ট বলিয়া ঐ কমিশ্যনরদের কি রাজকীয় কার্য্যকারকের কি গবর্ণমেণ্টের নিকট কোন ব্যক্তির উপকার কি অনুপকার করিবার কি করিতে উদ্যোগ করিবার জন্যে, কোন ব্যক্তির স্থানে আইনমত পারি-

ous, as provided in section 53 of the Indian Penal Code, for a term which may extend to three years, or with a fine not exceeding five thousand rupees, or with both

শ্রমিক ছাড়া আপনার কি অন্য ব্যক্তির নিমিত্ত পুরস্কার-স্বরূপ কোন প্রকারের পারিতোষিক গ্রহণ করিলে কি পাইলে, কিম্বা গ্রহণ করিতে স্বীকার করিলে কি পাইবার উদ্যোগ করিলে, তাঁহার তিন বৎসরের অনধিক কাল ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৫৩ ধারার বিধানমতে সামান্য বা কঠোর কারাদণ্ড কিম্বা পাঁচ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড বা উভয় দণ্ড হইবে ইতি।

Saving clause

**375** Nothing in this Act contained shall be construed to

(*a*) render lawful any act or omission on the part of any person which, but for this Act, would by law be deemed to be a nuisance

(*b*) exempt any person guilty of nuisance from a suit in respect thereof

(*c*) affect any enactment not hereby expressly repealed

রক্ষার্থ ধারা।

৩৭৫ ধারা। (ক) এই আইন না থাকিলে যে কার্য্য করা কিম্বা যে কার্য্য না করা আইনমতে অনিষ্টজনক বলিয়া জ্ঞান হইত, কোন ব্যক্তির সেই কার্য্য করা কি সেই কার্য্য না করা যাহাতে আইন সিদ্ধ হইতে পারে,

(খ) কোন ব্যক্তি অনিষ্টজনক কার্য্য করিলেও তদ্ধেতুক তাহার নামে মোকদ্দমা যাহাতে না হইতে পারে,

(গ) এই আইন দ্বারা যে আইন স্পষ্টরূপে রহিত করা না যায় যাহাতে কোনরূপে তাহার বৈলক্ষণ্য হইতে পারে এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবে না ইতি।

---

## FIRST SCHEDULE

FORM A —(*See Section* 103)

***Notice to be published of the preparation of the list of assessment on persons***

BENGAL MUNICIPAL ACT, 1876
*Section* 103

MUNICIPALITY OF

Whereas an assessment list of the tax upon persons occupying holdings has been deposited in the office of the Commissioners as required by section 103 of "The Bengal Municipal Act, 1876," notice is hereby given that the said list is open to the inspection of all persons desiring to inspect the same at the office of the said Commissioners during office hours on any day not being a close holiday, and that the several persons whose names are included in the said assessment are hereby required to pay the quarterly instalments set opposite to their names with regularity at the office appointed by the Commissioners for the receipt of the same, or to the tax-collector or other officer authorized to receive payment, the first payment to be made on the first day of ( ) and every subsequent payment on or before the first day of ( ), the first day of ( ), and the first day of ( ), or in default thereof, any arrear that may be due will be realized by distress and sale of the moveable property belonging to the defaulter, or which may be found on the holding in respect

## প্রথম তফসীল।

A পাঠ। (১০৩ ধারা দেখ।)

ব্যক্তিদের উপর টাক্স ধার্য্য হওয়ার নির্ঘণ্টপত্র প্রস্তুত হওন বিষয়ক যে নোটিস প্রকাশ করিতে হইবে তাহা এই।

বঙ্গদেশীয় ১৮৭৬ সালের মুনিসিপল আইন।
১০৩ ধারা।

অমুক মুনিসিপালিটী।

যে ব্যক্তিদের দখলে যোত থাকে বঙ্গদেশীয় ১৮৭৬ সালের মুনিসিপল আইনের ১০৩ ধারামতে তাঁহাদের টাক্স নিরূপণের নির্ঘণ্টপত্র কমিশ্যনরদের কার্য্যালয়ে অর্পণ করা গিয়াছে, অতএব এই নোটিস দেওয়া যাইতেছে, যাঁহারা সেই নির্ঘণ্টপত্র দেখিতে চাহেন তাঁহারা বন্দের দিনছাড়া কোন দিনে কাছারী খোলা থাকার কোন সময়ে উক্ত কমিশ্যনরদের কার্য্যালয়ে গিয়া তাহা দেখিতে পারিবেন, এবং উক্ত টাক্সপত্রের মধ্যে যে২ ব্যক্তির নাম লেখা আছে তাঁহাদিগকে এতদ্দ্বারা এই আজ্ঞা করা গেল, ঐ ব্যক্তির নামের পার্শ্বে যত টাকা লেখা থাকে কমিশ্যনরেরা ঐ টাকা আদায়ের জন্যে যে কাছারী নিরূপণ করেন তিন২ মাসের কিস্তি করিয়া তাঁহারা ঐ কাছারীতে কিম্বা টাক্স আদায়কারিকে কি অন্য যে কর্ম্মকারক টাকা লইতে ক্ষমতা পান তাঁহাকে নিয়মমতে তত টাকা দিবেন। অমুক মাসের অমুক তারিখে প্রথমবার ঐ টাকা দিবেন, ও তাহার পর অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে ও অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে ও অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে দিতে থাকিবেন। না দিলে বাকীদারের অস্থাবর সম্পত্তি কি যে যোতের উপলক্ষে ঐ টাক্স বসান গিয়াছে তন্মধ্যে ঐ বাকীদারের অস্থাবর যে দ্রব্য পাওয়া যায় তাহা ক্রোক ও নীলাম করিয়া ও সেই টাকা আদায় করিবার জন্যে

of which such defaulter is assessed, and by such other proceedings as are allowed by law

Dated this day of

A B
*Chairman of Commissioners*

---

FORM B —(*See Section* 103 )

***Notice to be published of the preparation of the valuation and rating list of holdings***

BENGAL MUNICIPAL ACT, 1876
*Section* 103

MUNICIPALITY OF

Whereas a valuation and rating list of the rate on the annual value of holdings has been deposited in the office of the Commissioners as required by section 103 of "The Bengal Municipal Act, 1876," notice is hereby given that the said list is open to the inspection of all persons desiring to inspect the same at the office of the said Commissioners during office hours on any day not being a close holiday, and that the several owners of the holdings included therein are hereby required to pay the quarterly instalments set opposite to their names with regularity at the office appointed by Commissioners for the receipt of the same, or to the tax-collector or other officer authorized to receive payment, the first payment to be made on the first day of ( ) and every subsequent payment on or before the first day of ( ), the first day of ( ), and the first day of ( ), and in default thereof, any arrear that may be due will be realized by distress and sale of, the moveable property belonging to the defaulter or which may be found on the holding in respect of which the valuation is made, and by such other proceedings as are allowed by law

Dated this day of

A B
*Chairman of Commissioners*

---

SECOND SCHEDULE

FORM A —(*See Section* 111 )

NOTICE OF DEMAND UNDER SECTION 111, Bengal MUNICIPAL ACT 1876

To of

*Municipality of*

Take notice that the sum of Rs , being the amount due from you, is shown in the accompanying bill, is hereby demanded from you, and



আইনমতে অন্যান্য যে কার্য্য অনষ্ঠান করিবার অনুমতি থাকে তাহা করিয়া ঐ বাকী টাকা আদায় করা যাইবে।

সাল তাং শ্রী অমুক,
কমিশ্যনরদেব সভাপতি।

---

B পাঠ। (১০৩ ধারা দেখ।)

যোতের মূল্য নিরূপণপত্র ও হারানুসারে যে রেট ধার্য্য হইল তাহার নির্ঘণ্টপত্র প্রস্তুত হইবার যে নোটিস প্রকাশ করিতে হইবে তাহা এই।

বঙ্গদেশীয় ১৮৭৬ সালের মুনিসিপল আইন।

১০৩ ধারা।

অমুক মুনিসিপালিটী।

নানা যোতের মূল্য নিরূপণের ও বার্ষিক মূল্যানুসারে হারহারিমতে যে রেট ধার্য্য হইল তাহার নির্ঘণ্টপত্র বঙ্গদেশীয় ১৮৭৬ সালের মুনিসিপল আইনের ১০৩ ধারার আদেশ অনুসারে কমিশ্যনরদের কার্য্যালয়ে অর্পণ করা গিয়াছে, অতএব এই নোটিস দেওয়া যাইতেছে কোন ব্যক্তি ঐ নির্ঘণ্টপত্র দেখিতে ইচ্ছা করিলে বন্দের দিন ছাড়া কোন দিনে কাছারী খোলা থাকার কোন সময়ে উক্ত কমিশ্যনরদের কার্য্যালয়ে গিয়া দেখিতে পারিবেন ও সেই নির্ঘণ্টপত্রে যে সকল যোত লেখা আছে তাহার স্বামিদের প্রতি এতৎক্রমে এই আজ্ঞা করা গেল, ঐ২ ব্যক্তির নামের পার্শ্বে যত টাকা লেখা আছে কমিশ্যনরেরা ঐ টাকা আদায়ের জন্যে যে কাছারী নিরূপণ করেন, তাঁহারা তিন২ মাসের কিস্তি করিয়া ঐ কাছারীতে কিম্বা টাক্স আদায়কারিকে কি অন্য যে কর্ম্মকারক ঐ টাকা লইতে ক্ষমতা পান তাঁহাকে নিয়মমতে তত টাকা দিবেন। অমুক মাসের অমুক তারিখে প্রথমবার ঐ টাকা দিবেন, ও তাহার পর অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে ও অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে ও অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে দিতে থাকিবেন। না দিলে বাকীদারের অস্থাবর সম্পত্তি কিম্বা যে যোতের উপলক্ষে ঐ মূল্য নিরূপণ করা গেল তন্মধ্যে বাকীদারের যে দ্রব্য পাওয়া যায় তাহা ক্রোক ও নীলাম করিয়া ও সেই টাকা আদায় করিবার জন্যে আইনমতে অন্যান্য যে কার্য্য অনুষ্ঠান করিবার অনুমতি থাকে তাহা করিয়া ঐ বাকী টাকা আদায় করা যাইবে।

সাল তং.

শ্রী অমুক
কমিশ্যনরদের সভাপতি।

---

দ্বিতীয় তফসীল।

A পাঠ।—(১১১ ধারা দেখ।)

বঙ্গদেশীয় ১৮৭৬ সালের মুনিসিপল আইনের ১১১ ধারামত দাওয়ার নোটিস।

অমুক মুনিসিপালিটীর
অমুক স্থানবাসি শ্রী অমুক সমীপেষু।

ইহার সঙ্গে যে বিল পাঠান গেল তদনুসারে তোমার এত টাকা দেনা আছে, এইক্ষণে তোমার নিকট সেই টাকার দাওয়া হইতেছে। এই টাকা লইবার

E—(*See Section* 115)

***Register of distraints of property and sales held on account of arrears for the month of in***

1. Name of defaulter
2. Number on register and specification of the holding on account of which the arrear is due
3. Amount of arrear due
4. Amount of costs and penalty
5. Total amount to be realized
6. Inventory of property seized under distress
7. Date of distress
8. Date of sale
9. Detail of articles sold
10. Amount realized on each article
11. Purchaser's name
12. Total amount realized
13. Amount paid into the Commissioner's office on account of the arrear due with date
14. Amount paid into the Commissioner's office on account of costs and penalties
15. Surplus proceeds of sale remaining after deducting the amount of arrears costs and penalties due
16. How the surplus was disposed of with date of such disposal
17. Balance of arrear still remaining unrealized, if any
18. On what date such remaining balance was realised or written off by authority
19. Remarks (explaining why the property seized was released without sale if not eventually sold, &c, &c)

---

## THIRD SCHEDULE

(*See Sections* 78 *and* 122)

**TAX ON CARRIAGES AND ANIMALS**

| | Per quarter Rs | A |
|---|---|---|
| For every 4-wheeled carriage drawn by two horses | 4 | 8 |
| For every 4-wheeled carriage drawn by one horse or a pair of ponies under thirteen hands | 3 | 0 |
| For every 2-wheeled carriage | 2 | 8 |
| For every horse | 2 | 0 |
| For every pony under thirteen hands, and for every mule and donkey | 0 | 12 |
| For every elephant | 6 | 0 |
| For every camel | 2 | 0 |

Ponies under eleven hands in height, and children's carriages, the wheels of which do not exceed twenty four inches in diameter, are exempted

E—(১১৫ ধারা।)

অমুক স্থানে অমুক মাসের বাকীর নিমিত্ত যে সম্পত্তি ক্রোক ও নীলাম করা যায় তাহার রেজিস্টর।

১। বাকীদারের নাম।

২। যে যোতের টাকা বাকী পড়িল রেজিস্টরে তাহার নম্বর ও বর্ণনা।

৩। যত টাকা বাকী আছে

৪। খরচার ও দণ্ডের যত টাকা।

৫। সর্ব্বসুদ্ধ যত টাকা আদায় করিতে হইবে।

৬। ক্রোকী পরওয়ানাক্রমে যে সম্পত্তি ক্রোক করা গেল তাহার ফর্দ্দ।

৭। যে তারিখে ক্রোক করা যায়।

৮। যে তারিখে নিলাম হয়।

৯। যেং দ্রব্য বিক্রয় হইল তাহার নেওরা।

১০। একং দ্রব্যের নিমিত্ত যত টাকা পাওয়া গেল।

১১। খরীদারের নাম।

১২। মোটে যত টাকা আদায় হইল।

১৩। বাকীর যত টাক যে তারিখে কমিশ্যনরদের কার্য্যালয়ে দেওয় গেল।

১৪। খরচার ও দণ্ডের যত টাকা কমিশ্যনরদের কার্য্যালয়ে দেওয়া গেল।

১৫। বাকী ও খরচা ও দণ্ডের টাকা বাদ দিয়া নীলামের উৎপন্ন যত টাকা উদ্বর্ত্ত থাকে।

১৬। সেই উদ্বর্ত্ত লইয়া যে তারিখে যাহা করা গেল।

১৭। আদায় না হইয়া টাকা বাকী থাকিলে কত বাকী আছে।

১৮। সেই অবশিষ্ট বাকী যে তারিখে আদায় হয় বা অনুমতিক্রমে ক্ষমা করা যায়।

১৯। মন্তব্য কথা (ক্রোক করা সম্পত্তি বিক্রয় না করিয়া যদি ছাড়িয়া দেওয়া যায় তবে তাহার কারণ ও অন্যান্য কথা এই ঘরে লিখিতে হইবে।)

---

## তৃতীয় তফসীল।

(৭৮ ও ১২২ ধারা দেখ।)

গাড়ী ও ঘোড়াপ্রভৃতির উপর টাক্সের ফর্দ্দ।

| | তিনং মাসের দেয় |
|---|---|
| চারি চাকার ও দুই ঘোড়ার প্রত্যেক গাড়ির | ৪॥০ |
| চারি চাকার ও এক ঘোড়ার কি টাটুর কি ৪ ফুট ৪ ইঞ্চির ন্যূন উচ্চ এক ঘোড়ার প্রত্যেক গাড়ীর | ৩৲ |
| দুই চাকার প্রত্যেক গাড়ির | ২॥০ |
| প্রত্যেক ঘোড়ার | ২৲ |
| ৪ ফুট ৪ ইঞ্চির ন্যূন উচ্চ টাটুর কি খচরের কি গর্দ্দভের | ৸০ |
| হস্তির | ৬৲ |
| উটের | ২৲ |

৪৪ ইঞ্চির ন্যূন উচ্চ টাটুর ও ছেলেদের গাড়ীর চাকা আড়ে ২৪ ইঞ্চির অধিক না হইলে তাহার টাক্স নাই।

| | |
|---|---|
| **FOURTH SCHEDULE** | **চতুর্থ তফসীল।** |
| FORM A | A পাঠ। |
| *Requisition to Panchait* | পঞ্চায়তের নিকট আদেশপত্র। |
| SEE CHAPTER III, SECTION (326) | তৃতীয় অধ্যায়ের ৩২৬ ধার দেখ। |
| *Here insert the names, places of abode, business, or other description of the panchait*) | (এই স্থানে পঞ্চায়তের অন্তর্গত নানা ব্যক্তির নাম ও বাসস্থান ও ব্যবসায় কি অন্য বর্ণনা লিখিতে হইবে।) |
| I do hereby require you, the panchait appointed under Chapter III of the Bengal Municipal Act, 1876, with all reasonable expedition, within (*here insert a period to be fixed by the Magistrate*) from the date hereof, to make out and forward to me, the undersigned Magistrate of the district of , a fair and equitable assessment upon the several occupiers of houses, shops, and buildings in the Union of for the purpose of raising the sum of rupees required for the maintenance of the police for the year commencing on and other expenses authorised by the said Chapter III of the Bengal Municipal Act. You shall regulate and determine the amount of assessment to be levied from every such occupier according to the circumstances and the property to be protected of each person. But the amount assessed in respect of any one house shall not exceed rupees (*here insert the pay of a policeman of the lowest grade*) and the aggregate amount assessed shall not exceed the average rate of two annas per mensem for each house, shop, or building in the district. | বঙ্গদেশীয় ১৮৭৬ সালের মুনিসিপল আইনের তৃতীয় অধ্যায়মতে নিযুক্ত পঞ্চায়ত যে তোমরা তোমাদিগকে এই আদেশ করা গেল। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে যে বৎসরারম্ভ হয় সেই বৎসর পোলীসের ব্যয়পোষণের এবং বঙ্গদেশীয় মুনিসিপল আইনের উক্ত তৃতীয় অধ্যায়ক্রমে আর যেং খরচের অনুমতি হইয়াছে তাহার জন্যে এত টাকা তুলিবার নিমিত্ত অমুক সমাহারের মধ্যে যত ঘর ও দোকান ও কোটা থাকে, এই আদেশপত্রের তারিখঅবধি (মাজিষ্ট্রেট সাহেবের নিরূপিত) এত দিনের মধ্যে ঐ গৃহাদির সকল প্রজাদের ন্যায়সিদ্ধ ও যথার্থমতে টাক্স নিরূপণপত্র প্রস্তুত করিয়া অমুক জিলার মাজিষ্ট্রেট আমার নিকটে যুক্তিমতে ত্বরায় পাঠাও। প্রত্যেক জনের উপর যত টাক্স ধার্য্য করিতে হইবে উক্ত প্রত্যেক জন প্রজার সঙ্গতি ও যাঁহার যত সম্পত্তি রক্ষা করিতে হইবে ইহা বিবেচনা করিয়া তাহার বিধান করিয়া নির্ণয় করিবা। কিন্তু কোন এক ঘরের নিমিত্ত এত টাকার (অর্থাৎ পোলীসের অতি নিম্ন শ্রেণীর কর্ম্মকারকের যত টাকা বেতন হয় তত টাকার) অধিক ধার্য্য করিবা না। ও জিলার অন্তর্গত প্রত্যেক ঘরের ও দোকানের ও কোটার উপর মাসে ৵ দুই আনা করিয়া গড়ে ধার্য্য করিলে যত টাকা হয় মোটে তাহার অধিক ধার্য্য করিতে হইবে না। |
| If the occupier of any house in the said district shall be unable, on the ground of poverty, to pay the assessment to which he is liable under the said Chapter, you shall exempt him from the same, but the property occupied, together with the name and description of such occupier, shall be specified in the list, together with the ground of exemption. | উক্ত জিলার অন্তর্গত কোন ঘরের প্রজা উক্ত অধ্যায়মতে যত টাক্সের দায়ী হন, দৈন্যদশাপ্রযুক্ত তাহা দিতে না পারিলে, তোমরা তাঁহাকে ক্ষমা করিবা, কিন্তু তাঁহার অধিকারে যে সম্পত্তি থাকে ঐ সম্পত্তি ও সেই প্রজার নাম ও বর্ণনা ও যে কারণে তাহাকে ক্ষমা করা গেল এই সকল কথা ঐ নির্ঘণ্টপত্রে বিশেষ করিয়া লিখিতে হইবে। |
| If any house be let out in portions to different persons, or be let out to or occupied by lodgers or travellers, the person who shall so let the same, or who shall receive the rents or payments from such persons or lodgers, or travellers, shall be deemed the occupier of such house, and shall be assessed accordingly. | কোন ঘর ভাগং করিয়া নানা লোকদিগকে ভাড়া করিয়া দেওয় গেলে, কিম্বা বাসেন্দারেরা কি পথিকেরা কোন ঘর ভাড়া করিয়া লইলে কি ঘরে প্রজাস্বরূপ থাকিলে, যে ব্যক্তি ঐ ঘর ভাড়া দেন কিম্বা ঐং ব্যক্তিদের ও বাসেন্দারদের ও পথিকদের স্থানে যে ব্যক্তি ভাড়া কি পয়সা লন, তাঁহাকেই সেই ঘরের প্রজা বলিয়া জানিতে হইবে, ও তদনুসারে তাঁহারই উপর টাক্স ধার্য্য হইবে। |
| The assessment which you are hereby required to make shall specify the name of every occupier of property liable to be assessed, the name, trade, or business, or other description of the person assessed, the annual assessment and the quota | এতৎক্রমে তোমার প্রতি টাক্স নিরূপণের যে পত্র প্রস্তুত করিবার আজ্ঞা হইল, সম্পত্তির যেং প্রজা টাক্সের দায়ী হন তাঁহার নাম, ও যেং ব্যক্তির উপর টাক্স ধার্য্য হইল তাঁহার নাম ও ব্যবসায় কি কর্ম্ম কি অন্য বর্ণন, ও বৎসর যত টাক্স ধার্য্য হইল ও মাসেং |

that if you do not within fifteen days pay the same with two annas as the cost of this notice, to an officer authorized to receive payment, or into the office of the Municipal Commissioners, the same with costs will be levied by distress and sale of your goods and chattels, or otherwise as provided by law

A B

*Chairman of*

---

*[The following note will be added at the foot of the above notice in those cases only in which the notice is to be addressed to a person who has not already paid one instalment of the tax at the rate at which the demand is made ]*

*Note*—If you have any objection to make against this demand you may instead of paying the amount which is hereby demanded present a petition to the Commissioners praying for a review of the amount assessed (or rated) Such petition must be presented within fifteen days of the service of this notice, otherwise it will not be received It you present such petition no amount will be levied from you until the Commissioners shall have passed an order on your petition but after fifteen days from such order the amount due by you with such further costs as the Commissioners may direct, will be levied, unless it has been previously paid

ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারককে কিম্বা মুনিসিপল কমিশ্যনরদের কার্য্যালয়ে পঞ্চদশ দিনের মধ্যে দুই আনা খরচ সুদ্ধ ঐ টাকা না দিলে, তোমার মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম করণদ্বারা খরচা সহিত ঐ টাকা আদায করা যাইবে।

শ্রী অমুক

কমিশ্যনরদের সভাপতি।

---

[যে হারানুসারে টাক্সের দাওয়া হয় কোন ব্যক্তি সেই হারানুসারে টাক্সের এক কিস্তিও না দিয়া থাকিলে কেবল তাঁহার নামে যে নোটিস দেওয়া যায় তাহার তলভাগে এই নোট দিতে হইবে।]

নোট।—এই দাওয়ার বিষয়ে তোমার কোন আপত্তি থাকিলে, এই পত্রে তোমার স্থানে যত টাকার দাওয়া হইল সেই টাকা না দিয়া তোমার উপর যে টাক্স (কি রেট) ধার্য্য হইয়াছে কমিশ্যনরদের নিকট তাহা পুনরালোচনা করিবার দরখাস্ত দিতে পারিবা। এই নোটিস পাইলে পর পঞ্চদশ দিনের মধ্যে তোমার সেই দরখাস্ত দিতে হইবে, নতুবা গ্রাহ্য হইবে না। তদ্রূপ দরখাস্ত দিলে কমিশ্যনরেরা তোমার সেই দরখাস্তের উপর যত দিন আজ্ঞা না দেন তত দিন তোমার স্থানে আর টাকা আদায় করা যাইবে না, কিন্তু সেই আজ্ঞা হইয়া পঞ্চদশ দিন গত হইলে পর তোমার স্থানে যত টাকা পাওনা হয় তাহা পূর্ব্বে না দেওয়া গেলে ঐ টাকা ও কমিশ্যনরেরা আর যে খরচা দিবার আদেশ করেন তাহা আদায় করা যাইবে।

---

## B

### Table of Fees payable upon Distraints under this Act

FORM B —(*See Section* 112 )

| Sums distrained for | Fee Rs | Fee A |
|---|---|---|
| Under 1 Rupee | 0 | 4 |
| 1 and under 5 Rupees | 0 | 8 |
| 5 „ 10 „ | 1 | 0 |
| 10 „ 15 „ | 1 | 8 |
| 15 „ 20 „ | 2 | 0 |
| 20 „ 25 „ | 2 | 8 |
| 25 „ 30 „ | 3 | 0 |
| 30 „ 35 „ | 3 | 8 |
| 35 „ 40 „ | 4 | 0 |
| 40 „ 45 „ | 4 | 8 |
| 45 „ 50 „ | 5 | 0 |
| 50 „ 60 „ | 6 | 0 |
| 60 „ 80 „ | 7 | 8 |
| 80 „ 100 „ | 9 | 0 |
| Above 100 „ | 10 | 0 |

The above charge includes all expenses including the service of notice of demand, except when peons are kept in charge of property distrained, in which case three annas must be paid daily for each man If the amount demanded be paid or the warrant discharged before the sale is held, so that no sale is necessary, one-fourth of the fees specified in the above table shall be remitted

## B

### এই আইনমতে ক্রোক করিলে যে ফী দিতে হইবে তাহার ফর্দ্দ।

B পাঠ।—(১১২ ধারা দেখ।)

| যত টাকার নিমিত্ত ক্রোক হয় | ফী। টাকা। |
|---|---|
| ১৲ টাকার কম হইলে | ।০ |
| ১৲ টাকা অবধি ৫৲ টাকা পর্য্যন্ত | ৷৷০ |
| ৫৲ ঐ ১০৲ ঐ | ১৲ |
| ১০৲ ঐ ১৫৲ ঐ | ১৷৷০ |
| ১৫৲ ঐ ২০৲ ঐ | ২৲ |
| ২০৲ ঐ ২৫৲ ঐ | ২৷৷০ |
| ২৫৲ ঐ ৩০৲ ঐ | ৩৲ |
| ৩০৲ ঐ ৩৫৲ ঐ | ৩৷৷০ |
| ৩৫৲ ঐ ৪০৲ ঐ | ৪৲ |
| ৪০৲ ঐ ৪৫৲ ঐ | ৪৷৷০ |
| ৪৫৲ ঐ ৫০৲ ঐ | ৫৲ |
| ৫০৲ ঐ ৬০৲ ঐ | ৬৲ |
| ৬০৲ ঐ ৮০৲ ঐ | ৭৷৷০ |
| ৮০৲ ঐ ১০০৲ ঐ | ৯৲ |
| ১০০৲ টাকার উর্দ্ধ | ১০৲ |

উক্ত ফীর মধ্যে সকল দাওযার নোটিস জারী করিবার খরচ সুদ্ধ খরচ ধরা গেল। কিন্তু ক্রোক করা সম্পত্তি পেযাদাদের জিম্মায রাখা গেলে তাহাদের একং জনের ৵ আনা রোজ লাগিবে। নীলাম হওযার পূর্ব্বে দাবীর টাকা দেওযা যাওয়াতে ও পরওয়ানা অকর্ম্মণ্য হওযাতে নীলাম করিবার আর আবশ্যক না হইলে উক্ত টেবিলে যে ফী লেখা গেল তাহার চতুর্থাংশ ক্ষমা করা যাইবে।

C.—(*See Section* 113.)

*Distress Warrant.*

BENGAL MUNICIPAL ACT (*Section* 113)

To (here insert the name of the officer charged with the execution of the warrant)

Whereas                    of                    has not paid or shown sufficient cause for the non-payment of the sum of                    rupees due for taxes (or rates) mentioned in the margin, although the said sum has been duly demanded in writing from the said                    , and fifteen days have elapsed since the service of the notice of demand. This is to command you to distrain the moveable property of the said                    wherever it may be found, within the Municipality, except ploughs, plough cattle, tools, or implements of trade or agriculture, or any other moveable property, which may be found within the holding specified in the margin to the amount of the said sum of                    and the further sum of                    to defray the charges of taking, keeping, and selling such property, and if within ten days next after such distress the said sum of                    shall not be paid, to sell the said property, and having paid and deducted out of the proceeds of the sale the said sum of                    and the charges of taking, keeping, and selling such property, to return the surplus (if any) on demand to the person whom you shall have found in possession of the said property, and if no demand be made, to pay the same to the Commissioners. If distress cannot be made of sufficient property of the said                    you are to certify the same to us in returning this warrant.

A. B.

*Chairman of*

C পাঠ ।—(১১৩ ধাবা দেখ ।)

ক্রোকী পবওযানা ।

বঙ্গদেশীয মুনিসিপল্ আইন (১১৩ ধারা ।)

শ্রী (যে কায্যকাবককে পবওযানা জাবী করিতে দেওযা যায তাহার নাম এই স্থানে লিখিতে হইবে) সমীপেষু ।

অমুক স্থাননাসি শ্রীঅমুকেব স্থানে পার্শ্বের লিখিত টাকুসেব কি বেটেব নিমিত্তে এত টাকা পাওনা হওযাতে তাঁহাব নিকট নিয়মিতরূপে লিখিযা দাওযা হইলেও এবং সেই দাওযাব নোটিস তাঁহাকে দেওযা গেলে পর পঞ্চদশ দিন গত হইলেও উক্ত অমুক সেই টাক দেন নাই ও না দিবাব উপযুক্ত হেতু দর্শান নাই, অতএব তোমাকে এতদ্দ্বাবা এই আজ্ঞা কবা গেল যে লাঙ্গল ও হালিযা গোরু ও হাতিযাব ও ব্যবসাযের কিম্বা কৃষি-কার্য্যের অস্ত্রাদিছাডা উক্ত অমুকেব অস্থাবব সম্পত্তি মুনিসিপালিটীব অন্তর্গত যে স্থানে পাইতে পার ও পার্শ্বলিখিত যোতেব মধ্যে তাহাব অস্থাবর অন্য যে দ্রব্য পাইতে পাব উক্ত এত টাকা মূল্যেব তত অস্থাবব দ্রব্য ক্রোক কব, ও সেই দ্রব্য লইবাব ও বাখিবাব ও বিক্রয কবিবাব খবচ শোধ কবণেব উপযুক্ত টাকাব দ্রব্যও লও, ও উক্ত দ্রব্য ক্রোক কবণেব পব দশ দিনেব মধ্যে উক্ত এত টাকা না দেওযা গেলে সেই দ্রব্য নীলাম কব, এবং নীলামেব উৎপন্ন টাকাহইতে প্রাপ্ত উক্ত এত টাকা এবং ক্রোকী দ্রব্য লইবার ও বাখিবাব ও নীলাম কবিবাব খবচেব টাকা বাদ দিলে পব, উক্ত দ্রব্য যাঁহাব অধিকাবে পাওযা গিযাছিল তাঁহাব দাওযামতে তাঁহাকে অবশিষ্ট টাকা দেও, এবং তিনি কোন দাওযা না কবিলে তাহা কমিশ্যনবদিগকে দেও। যদি উক্ত ব্যক্তিব ক্রোক কবিবাব উপযুক্ত দ্রব্য না পাওযা যায, তবে এই পবওযানা ফিবিযা আনিবার সমযে আমাদিগকে সেই কথা লিখিযা জ্ঞাত কব ।

শ্রীঅমুক ।

অমুক স্থানেব সভাপতি ।

---

D.—(*See Section* 113.)

*Form of Inventory and Notice.*

BENGAL MUNICIPAL ACT.

(*Section* 113.)

(*State particulars of goods seized.*)

Take notice that I have this day seized the property specified in the above inventory for the sum of        due for the taxes (or rates) mentioned in the margin, and that unless you pay to me or into the office of the Commissioners of                    the said sum of                    and further the costs of this distraint as specified below, within ten days from the day of the date of this notice, the property will be sold.

(*Signature of the officer executing the warrant of distress.*)

Date

D পাঠ । (১১৩ ধাবা দেখ ।)

নির্ঘণ্টের ও নোটিসেব পাঠ ।

বঙ্গদেশীয মুনিসিপল আইন ।

(১১৩ ধাবা ।)

(যে২ দ্রব্য ক্রোক করা গেল তাহাব বিবরণ ।)

পার্শ্বের লিখিত টাকুসেব কি রেটেব জন্যে অমুক সালের অমুক২ মাসেব পাওনা এত টাকা আদাযেব নিমিত্ত আমি অদ্য উক্ত নির্ঘণ্টের নির্দ্দিষ্ট দ্রব্য ক্রোক কবিযাছি ইহা জানিও। এবং তুমি এই নোটিসের তারিখঅবধি দশ দিনেব মধ্যে আমাকে কিম্বা অমুক স্থানেব কমিশ্যনবদেব কার্য্যালযে এত টাকা ও নিম্ন-লিখিতমতে ক্রোক করিবাব খবচও না দিলে সেই দ্রব্য নীলাম করা যাইবে ।

(ক্রোকী পবওযানা জাবী কবণার্থে নিযুক্ত কার্য্যকারকেব স্বাক্ষর ।)

সাল        তারিখ

[*Government Gazette, 9th May* 1876.]

payable monthly, and may be in the following form or to the like effect —

| Serial number | Property occupied. | Name of occupier | Profession or business or other description | Amount of annual assessment. | Amount of monthly (or quarterly) payment |
|---|---|---|---|---|---|
| | | | | | |

## FORM B

### Assessment

(*See Section* 330 )

An assessment made for the Union of upon the several occupiers of houses and other property in the said district, pursuant to Chapter III of the Bengal Municipal Act, 1876, for the purpose of maintaining the police for such Union, for cleaning the Union, and for other purposes authorized by the said Act

| Serial number | Property occupied | Name of occupier | Profession or business | Amount of monthly (or quarterly) assessment |
|---|---|---|---|---|
| | | | | |

## FORM C

### Notification

(*See Section* 330 )

Whereas an assessment has been duly made pursuant to Chapter III of the Bengal Municipal Act, 1876, and has been revised and settled by me, the undersigned Magistrate of and has been deposited in the office of the Magistrate, notice is hereby given that the said assessment is open to the inspection of all persons desiring to inspect the same at the said office during office hours on any day not being a close holiday, and that the several persons whose names are included in the said assessment, are hereby required to pay the monthly (or quarterly) contributions set opposite to their names with regularity to the Tax Collector or other person appointed by the Magistrate to receive the same, the first payment on the tenth day of the month succeeding the date of this notification,

তাঁহার যত করিয়া দিতে হইবে ঐ পত্রে এই সকল কথা নিম্নলিখিত পাঠে কি তাহার মর্ম্মানুসারে লিখিয়া দিতে হইবে,—

| ক্রমিক নম্বর | যে সম্পত্তির অধিকার হয় | প্রজার নাম | বৃত্তি কি ব্যবসায় বা অন্য বর্ণনা | বৎসর যত টাকা ধার্য্য হইল | মাসে২ বা তিন২ মাসে যত দিতে হইবে। |
|---|---|---|---|---|---|
| | | | | | |

## B পাঠ।

### টাক্স নিরূপণ পত্র।

(৩৩০ ধারা দেখ।)

অমুক সমাহারের পোলীসের ব্যয়পোষণের নিমিত্ত ও সমাহার পরিষ্কার করিবার নিমিত্ত ও বঙ্গদেশীয় ১৮৭৬ সালের মুনিসিপল আইনের অনুমতিমত অন্য২ কার্য্যের নিমিত্ত ঐ আইনের তৃতীয় অধ্যায়ানুসারে উক্ত জিলার অন্তর্গত গৃহাদির ও অন্য সম্পত্তির নানা দখীলকারদের উপর উক্ত সমাহারের এই টাক্সনিরূপণপত্র করা গিয়াছে।—

| ক্রমিক নম্বর | যে সম্পত্তির অধিকার হয় | দখীলকারের নাম | বৃত্তি কি ব্যবসায় | মাসে২ কি তিন২ মাসান্তর যত টাক্স দিতে হইবে। |
|---|---|---|---|---|
| | | | | |

## C পাঠ।

### জ্ঞাপনপত্র।

(৩৩০ ধারা দেখ।)

বঙ্গদেশীয় ১৮৭৬ সালের মুনিসিপল আইনের তৃতীয় অধ্যায়মতে টাক্স নিরূপণপত্র প্রস্তুত হইয়া অমুক স্থানের নিম্নলিখিত মাজিষ্ট্রেট আমাদ্বারা সংশোধিত ও নির্দ্ধারিত হইয়া মাজিষ্ট্রেটের কাছারী ঘরে অর্পণ করা গেল, এই ক্ষণে এতৎক্রমেই এই নোটিস দেওয়া যাইতেছে, কোন ব্যক্তি উক্ত টাক্সনিরূপণপত্র দেখিতে ইচ্ছা করিলে বন্দের দিন ছাড়া কোন দিনে কাছারী খোলা থাকার কোন সময়ে ঐ কাছারীতে গিয়া তাহা দেখিতে পারিবেন। ও উক্ত টাক্স নিরূপণপত্রে যে২ ব্যক্তির নাম লেখা আছে, মাসে২ (কিম্বা তিন২ মাসান্তর) তাঁহাদের দিতে হইবে বলিয়া যত টাকা তাঁহাদের নামের পার্শ্বে লেখা থাকে, তাঁহাদের প্রতি নিয়মিত সময়ে টাক্স আদায়কারিকে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব ঐ টাকা গ্রহণ করিবার জন্যে অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে, ঐ টাকা দিবার আদেশ করা যাইতেছে। এই জ্ঞাপন পত্রের তারিখের পশ্চাৎ মাসের ১০ তারিখে ঐ টাকা প্রথমবার দিতে হইবে তৎপরে প্রতি মাসের ১০ তারিখে

and every subsequent payment on or before the tenth day of each succeeding month (*if the tax is to be collected quarterly, the months in which the payment is to be made must be specified*), or in default thereof, any arrear that may be due will be realized by distraint and sale of the personal effects of the defaulter, or of any goods and chattels which may be found on the premises in respect of which such defaulter is assessed, and such other proceedings adopted for the recovery of the same as are allowed by law

*Dated this  day of*  .

*Magistrate of*

কি তৎপূর্ব্বে ঐ টাকা দিতে হইবে (টাক্স তিনং মাসান্তর দিতে হইলে যেং মাসে দেওয়া যাইবে তাহা নির্দ্দেশ করিয়া লিখিতে হইবে।) ঐ টাকা দিবার ত্রুটি হইলে, বাকীদারের অস্থাবর দ্রব্য কিম্বা যে বাড়ীর উপলক্ষে তাহার উপর টাক্স ধার্য্য হইল তাহার মধ্যে যে মাল ও বিষয় পাওয়া যায় তাঁহা ক্রোক ও বিক্রয় হইয়া ও আইনমতে ঐ টাকা আদায় করিবার আর যে প্রকারের কার্য্যানুষ্ঠান করিবার অনুমতি থাকে সেই কার্য্যানুষ্ঠান হইয়া ঐ বাকী পাওনা টাকা আদায় করিয়া লওয়া যাইবে।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখ,

অমুক জিলার,
মাজিষ্ট্রেট।

---

## FIFTH SCHEDULE

(*See Section* 2)

### PART I.—ACTS OF THE GOVERNOR-GENERAL IN COUNCIL

## পঞ্চম তফসীল।

(২ ধারা দেখ।)

### প্রথম ভাগ।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের আইন।

| *Number and year* | *Subject* | *Extent of repeal* | সাল ও নম্বর। | বিষয়। | যত দূর রহিত হইল। |
|---|---|---|---|---|---|
| XXVI of 1850 | Improvements in towns | The whole Act, so far as it affects the Provinces subject to the Lieutenant-Governor of Bengal | ১৮৫০ সা ২৬ আ | শহরের উত্তমতা করণের আইন। | বঙ্গদেশের শ্রীযুত লেফ্টেনেণ্ট গবরনর সাহেবের অধীন দেশে যত দূর খাটে তত দূর সম্পূর্ণ আইন। |
| XX of 1856 | Police chowkeedars in cities, &c., in the Presidency of Fort William in Bengal | So much as has not been repealed | ১৮৫৬ সা ২০ আ | বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তর্গত নগরাদির পোলীস চৌকীদার বিষয়ক আইন। | যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই। |
| XXI of 1857 | Order and good government of the suburbs of Calcutta and the station of Howrah | Sections 7 18 19 27 28, 29 30 31 32, 33, 34 36, 41, 42, 44, 48, 49 50 | ১৮৫৭ সা ২১ আ | কলিকাতার শহরতলীর ও হাবড়া মোকামের সুধারা ও সুশাসন হইবার আইন। | ৭, ১৮, ১৯, ২৭ ২৮, ২৯, ৩০, ৩১ ৩২, ৩৩, ৩৪, ৩৬ .৪১, ৪২, ৪৪ ৪৮ ৪৯, ৫০ ধারা। |
| XII of 1858 | For raising funds for making and repairing roads in the suburbs of Calcutta and Howrah | The whole Act | ১৮৫৮ সা ১২ আ | কলিকাতার শহরতলীতে ও হাবড়া মোকামে রাস্তা করিবার ও মেরামৎ করিবার জন্যে তহবীল করিবার আইন। | সম্পূর্ণ আইন। |

PART II.—ACTS OF THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL IN COUNCIL.

| *Number and year* | *Subject* | *Extent of repeal* |
| --- | --- | --- |
| III of 1864 | District Municipal Improvement Act. | So much as has not been repealed. |
| VI of 1867 | Regulation of police in towns and Municipalities | The whole Act |
| VII of 1867 | Amending the District Municipal Improvement Act | The whole Act |
| II of 1868 | Amending the District Municipal Improvement Act | The whole Act |
| VI of 1868 | District Towns Act | The whole Act |
| VII of 1870 | Sanitary condition of Dacca | The whole Act |
| II of 1873 | Amending District Municipal Improvement and District Towns Acts | The whole Act |
| IV of 1873 | Registration of Births and Deaths | Section eleven |

দ্বিতীয় ভাগ।—বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আইন।

| সাল ও নম্বর। | বিষয়। | যত দূর রহিত হইল। |
| --- | --- | --- |
| ১৮৬৪ সা ৩ আ | মফঃসলের নগরাদির সৌষ্ঠব করণের আইন। | যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই। |
| ১৮৬৭ সা ৬ আ | নগরের ও মুনিসিপালিটীর পোলীসের বিধান করিবার আইন। | সম্পূর্ণ আইন। |
| ১৮৬৭ সা. ৭ আ | মফঃসলের নগরাদির সৌষ্ঠব করণার্থ আইন সংশোধন করিবার আইন। | ঐ |
| ১৮৬৮ সা ২ আ | মফঃসলের নগরাদির সৌষ্ঠব করণের আইন সংশোধনার্থ আইন। | ঐ |
| ১৮৬৮ সা ৬ আ | প্রদেশীয় নগরাদি বিষয়ক আইন। | ঐ |
| ১৮৭০ সা ৭ আ | ঢাকা নগরের স্বাস্থ্য বর্দ্ধনার্থ আইন। | ঐ |
| ১৮৭৩ সা ২ আ | মফঃসলে নগরাদির সৌষ্ঠব করণ বিষয়ক ও প্রদেশীয় নগরাদি বিষয়ক আইন সংশোধনার্থ আইন। | ঐ |
| ১৮৭৩ সা ৪ আ | জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করণ বিষয়ক আইন। | ১১ ধারা। |

SIXTH SCHEDULE

(*See Section* 2 )

| *Number and year* | *Subject* | *Extent of repeal.* |
| --- | --- | --- |
| Bengal Act IV of 1871 | Sanitation of Pooree and other towns in Orissa, and regulation of Lodging houses therein | Sections 24 to 34, both inclusive |

ষষ্ঠ তফসীল।

(২ ধারা দেখ।)

| সাল ও নম্বর। | বিষয়। | যত দূর রহিত হইল। |
| --- | --- | --- |
| ১৮৭১ সা বঙ্গীয় ৪ আ | উড়িষ্যা দেশে পুরী-প্রভৃতি নগরের স্বাস্থ্যের ও বাসা ঘরের বিধান করণার্থ আইন। | ২৪ অবধি ৩৪ পর্য্যন্ত সকল ধারা। |

FREDERICK CLARKE,
*Offg Asst Secy to the Govt of Bengal,*
*Legislative Dept*

ফ্রেড্রিক ক্লার্ক,
লেজিসলেটিব ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 9, 1876

মঙ্গলবার ১৮৭৬ সাল ৯ মে।

## PART VII.

**Circular Orders of the High Court and Board of Revenue.**

**সপ্তম খণ্ড।**

**হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।**

# CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L.P

## APRIL 1876

A MONEY, ESQ, C B

### No 1

IN connection with Circular No 3 of February last, some Collectors have sent to this office a large number of atraffee rowannahs and challans As atraffee rowannahs are not granted by the Board, and as they are required to be examined and registered in the Collector's office under Rules 9 to 17 at pages 13 and 14 of the *Salt Manual*, they should be retained by the Collector The return of challans and boat-notes is also unnecessary

### No 2

IT has been the practice in some districts to treat certificates, which are issued under the provisions of section 15, Regulation VIII of 1819, of the payment of the purchase-money of a tenure sold under that Regulation, as deeds of conveyance, and to require them to be stamped accordingly The Advocate-General and the Legal Remembrancer are both of opinion that these certificates of payment are not conveyances, and the Member in charge agrees with them Such certificates should not therefore be stamped in future

2 The Board's Circular Order No 4 of January 1876, is hereby cancelled

### No 3

THE question has recently been considered whether a mukhtarnama stamped under heading 10, schedule II of the Court Fees Act, VII of 1870, and filed by a Revenue Agent under Act XX of 1865 in any one case before a Revenue Court, can be made to cover such acts as taking away valuable documents from an office, or drawing money from the treasury, or executing agreements with Government, or whether it is necessary that for such purposes a special power of attorney under heading 18 of schedule II of Act XVIII of 1869, should be produced, and with reference thereto, the Member in charge is advised that a revenue agent cannot under a mukhtarnama stamped as aforesaid, be considered empowered to perform any of the above-mentioned acts, none of them being contemplated in a mukhtarnama mentioned in schedule II of the Court Fees Act A pleader can only appear, plead, and act and a revenue agent can only practice as a revenue agent before the Board of Revenue, and in any office subordinate thereto. Unless, therefore, the mukhtarnama is stamped with the sum specified in schedule II of Act XVIII of 1869, either as a special or general power, and such power expressly authorizes the taking away of valuable documents from an office, or the drawing of money from a treasury, or the executing of agreements, the revenue agent can do no more than conduct the case

2 It is requested that Divisional and District Officers will note the foregoing ruling for their information and guidance

### No 4

THE following Resolution of the Government of Bengal on the subject of the securities to be taken from officers entrusted with Government money, is published for the information and guidance of all Divisional and District Officers —

Calcutta, the 15th March 1876

*RESOLUTION—By the Government of Bengal, Financial Department*

READ—

The Resolution of this Government in the General Department, dated the 22nd April 1869, directing the periodical scrutiny of the securities taken from officers of Government in positions of trust

A letter from the Commissioner of Orissa, No 34, dated the 21st April 1875 recommending that security should be taken from all subordinates who are in any way entrusted with the disbursement of public money.

[*Government Gazette, 9th May* 1876]

# বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৬ সাল আপ্রিল মাস।

শ্রীযুত এ, মনি সাহেব, সি, বি,।

### ১ নম্বর।

গত ফেব্রুয়ারি মাসের ৩ নম্বরের সরক্যুলরের উপলক্ষে কএক জন কালেক্টর সাহেব এই আফিসে অনেকগুলিন্ আতরাফী রওযানা ও চালান পাঠাইয়াছেন। আতরাফী রওয়ানা বোর্ডহইতে দেওয়া গিয়া থাকে না, ও লবণবিষয়ক বিধি পুস্তিকার ১৩ ও ১৪ পৃষ্ঠার ৯ অবধি ১৭ পর্য্যন্ত ধারায় যেং বিধি আছে তদনুসারে কালেক্টরী কাছারীতে সেইং রওযানা মোকাবিলা করিয়া রেজিষ্টরী করিতে হইবে, অতএব কালেক্টর সাহেবের তাহা রাখাই উচিত। চালান ও রোকা ফিরিয়া দিবারও প্রয়োজন নাই।

### ২ নম্বর।

১৮৬৯ সালের ৮ আইনমতে তালুক বিক্রয় হইলে ঐ আইনের ১৫ ধারামতে খরীদের টাকা দেওয়ার যে সর্টিফিকট দেওয়া যায়, কোনং জিলায় সেই সর্টিফিকট হস্তান্তরকরণপত্রের তুল্য জ্ঞান হইয়া তদনুসারে তাহার উপর ইষ্টাম্প দিতে আজ্ঞা করিবার রীতি চলন হইয়াছে। কিন্তু আডবোকেট জেনরল সাহেব ও লীগাল রিমেম্ব্রান্সর সাহেব এই উভয়ের মতানুসারে ঐ টাকা দেওয়ার সর্টিফিকট হস্তান্তরকরণপত্র নয়, আর এই বিষয়ে যে মেম্বর সাহেবের প্রতি কর্তৃত্ব ভার থাকে তিনিও সেই মতে সম্মত আছেন, অতএব এই অবধি ঐ সর্টিফিকটে ইষ্টাম্প দিতে হইবে না।

২। বোর্ডের ১৮৭৬ সালের জানুআরি মাসের ৪ নম্বরের সরক্যুলর এতৎক্রমে রহিত করা গেল।

### ৩ নম্বর।

*The 13th May* 1876 —Surgeon F R Swaine is appointed to act, until further orders, as Civil Surgeon of Lohardugga

*The 15th May* 1876 —Baboo Nolin Chunder Roy, Sub-Deputy Collector, is appointed to be a member of the Committee for the management of the Charitable Dispensary at Serajgunge, *vice* Baboo Gopal Chunder Mookerjee, who has left the station

The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Jungypore, in the district of Moorshedabad, viz —

Mr C H Maseyk, Proprietor of Indigo and Silk Factories
„ W R Johnston, Toll Collector, Jungypore
Baboo Rakhal Das Boral, Zemindar
„ Uma Churn Banerjee, Vakeel
Moulvie Wassy Ahmed, Sub-Deputy Collector
Baboo Ashootosh Ghose, Vakeel

MUNICIPAL.—*The 15th May* 1876 —Mr W R Millar, Assistant Magistrate and Collector, Sarun, is appointed to be Vice Chairman of the Municipal Commissioners for the town of Chupra, *vice* Mr G C. Dey, transferred

[*Government Gazette*, 23rd *May* 1876.]

৫ তারিখ পর্য্যন্ত অনুগ্রহের ছুটী লইয়াছিলেন, ১৮৭৬ সালের মার্চ মাসের ২১ তারিখের এই যে আজ্ঞা ঐ মাসের ২৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

শ্রীযুত এ, ডবলিউ, বুশ পৌয়ার সাহেব, সি, এস, নিয়মিত ছুটী লইয়া এই মাসের ৭ তারিখে ভারতবর্ষহইতে গমন করিলেন এমত রিপোর্ট করেন।

পোলীস সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৫ মে।—দারজিলিঙ্গের পোলীসের ইনস্পেক্টর শ্রীযুত ডি, আরস্কিন সাহেব পোলীস ইনস্পেক্টরদের প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত আরস্কিন সাহেবের পদবৃদ্ধি হওয়াতে তৎপরিবর্ত্তে রঙ্গপুরের পোলীসের ইনস্পেক্টর শ্রীযুত বাবু মথুরানাথ ঘোষ দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১০ মে।—পোলীসের ডেপুটী ইনস্পেক্টর জেনেরল কর্ণেল শ্রীযুত এ, এচ, পাটরসন সাহেব এই মাসের ১০ তারিখাবধি অথবা তাহার পর এক মাস মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১২ মে।—কলিকাতার পোলীসের ডেপুটী কমিশ্যনর শ্রীযুত জে, লামবর্ট সাহেব নিয়মিত ছুটী লইয় এই মাসের ১০ তারিখে ভারতবর্ষহইতে গমন করিলেন এমত রিপোর্ট করেন।

ধর্ম্ম কার্য্য সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৩ মে।—চৈবাসা লুথরন মিশনের পাদরী শ্রীযুত ফর্ড, হান সাহেব ১৮৭২ সালের ১৫ আইনের ৫ ধারার ৩ ও ৫ প্রকরণমতে বিবাহ সাধন করিতে অনুমতি পাইয়াছেন।

রেজিষ্টরী করণ সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৮ মে।—শ্রীযুত বাবু গোপালমোহন মজুমদার কর্ম্ম ত্যাগ করাতে তৎপরিবর্ত্তে শ্রীযুত বাবু কৃষ্ণ বল্লভ রায় মুরশিদাবাদ জিলার অন্তর্গত গৌয়াসের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ৯ মে।—শ্রীযুত বাবু কালীকৃষ্ণ মজুমদারের পরিবর্ত্তে শ্রীযুত বাবু জগন্নাথ চৌধুরী ঢাকা জিলার অন্তর্গত শ্রীনগরের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শিক্ষা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১১ মে।—পাটনা কলেজিয়েট স্কুলের একটিং প্রধান শিক্ষক শ্রীযুত এস, এফ, লিফোর সাহেব চিকিৎসকের সর্টিফিকেটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৬ সালের জানুয়ারি মাসের ২১ তারিখ অবধি ৩০ তারিখ পর্য্যন্ত ছুটী লইয়াছিলেন।

পাটনা কলিজিয়েট স্কুলের দ্বিতীয় শিক্ষক শ্রীযুত টি, এচ, টিয়াবি সাহেব গত মাসের ২১ তারিখ অবধি ২৮ তারিখ পর্য্যন্ত একটিংরূপে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কর্ম্ম করিয়াছেন।

১৮৭৬ সাল ১৫ মে।—শেরাজগঞ্জের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নলিনচন্দ্র রায় পাবনা জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, আর, মিলর সাহেব সারণ জিলার স্কুল কমিটীর মেম্বর ও সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

চিকিৎসা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১১ মে।—কলিকাতার কাম্বেল হাস্পাতালের রেসিডেণ্ট আপথিকরি শ্রীযুত জান হামিলটন সাহেব গত আপ্রিল মাসের ১৫ তারিখ অবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১২ মে।—জলপাইগুড়ীর দাতব্য ঔষধালয়ে নিযুক্ত তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত তারকনাথ গঙ্গোপাধ্যায় আগামি জুন মাসের ১৩ তারিখ অবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৩ মে।—সর্জন শ্রীযুত এফ, আর, সোয়েন সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লোহারডগার সিবিল চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সা ১৫ মে।—শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় শেরাজগঞ্জ মোকামহইতে গমন করায় তৎপরিবর্ত্তে সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নলিনচন্দ্র রায় উক্ত স্থানের দাতব্য ঔষধালয়ের কার্য্য-সম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা মুরশিদাবাদ জিলার অন্তর্গত জঙ্গীপুরের দাতব্য ঔষধালয়ের কার্য্য-সম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

নীল ও রেশম কুঠীর অধিকারি শ্রীযুত সি, এচ, মাসেক সাহেব।
জঙ্গীপুরের মাসুলের কালেক্টর শ্রীযুত ডবলিউ, আর, জনষ্টন সাহেব।
জমীদার শ্রীযুত বাবু রাখাল দাস বড়াল।
উকীল শ্রীযুত বাবু উমাচরণ বন্দ্যোপাধ্যায়।
সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওয়াসি আহাম্মদ।
উকীল শ্রীযুত বাবু আশুতোষ ঘোষ।

মুনিসিপল সম্পর্কীয় বিজ্ঞাপন—১৮৭৬ সাল ১৫ মে।—শ্রীযুত জি, জি, ডে সাহেব স্থানান্তরে প্রেরিত হওয়াতে তৎপরিবর্ত্তে সারণের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, আর, মিলর সাহেব ছাপরা নগরের মুনিসিপল কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৩ মে।]

*The 16th May* 1876 —Apothecary T Lyons is appointed to act, until further orders, as Civil Medical Officer of Noakholly, from the date on which he may relieve Assistant Surgeon Koylash Chunder Chatterjee of the medical charge of that station

ROAD CESS —*The 11th May* 1876 —Lall Sooruj Nath Sahee, Zemindar of Toopoodua, is appointed to be a member of the District Road Cess Committee of Lohardugga, *vice* Thakur Pudum Lochun Sahee

*The 15th May* 1876 —The following gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee at Bood Bood, in the district of Burdwan, viz —

Mr C W Birch, Indigo Planter | Mr A Christian, Indigo Planter

The following Notification is republished from the *Assam Gazette* —

*The 4th May* 1876 —The undermentioned officer has reported his departure on furlough on the date specified —

Mr O G R McWilliam, c s, Deputy Commissioner of Cachar,—*Malwa*, the 24th April 1876

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

## ERRATUM

*The 16th May* 1876 —In paragraph 2 of the Notification dated 28th March 1876, published at page 292, Part I of the *Calcutta Gazette* of the 29th idem, defining the boundaries of the township of Berhampore for the purposes of Act IV (B C) of 1873 (an Act for the registration of births and deaths) to be those specified in the Government Notification of 28th February 1869, *for* '28th February 1869,' *read* '13th August 1874'

H J S COTTON,
*Jr Secy to the Govt of Bengal*

## NOTIFICATION

*The 6th May* 1876 —The Lieutenant-Governor of Bengal has been pleased to sanction the undermentioned transfers of villages from one thana to another in zillah Julpigoree, with effect from the 1st June 1876

| No | Names of Villages | Thakbust numbers | Pergunnahs | REMARKS |
|---|---|---|---|---|
| | *From Thana Silligoree to Thana Julpigoree* | | | |
| 1 | Sathkhamar talook | 23 | Bykuntpore | |
| 2 | Bahadoor talook | 22 | Ditto | |
| | *From Thana Julpigoree to Thana Bodah* | | | |
| 1 | Nowtaree Nawabgunge | 104 | Bykuntpore | |
| | *From Thana Julpigoree to Thana Mynagoree* | | | |
| 1 | Durmopore | 34 | Bykuntpore | |
| | *From Thana Bodah to Thana Silligoree* | | | |
| 1 | Bhujunpore Babood Hura Dighee | 174 | Bodah | |
| 2 | Bhujunpore Babood Nuggur | 175 | Ditto | |
| 3 | Bhujunpore Gird Debnuggur | 173 | Chukla Bodah | |
| 4 | Bhujunpore Kharija Jote Hureechurn | 171 | Ditto | |
| | *From Thana Bodah to Thana Julpigoree* | | | |
| 1 | Baroobaree talook | 114 | Chukla Bodah | |
| 2 | Baroobaree Nuggur | 117 | Ditto | |
| 3 | Umurkhanah Mundul Ghât talook | | Kazeeihat | This village does not appear to have been separately surveyed |

H J REYNOLDS,
*Offg Secy to the Govt of Bengal*

[*Government Gazette*, 23rd *May* 1876]

১৮৭৬ সাল ১১ মে।—আপথিকরী শ্রীযুত টি, লায়ন্স সাহেব যে তারিখে আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত কৈলাস চন্দ্র চট্টোপাধ্যায়ের স্থানে নওয়াখালীর চিকিৎসা কার্য্যের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত উক্ত স্থানের সিবিল চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

পথকর সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১১ মে।—শ্রীযুত ঠাকুর পদ্মলোচন সাহীর পরিবর্ত্তে টুপুদুয়ার জমীদার শ্রীযুত লাল সূর্য্যনাথ সাহী লোহারডগা জিলার পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা বর্দ্ধমান জিলার অন্তর্গত বুদবুদের শাখা পথ-কর কমিটীতে নিযুক্ত হইলেন।

নীলকর শ্রীযুত সি, ডবলিউ বর্চ সাহেব। | নীলকর শ্রীযুত এ, গ্রীফিথ সাহেব।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

১৮৭৬ সাল ৪ মে।—নিম্নলিখিত কর্ত্তৃপক্ষ আপনার নামের পার্শ্বলিখিত তারিখে নিয়মিত ছুটী লইয়া গমন করিলেন এমত রিপোর্ট করেন।

কাছাড়ের ডেপুটী কমিশ্যনর শ্রীযুত ও, জি, আর, মাকউলিয়ম সাহেব, সি এস, ১৮৭৬ সালের আপ্রিল মাসের ২৪ তারিখে মালওয়া নামক বাষ্পীয় জাহাজে।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

অশুদ্ধশোধন।

১৮৭৬ সাল ১৬ মে।—জন্ম ও মৃত্যু রেজিস্টরী করণ বিষয়ক ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের কার্য্যপক্ষে ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসের ২৮ তারিখের গবর্ণমেণ্ট বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট সীমা বহরমপুর নগরের সীমা হইবে বলিয়া ১৮৭৬ সালের মার্চ মাসের ২৮ তারিখের যে বিজ্ঞাপন আপ্রিল মাসের ৪ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৩২৯ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহার ২ দফায় "১৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসের ২৮ তারিখের" এই কথার পরিবর্ত্তে "১৮৭৪ সালের আগষ্ট মাসের ১৩ তারিখের" এই কথা পাঠ করিতে হইবে।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৬ মে।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব জলপাইগুড়ি জিলার অন্তর্গত নিম্নলিখিত সকল গ্রাম এক থানা হইতে অন্য থানাভুক্ত হইবার অনুমতি দিয়াছেন। ১৮৭৬ সালের জুন মাসের ১ তারিখ অবধি এই নিয়ম চলিবে।

| নম্বর। | গ্রামের নাম। | থাকবস্তের নম্বর। | পরগনা। | মন্তব্য। |
|---|---|---|---|---|
| ১ | সাতখামার তালুক | ২০ | বৈকুণ্ঠপুর | |
| ২ | বাহাদুর তালুক | ২২ | ঐ | |
| | সিলিগুড়ী থানা হইতে জলপাইগুড়ী থানা ভুক্ত করা গেল। | | | |
| ১ | নেতাড়ী নবাবগঞ্জ | ১০৪ | বৈকুণ্ঠপুর | |
| | জলপাইগুড়ী থানা হইতে বোদা থানা ভুক্ত করা গেল। | | | |
| ১ | ধর্ম্মপুর | ৩৪ | বৈকুণ্ঠপুর | |
| | জলপাইগুড়ী থানাহইতে ময়নাগুড়ী থানা ভুক্ত করা গেল। | | | |
| ১ | ভজনপুর বাবুদ হরাদিঘী | ১৭৪ | বোদা | |
| ২ | ভজনপুর বাবুদ নগর | ১৭৫ | ঐ | |
| ৩ | ভজনপুর গির্দ্দ দেবনগর | ১৭৩ | চাকলা বোদা | |
| ৪ | ভজনপুর খারিজা বোত হরিচরণ | ১৭১ | ঐ | |
| | বোদা থানা হইতে সিলিগুড়ী থানা ভুক্ত করা গেল। | | | |
| ১ | বড়বাড়ী তালুক | ১১৪ | চাকলা বোদা | |
| ২ | বড়বাড়ী নগর | ১১৭ | ঐ | |
| ১ | উমরখানা-মণ্ডলহাট তালুক | | কাজীরহাট | এই গ্রাম স্বতন্ত্র রূপে জরীপ হইয়াছিল বলিয়া বোধ হয় না। |
| | বোদা থানা হইতে জলপাইগুড়ী থানা ভুক্ত করা গেল। | | | |

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৩ মে।]

## NOTIFICATION

*The 6th May* 1876 —The Lieutenant-Governor of Bengal has been pleased to declare that from the 1st June 1876 the undermentioned villages, situated west of the Echamuttee and Kalindee Rivers, shall be transferred from thana Kaligunge of sub-division Shatkhira to thana Hoseinabad of sub-division Baseerhaut, in zillah 24-Pergunnahs

| No | Names of Villages | Thakbust numbers | Pergunnahs. | REMARKS |
|---|---|---|---|---|
| 1 | Mirzapore | 3 | Myehattee | From the village of Mirzapore to that of Khoosbas the boundary between sub divisions Baseerhaut and Shatkhira shall be the Echamuttee and Kalindee Rivers The remainder of this boundary shall remain unaltered |
| | Munhurpore | 0 | Ditto | |
| | Chur Narainpore | 2 | Ditto | |
| | Burroonhat | 1 | Ditto | |
| 5 | Belyadanga | 7 | Ditto | |
| | Bozpatni | 10 | Ditto | |
| | Kalootulla &c | 2 | Hoseinabad | |
| | Junglabad Mohunpore | 3 | Ditto | |
| | Ramnugger or Ramessurpore | 1 | Katsalee | |
| 10 | Khuroor | 8 | Ditto | |
| | Patni Khanpore | 6 | Ditto | |
| | Joygan | 4 | Ditto | |
| | Amroolgatcha | 3 | Ditto | |
| | Benah | 2 | Balleah | |
| 15 | Chapatulla | 4 | Dhoolespore | |
| | Ghunessiampore or Ghuni | 5 | Ditto | |
| | Bangalpara or Hingulgunge | 24 | Ditto | |
| | Bankrah | 25 | Ditto | |
| | Secankattee | 26 | Ditto | |
| 20 | Khoosbas | 137 | Ditto | |

NOTE —In the above list the names given are those of the villages as demarcated and surveyed by the Revenue Survey establishments and as shown on their maps and records

H J REYNOLDS,
*Offg Secy to the Govt of Bengal*

---

## JUDICIAL DEPARTMENT

No 1550 S

*The 5th May* 1876 —The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of the 24-Pergunnahs, and are vested with the powers of a Magistrate of the Third Class, viz —

Baboo Khettra Mohun Chatterjee, Head Master, Barasut Government School
„ Gouri Sunker Ghosal, Sub Inspector of Schools
Mr T Hindmarsh, Locomotive and Carriage Superintendent, Eastern Bengal Railway

*The 7th May* 1876 —Mr Prannath Banerjee, M A and B L , Sudder Moonsif of Chittagong, is appointed to be First Moonsif of Moonsheegunge, in the Dacca district, and is vested, under Section 29, Act VI of 1871, with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such Court up to the amount of Rs 25

Baboo Anund Chunder Mullick, First Moonsif of Moonsheegunge, in Dacca, is transferred to the Sudder Station of Chittagong

Mr Francis Frederick Handley, Officiating Joint-Magistrate and Deputy Collector of Pooree, is vested with powers to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code

The names of the following gentlemen are removed from the list of Honorary Magistrates in the district of Backergunge, viz —

Baboo Kali Nath Biswas | Baboo Tara Prosonno Roy.

[*Government Gazette, 23rd May* 1876.]

## বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৬ মে।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই আজ্ঞা করিলেন। ইচ্ছামতী ও কালিন্দী নদীর পশ্চিম তটস্থ ২৪ পরগনা জিলার অন্তর্গত সাতক্ষীরা মহকুমার নিম্নলিখিত গ্রাম ১৮৭৬ সালের জুন মাসের ১ তারিখঅবধি কালীগঞ্জ থানাহইতে ঐ জিলার অন্তর্গত বশীরহাট মহকুমার হোসেনাবাদ থানাভুক্ত হইবে।

| নম্বর | গ্রামের নাম | থাকবস্তের নম্বর | পরগনা | মন্তব্য। |
|---|---|---|---|---|
| ১ | মৃজাপুর | ৩ | মাইহাটী | ইচ্ছামতী ও কালিন্দী নদী মির্জাপুর গ্রাম অবধি খুসবাস গ্রাম পর্য্যন্ত বশীরহাট ও সাতক্ষীরা মহকুমার মধ্যবর্ত্তী সীমাহইবে, এই সীমার অবশিষ্টাংশ পূর্ব্ববৎ থাকিবে। |
| | মনোহরপুর | ৯ | ঐ | |
| | চর-নারায়ণপুর | ২ | ঐ | |
| | বরুণহাট .. | ১ | ঐ | |
| ৫ | বেলাডাঙ্গা | ৭ | ঐ | |
| | বেজপাটনী | ১০ | ঐ | |
| | কলুটোলাপ্রভৃতি . | ২ | হোসিনাবাদ | |
| | জঙ্গলাবাদ মোহনপুর | ৩ | ঐ | |
| | রামনগর বা রামেশ্বরপুর | ১ | কাটসালী | |
| ১০ | খুরুর | ৮ | ঐ | |
| | পাটনি খাঁপুর | ৬ | ঐ | |
| | জয়গাঁ | ৪ | ঐ | |
| | আমরুলগাছা | ৩ | ঐ | |
| | বেনা | ২ | বালিয়া | |
| ১৫ | চাঁপাতলা ... | ৪ | ধুলিয়াপুর | |
| | ঘনেশ্যামপুর বা ঘুনী | ৫ | ঐ | |
| | বাঙ্গালপাড়া বা হিঙ্গুলগঞ্জ | ২৪ | ঐ | |
| | বাঁকড়া | ২৫ | ঐ | |
| | সিয়ানকাটী | ২৬ | ঐ | |
| ২০ | খুসবাস .. | ১৩৭ | ঐ | |

মন্তব্য।—রাজস্বের জরীপী সিরিস্তার কার্য্যকারকেরা সীমার চিহ্ন দিয়া জরীপ করিয়া মানচিত্রে যেং গ্রামের যে নাম লিখিয়াছেন উক্ত নির্ঘণ্টপত্রে সেইং গ্রামের সেইং নাম দেওয়া গেল।

এচ, জে, রেনলড্‌স,
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## জুডিশ্যাল ডিপার্টমেন্ট।

১৫৫৫C৪ নম্বর।

১৮৭৬ সাল ৫ মে।—নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইযাছেন।

বারাসাত গবর্ণমেন্ট ইস্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন চট্টোপাধ্যায।

স্কুল সমূহের সব-ইনস্পেক্টর শ্রীযুত বাবু গৌরীশঙ্কব ঘোষাল।

পূর্ব্ব বাঙ্গালা রেলওযেয লোকোমোটীব ও কারেজ সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত টী, হাইণ্ডমার্শ সাহেব।

১৮৭৬ সাল ৭ মে।—চট্টগ্রামের সদর মুন্সেফ শ্রীযুত বাবু প্রাণনাথ বন্দ্যোপাধ্যায এম, এ, ও বি, এল, ঢাকা জিলার অন্তর্গত মুনশীগঞ্জের প্রথম মুন্সেফের পদে নিযুক্ত হইয়া ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য ২৫৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচাব কবণার্থে ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধাবামতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতেব জজের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

ঢাকা জিলার অন্তর্গত মুনীগঞ্জের প্রথম মুন্সেফ শ্রীযুত বাবু আনন্দচন্দ্র মল্লিক চট্টগ্রামের সদব মোকামে প্রেবিত হইলেন।

পুরীর একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টব শ্রীযুত ফ্রান্সিস ফ্রেডবিক হাণ্ডলী সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২২ ধারার উল্লিখিত অপবাধেব সরাসরীমতে বিচার করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

বাকরগঞ্জ জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটদের নামনির্ঘণ্টহইতে নিম্নলিখিত মহাশয়দেব নাম উঠাইয়া দেওযা গেল।

শ্রীযুত বাবু কালীনাথ বিশ্বাস। | শ্রীযুত বাবু তারাপ্রসন্ন রায।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ২৭ মে।]

*The 8th May* 1876 — In modification of the notification dated the 4th January 1875, published in the *Calcutta Gazette* of the 6th idem, Mr F H B Skrine, Officiating Joint-Magistrate and Deputy Collector, in charge of the Chooadangah division of the Nuddea district, is vested with the powers of a Magistrate of the First Class, with effect from the date of his passing completely by the Higher Standard of departmental examination in April 1874

The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of Howrah, and are vested with the powers of a Magistrate of the Third Class, viz —

The Rev D B Morris, Chaplain
Baboo Raj Mohun Bose, Zemindar
„ Kedar Nath Bhuttacharjee, Zemindar
„ Tara Prosonno Mookerjee, Pleader, High Court
„ Krishna Komul Bhuttacharjee, ditto
„ Jogut Chunder Banerjee, ditto
„ Huromohun Mookerjee, Banian
„ Khetter Mohun Banerjee, ditto
Pundit Hari Nath Surma, Pundit, Sanskrit College
Mr R A Donnithorne, Secretary to the Howrah Municipality

*The 9th May* 1876 — Baboo Gobind Mohun Ghose, who has, under separate orders of this date, been appointed to be a Deputy Magistrate and Deputy Collector in Shahabad, is vested with the powers of a Magistrate of the Second Class

*The 10th May* 876 — The name of Chowdry Zohor-ul-Huq is removed from the list of Honorary Magistrates in the district of Patna

Baboo Mohim Chunder Ghose, who has, under separate orders of this date, been appointed to act as a Deputy Magistrate and Deputy Collector, Moorshedabad, is vested with the powers of a Magistrate of the Third Class

*The 11th May* 1876 — Baboo Donesh Chunder Roy, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Arrangabad division of the Gya district, is vested with the powers of a Magistrate of the First Class

*The 12th May* 1876 - The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of Pubna, and are vested with the powers of a Magistrate of the Third Class viz —

Mr A Hannah, Manager of Messrs H T Nelson & Co
Baboo Kali Komul Mozoomdar, Zemindar
„ Mothooranath Bhattacharjee Zemindar

*The 15th May* 1876 — The Lieutenant-Governor has been pleased to accept the resignation tendered by Mr A Hume Smith of his appointment as an Honorary Magistrate in Tipperah

R L MANGLES
*Offg Secy to the Govt of Bengal*

NOTIFICATION

*The 12th May* 1876 — It is hereby notified, under the provisions of Section 15 of Act V of 1861, that in consequence of the frequency of the crime of murder at Marrah and the adjoining villages, in the district of Manbhoom, and of a general combination on the part of the villagers to screen the murderers, the Lieutenant Governor has sanctioned the employment, for six months, of a special police force consisting of 1 head constable and 4 constables, to be quartered at Marrah The cost of the force will be realized from the inhabitants of the villages of Marrah, Luchmunpore, Sumolia, and Gooree, in pergunnah Marrah, and of Bhoojoodhi, Chota Four, and Palkiri, in pergunnah Mohal

| | | Rs | |
|---|---|---|---|
| 1 head constable | | 10 | |
| 4 constables, at Rs 6 each | | 24 | |
| Contingencies, including clothing | | 6 | |
| | Total | 40 | |
| Pensionary charges at 2 annas per rupee | | 5 | |
| | Grand Total | 45 | per month |

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

[*Government Gazette*, 23rd *May* 1876 ]

১৮৭৬ সাল ৮ মে।—১৮৭৫ সালের জানুয়ারি মাসের ৪ তারিখের যে বিজ্ঞাপন উক্ত মাসের ১৩ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহা মতান্তর করিয়া এই আজ্ঞা করা গেল। নদীয়া জিলার অন্তর্গত চুয়াডাঙ্গা মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, এচ, বি, স্কাইন সাহেব ১৮৭৪ সালের আপ্রিল মাসের যে তারিখে কার্য্য-বিভাগ সম্পর্কীয় উচ্চতর কল্পিত পরীক্ষায় সম্পূর্ণরূপে উত্তীর্ণ হন সেই তারিখ অবধি প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা হাবড়া জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

ধর্ম্মোপদেশক পাদরি শ্রীযুত ডি, বি, মরিস সাহেব।
জমীদার শ্রীযুত বাবু রাজমোহন বসু।
,, ,, ,, কেদারনাথ ভট্টাচার্য্য।
হাই কোর্টের উকীল শ্রীযুত বাবু তারাপ্রসন্ন মুখোপাধ্যায়।
ঐ ,, ,, কৃষ্ণকমল ভট্টাচার্য্য।
ঐ ,, ,, জগচ্চন্দ্র বন্দ্যোপাধ্যায়।
রেলীরাম শ্রীযুত বাবু হরমোহন মুখোপাধ্যায়
ঐ ,, ,, ক্ষেত্রমোহন বন্দ্যোপাধ্যায়।
সংস্কৃত কালেজের পণ্ডিত শ্রীযুত হরিনাথ শর্ম্মা।
হাবড়া মুনিসিপালিটীর সেক্রেটরী শ্রীযুত আর, এ, ডনিথর্ন সাহেব।

১৮৭৬ সাল ৯ মে।—শ্রীযুত বাবু গোবিন্দমোহন ঘোষ অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

১৮৭৬ সাল ১০ মে।—পাটনা জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটগণের নামনির্ঘণ্ট হইতে শ্রীযুত চৌধুরী জহর উল হকের নাম উঠাইয়া দেওয়া গেল।

শ্রীযুত বাবু মহিমচন্দ্র ঘোষ অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৭৬ সাল ১১ মে।—গয়া জিলার অন্তর্গত অরঙ্গাবাদ মহকুমার কার্য্যের ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ধনেশচন্দ্র রায় প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৭৬ সাল ১২ মে।—নিম্নলিখিত মহাশয়েরা পাবনা জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

এচ, টি, নেলসন কোম্পানির কার্য্যাধ্যক্ষ শ্রীযুত এ, হানা সাহেব।
জমীদার শ্রীযুত বাবু কালীকমল মজুমদার।
জমীদার ,, ,, মথুরানাথ ভট্টাচার্য্য।

১৮৭৬ সাল ১৫ মে।—শ্রীযুত এ, হিউম স্মিথ সাহেব ত্রিপুরার অবৈতনিক মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রাহ্য করিলেন।

আর, এল, মাঙ্গল্স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১২ মে।—১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারামতে এই সংবাদ দেওয়া গেল। মানভূম জিলার অন্তর্গত মারা ও তৎসন্নিহিত অন্যান্য গ্রামে পরম্বার নরহত্যা হওয়াতে ও গ্রামস্থ লোকেরা যোগ করিয়া ঐ হত্যাকারিগণকে গোপন করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ছয় মাসের নিমিত্তে ১ জন হেড কনষ্টাবল, ও ৪ জন কনষ্টবল লইয়া বিশেষ এক পোলীস দল মারা গ্রামে নিযুক্ত করিবার অনুমতি দিয়াছেন। ঐ দলের নিমিত্তে যে ব্যয় হয় তাহা মারা পরগনার অন্তর্গত মারা ও লক্ষ্মণপুর ও ও সুমোলিয়া ও গুরী গ্রামের ও মহাল পরগনার অন্তর্গত ভুজুদী ও ছোটকৌর ও পালকিরী গ্রামের অধিবাসিগণের স্থানে আদায় করা যাইবে।

| | টাকা। |
|---|---|
| এক জন হেড কনষ্টাবল | ১০৲ |
| ৪ জন কনষ্টাবল প্রত্যেকে মাসে ৬৲ টাকা করিয়া | ২৪৲ |
| পোষাকসুদ্ধ নৈমিত্তিক খরচ | ৬৲ |
| মোট | ৪০৲ |
| পেনশানের উপলক্ষে টাকাপ্রতি ৵০ করিয়া | ৫৲ |
| সর্ব্বসুদ্ধ মাসে | ৪৫৲ |

আর, এল, মাঙ্গল্স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৩ মে।]

## NOTIFICATION

*The 13th May* 1876—It is hereby notified that, under the provisions of Section 5 of the Indian Registration Act VIII of 1871, the Lieutenant-Governor has been pleased to sanction the formation of a new sub district conterminous with thana Sahebgunge, in the district of Burdwan, and to appoint Baboo Kristo Chunder Roy to be Sub-Registrar of the new sub district

The sub-district of Mungalkote, which comprised thana Sahebgunge, will henceforth be restricted to thana Mungalkote only

This notification will take effect on and from 1st June 1876

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

---

## NOTIFICATION

*The 15th May* 1876—Under Section 5 of the Indian Registration Act VIII of 1871, the Lieutenant-Governor of Bengal is pleased to create the following registration sub-district, having the head-quarters and local jurisdiction shown opposite its name The Lieutenant-Governor is also pleased, under Section 7 of the Act, to appoint the person named below to be Sub-Registrar of the said sub-district —

| DISTRICT | Name of new sub district | Head quarters | Thana included in jurisdiction | Sub Registrar appointed |
|---|---|---|---|---|
| Burdwan | Kaksa | Kaksa | Kaksa | Syed Latfar Rahman |

This change will take effect on and from the 1st June 1876

R L MANGLES,
*Offg. Secy to the Govt of Bengal*

---

## PUBLIC WORKS DEPARTMENT—(BENGAL)

---

ESTABLISHMENT

*The 13th May* 1876

*No* 163—*Notifications*—Mr D Scott, Executive Engineer, Second Grade, assumed charge of the Second Calcutta Division on the 27th April 1876, afternoon

*No* 164—Mr E M Mansfield, Executive Engineer, (temporary rank) Second Grade, Second Calcutta Division, availed himself of privilege leave granted* to him from the 29th April 1876, before noon

* Bengal Government (Public Works Department) Notification No 146, dated 27th April 1876

*No* 165—*Transfer*—Baboo Kedarnath Sen, Sub Engineer, First Grade, from the Hazareebagh to the Burdwan Division

*No* 166—*Notification*—The transfer of Baboo Lall Gopal Banerjee, Overseer, First Grade, from the Hazareebagh to the Burdwan† Division is cancelled

† Bengal Government (Public Works Department) Notification No 162, dated 6th May 1876

*No* 167—*Leave of Absence*—Baboo Surruth Chunder Sandle, Overseer, Third Grade, attached to the Rajshahye Division, is allowed two months' leave without pay, under Section 9, Supplement F of the Civil Leave Code, with effect from the 21st December 1875

[*Government Gazette*, 23rd *May* 1876]

### বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৩ মে।—ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৫ ধারার বিধানমতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বর্দ্ধমান জিলার অন্তর্গত সাহেবগঞ্জ থানার সীমার মধ্যে এক নূতন সব-ডিষ্ট্রিক্ট স্থাপন করিবার অনুমতি দিয়াছেন ও শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র রায়কে এই নূতন সব-ডিষ্ট্রিক্টের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন।

মঙ্গলকোট সব-ডিষ্ট্রিক্টের মধ্যে সাহেবগঞ্জ থানা ধরা যাইত, কিন্তু এক্ষণ অবধি কেবল মঙ্গলকোট থানা লইয়াই ঐ সব-ডিষ্ট্রিক্ট রহিবে।

১৮৭৬ সালের জুন মাসের ১ তারিখ অবধি এই নিয়ম চলিবে।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

### বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৫ মে।—ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৫ ধারামতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব রেজিষ্টরীকরণকার্য্যের নিম্নলিখিত সব-ডিষ্ট্রিক্ট স্থাপন করিয়াছেন। তাহার সদর স্থান ও এলাকা যত দূর ব্যাপ্ত হয় তাহা ঐ সব-ডিষ্ট্রিক্টের নামের পার্শ্বে লেখা গেল। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব পূর্ব্বোক্ত আইনের ৭ ধারামতে নিম্নলিখিত ব্যক্তিকে উপরোক্ত সব-ডিষ্ট্রিক্টের সব রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন।

| জিলা | নূতন সব ডিষ্ট্রিক্টের নাম | সদর স্থান | এলাকার অন্তর্গত থানা। | নিযুক্ত সব রেজিষ্ট্রার। |
|---|---|---|---|---|
| বর্দ্ধমান | কাকসা | কাকসা | কাকসা | শ্রীযুত সৈয়দ লুতফর রহমান। |

১৮৭৬ সালের জুন মাসের ১ তারিখ অবধি এই নিয়ম চলিবে।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

## বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

### সিরিশ্‌তা বিষয়ক।

১৮৭৬ সাল ১৩ মে।

১৬৩ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর একসিকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডি, স্কট সাহেব ১৮৭৬ সালের আপ্রিল মাসের ২৭ তারিখের অপরাহ্নে কলিকাতার দ্বিতীয় খণ্ডের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৬৪ নম্বর।—কলিকাতার দ্বিতীয় খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন এক সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ই, এম, মানসফিলড সাহেব যে অনুগ্রহের ছুটী পান তাহা ১৮৭৬ সালের আপ্রিল মাসের ২৯ তারিখের পূর্ব্বাহ্ণ অবধি গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৬ সালের ২৭ আপ্রিলের ১৪৬ নং বিজ্ঞাপন।

১৬৫ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—প্রথম শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কেদারনাথ সেন হাজারীবাগ খণ্ডহইতে বর্দ্ধমান খণ্ডে প্রেরিত হইলেন।

১৬৬ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু লাল গোপাল বন্দ্যোপাধ্যায়ের হাজারীবাগ খণ্ড হইতে পূর্ব্ব বর্দ্ধমান খণ্ডে † প্রেরিত হওয়া রহিত করা গেল।

† বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৬ সালের ৬ মে ১৬২ নং বিজ্ঞাপন।

১৬৭ নম্বর।—ছুটী।—রাজশাহী খণ্ডে নিযুক্ত তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু শরচ্চন্দ্র সান্যাল সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে ১৮৭৫ সালের ডিসেম্বর মাসের ২৩ তারিখ অবধি বিনা বেতনে দুই মাস ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৩ মে।]

COMMUNICATIONS

*The 15th May 1876*

*No* 168 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India* — Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the construction of a road from the Orissa Trunk Road at the Foolwar Ghât, on the left bank of the Burabullung river, to the Mohorbhunge territory, in the villages of Nahurpudda, Doomda, and Nizampore, pergunnah Koondee, and in the village of Sahoopudda, pergunnah Foolwar, zillah Balasore, it is hereby declared that for the above purpose a piece of land 2 miles and 3,600 feet in length and 100 feet in width, and measuring, more or less, 98 beeghas 6 cottahs and 10 chittacks of standard measurement, is required within the aforesaid villages of Nahurpudda, Doomda, Nizampore, Koondee, and Sahoopudda

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

LOCAL —COMMUNICATIONS

*The 15th May 1876*

*No* 169 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India* — Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for a road in the villages of Chur Lakhipur, Rainagar, and Kazibadhar, pergunnah Nosibshaye, zillah Furreedpore, it is hereby declared that for the above purpose a piece of land 30 feet in width, measuring, more or less, 10 beeghas 9 cottahs and 4 chittacks of standard measurement, bounded on the east by a khal passing through the aforesaid villages, on the north by the Mara Padda, on the west by lands owned by Baboo Ram Chandra Sanyal and others, Baboo Surja Kumar Rai and Ram Ananda Mohi, Moonshee Abdullallah and others, occupied by Kobee Sikdar and others in Chur Lakhipur, Sheikh Subanullah and others in Rainagar, Dhonai Sheikh and others in Kazibadhar, on the south by Kazibadhar village road, is required within the aforesaid villages of Chur Lakhipur, Rainagar, and Kazibadhar

2 This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

*The 16th May 1876*

*No* 172 —*Transfers* —Baboo Hemchunder Biswas, Sub-Engineer, Third Grade, from the Chittagong to the Patna Division

Baboo Jogendro Chunder Mitter, Supervisor, First Grade, from the Ganges and Darjeeling Road to the Third Calcutta Division

*The 16th May 1876*

*No* 173 —The Magistrate-Collector of the Chittagong district for the time being is appointed, under Section 13 of the "Canals' Act 1864" (No V, B L C), to be Supervisor of the Moishkhallee Nullah or Khal in the same district, from its junction with the Kurnafoolee River to its entrance into the Bay of Bengal

G A D ANLEY, C E,
*Offg Asst Secy to the Govt of Bengal, P W D*

IRRIGATION

NOTIFICATION —ESTABLISHMENT

*Dated 15th May 1876*

*No* 165 —*Notification* —Baboo C Brammanah Naidoo, Probationary Sub-Overseer, First Grade, Eastern Sone Division, availed himself, on the forenoon of the 20th December 1875, of the sick leave granted him in the orders marginally noted

No 69, dated 14th February 1876

[*Government Gazette*, 23rd *May*, 1876 ]

## বর্ত্মাদি বিষয়ক।

১৮৭৬ সাল ১৫ মে।

১৬৮ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ বরবলঙ্গ নদীর বামতটস্থ ফুলবার ঘাটে উড়িষ্যার বড় রাস্তা অবধি কুণ্ডী পরগনার অন্তর্গত নহরপদা ও ডুমদ ও নিজামপুর গ্রামে ও বালেশ্বর জিলার অন্তর্গত ফুলবার পরগনার সাহুপদা গ্রামে ময়ুরভঞ্জ রাজ্য পর্য্যন্ত পথ প্রস্তুত করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত নহরপদা ও ডুমদা ও নিজামপুর ও কুণ্ডী ও সাহুপদা গ্রামে ২ মাইল ৩,৬,০০ ফুট দীর্ঘ ও ১০০ ফুট প্রস্থ অর্থাৎ কষ্টিমতে ন্যূনাধিক ৯৮।৴।।৶ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

---

## স্থানীয় বর্ত্মাদি বিষয়ক।

১৮৭৬ সাল ১৫ মে।

১৬৯ নম্বর —ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ফরীদপুর জিলার অন্তর্গত নশিবশাহী পরগনার চর লক্ষ্মীপুর ও রাইনগর ও কাজিবাধার গ্রামে পথ করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত চর লক্ষ্মীপুর ও রাইনগর ও কাজিবাধার গ্রামে ৩০ ফুট প্রস্থ অর্থাৎ কষ্টিমতে ন্যূনাধিক ১০।৪।০ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির পূর্ব্বসীমা পূর্ব্বোক্ত সকল গ্রামের মধ্যগামি খাল, উত্তর সীমা মরা পদ্মা, পশ্চিম সীমা বাবু রামচন্দ্র সান্যাল প্রভৃতির ভূমি ও বাবু সূর্য্যকুমার রায় ও রাণী আনন্দময়ী ও মুনশী আবদুল্লা কাজীবাধারে ধোনাই সেখ প্রভৃতির যে ভূমি চর লক্ষ্মীপুরের কবি শিকদার প্রভৃতির ও রাইনগরে সেখ সুরাতুল্লা প্রভৃতির ও প্রভৃতির দখলে আছে তাহা, দক্ষিণ সীমা কাজীবাধার গ্রামের পথ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

১৮৭৬ সাল ১৬ মে।

১৭২ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—তৃতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু হেমচন্দ্র বিশ্বাস চট্টগ্রাম খণ্ডহইতে পাটন খণ্ডে প্রেরিত হইলেন।

প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু যোগেন্দ্র চন্দ্র মিত্র গ্যাঞ্জেস্‌ ও দারজিলিং রোড খণ্ডহইতে কলিকাতার তৃতীয় খণ্ডে প্রেরিত হইলেন।

১৮৭৬ সাল ১৬ মে।

১৭৩ নম্বর।—যিনি যে সময়ে চট্টগ্রাম জিলার মাজিষ্ট্রেট-কালেক্টরের পদে নিযুক্ত থাকেন তিনি খাল বিষয়ক ১৮৬৪ সালের বঙ্গীয় ৫ আইনের ১৩ ধারামতে কর্ণফুলী নদীর সহিত সংযোগ স্থান অবধি বঙ্গোপসাগরে প্রবেশ স্থান পর্য্যন্ত ঐ জিলাস্থ মহিষখালি নালা বা খালের তত্ত্বাবধারকের পদে নিযুক্ত হইলেন।

জি, এ, ডি, আনলী, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং
আসিস্টান্ট সেক্রেটরী।

---

## জলসেচন সম্পর্কীয়।

---

## সিরিশ্‌তা বিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৫ মে।

১৬৫ নম্বর।—বিজ্ঞাপন।—পূর্ব্ব সোণ খণ্ডের প্রথম শ্রেণীর প্রবেশনরি সব-ওবসিয়র শ্রীযুত বাবু সি, ব্রহ্মানা নৈদু পীড়াপ্রযুক্ত পার্শ্বলিখিত আজ্ঞামতে যে ছুটী পান তাহা ১৮৭৫ সালের ডিসেম্বর মাসের ২০ তারিখের পূর্ব্বাহ্নে গ্রহণ করিলেন।

১৮৭৬ সালের ১৪ ফেব্রুয়ারির ৫৯ নং।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ২৩ মে।]

*No* 166 —*Leave* —Baboo C Brammanah Naidoo, Probationary Sub-Overseer, First Grade, Eastern Sone Division, is granted sick leave for three months, under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of the sick leave granted him in the orders marginally noted

No 59 dated 14th February 1876

*No* 167 —*Transfer* —Mr C V S Cotton, Assistant Engineer, Second Grade (temporary First Grade), is transferred, in the interests of the public service, from the Buxar Division of the Sone Circle to the Lower Gunduk Embankment Division of the Gunduk Circle

Mr Cotton left the Buxar Division on the forenoon of the 4th May 1876 to join the Lower Gunduk Embankment Division

*No* 168 —*Notification* —With reference to the orders marginally noted, Baboo G B Naidoo, Temporary Overseer, Second Grade, and Baboo Aughore Nath Datta, Probationary Sub-Overseer, First Grade, left the Gunduk Survey Division on the afternoon of 16th April 1876 and forenoon of 22nd April 1876, respectively, and joined the Lower Gunduk Embankment Division on the afternoon of 21st and forenoon of 28th April 1876, respectively

No 145 dated 24th April 1876

*No* 169 —*Leave* —Mr C J K Watson, Assistant Engineer, Second Grade, on special survey duty in the South-Western Circle, is granted three months' special leave to study Native languages, under Public Works Code, Chapter II, Section 4, paragraph 28

*No* 170 —Mr F DeGrousilliers, Executive Engineer, Third Grade, has been granted six months' leave on sick certificate by Her Majesty's Secretary of State for India in extension of the furlough granted him by this Government in the orders marginally noted

No 184, dated 21st May 1875

*No* 171 —*Notification* —The following rules, having reference to the Main Western Canal, first section, the Arrah Canal, the Buxar Canal, first section, the Main Eastern Canal, first section, and the Patna Canal, have been passed this day by the Lieutenant-Governor under the provisions of Sections XI and XII of the "Canals Act, 1864" (No V, B L C) —

I Every vessel, on entering any of the above canals, shall be liable to measurement for the purpose of ascertaining the amount of toll the vessel should pay according to the schedule of rates authorized by Government to be charged on the canal

II The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the "Canals Act, 1864," and of these rules, be determined by the following measurements —

(*a*) The product of half the length of the vessel, from stem to stern, measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel, is to be taken as the number of maunds upon which toll shall be levied

(*b*) The measurement of the length is to be made in feet, rejecting inches, and the measurement of the breadth and depth in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot

(*c*) In calculating the amount of toll to be levied on vessels exceeding 100 maunds tonnage, any fraction of 100 maunds less than 25 maunds is to be omitted, exceeding 25 and not exceeding 50 maunds, is to be charged as 25 maunds only, exceeding 50, and not exceeding 75 maunds, to be charged as 50 maunds only, and exceeding 75 maunds as 75 maunds only Above 1,000 maunds no fraction of 100 maunds tonnage is to be charged. Toll will be charged on vessels under 100 maunds tonnage on the actual measurements of the vessels, omitting fractions of tens of maunds

III Every vessel entering any of the above canals shall be furnished with a ticket on paying the prescribed toll The ticket shall specify the station at which it has been issued, the name of the person in charge of the vessel, the date the vessel entered the canal, the point to which it may proceed in the canal, the maundage of the vessel, the amount of toll charged, and the number of days for which the vessel may remain in the canal, and the date of such last day The number of days which the vessel may remain in the canal without additional payment shall be calculated at the rate of one day for every eight miles, or portion of eight miles, to be traversed

[*Government Gazette*, 23rd *May* 1876]

১৬৬ নম্বর।—ছুটী।—পূর্ব্ব সোণ খণ্ডের প্রথম শ্রেণীর প্রবেশনরি সব-ওবরসিয়র শ্রীযুত বাবু সি. ব্রহ্মাম্মা মৈত্র পীড়াপ্রযুক্ত পার্শ্বলিখিত আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে পীড়াপ্রযুক্ত তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সালের ১৪ ফেব্রুয়ারির ৫৯ নং।

১৬৭ নম্বর।—স্থানান্তরে নিযোগ।—দ্বিতীয় শ্রেণীর (কিয়ৎকালীন প্রথম শ্রেণীর) আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, বি, এস, কটন সাহেব রাজ কার্য্যের স্বার্থের নিমিত্তে সোণচক্রের অন্তর্গত বক্সার খণ্ডহইতে গণ্ডক চক্রের অন্তর্গত দক্ষিণ গণ্ডক বাঁধখণ্ডে প্রেরিত হইলেন।

শ্রীযুত কটন সাহেব দক্ষিণ গণ্ডক বাঁধখণ্ডে কর্ম্ম গ্রহণ করিবার নিমিত্তে ১৮৭৬ সালের মে মাসের ৪ তারিখের পূর্ব্বাহ্নে বক্সার খণ্ডহইতে গমন করিয়াছেন।

১৬৮ নম্বর—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন ওবরসিয়র শ্রীযুত বাবু জি, বি, মৈত্র ও প্রথম শ্রেণীর প্রবেশনরি সব-ওবরসিয়র শ্রীযুত বাবু অঘোরনাথ দত্ত ক্রমান্বয়ে ১৮৭৬ সালের আপ্রিল মাসের ১৬ তারিখের অপরাহ্নে ও ১৮৭৬ সালের আপ্রিল মাসের ২২ তারিখের পূর্ব্বাহ্নে গণ্ডক জরীপী খণ্ড ত্যাগ করিয়া ক্রমান্বয়ে ১৮৭৬ সালের আপ্রিল মাসের ২১ তারিখের অপরাহ্নে ও আপ্রিল মাসের ২৮ তারিখের পূর্ব্বাহ্নে দক্ষিণ গণ্ডক বাঁধখণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৬ সালের ২৪ আপ্রিলের ১৪৫ নং।

১৬৯ নম্বর।—ছুটী।—দক্ষিণ পশ্চিমচক্রে বিশেষ জরীপী কার্য্যে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, জি, কে, ওয়াটসন সাহেব পবলিক ওর্কস বিধিপুস্তকের ৮ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের ২৮ ধারামতে দেশীয় ভাষা শিক্ষা করিবার নিমিত্তে তিন মাস বিশেষ ছুটী পাইয়াছেন।

১৭০ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞাক্রমে এই গবর্ণমেণ্ট তৃতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ই, ডিক্রুসিলিয়ার্স সাহেবকে যে নিয়মিত ছুটী দেন তদতিরিক্ত ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর স্টেট সেক্রেটরী সাহেব পীড়ার সর্টিফিকটক্রমে তাঁহাকে ছয় মাস ছুটী দিয়াছেন।

১৮৭৫ সালের ২১ মের ১৮৪ নং।

১৭ নম্বর।—বিজ্ঞাপন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৬৪ সালের (বঙ্গীয় ৫ আইনের) অর্থাৎ খালবিষয়ক আইনের ১১ ও ১২ ধারার বিধানমতে পশ্চিম প্রধান খালের প্রথম ভাগ ও আরা খাল ও বক্শার খালের প্রথম ভাগ ও পূর্ব্ব প্রধান খালের ১ম ভাগ এবং পাটনা খাল বিষয়ক নিম্নলিখিত বিধি অদ্যকার তারিখে প্রচার করিলেন।

১। কোন নৌকাদি উক্ত একতর খালে প্রবেশ করিলে গবর্ণমেণ্টের অনুমতিক্রমে সেই খালের যে হারে মাসুল আদায় হইতে পারিবে, ইহা নিরূপণ করিবার জন্যে ঐ নৌকাদি মাপ করা যাইবে।

২। ১৮৬৪ সালের খালের আইন ও এই বিধি সফল করিবার জন্যে, খালি কি বোঝাই প্রত্যেক নৌকাতে যত মণ ধরিতে পারে তাহা নিম্নলিখিত প্রকারে মাপিয়া নিরূপণ করা যাইবে।

(ক) নৌকার পার্শ্বে জলের যে দাগ আছে সেই চিহ্ন স্থানে নৌকার অগ্রভাগ অবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত যত ফুট লম্বা তাহার অর্দ্ধেক, ও ভিতরে নৌকার অতি চৌড়া স্থান যত ফুট চৌড়া ও জলের সেই চিহ্নস্থানাবধি নৌকার তলভাগ পর্য্যন্ত যত ফুট গভীর এই সকল অঙ্ক পূরণ করিয়া যে ফলিতাঙ্ক হয় নৌকাতে তত মণ ধরে বলিয়া তাহার উপর মাসুল আদায় হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিলে কেবল ফুট ধরিতে হইবে। ইঞ্চি সকল ত্যজ্য। প্রশস্ততার ও গভীরতার পরিমাণ গ্রহণ করিলে ফুটের চতুর্থাংশ পর্য্যন্ত ধরা যাইবে। চতুর্থাংশের ন্যূন অংশ ত্যজ্য।

(গ) যে নৌকায় ১০০ মণের অধিক ধরে তাহার উপর যত মাসুল আদায় করিতে হইবে ইহার হিসাব করিলে, ১০০ মণের অধিক ২৫ মণের ন্যূনাংশ ত্যজ্য। ২৫ মণের অধিক অথচ ৫০ মণের অনধিক হইলে মাত্র ২৫ মণের মাসুল ধরিতে হইবে। ৫০ মণের অধিক অথচ ৭৫ মণের অনধিক হইলে কেবল ৫০ মণের মাসুল ধরিতে হইবে। ৭৫ মণের অধিক হইলে কেবল ৭৫ মণ ধরিতে হইবে। যদি এক হাজার মণের অধিক হয় তবে এক২ শত মণের ন্যূনাংশের উপর মাসুল আদায় হইবে না। যদি নৌকায় এক শত মণের কম ধরে, তবে মাপ হইয়া যত মণ ধরে তাহার উপর মাসুল ধরা যাইবে, কিন্তু দশ২ মণের ন্যূনাংশ ত্যজ্য।

৩। কোন নৌকা পূর্ব্বোক্ত কোন খালে প্রবেশ করিয়া অবধারিত মাসুল দিলে তাহার একখানি টিকিট দেওয়া যাইবে। টিকিট যে স্থানে দেওয়া গেল সেই স্থানের নাম, ও নৌকাদি যাহার জিম্মায় আছে সেই মাঝির নাম ও নৌকাদি যে তারিখে খালে প্রবেশ করে সেই তারিখ ও খালে যত দূর যাইবে, ও নৌকাদিতে যত মণ ধরে, ও যত মাসুল দেওয়া গিয়াছে ও নৌকাদি ঐ খালে যত দিন থাকিতে পারে ও সেই শেষ দিন যে মাসের যে তারিখ এই সকল কথা ঐ টিকিটে নির্দ্দিষ্ট থাকিবে। নৌকাদি অধিক মাসুল না দিয়া খালে যত দিন থাকিতে পারে তাহার হিসাব করিবার বিধি এই, যত দূর গমনীয় তাহার আট২ মাইল কি আট মাইলের কোন অংশ এক দিনের পথ বলিয়া ধরিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৩ মে।]

IV Toll may be paid at the first station, either for the entire number of toll-stations on the line of navigation, or for any less number of stations

V The tickets thus given may be demanded for inspection by any duly authorized canal officer, and must be kept on board and at hand for that purpose They must be shown at each toll-station the vessel has to pass, as a passport that no further payment of toll is to be demanded The tickets shall be delivered up at the last toll-station

VI Owners of vessels may compound by the payment of a fixed sum for the use of the whole or a portion of any of the above canals for any period that may be agreed upon, not exceeding one year Each vessel so compounded for shall be furnished with a ticket showing the amount of toll paid, the period for which the toll has been compounded for, and the limits of the canal within which the vessel may pass, such ticket shall be kept on board the vessel, and shall be produced when required under rule V, but shall be given up only on the date of the expiry of the period for which granted, and at the station from whence issued

VII Duplicates of lost tickets, of which the numbers and the dates of entry can be satisfactorily established, will be granted by officers in charge of toll-stations on payment of a fee of one rupee

VIII Vessels remaining in the canals for a period exceeding that allowed under rule III will pay a demurrage of eight annas per 100 maunds per diem for each day or part of a day that they may remain in excess

IX No boats above 18 feet beam over all, and no rafts or floats of more than 10 feet width and 150 in length, will be allowed to enter the canals

X It will not be compulsory for the locks to be opened to single vessels of less than 500 maunds burden, except in the case of mail or despatch boats, but the locks shall be opened for the passage of boats at least twice a day

XI Vessels must have their masts fitted so that they can be let down with ease and speed, and when under sail, vessels must always keep in the middle of the canal When being tracked, vessels are, as far as practicable, to keep to their port or left side of the canals

XII All vessels anchoring at night are to keep to their port or left bank of the canals

XIII Only one vessel shall be allowed to make fast along and in a line with the canal banks, and no vessel shall be made fast, or be placed outside of vessels so secured, without the permission of a canal officer No vessels shall, however, be placed in such a position as to endanger the safety of other vessels, to obstruct their passage, or to impede the navigation, and no bamboos or poles shall be allowed to be erected on vessels when at anchor Any infringement of this rule will be punishable by a fine not exceeding Rs 5 for each offence

XIV Every vessel when put to shall be securely fastened, and shall at all times have some person in attendance on board of it Any infringement of this rule will be punishable by a fine not exceeding Rs 5 for each offence

XV In every case of wreck or obstruction of the channel by sunken vessels, the canal officers may call upon the person in charge of the vessel to remove the same without delay, and shall give every reasonable assistance towards so doing But should the owner of the vessel or raft be not forthcoming, or should he not use reasonable expedition in removing the obstruction, or should he decline or fail to use proper assistance which may be offered to him by the canal officers, these officers may undertake the removal of the obstruction themselves at the cost of the owner of the boat, recovering the expense in the manner laid down in Section IX of the "Canals Act, 1864"

[*Government Gazette*, 23rd *May* 1876 ]

৪। খালের মধ্যে যত স্থানে মাসুল আদেয় সেই সকল স্থানের কিম্বা তাহার মধ্যে যত ইচ্ছা তত স্থানের মাসুল প্রথম চৌকীতে দেওয়া যাইতে পারিবে।

৫। পূর্ব্বোক্ত যে টিকিট দেওয়া যায়, ঐ খাল সংক্রান্ত উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক তাহা দেখিবার কোন সময়ে দাওয়া করিতে পারিবেন। এই জন্যে ঐ টিকিট নৌকায় সর্ব্বদা সম্মুখে রাখিতে হইবে। নৌকাদি প্রথম চৌকীতে মাসুল দিলে পর অন্য যে সকল চৌকীর নিকট হইয়া যায় সেই২ চৌকীতে মাসুল দিতে হইবে না, ইহার প্রমাণার্থে সকল মাসুলের চৌকীতে ঐ টিকিট দেখাইতে হইবে। শেষ মাসুলের চৌকীতে টিকিট দিতে হইবে।

৬। নৌকাদির স্বামিরা এক বৎসরের অনধিক কোন কাল পর্য্যন্ত উক্ত খালের সমুদয় স্থানে কি কোন অংশে নৌকা চালাইবার জন্যে মাসুলের চুক্তি করিয়া লইতে পারিবেন। যে নৌকাসংক্রান্ত তদ্রূপ চুক্তি করা যায় সেই নৌকার জন্যে এক খানি টিকিট দেওয়া যাইবে, যত মাসুল দেওয়া গেল ও যত কালের নিমিত্তে মাসুলের চুক্তি হইয়াছে, ও সেই নৌকা খালের যে২ স্থানে যাইতে পাইবে, এই সকল কথা ঐ টিকিটে নির্দ্দিষ্ট থাকিবে। ঐ টিকিট নৌকায় রাখিতে হইবে, ও ৫ ধারামতে দেখাইবার আদেশ হইলেই দেখাইতে হইবে। যত কালের চুক্তি হইয়াছে সেই কালের শেষ তারিখে যে চৌকী হইতে ঐ টিকিট পাওয়া গিয়াছিল সে চৌকীতে তাহা ফিরিয়া দিতে হইবে।

৭। যদি কোন টিকিট হারাণ যায়, তবে তাহার নম্বর ও তাহা লিখিবার তারিখ হুবোধমতে সপ্রমাণ হইতে পারিলে মাসুলের চৌকীর কার্য্যকারকেরা এক টাকা ফী লইয়া ঐ মর্ম্মের নূতন টিকিট দিবেন।

৮। খালের মধ্যে ৩ ধারায় নৌকা থাকিবার যে কাল অবধারিত হইয়াছে, কোন নৌকা তাহার অধিক কাল থাকিলে প্রতি দিনের কি এক দিনের কোন অংশের উপর গহরী বলিয়া ১০০৲ মণ প্রতি আট আনা দিতে হইবে।

৯। কোন নৌকা সর্ব্বসুদ্ধ ১৮ ফুটের অধিক চৌড়া হইলে কিম্বা কোন মাড দশ ফুটের অধিক চৌড়া কি ১৫০ ফুটের অধিক লম্বা হইলে খালে যাইতে পাইবে না।

১০। নৌকা যাতায়াতের জন্যে জলদ্বার দিন দুই বার খোলা যাইবে। যে নৌকাতে ৫০০৲ মণের কম ধরে এমত কেবল একি নৌকা উপস্থিত হইলে তাহার জন্যে দ্বার খুলিতেই হইবে এমত নয়। কিন্তু ডাকের কি ডাকীদের নৌকা হইলে খোলা যাইবে।

১১। নৌকাদির মাস্তুল এমন বসাইতে হইবে, যে অনায়াসে ও ত্বরায় নামান যায়। ও পাল তুলিয়া গেলে নৌকা সর্ব্বদা খালের মাঝখানে চলিবে। খালে গুণ টানিয়া যাইবার সময়ে সাধ্যমতে খালের বাম তীরে চলিবে।

১২। নৌকাদি রাত্রিতে লঙ্গর করিলে খালের বাম তীরে লঙ্গর করিবে।

১৩। খালের তীরের পার্শ্বে কেবল এক২ নৌকা বান্ধা যাইতে পারে। তদ্রূপ বান্ধা নৌকার বহির্ভাগে খালের কার্য্যকারকের অনুমতি বিনা অন্য নৌকা বান্ধা যাইবে না ও থাকিবে না। পরন্তু যাহাতে অন্য নৌকার আপদ কি গতিরোধ কি গমন নিবৃত্তি হইতে পারে কোন নৌকা এমন ভাবে রাখিতে হইবে না। নৌকা লঙ্গর করিয়া থাকিলে কোন ধ্বজা কি বাঁশ গাড়িয়া রাখিতে হইবে না। এই বিধি লংঘন হইলে প্রত্যেক অপরাধের জন্যে ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

১৪। নৌকা লাগান করিলে তাহা দৃঢ়মতে বান্ধিয়া রাখিতে হইবে। ও রক্ষা করিবার জন্যে সর্ব্বদা কোন ব্যক্তির সেই নৌকায় থাকিতে হইবে। এই বিধি লংঘন হইলে প্রত্যেক অপরাধের জন্যে ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

১৫। যদি নৌকা ভগ্ন হয় কিম্বা ভগ্ন নৌকাদির দ্বারা খালের গমনাগমনের অবরোধ হয়, তবে ঐ নৌকাদি যাঁহার জিম্মায় থাকে খালের কর্ম্মকারকেরা তাঁহাকে অগৌণে ঐ নৌকা স্থানান্তর করিতে আজ্ঞা করিবেন, ও তাহা করিবার উপযুক্ত সাহায্য করিবেন। যদি ঐ নৌকার কি মাডের স্বামির সন্ধান পাওয়া না যায়, কিম্বা যদি সেই ব্যক্তি ঐ প্রতিবন্ধকতা ত্বরায় স্থানান্তর করিতে উপযুক্ত উদ্যোগ না করেন, কিম্বা খালের কর্ম্মকারকেরা যথোচিত সহায়তা প্রদান করিলে যদি তদনুসারে কর্ম্ম না করেন কি করিতে শৈথিল্য করেন, তবে ঐ কর্ম্মকারকেরা স্থানান্তর করিবেন। স্বামিরা খরচ না দিলে ১৮৬৪ সালের খালের আইনের ৯ ধারার নির্দ্দিষ্টমতে ঐ খরচ আদায় করা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৩ মে।]

XVI If the canal officers be unable to ascertain the name and place of business or of abode of the owner of the cargo of any vessel or boat seized under the "Canals Act," he shall notify the seizure in the most public manner available.

XVII In the event of any damage or injury being occasioned to the canal works by wilfulness or negligence on the part of any person in charge of a vessel, the canal officers may detain the vessel within the canal for a period not exceeding 24 hours provided that within that period the canal officers shall lodge a complaint against such person in charge of the vessel before a Magistrate under Section XVI of the "Canals Act"

XVIII The banks or berms of the canals shall not be used as wharves for the deposit of goods, under a penalty of Rs 10 for each offence, but, except in special cases, when the permission of the canal officers will be necessary, all articles shall be removed to the outer banks of the canals, and all such articles as shall not be finally removed from within the boundaries of the canals within a period of six days after being so deposited shall be liable to the charge of four annas per 100 maunds

| | | | বাদ মদনমোহন দের পৃথক হিসাব যাহা নীলাম হইবেক না | ১৮৪৲ | | |
| | | | বাকি নিম্নলিখিত ব্যক্তিগণের এজমালি হিস্যা যাহা সরকারি বাকি ২৫৮৶ টাকার জন্য নীলাম হইবেক | ৫৫২৲ | ২৫৮৶ | |
| | | | ইন্দ্রমোহন দে ও শ্রীধরচন্দ্র দে ও নিমাইচন্দ্র দে ও শ্রীমত্যা রঙ্গলতা দেই মাদরে রাধানাথ দে ও ঠাকুরদাস দে নাবালগ ও মথুরমোহন রানা ও অদ্বৈতচরণ মাইতি | | | |
| ২৬২৩ | ১৪৬৫ | শ্রীধরপুর পং ময়নাচোর | গোপীনাথ বেরা ও বংশীধর পণ্ডা ও শ্রীমত্যা প্রসন্নময়ী প্রসন্নকুমার বেরা ও নবকৃষ্ণ বেরার পত্নী ও পুত্র ও সেখ মেনাজুদ্দীন মহম্মদ ও শ্রীমত্যা রাজেশ্বরী দেই ও করুণাময়ী দেই ও সুন্দরনারায়ণ মাইতি ও মথুরমোহন মাইতি ও সন্তোষরাম মাইতি | ৯২৯৸৵২ | | |
| | | | বাদ নিম্নলিখিত ব্যক্তিগণের পৃথক হিসাব যাহা নীলাম হইবেক না | | | |
| | | | সেখ মেনাজুদ্দীন মহম্মদ ৮২৶ | | | |
| | | | শ্রীমত্যা রাজেশ্বরী ও করুণাময়ী দেই ৮৪।১১ | | | |
| | | | সুন্দরনারায়ণ মাইতি ও মথুরমোহন মাইতি ২১০৸৪ | | | |
| | | | সন্তোষরাম মাইতি ৪২৶৫ | ৪১৯।৶৮ | | |
| | | | বাকি নিম্নলিখিত ব্যক্তিগণের এজমালি হিস্যা যাহা সরকারি বাকি ৩৮৸৵২ টাকার জন্য নীলাম হইবেক | ৫১০।৶৬ | ৩৮৸৵২ | |
| | | | গোপীনাথ বেরা ও বংশীধর পণ্ডা ও শ্রীমত্যা প্রসন্নময়ী ও প্রসন্নকুমার বেরা ও নবকৃষ্ণ বেরার পত্নী ও পুত্র | | | |

MIDNAPORE COLLECTORATE,
*The 17th May* 1876

H L HARRISON,
*Collector*

জিলা মেদিনীপুর।

জমীদারী বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার এবং সন ১৮৭১ সালের ২ আইনের বিধান অনুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত যোত সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব এবং যে সকল দাবা ১৮৭৬ সালের ২৮ মার্চ দিবসে দেও হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইন অনুসারে আদায় হইবার বাধ আছে তাহা আদায় নিমিত্ত ১৮৭৬ সালের ৩০ জুন মোতাবক বাং সন ২৮৩ সালের ১৭ আষাঢ় আং সন ১২৮৩ সালের ১৮ আষাঢ় শুক্রবার দিবসে প্রকাশ্য নীলামে নিরবশেষে বিক্রয় হইবে। ১৮৭৬ সাল তারিখ ১৭ মেই।

তফসীল।

| ডিরেক্টরির নং | তৌজির নং | যোতের নাম | যোতদারের নাম | সদর জমা | যে বাকির জন্য নীলাম হইবে তাহা | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|
| | | পং কল্যানপুর মং বৈতার অন্তর্গত রা সমগুল ওগয়রহ ১৩ মৌজা | বজলুর রহিম ও ফজলুর রহিম ও তকজান রহিম | ৮৫২৲ | ৬৯২। | এই সমস্ত মৌজা সকলের যোত মণ্ডলিস্বত্ব নীলাম হইবে। |

MIDNAPORE COLLECTORATE,
*The 17th May* 1876

H L HARRISON,
*Collector*

[*Government Gazette*, 23rd *May* 1876 ]

## জিলা বাকরগঞ্জ।

### বাকি খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জিলা বাকরগঞ্জের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৬ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৬ সালের ২৭ জুন তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে। ১৮৭৬। ৮ মে।

তপসিল মহাল।

| মহালের শ্রেণী | তৌজির নম্বর | মহালের নাম | নাম মালিক | সদর জমা | বাকীর সংখ্যা | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|
| ১ প্রথম শ্রেণীর মহাল | ১৯১৪ | ভপেপ হাবেলি সিলেমাবাদ হিং ৷৶১০ আনি | ঈশ্বরচন্দ্র রায়, জগতমোহিনী, তারামণী বামাসুন্দরী রুক্মীনী হরমণী, জগতত্তারা ও কৃষ্ণানন্দ ভট্টাচার্য্য শিবরাম সেন, গুরুপ্রসাদ সাহা, ভৈরবচন্দ্র চৌধুরী, গৌরমোহন দাস, রামধন রায়, রামকুমার রায় চন্দ্রকুমার রায়, রামদয়াল রায়, সূর্য্যকুমার রায় রাজকুমার রায়, গঙ্গাপ্রসাদ সাহা, কালাচাদ সোমদ্দার রামহৃদয় সেন, প্রসন্নকুমার রায়, শম্ভুচন্দ্র চক্রবর্ত্তী | ১১৫৯৷৶১১ | ২৯৮৵১০॥ | এই মহালের গঙ্গাপ্রসাদ সাহা কালাচাঁদ সোমদ্দার, রামহৃদয় সেন, প্রসন্নকুমার রায় শম্ভুচন্দ্র চক্রবর্ত্তী, রামহৃদয় সেন মালিকানের অংশ যাহা ১১ আইনমতে পৃথক হিসাব হইয়াছে তদ্বাদে অপর মালিকানের এজমালী ৮৷১৫॥=ক্রান্তি অংশ রসদির সদর জমা ১৬২৯৷৶৫দ পাই নীলাম হইবেক। |
| ২ ঐ | ১৯১৮ | পং হাবেলি সিমেলাবাদ রামদেব সেন তালুক | গঙ্গাদাস মুখোপাধ্যায় রামদেব সেন, মহেশ্বরী রজনীনাথ সেন, কালীকুমার দাস, রাধানাথ বাচস্পতি রামকমল সেন ভগবানচন্দ্র ভট্টাচার্য্য, দুর্গাচরণ সেন কালীপ্রসন্ন সেন অভয়াচরণ সেন, ও কালীচরণ সেন | ১৭৯৭॥৶৯॥ | ৭৩৶৹ | এই মহালের রাধানাথ বাচস্পতি, রামকমল সেন, ভগবানচন্দ্র ভট্টাচার্য্য, দুর্গাচরণ সেন, কালীপ্রসন্ন সেন, অভয়াচরণ সেন এবং কালীচরণ সেনের অংশ যাহা ১৮৫৯ সনের ১১ আইনমতে পৃথক হিসাব হইয়াছে তদ্বাদে অবশিষ্ট মালিকানের এজমালি হিং ৸৯।—৩ তিল বস দির সদর জমা ১৪০১৶২। পাই নীলাম হইবেক। |
| ৩ ঐ | ৩৮৪৩ | পবগনে সিমেলা হিং ৷৶১৩ গোণ্ডা | রাজকুমার রায় চৌধুরী | ৩৬০১৵১॥ | ১৭১১৷৲৪ | ষোল আনা মহাল নীলাম হইবেক। |
| ৪ ঐ | ৫২২২ | বৃক্ষপুরা চর | বেহারিলাল রায়, মৌলবী আজিজদ্দীন, আহম্মদ চৌধুরী মৌলবি আমিরদ্দিন আহম্মাদ কাশীকান্ত পোদ্দার, মাহাম্মদ কামিল ভুঞা চৌধুরী আজিমদ্দি হাওলদার, ন্যামতুল্লা মাল, তমিজদ্দিন চোপদার | ৩০৯০৲ রাস্তা খরচ ৩১৲ | ২৩৮।৶৯ রাস্তাখরচ ৫।৮ | এই মহালের মৌলবি আজিজদ্দিন আহাম্মদ চৌধুরী মৌলবি আজিরদ্দিন আহাম্মদ, কাশীকান্ত পোদ্দার, মাহাম্মদ কামিল ভুঞা চৌধুরী, আজিমদ্দি হাওলাদার, ন্যামতুল্যা মাল এবং তমিজদ্দিন চোপদারের অংশ যাহা ১৮৫৯ সালের ১১ আইনমতে পৃথক হিসাব হইয়াছে তদ্বাদে অবশিষ্ট মালিকানের এজমালি হিঃ ।১৭।। গণ্ডা রসদির সদরজমা ৲৪১।৶৯ পাই রাস্তা খরচ ৯।৶২ পাই নীলাম হইবেক। |

E J Barton, *Offg Collector*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৩ মে।]

## জিলা নদীয়া।

### বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৬ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৬ সালের ২২ জুন তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে। ইতি সন ১৮৭৬ সাল তারিখ ৮ মেই।

### এস্তমুরারি বন্দবস্ত।

১৭ নং ডিহি আলফা পং বাগোয়ান রেজিষ্টরির লিখিত মালিক শান্তিরাম রায়দিগর সদর জমা ৮৬৭০।/৩ টাকা ও পুলিস ৯৬৶৭ টাকা সেওয়ায অংশ যাহার সদর জমা ৪৬২৫৶৩।। টাকা ও পুলিস ৫১।১১ টাকা রামাসুন্দরী বন্মা্যা অলি মাদরে কৃষ্ণনাথ রায় নাবালগ ও দ্বারকানাথ বিশ্বাস ও যদুনাথ রায় বাহাদুর সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব হইয়াছে তদ্বাদে অংশ ১৭।০ নং যাহার সদর জমা ৪০৪৬৶২।। টাকা ও পুলিস ৪৫৸৶৮ টাকা শান্তিরাম রায়দিগরের নামে লেখা যায় তাহার বাকী খাজানা ৭০।।৬।। টাকা বাকীর জন্য নীলাম হইবে।

১১৭ নং ডিহি চণ্ডী পং পাঁজনৌর রেজিষ্টরীর লিখিত মালিক মেঃ জন ককরেন সাহেব আফিসর এনসাইনদিগর সদর জমা ১০২৪৬৶৮ টাকা ও পুলিস ১২৯৶৪ টাকা সেওয়ায অংশ যাহার সদর জমা ৯৪৩৭।।/৪ টাকা ও পুলিস ১১৮৸৶১০ টাকা যোগেন্দ্রনাথ পাল চৌধুরী আছালতন ও আছিযতন অছি মধুমতী দাস্যা চৌধুরাণী জানবে সতীশচন্দ্র ওরফে পাঁচু পাল চৌধুরী নগেন্দ্রনাথ পাল চৌধুরী ও প্রসন্নগোপাল ও সুরেন্দ্রনাথ পাল চৌধুরী শিবমোহিনী দাসী চৌধুরাণী ও শ্রীশচন্দ্র সরকার চৌধুরী ও শ্রীমন্ত কুণ্ডু অছি অলি জানবে জ্ঞানেন্দ্রনাথ ও হরেন্দ্রনাথ ও হেমেন্দ্রনাথ ও বিপ্রেন্দ্রনাথ পাল চৌধুরী ও মুনশী মোহবব রহমান ও জয়চন্দ্র পাল চৌধুরী ও অনাথনাথ দেব সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব হইয়াছে তদ্বাদে অংশ ১১৭।০ নং যাহার সদর জমা ৮০৮।।/৪ টাকা ও পুলিস ১০৶৬ টাকা মেঃ জন ককরেন সাহেব আফিসর এনসাইনদিগরের নামে লেখা যায় তাহার বাকী খাজানা ২৫১৵৶৬ টাকা ও পুলিস ৲/৯ টাকা বাকীর জন্য নীলাম হইবে।

২০৩ নং ডিহি এলাশি পং রাজপুর রেজিষ্টরির লিখিত মালিক রাধাগোবিন্দ চৌধুরীদিগর সদর জমা ৩২৯৩।৶১০ টাকা সেওয়ায অংশ যাহার সদর জমা ১৫৪৩৸৯। টাকা রাধাগোবিন্দ চৌধুরীদিগর ও যদুনাথ চৌধুরী ও আনন্দলাল চৌধুরীদিগর সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব হইয়াছে তদ্বাদে অংশ ২০৩।০ নং যাহার সদর জমা ১৭৪৯।।৶০৸ টাকা মেঃ রাবর্ট ওয়াটসন এণ্ড কোম্পানি সাহেবান দিগরের নামে লেখা যায় তাহার বাকী খাজানা ১৸৮। টাকা বাকীর জন্য নীলাম হইবে।

২৪২ নং ডিহি হিজুলি পং মামজোয়ানি রেজিষ্টরির লিখিত মালিক মেঃ জন ককরেন সাহেব আফিসর এসাইনদিগর সদর জমা ৯৫৫৸/১০ টাকা ও পুলিস ১২৲ টাকা সেওয়ায অংশ যাহার সদর জমা ৪৭৭৸৶১১ টাকা ও পুলিস ৬৲ টাকা যোগেন্দ্রচন্দ্র পাল চৌধুরীদিগর সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব হইয়াছে তদ্বাদে অংশ ২৪২।০ নং যাহার সদর জমা ৪৭৭৸৶১১ টাকা ও পুলিস ৬৲ টাকা মেঃ জন ককরেন সাহেব আফিসর এসাইন নামে লেখা যায় তাহার বাকী খাজানা ১৬১৸৶ টাকা ও পুলিস ৩৲ টাকা বাকীর জন্য নীলাম হইবে।

৪৩৩ নং মৌং রায়বালি পং কুবিজপুর রেজিষ্টরির লিখিত মালিক খুদিরাম রায়দিগর সদর জমা ৭ ৭।।৶৯ টাকা ও পুলিস ১৭/১ টাকা সেওয়ায অংশ যাহার সদর জমা ৬৭২/১।। টাকা ও পুলিস ৲৬/৭। টাকা রামাসুন্দরী বর্ম্মাণ্য অলি মাদরে কৃষ্ণনাথ রায় নাবালগ ও দ্বারকানাথ বিশ্বাস ও সুরেন্দ্রনাথ রায় চন্দ্রমণী দেব্যা মহারাণী স্বর্ণময়ী জানকীনাথ মুখোপাধ্যায় স্বয়ং অছি জানবে হরিদাসী দেবী নাবালিগা সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব হইয়াছে তদ্বাদে অংশ ৪৩৩।০ নং যাহার সদর জমা ৭৫।।৶৭।। টাকা ও পুলিস ।।৶৫৸ আনা খুদিরাম রায়দিগরের নামে লেখা যায় তাহার বাকী খাজানা ১২।।৶৩ টাকা বাকীর জন্য নীলাম হইবে।

৪৩৮ নং তঃ রাণাঘাট পং রাণাঘাট রেজিষ্টরির লিখিত মালিক ঈশ্বরচন্দ্র পাল চৌধুরীদিগর সদর জমা ১৩৫৯৸৶৩ টাকা ও পুলিস ১৫।।৶৩ টাকা সেওয়ায অংশ যাহার সদর জমা ১১৩৬।/১১ টাকা ও পুলিস ১৩।/৩ টাকা রামময় দে চৌধুরী পরমেশ্বর পাল চৌধুরী ও রাজরাজেশ্বর পাল চৌধুরি দিগর কেশবচন্দ্র পাল চৌধুরী ব্রজনাথ পাল চৌধুরী দিগর যোগেন্দ্রচন্দ্র পাল চৌধুরী দিং সুরেন্দ্রনাথ পাল চৌধুরী দিং ও বর্ণময়ী দাসী একজিকিউটর ষ্টেট মৃত কৃষ্ণকিশোর ঘোষ সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব হইয়াছে তদ্বাদে অংশ ৪৩৮।০ নং যাহার সদর জমা ২২৩।৪ টাকা পুলিস ২।/০ টাকা টাকা ঈশ্বরচন্দ্র পাল চৌধুরী দিগরের নামে লেখা যায় তাহার বাকী খাজানা ২৮।/২ টাকা বাকীর জন্য নীলাম হইবে।

৪৯০ নং ডিহি সামটা পং মূর্দ ঘড় রেজিস্টরীর লিখিত মালিক ঈশ্বরচন্দ্র পাল চৌধুরী দিগর সদর জমা ৪১৫৫৶৮ টাকা ও পুলিস ৪৫।৶৬ টাকা বাকী খাজানা ৫২৭।/৩ টাকা বাকীর জন্য নিলাম হইবে।

[ *Government Gazette, 23rd May 1876* ]

১১৩৯ নং কিং ফতেপুর পং উখড়া রেজিষ্টরীর লিখিত মালিক মুন্সি মহাম্মদ ও গোলাম ইউমচং ও তোরফন নেছা বিবি দিগর সদর জমা ৫৩৪।।৯ টাকা ও পুলিস ১২।।৶১১ টাকা বাকী খাজান ২৸৵২ টাকা বাকীর জন্য নীলাম হইবে।

৩১৭০ নং ডিঃ মাটি কোমরা পং উখড়া রেজিষ্টরীর লিখিত মালিক ডেবিড ইন্দুর সাহেব দিগর সদর জমা ১৭৭০।।৶২ টাকা ও পুলিস ৭১।৵৫ টাকা সেওয়ায় অংশ যাহার সদর জমা ১১৫৮৸৶৬ টাকা ও পুলিস ১৫।।৶৪ টাকার ৺ ব্রহ্মময়ী ঠাকুরানী ও গোপাকৃষ্ণ জিউ ঠাকুর সেবাইত যতীন্দ্র মোহন ও সুরেন্দ্র-মোহন ঠাকুর সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব হইয়াছে তদ্বাদে অংশ ৩১৭০।০ নং যাহার সদর জমা ৪৫১১।।৶১০ টাকা ও পুলিস ৫।।৶১ টাকা ডেবিড ইন্দুর সাহেবের নামে লেখা যায় তাহার বাকী খাজানা ১৩৩৸৶১১ টাকা ও পুলিস ২৸৵৬ টাকা বাকীর জন্য নীলাম হইবে।

৩১৯২ নং পং ভড়ফতে জঙ্গপুর পং ভড়ফতে জঙ্গ পুর রেজিষ্টরীর লিখিত মালিক শীতলচন্দ্র ঘোষ দিগর সদর জমা ২৪৩৩/০ টাকা সেওয়ায় অংশ যাহার সদর জমা ১১৬৯ টাকা পঞ্চানন ঘোষ ও হরিশ্চন্দ্র ঘোষ সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব হইয়াছে তদ্বাদে অংশ ৩১৯২।০ নং যাহার সদর জমা ১২৬৪/০ টাকা শীতলচন্দ্র ঘোষ ও গৌরহরি ও পীতাম্বর ঘোষ দিগরের নামে লেখা যায় তাহার বাকী খাজানা ২৪৪/৩ টাকা বাকীর জন্য নীলাম হইবে।

NUDDEA COLLECTORATE,
*The 17th May 1876*

C C STEVENS
*Collector*

---

জিলা যশোহর।

নিলামের এস্তেহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, সন ১৮৫১ সালের ১১ আইনের ৬ ধারা অনুসারে জিলা যশোহরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল সন ১৮৭৬ সালের ২৮ মার্চ তারিখের প্রাপ্য বাকি মাল-গুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্ট অনুসারের বাকীরাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত সন ১৮৭৬ সালের ৩ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৮৩ সালের ২২ জ্যৈষ্ঠ শনিবার তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক।

প্রথম শ্রেণীর চিরস্থায়ি জমা ধার্য্য হওয়া মহাল।

৪৮২১ নং তৌজির মহাল ডিহিকানারাইল পরগনা মূলঘড় মাদেক মর্দ্দর মঞ্জুর তারিণীচরণ বসু রামধন বসু মির বন্দে আলী মফিজা এবং লতিফা বিবি গোলাম হামেদ দ্বারিকানাথ বসু কৃষ্ণমোহন দাস রামচরণ চক্রবর্ত্তী গৌরমোহন সরকার অম্বিকাচরণ বসু ঈশ্বরচন্দ্র বসু বংশিমোহন বসু বৃন্দাবন সরকার-দিগর রামধন বিশ্বাস জগমোহন চট্টোপাধ্যায় অভিলাসচন্দ্র চট্টোপাধ্যায় নিং মির হবিব ছোবান সদর জমা সমেত পালাস ৫২৫৪৲৪ টাকা গবর্নমেণ্টের পাওন বাকি রাজস্ব ১৸/১ টাকা আদায় কারণ নীলাম হইবেক কিন্তু ইহার মধ্যে ২।৩।৪।৫।৬ হিস্যার মাদেক বৃন্দাবন সরকার দিগর রামধন বিশ্বাস জগমোহন চট্টোপাধ্যায় অভিলাসচন্দ্র চট্টোপাধ্যায়দিগর মির হবির ছোবানের ৫৭৪।।৶৬ পাই ২০৬২।।/৭ পাই ৪৯২।।/ আনা ২৯০।।১ পাই ১৭৫৭ টাকা অংশে বাঁকি নাথাকায় ছাড়িয়া দেওয়া যাইবে।

দ্বিতীয় শ্রেণীর জমা ধার্য্য হওয়া মেয়াদি মহাল।

১৯৫ নং তৌজির মহাল পরগনে মহামুদা বাদের রকম ।।৶ আনা মোতালকে সুন্দর বন বন্দবস্ত গৃহীতা উমানাথ রায় চৌধুরী মেয়াদ ইস্তক ১২৬৭ লাগাদ ১২৮৬ সাল সদর জমা ৩৭৯৪৸৵২ টাকা গবর্ণ-মেণ্টের প্রাপ্য বাকি রাজস্ব হালবকেয়া ১৬৭৭৬।৶১০ টাকা আদায় কারণ আবাদকারি স্বত্ব নীলাম হইবেক।

A. SMITH,
*Collector.*

সন ১৮৭৬ সাল।
তারিখ ২৯ আপ্রেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৩ মে।]

**The Hymns of the Rig-Veda, in the Samhita and Pada Text, by Professor F Max Müller M A. in two Volumes** *Price Rs 24 ; packing and postage, Rs 1-12*

*** The Rig Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class books to those who study Sanskrit in the schools and colleges in India and though at present a scholar tile knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet as soon as editions translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country —*Extract from Preface*

OFFICE OF SUPDT GOVT PRINTING, No 8, Hastings Street, Calcutta

## Rates of Subscription to the Bengali Government Gazette,

### FROM 1st JANUARY 1872

*Payable in advance*

| | | | | |
|---|---|---|---|---|
| For one year, without postage | Rs | 10 | 0 | 0 |
| Ditto, with postage | „ | 12 | 8 | 0 |

When postage stamps are remitted in payment of subscription, half an anna in the Rupee should be added for discount

৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

| | |
|---|---|
| ডাকমাশুল বিনা এক বৎসরের | ১০৲ |
| ডাকমাশুল সুদ্ধ ঐ | ১২৷৷০ |

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি আধ আনা মূল্যের একং খান ডাকের টিকিট ডিস্কোণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[*Government Gazette*, 23rd *May* 1876 ]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট।

**TUESDAY, MAY 23, 1876.**

**মঙ্গলবার ১৮৭৬ সাল ২৩ মে।**

## GOVERNMENT OF BENGAL

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 25th March 1876, and having been assented to by His Excellency the Governor-General on the 6th April 1876, is hereby promulgated for general information —

## ACT No IV OF 1876

## THE CALCUTTA MUNICIPAL CONSOLIDATION ACT, 1876

### CONTENTS

CHAPTER I

SECTIONS

1 3 Preliminary

CHAPTER II

OF THE MUNICIPAL AUTHORITIES

4 26 Part I Of the constitution of the Corporation and the application of the municipal funds

## বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রণীত এই আইনে মান্যবর সাহেব ১৮৭৬ সালের মার্চ মাসের ২৫ তারিখে ও মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেব ১৮৭৬ সালের আপ্রিল মাসের ৬ তারিখে সম্মত হওয়াতে তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

## ১৮৭৬ সালের ৪ আইন।

## কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ করণার্থ ১৮৭৬ সালের আইন।

### নির্ঘণ্টপত্র।

প্রথম অধ্যায়।

ধারা।

১-৩। পরিভাষা।

দ্বিতীয় অধ্যায়।

মুনিসিপল কর্ত্তৃপক্ষদের কথা।

৪ ২৬ প্রথম পরিচ্ছেদ।—সমাবাধিত সমাজের সংস্থিতির ও মুনিসিপল ধনের প্রয়োগের কথা।

| Sections | | ধারা। | |
|---|---|---|---|
| 27-29 | Part II.—Of the duties of the Corporation | ২৭-২৯ | দ্বিতীয় পরিচ্ছেদ।—সমাবায়িত সমাজের কর্ত্তব্য কর্ম্মের কথা। |
| 30-41 | Part III.—Of the officers of the Corporation | ৩০-৪১ | তৃতীয় পরিচ্ছেদ।—সমাবায়িত সমাজের কার্য্যকারকদের কথা। |
| 42-55 | Part IV.—Of the mode of transacting business and entering into contracts | ৪২-৫৫ | চতুর্থ পরিচ্ছেদ।—কার্য্যনির্ব্বাহ করিবার ও চুক্তি করিয়া লইবার নিয়মের কথা। |
| 56-63 | Part V.—Of the estimates of income, expenditure, and audit | ৫৬-৬৩ | পঞ্চম পরিচ্ছেদ।—আয়ব্যয়ের অনুমানপত্রের ও আডিটের কথা। |
| 64 | Part VI.—Of the fixing of rates | ৬৪ | ষষ্ঠ পরিচ্ছেদ।—টাক্স প্রভৃতির হার নিরূপণের কথা। |
| | CHAPTER III | | তৃতীয় অধ্যায়। |
| | Of Taxes | | টাক্সের কথা। |
| 65-74 | Part I.—Of the tax on carriages and animals | ৬৫-৭৪ | প্রথম পরিচ্ছেদ।—গাড়ীর ও জন্তুর উপর টাক্সের কথা। |
| 75-82 | Part II.—Of the tax on professions, trades and callings | ৭৫-৮২ | দ্বিতীয় পরিচ্ছেদ।—বৃত্তির ও ব্যবসায়ের ও কর্ম্মের উপর টাক্সের কথা। |
| 83-87 | Part III.—Of the registration of carts | ৮৩-৮৭ | তৃতীয় পরিচ্ছেদ।—গোরুর গাড়ী রেজিষ্টরী করিবার কথা। |
| | CHAPTER IV | | চতুর্থ অধ্যায়। |
| | Of Rates | | রেটের কথা। |
| 88-89 | Part I.—Of imposing the rates. | ৮৮-৮৯ | প্রথম পরিচ্ছেদ।—রেট ধার্য্য করিবার কথা। |
| 90-92 | Part II.—Of the owner's rates | ৯০-৯২ | দ্বিতীয় পরিচ্ছেদ।—স্বামিদের রেটের কথা। |
| 93-103 | Part III.—Of the occupier's rates | ৯৩-১০৩ | তৃতীয় পরিচ্ছেদ।—প্রজার রেটের কথা। |
| | CHAPTER V | | পঞ্চম অধ্যায়। |
| 104-120 | Of the assessment of houses and land | ১০৪-১২০ | ঘরের ও ভূমির উপর টাক্স ধার্য্য করিবার কথা। |
| | CHAPTER VI | | ষষ্ঠ অধ্যায়। |
| 121-128 | Of levying the rates | ১২১-১২৮ | রেট আদায় করিবার কথা। |
| | CHAPTER VII | | সপ্তম অধ্যায়। |
| 129-160 | Of the water-supply | ১২৯-১৬০ | জল সম্পোযোগের বিধি। |
| | CHAPTER VIII. | | অষ্টম অধ্যায়। |
| 161-166 | Of the police budget | ১৬১-১৬৬ | পোলীসের বজেটের কথা। |
| | CHAPTER IX | | নবম অধ্যায়। |
| 167-168 | Of the system of drainage for the town and its environs | ১৬৭-১৬৮ | নগরের ও শহরতলীর জল বাহির হইবার বিধানের কথা। |
| | CHAPTER X | | দশম অধ্যায়। |
| 169-178 | Of the registration of births and deaths | ১৬৯-১৭৮ | জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করণের কথা। |
| 179-188 | Of taking a census | ১৭৯-১৮৮ | লোক গণনার কথা। |

### CHAPTER XI

Of Conservancy and Improvement

Sections
189 214 Part I —Of the streets
215-234 Part II —Of the drains
235 263 Part III —Of general conservancy
264 279 Part IV —Of building regulations.
280 286 Part V —Of sanitary measures with regard to blocks of huts

### CHAPTER XII

Of Sanitary Matters

287-301 Part I —Of slaughter houses, food, drink, drugs, and offensive trades
302 310 Part II —Of burial and burning grounds

### CHAPTER XIII

311 322 Of markets

### CHAPTER XIV

Of the General Powers of the Commissioners

323 326 Part I —Of rights of entry
327-329 Part II —Of the purchase and sale of land
330-332 Part III —Of railways
333 Part IV —Of hospitals

### CHAPTER XV

334-339 Of the municipal debt

### CHAPTER XVI.

340 345 Of bye laws.

### CHAPTER XVII

346-352 Of prosecutions.

### CHAPTER XVIII

353 356 Of the recovery of damages and expenses

### CHAPTER XIX

357 376 Miscellaneous.
Ten schedules.

### একাদশ অধ্যায়।

নগর পরিষ্কার ও উৎকৃষ্ট করিবার বিধি।

ধারা।
১৮৯-২১৪ প্রথম পরিচ্ছেদ।—রাস্তার কথা।
২১৫-২৩৪ দ্বিতীয় পরিচ্ছেদ।—নরদ্দমার কথা।
২৩৫ ২৬৩ তৃতীয় পরিচ্ছেদ।—সাধারণমতে পরিষ্কার রাখিবার কথা।
২৬৪-২৭৯ চতুর্থ পরিচ্ছেদ।—গৃহাদি নির্ম্মাণের বিধান।
২৮০-২৮৬ পঞ্চম পরিচ্ছেদ।—বাঙ্গলা ঘরশ্রেণীর সম্পর্কে স্বাস্থ্যরক্ষার উপায়াবলম্বনের কথা।

### দ্বাদশ অধ্যায়।

স্বাস্থ্যজনক বিষয়ের কথা।

২৮৭-৩০১ প্রথম পরিচ্ছেদ।—বুচরখানার ও আহারীয় ও পানীয় ও বণিক-দ্রব্যের ও অনিষ্টজনক ব্যবসায়ের কথা।
৩০২ ৩১০ দ্বিতীয় পরিচ্ছেদ।—গোরস্তান ও শ্মশানের কথা।

### ত্রয়োদশ অধ্যায়।

৩১১-৩২২ বাজার বিষয়ক বিধি।

### চতুর্দ্দশ অধ্যায়।

কমিশ্যনরদের সাধারণ ক্ষমতা বিষয়ক বিধি।

৩২৩-৩২৬ প্রথম পরিচ্ছেদ।—প্রবেশ করিবার অধিকারের কথা।
৩২৭-৩২৯ দ্বিতীয় পরিচ্ছেদ।—ভূমি ক্রয় ও বিক্রয়ের কথা।
৩৩০-৩৩২ তৃতীয় পরিচ্ছেদ।—রেলওয়ের কথা।
৩৩৩ চতুর্থ পরিচ্ছেদ।—হাস্পাতালের কথা।

### পঞ্চদশ অধ্যায়।

৩৩৪-৩৩৯ নগরীয় ঋণের কথা।

### ষোড়শ অধ্যায়।

৩৪০-৩৪৫ উপবিধির কথা।

### সপ্তদশ অধ্যায়।

৩৪৬-৩৫২ নালিশের কথা।

### অষ্টাদশ অধ্যায়।

৩৫৩-৩৫৬ হানিপূরণ ও খরচার টাকা আদায়ের কথা।

### ঊনবিংশ অধ্যায়।

৩৫৭-৩৭৬ বিবিধ বিষয়ের কথা।
দশটি তফসীল।

*An Act to consolidate and amend the law relating to the Municipal Affairs of Calcutta.*

Preamble.

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to the municipal affairs of the Town of Calcutta, It is hereby enacted as follows —

## CHAPTER I

### PRELIMINARY

Short title

1 This Act may be cited as "The Calcutta Municipal Consolidation Act, 1876"

Commencement

And it shall come into force on such date as the Local Government may direct, not being more than three months after the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

Enactments repealed

2 The enactments specified in the tenth schedule are hereby repealed to the extent mentioned in the third column thereof

This repeal shall not revive any office, authority, or thing abolished by any such enactment, or affect the validity of anything done or suffered, or any right, title, obligation, or liability accrued before the commencement of this Act

And all rules prescribed, assessments, valuations, measurements, divisions, and appointments made, powers conferred, and notifications published under any such enactment, and all other rules (if any) now in force and relating to the matters hereinafter dealt with, shall (so far as they are consistent with this Act) be deemed to have been respectively prescribed, made, conferred, and published hereunder

And all references made to any such enactment shall, as far as may be practicable, be deemed to be made to this Act

And all proceedings now pending, which may have been commenced under any such enactment, shall be deemed to be commenced under this Act

In respect to all the matters aforesaid, the Commissioners under this Act shall be substituted for the Justices of the Peace for the Town of Calcutta.

কলিকাতা নগরের মুনিসিপল কার্য্যব্যাপারবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।

হেতুবাদ।

কলিকাতা নগরের মুনিসিপল কার্য্যব্যাপারবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

## প্রথম অধ্যায়।

### পরিভাষা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "১৮৭৬ সালের কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ" নামে খ্যাত হইতে পারিবে।

যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

এই আইন শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যায়, স্থানীয় গবর্ণমেণ্ট তদবধি তিন মাসের মধ্যে যে তারিখের আজ্ঞা করেন সেই তারিখ অবধি প্রচলিত হইবে ইতি।

যেং আইন রহিত করা গেল তদ্বিষয়ক কথা।

২ ধারা। দশম তফসীলে যেং আইনের উল্লেখ হইয়াছে, ঐ তফসীলের তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট হইল, ঐং আইন তত দূর রহিত করা গেল।

উক্ত কোন আইনক্রমে যেং পদ কি ক্ষমতা কি বিষয় উঠাইয়া দেওয়া গিয়াছে এই ধারাক্রমে সেইং আইন রহিত করা গেলেও সেইং পদপ্রভৃতি পুনশ্চ প্রবল হইবে না, ও এই আইন প্রচলিত হইবার তারিখের পূর্ব্বে যেং কার্য্য করা গিয়াছে কি করিবার অনুমতি হইল, ও যেং স্বত্ব কি অধিকার কি বাধ্যত কি দায় জন্মিয়াছে, তাহার প্রবলতার ব্যতিক্রম হইবে না।

এবং উক্ত কোন আইনক্রমে যে সকল বিধি নির্দ্ধারিত হইল, ও যে সকল কর ধার্য্য ও মূল্য নিরূপণ হইল, ও ভূম্যাদির যে পরিমাণ ও খণ্ড ধার্য্য হইল, ও যে সকল নিয়োগ করা গেল ও যেং ক্ষমতা প্রদান ও যেং জ্ঞাপনপত্র প্রকাশ করা গেল, এবং এই আইনে যেং বিষয়ের বিধান হইল সেইং বিষয়ের অন্য যে সকল বিধি এইক্ষণে প্রচলিত আছে, এই আইনের সহিত যত দূর সঙ্গত হয়, ঐ সকল বিধি ও ক্ষমতা প্রভৃতি তত দূর এই আইনমতে নির্দ্ধারিত হইল ও প্রণয়ন ও প্রদান ও প্রকাশ করা গেল বলিয়া জ্ঞান হইবে।

এবং উক্ত কোন আইনের উল্লেখ হইলে, যত দূর হইতে পারে তত দূর এই আইনের উল্লেখ হইল বলিয়া জ্ঞান হইবে।

এবং আনুষ্ঠানিক যে সকল কার্য্য উক্ত কোন আইনমতে আরম্ভ হইয়া অদ্যাপি চলিতেছে, তাহা এই আইনমতে আরম্ভ হইল বলিয়া জ্ঞান হইবে।

উপরোক্ত সকল বিষয়ের সম্বন্ধে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসের নাম যেং স্থলে থাকে সেইং স্থলে এই আইনমত কমিশ্যনরের নাম প্রয়োগ করিতে হইবে ইতি।

3 In this Act—unless there be something repugnant in the subject or context—

Interpretation clause

"Animal" means a horse, pony, mule, or bullock

"Animal"

"Bazar" means any place of trade, where there is a collection of shops and warehouses, and any place where a market is held

"Bazar"

"Carriage" means any wheeled vehicle with springs used for the conveyance of human beings

"Carriage"

"Cart" means any cart, hackery, or wheeled vehicle with or without springs not included in the definition of carriage

"Cart"

"Chapter" means Chapter of this Act

"Chapter"

"Chairman" means the Chairman of the Commissioners of the Town of Calcutta

"Chairman"

"Commissioner of Police" means the officer so styled and appointed under section 4 of the Calcutta Police Act, 1866, or under any other Act for the time being in force for regulating the Police of the Town of Calcutta

"Commissioner of Police"

"Court of Small Causes" means the Court of Small Causes for the time being established by law in Calcutta

"Court of Small Causes"

"Drug" includes medicine for internal or external use

"Drug"

"House" includes any hut, building, or shed

"House"

"Immoveable property" and "land" respectively mean land, benefits to arise out of land, anything attached to the earth, or permanently fastened to anything attached to the earth

"Immoveable property" "Land"

"Moveable property" means property of every description, except immoveable property

"Moveable property"

৩ ধারা। বিষয়বিবেচনায় কিম্বা পূর্ব্বাপর কথার দ্বারা বিপরীত অর্থ বোধ না হইলে, এই আইনে,

অর্থ করণের ধারা।

"জন্তু" শব্দে, ঘোড়া কি টাটু কি খচর কি বলদ জানিতে হইবে।

"জন্তু।"

বাণিজ্য ব্যাপারের যে স্থানে অনেক দোকান ও আড়ৎ থাকে ও যে স্থানে হাট হইয়া থাকে, "বাজার" শব্দে সেই স্থান জানিতে হইবে।

"বাজার।

মনুষ্যদিগের চড়িবার জন্যে চাকা ও স্প্রিংওয়ালা যে গাড়ীর ব্যবহার হয় "গাড়ী" শব্দে তাহা জানিতে হইবে।

"গাড়ী।

"গোরুর গাড়ী" শব্দে কোন গোরুর গাড়ী কি ছকড়া গাড়ী কি স্প্রিংছাড়া কি স্প্রিংযুক্ত ও চাকাওয়ালা যে গাড়ী ইহার পূর্ব্ব শব্দের অর্থের মধ্যে ধরা যায় নাই সেই গাড়ী জানিতে হইবে।

"গোরুর গাড়ী।

"অধ্যায়" শব্দে এই আইনের অধ্যায় জানিতে হইবে।

"অধ্যায়।

"সভাপতি" শব্দে কলিকাতা নগরের কমিশ্যনরগণের সভাপতি জানিতে হইবে।

"সভাপতি

কলিকাতার পোলীসবিষয়ক ১৮৬৬ সালের আইনের ৪ ধারামতে কিম্বা কলিকাতা নগরের পোলীসের বিধান করণার্থ অন্য যে আইন যৎকালে প্রচলিত থাকে তদনুসারে পোলীস কমিশ্যনর নামে যে কার্য্যকারক নিযুক্ত হন, "পোলীস কমিশ্যনর" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"পোলীস কমিশ্যনর।

কলিকাতায় যৎকালে ক্ষুদ্র মোকদ্দমার যে আদালত আইনমতে স্থাপিত থাকে "ক্ষুদ্র মোকদ্দমার আদালত" শব্দে সেই আদালত জানিতে হইবে।

"ক্ষুদ্র মোকদ্দমার আদালত।

খাইবার কি মালিশ করিবার জন্যে যে ঔষধের ব্যবহার হয় "বণিকদ্রব্য" শব্দের মধ্যে তাহাও ধরিতে হইবে।

"বণিক দ্রব্য।"

"ঘর" শব্দের মধ্যে সামান্য ঘর ও কোটা ঘর ও চালাও গণ্য।

"ঘর।

"স্থাবর সম্পত্তি" ও "ভূমি" এই২ শব্দে ভূমি, এবং ভূমিহইতে উৎপন্ন লাভ, ও মৃত্তিকাসংযুক্ত কোন দ্রব্য, কিম্বা মৃত্তিকাসংযুক্ত দ্রব্যের সহিত চিরসংলগ্ন দ্রব্যও জানিতে হইবে।

"স্থাবর সম্পত্তি।" "ভূমি।"

"অস্থাবর সম্পত্তি" এই শব্দে স্থাবর সম্পত্তি ছাড়া সর্ব্ব প্রকার সম্পত্তি জানিতে হইবে।

"অস্থাবর সম্পত্তি।"

'Local Government'

"Local Government" means the Lieutenant-Governor of Bengal for the time being, or the person acting in that capacity

'Owner'

"Owner" includes—

(*a*) the person entitled for the time being to receive the rent of the land in respect of which the word is used,

(*b*) an agent of such person,

(*c*) a trustee for such person,

But no such agent or trustee shall be liable to do anything required by this Act to be done by the owner, nor shall he be subject to any fine for omitting to do such thing, unless he have sufficient funds in his hands, as such agent or trustee, to do such thing

"Police Force"

"Police Force" means the Police Force as constituted under section 8 of the Calcutta Police Act, 1866, or under any other Act for the time being in force for regulating the Police of the Town of Calcutta

"Public Street"

"Public Street" means any road, street, square, court, alley, or passage whether a thoroughfare or not, over which the public have a right of way, and also the roadway over any public bridge or causeway, and also the footway and drains attached to any street, public bridge (other than the Hooghly bridge), or causeway within the Town.

'Street'

"Street" means any road, street, square, court, alley, or passage, not included in the definition of public street

"Railway"

"Railway" includes a tramway

"Schedule"

"Schedule" means schedule annexed to this Act

"Section"

"Section" means section of this Act

"Slaughter house."

"Slaughter-house" means any place used for the slaughter of cows, or bullocks, or sheep, or goats, or pigs, or kids, for the purpose of selling the same as meat

"স্থানীয় গবর্ণমেণ্ট।

যিনি যৎকালে বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবরনর হন কিম্বা তৎপদের কর্ম্ম নির্ব্বাহ করেন "স্থানীয় গবর্ণমেণ্ট" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"স্বামী।"

"স্বামী" শব্দে এইং ব্যক্তি গণ্য—

(ক) যে ভুমিসম্বন্ধে স্বামী শব্দের প্রয়োগ হয়, যাঁহার যৎকালে ঐ ভুমির খাজানা পাইবার অধিকার থাকে তিনি, ও

(খ) ঐ ব্যক্তির এজেণ্ট, ও

(গ) ঐ ব্যক্তির পক্ষে ট্রষ্টী

কিন্তু এই আইনে স্বামির প্রতি কোন কর্ম্ম করিবার আজ্ঞা থাকিলে, এজেণ্টস্বরূপ উক্ত ব্যক্তির কি ট্রষ্টীর হাতে ঐ কর্ম্ম করিবার উপযুক্ত খরচ না থাকিলে তিনি ঐ কর্ম্ম করিতে দায়ী হইবেন না, ও উক্ত কর্ম্ম না করা প্রযুক্ত তাঁহার কোন অর্থদণ্ড হইবে না।

"পোলীস দল।

কলিকাতার পোলীস বিষয়ক ১৮৬৬ সালের আইনের ৮ ধারামতে, কিম্বা কলিকাতা নগরের পোলীসের বিধান করণার্থ অন্য যে আইন যৎকালে প্রচলিত থাকে তদনুসারে, পোলীসের যে দল সংস্থাপিত হয়, "পোলীস দল" নামে সেই দল জানিতে হইবে।

সরকারী রাস্তা।

"সরকারী রাস্তা" এই শব্দে নগরের অন্তর্গত কোন পথ কি রাস্তা কি চত্বর কি প্রাঙ্গণ কি সঙ্কীর্ণ পথ, কিম্বা যাহার দুই মুখ খোলা থাকে কি না থাকে এমত যে পথ দিযা সাধারণের যাইবার স্বত্ব থাকে সেই পথ, এবং কোন সাঁকোর কি বাঁধা পথের উপর দিযা সাধারণের যাইবার পথ, কিম্বা নগরের অন্তর্গত কোন রাস্তা কি হুগলী নদীর পুল ছাড়া কোন পুল কি বাঁধা পথ সংযুক্ত হাঁটিযা যাইবার পথ ও নর্দ্দমা জানিতে হইবে।

'রাস্তা।

পূর্ব্বোক্ত সরকারী রাস্তা শব্দের অর্থের মধ্যে যে পথ কি রাস্তা কি চত্বর কি প্রাঙ্গণ, কিম্বা সঙ্কীর্ণ কি সাধারণের গমনীয় যে পথ ধরা যায় নাই, 'রাস্তা" শব্দে তাহাই বুঝাইবে।

"রেলওয়ে।

"রেলওযে" এই শব্দে ট্রামওযেও গণ্য।

"তকসীল।'

"তফসীল" এই শব্দে এই আইনসংযুক্ত তফসীল জানিতে হইবে।

"ধারা।"

"ধারা" শব্দে এই আইনের ধারা বুঝাইবে।

"কুচরখানা।

মাংস বিক্রয় করিবার নিমিত্ত গোরু কি বলদ কি মেষ কি ছাগল কি শূকর কি ছাগলের বাচ্চা যে স্থানে জবাই করা গিয়া থাকে, "কুচরখানা" শব্দে ঐ স্থান জানিতে হইবে।

"The Suburbs" mean the Suburbs of Calcutta as defined by the Lieutenant-Governor of Bengal by notification in the *Calcutta Gazette*, under the provisions of Act III of 1864 of the Lieutenant Governor of Bengal in Council, or of any other Act for the time being in force

"The Suburbs"

"The Commissioners" means the "Corporation of the Town of Calcutta"

"The Commissioners"

"The Town" includes all places within the local limits of the ordinary original civil jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal, but not

"The Town"

(*a*) Fort William ,

(*b*) The Esplanade , or

(*c*) Coolie Bazar, now called Hastings, except such portion as is bounded on the north by Clyde Row, on the south by Tolly's Nullah, on the east by the road leading from Kidderpore bridge to Clyde Row, and on the west by the Strand Road

---

## CHAPTER II

### Of the Municipal Authorities

*Part I — Of the Constitution of the Corporation and the application of the Municipal Funds*

Constitution of Corporation

4 The Commissioners of the Town of Calcutta shall consist of seventy-two members, to be appointed or elected as hereinafter provided, and shall, by the name of "The Corporation of the Town of Calcutta," be a body corporate, and have perpetual succession and a common seal, and by such name shall sue and be sued

The aforesaid number of seventy-two shall not include the Chairman or the Vice-Chairman of the Commissioners in the event of those two officers not being appointed or elected Commissioners under this Act, but in such case the said Chairman and Vice-Chairman shall be *ex-officio* Commissioners

The said seventy-two members shall be male persons resident within the Town or the Suburbs who have attained the age of twenty-one years.

"শাখানগর।"

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া বঙ্গদেশের মন্ত্রিসভা ধষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ১৮৬৪ সালের ৩ আইনের, কিম্বা অন্য যে আইন যৎকালে প্রচলিত থাকে সেই আইনের বিধানমতে কলিকাতার যে শাখানগরের সীমা নির্দ্দেশ করেন "শাখা নগর" শব্দে তাহাই জানিতে হইবে।

"কমিশ্যনরগণ।

"কমিশ্যনরগণ" শব্দে কলিকাতা নগরের সমাবায়িত সমাজ জানিতে হইবে।

'নগর।'

বঙ্গদেশের ফোর্ট উলিযম রাজধানীর হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার বিচারাধিপত্য যে সীমায ব্যাপ্ত হয, "নগর" শব্দে নিম্নলিখিত স্থান ছাড়া সেই সীমার অন্তর্গত সকল স্থান গণ্য,—

(ক) ফোর্ট উলিযম (কিল্লা)।

(খ) ময়দান বা কিল্লার সম্মুখস্থ মাঠ।

(গ) ইদানীং হেষ্টীংস নামে খ্যাত কুলিবাজার। পরন্তু উক্ত স্থানের যে অংশের উত্তর সীমা ক্লাইড রে, দক্ষিণ সীমা টালির নালা, পূর্ব্ব সীমা খিদিরপুরের পুল অবধি ক্লাইড রো পর্য্যন্ত পথ, ও পশ্চিম সীমা গঙ্গার ধারের রাস্তা, সেই অংশটি নগরের মধ্যে গণ্য হতি।

---

## দ্বিতীয় অধ্যায়।

### মুনিসিপল কর্ত্তৃপক্ষদের কথা।

প্রথম পরিচ্ছেদ।—সমাবায়িত সমাজের সংস্থিতির ও মুনিসিপল ফণ্ড প্রযোগের কথা।

সমাবায়িত সমাজের সংস্থিতির কথা।

৪ ধারা। কলিকাতা নগরের বাহাত্তর জন কমিশ্যনর থাকিবেন, তাঁহারা নিম্নলিখিত বিধানমতে নিযুক্ত বা মনোনীত হইবেন এবং "কলিকাতা নগরের সমাবায়িত সমাজ" নামে সমাবায়িত সমাজ হইবেন, ও তাঁহাদের নিযত পর্য্যায ও সাধারণ মোহর থাকিবে, ও সেই নাম ধরিয়া তাঁহারা নালিশ করিতে পারিবেন ও তাঁহাদের নামে নালিশ হইতেও পারিবে।

কমিশ্যনরগণের সভাপতি কিম্বা প্রতিনিধিসভাপতি এই আইনমতে কমিশ্যনরের পদে নিযুক্ত বা মনোনীত না হইলে উপরোক্ত বাহাত্তর জনের মধ্যে গণিত হইবেন না, পরন্তু তদ্রূপ স্থলে ঐ সভাপতি ও প্রতিনিধি সভপতি স্বং পদোপলক্ষে কমিশ্যনর হইবেন।

নগর কিম্বা শাখানগরনিবাসি যেং পুরুষের একুশ বৎসর বযস উত্তীর্ণ হইয়াছে তাঁহারদিগকে লইয়া উক্ত বাহাত্তর জন হইবে ইতি।

5 All property, moveable and immoveable, and all interest of whatsoever nature and kind therein now vested in or held in trust for the Justices of the Peace for the Town of Calcutta, with all rights of whatsoever description now used, enjoyed, or possessed by the said Justices, shall become vested in the Commissioners for the purposes of this Act

Property to vest in Commissioners for the purposes of this Act

6 Of the said seventy-two members twenty-four shall be appointed by the Local Government immediately after the result of the election hereinafter mentioned shall have been published, and such appointment shall take effect from the date on which such election takes place

Number of Commissioners to be appointed by Government

7 The remaining forty-eight members shall be elected as hereinafter provided by male persons resident within the Town or Suburbs, who shall have attained the age of twenty-one years

Number of Commissioners to be elected

8 Any person qualified as aforesaid who shall have paid, on his own behalf and not otherwise, to the Commissioners on or before the fifteenth day of January, in the year in which the election takes place, any of the rates mentioned in Chapter IV assessed on land or masonry buildings, or taxes mentioned in Parts I and II of Chapter III, or any of the said rates and taxes, for the next preceding year, to the aggregate amount of not less than twenty-five rupees, may, if not entitled to vote in more wards than one under the next succeeding section, vote in one only of the wards mentioned in section thirteen, and may choose the ward in which he resides, or in which his place of business is situated, or in which any of the said land or masonry buildings is situated

Voter when entitled to vote in one ward

9 Any person qualified as aforesaid, who shall have paid, on his own behalf and not otherwise, to the Commissioners on or before the fifteenth day of January, in the year in which the election takes place, any of the rates mentioned in Chapter IV assessed on land or masonry buildings for the next preceding year on account of land or masonry buildings situated in more than one of the said wards, shall be entitled to vote in each ward in which he shall have been a rate-payer to the extent of twenty-

Voter when entitled to vote in more than one ward

৫ ধারা। স্থাবর ও অস্থাবর যে সকল সম্পত্তি ও তৎসংক্রান্ত নানা ভাবের ও নানা প্রকারের যে স্বার্থ এক্ষণে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের প্রতি বর্ত্তে, কিম্বা তাঁহাদের পক্ষে ন্যাস্তস্বরূপ গচ্ছিত থাকে, ও উক্ত জষ্টিসেরা এইক্ষণে নানা প্রকারের যে স্বত্ত্বের ব্যবহার কি যে স্বত্ত্ব ভোগ ও অধিকার করিয়া থাকেন তাহা এই আইনের কার্য্যপক্ষে কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবে ইতি।

এই আইনের কার্য্যপক্ষে কমিশ্যনরগণের প্রতি সম্পত্তি বর্ত্তিবার কথা।

৬ ধারা। নিম্নভাগে যে মনোনীত করণ কার্য্যের কথা আছে, তাহার ফল প্রকাশিত হইলেই স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত বাহাত্তর জনের মধ্যে চব্বিশ জনকে নিযুক্ত করিবেন, এবং উক্ত মনোনীত করণকার্য্য যে তারিখে হয় উক্ত চব্বিশ জনের নিয়োগ সেই তারিখ অবধি প্রবল হইবে ইতি।

গবর্ণমেণ্ট দ্বারা যত জন কমিশ্যনর নিযুক্ত হইবেন তাহার কথা।

৭ ধারা। নগর বা শাখানগর নিবাসি যেং পুরুষের একুশ বৎসর উত্তীর্ণ হইয়াছে, তাঁহারা নিম্নলিখিত বিধানমতে অবশিষ্ট আট চল্লিশ জনকে মনোনীত করিবেন ইতি।

যত জন কমিশ্যনর মনোনীত হইবেন তাহার কথা।

৮ ধারা। ৪ অধ্যায়ের লিখিত যে রেট ভূমির কি কোটার উপর ধার্য্য হইল, কিম্বা ৩ অধ্যায়ের প্রথম ও দ্বিতীয় পরিচ্ছেদে যে টাক্সের উল্লেখ আছে, মনোনীত করণকার্য্য যে বৎসর করা যায় পূর্ব্বোক্তমতে যোগ্য কোন ব্যক্তি অন্যের নিমিত্ত না হইয়া আপনারই নিমিত্ত সেই বৎসরের জানুআরি মাসের ১৫ তারিখে কি তৎপূর্ব্বে পূর্ব্ব বৎসরের সেই রেট কি টাক্স, কিম্বা উক্ত রেট কি টাক্সের মধ্যে মোটে ২৫৲ টাকার অন্যূন সেই রেট কি টাক্স দিলে, যদি পশ্চাৎ লিখিত ধারামতে তাঁহার দুই কি তদধিক পল্লিতে মত জ্ঞাপন করিবার অধিকার না থাকে, তবে ১৩ ধারার উল্লিখিত পল্লির মধ্যে একি পল্লিতে আপনার মত জ্ঞাপন করিতে পারিবেন, ও যে পল্লির মধ্যে বাস করেন কিম্বা তাঁহার কর্ম্মস্থান কিম্বা উক্ত ভূমি কি কোটা য পল্লির মধ্যে থাকে, ইহার মধ্য কোন এক পল্লি মনোনীত করিতে পারিবেন ইতি।

মতজ্ঞাপক যে স্থলে একি পল্লিতে মতজ্ঞাপন করিতে পারিবেন তাহার কথা।

৯ ধারা। ভূমির কি কোটার উপর ৪ অধ্যায়ের উল্লিখিত যে রেট ধার্য্য হইল, মনোনীত করণকার্য্য যে বৎসরে করা যায় পূর্ব্বোক্তমতে যোগ্য কোন ব্যক্তি অন্যের নিমিত্ত না হইয়া আপনারই নিমিত্ত সেই বৎসরের জানুআরি মাসের ১৫ তারিখে কি তৎপূর্ব্বে কমিশ্যনরদিগকে উক্ত পল্লি সকলের মধ্যে দুই কি তদধিক পল্লিগত ভূমির কি কোটার পূর্ব্ব বৎসরের উক্ত কোন রেট দিয়া থাকিলে, তিনি যেং পল্লিতে ২৫৲ টাকাপর্য্যন্ত সেই রেট দিলেন সেই প্রত্যেক পল্লিতে তাঁহার মত জ্ঞাপন করিবার

মতজ্ঞাপক যে স্থলে দুই কি তদধিক পল্লিতে মত জ্ঞাপন করিতে পারিবেন তাহার কথা।

five rupees, and no such person shall be entitled to vote on account of any taxes paid under Parts I and II of Chapter III

অধিকার থাকিবে। ও ৩ অধ্যায়ের প্রথম ও দ্বিতীয় পরিচ্ছেদমতে যেং টাক্স দেওয়া যায় তদ্ধেতুক উক্ত ব্যক্তির মত জ্ঞাপন করিবার অধিকার থাকিবে না।

The word "land" in this and the last preceding section does not include huts erected on land

এই ধারায় ও ইহার পূর্ব্ব ধারায় 'ভূমি" যে শব্দের প্রয়োগ হইয়াছে, ঐ ভূমিতে যে বাঙ্গলা ঘর থাকে তাহা ঐ শব্দের মধ্যে ধরিতে হইবে না ইতি।

Vote of a company

10 Any company registered under the 'Indian Companies' Act, 1866," which has paid any of the said rates or taxes, or rates and taxes, to the aggregate amount of not less than twenty-five rupees on the date and for the period and in the manner mentioned in section eight, shall be entitled to one vote in the ward in which the place of business of the said company is situated, and such vote shall be given by the secretary of the company, or some other person duly authorised in that behalf

কোম্পানির মতের কথা।

১০ ধারা। 'ভারতবর্ষীয় কোম্পানি' বিষয়ক ১৮৬৬ সালের আইনমতে যে কোম্পানি রেজিষ্টরী করা যায়, ৮ ধারায় যে তারিখের ও যে সময়ের ও যে নিয়মের কথা লেখা আছে উক্ত কোন কোম্পানি সেই তারিখে ও সেই সময়ের নিমিত্ত ও সেই নিয়মমতে উক্ত রেট কি টাক্স কিম্বা মোটে ২৫৲ টাকার অন্যূন সেই রেট ও টাক্স দিলে, ঐ কোম্পানির কার্য্যালয় যে পল্লির মধ্যে থাকে সেই পল্লিতে ঐ কোম্পানির একবার মত জ্ঞাপন করিবার অধিকার থাকিবে। ঐ কোম্পানির সেক্রেটরী কিম্বা এই কার্য্যপক্ষে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তি ঐ মত জ্ঞাপন করিবেন ইতি।

Qualification of elected Commissioners

11 Every male person shall be qualified for election as a member of the Corporation who shall have severally paid, on his own behalf and not otherwise, to the Commissioners on or before the fifteenth day of January in the year in which the election takes place, any of the rates mentioned in Chapter IV, or taxes mentioned in Parts I and II of Chapter III, or any of the said rates and taxes, for the next preceding year, to the aggregate amount of not less than fifty rupees

মনোনীত কমিশ্যনরগণের যোগ্যতার কথা।

১১ ধারা। যে বৎসরে মনোনীত করণকার্য্য করা যায় সেই বৎসরের জানুআরি মাসের ৫ তারিখে কি তৎপূর্ব্বে যে প্রত্যেক পুরুষ অন্যদের নিমিত্তে না হইয়া আপনারই নিমিত্ত ৪ অধ্যায়ের উল্লিখিত পূর্ব্ব বৎসরের রেট বা ৩ অধ্যায়ের ১ ও ২ পরিচ্ছেদের উল্লিখিত টাক্স কিম্বা উক্ত কোন রেট বা টাক্স বলিয়া কমিশ্যনরদিগকে সর্ব্বসুদ্ধ ৫০ টাকার অন্যূন দিয়াছেন, এমত ব্যক্তি উক্ত সমাবাযিত সমাজের এক জন বলিয়া মনোনীত হওনের যোগ্য হইবেন।

Provided that no officer of the Corporation shall be qualified for election as a member of the Corporation so long as he shall remain in the employ of the Commissioners, except the Chairman and Vice-Chairman as hereinbefore provided.

কিন্তু সমাবাযিত সমাজের যে সভাপতির কি প্রতিনিধি সভাপতির বিধান পূর্ব্বে করা গেল, সেই সভাপতি কি প্রতিনিধি সভাপতি ছাড় ঐ সমাজের কোন কার্য্যকারক যত দিন কমিশ্যনরদের নিকট কর্ম্ম করিয়া থাকেন তত দিন ঐ সমাবাযিত সমাজের মধ্যে গ্রাহ্য হইতে পারিবেন না ইতি।

Qualification of members of a joint family or firm

12 Where the aggregate amount of rates or taxes, or of rates and taxes, paid by a joint undivided family, or by two or more partners in any trade or business, or by the joint occupiers of any house or land, under Chapter IV, or under Parts I and II of Chapter III, on the date and for the period and in the manner aforesaid, is not less than one hundred rupees, any one member of such family, or any one of such partners or joint occupiers, may, if otherwise qualified, be eligible for election as a member of the said Corporation

অবিভক্ত পরিবারের বা কুঠীর ব্যক্তিদের যোগ্যতার কথা।

১২ ধারা। যদি সাধারণ ও অবিভক্ত পরিবার, কিম্বা কোন বাণিজ্য ব্যবসায়ের দুই কি অধিক জন অংশী, কিম্বা কোন ঘরের কি ভূমির সাধারণ প্রজাগণ পূর্ব্বোক্ত তারিখে ও পূর্ব্বোক্ত সময়ের নিমিত্ত ও পূর্ব্বোক্ত নিয়মমতে ৪ অধ্যায়ের কিম্বা ৩ অধ্যায়ের ১ ও ২ পরিচ্ছেদের উল্লিখিত রেট কি টাক্স কিম্বা রেট ও টাক্স বলিয়া এক শত টাকার অন্যূন দিয়া থাকেন, তবে উক্ত পরিবারের কোন এক ব্যক্তি কিম্বা ঐ অংশিদের কি সাধারণ প্রজাদের কোন এক জন প্রকারান্তরে যোগ হইলে উক্ত সমাবাযিত সমাজে মনোনীত হওনের যোগ্য হইবেন।

If the majority of the members of such joint family, or of such partners, or of such joint occupiers, agree to select one of their number, the person so selected shall be eligible for election under this section But if the majority do not so agree, the Chairman shall decide which of the

ঐ সাধারণ পরিবারের, কিম্বা ঐ অংশিদের কি ঐ সাধারণ প্রজাদের অধিকাংশ ব্যক্তি একবাক্য হইয়া আপনাদের এক জনকে মনোনীত করিলে, তদ্রূপ মনোনীত ব্যক্তি এই ধারামতে মনোনীত হইবার যোগ্য হইবেন। কিন্তু অধিকাংশ ব্যক্তি একবাক্য না হইলে, উক্ত পরিবারস্থ ব্যক্তিদের, কি অংশিদের, কি

said members, partners, or joint occupiers is so eligible, and such decision shall be final and conclusive

সাধারণ প্রজাদের মধ্যে কোন্ ব্যক্তি মনোনীত হওনের যোগ্য, সভাপতি ইহা নির্ণয় করিতে পারিবেন। ও ঐ নির্ণয় চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে ইতি।

**For the purposes of election the town to be divided into wards**

**13** For the purpose of the aforesaid election of Commissioners the Town shall be divided into eighteen wards, the boundaries of which are defined in the first schedule.

**মনোনীত করণ কার্য্যার্থে ভিন্ন২ পল্লিতে নগর বিভক্ত হইবার কথা।**

১৩ ধারা। পূর্ব্বোক্ত কমিশ্যনরদিগকে মনোনীত করণপক্ষে নগর অষ্টাদশ পল্লিতে বিভক্ত হইবে। সেই২ পল্লির সীমা প্রথম তফসীলে লেখা গেল।

The first, second, third, fourth, eleventh, and eighteenth of the wards described in the said schedule may each elect two Commissioners, and the remaining wards may each elect three Commissioners

উক্ত তফসীলের নির্দ্দিষ্ট প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, একাদশ ও অষ্টাদশ পল্লি দুই২ জন করিয়া, ও অবশিষ্ট পল্লি সকল তিন২ জন করিয়া কমিশ্যনর মনোনীত করিতে পারিবেন।

Every person qualified to vote as hereinbefore provided may vote for as many candidates as there are Commissioners to be elected in the ward or wards allotted to such person under section eighteen, and may give all or any of the votes which he is entitled to give in any one ward to any candidate in that ward

কোন ব্যক্তি ইহার পূর্ব্ব ধারামতে মত জানাইবার যোগ্য হইলে, তাঁহার পক্ষে ১৮ ধারামতে যে পল্লি বা যে২ পল্লি নিরূপণ করা যায় সেই বা সেই২ পল্লির যত জন কমিশ্যনর মনোনীত হইবেন, তিনি ঐ পদাকাঙ্ক্ষি তত ব্যক্তির সপক্ষে স্বীয় মত জ্ঞাপন করিতে পারিবেন, ও কোন এক পল্লিতে তাঁহার যত বার মত জ্ঞাপন করিবার অধিকার থাকে ঐ পল্লির কমিশ্যনরী পদাকাঙ্ক্ষি কোন এক ব্যক্তির পক্ষে সমুদয় কি কোন মত দিতে পারিবেন ইতি।

**If ward fails to elect, Local Government may appoint**

**14** If the rate or tax-payers of any ward shall fail to elect the number of Commissioners allotted to such ward under the last preceding section, the Local Government shall, in place of such election, appoint one or more Commissioners to complete the number so allotted as aforesaid

**পল্লির ব্যক্তিরা মনোনীত না করিলে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত করিতে পারিবার কথা।**

১৪ ধারা। পূর্ব্ব ধারামতে যে পল্লিতে যত জন কমিশ্যনর মনোনীত হইতে পারেন, যাঁহারা সেই পল্লীর রেট কি টাক্স দিয়া থাকেন তাঁহারা তত জন কমিশ্যনর মনোনীত না করিলে, সেই মনোনীত করণ কার্য্যের পরিবর্ত্তে স্থানীয় গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত সংখ্যা পূরণার্থে এক কি তদধিক কমিশ্যনর নিযুক্ত করিবেন ইতি।

**Procedure if a person is elected a Commissioner in more than one ward**

**15** If any person is elected a Commissioner for more than one of the said wards, he shall within five days of the date of the election, choose, or in default thereof, the Chairman shall forthwith declare, the ward for which such person shall serve, and such person shall thereupon be held to be elected in that ward only which he shall so choose, or which the Chairman shall so declare, and thereupon the rate and tax-payers of the other ward or wards in which the said person has been elected a Commissioner shall forthwith proceed to elect another Commissioner in the manner provided by this Act.

**কোন ব্যক্তিকে একের অধিক পল্লির কমিশ্যনরের পদে মনোনীত করা গেলে কার্য্যপ্রণালীর কথা।**

১৫ ধারা। উক্ত পল্লির মধ্যে দুই কি তদধিক পল্লির কমিশ্যনরী পদে কোন এক ব্যক্তিকে মনোনীত করা গেলে, যে দিনে মনোনীত হইলেন, তাহার পর পাঁচ দিনের মধ্যে তিনি যে পল্লির পক্ষে কর্ম্ম করিবেন, ইহা স্থির করিবেন, না করিলে সভাপতি তাহা নির্দ্দেশ করিয়া জানাইবেন। তাহা হইলে সেই ব্যক্তি যে পল্লির পক্ষে কর্ম্ম করিতে স্থির করিলেন কিম্বা সভাপতি যে পল্লি নির্দ্দিষ্ট করিলেন তাঁহাকে কেবল সেই পল্লির পক্ষে মনোনীত বলিয়া জানিতে হইবে। তাহা হইলে অন্য যে বা যে২ পল্লির কমিশ্যনরস্বরূপ সেই ব্যক্তিকে মনোনীত করা গিয়াছিল সেই বা সেই২ পল্লির রেট ও টাক্সদাতারা এই আইনের বিধানমতে অন্য কমিশ্যনরকে মনোনীত করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

**Procedure in case of equality of votes.**

**16.** Where an equality of votes is found to exist between any two candidates at any election under this Act, and the addition of a vote would entitle any of such candidates to be elected a Commissioner, the Chairman may give

**দুই দিকে সমান সংখ্যার মত থাকিলে কার্য্যপ্রণালীর কথা।**

১৬ ধারা। এই আইনমতে মনোনীত করণ সময়ে কমিশ্যনরী পদাকাঙ্ক্ষি দুই ব্যক্তির মধ্যে এক ব্যক্তির সপক্ষে যত মত থাকে অন্য ব্যক্তিরও সপক্ষে তত মত প্রকাশ করা গেলে ও একতর ব্যক্তির সপক্ষে আর এক

such additional vote, and the candidate to whom such additional vote has been given shall thereupon be held to be elected a Commissioner.

মত জ্ঞাপন করা গেলে কমিশনরীপদে সেই ব্যক্তির মনোনীত হইবার অধিকার থাকিতে পারিলে, সভাপতি সেই আর একমত জানাইতে পারিবেন, ও যাঁহার পক্ষে মত জ্ঞাপন করেন তাঁহাকে কমিশ্যনরের পদে মনোনীত বলিয়া জানিতে হইবে ইতি।

Time and manner of election

17 The first election shall take place at any time, not being less than two, or more than three months from the commencement of this Act, and until such election has taken place, and until the appointment of members by the Local Government takes effect under section six, this Act shall be read as if all the Justices of the Peace for the Town of Calcutta had been respectively appointed or elected Commissioners under this Act

মনোনীত করণের সময় ও নিয়মের কথা।

১৭ ধারা। এই আইন প্রচলিত হওনের সময়াবধি দুই মাসের অন্যূন ও তিন মাসের অনধিক কোন সময়ে মনোনীত করণের প্রথম কার্য্য করা যাইবে। ও সেই মনোনীত করণকার্য্য যত দিন না করা যায় ও ৬ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্টের যে ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে হইবে তাঁহাদিগকে যত দিন নিযুক্ত না করা যায়, তত দিন কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ সকল জষ্টিস যেন এই আইনমতে কমিশ্যনরের পদে নিযুক্ত বা মনোনীত হইলেন এই ভাবে এই আইন পাঠ করিতে হইবে।

All subsequent elections, not being elections under section twenty-three, shall take place on the expiration of three years from the date of the previous election

২৩ ধারামতে মনোনীত করণ কার্য্য ছাড়া, যে মনোনীত করণকার্য্য তৎপরে হয় তাহার তারিখের পর তিন বৎসর গত হইলে আবার হইবে।

Votes at all elections shall be rendered by means of voting papers

মনোনীত করণ কার্য্যে লোকেরা মতসূচক লিপিদ্বারা আপনং মত জানাইবেন।

The Local Government may from time to time make rules, not being inconsistent with this Act, for the purpose of regulating all matters connected with such elections, and may at any time cancel or modify any of the said rules, and the result of all elections shall be published in the *Calcutta Gazette*.

স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং মনোনীতকরণ সম্পর্কীয় সমস্ত বিষয়ের বিধান করণার্থ বিধি করিতে পারিবেন কিন্তু সেই বিধি এই আইনের অসঙ্গত না হয়। এবং কোন সময়ে উক্ত বিধির মধ্যে কোন বিধি রহিত কি মতান্তর করিতে পারিবেন ও মনোনীত করণরূপ সকল কার্য্যের ফল কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

The Local Government may declare the penalties which shall be incurred by the breach of any such rule, and any person committing a breach of any such rule shall be liable to the penalty so declared, provided that no higher penalty shall be incurred by the breach of any such rule than a fine of fifty rupees

উক্ত কোন বিধি লঙ্ঘন করিলে যে দণ্ড হইতে পারিবে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা নির্দ্দেশ করিয়া জানাইতে পারিবেন, ও কোন ব্যক্তি উক্ত কোন বিধি লঙ্ঘন করিলে তাঁহার সেই নির্দ্দিষ্ট দণ্ড হইতে পারিবে। কিন্তু উক্ত কোন বিধির লঙ্ঘন হেতুক পঞ্চাশ টাকা অর্থদণ্ডের অধিক দণ্ড হইতে পারিবে না।

The expenses of all elections under this Act shall be paid out of the Municipal Fund

এই আইনমতে মনোনীত করণ কার্য্যে যত টাকা খরচ হয় তাহা মুনিসিপল ফণ্ডহইতে দেওয়া যাইবে ইতি।

Registration of voters and persons qualified to be elected

18 Any person qualified to vote at an election, or to be elected as a Commissioner, may, at any time, not being less than six weeks or more than three months before the election takes place, apply personally or by letter to the Chairman of the Commissioners for registration of his name as such voter or person qualified as aforesaid, and shall, at the same time, if he is entitled to vote in one ward only, name the ward in which he wishes to vote, and if he is entitled to vote in more than one ward, name the wards in which he is entitled to vote.

মত প্রকাশক ও মনোনীত হওনের যোগ্য ব্যক্তিদের নাম রেজিষ্টরী করিবার কথা।

১৮ ধারা। কোন ব্যক্তি মনোনীত করণসময়ে মত প্রকাশ করিবার কিম্বা কমিশ্যনরস্বরূপ মনোনীত হইবার যোগ্য হইলে, তিনি মনোনীত করণসময়ের পূর্ব্বে ছয় সপ্তাহের অন্যূন ও তিন মাসের অনধিককাল থাকিতে আপনি কমিশ্যনরদের সভাপতির নিকটে গিয়া কিম্বা তাঁহার নামে পত্র লিখিয়া মত প্রকাশক বা পূর্ব্বোক্ত প্রকারের যোগ্য ব্যক্তি বলিয়া আপনার নাম রেজিষ্টরী করাইবার প্রার্থনা করিতে পারিবেন। ও কেবল একি পল্লিতে মত জ্ঞাপন করিবার অধিকার থাকিলে যে পল্লিতে মত জানাইতে চাহেন সেই পল্লির নাম জানাইবেন, ও একের অধিক পল্লিতে মত জ্ঞাপন করিবার অধিকার থাকিলে যেং পল্লিতে তাঁহার মত জ্ঞাপন করিবার অধিকার থাকে সেইং পল্লির নাম জানাইবেন।

On receipt of such application the Chairman shall, if he is satisfied that such person is qualified to vote or to be elected as aforesaid, enter the name of such applicant in a list, and shall allot to him the ward or wards which he may have named as aforesaid, and no person whose name is not entered in such list at the time of the election shall be qualified to vote, or to be elected as a Commissioner

সেই ব্যক্তি মত জানাইবার যোগ্য কিম্বা পূর্ব্বোক্ত মতে মনোনীত হইবার যোগ্য, সভাপতি উক্ত প্রার্থনাপত্র পাইলে পর ইহা সুবোধমতে জানিলে, নির্ঘণ্টপত্রে প্রার্থকের নাম লিখিয়া পূর্ব্বোক্তমতে যে বা যেং পল্লির নাম করিলেন সেই বা সেইং পল্লিতে তাঁহার নাম লেখাইবেন। সেই নির্ঘণ্টপত্রে যাঁহার নাম লেখা না থাকে তিনি মনোনীত করণকার্য্য হওন সময়ে আপনার মত জানাইতে কিম্বা কমিশ্যনরস্বরূপ মনোনীত হইতে পারিবেন না।

If the applicant shall omit to name a ward as aforesaid, the Chairman shall allot to him such ward as to the Chairman may seem fit, and if the applicant shall omit to name the wards as aforesaid, the Chairman shall allot to him the wards in which he is entitled to vote

প্রার্থক পূর্ব্বোক্তমতে কোন পল্লির নাম না জানাইলে সভাপতি যে পল্লি উচিত বোধ করেন তাহাই তাঁহার পক্ষে নিরূপণ করিবেন। ও প্রার্থক পূর্ব্বোক্তমতে নানা পল্লির নাম না জানাইলে, যেং পল্লিতে তাঁহার মত জানাইবার অধিকার থাকিবে সভাপতি তাহা নিরূপণ করিয়া দিবেন ইতি।

Publication of list

19 As soon as possible after the commencement of this Act, and subsequently from time to time on any date or dates not less than one month before the election (not being an election under section twenty-three) takes place, the list mentioned in the last preceding section shall be printed and affixed by the Chairman of the Commissioners in some conspicuous place in or near his office, and at the Police station of each of the said wards, or at some conspicuous place in each of the said wards, and the Chairman shall forthwith give notice of such publication in one English and one vernacular newspaper published within the Town, and the said list shall be open to public inspection at all reasonable times of the day for fifteen days after the date of the publication of such notice

নির্ঘণ্টপত্র প্রকাশ করিবার কথা।

১৯ ধারা। এই আইন প্রচলিত হওয়ার সময়ের পর যত শীঘ্র হয়, ও তৎপরে সময়েং ২৩ ধারামত মনোনীত করণকার্য্য ছাড়া মনোনীত করণের অন্য কার্য্য হইবার পূর্ব্বে এক মাসের অন্যূন কোন বা কোনং তারিখে ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত নির্ঘণ্টপত্র মুদ্রিত করা যাইবে ও কমিশ্যনরদের সভাপতি সাহেব আপন আফিসের কি তন্নিকটবর্ত্তী কোন প্রকাশ স্থানে ও উক্ত প্রত্যেক পল্লির পোলীস থানায় কিম্বা উক্ত প্রত্যেক পল্লির অন্তর্গত কোন প্রকাশ স্থানে তাহা লটকাইয়া দিবেন, তৎপরে সভাপতি অবিলম্বে নগরের মধ্যে প্রকাশিত একখানি ইংরেজী ও এক খানি দেশীয় সমাচার পত্রিকায় উক্ত কথা প্রকাশ হওয়ার জ্ঞাপনপত্র দিবেন, ও সেই জ্ঞাপনপত্র প্রকাশ হওনের তারিখঅবধি পঞ্চদশ দিন পর্য্যন্ত সঙ্গত সকল সময়ে উক্ত নির্ঘণ্টপত্র সাধারণের দেখিবার নিমিত্ত খোলা থাকিবে।

The Chairman shall be at liberty at any time to revise the said list for the purpose of removing therefrom the name of any person not duly qualified and erroneously entered therein, or of recording the name of any person duly qualified and erroneously omitted therefrom

কোন ব্যক্তি বৈধমতে যোগ্য না হইলেও ভুলক্রমে তাঁহার নাম নির্ঘণ্টপত্রে লেখা গেলে, সভাপতি তাঁহার নাম উঠাইয়া দিবার জন্যে অথবা নিয়মমতে যোগ্য তন্য যে ব্যক্তির নাম ভ্রমক্রমে লেখা যায় নাই তাহা লেখাইবার জন্যে, কোন সময়ে ঐ নির্ঘণ্টপত্র পুনরালোচন করিতে পারিবেন ইতি।

Appeal from decision of Chairman

20 Any person qualified to vote at an election, or to be elected, whose name is omitted from the list referred to in the last preceding section, may, in case the Chairman shall refuse to insert his name in such list, apply to a stipendiary Magistrate of Police for the town of Calcutta within eight days after such refusal for an order to have his name inserted in such list, and such Magistrate shall, after enquiry, make such order as to the insertion or omission of the name of the applicant as shall be just, and such order, if it directs the insertion of the name of the applicant in such list, shall be

সভাপতির নিষ্পত্তির উপর আপীল হওয়ার কথা।

২০ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে নির্ঘণ্টপত্রের কথা আছে, মনোনীত করণ সময়ে মত প্রকাশ করিবার বা মনোনীত হইবার যোগ্য যে ব্যক্তির নাম সেই পত্রে লেখা যায় নাই, সভাপতি তাঁহার নাম তন্মধ্যে লিখিতে অসম্মত হইলে তিনি সেই অসম্মতি প্রকাশ হওনের পর আট দিনের মধ্যে কলিকাতা নগরের পোলীসের কোন বৈতনিক মাজিষ্ট্রেটের নিকটে উক্ত নির্ঘণ্টপত্রে আপন নাম লেখাইবার আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন, সেই মাজিষ্ট্রেট সাহেব অনুসন্ধান লইয়া প্রার্থকের নাম লিখিবার বা না লিখিবার ন্যায়ানুগত আজ্ঞা করিবেন, এবং প্রার্থকের নাম ঐ পত্রে লিখিবার আজ্ঞা হইলে সভাপতি অগৌণেই ঐ আজ্ঞানুসারে কর্ম্ম করিবেন। এই ধারামতে মাজিষ্ট্রেট

forthwith obeyed by the Chairman The order of such Magistrate made under this section shall not be appealable

Erroneous omission or entry does not affect election

**21** No election shall be deemed to be invalid or shall be in any way affected, by reason of the name of any person duly qualified as aforesaid being omitted from the said list, or by reason of the name of any person not duly qualified as aforesaid being inserted therein, and no election shall be deemed to be invalid by reason only of any defect of form in the conduct thereof

Term for which members to be appointed or elected

**22** The members of the said Corporation shall be appointed or elected respectively for a term of three years At the expiration of the term for which the members of the said Corporation may be appointed or elected respectively, they shall cease to be members of the said Corporation, but shall be eligible to be again appointed or elected members of the said Corporation for a further term or terms

Provided that the said term of three years shall be held to include any period which may elapse between the expiration of the said three years and the date of the next subsequent election, not being an election under the next succeeding section

Disqualification of members Successors how appointed

**23** No person shall be qualified to be or to continue to be a member of the said Corporation who is or becomes at the time, or during the term of his appointment or election, a bankrupt or insolvent, or who is interested (otherwise than as a shareholder in a joint stock company) in any contract with the Corporation, and no person who is absent from Calcutta for six months consecutively, or who shall be sentenced to imprisonment, shall be qualified to continue to be such member

In case of the death, resignation, or disqualification as aforesaid of any member of the said Corporation, his successor shall be forthwith appointed or elected in the manner hereinbefore provided, and such successor shall remain a member of the said Corporation for the residue only of the term for which the member so dead, resigned, or disqualified was originally appointed or elected

Provided that no act of the Commissioners or their officers, or of the Commissioners in meeting,

সাহেব যে আজ্ঞা করেন তাহাব উপব আপীল হইতে পারিবে না ইতি।

নাম ভুলক্রমে ছাড়া গেলে বা লেখা গেলেও মনোনীত করণকার্য্যের হানি না হওয়ার কথা।

২১ ধাবা। পূর্ব্বোক্তমতে নিযমিতরূপে যোগ্য কোন ব্যক্তির নাম ঐ নির্ঘণ্টপত্রে লেখা না গেলেও, কিম্বা পূর্ব্বোক্তমতে নিযমিতরূপে যোগ্য নহেন এমত ব্যক্তিব নাম ঐ নির্ঘণ্টপত্রে লেখা গেলেও মনোনীতকরণ কার্য্য তৎপ্রযুক্ত অসিদ্ধ বলিযা জ্ঞান হইবে না ও কোন প্রকারেই তাহাব বিপর্য্যায় হইবে না এবং মনোনীত কার্য্য করণে দাঁড়ার কোন দোষ হইলে, এই মাত্র কাবণে সেই কার্য্য অসিদ্ধ বলিযা জ্ঞান হইবে না ইতি।

সভ্যেরা যত দিনের নিমিত্ত নিযুক্ত কিম্বা মনোনীত হই বেন তাহার কথা।

২২ ধাবা। উক্ত সমাবাযিত সমাজগত ব্যক্তিরা তিন বৎসবের জন্যে নিযুক্ত বা মনোনীত হইবেন। যে সমযেব নিমিত্তে নিযুক্ত কিম্বা মনোনীত হন তাহা গত হইলেই তাঁহাবা আব ঐ সমাবাযিত সমাজগত থাকিবেন না, কিন্তু নিরূপিত সমযেব জন্যে তাঁহাবা পুনবায উক্ত সমাবাযিত সমাজগত ব্যক্তিস্বরূপ নিযুক্ত কিম্বা মনোনীত হইতে পারিবেন।

পরন্তু উক্ত তিন বৎসব অতীত হওমাবধি, ২৩ ধাবা-মত মনোনীত করণকার্য্য ছাডা, পুনশ্চ যে মনোনীত করণ কার্য্য হয, তাহাব তারিখ পর্য্যন্ত যত দিন যায, তাহাও ঐ তিন বৎসর নিরূপিত সমযেব মধ্যে ধরা যাইবে ইতি।

সমাজগত ব্যক্তিদেব অযোগ্যতার কথা। তাঁহা দেব পশ্চাৎ পদধারিদেব নিযোগের কথা।

২৩ ধাবা। কোন ব্যক্তি নিযুক্ত কিম্বা মনোনীত হওন সমযে, কিম্বা মনোনীত কি নিযুক্ত থাকন সমযে, দেউলিযা কি ঋণ শোধ কবিতে অক্ষম হইলে, কিম্বা সমাবাযিত সমাজেব সঙ্গে কোন চুক্তি কবা গেলে জাইণ্ট ষ্টাক কোম্পানিব অংশি হওন ভিন্ন প্রকারান্তরে সেই চুক্তিতে তাঁহার স্বার্থ থাকিলে, তিনি সেই সমাবাযিত সমাজভুক্ত হইতে কিম্বা সেই সমাজগত থাকিতে যোগ্য হইবেন না, এবং কোন ব্যক্তি ক্রমাগত ছয মাস কলিকাতায অনুপস্থিত থাকিলে কিম্বা কাবাদণ্ডের আজ্ঞা প্রাপ্ত হইলে তিনি ঐ সমাজগত থাকিবাব যোগ্য হইবেন না।

ঐ সমাবাযিত সমাজের কোন ব্যক্তি মবিলে বা পদ ত্যাগ কবিলে বা উপবোক্তমত অযোগ্য হইলে, পূর্ব্বোক্ত নানা ধারাব বিধানমতে আর এক জনকে তাঁহাব পদে নিযুক্ত কিম্বা মনোনীত করা যাইবে, এবং সেই মৃত বা পদত্যাগি বা অযোগ্য ব্যক্তি যে নিরূপিত সমযেব নিমিত্তে নিযুক্ত কিম্বা মনোনীত ছিলেন, তাঁহাব উত্তব পদধারী সেই সমযের অবশিষ্ট অংশমাত্র ঐ সমাবাযিত সমাজগত থাকিবেন।

পবন্তু কোন কার্য্যসাধন হইবার তারিখে কমিশ্যনর-দেব সংখ্যা বাহাত্তর জন ছিল না, কেবল এই কারণ

shall be deemed to be invalid by reason only that the number of the Commissioners did not amount to seventy-two at the date of the performance of such act

বলিয়া কমিশ্যনরদের কিম্বা তাঁহাদের কার্য্যকারকদের কিম্বা সভাগত কমিশ্যনরদের কাম কার্য্য অসিদ্ধ জ্ঞান হইবে না ইতি।

Penalty for taking bribe

24 Whoever, being qualified to vote or claiming to be qualified to vote at any election under this Act, accepts or obtains, or agrees to accept or attempts to obtain, for himself or for any other person, any gratification whatever, as a motive or reward for giving or forbearing to give his vote in any such election, shall be liable to a fine not exceeding one hundred rupees for every such offence, and shall for ever be disqualified from voting at any such election, and from being elected a member of the said Corporation

উৎকোচ গ্রহণের দণ্ডের কথা।

২৪ ধারা। এই আইনমতে মনোনীত করণের কোন সময়ে কোন ব্যক্তি মত জ্ঞাপন করিবার যোগ্য হইলে, কিম্বা মত জানাইবার যোগ্য বলিয়া দাওয়া রাখিলে, সেই সময়ে আপনার মত জানাইবার কি জানাইতে ক্ষান্ত থাকিবার প্রবৃত্তি কি পুরস্কারস্বরূপ আপনার কি অন্য কাহার নিমিত্ত কোন পারিতোষিক গ্রহণ করিলে কি প্রাপ্ত হইলে কিম্বা গ্রহণ করিতে সম্মত হইলে কিম্বা প্রাপ্ত হইতে উদ্যোগ করিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার একশত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ও তদ্রূপ মনোনীত করণের কোন সময়ে তিনি আর কখন মত জানাইবার ও ঐ সমবায়িত সমাজে মনোনীত হইবার যোগ্য হইবেন না।

Penalty for giving bribe

And whoever, by any gift or reward, or by any promise, agreement, or security for any gift or reward, corrupts or procures, or offers to corrupt or procure, any person to give or forbear to give his vote in any such election, shall be liable to a fine not exceeding five hundred rupees for every such offence, and shall for ever be disqualified from voting at any such election, and from being elected a member of the said Corporation"

উৎকোচ দেওয়ার দণ্ডের কথা।

আর তদ্রূপ মনোনীত করণের কোন সময়ে কোন ব্যক্তি কোন দান কি পুরস্কার দ্বারা কিম্বা কোন দান কি পুরস্কার দিবার কোন অঙ্গীকার কি প্রতিজ্ঞা কি প্রতিভূ দ্বারা কোন ব্যক্তিকে মত জ্ঞাপন করিবার কি মত জ্ঞাপন করণে ক্ষান্ত থাকিবার নিমিত্তে উৎকোচ দিলে কিম্বা প্রবৃত্তি জন্মাইলে কিম্বা উৎকোচ দিতে কি প্রবৃত্তি জন্মাইতে প্রস্তাব করিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও তদ্রূপ মনোনীত করণের কোন সময়ে তিনি আর কখন মত জানাইবার ও ঐ সমবায়িত সমাজে মনোনীত হইবার যোগ্য হইবেন না ইতি।

Application of municipal property and funds

25 All property vested in the Corporation, and all funds received or raised by them in accordance with the provisions of this Act, shall be applicable to the purposes expressly authorised by this Act

মুনিসিপল সম্পত্তি ও ফণ্ড প্রয়োগ করিবার কথা।

২৫ ধারা। সমবায়িত সমাজের প্রতি যত সম্পত্তি বর্ত্তে, ও এই আইনের বিধানমতে উক্ত সমাজ যত টাকা প্রাপ্ত হন বা তোলেন, এই আইনক্রমে যে কার্য্যের স্পষ্ট অনুমতি হইল কেবল সেই কার্য্যে ঐ সম্পত্তি ও টাকা প্রয়োগ করা যাইতে পারিবে ইতি।

Objects to which municipal property and funds shall be applicable

26 The purposes expressly authorised by this Act shall be held to include the objects connected with the public safety, health, and convenience hereinafter specified, that is to say —

মুনিসিপল সম্পত্তি ও ফণ্ড যেং কার্য্যে প্রয়োগ হইতে পারিবে তাহার কথা।

২৬ ধারা। এই আইনক্রমে যেং কার্য্যসাধনের স্পষ্ট অনুমতি হইল, তন্মধ্যে সাধারণের নিরাপদ ও স্বাস্থ্য ও সুবিধাজনক নিম্নলিখিত বিষয় গণ্য, অর্থাৎ—

*Public Safety*

সাধারণের নিরাপদজনক বিষয়।

(1) Defraying the cost of the Police who may be employed for the security of life and property within the Town, in the manner and to the extent mentioned in Chapter VIII

(১) নগরের মধ্যে প্রাণ ও সম্পত্তির সুরক্ষার জন্যে যে পোলীস নিযুক্ত থাকে, ৮ অধ্যায়ে যে প্রকারে ও যত দূর উল্লেখ হইয়াছে সেই প্রকারে ও তত দূর তাহাদের খরচ দেওয়া।

(2) Provision for lighting the public streets, places, and buildings, and for the securing or removal of dangerous places, buildings, and trades

(২) সরকারী রাস্তায় ও স্থানে ও গৃহাদিতে আলো দিবার, ও সঙ্কটজনক স্থান ও গৃহাদি ও ব্যবসায় আশঙ্কা হইতে রক্ষা করিবার বা তাহা উঠাইয়া দিবার খরচ দেওয়া।

*Public Health*

(1) Defraying the cost of the maintenance of Hospitals and of charges of Vaccination, Registration of Births, Deaths, and Marriages, and taking a Census

(2) Construction and maintenance of public markets and slaughter-houses, latrines, privies, depots for the deposit or discharge of night-soil, urinals, drains, sewers, drainage-works, water-works, bathing-ghâts, drinking fountains, tanks, wells, squares, and gardens, reclamation of unhealthy localities, and the like

(3) Cleansing and watering of streets, sewers, scavenging, removal of noxious vegetation, and generally the abatement of all nuisances

(4) Regulation of offensive trades, and burial and burning grounds, and the removal of and providing sites for the same

*Public Convenience*

(1) Construction, maintenance, and alteration of streets, bridges, causeways, culverts, and the like, regulation of buildings, naming streets and numbering houses, planting trees, and removal of obstructions and projections

(2) Erection and maintenance of public halls, offices, police stations, lock-ups, and other buildings under the control of the Corporation, or required for municipal or police purposes

(3) Survey of houses and preparation of plans

And generally all objects connected with the public safety, health and convenience

PART II.—*Of the Duties of the Corporation*

Duties of Commissioners

27 It shall be the duty of the Commissioners, and they are hereby required, to

(1) provide for the payment of the interest on the municipal debt in the manner prescribed by section three hundred and thirty-seven,

(2) provide for the establishment of a reserve fund in the manner prescribed by the said section,

(3) provide such funds as may be necessary for the maintenance of the police in the manner and to the extent mentioned in Chapter VIII,

(4) complete and extend throughout the Town the new underground drainage works now under construction, and for that purpose to expend annually a sum, being not less than one lakh and a half of rupees, or, with the sanction of the Local Government, any sum less than the above amount, to be raised as provided by section three hundred and thirty-four;

সাধারণের স্বাস্থ্য জনক বিষয়।

(১) হাস্পাতালের ব্যয়পোষণ ও টীকাদান, ও লোকদের জন্ম ও মৃত্যু ও বিবাহ রেজিষ্টরী করণ ও লোক সংখ্যাগ্রহণ করিবার খরচ দেওন।

(২) সাধারণের বাজার ও কুচরখানা ও শৌচস্থান ও পাইখানা ও বিষ্ঠাদি রাখিবার কি ফেলিবার স্থান ও মূত্রালয় ও নৰ্দ্দমা ও জুলি ও জল নির্গত হইবার উপায়, ও জলের কল ও স্নানের ঘাট ও পানীয় জলের থাম, ও পুষ্করিণী ও কূপ ও চত্বর ও উদ্যান করণ, ও অস্বাস্থ্যকর স্থানের সংস্করণ ইত্যাদি।

(৩) পথ ও নর্দমা পরিষ্কারকরণ ও জলদেওন, ও মল তুলিয়া ফেলন ও অস্বাস্থ্যকর জঙ্গলাদি নষ্ট করণ, ও সর্ব্বপ্রকার অনিষ্টজনক বিষয়ের নিবারণ।

(৪) দুর্গন্ধজনক ব্যবসায় ও কবর স্থান ও শ্মশান সম্বন্ধীয় নিয়মকরণ, ও তাহা উঠাইয়া দিয়া স্থানান্তর নিরূপণ করণ।

সাধারণের সুবিধা জনক বিষয়।

(১) পথ ও সাঁকো ও বাঁধাপথ ও কলবর্ট প্রভৃতির নির্ম্মাণ, ও রক্ষা ও পরিবর্ত্তন করা, ও গৃহাদির সুনিয়ম করা, ও পথের নাম দেওয়, ও গৃহাদির নম্বর দেওয়া, ও বৃক্ষ রোপণ করা, ও বাধাজনক বিষয় ও পথের উপর যে বিষয় বাড়াইয়া থাকে তাহা স্থানান্তর করণ।

(২) সাধারণের সভাগৃহ, ও আফিস, ও পোলীস থানা ও কোৎখানা ও অন্য যেং ঘর সমাবায়িত সমাজের অধীন থাকিবে, কিম্বা মুনিসিপল বা পোলীস সম্বন্ধীয় কার্য্যে যেং ঘরের প্রয়োজন হয় তন্নির্ম্মাণ ও রক্ষা করণ।

(৩) গৃহাদির অবস্থানুসন্ধান লওন ও নক্সা প্রস্তুত করণ।

এবং সাধারণের নিরাপদ ও স্বাস্থ্য ও সুবিধাজনক নানা বিষয় ইতি।

দ্বিতীয় পরিচ্ছেদ।—সমাবায়িত সমাজের কর্ত্তব্য কর্ম্মের কথা।

কমিশ্যনরদের কর্ত্তব্য কর্ম্মের কথা।

২৭ ধারা। কমিশ্যনরদের কর্ত্তব্য কর্ম্ম এইং, ও তাঁহাদের প্রতি এইং কর্ম্ম করিবার আদেশ থাকিল,

(১) তাঁহারা ৩৩৭ ধারার বিধানমতে মুনিসিপল ঋণের সুদ দিবার বিধান করিবেন।

(২) ঐ ধারার বিধানমতে ধন সঞ্চয় করিয়া রাখিবার বিধান করিবেন।

(৩) অষ্টম অধ্যায়ে যে প্রকারে ও যত দূর লেখা হইয়াছে তাঁহারা সেই প্রকারে ও তত দূর পোলীসের ব্যয়পোষণার্থ আবশ্যক টাকার বিধান করিবেন।

(৪) মাটির নীচে জল নির্গত হইবার নর্দ্দমার যে কার্য্য এইক্ষণে নির্ব্বাহ হইতেছে তাঁহারা নগরের সর্ব্বত্র সেই কার্য্য সমাপ্ত করিবেন ও চালাইবেন, তজ্জন্যতুক তাঁহারা বৎসরং দেড় লক্ষ টাকার কম খরচ করিবেন না; কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি পাইলে তাহার কম টাকা খরচ করিতে পারিবেন। ৩৩৪ ধারার বিধানমতে তাঁহাদের সেই টাকা তুলিতে হইবে।

(5) maintain a water-supply in the manner and to the extent mentioned in Chapter VII,

(৫) সপ্তম অধ্যাযে যে প্রকাবে ও যত দূর লেখা হইয়াছে তাঁহাবা সেই প্রকাবে ও তত দূব জল যোগা-ইয়া রাখিবেন।

(6) make adequate and suitable provision for the cleaning and the conservancy of the town, and to provide such funds as may be necessary for that purpose

(৬) নগব পরিষ্কাব কবিবাব ও পবিপাটীরূপে বাখিবাব যথোচিত ও উপযুক্ত বিধান করিবেন ও তদর্থে যত টাকা অবশ্যক তত টাকাব বিধান কবিবেন ইতি।

Local Government may appoint a Commission

28 If it shall appear to the Local Government that the Commissioners have failed to make adequate and suitable provision for the cleaning and the conservancy of the Town to an extent likely to be prejudicial to the health of the inhabitants of the Town, or of any part thereof, the Local Government may, by notification in the *Calcutta Gazette*, appoint a Commission, consisting of three persons, of whom one shall be the Sanitary Commissioner for Bengal, or the Senior Medical Officer of the Presidency, the second shall be appointed by the Commissioners in meeting within thirty days of the date of the said notification, or in their default, by the Local Government, and the third by the Local Government, and the Local Government shall order the members of the said Commission to report within a certain time, to be fixed by the Local Government, whether they are of opinion that the cleaning and the conservancy of the Town are defective to an extent likely to be prejudicial to the health of the inhabitants of the town, or of any part thereof, and, if they shall be of such opinion, to specify in their report what further provision should be made for the cleaning and the conservancy of the Town up to the end of the year then current, or of the year next succeeding, as may be directed by the Local Government, and to submit an estimate of the cost of the said further provision

স্থানীয় গবর্ণমেণ্টের কমিশ্যান নিযুক্ত কবিবাব কথা।

২৮ ধাবা। যাহাতে নগববাসি, কিম্বা নগবেব কোন অংশ বাসি লোকদেব স্বাস্থ্যেব বিঘ্ন জন্মিতে পাবে, কমিশ্যনবেবা এত দূর নগব পবিষ্কাব কবিবাব ও পবিপাটিরূপে রাখিবাব যথোচিত ও উপযুক্ত বিধান কবিতে ত্রুটি কবিষাছেন, স্থানীয গবর্ণমেণ্ট ইহা দেখিতে পাইলে, কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ কবিষা তিন ব্যক্তির কমিশ্যন নিযুক্ত কবিতে পাবিবেন। ইঁহাদেব মধ্যে বঙ্গদেশেব স্বাস্থ্য বক্ষার্থ কমিশ্যনব কিম্বা বাজধানীব পদজ্যেষ্ঠ চিকিৎসক এক জন হইবেন। কমিশ্যনবেরা ঐ জ্ঞাপনপত্রেব তাবিখ অবধি ত্রিশ দিনেব মধ্যে সভাগত হইযা দ্বিতীয ব্যক্তিকে নিযুক্ত কবিবেন, না কবিলে স্থানীয গবর্ণমেণ্ট তাঁহাকে নিযুক্ত কবিবেন। তৃতীয ব্যক্তিকে স্থানীয গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিযুক্ত কবা যাইবে। ও যাহাতে নগববাসি কিম্বা নগরেব কোন অংশবাসি লোকদেব স্বাস্থ্যেব বিঘ্ন হইতে পাবে এই পর্য্যন্ত নগব পবিষ্কার কবিবাব কি পবিপাটিরূপে বাখি-বাব ত্রুটি হইযাছে কি না, স্থানীয গবর্ণমেণ্ট সময নিরূপণ কবিযা ঐ কমিশ্যনেব ব্যক্তিদিগকে সেই সমযেব মধ্যে এই বিষযে আপনাদেব অভিমত বিপোর্ট কবিতে আজ্ঞা দিবেন, ও ত্রুটি হইযাছে তাঁহাদেব এই মত থাকিলে, সেই বৎসবেব অবসান পর্য্যন্ত কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট আজ্ঞা করিলে আগামি বৎসবেব অবসান পর্য্যন্ত নগব পরিষ্কাব কবিবার ও পরিপটিরূপে বাখিবাব জন্যে আর যে২ বিধান কবা উচিত, আপনা-দেব বিপোর্টে তাহাও বিশেষ কবিযা লিখিতে, ও সেই২ বিধান করিতে যত টাকা খবচ লাগিবে ইহাব অনুমান-পত্র অর্পণ কবিতে আজ্ঞা দিবেন ইতি।

In default of Commissioners Local Government may carry out recommendation contained in report of the Commission

29 On receipt of the said report, the Local Government shall forward the same for the consideration of the Commissioners, and if the Commissioners shall decline to carry out the provisions recommended therein, the Local Government may order that such provisions, or any of them, or any portion of them respectively, be carried out, and thereupon it shall be the duty of the Commissioners to comply with such order, and to provide the funds mentioned in the said estimate, or such portion thereof as the Local Government may fix, and the Chairman shall forthwith carry out such order, and shall defray the cost of carrying out the same from the Municipal Fund, notwithstanding any power

কমিশ্যনের রিপোর্টে যে২ পরামর্শ দেওয়া যায় কমিশ্যনরেরা তদনুসারে কার্য্য না করিলে স্থানীয় গবর্ণমেণ্টের তাহা করিতে পারিবার কথা।

২৯ ধাবা। স্থানীয গবর্ণমেণ্ট ঐ বিপোর্ট পাইলে কমিশ্যনবদেব বিবেচনাব জন্যে পাঠাইবেন। ঐ বিপোর্টে যে২ বিধান কবিবাব পরামর্শ দেওযা গেল, কমিশ্যনবেরা তাহা সম্পাদন কবিতে সম্মত না হইলে, স্থানীয গবর্ণমেণ্ট সেই২ বিধান কিম্বা তাহাব মধ্য কোন২ বিধান কিম্বা ঐ২ বিধানের কোন অংশ সম্পাদন হইবার আজ্ঞা কবিতে পারিবেন। তাহা হইলে কমিশ্যনরদেব সেই আজ্ঞা-মতে কর্ম্ম করিতে ও উক্ত অনুমানপত্রেব লিখিত টাকা কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট ঐ টাকাব যে অংশ ধার্য্য কবেন, সেই অংশ দিতে হইবে। ও সভাপতি অগৌণেই সেই আজ্ঞানুসারে কার্য্য কবিবেন ও ৫৩ ধাবাক্রমে কমি-শ্যনরদেব প্রতি যে ক্ষমতা অর্পিত হইল তাহা সত্ত্বেও এবং এই আইনের অন্য বিধানের ভাবান্তর থাকিলেও সভা-

conferred on the Commissioners by section fifty-three, or anything to the contrary contained in any other provision of this Act

পতি মুনিসিপল ফণ্ডহইতে ঐ কার্য্য নিষ্পাদনের খরচ দিবেন।

Provided that, if there is a difference of opinion among the members of the said Commission, the opinion and report of the majority of the said members shall be held to be the opinion and report of the Commission

কিন্তু উক্ত কমিশ্যনের অন্তর্গত ব্যক্তিদের মতের অনৈক্য হইলে, তাঁহাদের অধিকাংশ ব্যক্তির যে অভিমত ও রিপোর্ট হয় তাহাই কমিশ্যনের অভিমত ও রিপোর্ট বলিয়া জ্ঞান হইবে ইতি।

## Part III.—*Of the Officers of the Corporation*

## তৃতীয় পরিচ্ছেদ।—সমবায়িত সমাজের কার্য্যকারকদের কথা।

Appointment and removal of Chairman of the Commissioners

**30** The Local Government shall from time to time appoint a proper person to be Chairman of the Commissioners

কমিশ্যনরগণের সভাপতির নিয়োগ ও অবসর করণের কথা।

৩০ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং কমিশ্যনরগণের সভাপতি পদে উপযুক্ত এক ব্যক্তিকে নিযুক্ত করিবেন।

Such Chairman may be removed from office by the Local Government if his removal be recommended by a resolution in favor of which not less than two-thirds of the Commissioners present at a special general meeting of the Commissioners shall have voted, but not otherwise

কমিশ্যনরগণের বিশেষ সাধারণ সভায় যত জন উপস্থিত হন তাঁহাদের তিন অংশের দুই অংশের অন্যূন ব্যক্তি আপনাদের মত জ্ঞাপন করিয়া নির্দ্ধারণ ক্রমে ঐ সভাপতিকে অবসর করাইবার পরামর্শ দিলে, স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে পদহইতে অবসর করিতে পারিবেন, প্রকারান্তরে নয় ইতি।

Appointment of Vice Chairman

**31** The Commissioners, at a special general meeting to be held for that purpose, may from time to time appoint, for such period as they may think fit, a proper person to be Vice-Chairman of the Commissioners

প্রতিনিধি সভাপতির নিযুক্ত হওয়ার কথা।

৩১ ধারা। কমিশ্যনরগণ প্রতিনিধি সভাপতিকে নিযুক্ত করণার্থে বিশেষ সাধারণ সভা করিয়া, যত দিনের নিমিত্তে বিহিত বোধ করেন, সময়েং তত দিনের নিমিত্ত কোন উপযুক্ত ব্যক্তিকে সেই পদে নিযুক্ত করিতে পারিবেন।

Such appointment shall be subject to the approval of the Local Government

সেই নিয়োগ হইলেও স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষা থাকিবে ইতি।

Appointment of Secretary, Engineer, Surveyor, Health Officer, Collector of Taxes, and Assessor

**32** The Commissioners may, at a special general meeting, from time to time, appoint proper persons, for such period as they may think fit, to the several offices of Secretary, of Engineer, of Surveyor, of Health Officer, of Collector of Taxes, and of Assessor for the Town, or may appoint a proper person to two or more of such appointments or to one

সেক্রেটরী, ইঞ্জিনিয়র, সরবেয়র, স্বাস্থ্যরক্ষক, টাক্স কালেক্টর ও আসেসর এইং কর্ম্মকারকদের নিয়োগের কথা।

৩২ ধারা। কমিশ্যনরগণ সময়েং বিশেষ সাধারণ সভা করিয়া যত দিন উচিত বোধ করেন তত দিনের নিমিত্ত নগরের উপলক্ষে এইং পদে, অর্থাৎ সেক্রেটরীর ও ইঞ্জিনিয়রের ও সরবেয়রের ও স্বাস্থ্যরক্ষকের ও টাক্স আদায়কারির ও টাক্স ধার্য্যকারির পদে উপযুক্ত ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে, কিম্বা উক্ত কোন দুই কি তদধিক পদে কিম্বা একং পদে উপযুক্ত একং ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন।

Every person so appointed, and also the Vice-Chairman, shall reside within the Town, and shall in all things be under the immediate orders of the Chairman, and shall perform such duties as shall be assigned by him, and may be removed by the Commissioners by a resolution in favor of which not less than two-thirds of the Commissioners present at a special general meeting shall have voted, and another person may be appointed in his place

এরম্প্রকারে নিযুক্ত প্রত্যেক ব্যক্তি এবং প্রতিনিধি সভাপতিও নগরের মধ্যে বাস করিবেন ও সর্ব্ববিষয়ে সভাপতির অব্যবহিত আজ্ঞাধীনে থাকিবেন, ও সভাপতি যেং কর্ম্ম নিরূপণ করেন তাহাই করিবেন, এবং কমিশ্যনরগণের বিশেষ সাধারণ সভায় যত জন উপস্থিত হন তাঁহাদের তিন অংশের মধ্যে অন্যূন দুই অংশ লোক আপনং মত জ্ঞাপন করিয়া উক্ত কর্ম্মকারকদের মধ্যে কোন ব্যক্তির অবসর হওনের সপক্ষে নির্দ্ধারণ করিলে তাঁহাকে অবসর ও তাঁহার পদে অন্য ব্যক্তিকে নিযুক্ত করা যাইতে পারিবে।

All appointments and resolutions under this section shall be subject to the approval of the Local Government

এই ধারামতে যে সকল নিয়োগ ও নির্দ্ধারণ হয় তদ্বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষা থাকিবে ইতি।

**33** The Chairman and Vice-Chairman shall reside within the Town, and each of them shall devote his whole time to the duties of his office, and no Chairman or Vice-Chairman shall have or engage in any other profession, trade, or business whatsoever

*Chairman and Vice Chairman to reside in Calcutta and not to engage in any other profession or trade*

Provided that—

(*a*) Any Civil or Military Officer in the service of the Government may hold the office of Chairman or Vice-Chairman, so long as such Officer shall fill no other appointment than those specified in this section

(*b*) The Chairman may also hold the office of Commissioner of Police, or of Commissioner as interpreted in section one of Bengal Act No V of 1870 (*to appoint Commissioners for making Improvements in the Port of Calcutta*) and may perform such other duties as the Local Government may from time to time assign to the Commissioner of Police

(*c*) The Chairman may also be a member of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations

(*d*) The Vice-Chairman may, with the sanction of the Local Government, be appointed to and may hold any other office in the employ of the Commissioners to which he may be appointed at a special general meeting

**34** The Chairman and the Vice-Chairman respectively may receive such allowances out of the Municipal Fund as shall be, from time to time, fixed by the Commissioners at a special general meeting

*Allowances of Chairman and Vice Chairman*

Such allowance shall not exceed—

(*a*) for the Chairman three thousand rupees a month (exclusive of house-rent, which may or may not in the discretion of the Commissioners be allowed).

(*b*) for the Vice-Chairman twelve hundred rupees a month.

All resolutions passed by the Commissioners under this section shall be subject to the approval of the Local Government.

৩৩ ধারা। সভাপতি ও প্রতিনিধি সভাপতি নগরের মধ্যে বাস করিবেন। ও তাঁহারা প্রত্যেক জন আপনং পদের কর্ম্মে সমস্ত সময় ক্ষেপণ করিবেন। সভাপতির কি প্রতিনিধি সভাপতির অন্য কোন কর্ম্ম কি বাণিজ্য ব্যবসায় থাকিবে না, ও তাঁহারা অন্য কর্ম্মে কি বাণিজ্য ব্যবসায়ে লিপ্ত হইবেন না।

*সভাপতির ও প্রতিনিধি সভাপতির কলিকাতায় বাস করিতে হইবার ও অন্য কর্ম্মে কি ব্যবসায়াদিতে লিপ্ত না থাকার কথা।*

পরন্তু—

(ক) গবর্ণমেণ্ট সরবিসের দেওয়ানী কি সৈনিক কোন কর্ম্মকারক এই ধারার নির্দ্দিষ্ট পদভিন্ন অন্য কোন পদে নিযুক্ত না থাকিলে, সভাপতির কি প্রতিনিধি সভাপতির পদ ধারণ করিতে পারিবেন।

(খ) সভাপতি পোলীস কমিশ্যনরেরও পদ, কিম্বা (কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদিগকে নিযুক্ত করণ বিষয়ক) ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ১ ধারায় কমিশ্যনর শব্দের যে অর্থ করা গিয়াছে তদনুযায়ি কমিশ্যনরেরও পদ ধারণ করিতে পারিবেন, ও স্থানীয় গবর্ণমেণ্ট পোলীস কমিশ্যনরের প্রতি সময়ানুক্রমে যেং কার্য্য অর্পণ করিয়া দেন উক্ত সভাপতি তাহাও করিতে পারিবেন।

(গ) সভাপতি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভার মেম্বরও হইতে পারিবেন।

(ঘ) বিশেষ সাধারণ সভায় প্রতিনিধি সভাপতিকে কমিশ্যনরগণের অধীন অন্য কোন পদে নিযুক্ত করা গেলে, তিনি স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে সেই পদে নিযুক্ত হইতে ও তাহা ধারণ করিতে পারিবেন ইতি।

৩৪ ধারা। কমিশ্যনরগণ সময়েং বিশেষ সাধারণ সভায় অধিবিষ্ট হইয়া সভাপতির ও প্রতিনিধি সভাপতির যত বেতন নির্দ্ধার্য্য করেন, তাঁহারা মুনিসিপল ফণ্ডহইতে ততই পাইতে পারিবেন।

*সভাপতির ও প্রতিনিধি সভাপতির বেতনের কথা।*

(ক) সভাপতি মাসে তিন সহস্র টাকার অধিক বেতন পাইবেন না। কমিশ্যনরেরা আপনাদের বিবেচনামতে ঐ বেতন ছাড়া তাঁহার ঘরের ভাড়া দিলেও দিতে পারিবেন।

(খ) প্রতিনিধি সভাপতি মাসে এক হাজার দুই শত টাকার অধিক পাইবেন না।

কমিশ্যনরেরা এই ধারামতে যে সকল বিষয় নির্দ্ধার্য করেন তাহাতে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষা থাকিবে ইতি।

35 Every Secretary, Engineer, Surveyor, Health Officer, Collector of Taxes, and Assessor, appointed as hereinbefore provided, may receive such allowance out of the Municipal Fund as shall be from time to time fixed by the Commissioners at a special general meeting

Salaries of Secretary, Engineer, &c

All resolutions passed by the Commissioners under this section shall be subject to the approval of the Local Government.

36 The Chairman may from time to time appoint all such Overseers, Clerks, Subordinate Officers, and servants, as he shall think necessary and proper to assist in carrying out this Act, and may from time to time remove any of such persons and appoint others in their place;

Appointment and remuneration of Overseers, Clerks, and Subordinate Officers

and may, with the sanction of the Commissioners in meeting, other than an ordinary meeting, pay out of the Municipal Fund such allowances to the said persons respectively, or, in case of absence on leave, such portion thereof as he shall think reasonable, Provided that the allowances of the offices filled by the said persons shall have been sanctioned in meeting, other than an ordinary meeting

But no person shall be appointed to, or removed from, any office the monthly salary of which exceeds two hundred rupees, without the sanction of the Commissioners in meeting, other than an ordinary meeting

37 The Commissioners may in meeting, other than an ordinary meeting, with the sanction of the Local Government, grant such leave of absence to the Chairman or any Officer appointed under sections thirty-one and thirty-two, and may, if such officer be other than the Chairman, make such arrangements for carrying on the duties of his office during his absence on leave as shall to them seem proper

Commissioners to grant leave of absence, &c, with sanction of Government

In any case in which leave of absence shall be granted to the Chairman, the Local Government shall appoint one of the Commissioners to act as Chairman in his place, or shall make such other arrangements for carrying on the duties of the office as to it shall seem proper.

Any person appointed under this section to act for the Chairman or any other Officer shall, while so acting, have all the powers and be liable to all the restrictions, limitations, and provisions,

৩৫ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে যে সেক্রেটরী ও ইঞ্জিনিয়র ও সরবেয়র ও স্বাস্থ্যরক্ষক ও টাক্স আদায়কারী ও আসেসর অর্থাৎ টাক্স ধার্য্যকারী নিযুক্ত হন, কমিশ্যনরেরা সময়ে২ সাধারণ বিশেষ সভায় অধিবিষ্ট হইয়া তাঁহাদের যেং বেতন নির্দ্ধার্য্য করেন তাঁহারা মুনিসিপল ফণ্ডহইতে সেইং বেতন পাইতে পারিবেন।

সেক্রেটরী, ইঞ্জিনিয়র প্রভৃতির বেতনের কথা।

কমিশ্যনরেরা এই ধারামতে যে সকল বিষয় নির্দ্ধার্য্য করেন তাহাতে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষা থাকিবে ইতি।

৩৬ ধারা। সভাপতি এই আইনমত কার্য্য সম্পাদনের সাহায্য করিবার জন্যে যত জন ওবরসিয়র ও কেরাণী ও অধীন কর্ম্মকারক ও চাকর আবশ্যক ও উচিত জ্ঞান করেন, সময়েং তাহাদিগকে নিযুক্ত করিতে পারিবেন, এবং সময়েং তাহাদের মধ্যে কোন ব্যক্তিকে অবসরও করিয়া তাহার স্থানে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন।

ওবরসিয়র ও কেরাণী ও অধীন কর্ম্মকারকদের নিয়োগ ও বেতনের কথা।

এবং ঐং ব্যক্তিদের যত টাকা বেতন উপযুক্ত জ্ঞান করেন, নিয়মিত সভা ছাড়া অন্য সভাগত কমিশ্যনরগণের অনুমতি লইয়া, মুনিসিপল ফণ্ডহইতে তাহাদের তত টাকা বেতন দিতে, ও তাহাদের মধ্যে কেহ ছুটী লইলে সেই ছুটীর সময়ে বেতনের যে অংশ দেওয়া উচিত বোধ করেন দিতে পারিবেন। কিন্তু উক্ত ব্যক্তিরা যেং পদে থাকেন নিয়মিত সভাভিন্ন কোন সভায় সেইং পদের বেতন নিরূপণ করা আবশ্যক।

কিন্তু যে পদের বেতন মাসে দুই শত টাকার অধিক হয়, নিয়মিত সভা ছাড়া অন্য সভাগত কমিশ্যনরদের অনুমতি না হইলে, সেই পদে কোন ব্যক্তিকে নিযুক্ত করা, কিম্বা সেই পদহইতে অবসর করা যাইতে পারিবে না ইতি।

৩৭ ধারা। কমিশ্যনরগণ নিয়মিত সভাছাড়া অন্য সভায় অধিবিষ্ট হইয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া, সভাপতিকে কিম্বা ৩১ ও ৩২ ধারামতে নিযুক্ত কোন কর্ম্মকারককে যত দিনের ছুটী দেওয়া উচিত বোধ করেন দিতে পারিবেন, ও সভাপতিছাড়া অন্য কর্ম্মকারক ছুটী পাইলে তাঁহার অনুপস্থানকালে তৎপদের কর্ম্ম চালাইবার যে নিয়ম উচিত বোধ করেন করিতে পারিবেন।

গবর্ণমেণ্টের অনুমতি লইয়া কমিশ্যনরগণের ছুটীপ্রভৃতি দিতে পারিবার কথা।

সভাপতিকে ছুটী দেওয়া গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার স্থানে সভাপতির কর্ম্ম করণার্থে কমিশ্যনরগণের এক জনকে নিযুক্ত করিবেন, কিম্বা তাঁহার পদের কর্ম্ম চালাইবার অন্য যে নিয়ম উচিত বোধ করেন করিবেন।

কোন ব্যক্তি এই ধারামতে সভাপতির কি অন্য কর্ম্মকারকের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলে, এই আইনমতে ঐ সভাপতির কি অন্য কর্ম্মকারকের যে সকল ক্ষমতা থাকে, ও তাঁহাদের পক্ষে যে সকল নিষেধ ও সীমা ও

which the Chairman or other Officer for whom he may be appointed to act would, under this Act, have or be liable to

বিধান বর্ত্তে, ঐ ব্যক্তিও যত দিন ঐ কর্ম্ম করেন তত দিন তাঁহারও সেই সকল ক্ষমতা থাকিবে ও তাঁহার প্রতি ঐ সকল নিষেধ ও সীমা ও বিধান বর্ত্তিবে ইতি।

Allowances during absence on leave

38 In any case in which leave of absence shall be granted under the last preceding section, the Commissioners may in meeting, other than an ordinary meeting, by a resolution in favor of which not less than two-thirds of the Commissioners present at the meeting shall have voted, with the sanction of the Local Government, out of the Municipal Fund, pay to the Chairman or other Officer aforesaid such allowance during absence on leave as shall to them seem proper

ছুটীর সময়ে বেতনের কথা।

৩৮ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে সভাপতিকে কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারককে ছুটী দেওয়া গেলে, নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত কমিশ্যনরগণের তিন অংশের মধ্যে অন্যূন দুই অংশের লোক মত প্রকাশ করণপূর্ব্বক যে নির্দ্ধারণের সপক্ষ হন, তদনুসারে ছুটীর সময়ে ঐ কার্য্যকারকের যত বেতন পাওয়া বিহিত বোধ করেন, স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া মুনিসিপল ফণ্ডহইতে তাঁহাকে তত বেতন দিতে পারিবেন ইতি।

Commissioners may make rules for pensions and gratuities to their officers and servants

39 The Commissioners may in meeting, other than an ordinary meeting, by a resolution in favor of which not less than two-thirds of the Commissioners present at such meeting shall have voted, from time to time make rules for pensions and gratuities to be granted, and to be paid out of the Municipal Fund, to their officers and servants, and may repeal, alter, or add to such rules

No rule, and no repeal, or alteration of, or addition to any rule, shall have effect until the same has been confirmed by the Local Government and published in the *Calcutta Gazette*

The Commissioners may in meeting, other than an ordinary meeting, from time to time, in accordance with such rules for the time being in force, grant such pensions or gratuities to any of their officers or servants as to the Commissioners may seem fit

কর্ম্মকারকদের ও চাকরদের পেনশ্যান ও বৃত্তির বিধান কমিশ্যনরগণের করিতে পারিবার কথা।

৩৯ ধারা। নিয়মিত সভাভিন্ন কোন সভায় উপস্থিত কমিশ্যনরগণের তিন অংশের মধ্যে অন্যূন দুই অংশ-ব্যক্তি মত প্রকাশ করণপূর্ব্বক যে নির্দ্ধারণের সপক্ষ হন, কমিশ্যনরগণ তদনুসারে মুনিসিপল ফণ্ডহইতে আপনাদের কর্ম্মকারকদের ও চাকরদের পেনশ্যান ও পারিতোষিক পাইবার বিধি করিতে পারিবেন, এবং সেইং বিধি রহিত কি পরিবর্ত্তন করিতে কিম্বা তাহাতে নূতন বিধি সংযোগ করিয়া দিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্ট যত দিন অনুমোদন না করেন, ও কলিকাতা গেজেটে যত দিন প্রকাশ করা না যায়, উক্ত কোন বিধি, কিম্বা বিধির রহিত কি পরিবর্ত্তন হওয়া কিম্বা নূতন বিধি তত দিন প্রবল করা যাইবে না।

কমিশ্যনরগণ সময়েং নিয়মিত সভাভিন্ন কোন সভায় উপস্থিত হইয়া, যৎকালে যে বিধি প্রবল থাকে সেই বিধি মানিয়া, আপনাদের যে কার্য্যকারকদিগকে কি চাকরদিগকে যে পেনশ্যান কি পারিতোষিক দেওয়া বিহিত বোধ করেন দিতে পারিবেন ইতি।

Officers, &c, not to be interested in contracts made with the Commissioners

40 No Chairman or Vice-Chairman, or other officer or servant of the Commissioners shall be interested directly or indirectly in any contract made with the Commissioners, and if any such person be so interested, he shall become incapable of continuing in office or in employment as such Chairman, Vice-Chairman, or other officer or servant, and shall forfeit and pay the sum of five hundred rupees, which may be recovered by suit brought by or on behalf of the Commissioners

Provided that no person shall, by reason of being a shareholder in, or a member of, any incorporated or registered Company, be deemed interested in any contract entered into between such Company and the Commissioners

কমিশ্যনরগণের চুক্তিতে কর্ম্মকারক প্রভৃতির সম্পর্ক না থাকার কথা।

৪০ ধারা। কমিশ্যনরগণের সঙ্গে যে কোন চুক্তি করা যায় তাহাতে সভাপতির কি প্রতিনিধি সভাপতির কিম্বা কমিশ্যনরদের অন্য কর্ম্মকারকের কি চাকরের স্বার্থপক্ষে স্পষ্টরূপে কি চক্রান্তে কোন সম্পর্ক থাকিবে না। থাকিলে, সভাপতি কি প্রতিনিধি সভাপতি কিম্বা অন্য কর্ম্মকারক কি চাকর হইয়া ঐ পদে কি কর্ম্মে আর থাকিতে পারিবেন না, ও তাঁহার পাঁচ শত টাকা দণ্ড দিতে হইবে। কমিশ্যনরগণদ্বারা কিম্বা তাঁহাদের সপক্ষে মোকদ্দমা উপস্থিত হইয়া ঐ টাকা আদায় করা যাইতে পারিবে।

পরন্তু সমাবাস্থিত কি রেজিষ্টরী করা কোন কোম্পানির সঙ্গে কমিশ্যনরগণ চুক্তি করিলে, সেই কোম্পানির অংশী কিম্বা মেম্বর হওয়াপ্রযুক্ত কোন ব্যক্তিকে ঐ চুক্তিতে স্বার্থযুক্ত বলিয়া জ্ঞান করিতে হইবে না ইতি।

41 If any person employed under this Act (not being a public servant within the meaning of Section 21 of the Indian Penal Code) shall accept or obtain, or agree to accept or attempt to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than legal remuneration, as a reward for doing, or forbearing to do, any official act,

Penalty on Officers &c, taking unauthorised fees

or for showing or forbearing to show, in the exercise of his official functions, favor or disfavor to any person, or for rendering or attempting to render any service or disservice to any person, with the Commissioners or with any public servant, or with the Government, as such, he shall be punished with imprisonment, either simple or rigorous as provided in section 53 of the Indian Penal Code, for a term which may extend to three years, or with a fine not exceeding five thousand rupees, or with both

৪১ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২১ ধারার মর্ম্মানুসারে যে ব্যক্তি রাজকীয় কার্য্যকারক হন, তদ্ভিন্ন কোন ব্যক্তি এই আইন অনুসারে কর্ম্মে নিযুক্ত হইয়া সেই কর্ম্ম সম্পর্কীয় কোন কার্য্য করণের কি না করণের পুরস্কারস্বরূপ,

কর্ম্মকারকেরা বিনানুমতির পারিতোষিকাদি গ্রহণ করিলে দণ্ডের কথা।

কিম্বা আপন পদের কর্ম্মসম্পর্কীয় কোন কার্য্য করণকালে কোন ব্যক্তির প্রতি অনুগ্রহ করিবার কি না করিবার পুরস্কারস্বরূপ, কিম্বা কমিশ্যনরগণকে কি রাজকীয় অন্য কার্য্যকারককে কিম্বা গবর্ণমেণ্টকে অনুরোধ করিয়া কোন ব্যক্তির হিত কি অহিতজনক কার্য্য করিবার কি করিতে চেষ্টা করিবার নিমিত্তে কাহারো স্থানে আপনার বৈধ পারিশ্রমিক ছাড়া নিজের কি অন্যের নিমিত্ত পারিতোষিক গ্রহণ করিলে কি পাইলে কিম্বা গ্রহণ করিতে সম্মত হইলে কি পাইবার উদ্যোগ করিলে, তাহার তিন বৎসরের অনধিক কাল ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৫৩ ধারার নির্দ্দিষ্টমতে সামান্য কি কঠোর কারাদণ্ড, কিম্বা পাঁচ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড, কি ঐ উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

## PART IV.—*Of the Mode of transacting Business and entering into Contracts*

## চতুর্থ পরিচ্ছেদ।—কার্য্যনির্ব্বাহ করিবার ও চুক্তি করিয়া লইবার নিয়মের কথা।

42 The Commissioners shall provide and keep an office within the Town, and shall at such office, and during all days of business, keep open a book in which shall be entered all reasonable complaints made, orally or by letter, by any inhabitant, or the owner, or occupier of any house or land within the Town, of any matter cognizable by the Commissioners,

Commissioners to provide an office and keep a book for entry of complaints

and the proper Officer of the Commissioners shall forthwith enquire into the truth of all such complaints, and report thereon to the Commissioners, and such report shall be entered in the said book, and such book shall be open, at all reasonable times, to any inhabitant, or owner, or occupier of any house or land within the Town

৪২ ধারা। কমিশ্যনরগণ নগরের মধ্যে আফিস অর্থাৎ কার্য্যালয় নিরূপণ করিয়া রাখিবেন। এবং একখানি বহী রাখিয়া যে বিষয় কমিশ্যনরগণের বিচার্য্য হয়, নগরনিবাসি কোন ব্যক্তি কিম্বা নগরের অন্তর্গত কোন ঘরের কি ভূমির স্বামী কি প্রজা বাক্য দ্বারা কি পত্রদ্বারা এমত কোন বিষয়ে যুক্তিমতে নালিশ করিলে, ঐ বহীতে লিখিয়া রাখিবেন ও কার্য্য চলনের প্রতিদিন সেই আফিসে খোলা রাখিবেন।

কমিশ্যনরগণের আফিস করিবার ও নালিশ লিখিবার বহী রাখিবার কথা।

ও কমিশ্যনরগণের উপযুক্ত কর্ম্মকারক তৎক্ষণাৎ ঐ সকল নালিশের সত্যতার তদন্ত লইয়া কমিশ্যনরগণের নিকট তদ্বিষয়ের রিপোর্ট করিবেন। সেই রিপোর্ট উক্ত বহীতে লিখিয়া দেওয়া যাইবে। ও নগরনিবাসি কোন ব্যক্তি কিম্বা নগরের অন্তর্গত কোন ঘরের কি ভূমির স্বামী কি প্রজা উপযুক্ত কোন সময়ে ঐ বহী দেখিতে পারিবেন ইতি।

43 There shall be four quarterly meetings in every year, and one ordinary meeting in every month, at which the Commissioners shall meet for the transaction of general business

Time for holding quarterly and ordinary meetings

The quarterly meetings shall be held in the months of January, April, July, and October, or in any month to which the quarterly meetings first called for the months of January, April, July, and October may be adjourned, and the ordinary meetings at such dates as the Commissioners in meeting may from time to time direct

৪৩ ধারা। কমিশ্যনরগণ সাধারণ কার্য্য নির্ব্বাহ করণার্থে তিন২ মাসান্তর প্রতি বৎসর চারিবার ও মাসে২ নিয়মিত একবার অধিবেশন করিবেন।

ত্রৈমাসিক ও নিয়মিত সভা করিবার সময়ের কথা।

জানুয়ারি ও আপ্রিল ও জুলাই ও অক্টোবর মাসে, কিম্বা ঐ২ মাসে সভা হইয়াও উপস্থিত কার্য্য নিষ্পাদন না হওয়াতে অন্য কোন মাসে সভা করিতে স্থির করা গেলে সেই২ মাসে ত্রৈমাসিক সভার অধিবেশন হইবে। ও কমিশ্যনরগণ সভাগত হইয়া সময়ে২ যে২ তারিখের আজ্ঞা করেন সেই২ তারিখে নিয়মিত সভার অধিবেশন হইবে।

Provided that no ordinary meeting need be called if there be no business to be laid before it by the Chairman or by any of the Commissioners

পরন্তু অধিবিষ্ট ব্যক্তিদের সম্মুখে অর্পণ করিবার জন্যে সভাপতির কিম্বা কমিশ্যনরগণের কোন কার্য্য না থাকিলে, নিযমিত সভা কবিবার প্রযোজন নাই ইতি।

Business at ordinary and quarterly meetings

44 The Commissioners shall, from time to time, as occasion may require, at a special meeting to be convened for that purpose or at some adjournment thereof, fix and determine the kind of business that may be transacted at the said ordinary and quarterly meetings and no business, save such kind of business, shall be transacted at such meetings

নিয়মিত ও ত্রৈমাসিক সভায় যে কার্য্য করা যাইবে তাহার কথা।

৪৪ ধারা। উক্ত নিযমিত ও ত্রৈমাসিক সভায যে২ কার্য্য করা যাইবে, কমিশ্যনরগণ সমযে২ প্রযোজনমতে বিশেষ সভা করিযা, কিম্বা তৎকালে কর্ম্ম স্থগিত বাখিয়া দিনান্তর নিরূপণ করিযা, তাহা স্থিব ও নির্দ্ধার্য্য করিবেন। ও সেই সভায সেই কার্য্য বিনা অন্য কার্য্য কবা যাইবে না।

But the Chairman may postpone the discussion of any question that may be raised at any such meeting, and refer the determination thereof to a special or special general meeting to be convened within fourteen days thereafter

কিন্তু তদ্রূপ কোন সভায কোন প্রশ্ন উত্থিত হইলে সভাপতি সাহেব তদ্বিষযেব বাদানুবাদ স্থগিত রাখিযা তৎপরে চতুর্দ্দশ দিনের মধ্যে বিশেষ কিম্বা বিশেষ সাধাবণ সভা করিযা সভাগত কমিশ্যনবগণের নির্ণযার্থে অর্পণ কবিতে পারিবেন ইতি।

Special and special general meetings may be called

45 The Chairman or, in his absence, the Vice-Chairman, may, whenever he thinks fit, and shall, upon a requisition made in writing by any ten Commissioners, call a special or special general meeting of the Commissioners

বিশেষ ও বিশেষ সাধারণ সভা করিবার কথা।

৪৫ ধাবা। সভাপতি কিম্বা তাঁহাব অনুপস্থানে প্রতিনিধি সভাপতি যে সময়ে উচিত বোধ করেন সেই সময়ে কমিশ্যনবগণকে বিশেষ সভায কিম্বা বিশেষ সাধারণ সভায আহ্বান কবিতে পাবিবেন, ও কমিশ্যনবগণেব মধ্যে দশ জনেব আদেশ থাকিলেই তাহা কবিবেন।

Previous to any such meeting, at least five days' clear notice, specifying the time and place of such intended meeting, and the purpose for which it is to be held, shall be given by advertisement in at least two of the daily newspapers published within the Town

কিন্তু তদ্রূপ সভা যে সমযে ও স্থানে ও যে কারণে কবা যাইবে, নগবে দৈনিক যে২ সম্বাদপত্র প্রকাশ হইযা থাকে তন্মধ্য কোন দুই পত্রে ন্যূনকল্পে পাঁচ দিন থাকিতে জ্ঞাপনপত্রেব ন্যায ইহার নোটিস প্রকাশ কবা যাইবে ইতি।

What business to be transacted at special and special general meetings

46 No business shall be brought before, or transacted at, any special or special general meeting other than the business specified in the notice given under the last preceding section

বিশেষ ও বিশেষ সাধারণ সভায় যে কার্য্য নির্ব্বাহ হইবে তাহার কথা।

৪৬ ধাবা। ইহাব পূর্ব্ব ধাবামতে যে নোটিস দেওযা যায, সেই নোটিসে যে কার্য্য নির্দ্দিষ্ট থাকে, কোন বিশেষ কি বিশেষ সাধারণ সভার সম্মুখে সেই কার্য্য ছাড়া অন্য কার্য্য অর্পণ কি নির্ব্বাহ করা যাইবে না।

Provided that any Commissioner may submit to a special or special general meeting any resolution beyond the matters mentioned in the notice given of such meeting, if he shall have given not less than two clear days' previous notice of his intention so to do, by leaving a copy of the resolution at the office of the Commissioners

পবন্তু ঐ অধিবেশন হইবাব নোটিসে যে২ বিষযের উল্লেখ থাকে, কোন কমিশ্যনর তদ্ভিন্ন কোন নির্দ্ধারণ উপস্থিত কবিতে চাহিলে, তিনি ন্যূনকল্পে দুই দিন থাকিতে কমিশ্যনরগণের আফিসে ঐ নির্দ্ধারণপত্রের প্রতিলিপি রাখিযা আপনার সেই কল্পনার নোটিস দিলে পব, বিশেষ কিম্বা বিশেষ সাধারণ সভাব সম্মুখে তাহা অর্পণ করিতে পারিবেন ইতি।

All questions to be decided at meetings by majority of votes

47 All acts authorized or required to be done by the Commissioners, and all questions which may come before them for decision, shall, save as is herein otherwise provided, be done, and decided by, a majority of the Commissioners present at the meeting before which the matter may be brought.

সভায় অধিকাংশ ব্যক্তির সম্মতিক্রমে প্রশ্ন নির্ণয়ের কথা।

৪৭ ধারা। কমিশ্যনবদের দ্বাবা যে সকল কর্ম্ম হইবাব অনুমতি কি আদেশ থাকে, ও নিষ্পত্তি করিবার জন্যে তাঁহাদেব সম্মুখে যে সকল প্রশ্ন উপস্থিত করা যায, এই আইনে প্রকাবান্তরের বিধান না থাকিলে, ঐ সভাগত কমিশ্যনরবৃন্দের অধিকাংশ ব্যক্তির মতানুসারে ঐ কর্ম্ম করা যাইবে ও ঐ প্রশ্ন নিষ্পত্তি হইবে ইতি।

48 The Chairman and Vice-Chairman shall attend all meetings of the Commissioners held under this Act, unless prevented by sickness or other reasonable cause; and the Chairman, or, in his absence, the Vice-Chairman, shall preside at every such meeting, and shall have a second or casting vote in all cases of equality of votes

Who to preside at meetings

৪৮ ধারা। এই আইনমতে কমিশ্যনরগণের যে সকল সভা হয়, পীড়া কিম্বা উপযুক্ত অন্য কারণে বাধা না হইলে, সভাপতি ও প্রতিনিধি সভাপতি সেই সকল সভায় উপস্থিত হইবেন। উক্ত প্রত্যেক সভায় সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি আধিপত্য করিবেন ও সভাগত ব্যক্তিদের মধ্যে যত জনের এক মত হয় তত জনের ভিন্ন মত থাকিলে, তাঁহারই মতের প্রাবল্য হইবে।

সভায় কে সভাপতি হইবেন তাহার কথা।

In the absence of both the Chairman and Vice-Chairman, the Commissioners present at any meeting shall choose some one of their number to preside, who shall, in case of equality of votes, have a second or casting vote

সভাপতি ও প্রতিনিধি সভাপতি উভয়ের অনুপস্থানে, যে কমিশ্যনরগণ সভায় উপস্থিত থাকেন তাঁহারা আধিপত্য করিবার জন্যে আপনাদের মধ্যে এক ব্যক্তিকে মনোনীত করিবেন। ও কোন বিষয় লইয়া যত ব্যক্তি এক পক্ষ হন তত ব্যক্তি বিপক্ষ হইলে তাঁহার মত প্রবল হইবে।

The President of any meeting at which a quorum of the Commissioners shall be present, may, with the consent of the meeting, adjourn the meeting from time to time, and from place to place, but no business shall be transacted at any adjourned meeting, other than the business left unfinished at the meeting from which such adjournment took place

যত জন কমিশ্যনর উপস্থিত থাকিলে কার্য্য চলিতে পারিবে, তত জনের অধিবেশনে যিনি আধিপত্য করেন, তিনি সভাগত ব্যক্তিদের অনুমতিক্রমে কার্য্য স্থগিত করিয়া সভা করিবার অন্য২ সময় ও স্থান নিরূপণ করিতে পারিবেন। কিন্তু এক সময়ে কার্য্য স্থগিত হইয়া অন্য যে সময় নিরূপণ করা যায়, পূর্ব্ব অধিবেশন কালে যে কার্য্যটি সমাধা না হইয়া থাকিল তাহা ছাড়া সেই সময়ে অন্য কোন কার্য্য নির্ব্বাহ হইবে না ইতি।

49 No business shall be transacted at any meeting unless a quorum of Commissioners be present at such meeting, that is to say —

What shall constitute quorum

(a) At an ordinary meeting at least six,
(b) At a special meeting at least nine,
(c) At a special general, or quarterly meeting, at least eighteen

৪৯ ধারা। কমিশ্যনরদের যত জন উপস্থিত থাকিলে কার্য্য চলিতে পারে অধিবেশনের কোন সময়ে তত জন উপস্থিত না থাকিলে অর্থাৎ

যত জন উপস্থিত থাকিলে কার্য্য চলিতে পারিবে তাহার কথা।

(ক) নিয়মিত সভায় ন্যূনকল্পে ছয় জন,
(খ) বিশেষ সভায় ন্যূনকল্পে নয় জন,
(গ) বিশেষ সাধারণ কি ত্রৈমাসিক সভায় ন্যূনকল্পে আঠারো জন উপস্থিত না থাকিলে, কোন কার্য্য করা যাইবে না।

Provided that, if at any meeting there shall not be a sufficient number of Commissioners present to form a quorum as above mentioned, the President (whether he be the Chairman or not) shall adjourn the meeting to such convenient time and place as he shall think fit, and the business which should have been brought before the original meeting had there been a quorum present, shall be brought before, and disposed of by the adjourned meeting in the usual manner, whether there be a quorum present at such adjourned meeting or not,

পরন্তু পূর্ব্বোক্তমতে যত জন উপস্থিত না থাকিলে কার্য্য চলিতে পারিবে না, সভার অধিবেশন কালে কমিশ্যনরদের তত জন উপস্থিত না হইলে, যিনি আধিপত্য করেন, সভাপতি হউন বা নাই হউন, তিনি অন্য যে সময় ও স্থান উচিত বোধ করেন অধিবেশনের কার্য্য চালাইবার সেই সময় ও স্থান নিরূপণ করিবেন। ও যত জন উপস্থিত হইলে কার্য্য চলিতে পারে পূর্ব্ব সভায় তত জন থাকিলে তাঁহাদের সম্মুখে যে কর্ম্ম উপস্থিত করা যাইত, নিরূপিত ঐ অন্য সময়ে ও স্থানে তত জন উপস্থিত থাকিলে বা না থাকিলেও সেই কর্ম্ম রীতিমতে সেই উপস্থিত ব্যক্তিদের সম্মুখে আনীত হইয়া তাঁহাদের দ্বারা নিষ্পত্তি করা যাইবে।

Provided also that no business shall be brought before an adjourned special general or quarterly meeting, unless there are at least ten Commissioners present at such adjourned meeting.

পরন্তু বিশেষ সাধারণ কি ত্রৈমাসিক সভায় কার্য্য নিষ্পাদন না হইয়া অধিবেশন করিবার অন্য সময় নিরূপণ হইলে, সেই অধিবেশনের কালে কমিশ্যনরদের ন্যূনকল্পে দশ জন না থাকিলে ঐ সভার সম্মুখে কোন কার্য্য উপস্থিত করা যাইবে না ইতি।

**50** Minutes of the proceedings of all meetings shall be drawn up and fairly entered in a book to be kept for that purpose, and shall be signed by the President after each meeting, and minutes of each meeting shall be laid on the table at the next subsequent meeting, and the said Minutes shall, at all reasonable times, be open at the office of the Commissioners to the inspection of any Commissioner without charge, and of any other person on payment of a fee of eight annas

*Minutes of proceedings of meetings to be kept, and to be open for inspection*

**51** At any special general or quarterly meeting, unless a poll be demanded by at least five Commissioners, and at any special or ordinary meeting, unless a poll be demanded by at least three Commissioners, a declaration by the President that a resolution has been carried, and an entry to that effect in the Book of Proceedings of the Commissioners shall, for the purposes of this Act, be sufficient evidence of the fact, without proof of the number or proportion of the votes recorded in favor of, or against such resolution

*Declaration by President that a resolution has been carried*

**52** If a poll be demanded as in the last preceding section mentioned, the votes of all the Commissioners present who desire to vote shall be taken under the direction of the President, and the result of such poll shall be deemed to be the resolution of the Commissioners at such meeting

*Poll how to be taken*

**53** The Chairman or Vice-Chairman shall, except upon such holidays as shall be allowed by the Government, and unless prevented by sickness or other reasonable cause, attend daily at the office of the Commissioners for the transaction of business connected with or arising under this Act, and, when so attending, shall have all the powers vested by this Act in the Commissioners, and they may respectively exercise the like powers at all times in carrying out the orders of the Commissioners, or in executing any work sanctioned by them, and generally in the management of the business aforesaid

*Chairman or Vice Chairman to attend daily for the transaction of business, and to exercise the powers of the Commissioners*

৫০ ধারা। সকল অধিবেশন কালে যে২ কার্য্য করা যায় তাহার বর্ণনা এক খানি বহীতে স্পষ্ট করিয়া লেখা যাইবে। অধিবেশনকার্য্য সমাপ্ত হইলে পর সভাপতি তাহাতে স্বাক্ষর করিবেন। এবং এক সভার যে কার্য্যের বর্ণনা লেখা যায় তৎপশ্চাৎ ঐ সভাব অধিবেশন হইলে তাহা সভার সম্মুখে অর্পণ করা যাইবে, ও সেই মিনিট বহী কমিশ্যনবগণেব আফিসে থাকিবে, কোন কমিশ্যনব উপযুক্ত কোন সময়ে বিনা খরচে তাহা দেখিতে পাইবেন, ও অন্য কোন ব্যক্তি ।।০ আনা ফী দিয়া দেখিতে পাইবেন ইতি।

*কমিশ্যনরগণের আনুষ্ঠানিক কার্য্যের বর্ণনাপত্র রাখিবার ও নিরীক্ষণের জন্যে খোলা থাকিবার কথা।*

৫১ ধারা। বিশেষ সাধারণ অথবা ত্রৈমাসিক কোন সভায় কমিশ্যনবগণের মধ্যে ন্যূনকল্পে পাঁচ জন, ও বিশেষ কি নিয়মিত কোন সভায় কমিশ্যনবগণেব মধ্যে ন্যূনকল্পে তিন জন, সভাগত প্রত্যেক ব্যক্তিব মত গ্রহণ করিবার দাওয়া না কবিলে, নির্দ্ধাবণ গ্রাহ্য হইযাছে সভাপতি এই কথা প্রকাশ করিলেই এবং কমিশ্যনবগণেব আনুষ্ঠানিক কার্য্যেব বর্ণনা বহীতে সেই মর্ম্মের কথা লেখা গেলেই, ঐ নির্দ্ধাবণের সপক্ষে কি বিপক্ষে যত জনেব কিম্বা উপস্থিত ব্যক্তিদেব যে অংশের মত লিপিবদ্ধ হইল ইহাব প্রমাণ না লইয়া, এই আইনেব কার্য্যপক্ষে সভাপতিব সেই কথাই ও তাহা লিখিত হওযাই ঐ নির্দ্ধাবণসিদ্ধির প্রচুব প্রমাণ হইবে ইতি।

*নির্দ্ধারণ গ্রাহ্য হইয়াছে সভাপতির এই কথা প্রকাশ করিবার কথা।*

৫২ ধারা। ইহার পূর্ব্ব ধাবামতে প্রত্যেক ব্যক্তির মত গ্রহণ কবিবাব দাওযা হইলে, কমিশ্যনবগণেব যত জন মত জানাইতে চাহেন সভাপতিব আদেশানুসারে তাঁহাদেব সকলেব মত লওযা যাইবে, ও সেইং মতানুসারে যে যল হয তাহাই সেই অধিবেশন কালে কমিশ্যনবগণের নির্দ্ধারণ বলিযা জ্ঞান হইবে ইতি।

*ব্যক্তিবিশেষের মত যেরূপে লওয়া যাইবে তাহার কথা।*

৫৩ ধারা। গবর্ণমেণ্ট বন্দেব যেং দিনেব অনুমতি দেন সেইং দিন ছাডা পীডা কিম্বা অন্য উপযুক্ত কারণে বাধা না হইলে, সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি প্রতিদিন কমিশ্যনরগণেব আফিসে উপস্থিত হইযা এই আইন সম্পর্কীয় কি এই আইনদ্বারা উত্থিত নানা কার্য্য নির্ব্বাহ করিবেন। ও তদ্রূপে উপস্থিত হইলে, এই আইনক্রমে কমিশ্যনরগণের প্রতি যে সকল ক্ষমতা অর্পণ করা গেল তাঁহার সেই সকল ক্ষমতা থাকিবে। ও কমিশ্যনবগণের আজ্ঞা সফল কবণার্থে কিম্বা তাঁহারা যে কোন কার্য্য হইবাব অনুমতি দেন সেই কার্য্য সম্পাদনবরণার্থে, ও সাধারণমতে পূর্ব্বোক্ত কার্য্যেব অধ্যক্ষতা করণার্থে, ঐ সভাপতি কি প্রতিনিধি সভাপতি সর্ব্বদাই সেই সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

*কার্য্য নির্ব্বাহ করিবার ও কমিশ্যনরগণের ক্ষমতামতে কার্য্য করিবার জন্যে সভাপতির কি প্রতিনিধি সভাপতির প্রতিদিন উপস্থিত হইবার কথা।*

Provided that no Chairman or Vice-Chairman shall act in opposition to, or contravention of, any order of the Commissioners, or exercise any power which by this Act is directed to be exercised only by the Commissioners in meeting

**54** The Commissioners may enter into and perform all such contracts as may be necessary for carrying this Act into effect

Mode of contracting by, and on behalf of, the Commissioners

Every contract made on behalf of the Commissioners in respect of any sum exceeding one thousand rupees, or in respect of any property exceeding one thousand rupees in value, shall be in writing, and signed by the Chairman (or, in his absence, by the Vice-Chairman), and two other Commissioners, and shall be sealed with the seal of the Commissioners, and no such contract shall be made without inviting tenders thereon, and without the approval of a Committee of the Commissioners

Unless so executed it shall not be binding on the Commissioners

The Commissioners may compound with any contractor or other person in respect of any penalty or damages incurred by reason of the non-performance of any contract entered into as aforesaid, whether such penalty be mentioned in any such contract or otherwise, for such sums of money or other recompense as to the Commissioners may seem proper

**55** The Commissioners in meeting may from time to time appoint, from among the Commissioners, such and so many Committees, either of a general or of a special nature, and consisting of such number of persons as they may think fit, for the purpose of inquiring into, and reporting upon, any matter connected with the conservancy or improvement of the Town, or of advising and aiding the Chairman in the discharge of any portion of his executive duties, which in the discretion of the Commissioners would be better regulated or managed with the advice and aid of any such Committee

Commissioners may appoint Committees

Provided that the Chairman or Vice-Chairman shall be a member of every such Committee, and that the proceedings of every such Committee shall be submitted to the Commissioners at a meeting,

Provided also that in cases where the Chairman and the majority of the Committee differ on any

পরন্তু সভাপতি কি প্রতিনিধি সভাপতি কমিশ্যনরগণের কোন আজ্ঞার বিপরীতে কি অন্যথায় কার্য্য করিবেন না, কিম্বা এই আইনে কেবল সভাগত কমিশ্যনরগণের প্রতি যে ক্ষমতানুসারে কার্য্য করিবার অনুমতি হইল সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন না ইতি।

৫৪ ধারা। এই আইন সফল করিবার জন্যে যে সকল চুক্তি করিয়া লওয়া আবশ্যক, কমিশ্যনরগণ সেই চুক্তি লইতে ও তদনুসারে কার্য্য করিতে পারিবেন।

কমিশ্যনরগণের কিম্বা তাঁহাদের পক্ষে চুক্তি লওনের নিয়মের কথা।

কমিশ্যনরগণের পক্ষে এক সহস্রের অধিক টাকার কিম্বা এক সহস্র টাকার অধিক মূল্যের সম্পত্তির বিষয়ে যে চুক্তি করা যায়, তাহা লিখিয়া লওয়া যাইবে। সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি ও দুই জন কমিশ্যনর ঐ চুক্তিপত্রে স্বাক্ষর করিবেন, ও কমিশ্যনরগণের মোহরে তাহা মোহরাঙ্কিত হইবে। আর তাহা সাধনার্থে টেণ্ডর না চাহিলে ও কমিশ্যনরদের কমিটী তাহার অনুমোদন না করিলে তদ্রূপ কোন চুক্তি করা যাইবে না।

চুক্তিপত্র তদ্রূপে সম্পাদন না হইলে, কমিশ্যনরগণ তদ্দ্বারা বদ্ধ হইবেন না।

পূর্ব্বোক্তমতে যে চুক্তি করা যায়, তদনুসারে কার্য্য না হওনপ্রযুক্ত দণ্ড কি হানিপূরণের টাকা আদায় করিতে হইলে, সেই দণ্ডের কথা চুক্তিপত্রে উল্লেখ হইলে বা না হইলেও, কমিশ্যনরগণ যত টাকা লওয়া কিম্বা অন্য যে প্রতিকার গ্রহণ করা উচিত জ্ঞান করেন, ঐ চুক্তিকারির কিম্বা অন্য ব্যক্তির সঙ্গে ঐ দণ্ডের উপলক্ষে তত টাকা রফা করিয়া লইতে পারিবেন ইতি।

৫৫ ধারা। নগর পরিষ্কার ভাবে রাখন কি উৎকৃষ্ট করণ সম্বন্ধীয় কোন বিষয়ের তদন্ত লইয়া রিপোর্ট করিবার জন্যে, কিম্বা সভাপতির যে সকল কর্ম্ম নির্ব্বাহ করিতে হইবে কমিশ্যনরদের বিবেচনায় কমিটীর পরামর্শ ও সহায়তা থাকিলে ঐ কার্য্যের কোন অংশের সুবিধান ও সুনিয়ম হইতে পারিলে, ঐ সভাপতিকে পরামর্শ দেওনের ও তাঁহার সহায়তা করণের জন্যে, কমিশ্যনরগণ সভায় অধিবিষ্ট হইয়া সময়ে২ আপনাদের মধ্যে যত জনকে নিযুক্ত করা বিহিত বোধ করেন তাঁহাদিগকে সাধারণ কি বিশেষ কর্ম্মসম্পর্কে এক কি কএক কমিটী করিয়া নিযুক্ত করিতে পারিবেন।

কমিশ্যনরদের কমিটী নিযুক্ত করিতে পারিবার কথা।

পরন্তু সভাপতি কি প্রতিনিধি সভাপতি উক্ত প্রত্যেক কমিটীর অন্তর্গত থাকিবেন, ও উক্ত প্রত্যেক কমিটী যে২ কার্য্যানুষ্ঠান করেন তাহা সভাগত কমিশ্যনরদের সম্মুখে অর্পিত হইবে।

আরো কমিটীর অধিকাংশ ব্যক্তির মতের সঙ্গে সভাপতির মতের ঐক্য না হইলে, কমিশ্যনরগণ যত দিন

matter, no action shall be taken in respect of such matter until it be disposed of by the Commissioners in meeting

PART V.—*Of the Estimates of Income, Expenditure, and Audit*

56. At the quarterly meeting to be held in the month of October in each year, the Chairman shall lay before the Commissioners a Budget or Estimate, prepared by him, of the income and expenditure of the Commissioners (not mentioned in Chapter VIII) for the year commencing on the first day of January then next succeeding, in such detail and form as the Commissioners shall from time to time, by order passed at a quarterly or special general meeting, direct

A Budget or Estimate of income and expenditure to be submitted annually to the Commissioners.

Such Budget shall be completed and printed, and a copy thereof, as far as may be practicable, sent by post or otherwise to each of the Commissioners resident within twenty miles of Government House, at least seven days prior to the meeting before which the Budget is to be laid.

57. The Budget shall show what expenditure it is proposed to incur during the period to which it relates, and the manner in which it is proposed to meet such expenditure

Budget of expenditure

Provided that nothing contained in this section shall preclude the Commissioners in meeting from sanctioning expenditure not provided for in the Budget

58. It shall be in the discretion of the Commissioners at the meeting referred to in section fifty-six to pass or to reject, or to modify, the estimates of all or any sums entered in the Budget

Revision and passing of estimates

No new work or series of works, the entire estimated cost of which shall exceed fifty thousand rupees, shall be commenced without the sanction of the Local Government

59. The accounts of the receipts and expenditure of the Commissioners shall be audited and examined at least once in every year at such time and by such auditors as shall, from time to time, be appointed by the Local Government

Accounts to be audited and examined

সভাগত হইয়া সেই বিষয় নিষ্পত্তি না করেন তত দিন সেই বিষয়ে কোন কার্য্য করা যাইবে না ইতি।

পঞ্চম পরিচ্ছেদ।—আয় ব্যয়ের অনুমানপত্রের ও আডিটের কথা।

৫৬ ধারা। প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি এক বৎসর পর্য্যন্ত (৮ অধ্যায়ের লিখিত আয় ব্যয় ছাড়া) কমিশ্যনরদের যত আয় ব্যয়ের সম্ভাবনা, সভাপতি ইহার বজেট প্রস্তুত করিয়া তৎপূর্ব্ব অক্টোবর মাসের ত্রৈমাসিক সভায় কমিশ্যনরগণের সম্মুখে সেই আয় ব্যয়ের অনুমানপত্র অর্পণ করিবেন। তন্মধ্যে বিস্তারিত যেং কথা, ও তাহা যে পাঠে লিখিতে হইবে, কমিশ্যনরগণ সময়েং ত্রৈমাসিক কিম্বা বিশেষ সাধারণ সভায় অধিবিষ্ট হইয়া এই বিষয়ের যে আজ্ঞা করেন, ঐ অনুমানপত্র সেই আজ্ঞামতে প্রস্তুত করা যাইবে।

আয় ব্যয়ের অনুমানপত্র বৎসরং কমিশ্যনরগণের সম্মুখে অর্পণ করিবার কথা।

সভার অধিবেশনের যে দিনে ঐ অনুমানপত্র কমিশ্যনরদের সম্মুখে অর্পণ করা যাইবে, তৎপূর্ব্ব ন্যূনকল্পে সাত দিন থাকিতে ঐ অনুমানপত্র প্রস্তুত হইয়া ছাপা হইবে, ও যত দূর হইতে পারে গবর্ণমেণ্ট হৌস-হইতে বিশ মাইলের মধ্যে যত জন কমিশ্যনর বাস করেন তাঁহাদের প্রত্যেক জনের নিকট ডাকযোগে কি প্রকারান্তরে একং খানি পাঠান যাইবে ইতি।

৫৭ ধারা। ঐ অনুমানপত্র যে সময়ের উপলক্ষে করা যায়, সেই সময়ের মধ্যে যে কার্য্যের নিমিত্ত যত টাকা ব্যয় করিবার, ও সেই ব্যয় পোষণের যে উপায় করিবার প্রস্তাব হয়, ঐ অনুমানপত্রে এইং কথা লেখা থাকিবে।

ব্যয়ের অনুমানপত্রের কথা।

পরন্তু সেই অনুমানপত্রে যাহা লেখা নাই, এই বিধির কোন কথা দ্বারা কমিশ্যনরেরা সভাগত হইয়া সেই বিষয়ে অর্থ ব্যয় করিবার অনুমতি দিতে নিবৃত্ত হইলেন না ইতি।

৫৮ ধারা। ঐ বজেটে (অর্থাৎ অনুমানপত্রে) যে বিষয়োপলক্ষে যত টাকা ধরা যায় কমিশ্যনরগণ ৫৬ ধারার উল্লিখিত সভার অধিবেশনকালে আপনাদের বিবেচনামতে তাহা গ্রাহ্য কি অগ্রাহ্য কি মতান্তর করিতে পারিবেন।

অনুমানপত্র পুনরালোচনা করিয়া গ্রাহ্য করিবার কথা।

যে কর্ম্মে মোটে পঞ্চাশ হাজার টাকার অধিক খরচ হইবার সম্ভাবনা, স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি বিনা এমত কোন নূতন কর্ম্ম কি কর্ম্মশ্রেণী আরম্ভ করিতে হইবে না ইতি।

৫৯ ধারা। কমিশ্যনরগণের আয় ব্যয়ের সকল হিসাব প্রতিবৎসর ন্যূনকল্পে একবার, স্থানীয় গবর্ণমেণ্ট যে সময় নিরূপণ করেন সেই সময়ে, এবং সময়েং যে আডিটরদিগকে নিযুক্ত করেন তাঁহাদের দ্বারা, আডিট হইয়া পরীক্ষা করা যাইবে ইতি।

হিসাব সকল আডিট করিয়া পরীক্ষা করিবার কথা।

60 For the purposes of any audit and examination of accounts under this Act, the auditors may, by summons in writing, require the production before them of all books, deeds, contracts, accounts, vouchers, and all other documents and papers which they may deem necessary, and may require any person holding or accountable for any such books, deeds, contracts, accounts, vouchers, documents, or papers, to appear before them at any such audit and examination, or adjournment thereof, and to make and sign a declaration with respect to the same

Powers of auditors

৬০ ধারা। এই আইনমতে হিসাব আডিট কবিবার ও পবীক্ষা করিষা দেখিবার জন্যে আডিটরেরা যেং বহী ও দলীল ও চুক্তিপত্র ও হিসাব ও বৌচব ও অন্য যে সকল নিদর্শনপত্র ও কাগজপত্র দেখা আবশ্যক জ্ঞান করেন, তাঁহারা সমন লিখিয়া, আপনাদের নিকট তাহা আনাইবার আজ্ঞা দিতে পারিবেন, ও তদ্রূপ কোন বহী কি দলীল কি চুক্তিপত্র কি হিসাব কি বৌচর কি নিদর্শনপত্র কি কাগজপত্র যে ব্যক্তির নিকট থাকে, কিম্বা যে ব্যক্তি ঐ বহীপ্রভৃতির নিমিত্ত দাযী হন, ঐ আডিট ও পরীক্ষাকরণ সময়ে, কিম্বা তৎকালে কার্য্য স্থগিত হইযা অন্য দিন নিরূপণ হইলে সেই দিনে, ঐ ব্যক্তিকে তাঁহাদেব সম্মুখে উপস্থিত হইযা তদ্বিষয়ের প্রতিজ্ঞা কবিষা সেই প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষব করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

আডিটরদের ক্ষমতার কথা।

61 If any such person neglect or refuse to make or sign such declaration, or to produce any such books, deeds, contracts, accounts, vouchers, documents, or papers, or to make or sign such declaration, he shall be liable for every neglect or refusal to a fine not exceeding one hundred rupees, and to a further fine, not exceeding seventy rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Penalty

৬১ ধারা। কোন ব্যক্তি উক্ত প্রতিজ্ঞা কবিতে কি প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষব করিতে কিম্বা উক্ত কোন বহী কি দলীল কি চুক্তিপত্র কি হিসাব কি বৌচর কি নিদর্শনপত্র কি কাগজপত্র দেখাইতে, কিম্বা উক্ত প্রতিজ্ঞা কবিতে কি প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষব কবিতে শৈথিল্য কবিলে কি অসম্মত হইলে, তাঁহাব উক্ত প্রত্যেক বাব শৈথিল্য করণেব কি অসম্মত হওযার জন্যে এক শত টাকাব অনধিক অর্থদণ্ড হইতে পাবিবে, তদ্ভিন্ন সেই অপরাধ নির্ণয হইলে পর যত দিন ঐ অপবাধ করিতে থাকেন দিনপ্রতি তাহাব আর সত্তর টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

62 All auditors acting under this Act shall, in respect of each audit, be paid out of the Municipal Fund such reasonable remuneration as the Commissioners in meeting, other than an ordinary meeting, shall from time to time determine

Remuneration of auditors

৬২ ধাবা। কমিশ্যনবগণ নিযমিত সভাভিন্ন কোন সভায় অধিবিষ্ট হইয, সময়েং আডিটরদের পারিশ্রমিক বলিযা যুক্তিমতে যত টাকা নিরূপণ কবেন, এই আইনমতে যে সকল আডিটব কার্য্য কবেন তাঁহারা একং বাব আডিট করিলে মুনিসিপল ফণ্ডহইতে তত টাকা পাইবেন ইতি।

আডিটরদেব পারিশ্রমিকেব কথা।

63 Before each audit and examination of accounts, the Commissioners shall give ten days' notice of the time and place at which the same will be made, by advertisement in at least two of the daily newspapers, published in Calcutta, and a copy of the accounts to be audited and examined shall be deposited in the office of the Commissioners, and be open during office hours thereat, to the inspection of all persons interested for seven days before the audit and examination, and all such persons shall be at liberty to take copies of, or extracts from, the same, without the payment of any fee, and within fourteen days after the audit and examination shall have been completed, the auditors shall report upon the accounts audited and examined, and shall deliver such report to the Commissioners at a meeting, who shall cause the same to be deposited in the office of the Commissioners, and to be published in the *Calcutta Gazette*

Ten days' notice of audit to be given

৬৩ ধাবা। প্রত্যেকবাব যে সময়ে ও স্থানে হিসাব আডিট ও পরীক্ষা কবিযা দেখা যাইবে, কলিকাতায যে দৈনিক সম্বাদপত্র প্রকাশ হইয়া থাকে কমিশ্যনরগণ ন্যূনকল্পে তাহার দুই খানি পত্রে দশ দিন থাকিতে জ্ঞাপনপত্র দিয়া ঐ সময়ের ও স্থানের সংবাদ দিবেন। ও যেং হিসাব আডিট ও পরীক্ষা কবিয়া দেখিতে হইবে তাহার এক খানি নকল কমিশ্যনবগণের আফিসে রাখা যাইবে, ও তাহাতে যে কোন ব্যক্তির সম্পর্ক থাকে, তিনি আডিট ও পবীক্ষা হইবাব পূর্ব্ব সাত দিন পর্য্যন্ত আফিসের কর্ম্ম চলিবার কোন সমযে তথায় গিয়া দেখিতে পারিবেন, ও তদ্রূপ কোন ব্যক্তি ফী না দিয়া ঐ হিসাবের সমুদয কি তাহাব কোন কথা নকল করিয়া লইতে পারিবেন। আডিট ও পরীক্ষা করণ সমাপ্ত হইলে পব, আডিটরেবা চৌদ্দ দিনেব মধ্যে ঐ আডিট কবা ও পবীক্ষা কবিষা দেখা হিসাবের রিপোর্ট লিখিয়া সভাগত কমিশ্যনবদিগকে ঐ রিপোর্ট দিবেন। কমিশ্যনরগণ আপনাদের আফিসে সেই রিপোর্ট রাখিযা কলিকাতা গেজেটে প্রকাশ করাইবেন ইতি।

আডিট করিবার দশ দিন থাকিতে নোটিস দিবার কথা।

### PART VI.—*Of the Fixing of Rates.*

*Rates to be fixed at the quarterly meeting in October*

**64** At the quarterly meeting to be held in the month of October in each year as aforesaid, the Commissioners shall fix the rates at which the rates and taxes hereinafter mentioned shall be imposed for the year commencing on the first day of January then next ensuing, and the rate so fixed shall not be altered before the quarterly meeting held in the next succeeding month of October, except by a resolution passed by the Commissioners at a special general meeting

---

## CHAPTER III

### OF TAXES

### PART I—*Of the Tax on Carriages and Animals*

*Tax on carriages and animals*

**65** A tax at a rate not exceeding the rates specified in the second schedule shall be imposed upon all carriages and animals kept within the Town, and shall be payable in advance But it shall not be imposed on—

(*a*) animals belonging to Officers doing regimental duty at the Presidency, at the rate of one animal for each Officer,

(*b*) animals exempt from any municipal tax under section 25 of the Indian Volunteers' Act, 1869,

(*c*) carriages or animals belonging to the Government or to the Commissioners,

(*d*) carriages, the wheels of which do not exceed twenty-four inches in diameter

(*e*) animals under eleven hands in height,

(*f*) carriages kept for sale by *bonâ fide* dealers in such carriages and not used for any other purpose,

(*g*) animals used by, or in, any cavalry regiment, or by the Police Force

*Owners of carriages, &c., to take out license.*

**66.** The person in possession of every carriage or animal kept within the Town shall, on or before the first day of January and the first day of July in each year, forward to the office of the Commissioners, a statement in writing signed by him, containing a description of the carriages and animals in his possession liable to the tax

Such person shall at the same time pay to the Commissioners such sums as shall be payable by

### ষষ্ঠ পরিচ্ছেদ।—টাক্স প্রভৃতির হারনিরূপণের কথা।

*অকটোবর মাসের ত্রৈমাসিক সভায় হার নিরূপণ করিবার কথা।*

৬৪ ধারা। প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম দিনাবধি এক বৎসরের নিমিত্ত পশ্চাল্লিখিত কর ও টাক্স যে হারানুসারে ধার্য্য হইবে, কমিশ্যনরগণ পূর্ব্বোক্তমতে তৎপূর্ব্ব অক্টোবর মাসের ত্রৈমাসিক অধিবেশন কালে সেই হার স্থির করিবেন। ও তদ্রূপে যে হার স্থির করা যায়, তৎপশ্চাৎ অকটোবর মাসের ত্রৈমাসিক সভার পূর্ব্বে তাহা পরিবর্ত্তন করা যাইতে পারিবে না। কিন্তু কমিশ্যনরগণ বিশেষ সাধারণ সভায় নির্দ্ধারণ করিয়া তাহা পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

---

## তৃতীয় অধ্যায়।

### টাক্সের কথা।

### প্রথম পরিচ্ছেদ।—গাড়ীর ও জন্তুর উপর টাক্সের কথা।

*গাড়ীর ও জন্তুর উপর টাক্সের কথা।*

৬৫ ধারা। নগরের মধ্যে যে সকল গাড়ী ও জন্তু রাখা গিয়া থাকে দ্বিতীয় তফসীলে যে হার নির্দ্দিষ্ট হইল তাহার অনধিক হারে তাহার উপর টাক্স লওয়া যাইবে। ঐ টাক্স আগাম দিতে হইবে। কিন্তু এইং জন্তুপ্রভৃতির উপর টাক্স লাগিবে না।

(ক) যে সেনাপতিরা রাজধানীতে সৈন্যসংক্রান্ত কর্ম্ম করিয়া থাকেন তাঁহাদের একং সেনাপতির একং ঘোড়া।

(খ) ভারতবর্ষীয় বলন্টীয়র বিষয়ক ১৮৬৯ সালের আইনের ২৫ ধারামতে যেং জন্তু মুনিসিপল টাক্স হইতে মুক্ত রহিল সেইং জন্তু।

(গ) গবর্ণমেন্টের কিম্বা কমিশ্যনরগণের গাড়ী কি জন্তু।

(ঘ) যেং গাড়ীর চাকার আইল ২৪ ইঞ্চির অধিক নয় সেইং গাড়ী।

(চ) যেং জন্তু ৪৪ ইঞ্চির উচ্চ নয় সেইং জন্তু।

(ছ) যাঁহারা গাড়ী ব্যবসায়ী তাঁহাদের নিকট কেবল বিক্রয় করিবার জন্যে যে গাড়ী থাকিয়া অন্য কার্য্যে ব্যবহার না হয় তাহা।

(জ) অশ্বারোহী সৈন্যদলে কিম্বা পোলীস দলে যে ঘোড়ার ব্যবহার হয় তাহা ইতি।

*গাড়ীপ্রভৃতির স্বামির লাইসেন্স লইতে হইবার কথা।*

৬৬ ধারা। নগরে রাখা কোন গাড়ী কি জন্তু যে ব্যক্তির অধিকারে থাকে, তিনি প্রতিবৎসর জানুয়ারি ও জুলাই মাসের প্রথম দিনে, টাক্স দিবার যোগ্য ঐ গাড়ীর ও জন্তুর বর্ণনাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া কমিশ্যনরগণের আফিসে পাঠাইবেন।

ঐ বর্ণনাপত্রে যেং গাড়ীর কি জন্তুর কথা লেখা আছে প্রথম তফসীলে তাহার যে হার ধরা গেল সেই হারানু-

him for the half-year commencing on the first day of January or July (as the case may be) for the carriages and animals specified in such statement, according to the rates given in the second schedule

Any person becoming possessed between the first day of January and the first day of July, or between the first day of July and the first day of January, of any carriage or animal so kept, shall, within a week of becoming so possessed, send to the office of the Commissioners a similar statement, together with the amount payable for the whole of the then current half-year, according to the rates specified in the second schedule

The Commissioners may, if they are satisfied that any such carriage or animal has been kept for only a portion of the then current half-year,

remit the whole, or such portion thereof as they may think fit, of the amount so payable

For the purposes of this section a livery stable-keeper shall be deemed to be possessed of every animal in his stables

On payment of tax Commissioners to grant license

67 Whenever any person shall pay to the Commissioners the amount of the tax which under the two last preceding sections shall be payable by him in respect of all carriages and animals kept within the Town, the Commissioners shall grant to such person a license to keep within the Town such carriages and animals during the current half-year ending upon the first day of January, or the first day of July which shall occur next after the grant of such license, and no longer

Penalty

68 Whoever keeps or is in possession of any carriage or animal without the license required by the two last preceding sections, shall be liable to a fine not exceeding three times the amount payable by him in respect of such license, exclusive of the amount so payable

Commissioners may compound for carriages with livery stable keepers and others

69 The Commissioners, at their discretion, may compound, for any period not exceeding one year, with livery stable-keepers, and other persons keeping carriages for hire, or animals for sale or hire, for a certain sum to be paid for the carriages or animals so kept by such persons, in lieu of the taxes specified in the second schedule

Penalty

70 Whoever, having compounded for the payment of a certain sum under the last preceding section, refuses to pay such sum, shall be liable to

সারে জানুয়ারি কিম্বা জুলাই মাসের প্রথমাবধি অর্দ্ধ বৎসরের নিমিত্তে ঐ ব্যক্তির যত টাকা দেওয়া উচিত, তিনি তৎকালে কমিশ্যনরগণের নিকট তত টাকা দিবেন।

তদ্রূপে যে গাড়ী কি জন্তু রাখা যায় তাহা জানুয়ারি মাসের প্রথম ও জুলাই মাসের প্রথম দিনের মধ্য, কিম্বা জুলাই মাসের প্রথম ও জানুয়ারি মাসের প্রথম দিনের মধ্য কোন সময়ে কোন ব্যক্তির অধিকারে আইলে, তিনি তাহার অধিকার পাইলে পর এক সপ্তাহের মধ্যে কমিশ্যনরগণের আফিসে উক্ত প্রকারের বর্ণনাপত্র, ও দ্বিতীয় তফসীলের নির্দ্ধারিত হারানুসারে তৎকালের চলিত পুরা অর্দ্ধ বৎসরের দেনা টাকা পাঠাইয়া দিবেন।

ঐ গাড়ী কি জন্তু তৎকালীন চলিত অর্দ্ধ বৎসরের একাংশমাত্র ঐ ব্যক্তির অধিকারে আছে কমিশ্যনরগণ ইহা হৃদ্বোধমতে জানিলে,

ঐ সমুদয় টাকা, কিম্বা তাহার যে অংশ উচিত বোধ করেন তাহা ক্ষমা করিতে পারিবেন।

আডগড়াওয়ালার আস্তাবলের মধ্যে যত জন্তু থাকে, এই ধারার কার্য্যপক্ষে সেই সকল জন্তু তাঁহার অধিকারে আছে বলিয়া জ্ঞান হইবে ইতি।

টাক্স দেওয়া গেলে কমিশ্যনরগণের লাইসেন্স দিবার কথা।

৬৭ ধারা। কোন ব্যক্তি নগরের মধ্যে যে সকল গাড়ী ও জন্তু রাখেন, তাহার জন্যে ইহার পূর্ব্ব দুই ধারামতে তাঁহার যত টাক্স দিতে হয় তাহা কমিশ্যনরদিগকে দিলে পর, তাঁহারা তাঁহাকে লাইসেন্স দিবেন, অর্থাৎ ঐ লাইসেন্স দেওয়ার পর জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি কিম্বা জুলাই মাসের প্রথম দিবসাবধি যে অর্দ্ধ বৎসর চলে সেই অর্দ্ধ বৎসর ঐ ব্যক্তিকে নগরের মধ্যে ঐ২ গাড়ী ও জন্তু রাখিবার অনুমতিপত্র দিবেন তাহার অধিক কালের নয় ইতি।

দণ্ডের কথা।

৬৮ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারায় যে লাইসেন্স লইবার আজ্ঞা হইল, কোন ব্যক্তি সেই লাইসেন্স না লইয়া কোন গাড়ী কি জন্তু রাখিলে, কি তাহা তাঁহার অধিকারে থাকিলে, ঐ লাইসেন্সের নিমিত্ত তাঁহার যত টাকা দেন, হয় তাহাছাড়া তাঁহার ঐ টাকার তিন গুণের অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

আড়গড়াওয়ালা প্রভৃতির গাড়ীর বিষয়ে কমিশ্যনরগণের রফা করিতে পারিবার কথা।

৬৯ ধারা। আডগডাওয়ালাপ্রভৃতি যে ব্যক্তিরা ভাড়া দিবার জন্যে গাড়ী রাখেন, কিম্বা বিক্রয় করিবার কি ভাড়া দিবার জন্যে জন্তু রাখেন, গাড়ীর ও জন্তুর জন্যে দ্বিতীয় তফসীলে যত টাক্স নির্দ্দিষ্ট হইল কমিশ্যনরগণ আপনাদের বিবেচনাতে তাহা না লইয়া এক বৎসরের অনধিক কালের নিমিত্তে ঐ গাড়ী ও ঘোড়াপ্রভৃতির টাক্স ফুরণ করিয়া লইতে পারিবেন ইতি।

দণ্ডের কথা।

৭০ ধারা। কোন ব্যক্তি ইহার পূর্ব্ব ধারামতে টাকা ফুরণ করিয়া দিতে করার করিয়াও সেই টাকা দিতে সম্মত না হইলে, যত টাকা দিতে ফুরণ করিয়াছেন তাহা

a fine not exceeding three times the amount payable by him in respect of such composition, exclusive of the amount so payable

ছাড়া তাঁহার ঐ টাকার তিন গুণের অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

Power to compel production of the books of livery stable keepers

71 The Commissioners may, by a notice in writing under their common seal, require any person who shall carry on the trade or business of a livery stable-keeper, to produce, for the inspection of the Commissioners or of any officer authorized by them in that behalf, all books and accounts relating to the business of a livery stable-keeper carried on by such person

আড়গড়াওয়ালাদের বহী বাহির করিয়া দেখাইতে হইবার কথা।

৭১ ধারা। কোন ব্যক্তি আড়গড়াওয়ালার ব্যবসায় কি কর্ম্ম চালাইলে, কমিশ্যনরগণ নোটিস লিখিয়া আপনাদের সাধারণ মোহরে মোহরাঙ্কিত করিয়া তাঁহার ঐ আড়গাড়া ব্যবসায় সম্পর্কীয় খাতাবহী ও হিসাব কমিশ্যনরগণের দেখিবার, কিম্বা কমিশ্যনরগণ ঐ কার্য্যের নিমিত্তে যে ব্যক্তিকে অনুমতি দেন তাঁহার দেখিবার জন্যে, বাহির করিয়া দেখাইবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

Power to inspect stable, &c, and to summon persons liable to the payment of the tax

72 The Commissioners or any person authorized by them in that behalf, may at any time between sunrise and sunset, enter and inspect any stable or coach-house, or any place wherein they may have reason to believe that there is any carriage or animal liable to taxation, and the Commissioners may summon any person whom they have reason to believe to be liable to the payment of any tax under sections sixty-five and sixty-six, or any servant of such person, and may examine such person or servant as to the number and description of the horses and carriages in respect of which such person is liable to be taxed

আস্তাবলপ্রভৃতি দেখিবার ও টাক্স দিবার যোগ্য ব্যক্তিদিগকে সমন করিবার ক্ষমতার কথা।

৭২ ধারা। কমিশ্যনরগণ, কিম্বা এই কার্য্যপক্ষে তাঁহাদের অনুমতিপ্রাপ্ত কোন ব্যক্তি, সূর্য্যের উদয় ও অস্ত হইবার মধ্য কোন সময়ে কোন আস্তাবলে কি গাড়ীখানায়, কিম্বা টাক্স দিবার যোগ্য কোন গাড়ী কি জন্তু অমুক স্থানে আছে বলিয়া জানিবার কারণ থাকিলে সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন। এবং কমিশ্যনরগণ যে ব্যক্তিকে ৬৫ ও ৬৬ ধারামত টাক্স দিবার যোগ্য বলিয়া জানিবার কারণ পান, এমত ব্যক্তির কিম্বা তাঁহার কোন চাকরের নামে সমন দিয়া, ঐ ব্যক্তি যে২ গাড়ীর ও ঘোড়ার জন্যে টাক্স দিবার যোগ্য তাহার সংখ্যা ও বর্ণনা বিষয়ে তাঁহাকে কি তদীয় চাকরকে জিজ্ঞাসা করিতে পারিবেন ইতি।

Penalty

73 Whoever neglects or refuses to comply with a notice served under section seventy-one, and whoever hinders or obstructs the Commissioners or any person appointed by them, from or in entering or inspecting any stable, coach-house, or place, in the manner provided in the last preceding section, shall be liable to a fine not exceeding one hundred rupees

দণ্ডের কথা।

৭৩ ধারা। ৭১ ধারামতে যে নোটিস দেওয়া যায় কোন ব্যক্তি সেই নোটিস অনুযায়ি কর্ম্ম করিতে শৈথিল্য করিলে কি অসম্মত হইলে, এবং কমিশ্যনরগণ কিম্বা তাঁহাদের নিযুক্ত কোন ব্যক্তি ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্টমতে কোন আস্তাবল কি গাড়িখানা কি স্থান দেখিয়া লইতে উদ্যত হইলে কোন ব্যক্তি তাঁহাকে বারণ করিলে কি বাধা দিলে, তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

List of persons licensed to be entered in a book

74 The Commissioners shall, from time to time, cause to be prepared and entered in distinct columns, in a book to be kept at the office of the Commissioners and to be open to the inspection of any person who shall apply for leave to inspect the same, a list of the persons to whom during the then current period of six months a license has been granted under section sixty-seven, and of the carriages and animals in respect of which the same has been granted

লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিদের নামনির্ঘণ্ট লিখিবার কথা।

৭৪ ধারা। যে ব্যক্তিদিগকে ৬৭ ধারামতে তৎকালীন প্রচলিত ছয় মাসের জন্যে লাইসেন্স দেওয়া গেল ও যে২ গাড়ীর ও জন্তুর নিমিত্তে ঐ লাইসেন্স দেওয়া গেল, কমিশ্যনরগণ সময়ে২ ঐ২ ব্যক্তিদের নামের ও সেই২ গাড়ী প্রভৃতির নির্ঘণ্ট প্রস্তুত করিয়া একখান বহীতে পৃথক২ ঘর করিয়া লেখাইবেন। সেই বহী কমিশ্যনরগণের আফিসে থাকিবে, ও কোন ব্যক্তি দেখিবার অনুমতি প্রার্থনা করিলে দেখিতে পাইবেন ইতি।

**Part II.—*Of the Tax on Professions, Trades, and Callings.***

75. Every person who shall, within the Town, exercise any of the professions, trades, or callings, specified in the third schedule, shall yearly take out a license, and shall pay for the same such sum as is in the third schedule mentioned.

Persons exercising certain professions, trades, and callings in the Town, to take out a license.

The Commissioners may in their discretion remit any portion of the sum so payable if they are satisfied that any such person has exercised any such profession, trade, or calling, for a portion of the year only.

**দ্বিতীয় পরিচ্ছেদ।—বৃত্তির ও ব্যবসায়ের ও কর্ম্মের উপর টাক্‌সের কথা।**

৭৫ ধারা। তৃতীয় তফসীলে যেং বৃত্তির কি ব্যবসায়ের কি কর্ম্মের উল্লেখ হইয়াছে, নগরের মধ্যে কোন ব্যক্তির সেইং বৃত্তি কি ব্যবসায়াদি থাকিলে, তাঁহাদের বৎসরং লাইসেন্স লইতে হইবে, এবং তৃতীয় তফসীলে যত টাকার উল্লেখ হইয়াছে ঐ লাইসেন্সের নিমিত্ত তাঁহাদের ততই দিতে হইবে।

নগরের মধ্যে যে ব্যক্তিদের বৃত্তি কি ব্যবসায়াদি থাকে তাঁহাদের লাইসেন্স লইতে হইবার কথা।

বৎসরের অংশমাত্র কোন ব্যক্তির সেই বৃত্তি কি ব্যবসায়াদি ছিল, কমিশ্যনরগণ ইহা সুবোধমতে জানিতে পাইলে আপনাদের বিবেচনামতে তদ্রূপ দেনা টাকার একাংশ ক্ষমা করিতে পারিবেন ইতি।

76. The license mentioned in the last preceding section shall be granted by the Commissioners or by some person authorized by them in that behalf, and shall specify,

License to be granted by Commissioners and to specify particulars.

the date of the grant thereof,

the name of the person to whom the license is granted,

the profession, trade, or calling for which the license is granted,

and the sum paid for such license.

Such license shall have effect and continue in force from the commencement of the year in which it is granted until the thirty-first day of December next after the day of the granting thereof, and no longer.

৭৬ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে লাইসেন্সের কথা আছে, কমিশ্যনরগণ কিম্বা এই কার্য্য পক্ষে তাঁহাদের অনুমতিপ্রাপ্ত কোন ব্যক্তি ঐ লাইসেন্স দিবেন। তাহার মধ্যে এইং বিশেষ কথা লেখা থাকিবে,

কমিশ্যনরগণের লাইসেন্স দিবার ও বর্ণনা বিশেষ করিয়া লিখিবার কথা।

লাইসেন্স যে তারিখে দেওয়া গেল তাহা,

যে ব্যক্তিকে লাইসেন্স দেওয়া গেল তাঁহার নাম,

যে বৃত্তির কি ব্যবসায়ের কি কর্ম্মের নিমিত্ত ঐ লাইসেন্স দেওয়া গেল তাহা,

এবং ঐ লাইসেন্সের নিমিত্ত যত টাকা দেওয়া গেল।

লাইসেন্স যে বৎসরে দেওয়া যায় সেই বৎসরের প্রথমাবধি তৎপশ্চাৎ ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত প্রবল ও সফল হইবে, তৎপরে নয় ইতি।

77. Whoever exercises any trade, profession, or calling without the license required by section seventy-five shall be liable to a fine not exceeding three times the amount payable by him in respect of such license, exclusive of the amount so payable.

Penalty.

৭৭ ধারা। ৭৫ ধারায় যে লাইসেন্স লইবার আজ্ঞা হইল, কোন ব্যক্তি সেই লাইসেন্স না লইয়া কোন ব্যবসায় কি বৃত্তি কি কর্ম্ম চালাইলে, তাঁহার ঐ লাইসেন্সের নিমিত্ত যত টাকা দেনা হয় তাহা ছাড়া তাঁহার ঐ টাকার তিন গুণের অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

78. The Chairman, or some other officer authorized by him in that behalf, shall determine under which of the classes mentioned in the third schedule, every person to whom a license may be granted shall be assessed, and the Chairman may in his discretion remit the payment of license tax either in whole or in part to any person classified under Classes 5 or 6 of the third schedule.

Chairman or Vice Chairman to classify all persons required by this Act to be licensed.

৭৮ ধারা। যেং ব্যক্তিদিগকে লাইসেন্স দেওয়া যায়, তৃতীয় তফসীলের উল্লিখিত যে শ্রেণীর মধ্যে যে ব্যক্তিকে ধরিয়া তাঁহার টাক্‌স ধার্য্য করিতে হইবে, সভাপতি কিম্বা তাঁহাহইতে ক্ষমতা প্রাপ্ত আর কোন কর্ম্মকারক ইহা স্থির করিবেন, এবং তৃতীয় তফসীলের ৫ কি ৬ শ্রেণীর মধ্যে যে ব্যক্তিদের নাম লেখা যায় তিনি স্বেচ্ছামতে তাঁহাদের লাইসেন্সের সম্পূর্ণ টাক্‌স কিম্বা তাহার একাংশ ক্ষমা করিতে পারিবেন ইতি।

এই আইনমতে যে ব্যক্তিদের লাইসেন্স লইতে হইবে সভাপতির কি প্রতিনিধি সভাপতির তাহাদিগকে শ্রেণীবদ্ধ করিবার কথা।

79 Any person may, within fourteen days of the date of his being informed of the class under which he has been assessed as determined in the last preceding section, appeal against such assessment by delivering at the office of the Commissioners an application in writing stating the grounds of appeal, and such appeal shall be heard and determined by not less than three Commissioners other than Executive Officers of the Commissioners

*Appeals against assessment of licenses*

No such appeal shall be heard unless the amount of the license assessed as aforesaid has been deposited with the Commissioners

If no appeal be made within the time limited as aforesaid, the decision of the Chairman or Vice-Chairman shall be final

৭৯ ধারা। ইহার পুর্ব্ব ধারায় যদ্রূপ নির্ণয় হইয়াছে, তদনুসার যে শ্রেণীবদ্ধ হইয়া কোন ব্যক্তির টাকস ধার্য্য হইল তিনি তাহা জানিতে পাইবার পর চৌদ্দ দিনের মধ্যে আপীল করিবার কারণ দরখাস্তে লিখিয়া কমিশ্যনরগণের আফীসে সেই দরখাস্ত দিয়া ঐ নির্দ্ধারিত টাকসের উপর আপীল করিতে পারিবেন। কমিশ্যনরগণের কার্য্যসম্পাদনার্থ নিযুক্ত ব্যক্তি ছাড়া কমিশ্যনরগণের অন্যূন তিন জন সেই আপীল শুনিয়া নিষ্পত্তি করিবেন।

*লাইসেন্সের নিমিত্ত যত টাকা ধার্য্য হইল তাহার উপর আপীলের কথা।*

উক্ত লাইসেন্সের যত টাকা ধার্য্য হইল কমিশ্যনরগণের নিকট তত টাকা গচ্ছিত করা না গেলে তদ্রূপ আপীল শুনা যাইবে না।

পূর্ব্বোক্ত মিয়াদের মধ্যে আপীল করা ন গেলে সভাপতির কি প্রতিনিধি সভাপতির ঐ নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

80 The Commissioners may, by a notice in writing under their common seal, require the occupier of any house to forward to them a list in writing signed by him of the names of all persons residing in such house, and of their respective professions, trades, and occupations

*Commissioners may require list of persons in any house*

৮০ ধারা। কমিশ্যনরগণ নোটিস লিখিয়া ও আপনাদের সাধারণ মোহরে মোহরাঙ্কিত করিয়া, কোন ঘরের প্রজার প্রতি এই আদেশ করিতে পারিবেন, যে ঐ ঘরে যত জন বাস করেন তাঁহাদের নামের নির্ঘণ্ট ও তাঁহাদের যে২ বৃত্তি কি ব্যবসায কি কর্ম্ম থাকে তাহা লিখিয়া স্বাক্ষর করিয়া তাঁহাদের নিকট পাঠান ইতি।

*গৃহবাসি লোকদের নির্ঘণ্টপত্র কমিশ্যনরগণের লইতে পারিবার কথা।*

81 Whoever being the occupier of any house fails to forward such list when required to do so under the last preceding section, shall be liable to a fine not exceeding one hundred rupees.

*Penalty*

৮১ ধারা। কোন ঘরের প্রজা ইহার পুর্ব্ব ধারামতে নির্ঘণ্টপত্র দিতে আজ্ঞা পাইয়াও না দিলে, তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

*দণ্ডের কথা।*

82 As soon as may be after the first day of January in every year, the Chairman shall prepare a list of the persons licensed under sections seventy-five and seventy-six which shall state

*Chairman to prepare a list of all persons required by this Act to be licensed*

the profession, trade, or calling of every such person therein named,

the class under which he is assessed,

and the sum paid by him in respect of his license,

and such list shall be kept in the office of the Commissioners and be open to public inspection at all reasonable times

৮২ ধারা। যে২ ব্যক্তিদিগকে ৭৫ ও ৭৬ ধারামতে লাইসেন্স দেওয়া, যায সভাপতি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম দিবসের পর যত শীঘ্র হয়, তাঁহাদের নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন। তন্মধ্যে এই২ কথা লেখা থাকিবে,

*এই আইনমতে যে ব্যক্তিদের লাইসেন্স লইতে হইবে তাঁহারদের নামনির্ঘণ্টপত্র সভাপতির প্রস্তুত করিবার কথা।*

ঐ নির্ঘণ্টপত্র লিখিত প্রত্যেক ব্যক্তির বৃত্তি কি ব্যবসায কি কর্ম্ম।

যে শ্রেণীভুক্ত করিয়া তাঁহার টাকস ধার্য্য হইল।

লাইসেন্সের নিমিত্ত তিনি যত টাকা দিলেন।

ঐ নির্ঘণ্টপত্র কমিশ্যনরগণের আফিসে রাখা যাইবে, ও যাঁহার দেখিবার ইচ্ছা থাকে তিনি সঙ্গত কোন সময়ে গিয়া দেখিতে পারিবেন ইতি।

## PART III —*Of the Registration of Carts*

## তৃতীয় পরিচ্ছেদ।—গোরুর গাড়ী রেজিষ্টরী করিবার কথা।

83 Every cart kept or used within the Town, or the Suburbs, or Howrah, shall be registered in the office of the Commissioners with the name and residence of the owner,

*Registry and numbering of carts*

৮৩ ধারা। নগরের মধ্যে কি শাখানগরে কি হাবড়ায় গোরুর যত গাড়ী রাখা যায় কি চলে, সেই গাড়ী ও তাহার স্বামির নাম ও বাসস্থান কমিশ্যনরগণের আফিসে রেজিষ্টরী করা যাইবে

*গোরুর গাড়ী রেজিষ্টরী করিবার ও নম্বর দিবার কথা।*

and shall have affixed thereto the number of such registration in such manner as the Commissioners shall direct

Penalties

84 Whoever keeps or is in possession of a cart not duly registered as required by the last preceding section, shall be liable to a fine not exceeding three times the amount payable by him in respect of such registration, exclusive of the amount so payable, and whoever, being the owner or driver of any cart, shall fail to affix the registration number required by the last preceding section, shall be liable to a fine not exceeding five rupees

Fee for registration

85 The registration of carts, under the last preceding section, shall be made and the numbers assigned half-yearly, on or after the first day of January and the first day of July in each year, upon such days as the Commissioners shall appoint, and a fee of four rupees shall be paid for each registration

The Commissioners may in their discretion remit any portion of the fee so payable if they are satisfied that the cart hereinbefore required to be registered has been kept or used as in the last preceding section mentioned for a portion of the half-year only

When any registered cart is transferred within any half-year, it shall be registered anew in the name of the person to whom it has been transferred, and a fee of four annas shall be paid for every such last mentioned registration

One-sixth of the total net proceeds of the fees half-yearly received by the Commissioners for the registration of carts, after deducting charges incurred in and about such registration, shall be paid half-yearly by the Commissioners to the municipality of the Suburbs, and one-twelfth of such proceeds to the municipality of Howrah

Provided that it shall be in the discretion of the Local Government, from time to time, to alter the proportion of the said proceeds required by this section to be paid by the Commissioners to the municipalities of the Suburbs and of Howrah respectively, and to prescribe such other proportions as to it shall seem proper

Last two sections not to apply to certain carts

86 The three last preceding sections shall not apply to carts—

(*a*) which are the property of the Government,

(*b*) which are the property of the Commissioners, the Municipal Commissioners of the Suburbs, or of Howrah

ও কমিশ্যনরগণ যদ্রূপ আজ্ঞা করেন ঐ গাড়ীর রেজিষ্টরী নম্বর তদ্রূপে গাড়ীতে লাগাইয়া দেওয়া যাইবে ইতি।

দণ্ডের কথা।

৮৪ ধারা। কোন ব্যক্তি ইহার পুর্ব্ব ধারার নিয়মমতে গোরুর গাড়ী রেজিষ্টরী না করিয়া রাখিলে কিম্বা তদ্রূপ গাড়ী তাঁহার নিকট থাকিলে, ঐ রেজিষ্টরী করণের নিমিত্ত তাঁহার যত টাকা দেনা হয় তাহা ছাড়া তাঁহার ঐ টাকার তিন গুণের অনধিক দণ্ড হইবে। আরও কোন ব্যক্তি গোরুর গাড়ীর স্বামী কি গাড়বান হইয়া ইহার পুর্ব্ব ধারার আজ্ঞামতে ঐ গাড়ীতে রেজিষ্টরী নম্বর না লাগাইলে, তাঁহার পাঁচ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

রেজিষ্টরী করিবার ফীর কথা।

৮৫ ধারা। প্রতিবৎসর ছয়২ মাসান্তর জানুয়ারি মাসের প্রথম ও জুলাই মাসের প্রথম দিনে, কিম্বা তাহার পর কমিশ্যনরগণ যেং দিন নিরূপণ করেন সেইং দিনে, ইহার পুর্ব্ব ধারামতে গোরুর গাড়ী রেজিষ্টরী করিয়া তাহার নম্বর দেওয়া যাইবে। একং বার রেজিষ্টরী করিবার ফী ৪ টাকা লাগিবে।

পুর্ব্বোক্তমতে যে গোরুর গাড়ী রেজিষ্টরী করিতে আজ্ঞা হইল, তাহা অর্দ্ধ বৎসরের অংশমাত্র ইহার পুর্ব্ব ধারার উল্লিখিতমতে রাখা কি ব্যবহার করা গেল, কমিশ্যনরগণ ইহা হৃদ্বোধমতে জানিলে, আপনাদের বিবেচনানুসারে ঐ দেনা ফীর কোন অংশ ক্ষমা করিতে পারিবেন।

অর্দ্ধ বৎসরের মধ্য কোন সময়ে রেজিষ্টরী করা গোরুর গাড়ী অন্য ব্যক্তির হাতে গেলে, যে ব্যক্তি তাহা পায় ঐ গাড়ী তাহার নামে নূতন রেজিষ্টরী করা যাইবে। শেষোক্ত প্রকারে রেজিষ্টরী করিবার ফী ।০ চারি আনা মাত্র লওয়া যাইবে।

কমিশ্যনরগণ ছয়২ মাসান্তর গোরুর গাড়ী রেজিষ্টরী করিয়া মোটে যত টাকা ফী আদায় করেন, তাহাহইতে রেজিষ্টরী কার্য্যের খরচখরচা বাদে যাহা অবশিষ্ট থাকে, ছয়২ মাসান্তরে তাহার ষষ্ঠাংশ শাখানগরের ও দ্বাদশাংশ হাবড়ার মুনিসিপালিটীতে দিবেন।

পরন্তু এই ধারামতে শাখানগরে ও হাবড়ার মুনিসিপালিটীতে কমিশ্যনরগণের ঐ উৎপন্ন ফীর যেং অংশ দিবার বিধান হইল, স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং স্বীয় বিবেচনামতে সেং অংশ পরিবর্ত্তন করিয়া অন্য যে অংশ উপযুক্ত জ্ঞান করেন নিরূপণ করিতে পারিবেন ইতি।

কোনং গোরুর গাড়ীর প্রতি ইহার পুর্ব্ব দুই ধারা না খাটিবার কথা।

৮৬ ধারা। ইহার পুর্ব্ব দুই ধারার কথা এইং গোরুর গাড়ীর প্রতি খাটিবে না,—

(ক) গবর্ণমেণ্টের গোরুর গাড়ী।

(খ) কমিশ্যনরগণের কি শাখানগরের কি হাবড়ার মুনিসিপল কমিশ্যনরগণের গোরুর গাড়ী।

(*c*) or which are kept at any place more than eight miles distant from Government House, and are only temporarily and casually used within the Town, the Suburbs, or Howrah

On failure to register, the Commissioners may seize and sell cart and animals

87. If any person owns or keeps any cart hereinbefore required to be registered, without having caused the same to be registered, the Commissioners or any Officer authorized by them in that behalf, may seize such cart (provided the same be not employed at the time of the seizure in the conveyance of passengers or goods), together with the animals or cattle drawing the same, and may detain them,

and all Police Officers shall, on the application of the Commissioners or their Officers as aforesaid, seize and detain any such cart, animals, or cattle

If the cart, animals, or cattle so seized be not claimed within ten days, they may be sold by auction by order of a Justice of the Peace, or Magistrate, and the proceeds of such sale may be applied to the expenses incurred on account of the seizure, detention, and sale, and the surplus (if any), if not claimed within a further period of twenty days, shall be paid to the Municipal Fund of Calcutta

## CHAPTER IV

### Of Rates

### Part I.—*Of Imposing the Rates*

Rates

88 The Commissioners shall, as provided in section sixty-four, impose upon all houses and land within the town the following annual rates, which shall be calculated on the annual value of the said houses and land—

(*a*) a House-rate, not exceeding ten per centum,

(*b*) a Water-rate, not exceeding six per centum when the houses and land are situated in streets supplied with filtered water in the manner provided by section one hundred and twenty-nine, and not exceeding five per centum when the houses and lands are situated in streets not so supplied

(*c*) a Police-rate, not exceeding three per centum,

(*d*) a Lighting-rate, not exceeding two per centum.

(গ) যেং গোরুর গাড়ী গবর্ণমেণ্ট হৌসহইতে আট মাইলের অধিক দূরে রাখা যায় ও মধ্যেং অল্পকালমাত্র নগরে কি শাখানগরে কি হাবড়ায় চলে সেইং গাড়ী ইতি।

রেজিষ্টরী না করা গেলে ঐ গোরু ও গাড়ী কমিশ্যনরগণের ধরিয়া লইয়া বিক্রয় করিতে পারিবার কথা।

৮৭ ধারা। পূর্ব্বোক্ত ধারামতে যেং গাড়ী রেজিষ্টরী করিবার আজ্ঞা হইল, কোন্ ব্যক্তি তাহা রেজিষ্টরী না করাইয়া অধিকার করিলে কি রাখিলে, কমিশ্যনরগণ কিম্বা ঐ কার্য্যপক্ষে তাঁহাদের অনুমতিপ্রাপ্ত কোন কার্য্যকারক, ঐ গাড়ী ও তাহাতে যে গোরু যোতা থাকে তাহা ধরিয়া লইয়া আটক রাখিতে পারিবেন। কিন্তু গাড়ীতে যৎকালে চড়নদার কি মাল থাকে তৎকালে তাহা ধরিয়া রাখিতে পারিবেন না।

কমিশ্যনরগণ কিম্বা তাঁহাদের পূর্ব্বোক্ত কার্য্যকারকেরা আদেশ করিলে, পোলীসের কোন কর্ম্মকারক তদ্রূপ কোন গোরুর গাড়ী কি জন্তু কি গোরু ধরিয়া আটক রাখিতে পারিবেন।

তদ্রূপে যে গাড়ী কি জন্তু কি গোরু ধরিয়া রাখা যায়, তাহার উপর দশ দিনের মধ্যে কোন ব্যক্তির দাওয়া না হইলে, শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের কি মাজিষ্ট্রেটের আজ্ঞাক্রমে তাহা নীলামে বিক্রয় করা যাইবে, ও তাহা ধরিয়া রাখিতে ও বিক্রয় করিতে যত খরচ লাগে ঐ নীলামের উৎপন্ন টাকাহইতে সেই খরচ শোধ হইবে। কিছু উদ্বর্ত্ত থাকিলে, আর কুড়ি দিনের মধ্যে তাহার দাওয়া না হইলে তাহা কলিকাতার মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে ইতি।

## চতুর্থ অধ্যায়।

### রেটের কথা।

### প্রথম পরিচ্ছেদ।—রেট ধার্য্য করিবার কথা।

রেটের কথা।

৮৮ ধারা। নগরের মধ্যে যত ঘর ও ভূমি থাকে, কমিশ্যনরগণ ৬৪ ধারার বিধানমতে সেইং ঘরের ও ভূমির বার্ষিক মূল্যানুসারে হিসাব করিয়া, তাহার উপর এইং বার্ষিক রেট ধার্য্য করিতে পারিবেন—

(ক) ঘরের রেট—শতকরা ১০ টাকার অনধিকের হিসাবে।

(খ) জলের রেট,—যেং রাস্তায় ১২৯ ধারার বিধানমতে পরিষ্কৃত জল দেওয়া যায় সেইং রাস্তার ধারের সকল ঘরের ও জমীর উপর শতকরা ৬ টাকার অনধিকের হিসাবে, আর যেং রাস্তায় সেই প্রকারের জল দেওয়া না যায় সেইং রাস্তার ধারের ঘরের ও জমীর উপর শতকরা ৫ টাকার অনধিকের হিসাবে।

(গ) পোলীস রেট—শতকরা ৩ টাকার অনধিকের হিসাবে।

(ঘ) আলোর রেট—শতকরা ২ টাকার অনধিকের হিসাবে।

The Commissioners may impose upon all houses and land situated within the boundaries declared under section one hundred and sixty-eight an annual Drainage-rate, not exceeding two and a half per centum of their annual value

89 The House-rate and Drainage-rate shall be payable by the owners of the houses and land

Rates by whom and when payable

The Water-rate shall (save as is provided in sections ninety-nine and one hundred) be payable by the occupiers of the houses and land

The Police and Lighting-rates shall (save as is provided in section one hundred) be payable by the occupiers of the houses and land.

All the rates hereinbefore mentioned shall be payable by quarterly instalments

The House-rate shall be payable on the first of April, the first of July, the first of October, and the first of January, for the quarters immediately preceding those dates

The Water-rate shall (save as is provided in section ninety-nine) be payable in advance on the dates above mentioned for the current quarter

The Police and Lighting-rates shall be payable in advance on the dates above mentioned for the current quarter

PART II —*Of the Owner's Rates*

90 If the annual value of any house or land as assessed under Chapter V, shall in any case exceed the amount of rent payable by the occupier to the owner, the owner may in such case recover from the occupier the difference between the sum assessed upon him and the sum at which he would have been assessed had he been rated only upon the amount of rent actually payable to him, and such difference shall be added to the rent payable by the occupier, and shall be recoverable by the owner from him

If assessment be made at a higher annual value than the amount paid by the occupier, owner may recover difference from him

91 Where any house or land, whereon the rate is assessed under Chapter V, has been vacant for sixty consecutive days during any year, the person assessed to the said rate shall be entitled to a remission of so much thereof, not exceeding one-half of the rate for that year, as shall be proportionate to the number of days such house or land has been vacant, if notice shall have been given in writing to the

Remission of house rate when house vacant

১৬৮ ধারামতে যে সীমার নোটিস দেওয়া যায় কমিশ্যনরগণ সেই সীমার অন্তর্গত সকল ঘরের ও ভুমির বার্ষিক মূল্যের শত টাকার উপর ২॥০ আড়াই টাকার অনধিক হারে নর্দ্দমার বার্ষিক রেট ধার্য্য করিতে পারিবেন ইতি।

৮৯ ধারা। ঘরের রেট ও নর্দ্দমার রেট, ঘরের ও ভুমির স্বামিদের দিতে হইবে।

কাহার কোন্ সময়ে রেট দিতে হইবে তাহার কথা।

জলের রেট (৯৯ ও ১০০ ধারায় যে স্থলের বিধান হইল সেই স্থল ছাড়া) ঘরের ও ভুমির প্রজাদের দিতে হইবে।

পোলীস ও আলোর রেট (১০০ ধারায় যে স্থলের বিধান হইল সেই স্থল ছাড়া) ঘরের ও ভুমির প্রজাদের দিতে হইবে।

উক্ত সকল রেট তিন২ মাসের কিস্তি করিয়া দেওয়া যাইতে পারিবে।

আপ্রিল ও জুলাই ও অক্টোবর ও জানুয়ারি মাসের ঠিক পূর্ব্ব যে তিন২ মাস যায় ঐ২ মাসের ১ তারিখে সেই তিন২ মাসের ঘরের রেট দিতে হইবে।

৯৯ ধারায় যে স্থলের বিধান হইল সেই স্থল ছাড়া চলিত তিন মাসের জলের রেট পূর্ব্বোক্ত তারিখে আগাম দিতে হইবে।

চলিত তিন মাসের পোলীস ও আলোর রেট পূর্ব্বোক্ত তারিখে আগাম দেওয়া যাইবে ইতি।

দ্বিতীয় পরিচ্ছেদ।—স্বামিদের রেটের কথা।

৯০ ধারা। কোন ঘরের কি ভুমির প্রজা স্বামিকে যত টাকা খাজানা কি ভাড়া দিয়া থাকেন, পঞ্চম অধ্যায়মতে তাহার অধিক বার্ষিক মূল্য ধরিয়া ঐ ভুমির রেট ধার্য্য হইলে, স্বামী যে খাজানা কি ভাড়া পাইয়া থাকেন কেবল তাহাই ধরিয়া যত টাকা রেট ধার্য্য হইত, ও বাস্তবে তাঁহার উপর যত রেট ধার্য্য হইল এই দুইয়ের যে বিশেষ থাকে স্বামী প্রজার স্থানে সেই বিশেষ পাইতে পারিবেন, এবং প্রজা যে ভাড়া কি খাজানা দিয়া থাকেন তাহার উপর ঐ টাকা চড়াইয়া দেওয়া যাইতে পারিবে, ও স্বামী প্রজার স্থানে তাহা আদায় করিতে পারিবেন ইতি।

প্রজা যত টাকা দিয়া থাকেন ঘরের বার্ষিক মূল্য তদধিক ধরিয়া রেট ধার্য্য হইলে, ঐ টাকার বিশেষ স্বামির লইতে পারিবার কথা।

৯১ ধারা। যে ঘরের কি জমির উপর পঞ্চম অধ্যায়মতে রেট ধার্য্য হইয়া থাকে, তাহা কোন বৎসর ক্রমাগত ষাইট দিন খালি থাকিলে, তাহার খালি হওয়ার নোটিস লিখিয়া কমিশ্যনরগণকে দেওয়া গেলে, যত দিন খালি থাকে যাঁহার উপর সেই রেট ধার্য্য হইল তাঁহার তত দিনের সেই রেট ক্ষমা পাইবার অধিকার থাকিবে, কিন্তু ঐ বৎসরের রেটের অর্দ্ধেকের অধিক ক্ষমা হইবে না। এবং কমিশ্যনরগণের আফিসে যে তারিখে ঘর খালি হওয়ার নোটিস

ঘর খালি থাকিলে ঘরের রেট ক্ষমা করিবার কথা।

Commissioners of such house or land being vacant, and the date of vacancy shall be calculated from the date of the delivery of such notice at the office of the Commissioners

দেওয়া যায় সেই তারিখ অবধি ঘর খালি হইল বলিয়া জ্ঞান হইবে ইতি।

**92** No remission shall be made under the last preceding section, unless the same shall be applied for within six months from the date of cessation of occupation of the house or land on account of which the remission is applied for

No remission unless application be made within six months from vacancy

৯২ ধারা। যে ঘরের কি জমীব উপর পূর্ব্ব ধারামতে রেট কমা হইবাব প্রার্থনা হয়, তাহা খালি হইবার তারিখঅবধি ছয় মাসের মধ্যে প্রার্থনা করা না গেলে, রেট কমা হইবে না ইতি।

ঘর খালি হওনাবধি ছয় মাসের মধ্যে দরখাস্ত না হইলে কমা না হইবার কথা।

PART III —*Of the Occupier's Rates*

তৃতীয় পরিচ্ছেদ।—প্রজাব রেটের কথা।

**93.** Whenever any quarterly instalment of Water-rate shall have been paid in respect of any house or land, and such house or land shall, during the quarter for which such instalment shall have been paid, cease to be occupied, the person who shall have paid such Water-rate shall be entitled to be repaid by the Commissioners three fourths of such sum as shall bear to the amount paid by him the same proportion which the residue of the quarter bears to an entire quarter, if notice shall have been given in writing to the Commissioners of such house or land being vacant, and the date of vacancy shall be calculated from the date of the delivery of such notice at the office of the Commissioners

Refund of Water rate when house ceases to be occupied

৯৩ ধারা। কোন ঘরের কি জমীব উপলক্ষে জলেব রেটের কোন ত্রৈমাসিক কিস্তি দেওযা গেলে পর, যে তিন মাসের কিস্তি দেওযা গেল সেই তিন মাসেব মধ্যে প্রজা উঠিযা যাওযাতে যদি ঘব কি জমী খালি থাকে, তবে কমিশ্যনরদিগকে ঐ ঘর কি জমী খালি হইবার নোটিস লিখিযা দেওয়া গেলে পূরা তিন মাসের যত দিন বাকী থাকে তত দিনের নিমিত্তে কমিশ্যনরগণের স্থানে তাঁহাব ঐ জলেব রেটের চারি অংশের তিন অংশ ফিরিয়া পাইবাব অধিকার থাকিবে। ঐ নোটিস যে তারিখে কমিশ্যনবগণের আফিসে দেওযা যায় সেই তারিখ অবধি ঘব খালি হইল বলিযা জ্ঞান হইবে ইতি।

ঘর খালি হইলে জলের রেট ফিরিয়া দিবার কথা।

**94** Whenever any quarterly instalment of the Police and Lighting-rates shall have been paid in respect of any house or land, and such house or land shall, during the quarter for which such instalment shall have been paid, cease to be occupied, the person who shall have paid such instalment shall be entitled to be repaid by the Commissioners such sum as shall bear to the amount paid by him the same proportion which the residue of the quarter bears to an entire quarter, if notice shall have been given in writing to the Commissioners of such house or land being vacant, and the date of vacancy shall be calculated from the date of delivery of such notice at the office of the Commissioners

Refund of Police and Lighting rates when house ceases to be occupied

৯৪ ধারা। কোন ভূমির কি ঘবেব উপর পোলীসেব ও আলোব বেটের কোন ত্রৈমাসিক কিস্তি দেওয়া গেলে পর, যে তিন মাসেব কিস্তি দেওযা গেল সেই তিন মাসের মধ্যে ঐ ঘর কি ভূমির প্রজা উঠিয়া গেলে, ও কমিশ্যনরগণের নিকট তদ্বিষের নোটিস লিখিযা দেওযা গেলে, ঐ তিন মাসের যত দিন ঐ ঘর কি জমী খালি থাকে তাহা পূরা তিন মাসের যে অংশ হয় কমিশ্যনরগণের স্থানে ঐ ব্যক্তির পূরা টাক্সের সেই অংশ ফিরিয়া পাইবার অধিকার থাকিবে। ঐ ঘব কি ভূমি খালি হওনার নোটিস যে তারিখে কমিশ্যনরগণের আফিসে দেওয়া যায় সেই তারিখে খালি হইল বলিয়া জ্ঞান হইবে ইতি।

ঘর খালি থাকিলে পোলীসের ও আলোর রেট ফিরিয়া দিবার কথা।

**95.** No refund of rates shall be made under the two last preceding sections, unless the same is applied for within six months from the date of cessation of occupation of the house or land on account of which the refund is applied for.

No refund of rates unless application made within six months from vacancy

৯৫ ধারা। যে ঘর কি ভূমি খালী থাকা প্রযুক্ত ইহার পূর্ব্ব দুই ধারামতে টাকা ফিরিযা পাইবার প্রার্থনা হয, খালি হইবার তারিখ-অবধি ছয় মাসের মধ্যে সেই প্রার্থনা করা না গেলে তাহা ফিরিযা দেওয়া যাইবে না; ইতি।

ঘর খালী হওনাবধি ছয় মাসের মধ্যে দরখাস্ত না হইলে টাকা ফিরিয়া পাওয়া না যাইবার কথা।

96 Whenever any house or land, which shall have been unoccupied, shall be occupied during any quarter, there shall be forthwith payable in respect of such house or land, such amount of the Water, Police, and Lighting-rates as shall bear to the entire quarterly instalments of the said rates for such house or land the same proportion as the residue of such quarter after such house or land shall be occupied bears to an entire quarter

Rate payable on house or land becoming occupied

৯৬ ধারা। কোন তিন মাসের মধ্যে ঘর কি ভূমি খালি হইলেও ঐ তিন মাসের মধ্যে প্রজা আইলে সেই অবধি তিন মাসের যত দিন প্রজা থাকে তাহা পুরা তিন মাসের যে অংশ হয়, ঐ ঘরের কি ভূমি জলের ও পোলীসের ও আলোর রেটের পূরা কিস্তির সেই অংশ তৎকালেই দেনা হইবে ইতি।

ঘরে কি জমীতে প্রজা আইলে জলের রেট দিতে হইবার কথা।

97 Whenever any person holding any house or land at a rent from the person liable to pay the House-rate has or may sublet the same to different persons holding in severalty, the person so holding shall, for the purposes of this Act, be deemed to be the occupier of such house or land.

Person subletting to different persons to be deemed occupier

৯৭ ধারা। যে ব্যক্তি ঘরের রেটের দায়ী হন, অন্য ব্যক্তি তাঁহার স্থানে ঐ ঘর কি ভূমি খাজানা কি ভাড়া করিয়া লইয়া আর২ ব্যক্তিদিগকে পৃথক২ রূপে খাজানা কি ভাড়া করিয়া দিলে, সেই ব্যক্তিকে এই আইনের কার্য্যপক্ষে ঐ ভূমির প্রজা বলিয়া জ্ঞান হইবে ইতি।

কোন ব্যক্তি নানা ব্যক্তিদিগকে পেটাও পাট্টা দিলে সেই ব্যক্তিকেই প্রজা জ্ঞান হইবার কথা।

98 Whenever the person from or by whom the Water-rate shall have been recovered or paid shall not be the owner of the house or land in respect of which the Water-rate shall have been assessed, such person may recover from the owner of such house or land one-fourth of the Water-rate so paid by deducting the same from the rent payable by him to such owner

Occupier paying Water rate to deduct one fourth from rent due to owner

৯৮ ধারা। যে ঘরের কি ভূমির উপর জলের রেট ধার্য্য হইল, ঐ রেট যে ব্যক্তির স্থানে আদায় করা গেল কিম্বা যে ব্যক্তি ঐ রেট দিলেন তিনিই স্বামী না হইলে, ঐ ঘরের কি ভূমির স্বামির নিকট তাঁহার যে ভাড়া দেনা থাকে তাহাহইতে তিনি ঐ জলের রেটের চতুর্থাংশ কাটিয়া লইতে পারিবেন ইতি।

প্রজা জলের রেট দিলে, স্বামির স্থানে তাহার চতুর্থাংশ ভাড়াহইতে কাটিতে পারিবার কথা।

99 Whenever any house or land has been unoccupied during an entire quarter, the owner of the said house or land shall pay to the Commissioners one-fourth of the sum which would have been payable as Water rate by the occupier if such house or land had been occupied

When house or land unoccupied, owner to pay one fourth of Water rate

৯৯ ধারা। কোন ঘর কি ভূমি যদি পূর্ণ তিন মাস খালি থাকে, তবে সেই ঘরের কি জমীর প্রজা থাকিলে জলের রেট বলিয়া তাঁহার যত টাকা দিতে হইত, কমিশ্যনরদিগকে ঐ ঘরের কি ভূমির স্বামির সেই রেটের চতুর্থাংশ দিতে হইবে।

ঘর কি ভূমি খালি থাকিলে জলের রেটের চতুর্থাংশ স্বামির দিবার কথা।

The sum payable by the owner under this section shall be payable on the first of April, the first of July, the first of October, and the first of January, for the quarters immediately preceding those dates

এই ধারামতে স্বামির যে টাকা দেনা হয়, পূর্ব্ব তিন২ মাসের জন্যে ক্রমান্বয়ে আপ্রিল মাসের প্রথম ও জুলাই মাসের প্রথম ও অক্টোবর মাসের প্রথম ও জানুয়ারি মাসের প্রথম তারিখে তাঁহার সেই টাকা দিতে হইবে ইতি।

100 If any house is occupied by more than one person holding in severalty, or is of less assessed annual value than two hundred rupees, the Commissioners may impose the Water, Police, and Lighting-rates upon the owner of such house, or upon the owner of the land on which such house is situated

Power to assess owners in certain cases

১০০ ধারা। দুই কি তদধিক ব্যক্তি পৃথক২ রূপে এক ঘরের প্রজা হইলে, কিম্বা দুই শত টাকার কম বার্ষিক মূল্য ধরিয়া ঘরের রেট ধার্য্য হইলে, কমিশ্যনরগণ ঐ ঘরের স্বামির উপর, কিম্বা ঘর যে জমীতে থাকে সেই জমীর স্বামির উপর জলের ও পোলীসের ও আলোর রেট ধার্য্য করিতে পারিবেন ইতি।

স্থলবিশেষে স্বামিদের উপর রেট ধার্য্য করিবার কথা।

**101.** If the Water-rate is paid by the owner of any house or land under the last preceding section, such owner may, if there be but one occupier of the house, recover from such occupier three-fourths of the rate so paid by such owner,

Owner to recover from occupier water rate paid by owner

and if there be more than one occupier, he may recover from each occupier three-fourths of such sum as shall bear to the entire amount of rate so paid by him the same proportion as the value of the portion of the house in the occupation of such person bears to the entire value of such house

**102.** If the Police and Lighting-rates are paid by the owner of any house or land under section one hundred, such owner may, if there be but one occupier of the house, recover from such occupier the entire amount of the rates so paid by such owner,

Owner to recover from occupier police and lighting rates paid by owner

and if there be more than one occupier, he may recover from each occupier such sum as shall bear to the entire amount of rates so paid by him the same proportion as the value of the portion of the house in the occupation of such person bears to the entire value of such house

**103** Every owner who, under the provisions of the two last preceding sections, may be entitled to recover any sum from the occupier of any house or of any portion thereof, shall have for the recovery of such sum all such and the same remedies, powers, rights, and authorities as if such sum were rent payable to him by the occupier in respect of such portion of the house as may be in his occupation

Owner to have same power for recovering rates as for recovering rent

## CHAPTER V.

### Of the Assessment of Houses and Land

**104** The estimated gross annual rent at which any house or land, liable to rate under this Act, might reasonably be expected to let from year to year, shall, for the purposes of any rate to be imposed under this Act, be held and be deemed to be the annual value of such house or land.

Annual value of house or land how to be ascertained.

The value of land so estimated shall not include the value of any machinery thereupon.

১০১ ধারা। যদি ঘরের কি জমীর স্বামী ইহার পুর্ব্ব ধারামতে জলের রেট দিয়া থাকেন, তবে ঘরের এক জন প্রজা থাকিলে, ঐ স্বামী রেটের যত টাকা দিলেন প্রজার স্থানে তাহার চারি অংশের তিন অংশ ফিরিয়া পাইতে পারিবেন।

স্বামী যে জলের রেট দেন প্রজার স্থানে তাহা ফিরিয়া পাইবার কথা।

দুই কি তদধিক জন প্রজা থাকিলে, এক২ জনের দখলে ঘরের যে অংশ থাকে, সেই অংশ সম্পূর্ণ ঘরের মূল্যের যে ভাগ হয় স্বামী তদনুসারে, ঐ রেট বিভাগ করিয়া এক২ জনের স্থানে ঐ ভাগের চারি অংশের তিন অংশ লইতে পারিবেন ইতি।

১০২ ধারা। যদি ঘরের কি ভুমির স্বামী ১০০ ধারামতে পোলীসের ও আলোর রেট দিয়া থাকেন, তবে ঘরের এক জন প্রজা থাকিলে ঐ স্বামী ঐ২ রেটের যত টাকা দিলেন তাহা সমুদয় ঐ প্রজার স্থানে ফিরিয়া পাইতে পারিবেন।

স্বামী পোলীসের ও আলোর যে রেট দেন তাহা প্রজার স্থানে ফিরিয়া পাইবার কথা।

একের অধিক জন প্রজা থাকিলে, এক২ জনের দখলে ঘরের যে অংশ থাকে, সেই অংশ সম্পূর্ণ ঘরের মূল্যের যে ভাগ হয় তদনুসারে তিনি ঐ রেট বিভাগ করিয়া এক২ জনের স্থানে ঐ২ রেটের এক২ ভাগ লইতে পারিবেন ইতি।

১০৩ ধারা। ইহার পুর্ব্ব দুই ধারার বিধানমতে কোন ঘরের কিম্বা তাহার কোন অংশের প্রজার স্থানে স্বামির কোন টাকা ফিরিয়া পাইবার অধিকার থাকিলে, ঘরের যে অংশ যাহার দখলে থাকে তাঁহার স্থানে সেই অংশের ভাড়া আদায় করিবার জন্যে তাঁহার যে২ উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা থাকে, ঐ রেটের টাকা আদায় করিবার জন্যে তাঁহার সেই২ উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা থাকিবে ইতি।

খাজানা আদায় করণার্থে স্বামির যে ক্ষমতা থাকে রেট আদায় করিতেও তাহার সেই ক্ষমতা থাকার কথা।

## পঞ্চম অধ্যায়।

### ঘরের ও ভুমির উপর টাকৃস ধার্য্য করিবার কথা।

১০৪ ধারা। এই আইনমতে যে ঘর কি ভুমি টাকৃস দিবার যোগ্য, বৎসর২ তাহার খাজানা দেওয়া গেলে, যুক্তিমতে এক বৎসরে তাহার মোটে যত খাজানা হইতে পারে, এই আইনমতে টাকৃস ধার্য্য করিবার কার্য্যপক্ষে তাহাই ঐ ঘরের কি জমীর বার্ষিক মূল্য বলিয়া জ্ঞান হইবে।

ঘরের কি ভুমির বার্ষিক মূল্য যেরূপে নির্ণয় করা যাইবে তাহার কথা।

তদ্রূপে ভুমির যে মূল্য ধরা যায়, ঐ ভুমিতে কল প্রভৃতি যে যন্ত্র বসান থাকে তাহার মূল্য ঐ জমীর মূল্যের মধ্যে গণ্য নয়।

Provided that all the unoccupied land, roads, and slopes of the Port Commissioners shall be rated at the rent for which the said land, roads, or slopes might be reasonably expected to let, in the same manner as if the said land, roads, and slopes were used for other than public purposes, and belonged to persons other than a public body, save and except the road extending from the northern boundary of the premises occupied by the East Indian Railway Company at Armenian Ghât to the Chitpore canal, and the road extending from the Chitpore road to the river Hooghly at Coomartollah Ghât, for a width not exceeding seventy feet and sixty feet respectively, which shall be exempted from assessment of any rate under this Act.

কিন্তু পোর্ট কমিশ্যনরগণের যত জমী কোন কর্ম্ম-বিশেষে খাটান যায় নাই, তাহা ও তাঁহাদের রাস্তা ও ঢালুস্থান সরকারী কার্য্যভিন্ন কোন কার্য্যে খাটান গেলে কিম্বা সামাজিক ব্যক্তি ভিন্ন সাধারণ ব্যক্তির সম্পত্তি থাকিলে, ঐ ভুমি কি পথ কি ঢালুস্থান যুক্তি মতে যে হিসাবে খাজানা করিয়া দেওযা যাইতে পারে সেই হিসাব অনুসারে তাহার টাকস ধার্য্য হইবে। কিন্তু আরমানী ঘাটে ইষ্ট ইণ্ডিযা রেলওবে কোম্পানির বাটীর উত্তর সীমাবধি চিৎপুর খাল পর্য্যন্ত ৭০ ফুটের অনধিক প্রস্থ যে বাস্তা, ও চিৎপুব বাস্তাহইতে হুগলী নদীর তটস্থ কুমারটোলা ঘাট পর্য্যন্ত ৬০ ফুটের অনধিক প্রস্থ যে বাস্তা গিযাছে, এই আইনমতে যে রেট ধার্য্য হয উক্ত দুই বাস্তা সেই সকল বেটহইতে মুক্ত থাকিবে ইতি।

105 All assessments made by the Commissioners prior to the commencement of this Act shall remain in force during the period for which they were so made, and on the expiration of such assessments, the annual value at which any house or land is to be assessed shall be fixed by the Commissioners, and such house or land shall be assessed upon the value so fixed for six years from the date on which it is so fixed

Annual value to be assessed by the Commissioners, assessment to remain in force for six years

১০৫ ধারা। কমিশ্যনরগণ এই আইন প্রচলিত হই-বার পূর্ব্বে যে সকল টাক্স ধার্য্য করিলেন তাহা যত দিনের নিমিত্ত অবধারিত হইল তত দিন প্রবল থাকিবে। সেই মিযাদ গত হইলে ঐ ঘরের কি জমীর বার্ষিক যত মূল্য ধরিয়া টাক্স ধার্য্য করিতে হইবে কমিশ্যনরগণ তাহা স্থির করিবেন, ও যে তারিখে স্থির করা যায় সেই তারিখ অধধি ছয় বৎসর পর্য্যন্ত ঐ ঘরের কি ভুমির সেই মূল্য ধরিয়া টাকস ধার্য্য হইবে ইতি।

বার্ষিক মূল্য কমিশ্যনরগণের নিরূপণ করিবার ও তদনুসারে যে টাক্স ধার্য্য হয় তাহা ছয় বৎসর প্রবল থাকিবার কথা।

106 If, during the currency of any period mentioned in the last preceding section, any substantial alteration and improvement is made to any such house or land, the Commissioners may cause such house or land to be again assessed, even though such period has not expired, and such last mentioned assessment shall be in force, and the rate shall be imposed according to it, until the expiration of the said period of assessment

When substantial improvement made, Commissioners may re assess

১০৬ ধারা। ইহার পূর্ব্ব ধারায যে মিযাদের উল্লেখ হইযাছে, সেই মিযাদের মধ্যে উক্ত কোন ভুমির অবস্থা গুরুতররূপে পারিবর্ত্তন হইলে, কিম্বা তাহা গুরুতর ভাবে উৎকৃষ্ট করা গেলে, সেই মিয়াদ না ফুরাইলেও কমিশ্যনরগণ পুনরায সেই ঘরের কি ভুমির মূল্য নিরূপণ করাইতে পারিবেন ও টাকুস ধার্য্য হওযার সেই মিযাদের শেষপর্য্যন্ত শেষোক্তরূপে নিদ্ধারিত মূল্য প্রবল থাকিবে ও তদনুসারে টাকুস ধার্য্য হইবে ইতি।

গুরুতর ভাবে উৎকৃষ্ট হইলে কমিশ্যনরগণের পুনশ্চ টাক্স ধার্য্য করিবার কথা।

107 If, during the currency of any period mentioned in section one hundred and five, any such house or land shall receive substantial injury through fire, cyclone, the act of God, or civil commotion, or suffers material depreciation from any cause proved to the satisfaction of the Commissioners to have been beyond the control of the owner or occupier thereof, the Commissioners shall, as soon as practicable, on application being made to them in writing by the owner or occupier of such house or land, cause such house or land to be again assessed, even though the current period of assessment has not expired, and such last men-

When substantial injury done, Commissioners may re assess

১০৭ ধারা। ১০৫ ধারায় যে মিয়াদের উল্লেখ হই-য়াছে সেই মিযাদ চলন সমযে, যদি অগ্নি দ্বারা কি ঝড়ের বেগে, কি ঈশ্বরকৃতি দ্বারা, কিম্বা নগরের অন্ত-র্গত গোলযোগ দ্বারা উক্ত কোন ঘরের কি ভুমির হানি হইযা থাকে, কিম্বা স্বামী কি প্রজা যাহা নিবারণ করিতে পারিলেন না কমিশ্যনরদের হৃদ্বোধমতে এমত কোন কারণে ঐ ঘরের কি ভুমির মূল্যের অত্যন্ত ন্যূনতা হইয়া থাকে, তবে ঐ ভুমির কি ঘরের স্বামী কি প্রজা লিখিয়া প্রার্থনা করিলেই অবধারিত টাকুসের মিয়াদ না ফুরা-ইলেও কমিশ্যনরগণ ঐ প্রার্থনা পাইলে সাধ্যমতে ত্বরায় ঐ ঘরের কি ভুমির টাকুস পুনরায় ধার্য্য করিতে প্রবর্ত্ত হইবেন, তাহা হইলে অবধারিত টাকুসের উক্ত মিয়াদ

tioned assessment shall be in force, and the rate shall be imposed according to it, until the expiration of the said period of assessment,

যত দিন না ফুরায় শেষোক্ত অবধারিত টাক্স তত দিন প্রবল থাকিবে।

Provided that if any substantial alteration and improvement shall be made, prior to the expiration of the said period of assessment, to the house or land which shall have been again assessed as aforesaid, the Commissioners may cause such house or land to be again assessed as under section one hundred and six

কিন্তু পূর্ব্বোক্তমতে যে ভূমির কি ঘরের পুনশ্চ টাক্স ধার্য্য হয়, অবধারিত টাক্সের উক্ত মিয়াদ ফুরাইবার পূর্ব্বে যদি তাহার গুরুতর পরিবর্ত্তন কি উৎকর্ষ সাধন হইয়া থাকে, তবে কমিশ্যনরগণ ১০৬ ধারামতে ঐ ঘর কি জমীর টাক্স পুনর্ব্বার ধার্য্য করাইতে পারিবেন ইতি।

Annual value assessed to be entered in a book

108 The annual value assessed by the Commissioners as hereinbefore provided, shall be entered in a book to be kept at the office of the Commissioners, wherein shall also be written in distinct columns—

(a) the name of the owner,

(b) the name of the occupier, if the occupier is the person liable to pay the rate,

(c) a designation of the property, sufficient to identify the same, together with the name and number of the street (if any) in which it is situated,

(d) the amount of the rate assessed thereon, and

(e) the amount of the rate assessed on the house and on the land respectively, whenever any rate is payable by the owner of the land, and the said owner is not the owner of the house situated on the said land

বার্ষিক মূল্য বহীতে লিখনের কথা।

১০৮ ধারা। ইহার পূর্ব্ব বিধানমতে কমিশ্যনরগণের দ্বারা যে বার্ষিক মূল্য নির্দ্ধারিত হয় তাহা বহীতে লেখা গিয়া কমিশ্যনরগণের আফিসে রাখা যাইবে। তাহাতে পৃথক২ ঘর করিয়া এই২ কথা লিখিতে হইবে,

(ক) স্বামির নাম।

(খ) প্রজার স্থানে রেট আদায় করিতে হইলে প্রজার নাম।

(গ) সম্পত্তি যাহাতে নির্ণয় করা যাইতে পারে তাহার এমত বর্ণনা, ও রাস্তার নাম, ও নম্বর থাকিলে সেই নম্বর, ও

(ঘ) তাহার উপর যত টাকা রেট ধার্য্য হইল। ও

(ঙ) ভুস্বামির স্থানে রেট আদায় করিতে হইলে, এবং ঐ ভূমিতে যে ঘর থাকে ঐ ভূমির স্বামী সেই ঘরের স্বামী না হইলে, ঐ ঘরের ও ভূমির উপর ক্রমান্বয়ে যত টাকা রেট ধার্য্য হইল তাহা।

The book required to be kept under this section is hereinafter called the "assessment book"

এই ধারামতে যে বহী রাখিবার আদেশ হইল, ইহার পরে তাহার "আসেসমেন্ট বহী" নাম উল্লেখ হইয়াছে।

When the name of the owner or occupier is not known, it shall be sufficient to designate him in the assessment book as the "owner" or "occupier"

স্বামির কি প্রজার নাম জানা না থাকিলে, ঐ আসেস্‌মেন্ট বহীতে "স্বামী" কি "প্রজা" লিখিলেই চলিতে পারিবে ইতি।

New valuation or measurement to be made

109 The Commissioners shall from time to time make a valuation or measurement of all houses and land within the Town, and for such purpose may divide the Town into such and so many districts as they may think fit, and proceed to make a separate valuation or measurement district by district, and shall enter the same in the assessment book

নূতন মূল্য নিরূপণ করিবার কি মাপ লইবার কথা।

১০৯ ধারা। কমিশ্যনরগণ সময়ে২ নগরের অন্তর্গত সমস্ত ঘরের ও জমীর মূল্য নিরূপণ কি মাপ করিতে পারিবেন। তদর্থে তাঁহারা নগরের যত পল্লী করা উচিত জ্ঞান করেন করিতে পারিবেন। এবং তাঁহারা এক২ পল্লী ধরিয়া ভূমির স্বতন্ত্র মূল্য নিরূপণ কি মাপ করিতে প্রবর্ত্ত হইয়া আসেসমেন্ট বহীতে লিখিবেন ইতি।

Returns may be required for purpose of valuation

110 The Commissioners may require the owner or occupier of any house or land, to furnish them with returns of the measurements and of the rent or annual value thereof, and the Commissioners or any person authorized by them in that behalf, may at any time between the hour of seven in the forenoon and sunset

মূল্য নিরূপণ করিবার জন্যে রিটর্ণ লইতে পারিবার কথা।

১১০ ধারা। কমিশ্যনরগণ কোন ঘরের কি জমীর স্বামিকে কি প্রজাকে ঐ ভূমির পরিমাণের ও তাহার খাজানার কি বার্ষিক মূল্যের রিটর্ণ দিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং কমিশ্যনরেরা কিম্বা এই কার্য্যপক্ষে তাঁহাদের ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি অন্যূন চব্বিশ ঘন্টা থাকিতে নোটিস দিয়া পূর্ব্বাহ্ণ ৭ ঘন্টার ও সূর্য্য অস্ত

enter on, and inspect, survey, and measure such house or land, after giving a notice in writing of not less than twenty-four hours

হইবাব মধ্য কোন সময়ে, ঐ ঘরে কি জমীতে গিযা তাহা দেখিতে ও জরীপ করিতে ও মাপিষা লইতে পারিবেন ইতি।

Penalty

**111** Whoever refuses or fails to furnish any such return for the space of one week from the day on which he shall have been required so to do, or knowingly makes a false or incorrect return, and whoever hinders, obstructs, or prevents any Commissioner or any person appointed by the Commissioners as aforesaid, from entering or inspecting or measuring any such house or land, shall be liable to a fine not exceeding two hundred rupees for every such offence

দণ্ডের কথা।

১১১ ধারা। কোন ব্যক্তিকে পূর্ব্বোক্ত রিটর্ণ দিতে আজ্ঞা হইবাব পব এক সপ্তাহ পর্য্যন্ত তিনি সেই রিটর্ণ দিতে অসম্মত হইলে কি ক্রটি কবিলে, কিম্বা জানিয়া শুনিয়া মিথ্যা কি অশুদ্ধ বিটর্ণ লিখিযা দিলে, এবং কোন কমিশ্যনব কিম্বা কমিশ্যনবগণের পূর্ব্বোক্তমতে নিযুক্ত কোন ব্যক্তি উক্ত কোন ঘবে কি জমীতে প্রবেশ কবিতে কি দৃষ্টি কি মাপ করিতে গেলে কোন ব্যক্তি তাঁহাকে বাবণ কবিলে, কি আটক করিলে, কি বাধা দিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ২০০ শত টাকাব অনধিক দণ্ড হইতে পাবিবে ইতি।

Public notice of valuation and measurement to be given

**112** When the valuation or measurement of any of the districts of the Town, into which it may have been divided by the Commissioners, shall have been completed, the Commissioners shall give public notice thereof, and of the place where the assessment book, or a copy thereof, may be inspected, by advertisement in at least two of the English daily newspapers, and in two vernacular newspapers, published within the Town, and also by placards posted up in conspicuous places throughout such district of the Town,

and the person in whose custody the assessment book may be, shall permit every person being the owner or occupier of any house or land included in the assessment or measurement, or the agent of such owner or occupier, to inspect the book and to make extracts therefrom without payment of any fee, and every person not being such owner or occupier, to inspect and make extracts, in like manner, on payment of a fee of one rupee

মূল্য নিরূপণের ও পরিমাণেব নোটিস প্রকাশ করিবার কথা।

১১২ ধাবা। কমিশ্যনরগণ যত পল্লী কবিয়া নগব বিভাগ করেন, তন্মধ্যে কোন পল্লীর জমীব মূল্য কি পবিমাণ নিরূপণের কার্য্য সমাপ্ত হইলে, ইংবেজী ভাষায যেং দৈনিক সম্বাদপত্র নগবে প্রকাশ হইযা থাকে কমিশ্যনবগণ ন্যূনকল্পে তাহার দুই খানি সম্বাদপত্রে, ও দেশীয ভাষাব দুই খানি সম্বাদপত্রে জ্ঞাপনপত্র দিযা ঐ কার্য্য সমাধাব নোটিস, ও আসেসমেণ্ট বহী কিম্বা তাহার নকল যে স্থানে দেখা যাইতে পারিবে সেই স্থানের নোটিস প্রকাশ করিবেন এবং নগরের উক্ত পল্লীব প্রকাশ২ স্থানে তাহাব নোটিস লাগাইযা দিবেন।

এবং উক্ত যেং ঘবেব কি ভূমির মূল্য কি পবিমাণ নিরূপণ হইল ঐ আসেস্‌মেণ্ট বহী যে ব্যক্তিব জিম্মায থাকে তিনি ফী না লইযা সেই২ ভূমির কি ঘরের স্বামিকে কি প্রজাকে কিম্বা স্বামির কি প্রজার সপক্ষ কর্ম্মকাবককে ঐ বহী দেখিতে ও তাহার কোন কথা নকল কবিযা লইতে দিবেন, ও যে ব্যক্তি স্বামী কি প্রজা নহেন তিনি ১৲ টাকা ফী দিলে তাঁহাকেও সেই প্রকাবে ঐ বহী দেখিতে ও তাহার কোন কথা নকল করিযা লইতে দিবেন ইতি।

Notice when valuation made for first time or increased

**113** The Commissioners shall, in all cases in which any house or land is for the first time assessed, or in which the valuation or measurement of any house or land previously assessed is increased, give special notice thereof to the owners or occupiers of the same, and when the valuation is increased as aforesaid, the said notice shall state the grounds of such increase

প্রথমবাব মূল্য নিরূপণ বা মূল্য বৃদ্ধি হওয়ার নোটিসের কথা।

১১৩ ধাবা। কোন ঘবের কি ভূমির টাক্স প্রথমবাব ধার্য্য করা গেলে, কিম্বা যে ঘরের কি ভূমির টাক্স পূর্ব্বে ধার্য্য হইযাছে তাহার নিরূপিত মূল্য কি পবিমাণ বৃদ্ধি হইলে, কমিশ্যনরগণ ঐ ঘরেব কি ভূমির স্বামিদিগকে কি প্রজাদিগকে তদ্বিষযের বিশেষ নোটিস দিবেন, ও পূর্ব্বোক্তমতে নিরূপিত মূল্য বৃদ্ধি করা গেলে, ঐ নোটিসে সেই বৃদ্ধির কারণ ব্যক্ত হইবে ইতি।

Appeals

**114** Appeals against any assessment made by the Commissioners under this Chapter shall lie

(*a*) to not less than three Commissioners, other than executive officers of the Commissioners, or

(*b*) to the Court of Small Causes

আপীলের কথা।

১১৪ ধারা। কমিশ্যনরগণ এই অধ্যাযমতে যে টাক্স ধার্য্য কবেন তাহাব উপব,

(ক) কমিশ্যনরগণের মধ্যে কর্ম্ম নির্ব্বাহক ব্যক্তি ভিন্ন ন্যূনকল্পে অন্য তিন জন কমিশ্যনরেব নিকট, কিম্বা

(খ) ক্ষুদ্র মোকদ্দমার আদালতে আপীল হইতে পারিবে।

In any case of an appeal to the Court of Small Causes under this section the said Court may follow the procedure laid down in sections three hundred and fifty-four and three hundred and fifty-five

এই ধারামতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতে আপীল হইলে, উক্ত আদালত ৩৫৪ ও ৩৫৫ ধারার বিধানমতে কার্য্য করিতে পারিবেন ইতি।

Notice to be given by person appealing

**115.** Any person desiring to appeal against any assessment made under this chapter, shall, within fifteen days of the publication of the notice referred to in section one hundred and twelve deliver at the office of the Commissioners a notice in writing, stating the grounds of appeal, and also informing the Commissioners whether he intends to appeal under clause (*a*) or (*b*) of the last preceding section

যে ব্যক্তি আপীল করেন তাহার নোটিস দিতে হইবার কথা।

১১৫ ধারা। এই অধ্যায়মতে যে টাক্স ধার্য্য হয়, কোন ব্যক্তি তাহার উপর আপীল করিতে চাহিলে, ১১২ ধারার উল্লিখিত নোটিস প্রচার হইবার পর পঞ্চদশ দিনের মধ্যে তিনি আপীল করিবার কারণ লিখিয়া আপীল করিবার মনস্থের নোটিস দিয়া ইহার পূর্ব্ব ধারার (ক) কিম্বা (খ) প্রকরণমতে আপীল করিতে মনস্থ করেন এই কথা কমিশ্যনরগণকে জানাইবেন।

No appeal shall lie as hereinbefore provided unless the amount of the house-rate for one quarter, under the assessment about to expire, has been deposited with the Commissioners,

অবধারিত যে টাক্সের মিয়াদ তৎকালে প্রায় গত হইয়া থাকে, তদনুসারে ঘরের উপর তিন মাসের যত টাকা রেট হয়, কমিশ্যনরগণের নিকট তত টাকা গচ্ছিত না করিলে ইহার পূর্ব্ব বিধানমতে আপীল করা যাইতে পারিবে না।

and unless the appeal is preferred by the person who, at the time the appeal is made, shall be recorded in the said book as the owner of the house or land to which the appeal refers, or by the occupier thereof, or by the agent of either of them

ও যে ঘরের কি জমীর বিষয়ে আপীল করা যায় আপীল করিবার সময়ে উক্ত বহীতে তাহার স্বামী বলিয়া যে ব্যক্তির নাম লেখা থাকে, সেই ব্যক্তি কিম্বা ঐ ঘরের কি ভূমির প্রজা কিম্বা তাহাদের অন্যতর ব্যক্তির মোক্তার ঐ আপীল উপস্থিত না করিলে তাহা গ্রাহ্য হইবে না ইতি।

Notice of day for hearing appeals

**116** The Commissioners shall give notice of a day, not being less than fifteen days from the publication of such notice, when they will proceed to hear the appeals under clause (*a*) of section one hundred and fourteen

আপীল শুনিবার দিনের নোটিস দিবার কথা।

১১৬ ধারা। কমিশ্যনরগণ ১১৪ ধারার (ক) প্রকরণমতে যে তারিখে আপীল শুনিতে প্রবর্ত্ত হইবেন ইহার নোটিস প্রচার করণের তারিখ অবধি পনের দিনের অন্যূন কোন দিন স্থির করিবেন।

Every appeal under clause (*b*) of the said section shall be presented to the Small Cause Court within seven days from the date of the delivery of the notice at the office of the Commissioners under the last preceding section

ঐ ১১৪ ধারার (খ) প্রকরণমতে আপীল হইলে ইহার পূর্ব্ব ধারাক্রমে কমিশ্যনরগণের আফিসে নোটিস দিবার তারিখ অবধি সাত দিনের মধ্যে ক্ষুদ্র মোকদ্দমার আদালতে আপীল উপস্থিত করিতে হইবে ইতি।

Assessment by Commissioners when to be final

**117** The assessment by the Commissioners of any rate, when no appeal therefrom is made as hereinbefore provided, and the adjudication of any appeal under the two last preceding sections, shall be final and conclusive

কমিশ্যনরগণের নির্দ্ধারিত টাক্স যে সময়ে চূড়ান্ত হইবে তাহার কথা।

১১৭ ধারা। কমিশ্যনরগণ যে রেট ধার্য্য করেন তাহার উপর ইহার পূর্ব্ব বিধানমতে আপীল উপস্থিত না করা গেলে তাহাই চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে, এবং আপীল হইলেও ইহার পূর্ব্ব দুই ধারামতে যে নিষ্পত্তি হয় তাহা চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে ইতি।

Assessments to be entered in assessment book

**118** The assessments made by the Commissioners, subject to such alterations as may from time to time thereafter be duly made on appeal, shall be entered in the assessment book, and the rate calculated on the said assessment shall, subject to such alterations as aforesaid, be deemed to be the rate for the whole period for which the assessment is made, and this period shall be calculated from the

আসেসমেণ্ট বহীতে অবধারিত সকল টাক্স লিখিবার কথা।

১১৮ ধারা। কমিশ্যনরগণ যেং টাক্স ধার্য্য করেন তাহার উপর আপীল হইয়া সময়েং নিয়মমতে পরিবর্ত্তন করা গেলে তদনুসারে যে টাক্স অবধারিত হয় তাহা আসেসমেণ্ট বহীতে লেখা যাইবে। পূর্ব্বোক্তমতে যেং কথা পরিবর্ত্তন করা যায় তাহা প্রবল মানিয়া তদ্রূপে যে টাক্স ধার্য্য হইয়া থাকে ও যত কালের নিমিত্ত ধার্য্য হইল, ঐ টাক্স তত কালের নিমিত্ত নির্দ্ধারিত বলিয়া জ্ঞান হইবে। উক্ত সংশোধিত কথা যে তারিখে স্থির

commencement of the quarter next succeeding that in which any such amendment shall be so authenticated, and until such date the old assessment shall continue in force, notwithstanding that the period for which the old assessment was made may have expired

করা যায় তৎপশ্চাৎ যে তিন মাস আইসে সেই তিন মাসের আরম্ভ অবধি ঐ মিয়াদ ধরিতে হইবে, ও পুরাতন টাক্স যত সময়ের নিমিত্ত ধার্য্য হইয়াছিল সেই সময় গত হইলেও পুর্ব্বের অবধারিত ঐ টাক্স সেই তারিখ পর্য্যন্ত প্রবল থাকিবে ইতি।

Alteration or amendment of assessment

119. The Chairman or Vice-Chairman may at any time amend the assessment book by inserting therein the name of any person whose name ought to be so inserted, or by inserting any house or land liable to the rate, after giving notice, to any person interested in the making of the amendment, of a day, not being less than fifteen days from the date of the service of such notice, when such amendment is to be made, or by striking out the name of any person or any house or land not liable to the rate, or reducing the amount of the assessment, without notice

আসেস্‌মেণ্ট বহীর কোন কথা পরিবর্ত্তন কি সংশোধন করিবার কথা।

১১৯ ধারা। আসেস্‌মেণ্ট বহীতে যে ব্যক্তির নাম লেখা উচিত ছিল, কিম্বা টাক্স দিবার যোগ্য যে ঘর কি ভূমি লেখা উচিত ছিল, সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি কোন সময়ে সেই ব্যক্তির নাম কিম্বা সেই ঘর কি ভূমি লিখিয়া ঐ আসেস্‌মেণ্ট বহী সংশোধন করিতে পারিবেন। এমত স্থলে ঐ সংশোধন কার্য্যে যে ব্যক্তির সম্পর্ক থাকে, তাঁহাকে এই মর্ম্মের নোটিস দেওয়া যাইবে যে, নোটিস পাইলে পর অন্যূন পঞ্চদশ দিন গত হইলে অমুক দিনে ঐ রূপে বহী সংশোধন করা যাইবে। অথবা যে ব্যক্তি কিম্বা যে ঘর কি ভূমি টাক্স দিবার অযোগ্য, পুর্ব্বে নোটিস না দিয়া তাহার নাম উঠাইয়া কিম্বা তাহার নামে যে টাক্স ধার্য্য হইল তাহা কমাইয়া দিয়া ঐ বহী সংশোধন করিতে পারিবেন।

and if any amendment shall be made, in cases where notice is required, the same shall be deemed to have been made on the expiration of fifteen days after service of the said notice, and any person interested in such amendment may appeal by application in writing to the Commissioners, to be left at their office three clear days before the day fixed in the said notice for such amendment, and the provisions of sections one hundred and fourteen, one hundred and fifteen, one hundred and sixteen, and one hundred and seventeen, shall, so far as may be practicable, apply to such appeal

আরও যে স্থলে নোটিস দেওয়া প্রয়োজন এমত স্থলে যদি কোন কথা সংশোধন করা গিয়া থাকে, তবে ঐ নোটিস দিবার পর পঞ্চদশ দিন গত হইলেই ঐ সংশোধন কার্য্য যেন করা গেল এমত জ্ঞান হইবে। ও সেই কথার সংশোধনে যে ব্যক্তির সম্পর্ক থাকে, তিনি ঐ নোটিসে সংশোধন করিবার যে দিন নির্দ্ধারিত হইল তৎপুর্ব্বে তিন দিন থাকিতে কমিশ্যনরগণের আফিসে লিখিয়া দিয়া তাঁহাদের নিকট ঐ সংশোধনের উপর আপীল করিতে পারিবেন, এবং ১১৪ ও ১১৫ ও ১১৬ ও ১১৭ ধারার বিধান যত দূর খাটিতে পারে ঐ আপীলের প্রতি তত দূর খাটিবে ইতি।

New assessment book need not be prepared every six years

120 It shall not be necessary to prepare a new assessment book at the expiration of each period of assessment, but the Commissioners in meeting, other than an ordinary meeting, may adopt the valuation or measurement and assessment contained in any assessment book for any previous period, with such alterations as may in particular cases be deemed necessary, as the valuation, or measurement and assessment for the period next following,

নূতন আসেসমেণ্ট বহী ছয়২ বৎসরান্তর প্রস্তুত করিবার প্রয়োজন না থাকার কথা।

১২০ ধারা। নির্দ্ধারিত টাক্সের মিয়াদ ফুরাইলেই নূতন আসেসমেণ্ট বহী প্রস্তুত করিবার প্রয়োজন নাই। পূর্ব্ব কোন মিয়াদের আসেসমেণ্ট বহীতে যে মূল্য কি পরিমাণ ও যে টাক্স গ্রাহ্য হইয়াছিল, কমিশ্যনরগণ নিয়মিত সভা ছাড়া কোন সভায় অধিবিষ্ট হইয়া তাহার মধ্যে বিশেষ স্থলের যে২ কথা পরিবর্ত্তন করা আবশ্যক জ্ঞান করেন তাহা করিয়া, সেই মূল্য কি পরিমাণ ও টাক্স নূতন মিয়াদের নিরূপিত মূল্য কি পরিমাণ ও টাক্স বলিয়া গ্রাহ্য করিতে পারিবেন।

Provided that sections one hundred and ten to one hundred and eighteen (both inclusive) shall, as far as may be practicable, be applicable to such valuation or measurement and assessment, and to the assessment book or books in which it is contained.

পরন্তু ঐ নিরূপিত মূল্যের কি পরিমাণের ও টাক্সের প্রতি, ও তাহা যে বা যে২ আসেসমেণ্ট বহীতে লেখা থাকে তাহার প্রতি ১১০ অবধি ১১৮ পর্য্যন্ত সকল ধারা যত দূর খাটিতে পারে খাটিবে ইতি।

## CHAPTER VI

### Of Levying the Rates

**121** When any rate is due, the Commissioners shall cause to be presented, to the person liable to the payment thereof, a bill for the sum due, which shall also contain a statement of the period, and a description of the property, for which the rate is charged

*Bills to be presented*

Provided that whenever any rate is payable by the owner of the land, and the said owner is not the owner of the house situated on the said land, the assessment on the land and on the house shall be separately entered in the said bill

**122** If the bill is not paid by the person liable to pay the same within seven days from the presentation thereof, the Commissioners may cause to be served upon such person a notice of demand, in the form contained in the fourth schedule, or to the like effect, and if he shall not, within seven days from the service of such notice of demand, pay the sum due, or show sufficient cause, to the satisfaction of the Commissioners, for non-payment of the same, such sum, with all costs, may be levied by distress and sale of the moveable property of the defaulter, or if the defaulter be the occupier of any house or land in respect of which a rate is due, by distress and sale of any moveable property found on the house or land, under a warrant in the form contained in the fifth schedule, or to the like effect, to be issued for that purpose by the Commissioners

*Notice of demand*

*Distress*

For every notice of demand under this section which the Commissioners shall cause to be served upon any person, a fee, not exceeding one rupee, shall be paid by such person

Such fee shall be added to the amount of the rate in respect of which the notice is given, and, if not duly paid, shall be levied in the same manner as such rate may be levied

**123** The officer charged with the execution of a warrant of distress under the last preceding section shall make an inventory of the moveable property seized under such warrant, and shall at the time give a notice in writing, in the form contained in the sixth schedule, or to the like effect, to the person in possession thereof at the time of the seizure, that the said moveable property will be sold as therein mentioned

*Inventory—notice of distress*

## ষষ্ঠ অধ্যায়।

### রেট আদায় করিবার কথা।

১২১ ধারা। রেট পাওনা হইলে, যে ব্যক্তি তাহা দিবার যোগ্য কমিশ্যনরগণ তাঁহার নামে বিল দেওয়াইবেন। যে সময়ের নিমিত্ত, ও যে সম্পাত্তির উপর ঐ রেটের দাওয়া হয়, ঐ বিলে তাহা লেখা থাকিবে।

*বিল দিবার কথা।*

কিন্তু ভূমির স্বামির কোন রেট দিতে হইলে, ও ঐ ভূমিতে যে ঘর আছে তিনিই ঐ ঘরের স্বামী না হইলে, ঘরের ও ভূমির উপর যে রেট ধার্য্য হয় তাহা বিলে স্বতন্ত্র করিয়া লিখিতে হইবে ইতি।

১২২ ধারা। যে ব্যক্তি ঐ বিলের টাকার দায়ী হন, তাঁহাকে বিল দেওয়া গেলে পর তিনি সাত দিনের মধ্যে টাকা না দিলে, কমিশ্যনেরা চতুর্থ তফসীলের নির্দ্দিষ্ট পাঠে বা তাহার মর্ম্মানুসারে ঐ ব্যক্তিকে দাওযার নোটিস দেওয়াইবেন। ঐ দাওযার নোটিস দেওয়া গেলে পর তিনি সাত দিনের মধ্যে ঐ দেনা টাকা না দিলে, কিম্বা কমিশ্যনরগণের হৃদ্বোধমতে ঐ টাকা না দেওয়ার উপযুক্ত কারণ না জানাইলে, কমিশ্যনরগণ পঞ্চম তফসীলের লিখিত পাঠে কি তাহার মর্ম্মানুসারে পরওয়ানা জারী করিযা ঐ বাকীদারের অস্থাবর সম্পাত্তি ক্রোক ও বিক্রয় করিযা, কিম্বা যে ভূমীর নিমিত্ত রেট পাওনা থাকে বাকীদার সেই ভূমীর প্রজা হইলে ঐ ভূমীতে যে অস্থাবর দ্রব্য পাওযা যায় তাহা ক্রোক ও বিক্রয় করিযা, সমস্ত খরচা সমেত ঐ টাকা আদায় করিযা লইতে পারিবেন।

*দাওয়ার নোটিসের কথা।*

*ক্রোক করণের কথা।*

এই ধারামতে কমিশ্যনরগণ যে প্রত্যেক ব্যক্তির নামে দাওযার নোটিস জারী করান, সেই ব্যক্তির ১৲ টাকার অনধিক ফী দিতে হইবে।

যে রেটের নিমিত্ত ঐ নোটিস দেওযা যায ঐ ফী সেই রেটের সঙ্গে ধরা যাইবে, ও নিযমমতে না দেওযা গেলে, ঐ রেট যে প্রকারে আদায় করা যাইতে পারে ঐ ফীও সেই প্রকারে আদায় করা যাইবে ইতি।

১২৩ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে কার্য্যকারককে ক্রোক করিবার পরওযানা জারী করিতে দেওযা যায়, তিনি ঐ পরওয়ানাক্রমে অস্থাবর যে২ দ্রব্য ক্রোক করেন, তাহার তালিকা করিবেন, ও ক্রোক করিবার সমযে ঐ দ্রব্য যে ব্যক্তির দখলে ছিল, তাঁহার নামে সেই সমযে ষষ্ঠ তফসীলের লিখিত পাঠে কি সেই মর্ম্মানুসারে এই নোটিস লিখিয়া দিবেন যে, ঐ অস্থাবর দ্রব্য ঐ নোটিসের লিখনমতে বিক্রয় করা যাইবে ইতি।

*তালিকার ও ক্রোক করার নোটিসের কথা।*

**124** If the warrant is not in the meantime discharged or suspended by the Commissioners, the moveable property seized shall be sold under the orders of the Commissioners, who shall apply the proceeds, or such part thereof as may be necessary, in discharge of the said arrears and costs,

*Sale*

and the surplus, if any, shall be returned, on demand, to the person in possession of the moveable property at the time of the seizure

All sales of property under this section shall, so far as may be practicable, be regulated by the procedure now in force, or hereafter to be in force, in the Court of Small Causes with respect to sale after distress

Fees shall be payable upon distraints under this Act according to the rates set forth in the Table of Fees in the sixth schedule

All officers and servants of the Corporation are prohibited from purchasing any property at any such sale

**125** The moveable property of any person from whom any rate is due may be distrained, wherever the same may be found, for default in payment of the money due from him

*Goods of defaulter, wherever found may be distrained*

**126** If the sum due on account of any rate from the owner of any house or land remains unpaid after notice of demand has been duly served, the Commissioners may demand the amount from the occupier for the time being of the house or land, and, on non-payment thereof, may recover the same by distress and sale of any moveable property found on the house or land, and, in such case, the occupier may deduct, from the next and following payments of his rent, the amount which may be so paid by, or recovered from, him

*Rate due from owner may be recovered from occupier and deducted by him from his rent*

Provided that no arrear of rate, which has remained due from the owner of any house or land for more than one year, shall be so recovered from the occupier thereof

**127** No distress levied under this Act shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser, on account of any defect or want of form in the notice, schedule, summons, notice of

*Distress not unlawful for want of form*

১২৪ ধারা। সেই সময়ের মধ্যে কমিশ্যনরগণ ঐ পরওয়ানা রহিত কিম্বা স্থগিত না করিলে, উক্ত যে অস্থাবর দ্রব্য ক্রোক করা গেল তাহা তাঁহাদের আজ্ঞামতে বিক্রয় করা যাইবে। ও বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায় তাহা কিম্বা তাহার যত টাকা প্রয়োজন হয় তাঁহারা তত টাকা লইয়া ঐ বাকী ও খরচা শোধ করিবেন।

*বিক্রয়ের কথা।*

কিছু উদ্বর্ত্ত থাকিলে, ঐ অস্থাবর দ্রব্য ক্রোক করিবার সময়ে যে ব্যক্তির অধিকারে ছিল তাঁহার দাওয়মতে তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে।

মাল ক্রোক করিয়া বিক্রয় করিতে গেলে ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে কার্য্য প্রণালী চলিত আছে কি পশ্চাৎ চলিত হইবে, এই ধারানুসারে যত দূর হইতে পারে তত দূর সেই প্রণালীমতে সম্পত্তি নিলাম হইবে।

এই আইনমতে ক্রোক করণহেতুক যে ফী লাগিবে ষষ্ঠ তফসীলের ফর্দ্দের নির্দ্দিষ্ট হারানুসারে সেই ফী লওয়া যাইবে।

সমবায়িত সমাজের সকল কর্ম্মচারি ও চাকরদের প্রতি সেই নিলামে কোন সম্পত্তি ক্রয় করিতে নিষেধ করা গেল ইতি।

১২৫ ধারা। যে ব্যক্তির স্থানে কোন রেট পাওনা থাকে, তাঁহার ঐ দেনা না দেওয়াতে তাঁহার অস্থাবর দ্রব্য যে স্থানেই পাওয়া যাউক ক্রোক হইতে পারিবে ইতি।

*বাকীদারের দ্রব্য যে স্থানেই পাওয়া যাউক ক্রোক হইতে পারিবার কথা।*

১২৬ ধারা। কোন ঘরের কি ভূমার স্বামির স্থানে কোন রেটের টাকা পাওনা থাকিলে, ও দাওয়ার নোটিস নিয়মমতে জারী করা গেলে পর সেই টাকা না দেওয়া গেলে, যৎকালে যে ব্যক্তি ঐ ঘরের কি ভূমীর প্রজা হয় কমিশ্যনরগণ তাঁহার স্থানে ঐ টাকার দাওয়া করিতে পারিবেন। তিনি না দিলে ঐ ঘরে কি ভূমীতে অস্থাবর যে দ্রব্য পাওয়া যায় তাঁহারা তাহা ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় করিতে পারিবেন। এমত স্থলে প্রজা যত টাকা দিলেন কিম্বা তাঁহার স্থানে যত টাকা আদায় করিয়া লওয়া গেল, তাহা পশ্চাৎ আপনার খাজানা কি ভাড়াহইতে কাটিয়া লইতে পারিবেন।

*স্বামির স্থানে যে রেট পাওনা থাকে প্রজার নিকট তাহা আদায় হইতে ও খাজানা কি ভাড়াহইতে কাটিয়া লইতে পারিবার কথা।*

কিন্তু কোন ঘরের কি ভূমীর স্বামির স্থানে কোন টাকা এক বৎসরের অধিক কাল পাওনা থাকিলে তাহা প্রজার স্থানে সেই প্রকারে আদায় করা যাইতে পারিবে না ইতি।

১২৭ ধারা। এই আইনমতে ক্রোক করিয়া টাকা আদায় করা গেলে, নোটিসে কি তফসীলে কি সমনে কিম্বা দাওয়ার নোটিসে কি ক্রোক করিবার পরওয়ানায় কি তালিকায়, কিম্বা তৎসংক্রান্ত আনুষ্ঠানিক অন্য

*দাঁড়ার ব্যতিক্রম হেতুক ক্রোক অবৈধ না হওয়ার কথা।*

demand, warrant of distress, inventory, or other proceeding relating thereto, nor shall such party be deemed a trespasser on account of any irregularity committed by him, but all persons aggrieved by such irregularity may recover full satisfaction for any special damage sustained by them in any court of competent jurisdiction

Commissioners may sue, instead of proceeding by distress

128 Instead of proceeding by distress and sale, or in case of failure to realize by distress and sale the whole or any part of the sum due in respect of any rate, the Commissioners may sue the person liable to pay the same in any Court of competent jurisdiction

---

## CHAPTER VII

### OF THE WATER-SUPPLY

The Commissioners to provide water supply

129. The Commissioners shall provide a supply of water within the Town, and shall for that purpose cause such mains and pipes to be laid, and such tanks, reservoirs, or other works to be made and constructed, as shall be necessary for the supply of filtered water in all the chief public streets of the Town, and shall also erect, in all such streets, sufficient and convenient stand-pipes or pumps for the gratuitous use of the inhabitants of the Town for domestic purposes

The said stand-pipes or pumps shall be so placed that there shall not be any portion of any such chief street at a greater distance than one hundred and fifty yards from some such stand-pipe or pump

What are not domestic purposes

130 A supply of water for domestic purposes shall not include a supply of water for animals, or for washing carriages, where such animals or carriages are kept for sale or hire, or a supply for any trade, manufacture, or business, or for fountains, or for watering gardens or roads, or for any ornamental or mechanical purpose

Pressure at which water must be kept

131 The Commissioners shall, between the hours of six in the forenoon and nine in the afternoon, so far as may be reasonably practicable, keep and maintain in their pipes and mains a sufficient supply of filtered water under a pressure of not less than ten feet for the domestic use of the rate payers, and shall daily, from the hour of seven in the forenoon

কার্য্যে ত্রুটি কি দাঁড়ার ব্যতিক্রম থাকা প্রযুক্ত ঐ ক্রোক অবৈধ হইবে না, ও যে ব্যক্তি ক্রোক করিলেন তাহাকে অনধিকার প্রবেশকারি বলিয়া জ্ঞান হইবে না, ও সেই ব্যক্তি বেদাঁড়ামত কার্য্য করিলেও তাঁহাকে অনধিকার প্রবেশকারি বলিয়া জ্ঞান হইবে না। কিন্তু ঐ অনিয়মিত কার্য্য দ্বারা যে সকল ব্যক্তির হানি হয়, তাঁহারা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে হানি নির্দ্দিষ্ট করিয়া তাহার সম্পূর্ণ প্রতিকার পাইতে পারিবেন ইতি।

ক্রোক না করিয়া কমিশ্যনরগণের নালিশ করিতে পারিবার কথা।

১২৮ ধারা। কোন রেটের নিমিত্তে যত টাকা পাওনা থাকে, কমিশ্যনরগণ তত টাকা কি তাহার কোন অংশ আদায় করিবার জন্যে ক্রোক ও নীলাম না করিয়া, কিম্বা ক্রোক ও নীলাম করিয়াও আদায় করিতে না পারিলে, উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে দায়ী ব্যক্তির নামে নালিশ করিতে পারিবেন ইতি।

---

## সপ্তম অধ্যায়।

### জল সম্পোয্যের বিধি।

কমিশ্যনরগণের জল যোগাইয়া দিবার কথা।

১২৯ ধারা। কমিশ্যনরগণ নগরের মধ্যে জলসম্পোয্যের বিধান করিবেন। তদর্থে নগরের প্রধান২ সকল রাস্তায় পরিষ্কৃত জল যোগাইবার নিমিত্ত বড় ও ছোট যত নল ও যত পুষ্করিণী ও জলাশয় কিম্বা অন্য যে কার্য্য করা আবশ্যক, তাহা প্রস্তুত করাইয়া দিবেন। ও যত কল থাকিলে নগরবাসিরা গৃহকার্য্যের নিমিত্তে বিনা মূল্যে সুবিধামতে জল পাইতে পারেন উক্ত রাস্তায়২ তত দাঁড়া কল স্থাপন করিয়া দিবেন।

উক্ত কল এমন স্থানে২ স্থাপন করা যাইবে যেন কোন বড় রাস্তার কোনস্থান হইতে উক্ত কোন না কোন কল দেড় শত গজের অধিক দূর না হয় ইতি।

যাহা গৃহ কার্য্য নামে বলা না যায় তাহার কথা।

১৩০ ধারা। কোন ব্যক্তি ঘোড়াপ্রভৃতি কোন জন্তু কি গাড়ী বিক্রয় করিবার কি ভাড়া দিবার জন্যে রাখিলে, সেই জন্তুর নিমিত্ত কি গাড়ী ধুইবার নিমিত্ত যে জলের প্রয়োজন, কিম্বা কোন ব্যবসায়ের কি কারখানার কি কর্ম্মের কিম্বা ঝরণার নিমিত্ত কি বাগানে কি পথে ছিটাইয়া দিবার নিমিত্ত, কিম্বা অন্য প্রকারের শোভার কি কলের নিমিত্ত, যে জলের প্রয়োজন, তাহা গৃহকার্য্যের জলসম্পোয্যের মধ্যে ধরা যায় না ইতি।

জলের যত বেগ রাখিতে হইবে তাহার কথা।

১৩১ ধারা। যাঁহারা রেট দিয়া থাকেন তাঁহাদের ব্যবহারের জন্যে কমিশ্যনরগণ সঙ্গতমতে যত দূর পারেন তত দূর পূর্ব্বাহ্ন ৬ ঘণ্টা অবধি অপরাহ্ন ৯ ঘণ্টা পর্য্যন্ত আপনাদের বড়২ ও ছোট২ নলে প্রচুররূপে পরিষ্কৃত জল এমত চাপ দিয়া রাখিবেন যে তাহা দশ ফুট ঊর্দ্ধে উঠিতে পারে, এবং বড়২ ও ছোট২ নলদ্বারা যে সকল ঘরে ও

to nine in the forenoon, and from the hour of five in the afternoon to six in the afternoon, maintain a pressure of water in the service pipes and mains sufficient to raise the water in all houses and places in which the same may be introduced, to a height of not less than fifty feet

স্থানে জল আনা যায়, তথায় পূর্ব্বাহ্ন ৭ অবধি ৯ ঘন্টা পর্য্যন্ত ও অপরাহ্ন ৫ অবধি ৬ ঘন্টা পর্য্যন্ত জল যেন অন্যূন পঞ্চাশ ফুট ঊর্দ্ধে উঠিতে পারে এই মতে চাপ দিয়া রাখিবেন ইতি ।

Supply for business

**132** The Commissioners may supply water through a meter, for purposes other than domestic purposes, provided that the person requiring such supply make application to the Commissioners in writing, specifying the purpose for which such supply is required and the quantity likely to be consumed

ব্যবসায়ের নিমিত্ত জল যোগাইবার কথা ।

১৩২ ধারা । ঘরের নানা কর্ম্মের নিমিত্ত যত জলের প্রযোজন, কোন ব্যক্তি তাহা ছাড়া অন্য কার্য্যের নিমিত্ত জল চাহিলে, যে কার্য্যের নিমিত্তে যত জল খরচ হইবার সম্ভাবনা দরখাস্ত লিখিয়া এই কথা কমিশ্যনরগণকে জানাইলে, তাঁহারা জল পরিমাপক যন্ত্রদ্বারা সেই জলও যোগাইয়া দিতে পারিবেন ।

The Commissioners may thereupon, subject to such charges or rates as may have been fixed by the Commissioners in meeting, other than an ordinary meeting, lay down, or allow to be laid down, the necessary communication-pipes and works, of such dimensions and character as may be fixed by the Commissioners

তাহা হইলে কমিশ্যনরগণ নিয়মিত সভাছাড়া কোন সভায় অধিষ্ঠিত হইয়া খরচা ও রেট স্থির করিয়া, যত বড় ও যে২ প্রকারের নল প্রভৃতি করিতে স্থির করেন, সেইং প্রকারের তত বড় নল বসাইবেন কি বসাইতে দিবেন, ও অন্যং কার্য্য করিবেন ইতি ।

Householder entitled to certain supply of water for domestic use

**133** The occupier of every house shall be entitled to have, free of further charge, fifteen hundred gallons of filtered water for every rupee paid to the Commissioners as water-rate on account of such house, to be supplied from the service pipes of the Commissioners for domestic use through a ferrule of such size as the Commissioners may determine It the Commissioners have reason to believe that the occupier of any house consumes more filtered water than he is entitled to as aforesaid, it shall be lawful for the Commissioners to provide a water-meter at their own expense, and attach the same to the water-pipes of the said house, and any water which may be used over and above the quantity to which the occupier is entitled as aforesaid shall be paid for by him at the rate of one rupee for every fifteen hundred gallons

গৃহকার্য্যের নিমিত্ত গৃহস্থের জল পাইবার অধিকারের কথা ।

১৩৩ ধারা । ঘরের প্রজা ঐ ঘরের জন্যে জলের রেট বলিয়া কমিশ্যনরগণকে যত টাকা দিয়া থাকেন, টাকা প্রতি তাঁহার আর খরচ বিনা পরিষ্কৃত জলের পনেরো শত গ্যালন পাইবার অধিকার থাকিবে । কমিশ্যনরগণ যে পরিমাণের নল দ্বারা ঐ জল দিতে স্থির করেন সেই নল দ্বারা গৃহকার্য্যের নিমিত্ত ঐ জল যোগাইয়া দেওয়া যাইবে । পূর্ব্বোক্তমতে গৃহস্থের যত পরিষ্কৃত জল পাইবার অধিকার থাকে তিনি তাহার অধিক খরচ করিয়া থাকেন কমিশ্যনরগণের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, তাঁহারা আপনাদের খরচে জল পরিমাপক যন্ত্র যোগাইয়া ঐ ঘরসংযুক্ত জলের নলে তাহা যোজনা করিয়া রাখিতে পারিবেন । তাহা হইলে পূর্ব্বোক্তমতে প্রজার যত জল পাইবার অধিকার থাকে, তাহার অতিরিক্ত যত জল খরচ করেন তাহার পনেরো শত গ্যালন প্রতি তাঁহার একং টাকার হিসাবে দিতে হইবে ।

Provided that no charge shall be made by the Commissioners for unfiltered water supplied under the next succeeding section

পরন্তু ইহার পশ্চাৎ ধারামতে কমিশ্যনরগণ যে অপরিষ্কৃত জল যোগাইয়া দেন তাহার জন্যে তাঁহারা খরচ লইবেন না ।

Nothing contained in the first clause of this section shall apply to houses assessed at less than twelve hundred rupees per annum

যে২ ঘরের বৎসর ১২০০ টাকার কম ধরিয়া টাক্স ধার্য্য হয় তাহার প্রতি এই ধারার কোন কথা খাটিবে না ইতি ।

Commissioners may provide filtered or unfiltered water for latrines

**134** It shall be at the option of the Commissioners to provide filtered or unfiltered water for all latrines and water-closets, and wherever filtered water has been already supplied to such latrines or water-closets, it shall be lawful for the Commissioners at their own

পাইখানার জন্যে কমিশ্যনরগণের পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দিতে পারিবার কথা ।

১৩৪ ধারা । কমিশ্যনরগণ সকল পাইখানায় ও শৌচস্থানে স্বেচ্ছামতে পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দিতে পারিবেন । ইতি পূর্ব্বে যদি তদ্রূপ পাইখানায় কি শৌচস্থানে পরিষ্কৃত জল দেওয়া গিয়া থাকে, তবে কমিশ্যনরগণ

expense, and not otherwise, to stop the supply of filtered water, and in lieu thereof to provide unfiltered water for such latrines and water-closets

আপনাদের খরচে পরিষ্কৃত জল বন্ধ করিয়া ঐ পাইখানার কি শৌচ স্থানের নিমিত্ত অপরিষ্কৃত জল যোগাইয়া দিতে পারিবেন। কিন্তু নিজ খরচভিন্ন অন্যের খরচে তাহা করিবেন না ইতি।

All latrines to be provided with cistern

135 All latrines and water-closets now supplied, or hereafter to be supplied, with water, filtered or unfiltered, shall be provided with a cistern of such size and description as the Commissioners shall direct, and all such cisterns shall be put up at the cost of the owner of the house or land so supplied with water

সকল পাইখানায় জলাধার দিবার কথা।

১৩৫ ধারা। যে সকল পাইখানায় ও শৌচস্থানে এইক্ষণে পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দেওয়া গিয়া থাকে কি পশ্চাৎ দেওয়া যাইবে, তথায় জলাধার দিতে হইবে। সেই আধার কত বড় ও কি প্রকারের হইবে, কমিশ্যনরগণ তাহা নির্ণয় করিবেন। যে ঘরে কি ভূমিতে জল যোগাইয়া দেওয়া যায় তাহার স্বামির খরচে ঐ সকল জলাধার দিতে হইবে ইতি।

Communication pipes, &c, to be made of required dimensions and at expense of householder

136 Every person paying the water-rate hereinbefore mentioned shall be entitled to lay down communication-pipes from the service pipes of the Commissioners, for bringing into his house or land a reasonable supply of water for domestic use, provided that the Commissioners shall be at liberty to cut off the supply of water to any house or land during the time the said house or land is unoccupied

জলের নল যত বড় হইবে তাহার কথা ও গৃহস্থের খরচে তাহা করিতে হইবার কথা।

১৩৬ ধারা। ইহার পূর্ব্বে জলের যে রেটের কথা লেখা গেল, কোন ব্যক্তি সেই রেট দিলে তাঁহার গৃহকার্য্যের নিমিত্তে সঙ্গতমতে যত জলের প্রয়োজন কমিশ্যনরগণের জলের নলের সঙ্গে নল যোজনা করাইয়া ঘরে কি জমীতে তাঁহার তত জল আনাইবার অধিকার থাকিবে, কিন্তু ঐ ঘর কি ভূমি যত দিন খালি থাকে, কমিশ্যনরগণ তত দিন তাহার জলসম্পোষ্য বন্ধ করিয়া দিতে পারিবেন।

The communication pipes leading the water from the service pipes of the Commissioners into the house of any rate-payer, and the pipes and works within the house connected therewith, shall be of such character, dimensions, and material as the Commissioners shall fix and approve, and shall be made and constructed at the expense of the person requiring the same

যে ব্যক্তি রেট দিয়া থাকেন, কমিশ্যনরগণের নলদ্বারা তাঁহার ঘরে জল আনাইবার জন্যে যে নল যোজনা করা গিয়া থাকে, ও তাহার সঙ্গে ঘরের মধ্যে নলপ্রভৃতি যে২ বিষয় সংযুক্ত থাকে, তাহা যে প্রকারের ও যত বড় ও যে দ্রব্যে নির্ম্মিত হইবে কমিশ্যনরগণ তাহা স্থির ও অনুমোদন করিবেন। ও যে ব্যক্তি সেই জল চাহেন তাঁহারই খরচে তাহা প্রস্তুত করিয়া দেওয়া যাইবে ইতি।

Communication pipes, &c, must be made to satisfaction of Officer of the Commissioners

137 The communication-pipes and all fittings thereon leading water from the service pipes of the Commissioners into any house or land, and the pipes, works, and fittings inside the house or land, must in all cases be executed subject to the inspection and to the satisfaction of the Commissioners

ঘরে জল আনাইবার নল কমিশ্যনরগণের কার্য্যকারকের সন্তোষমতে করিতে হইবার কথা।

১৩৭ ধারা। কোন ঘরে কি ভূমিতে জল আনাইবার জন্যে কমিশ্যনরগণের বড় ও ছোট নলের সঙ্গে যে নল সংযোগ করিয়া দেওয়া যায় ও অন্য যে সাজসরঞ্জাম থাকে এবং ঘরের কি ভূমির মধ্যে যে নল ও কল ও সাজসরঞ্জাম থাকে তাহা সর্ব্বদাই কমিশ্যনরগণের তত্ত্বাধীনে ও সন্তোষমতে করা যাইবে।

Such communication-pipes, works, and fittings may be made by the servants and workmen of the Commissioners, upon such terms as may be agreed upon between the Commissioners and the person requiring the supply, or subject to such charges as may be fixed by the Commissioners,

যিনি ঐ জল পাইতে চাহেন তিনি কমিশ্যনরগণের সঙ্গে নিয়ম করিলে, সেই নিয়মানুসারে, কিম্বা কমিশ্যনরগণ যত খরচ নির্দ্ধার্য্য করেন তদনুসারে, কমিশ্যনরগণের চাকরেরা ও কর্ম্মকারকেরা ঐ নলসংযোগ করাইয়া ও তৎসংক্রান্ত অন্য২ কার্য্য ও সাজসরঞ্জাম করাইয়া দিতে পারিবেন,

and the Commissioners may require the amount necessary for the execution of such works to be paid or deposited before such works are executed,

ও সেই কার্য্য করিবার জন্যে যত টাকা আবশ্যক হয় কমিশ্যনরগণ ঐ কর্ম্ম করিবার পূর্ব্বে তত টাকা দিবার কি গচ্ছিত করিবার আজ্ঞা দিতে পারিবেন।

and such charges and expenses shall be recoverable in the same manner as the water-rate

ও জলের রেট যে প্রকারে আদায় হইতে পারে ঐ দাবীর ও খরচার টাকাও সেই প্রকারে আদায় হইতে পারিবে ইতি।

**138** The Officer authorized in that behalf by the Commissioners may, between the hours of seven in the forenoon and five in the afternoon, enter into or on any house or land supplied with water as aforesaid in order to examine all pipes, works, and fittings, connected with the supply of water, and to ascertain if there be any waste or misuse of such water,

Power to enter premises

১৩৮ ধারা। পূর্ব্বোক্তমতে যে ঘরে কি ভূমীতে জল যোগাইয়া দেওয়া যায়, তাহার মধ্যে জল যোগাইবার সকল নল ও অন্যান্য কল ও সাজসরঞ্জাম দেখিবার নিমিত্ত, ও অকারণে জল নষ্ট না হয় কিম্বা তাহার অযথা ব্যবহার না হয়, ইহা দেখিয়া লইবার জন্যে, কমিশ্যনরগণ যে কার্য্যকারককে নিযুক্ত করেন, তিনি পূর্ব্বাহ্ন ৭ ঘণ্টার ও অপরাহ্ন ৫ ঘণ্টার মধ্য কোন সময়ে ঐ ঘরে কি ভূমিতে যাইতে পারিবেন।

বাড়ীর মধ্যে প্রবেশ করিবার ক্ষমতার কথা।

and if such Officer at any such time be refused admittance into such house or land for the purposes aforesaid, or be prevented from making such examination as aforesaid, the Commissioners may forthwith turn off the water from such house or land

আর উক্ত সময়ে উক্ত কার্য্যের নিমিত্ত ঐ কার্য্যকারককে সেই ঘরে কি ভূমাতে যাইবার অনুমতি না দেওয়া গেলে কিম্বা পূর্ব্বোক্তমতে তাঁহার সেই বিষয় দেখিয়া লইবার বাধা দেওয়া গেলে, কমিশ্যনরেরা তৎক্ষণাৎ সেই ঘরের কি ভূমীর জল বন্ধ করিয়া দিতে পারিবেন।

Provided that nothing hereinbefore contained shall authorize an entry into any room appropriated for the zenana or residence of women, which by the custom of the country is considered private, unless a notice in writing of not less than four hours be given

কিন্তু পূর্ব্বোক্ত কোন কথাদ্বারা কোন অন্তঃপুরে কি স্ত্রী লোকদের থাকিবার যে ঘর দেশাচারমতে গোপনীয় জ্ঞান হওয়া থাকে চারি ঘণ্টা থাকিতে নোটিস না দিয়া তন্মধ্যে কাহারো প্রবেশ করিবার ক্ষমতা দেওয়া গেল না ইতি।

**139** In the event of any pipes, works, or fittings connected with the supply of water to any house or land, being at any time found on examination by any officer of the Commissioners authorized in that behalf to be out of repair to such an extent as to cause any waste of water, the Commissioners may cause the water to be turned off from such house or land, after giving notice in writing of not less than twenty-four hours, and may recover the expense incurred for turning off the water from the occupier of such house or land

When pipes are out of repair Commissioners may turn off water

১৩৯ ধারা। কোন ঘরে কি ভূমীতে জল যোগাইবার যে নল কি অন্য কল কি সাজসরঞ্জাম থাকে কমিশ্যনরদের কোন কার্য্যকারক এতৎপক্ষে ক্ষমতা পাইয়া কোন সময়ে সেই নল কি অন্য কল কি সাজসরঞ্জাম পরীক্ষা করিয়া তাহার এত দূর বেমেরামত হইয়াছে যে জল বৃথাই নষ্ট হয় ইহা জানিতে পাইলে, কমিশ্যনরগণ চব্বিশ ঘণ্টার অন্যূন থাকিতে নোটিস লিখিয়া দিয়া ঐ ঘর কি ভূমীর জল বন্ধ করিয়া দিতে পারিবেন। বন্ধ করিয়া দেওনের খরচ ঐ ঘরের কি ভূমার প্রজার স্থানে লইতে পারিবেন ইতি।

নল বেমেরামত হইলে কমিশ্যনরগণের জল বন্ধ করণের কথা।

**140.** If any person supplied with water shall neglect to pay the water-rate hereinbefore mentioned at any of the times of payment thereof, or the charge made for the said water when supplied for other than domestic purposes, the Commissioners may turn off the water from the house or land in respect of which such rate or charge is payable, by cutting off the pipe to such house or land, or by such means as the Commissioners may think fit, and may recover the expenses of turning off the water from such person,

Water may be cut off on neglect to pay the rate

১৪০ ধারা। পূর্ব্বোক্ত জলের রেট যে২ সময়ে দেওয়া উচিত, কোন ব্যক্তি জল পাইলেও উক্ত কোন সময়ে ঐ রেট দিতে, কিম্বা ঘরের কার্য্যছাড়া অন্য কার্য্যের নিমিত্ত জল যোগাইয়া দেওয়া গেলে তাহার জন্যে খরচার দাওয়া হইলে পর তাহা দিতে ক্রটি করিলে, যে ঘরের কি ভূমীর নিমিত্ত ঐ রেট কি দাবির টাকা দেনা হয় সেই ঘরে কি ভূমাতে যে নল যায়, কমিশ্যনরগণ তাহা কাটিয়া কিম্বা অন্য যে প্রকারে উচিত বোধ করেন সেই প্রকারে ঐ ঘরের কি ভূমার জল বন্ধ করিয়া দিতে পারিবেন, ও সেই ব্যক্তির স্থানে জল বন্ধ করিবার খরচ লইতে পারিবেন।

রেট দিবার ক্রটি হইলে জল বন্ধ করিতে পারিবার কথা।

Provided that the stopping or cutting off the supply of water shall not relieve any person from any penalties or liabilities which he may otherwise have incurred

কিন্তু কোন ব্যক্তির প্রতি দণ্ড কি দায় বর্ত্তিলে, ঐ জলসম্পোষ্য বন্ধ হওয়াতেই তিনি সেই দণ্ড কি দায় হইতে নিষ্কৃতি পাইবেন না ইতি।

*Occupier in whose house water is wasted liable to penalty*

**141.** The occupier of any house or land in which water supplied by the Commissioners under this Act is, from negligence or other circumstances under the control of the said occupier, wasted, or in whose house or land the pipes, works, and fittings for the supply of water shall be found to be out of repair to such an extent as to cause any waste of water, shall be liable to a fine not exceeding twenty rupees

*Person causing waste of water liable to penalty*

**142** Any person causing waste of water supplied by the Commissioners shall be liable to a fine not exceeding five rupees

*Commissioners at their discretion may allow person outside the Town to take water*

**143** It shall be within the discretion of the Commissioners to allow any person, not residing within the limits of the Town, to take or be supplied with water for his domestic use on such terms as the Commissioners in meeting, other than an ordinary meeting, may from time to time prescribe And any person taking or causing to be taken for use outside the limits of the Town water supplied by the Commissioners without the permission of the Commissioners, shall be liable to a fine not exceeding fifty rupees

*Penalty*

*Person executing any work for laying on water must hold a license from the Commissioners*

**144** It shall not be lawful for any person to execute any work in connection with the laying on of water from any service pipes of the Commissioners to any house or land, unless he shall hold a license from the Commissioners authorising him to act as a plumber under such rules and regulations as the Commissioners may from time to time lay down, and which shall be printed on the back of his license Any person licensed by the Commissioners as a plumber, who shall infringe or break any rules or regulations under which he holds his license, shall be liable to have his license at once cancelled by the Commissioners, and shall also be liable to a fine not exceeding twenty rupees

*Penalty*

*Owner or occupier when not entitled to demand a connection with the Commissioners service pipes*

**145.** Any owner or occupier of any house or land who shall cause or allow works, pipes, or fittings for the supply of water from the service pipes of the Commissioners to be executed by any person other than a plumber licensed by the Commissioners, shall

*যাহার ঘরে জল নষ্ট হয় তাহার দণ্ড হইতে পারিবার কথা।*

১৪১ ধারা। এই আইনমতে কমিশ্যনরগণ কোন ঘরের কি ভূমীর জল যোগাইয়া দিলে পর, প্রজার শৈথিল্য হেতুক কিম্বা অন্য যে ভাবগতিকের উপর তাঁহার কর্ত্তৃত্ব থাকিতে পারে এমত ভাবগতিক হেতুক জল নষ্ট হইলে, কিম্বা যে নল কি কল কি সাজ-সরঞ্জাম দ্বারা ঐ ঘরের কি ভূমীর জলসম্পোষ্য হয় তাহার এত দূর বেমেরামত হইয়াছে যে জল নষ্ট হইয়া থাকে ইহা জানা গেলে, সেই প্রজার ২০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

*কোন ব্যক্তি জল নষ্ট করিলে তাহার দণ্ড হইতে পারিবার কথা।*

১৪২ ধারা। কমিশ্যনরগণ যে জল যোগাইয়া দেন, কোন ব্যক্তি সেই জল নষ্ট করাইলে তাহার পাঁচ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

*নগরের বাহিরে যাঁহারা থাকেন তাঁহাদিগকেও কমিশ্যনরগণের জল লইতে অনুমতি দিবার কথা।*

১৪৩ ধারা। কোন ব্যক্তি নগরের সীমার মধ্যে বাস না করিলেও, কমিশ্যনরগণ ইচ্ছা করিলে নিয়মিত সভা-ছাড়া কোন সভায় তাঁহার গৃহকার্য্যের নিমিত্ত সময়ে২ জল দিবার যে২ নিয়ম নির্দ্দেশ করেন সেই২ নিয়মানুসারে ঐ ব্যক্তির জল লইবার কিম্বা তাহার জল যোগাইয়া দেওয়ার অনুমতি দিতে পারিবেন। কমিশ্যনরগণ যে জলসম্পোষ্যের বিধান করেন কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি না পাইয়া নগরের সীমার বাহিরে খরচ করিবার জন্যে সেই জল লইলে কি আনাইলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

*দণ্ডের কথা।*

*যে ব্যক্তি জল যোগাইবার কোন কল বসান কমিশ্যনরগণের স্থানে তাঁহার লাইসেন্স পাইতে হইবার কথা।*

১৪৪ ধারা। কোন ঘরে কি ভূমীতে কমিশ্যনরগণের কোন জলের নলহইতে জল যোগাইয়া দিবার নিমিত্তে যে কার্য্য করা আবশ্যক, কোন ব্যক্তি কমিশ্যনরগণের স্থানে প্লমরস্বরূপ কর্ম্ম করিবার ক্ষমতার লাইসেন্স না পাইলে, সেই কার্য্য করিতে পারিবেন না। কমিশ্যনরগণ সময়ে২ যে নিয়ম ও বিধি নির্দ্দেশ করেন, তদনুসারে তাঁহাকে সেই ক্ষমতা দিবেন, ও লাইসেন্সের পৃষ্ঠে ঐ নিয়ম ও বিধি ছাপা হইবে। কোন ব্যক্তি কমিশ্যনরগণের স্থানে প্লমরের লাইসেন্স পাইলেও যে নিয়ম ও বিধিমতে লাইসেন্স পাইলেন তাহা লঙ্ঘন কি অমান্য করিলে, কমিশ্যনরগণের দ্বারা তাঁহার সেই লাইসেন্স তৎক্ষণাৎ রহিত করা যাইতে পারিবে। ও তাঁহার ২০ টাকার অনধিক অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

*দণ্ডের কথা।*

*কমিশ্যনরগণের নলের সঙ্গে স্বামির কি প্রজার নল সংযোগ করিবার দাওয়ার অধিকার যে স্থানে না থাকে তাহার কথা।*

১৪৫ ধারা। কোন ঘরের কি ভূমির স্বামী কি প্রজা কমিশ্যনরগণের লাইসেন্স প্রাপ্ত প্লমরছাড়া কোন ব্যক্তির দ্বারা কমিশ্যনর-গণের জলের নলহইতে জল আনাইবার কোন কার্য্য করাইলে কি নল কি সাজ-

not be entitled to demand a connection with the Commissioners' service pipes

সরঞ্জাম বসাইলে কি বসাইতে দিলে, কমিশ্যনরগণের নলের সঙ্গে তাঁহার সেই নল সংযোগ করিতে দাওয়া করিবার অধিকার নাই ইতি।

Before connection, Engineer of the Commissioners to cause all works and pipes to be inspected.

146 Before a connection for the supply of water from the service pipes of the Commissioners to any house or land is sanctioned by the Commissioners, the Engineer of the Commissioners shall cause all the works, pipes, and fittings within the said house or land to be inspected by a duly qualified officer, and the cost of such inspection shall be payable in advance at such rates as the Commissioners in meeting, other than an ordinary meeting, shall from time to time direct, by the person applying for the said connection, and until the Engineer of the Commissioners shall have certified that the said works, pipes, and fittings have been executed and put up in a satisfactory manner, a connection with the Commissioners' service pipes shall not be permitted

সংযোগ করিবার পূর্ব্বে কমিশ্যনরগণের ইঞ্জিনিয়রের সকল কার্য্য ও নল দেখিতে হইবার কথা।

১৪৬ ধারা। কোন ঘরে কি ভূমিতে জল যোগাইবার নিমিত্ত কমিশ্যনরগণের জলের নলের সঙ্গে নল সংযোগ করিবার অনুমতি দেওয়ার পূর্ব্বে, কমিশ্যনরগণের ইঞ্জিনিয়র উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের দ্বারা সেই ঘরের কি ভূমির অন্তর্গত সকল কার্য্য ও নল ও সাজসরঞ্জাম দেখিয়া লইবেন। যে ব্যক্তি নল সংযোগ করিবার প্রার্থনা করেন ঐ দেখিয়া লওয়ার খরচ তাঁহার আগাম দিতে হইবে। কমিশ্যনরগণ নিয়মিত সভাছাড়া অন্য সভায় সময়ে২ যে হার নিষ্কার্য্য করেন সেই হারানুসারে ঐ খরচ দিতে হইবে। ও সেই কার্য্য ও নল ও সাজসরঞ্জাম উপযুক্তমতে করা গিয়াছে ও সন্তোষমতে বসান গিয়াছে কমিশ্যনরগণের ইঞ্জিনিয়র যত কাল এই মর্ম্মের সর্টিফিকট না দেন, তত কাল কমিশ্যনরগণের নলের সঙ্গে সংযোগ করিবার অনুমতি হইবে না ইতি।

Connection with service pipes to be executed only by an officer of the Commissioners

147 The connection with the service pipes of the Commissioners, as also the laying of supply pipes under any public road or thoroughfare, shall be executed by an officer of the Commissioners authorized in that behalf and by no other person, and the expense of making such connection shall be payable in advance by the person applying for the same, at such rates as the Commissioners in meeting, other than an ordinary meeting, shall from time to time direct

জলের নলের সঙ্গে সংযোগ করণ কেবল কমিশ্যনরগণের কার্য্যকারক দ্বারা হইবার কথা।

১৪৭ ধারা। কমিশ্যনরগণের নলের সঙ্গে অন্য নল-সংযোগ করা ও কোন রাজপথের কি লোকদের গমনীয় পথের নীচে জল যোগাইবার নল বসাওনের কার্য্য কমিশ্যনরগণের তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক-ভিন্ন অন্য ব্যক্তির দ্বারা করা যাইবে না। ও যে ব্যক্তি সংযোগ করিতে প্রার্থনা করেন, ঐ কার্য্যের খরচ তাঁহার আগাম দিতে হইবে। কমিশ্যনরগণ নিয়মিত সভাছাড়া কোন সভায় সময়ে২ যে হার নিরূপণ করেন ঐ খরচ সেই হারানুসারে দেওয়া যাইবে ইতি।

Penalty on licensed plumber who executes works badly

148. If any licensed plumber shall execute any works or put up any fittings within any house or land for the supply of water from the pipes of the Commissioners in a careless and negligent manner, or make use of bad materials or fittings, the said licensed plumber shall be liable to a fine not exceeding twenty rupees, and upon a third conviction shall be liable to have his licence cancelled at the discretion of the Commissioners

লাইসেন্সপ্রাপ্ত কোন প্লম্বর নিকৃষ্টরূপে কর্ম্ম করিলে দণ্ডের কথা।

১৪৮ ধারা। লাইসেন্স প্রাপ্ত কোন প্লম্বর কমিশ্যনরগণের নলহইতে কোন ঘরে কি ভূমীতে জল আনাইবার কোন কার্য্য কি সাজসরঞ্জাম শৈথিল্যভাবে ও অমনোযোগে করিলে বা বসাইলে, কিম্বা নিকৃষ্ট সাজসরঞ্জাম দিলে, ঐ লাইসেন্সপ্রাপ্ত প্লম্বরের ২০৲ টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে। তৃতীয়বার তাহার সেই দোষ নির্ণয় হইলে কমিশ্যনরগণের বিবেচনামতে তাহার লাইসেন্স রহিত করা যাইতে পারিবে ইতি।

Obstructing or diverting water

149 Any person who shall unlawfully flush, draw off, divert, or take water from any water-works belonging to or under the management or control of the said Commissioners, or from any water or streams by which such water works are supplied, shall be liable to a fine not exceeding one hundred rupees

জল আটকাইবার কি অন্য মুখ করাইবার কথা।

১৪৯ ধারা। উক্ত কমিশ্যনরগণের জলের কল কিম্বা তাঁহাদের তত্ত্ব কি কর্তৃত্বাধীন কোন জলের কলহইতে, কিম্বা যে জল কি স্রোতহইতে ঐ কলের জল পাওয়া যায়, কোন ব্যক্তি অবৈধমতে তাহা নিঃসৃত করাইয়া দিলে কি জল বাহির করাইলে কি অন্য মুখ করিলে কি গ্রহণ করিলে তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

**150** Any occupier holding direct from the owner of any house may, by notice in writing signed by him, require the owner of such house to perform all such necessary works as may be required for bringing into such house a supply of water for domestic use

*Power to require owner to provide works for water supply*

Every such notice shall contain an agreement on the part of such occupier to pay interest at the rate of one per centum per mensem, calculated from the date of the completion of the works, on the cost of such works during the residue of his term of occupation

Provided that, if the house and the premises belonging thereto shall not abut upon some street in which there is a supply-main, such occupier shall, in the agreement, undertake to pay the cost of connecting the house with the nearest supply main

**151** If any owner shall not, within the space of three months from the service of such notice as is mentioned in the last preceding section, cause such necessary works as aforesaid to be completed, the occupier, who shall have given such notice, may cause the same to be completed, and may deduct from the rent payable by him the cost of such works, save so much of such cost as may be incurred in connecting with a supply-main any house and premises belonging thereto which may not abut upon a street in which there may be a supply-main, and such deduction shall be made by six equal monthly instalments

*Power to occupier to make works in default of owner*

Interest on each such instalment shall be payable to the owner by the occupier at the rate of one per centum per mensem, from the time when it shall have been so deducted

**152** The supply of water to a house shall not be deemed sufficient for domestic use unless it provides two taps in each floor of such house, one other such tap in the cookroom of or attached to such house, and one other such tap in the premises, or in or near the stables belonging to such house, and the necessary works for such taps

*What works to be made for a house*

But if the annual rent of such house, with the land attached thereto, shall be less than three hundred rupees, it shall be sufficient to provide one tap only within the said premises, and the necessary works for the same

১৫০ ধারা ' কোন প্রজা ঘরের নিজ স্বামির স্থানে পাট্টা পাইয়া ঐ ঘরে থাকিলে, তিনি স্বামির নামে নোটিস লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া ঐ ঘরের স্বামিকে এই আদেশ করিতে পারিবেন, যে গৃহকার্য্যের নিমিত্তে ঐ ঘরে জল আনাইবার আবশ্যক সকল কার্য্য করিয়া দেন।

*জল যোগাইয়া দিবার নিমিত্ত যে২ কার্য্য করা প্রয়োজন স্বামিরদ্বারা সেই২ কার্য্য করাইবার ক্ষমতার কথা।*

সেই নোটিসে ঐ প্রজার এমত করারও লিখিয়া দিতে হইবে যে, ঐ কার্য্য করিতে যত টাকা খরচ লাগে তাহা সমাপ্ত হইবার তারিখ অবধি তিনি যত দিন সেই ঘরে থাকিবেন তত দিন ঐ খরচের উপর মাসে শতকরা ১৲ টাকার হিসাবে সুদ দিবেন।

কিন্তু যে রাস্তায় জলের বড় নালা থাকে, ঐ ঘর ও বাড়ী এমত রাস্তার ধারে না থাকিলে, জলের যে বড় নালা নিকট থাকে তাহার সঙ্গে ঘর সংযোগ করিবার নল করিয়া দিতে যত খরচ লাগে, ঐ প্রজা সেই করারনামায় ঐ খরচও দিবার করার করিবেন ইতি।

১৫১ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে নোটিসের কথা লেখা আছে, সেই নোটিস দেওয়া গেলে পর, যদি স্বামী তিন মাসের মধ্যে পূর্ব্বোক্ত আবশ্যক সকল কার্য্য সমাপ্ত করিয়া না দেন, তবে যে প্রজা ঐ নোটিস দিলেন তিনি তাহা সমাপ্ত করাইয়া লইতে পারিবেন, এবং যে রাস্তায় জলের বড় নল থাকে ঘর ও বাড়ী এমত রাস্তার ধারে না থাকাতে তাহার সঙ্গে ঐ ঘর ও বাড়ী সংযোগ করিবার নল বসাইয়া দিতে যত খরচ লাগে তাহা ছাড়া, তিনি ঐ কার্য্যে আর যত টাকা খরচ করিলেন তাহা ঐ ঘরের ভাড়াহইতে কাটিয়া লইতে পারিবেন। ঐ টাকা ছয় মাসের সমান২ কিস্তি করিয়া কাটিয়া লওয়া যাইবে।

*স্বামী না করিলে প্রজার করিবার ক্ষমতার কথা।*

যে তারিখঅবধি তাহা কাটিয়া লওয়া যায়, সেই তারিখঅবধি প্রজা উক্ত প্রত্যেক কিস্তির উপর স্বামিকে মাসে শতকরা ১৲ টাকার হিসাবে সুদ দিবেন ইতি।

১৫২ ধারা। ঘরের এক২ তালায় দুইটি কাক, ও সেই ঘরের রন্ধনাগারে একটা, ও বাড়ীর মধ্যে কিম্বা আস্তাবলে কি তাহার নিকটে আর একটি কাক না দেওয়া গেলে, ও তৎসংক্রান্ত আবশ্যক সকল কর্ম্ম করা না গেলে, ঘরের কার্য্যের নিমিত্তে প্রচুর জল যে দেওয়া গেল এমত জ্ঞান করিতে হইবে না।

*কোন ঘরের নিমিত্ত যে২ কার্য্য করিতে হইবে তাহার কথা।*

কিন্তু যদি ঘরের ও তৎসংযুক্ত ভূমির ভাড়া বৎসর তিন শত টাকার কম হয়, তবে উক্ত বাড়ীর মধ্যে একটি কাক ও তৎসংক্রান্ত অন্য আবশ্যক কর্ম্ম করিয়া দেওয়া গেলে তাহাই প্রচুর বলিয়া জ্ঞান হইবে ইতি।

**153** No works for introducing a supply of water to any house shall be commenced by the owner without sending a specification and estimate of the cost thereof to the occupier, nor by the occupier without sending such specification and estimate to the owner

*Estimate and specification of works to be sent*

**154** In case there shall be any difference between the owner and the occupier respecting the cost or the sufficiency of the proposed works, either the owner or the occupier may refer such difference to the Commissioners, and the written award of the Engineer of the Commissioners, or of any officer authorized by them in that behalf, shall be binding on the owner and the occupier

*Power to refer to arbitration*

**155** There shall be payable to the Commissioners in respect of every such reference a fee at the rate of two rupees for every hundred rupees of the monthly rent of the house or land in respect of the water-supply to which the difference may have arisen

*Fee on reference*

Provided that such fee shall in no case exceed ten rupees, and shall be paid by the person making the reference

**156.** Except in the case of a special agreement to the contrary, the owner of any house or land shall bear the expense of keeping all works connected with the supply of water to such house or land in substantial repair

*Owner to keep works in repair*

Provided that nothing in this section shall affect the liabilities of parties under leases executed or made previous to the commencement of this Act

**157** Any owner to whom any sum is payable under sections one hundred and fifty and one hundred and fifty-one, may recover such sum from the person liable to pay the same as if the same were rent payable by such person for the house in respect of which the expenses have been incurred

*Power of recovery by owner of sums payable*

**158** All public tanks, reservoirs, cisterns, wells, aqueducts, conduits, tunnels, pipes, pumps, and other water-works, whether made, laid, or erected at the cost of the Commissioners or otherwise, and all bridges, buildings, engines, works, materials, and things connected therewith, or appertaining thereto, and also any

*Tanks, &c, vested in the Commissioners*

১৫৩ ধারা। স্বামী আপনার ঘরে জল আনাইবার উপক্রম করিলে, প্রজার নিকট ঐ কর্ম্মের খরচের বেওরা ও ইষ্টিমেট না পাঠাইলে, কিম্বা প্রজা ঐ কর্ম্ম করিবার উপক্রম করিলে স্বামির নিকট ঐ কর্ম্মের খরচের বেওরা ও ইষ্টিমেট না পাঠাইলে, সেই কর্ম্মের আরম্ভ করিবেন না ইতি।

*যে কর্ম্ম করিতে হইবে তাহার ইষ্টিমেট ও বর্ণনার কথা।*

১৫৪ ধারা। যে কার্য্য করিতে প্রস্তাব হয় তাহাই প্রচুর হইবে কি না এই বিষয়ে কিম্বা খরচের বিষয়ে স্বামির ও প্রজার মধ্যে অনৈক্য হইলে, স্বামী কিম্বা প্রজা কমিশ্যনরগণের প্রতি ঐ বিবাদ অর্পণ করিতে পারিবেন, এবং কমিশ্যনরগণের ইঞ্জিনিয়র সাহেব কিম্বা সেই কার্য্যের নিমিত্ত অন্য যে কার্য্যকারক ক্ষমতা প্রাপ্ত হন তিনি যে মীমাংসা লিখিয়া দেন স্বামী ও প্রজা তাহাতে বদ্ধ থাকিবেন ইতি।

*সালিসীতে অর্পণ করিবার ক্ষমতার কথা।*

১৫৫ ধারা। যে ঘরে কি ভূমীতে জল যোগাইয়া দিবার বিষয়ে ঐ বিবাদ হয়, সেই ঘরের কি ভূমীর মাসিক খাজানা যত শত টাকা হয়, ঐ বিবাদ কমিশ্যনরদের প্রতি অর্পণ করা প্রযুক্ত তাঁহাদিগকে প্রতি শতের উপর দুই টাকার হারে ফী দিতে হইবে।

*বিবাদ অর্পণ হইলে যে ফী দিতে হইবে তাহার কথা।*

কিন্তু কখন দশ টাকার অধিক ফী লাগিবে না, ও যে ব্যক্তি বিবাদ অর্পণ করেন তিনিই ঐ ফী দিবেন ইতি।

১৫৬ ধারা। প্রকারান্তরের বিশেষ বন্দোবস্ত না থাকিলে, কোন ঘরের কি ভূমির স্বামী উক্ত ঘরে কি ভূমিতে জল আনাইবার কার্য্য সকল উপযুক্তমতে সারাইয়া রাখিবার খরচ দিবেন।

*স্বামির সেই কার্য্য সারাইয়া রাখিতে হইবার কথা।*

কিন্তু এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে পাট্টা লিখিয়া কি করিয়া দেওয়া যায় তদনুসারে উভয় পক্ষের যে২ দায় থাকে এই ধারার কোন কথাদ্বারা তাহার ব্যতিক্রম হইবে না ইতি।

১৫৭ ধারা। ১৫০ ও ১৫১ ধারামতে স্বামির টাকা পাওনা থাকিলে, যে ঘরের নিমিত্ত ঐ টাকা খরচ হইল, তিনি ঐ ঘরের ভাড়া যে প্রকারে আদায় করিতে পারিতেন, সেই প্রকারে ঐ টাকাদায়ি ব্যক্তির স্থানে তাহা আদায় করিয়া লইতে পারিবেন ইতি।

*টাকা দেনা থাকিলে স্বামির তাহা আদায় করিবার ক্ষমতার কথা।*

১৫৮ ধারা। সাধারণের ব্যবহার্য্য সকল পুষ্করিণী ও জলাশয় ও জলাধার ও কূপ ও মুহরি ও জলনালা ও সুড়ঙ্গ ও নল ও কল ও জলের অন্য সকল কার্য্য কমিশ্যনরগণের খরচে কিম্বা প্রকারান্তরেও করা কি বসান কি নির্ম্মাণ করা গেলে ঐ পুষ্করিণী প্রভৃতি ও তৎসম্পর্কীয় কি তৎসংযুক্ত সকল পুল ও কোটা ও কল ও বিষয় ও সরঞ্জাম ও দ্রব্য

*পুষ্করিণী প্রভৃতি কমিশ্যনরগণের প্রতি বর্ত্তিবার কথা।*

adjacent land (not being private property) appertaining to any public tank, shall become vested in the Commissioners

Water fouled by offensive trades

159 If any person, being the proprietor of any gas-works,

or being engaged or employed in the manufacture or supply of gas,

or being the occupier or owner of any place where an offensive trade or manufacture is carried on,

wilfully does any act connected with the said business whereby the water in any stream, tank, reservoir, well, cistern, conduit, aqueduct, or other water-works belonging to the Commissioners is fouled or corrupted, the Commissioners may, after twenty-four hours' notice in writing, lay open and examine any pipes, conduits, and works belonging to such person,

and if, upon such examination, it appears that the water has been fouled or corrupted by anything proceeding from, or contained in, the pipes, conduits, or works examined, the expenses of such examination shall be paid by the person to whom such pipes, conduits, or works belong, or under whose management or control they may be,

but if it appear that the water has not been so fouled or corrupted, then such expenses, and all damages occasioned by the examination, shall be paid by the Commissioners

Application of rates and monies received from the supply of water

160 The water rate and all monies collected, received, or recovered for or in respect of the supply of water or the execution of works, and all fines connected therewith, or in any respect relating to the water-supply, shall be applied by the said Commissioners in defraying the expense of making, extending, or maintaining the water-works,

in paying the interest of money borrowed for the water-works,

and in the liquidation of debts incurred in connection therewith, or for some other purpose connected with the supply of water

## CHAPTER VIII

### Of the Police Budget

Commissioner of Police to prepare Budget

161 The Commissioner of Police shall, on or before the first day of September in each year, transmit to the Commissioners a Budget or Estimate of the expense of

এবং সাধারণের ব্যবহার্য্য পুষ্করিণী সংক্রান্ত যে ভূমি কোন ব্যক্তির সম্পত্তির মধ্যে নয় সেই ভূমি কমিশ্যনরগণের প্রতি বর্ত্তিবে ইতি।

দুর্গন্ধজনক ব্যবসায়দ্বারা জল ময়লা করিবার কথা।

১৫৯ ধারা। কোন ব্যক্তি কোন গ্যাসের কারখানার অধিকারী হইয়া,

কিম্বা গ্যাস প্রস্তুত করিবার কি যোগাইয়া দিবার কার্য্যে নিযুক্ত থাকিয়া,

কিম্বা যে স্থানে দুর্গন্ধজনক ব্যবসায় কি কারখানা চলে এমত স্থানের প্রজা কি স্বামী হইয়া,

কমিশ্যনরদের কোন স্রোতের কি পুষ্করিণীর কি জলাশয়ের কি কূপের কি জলাধারের কি মুহরির কি জলনালার কি জলসংক্রান্ত অন্য কার্য্যের জল যাহাতে ময়লা কি নষ্ট হয়, ঐ ব্যবসায় সম্পর্কে ইচ্ছা পূর্ব্বক এমত কোন কর্ম্ম করিলে, কমিশ্যনরগণ চব্বিশ ঘণ্টা থাকিতে নোটিস লিখিয়া দিয়া ঐ ব্যক্তির কোন নল কি মুহরি কি কল খুলিয়া দেখিতে পারিবেন।

ও তদ্রূপে দেখিলে পর, ঐ নল কি মুহরি কি কল হইতে যে বিষয় বাহির হয় কি তাহার মধ্যে যে বিষয় থাকে তদ্দ্বারা জল ময়লা কি নষ্ট হইয়াছে দেখিতে পাইলে, ঐ নল কি মুহরি কি কল যে ব্যক্তির হয় কি যাহার অধীনে কি তত্ত্বাবধারণে থাকে তাঁহারই সেই দেখিয়া লইবার খরচ দিতে হইবে।

কিন্তু তদ্দ্বারা জল ময়লা কি নষ্ট হয় নাই, ইহা দেখিতে পাইলে ঐ সকল খরচ এবং ঐ নল প্রভৃতি দেখিয়া লওয়াতে যে হানি হইল তাহা কমিশ্যনরগণের দিতে হইবে ইতি।

জল যোগাওন দ্বারা যে রেট ও টাকা পাওয়া যায় তাহা যে কার্য্যে প্রয়োগ হইবে তাহার কথা।

১৬০ ধারা। জলের রেট এবং জল যোগাওনের কিম্বা তৎসম্পর্কীয় কার্য্য করণের দ্বারা যে সকল টাকা আদায় হয় কি পাওয়া যায় কি ফিরিয়া পাওয়া যায়, এবং জল যোগাওনের সম্পর্কে কিম্বা তৎসম্পর্কীয় কোন বিষয়ের নিমিত্ত যে সকল অর্থদণ্ড আদায় হয়, উক্ত কমিশ্যনরগণ সেই সকল টাকা লইয়া উক্ত জলসংক্রান্ত কার্য্য প্রস্তুত করণের ও বাড়াইয়া দেওনের ও সারাইয়া রাখনের খরচ শোধ করিবেন,

ও উক্ত জলসংক্রান্ত কার্য্যের নিমিত্ত যে টাকা ঋণ লওয়া যায় তাহার সুদ দিবেন,

ও তৎসংক্রান্ত ঋণ কিম্বা জল যোগাওন সম্পর্কীয় অন্য কার্য্যের নিমিত্ত যে ঋণ লওয়া যায় সেই ঋণ শোধ করিবেন ইতি।

## অষ্টম অধ্যায়।

### পোলীসের বজেটের কথা।

পোলীসের কমিশ্যনর সাহেবের বজেট প্রস্তুত করিবার কথা।

১৬১ ধারা। প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম ফি[illegible]ধি পোলীসদলের [illegible] এক বৎসর যত টাকা [illegible] হওয়া সম্ভাবনা, পোলীসের কমিশ্যনর সাহেব

the Police Force for the year commencing on the first day of January then next ensuing

তৎপূর্ব্ব সেপ্টেম্বর মাসের প্রথম দিনে কি তাহার পূর্ব্বে ইহার বজেট কি অনুমানপত্র কমিশ্যনরগণের নিকট পাঠাইবেন ইতি।

Form of Budget

162 The Police Budget shall show the various heads of the estimated expenditure of the Police Force, and the intended distribution of the Police Force during the year to which it relates

বজেট যেরূপে লেখা যাইবে তাহার কথা।

১৬২ ধারা। পোলীসদলের যেং দফামতে অনুমান যত টাকা খরচ হইবে, ও যত দিনের অনুমানপত্র দেওয়া যায়, তত দিন পোলীসদল যেং প্রকারে নিযুক্ত করিবার অভিপ্রায় থাকে, এইং কথা পোলীসের বজেটে লেখা যাইবে ইতি।

Chairman to lay the Budget before the Commissioners

163 The Chairman shall forthwith upon the receipt of any such Budget, cause the same to be printed, and a copy thereof, as far as may be practicable, sent by post or otherwise to each of the Commissioners resident within twenty miles of Government House, and shall lay every such Budget before the Commissioners at the next quarterly meeting of the Commissioners, or at a special general meeting

কমিশ্যনরগণের সম্মুখে সভাপতির ঐ বজেট অর্পণ করিতে হইবার কথা।

১৬৩ ধারা। সভাপতি সেই বজেট পাইলেই ছাপাইবেন, ও গবর্ণমেণ্ট হৌসহইতে কমিশ্যনরগণের যত জন কুড়ি মাইলের মধ্যে বাস করেন সাধ্যমতে তাঁহাদের প্রত্যেক জনের নিকট ডাকযোগে কি প্রকারান্তরে ঐ বজেটের একং প্রস্থ পাঠাইয়া দিবেন। ও তৎপরে কমিশ্যনরদের যে ত্রৈমাসিক কিম্বা বিশেষ সাধারণ সভা হয় সেই সভার সম্মুখে ঐ বজেট অর্পণ করিবেন।

The Commissioners shall thereupon forward such Budget to the Local Government, with such remarks as to them may seem fit, and it shall be in the discretion of the Local Government to pass, or to reject, or to modify, the estimates of all or any sums entered in the same

তাহা হইলে কমিশ্যনরগণ ঐ বজেটের বিষয়ে আপনাদের মন্তব্য যে কথা লেখা উচিত বোধ করেন তাহা লিখিয়া স্থানীয় গবর্ণমেণ্টের নিকট পাঠাইবেন। স্থানীয় গবর্ণমেণ্ট স্বীয় বিবেচনামতে সেই সকল কি তন্মধ্যে কোন আনুমানিক খরচ গ্রাহ্য কি অগ্রাহ্য কি মতান্তর করিতে পারিবেন ইতি।

Power to bring in a supplemental Budget

164 If during any period for which a Police Budget shall have been passed and submitted as aforesaid, it shall appear that the amount provided by such Budget is insufficient to defray the necessary expense of the Police Force for such period, the Commissioner of Police may prepare a supplemental Budget for such period, and the provisions of the three last preceding sections shall apply to such supplemental Budget

পরিশিষ্ট বজেট আনিবার ক্ষমতার কথা।

১৬৪ ধারা। পোলীসের বজেট যে সময়ের নিমিত্তে পূর্ব্বোক্তমতে গ্রাহ্য হইয়া অর্পণ করা যায়, ঐ বজেটে যত টাকা নিরূপণ হইল তত টাকায় পোলীস দলের সেই সময়ের আবশ্যক সকল খরচ কুলাইবে না, ইহা ঐ সময়ের মধ্যেই দেখিতে পাওয়া গেলে, পোলীসের কমিশ্যনর সাহেব সেই সময়ের নিমিত্তে পরিশিষ্ট বজেট প্রস্তুত করিতে পারিবেন। ঐ পরিশিষ্ট বজেটের প্রতি ইহার পূর্ব্ব তিন ধারার বিধান খাটিবে ইতি।

Amount of estimates to be paid to Government

165 The amount of the estimates passed shall, after deducting therefrom such amount as may from time to time be allowed by the Government from the General Revenues towards the maintenance of the Police Force, be paid to the Local Government, or to such Officer as the Local Government may from time to time direct, by the Commissioners out of the annual proceeds of the Police rate, and it shall not be lawful for the Commissioners to expend from the said proceeds any sums for purposes other than those provided in the Budget of the Commissioner of Police and duly sanctioned by the Local Government under section one hundred and sixty-three

ঐ অনুমানপত্রে যত টাকা ধরা গেল তাহা গবর্ণমেণ্টে দিতে হইবার কথা।

১৬৫ ধারা। গবর্ণমেণ্ট সময়েং পোলীস দলের ভরণপোষণের নিমিত্ত সাধারণ রাজস্বহইতে যত টাকা নিরূপণ করেন, যে অনুমানপত্র গ্রাহ্য হয় কমিশ্যনরগণ তাহাহইতে তত টাকা বাদ দিয়া, বৎসরং পোলীসের রেটের উৎপন্ন টাকাহইতে ঐ অনুমানপত্রের অবশিষ্ট টাকা স্থানীয় গবর্ণমেণ্টকে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহাকে দিবেন। এবং পোলীসের কমিশ্যনর সাহেবের বজেটে যেং বিষয়ের বিধান হইয়া ১৬৩ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিয়মমতে অনুমোদিত হয়, কমিশ্যনরগণ সেইং বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে পোলীসের রেটের উৎপন্ন ঐ টাকা খরচ করিতে পারিবেন না ইতি।

**166** On or before the first day of April in every year, the Commissioner of Police shall present to the Chairman, to be laid before the Commissioners at their next monthly meeting, an account of the expense of the Police Force for the year ending the thirty-first day of December then next preceding, and in case the amount, which shall during such year have been paid to the Local Government under the provisions hereinbefore contained, shall not have been expended in the maintenance of the Police Force, the balance remaining unexpended shall be deemed to have been paid by the Commissioners in or towards discharging the expense of the Police Force during the ensuing year

Commissioner of Police to give accounts of Police expenditure

১৬৬ ধারা। পোলীসদলের নিমিত্ত ডিসেম্বর মাসের ৩১ তারিখ পর্য্যন্ত এক বৎসরাবধি যত টাকা খরচ হয় পোলীসের কমিশ্যনর সাহেব তৎপশ্চাৎ প্রতি বৎসর আপ্রিল মাসের ১ তারিখে কি তৎপূর্ব্বে সভাপতি সাহেবকে ঐ টাকার হিসাব দিবেন। তৎপরে যে মাসিক সভা হইবে তিনি সেই সভায় কমিশ্যনরগণের সম্মুখে ঐ হিসাব অর্পণ করিবেন। আর ইহার পূর্ব্ব বিধানমতে ঐ বৎসরে স্থানীয় গবর্ণমেণ্টকে যত টাকা দেওয়া গেল, যদি পোলীসদলের ব্যয়পোষণে তত টাকা খরচ না হইয়া থাকে, তবে কমিশ্যনরগণ পোলীস দলের আগামি বৎসরের খরচের নিমিত্ত ঐ অবশিষ্ট টাকা দিলেন এমত জ্ঞান করিতে হইবে ইতি।

পোলীসে যত টাকা খরচ হয় কমিশ্যনর সাহেবের ইহার হিসাব দিতে হইবার কথা।

---

## CHAPTER IX

### Of the System of Drainage for the Town and its Environs

## নবম অধ্যায়।

### নগরের ও শহরতলীর জল বাহির হইবার বিধানের কথা।

**167** The Commissioners may carry out such a complete system of sewerage and drainage within the Town as they may think fit, subject to the approval of the Local Government, and to such alterations as may from time to time be ordered by it

Commissioners to drain the Town

১৬৭ ধারা। কমিশ্যনরদের বিবেচনায় নগরের জল বাহির হইবার জন্যে নরদমার ও পয়নালার যেরূপ নিয়ম করা উপযুক্ত হয়, স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে, ও ঐ গবর্ণমেণ্ট সময়ে২ তাহার যদ্রূপে পরিবর্ত্তন করিতে আজ্ঞা করেন তদ্রূপে, নরদমা ও পয়নালা প্রস্তুত করাইয়া দিবেন ইতি।

নগরের জল বাহির হইবার পথ কমিশ্যনরগণের করিবার কথা।

**168** The Local Government may determine what portions, if any, of the environs of the Town shall be included in the said system of sewerage and drainage, and may declare the boundaries thereof in the *Calcutta Gazette*, and for the purposes of the Drainage-rate the land within such boundaries as aforesaid shall be deemed to be part of the Town

Local Government may declare environs within the drainage system

১৬৮ ধারা। নরদমার ও পয়নালার উক্ত নিয়মানুযায়ি কার্য্য নগরের বহির্ভূত স্থানে করিতে হইলে, তাহা কোন্২ স্থানে করা যাইবে, স্থানীয় গবর্ণমেণ্ট ইহা নির্ণয় করিয়া কলিকাতা গেজেটে ঐ স্থানের সীমা প্রকাশ করিবেন ও উক্ত সীমার মধ্যে যে ভূমি থাকে নরদমার রেটের কার্য্য পক্ষে তাহা নগরের একাংশ বলিয়া জ্ঞান হইবে ইতি।

ঐ নরদমা বিষয়ক নিয়ম নগরের বহির্ভূত যে২ স্থানে করা যাইবে তাহা স্থানীয় গবর্ণমেণ্টের স্থির করিবার কথা।

---

## CHAPTER X

### Of the Registration of Births and Deaths

## দশম অধ্যায়।

### জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করণের কথা।

**169** The Commissioners shall keep in their office a Register of all births and deaths in the Town, and for this purpose shall divide the Town into such and so many districts as they shall think fit, and for every such district shall appoint a person to be a Registrar of births and deaths within such district, and the Commissioners shall at each burning ghât and native burial-ground appoint a Sub-Registrar for the registration of all corpses

Commissioners may keep a Register of births and deaths, and appoint Registrars

১৬৯ ধারা। নগরের মধ্যে যত জনের জন্ম ও মৃত্যু হয়, কমিশ্যনরগণ আপনাদের আফিসে তাহার রেজিষ্টর রাখিবেন। এই কার্য্য হেতুক, তাঁহারা যত পল্লী করিয়া নগর বিভাগ করা উচিত বোধ করেন, তত পল্লীতে ভাগ করিয়া প্রত্যেক পল্লীতে যত জনের জন্ম ও মৃত্যু হয় তাহার রেজিষ্ট্রার বলিয়া কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন, আরও শবদাহ করিবার ঘাটে ও এদেশীয় লোকদের কবর স্থানে দাহ করিবার কি কবর দিবার জন্যে যত

জন্মের ও মৃত্যুর রেজিষ্টর রাখিতে ও রেজিষ্ট্রার নিযুক্ত করিতে কমিশ্যনরগণের ক্ষমতার কথা।

brought to such burning ghât or burial ground for cremation or interment

শব আনা যায়, কমিশ্যনরগণ তাহা রেজিষ্টর করিবার জন্যে উক্ত প্রত্যেক ঘাটে ও কবর স্থানে এক২ জন সব-রেজিষ্ট্রার নিযুক্ত করিবেন ইতি।

170 Every Registrar shall dwell within the district of which he is Registrar, and every Sub-Registrar shall dwell in the vicinity of the burning ghât or native burial ground for which he is appointed, and they shall cause their names, with the addition of Registrar for the district, or Sub-Registrar for the burning ghât or native burial ground for which they shall be so appointed, to be placed in some conspicuous place on or near the outer door of their own dwelling-houses, and the Commissioners shall cause to be printed and published a list containing the name and place of abode of every Registrar and Sub-Registrar in the Town

Every Registrar to live in his district, list of Registrars to be published, &c

১৭০ ধারা। যে ব্যক্তি যে পল্লীর রেজিষ্ট্রার হন তিনি সেই পল্লীতে বাস করিবেন, ও প্রত্যেক জন সব-রেজিষ্ট্রার শবদাহ করিবার যে ঘাটে কি এদেশীয় লোকদের যে কবরস্থানে নিযুক্ত হন, তাহার নিকটে বাস করিবেন, এবং যে২ পল্লীতে নিযুক্ত হন আপন২ বাসস্থানের বাহিরের দ্বারে কি তাহার নিকট কোন প্রকাশ স্থানে সেই২ পল্লীর রেজিষ্ট্রার কিম্বা শবদাহ করিবার ঘাটের কি কবর স্থানের সব-রেজিষ্ট্রার বলিয়া আপনাদের নাম লাগাইয়া রাখিবেন, এবং কমিশ্যনরগণ নগরের প্রত্যেক জন রেজিষ্ট্রার ও সব-রেজিষ্ট্রারের নামের ও বাসস্থানের নির্ঘণ্টপত্র ছাপাইয়া প্রকাশ করিবেন ইতি।

রেজিষ্ট্রারদের আপন২ পল্লীতে বাস করিবার কথা ও রেজিষ্ট্রার প্রভৃতির নির্ঘণ্টপত্র প্রকাশ করিবার কথা।

171 The Commissioners shall cause to be prepared and printed a sufficient number of Register books for making entries of all births and deaths which may take place in the Town, according to the forms prescribed in the eighth and ninth schedules, and the pages of such book shall be numbered progressively from the beginning to the end

Commissioners to have Register books prepared and numbered

১৭১ ধারা। নগরের মধ্যে যত জনের জন্ম ও মৃত্যু হয় তাহা লিখিয়া রাখিবার নিমিত্ত যত খানি রেজিষ্টরী বহীর আবশ্যক, কমিশ্যনরগণ তাহা প্রস্তুত করাইয়া ছাপাইবেন। অষ্টম ও নবম তফসীলে যে২ পাঠ নির্দ্দিষ্ট হইল ঐ রেজিষ্টর সেই২ পাঠানুসারে লেখা যাইবে, ও সেই বহীর পৃষ্ঠায়২ প্রথমাবধি শেষপর্য্যন্ত ১ একাদিক্রমে অঙ্ক দেওয়া যাইবে ইতি।

কমিশ্যনরগণের রেজিষ্টরী বহী প্রস্তুত করিয়া ও নম্বর দিয়া রাখিবার কথা।

172 Every Registrar shall inform himself of every birth and of every death which shall happen in his district, and shall ascertain and register, as soon as conveniently may be after the event, without fee or reward, the particulars required to be registered according to the forms in the eighth and ninth schedules respectively, touching every such birth and every such death, as the case may be, which shall not have been already registered, every such entry being made in order from the beginning to the end of the book

Registrar to inform himself of and register, births and deaths

১৭২ ধারা। কোন পল্লীর মধ্যে যাহার জন্ম ও যাহার মৃত্যু হয় ঐ পল্লীর রেজিষ্ট্রার তদ্বিষয়ের সন্ধান জানিয়া লইবেন, ও পূর্ব্বে কোন ব্যক্তির জন্ম কি মৃত্যু রেজিষ্টরী করা না গেলে, অষ্টম ও নবম তফসীলের পাঠানুসারে তাহার যে২ বর্ণনা রেজিষ্টরী করা আবশ্যক, সুবিধামতে শীঘ্র করিয়া তাহার সন্ধান জানিয়া ফী ও পুরস্কার না লইয়া তাহা রেজিষ্টরী করিবেন। ঐ সকল কথা ক্রমশঃ বহীর প্রথমাবধি আরম্ভ করিয়া সমাপ্তি পর্য্যন্ত লিখিতে হইবে ইতি।

জন্মের ও মৃত্যুর সন্ধান রেজিষ্ট্রারের জানিয়া লইতে ও রেজিষ্টরী করিতে হইবার কথা।

173 The father or mother of every child born in the Town, or in the case of the death, illness, or absence, or inability of the father and mother, the occupier of the house in which such child shall have been born, shall, within eight days after the day of the birth, give information to the Registrar of the district, according to the best of his or her knowledge and belief, of the several particulars by this Act required to be known and registered touching the birth of such child

Information of birth to be given within eight days

১৭৩ ধারা। নগরের মধ্যে জন্ম হইলে, জন্মের পর আট দিনের মধ্যে শিশুর পিতা কি মাতা, কিম্বা পিতার ও মাতার মৃত্যু কি পীড়া হইলে কিম্বা তাঁহারা বর্ত্তমান না থাকিলে কি অশক্ত হইলে, যে ঘরে শিশুর জন্ম হয় সেই ঘরের প্রজা এই আইনমতে শিশুর জন্মবিষয়ের যে২ বর্ণনা জানিয়া রেজিষ্টরী করিতে হইবে আপনার জ্ঞান ও বিশ্বাসমতে পল্লীর রেজিষ্ট্রারকে সেই বর্ণনা জানাইবেন ইতি।

আট দিনের মধ্যে জন্মের কথা জানাইতে হইবার কথা।

**174** Some one of the persons present at the death, or in attendance during the last illness, of every person dying in the Town, or, in case of the death, illness, inability or default of all such persons, the occupier of the house, or if the occupier be the person who shall have died, some person living in the house in which such death shall have happened, shall forthwith give information to the Registrar of the district, or Sub-Registrar at the burning ghât or burial ground, according to the best of his or her knowledge and belief, of the several particulars hereby required to be known and registered touching the death of such person

*Information of death to be given*

Provided that, in lieu of the information hereinbefore stated, in the case of persons dying in any hospital it shall be the duty of the Medical Officer in charge forthwith to send a notice in writing to the Commissioners in the form prescribed in the ninth schedule of the occurrence of any death in the hospital under his charge

**175** Any person whose duty it shall be to give information to a Registrar or Sub-Registrar under the two last preceding sections, who shall refuse or neglect to give such information, or who shall give false information, shall be liable to a fine not exceeding twenty rupees

*Penalty*

**176** Every person by whom the information contained in any Register of births or deaths under this Act shall have been given, shall sign in the Register his name, description, and place of abode, and no such registration shall be deemed to be complete or of any effect until such person shall have so signed it

*Person giving information to sign the Register*

Provided that the Registrar may fill up and sign the Register for any person who is unable to write

Provided further that in the case of a person dying in any hospital the registration of the death shall be deemed to be complete on receipt by the Commissioners of the written notice from the Medical Officer in charge of the said hospital prescribed in section one hundred and seventy-four

**177** It shall not be lawful for any sexton, keeper of a cemetery, burial ground, or burning ghât to bury burn, or allow to be buried or burned, any corpse, unless the said corpse is accompanied by a certificate in the form specified in the ninth schedule, and signed by a Regis-

*Corpse must be accompanied by a certificate before it is buried or burnt*

১৭৪ ধারা। নগরের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু হইলে, এই আইনমতে মৃত্যু সম্পর্কীয় যেং বর্ণনা জানিয়া রেজিষ্টরী করিতে হইবে, যাঁহারা ঐ ব্যক্তির মরণসময়ে উপস্থিত ছিলেন, কিম্বা চরমপীড়ার সময়ে তাঁহার সেবা করিয়াছিলেন, তাঁহাদের কোন এক জন, কিম্বা উক্ত সকল ব্যক্তির মৃত্যু কি পীড়া হইলে কিম্বা তাঁহারা সকলেই অশক্ত হইলে কিম্বা না জানাইলে, যে ঘরে ঐ ব্যক্তির মৃত্যু হয় সেই ঘরের প্রজা, কিম্বা নিজ প্রজার মৃত্যু হইলে অন্য যে ব্যক্তি ঐ ঘরে বাস করেন তিনি ঐ ব্যক্তির মরণের পর আট দিনের মধ্যে আপনার জ্ঞান ও বিশ্বাসমতে পল্লীর রেজিষ্ট্রারকে কিম্বা শবদাহের ঘাটের কি কবর স্থানের সব-রেজিষ্ট্রারকে ঐ বর্ণনা জানাইবেন।

*মৃত্যুর সম্বাদ দিতে হইবার কথা।*

কিন্তু কোন ব্যক্তি হাস্পাতালে মরিলে পূর্ব্বোক্ত সম্বাদ জানাইবার পরিবর্ত্তে, যে চিকিৎসক ঐ হাস্পাতালের অধ্যক্ষতা করেন, তিনি নবম তফসীলের নির্দ্ধারিত পাঠে আপনার অধীন হাস্পাতালে সকল মৃত্যুর নোটিস লিখিয়া অগৌণেই কমিশ্যনরদের নিকট পাঠাইবেন ইতি।

১৭৫ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারামতে রেজিষ্ট্রারকে কি সব-রেজিষ্ট্রারকে সম্বাদ জানান যে ব্যক্তিদের কর্ত্তব্য, তাঁহারা তদ্রূপ সম্বাদ জানাইতে না চাহিলে কি শৈথিল্য করিলে কি মিথ্যা সম্বাদ জানাইলে, তাঁহাদের কুড়ি টাকার অনধিক দণ্ড হইবে ইতি।

*দণ্ডের কথা।*

১৭৬ ধারা। এই আইনমতে জন্মের কি মৃত্যুর রেজিষ্টরী বহীতে যেং সম্বাদ লিখিতে হইবে, যে ব্যক্তি ঐ সম্বাদ জানান, তিনি রেজিষ্টরী বহীতে আপনার নাম ও ব্যবসায়াদি ও বাসস্থান লিখিবেন। ঐ ব্যক্তি তদ্রূপে স্বাক্ষর না করিলে, ঐ রেজিষ্টরী কার্য্য সম্পাদন হইল বলিয়া জ্ঞান হইবে না, ও তাহার কোন ফল হইবে না।

*যাঁহারা সম্বাদ জানান রেজিষ্টরে তাঁহাদের স্বাক্ষর করিতে হইবার কথা।*

কিন্তু কোন ব্যক্তি লিখিতে না জানিলে, রেজিষ্ট্রার তাহার নিমিত্ত লিখিয়া রেজিষ্টরে স্বাক্ষর করিতে পারিবেন।

আরো কোন ব্যক্তি হাস্পাতালে মরিলে, যিনি সেই হাস্পাতালে চিকিৎসকতা কার্য্যের ভার প্রাপ্ত হন, ১৭৪ ধারার বিধানমতে কমিশ্যনরগণ তাঁহার স্থানে লিখিত নোটিস পাইলে, সেই মৃত্যুর সম্পূর্ণরূপে রেজিষ্টরী হইয়াছে এমত জ্ঞান হইবে ইতি।

১৭৭ ধারা। কবর স্থানে কিম্বা দাহ করিবার স্থানে শব আনা গেলে, যদি সেই শবের সঙ্গেং নবম তফসীলের নির্দ্ধারিত পাঠে সর্টিফিকট না আনা যায়, ও সেই সর্টিফিকটে যদি ১৬৬ ধারামতে নিযুক্ত রেজিষ্ট্রারের কি সব-রেজিষ্ট্রারের কিম্বা চিকিৎসকের স্বাক্ষর না থাকে,

*শব কবর দিবার কি দাহ করিবার পূর্ব্বে সর্টিফিকট দেখাইতে হইবার কথা।*

trar or Sub-Registrar appointed under section one hundred and sixty-nine, or by a Medical Officer

Penalty

178 Whoever buries, burns, or allows to be buried or burnt, a corpse without the certificate mentioned in the last preceding section, shall be liable to a fine not exceeding one hundred rupees

OF TAKING A CENSUS

Account of population to be taken

179 At such times and in such manner as the Commissioners may from time to time appoint, an account shall be taken of the number of persons who, at the time of taking such account, shall be within the Town, and the persons employed in taking such account shall set down the several particulars respecting the same which are hereinafter prescribed

Chairman or Vice Chairman to superintend the taking of an account of the population

180 The Chairman or Vice-Chairman shall superintend the taking of such account, and shall cause to be prepared and issued, for the use of the persons to be employed, such forms and instructions as he shall, with the sanction of the Local Government, deem necessary, and the expenses thereby incurred shall be paid out of the Municipal Fund

Enumeration Districts

181 Each Police division of the Town shall be formed into one or more enumeration districts

At the appointed time, occupiers of houses shall give the required information

182 At such times as shall be appointed under section one hundred and seventy-nine, and as shall be notified in the *Calcutta Gazette* by the Local Government, every occupier of a dwelling-house, or of any part of a dwelling-house distinctly occupied, and every person to whom a form, as mentioned in section one hundred and eighty-four, may have been delivered, shall afford such information in regard to all persons who were abiding in his house, or in the place under his charge, on the night immediately preceding, and in such manner as may under this Act be required of them

Persons to be employed as enumerators

183 The Chairman shall select a sufficient number of competent persons to act as enumerators, and every such enumerator, under the direction of the Chairman, shall visit every house within his district, and, except as hereinafter provided,

তবে ঐ ঘাটের কি কবর স্থানের রক্ষক ঐ শব কবর দিবে কি দাহ করিবে না ও কবর দিতে কি দাহ করিতে দিবে না ইতি।

দণ্ডের কথা।

১৭৮ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে সর্টিফিকটের কথা লেখা আছে, কোন ব্যক্তি সেই সর্টিফিকট না পাইয়াও শব কবর দিলে কি দাহ করিলে কি কবর দিতে কি দাহ করিতে অনুমতি দিলে, তাঁহার এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

লোক গণনার কথা।

লোক সংখ্যা লওয়ার কথা।

১৭৯ ধারা। কমিশ্যনরগণ সময়ে২ যে২ সময় ও যে২ নিয়ম নিরূপণ করেন, সেইং সময়ে নগরের মধ্যে যত জন থাকে তাহাদের সংখ্যা সেই নিয়মমতে লওয়া যাইবে। যাঁহারা ঐ লোক সংখ্যা লন তাঁহারা পশ্চাৎ লিখিতমতে ঐ লোকদের নানা বৃত্তান্তও লিখিয়া লইবেন ইতি।

লোক সংখ্যা লওয়ার কার্য্য সভাপতির কি প্রতিনিধি সভাপতির তত্ত্বাধীন হওয়ার কথা।

১৮০ ধারা। সভাপতি কি প্রতিনিধি সভাপতি ঐ সংখ্যা লওন কার্য্যের তত্ত্বাবধান করিবেন, ও যে ব্যক্তিদিগকে ঐ কর্ম্মে নিযুক্ত করা যাইবে তাঁহাদের যে২ পাঠের ব্যবহার করা ও তাঁহাদিগকে যে২ উপদেশ দেওয়া আবশ্যক জ্ঞান করেন স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি লইয়া সেইং পাঠ ও উপদেশ প্রস্তুত করাইয়া প্রচার করিবেন। ইহাতে যে খরচ লাগে তাহা মুনিসিপল ফণ্ডহইতে দেওয়া যাইবে ইতি।

সংখ্যা গ্রহণ সম্পর্কীয় পল্লীর কথা।

১৮১ ধারা। নগরের অন্তর্গত পোলীসের একং এলাকা লইয়া লোক সংখ্যা গ্রহণের একং কিম্বা কএক পল্লী করা যাইবে ইতি।

নিরূপিত সময়ে ঘরের প্রজাদের সন্ধান জানাইতে হইবার কথা।

১৮২ ধারা। ১৭৯ ধারামতে যেং দিন নিরূপিত হইয়া স্থানীয় গবর্ণমেন্ট কর্তৃক কলিকাতা গেজেটে তাহার নোটিস প্রচার করা যায়, সেইং দিনে প্রত্যেক বসতবাটীর প্রজা, কিম্বা প্রজারা ঐ বাটীর নানা ভাগে পৃথকং থাকিলে ঐং ভাগের প্রজারা, এবং যেং ব্যক্তিকে ১৮৪ ধারার লিখিত পাঠ দেওয়া যায়, ঐ দিনের পূর্ব্ব রাত্রিতে তাঁহার ঘরে কিম্বা তাঁহার অধিকার স্থানে যত জন ছিলেন, তাঁহাদের বিষয়ে এই আইন অনুসারে যে প্রকারের যে সন্ধান লিখিবার আজ্ঞা হইল সেই সন্ধান সেই প্রকারে লিখিয়া জানাইবেন ইতি।

সংখ্যা লওনের নিমিত্তে যাঁহারা নিযুক্ত হইবেন তাঁহাদের কথা।

১৮৩ ধারা। সংখ্যা গ্রাহক বলিয়া উপযুক্ত ক্ষমতাপন্ন যত ব্যক্তির প্রয়োজন সভাপতি সাহেব তাহাদিগকে মনোনীত করিবেন। তাঁহারা প্রত্যেক জন সভাপতির আদেশমতে আপনং পল্লীর অন্তর্গত প্রত্যেক

shall take an account in writing of the name, sex, age, caste, nationality, and occupation of every living person who shall abide therein on the night immediately preceding the day appointed as aforesaid, and shall also take an account of the occupied houses, and the houses then being built and therefore uninhabited, and also of all other uninhabited houses within his district, and in all respects conform to, and obey, the instructions which may be issued to him by the Chairman in this behalf

Provided that, in the case of females, no account shall be taken either of their name or age

যরে যাইবেন। ও পূর্ব্বোক্তমতে যে দিন নিরূপণ হয় সেই দিনের পূর্ব্ব রাত্রিতে জীবিত যত ব্যক্তি সেইং ঘরে ছিল, পশ্চাৎ লিখিত উপবিধিব বিধান মানিযা, তাহাদের নাম ও পুরুষ বা স্ত্রী ও বয়স ও জাতি ও জন্ম-দেশ ও ব্যবসায় লেখাইয়া লইবেন, ও আপন পল্লী, অন্তর্গত যত ঘরে প্রজা থাকে ও তৎকালে নির্ম্মাযমান যত ঘরে প্রজা নাই ও অন্য যত ঘর খালী থাকে সেইং ঘরেরও হিসাব লইবেন। ও সভাপতি এই বিষযে যেং উপদেশ দেন ঠিক সেইং উপদেশমতে কর্ম্ম কবিযা তাহা মানিবেন।

পরন্তু স্ত্রীর নাম ও বযস লিখিযা লইতে হইবে না ইতি।

184 The Chairman, when he deems such a course to be advisable, may cause such a form as shall be sanctioned by the Commissioners in meeting, subject to the approval of the Local Government, to be delivered to any occupier of any dwelling-house who may be able to write, and such occupier shall fill in all the particulars required in the form on the day to be appointed, and shall deliver the same to the person authorized to demand the same

Forms for Census

১৮৪ ধারা। কোন বসতবাটীব প্রজা লিখিতে পাবিলে সভাপতি যদি বিহিত বোধ করেন তবে স্থানীয গবর্ণমেণ্টেব অনু-মোদনের অপেক্ষায় সভাগত কমিশ্যনরগণ যে পাঠের ব্যবহার করিতে অনুমতি দেন, তিনি সেই পাঠে একখানি ফারম ঐ প্রজাকে দেওয়াইবেন, তাহা হইলে ঐ ফারমে যে সকল বৃত্তান্ত লিখিবার আদেশ থাকে ঐ প্রজা নিরূপিত দিনে সেই সকল বৃত্তান্ত লিখিযা রাখি-বেন ও যে ব্যক্তি তাহা লইয়া যাইবাব নিমিত্ত নিযুক্ত হন তাঁহার দাওযামতে তাঁহাকে দিবেন ইতি।

সংখ্যা লইবার ফারমের কথা।

185 Any military or naval Officers in command of bodies of military or naval men, or of vessels of war, or any master of a merchant vessel, or nacodah, or tindal of a vessel or boat, or any person in charge of a lunatic asylum, hospital, or prison, or of any public or private charitable or scholastic institution, or any keepers of hotels or lodging-houses, shall, if required, act as enumerators for the purpose of taking account of persons under their command or charge, or abiding in their houses, on the night immediately preceding the day to be appointed

Military and naval officers and certain others, if required, to act as enumerators

১৮৫ ধারা। সৈনিক বা জাহাজীয যে কর্ম্মকারকদেব অধীনে সেনাদল কি জাহাজীয লোক কি যুদ্ধ জাহাজ থাকে, তাঁহাবা ও সওদাগরী জাহাজের কাপ্তান, কিম্বা কোন জাহাজের কি নৌকার নাখোদা কি তিণ্ডেল, ও ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয বাটীব কি হাস্পাতালেব কি কারাগারের কিম্বা ধর্ম্মার্থ কি বিদ্যাশিক্ষার্থ সাধারণ কি ব্যক্তিবিশেষেব আলয়ের অধ্যক্ষ, কিম্বা হোটেলের কি পঞ্চ ঘরেব রক্ষক আজ্ঞা পাইলে, নিরূপিত দিনেব পূর্ব্ব রাত্রিতে আপনাদের আজ্ঞাধীন কি তত্ত্বাধীন লোকদের কি আপনাদের গৃহবাসিদের সংখ্যা লইবার নিমিত্তে সংখ্যাগ্রাহকের কর্ম্ম করিবেন ইতি।

সৈনিক ও জাহাজীয় মালিমপ্রভৃতির সংখ্যাগ্রাহকের কর্ম্ম করিতে হইবার কথা।

186 Whoever, being required under section one hundred and eighty-four to fill in any form, or under section one hundred and eighty-three to act as an enumerator, fails so to do, shall be liable to a fine not exceeding one hundred rupees for every such offence

Penalty

Every person so required to act as an enumerator shall receive and conform to all instructions in writing which may be issued to him by the Chairman in that behalf

১৮৬ ধারা। কোন ব্যক্তির প্রতি ১৮৪ ধাবামতে কোন ফারম পুর্ণ করিয়া দিতে কিম্বা ১৮৩ ধাবামতে লোকদের সংখ্যা গ্রাহকের কর্ম্ম করিতে আজ্ঞা হইলে, তিনি তাহা না করিলে তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্ত এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

দণ্ডের কথা।

যাঁহাদের প্রতি সেইরূপে সংখ্যাগ্রাহকের কর্ম্ম করিতে আদেশ থাকে, সভাপতি সেই কার্য্যপক্ষে তাঁহাদের নিকট লিখিয়া যে উপদেশ দেন, তাঁহারা তাহা লইয়া সেই সকল উপদেশমতে কর্ম্ম করিবেন ইতি।

187. The Chairman shall obtain, by such ways and means as shall appear to him best adapted for the purpose, and as shall be sanctioned by the Commissioners in meeting, returns

Returns of houseless persons

১৮৭ ধারা। এই আইনমতে যে সকল বৃত্তান্ত লওয়া প্রয়োজন, যে সকল ব্যক্তি নিরাশ্রয়ী ও নিরূপিত দিনের অব্যবহিত পূর্ব্ব রাত্রিতে যাঁহারা কর্ম্মোপলক্ষে ঘরের বাহিরে থাকেন, কিম্বা

নিরাশ্রয় ব্যক্তিদের রিটর্ণের কথা।

of the particulars required by this Act with respect to all houseless persons, and all persons who, during the said night immediately preceding the day to be appointed, were on out-door night duty, or for any other reason were not abiding in any house of which account is to be taken by the enumerators

188 The enumerators shall fill in all forms for those persons who are unable to write

Enumerators to fill in for those unable to write

## CHAPTER XI

### Of Conservancy and Improvement

### Part I —*Of the Streets*

189 All public streets in the Town (not being the property and kept under the control of the Government) and the pavements, stones, and other materials thereof, and also all erections, materials, implements, and other things provided for such streets shall vest in and belong to the Commissioners

Public streets vested in the Commissioners

190 The Commissioners, making due compensation to the owners and occupiers of any houses or land which may be required for any such purposes, may

Power to make and improve streets

(*a*) lay out and make new streets,

(*b*) build and construct new bridges,

(*c*) turn, divert, discontinue, or stop up any public street, and

(*d*) widen, open, enlarge, or otherwise improve any such street

For the purposes of this section the Commissioners in meeting may purchase any land necessary for houses and buildings to form any public street, or for the improvement of any public street

191 The Commissioners shall, so far as the Municipal Fund permits, from time to time cause the public streets to be maintained and repaired, and for such purpose may do all things necessary for the public safety and convenience

Maintenance and repair of streets

192 The Commissioners shall cause the public streets of the Town to be sufficiently lighted, and the sum applicable annually to the current expenses of lighting the said streets shall be the gross proceeds

Gross proceeds of Lighting rate to be applied for purposes of lighting

---

সংখ্যাগ্রাহকের যে২ ঘরের হিসাব লইতে হইবে যে ব্যক্তিরা অন্য কারণে এমত ঘরে না ছিলেন, তাঁহাদের বিষয়ে সেই বৃত্তান্ত জানিবার জন্যে সভাপতি সাহেব যে২ উপায় ও নিয়ম করা অত্যুপযুক্ত জ্ঞান করেন, সভাগত কমিশ্যনরগণ অনুমোদন করিলে সেই২ উপায় ও নিয়ম দ্বারা ঐ বৃত্তান্ত গ্রহণ করিবেন ইতি।

১৮৮ ধারা। যাহারা লিখিতে না পারে সংখ্যা-গ্রাহকেরা তাঁহাদের জন্যে ফারমের সকল কথা লিখিয়া দিবেন ইতি।

লিখিতে অপারক লোক-দের জন্যে সংখ্যাগ্রাহকের লিখিতে হইবার কথা।

## একাদশ অধ্যায়।

### নগর পরিষ্কার ও উৎকৃষ্ট করিবার বিধি।

### ১ পরিচ্ছেদ।—রাস্তার কথা।

১৮৯ ধারা। নগরের মধ্যে যে সকল রাস্তা গবর্ণমেণ্টের সম্পত্তি নয় ও গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বাধীনে না রাখা যায়, সেই সকল রাস্তা ও তাহার শানপাতর ও পাতর ও অন্য সরঞ্জাম এবং ঐ২ রাস্তার নিমিত্ত যে সকল গাঁথনি ও সরঞ্জাম ও হাতিয়ার ও অন্য দ্রব্য নিরূপণ হয় তাহা সকলই কমিশ্যনরগণের প্রতি বর্ত্তিবে ও তাঁহাদেরই হইবে ইতি।

রাজপথ কমিশ্যনরগণের প্রতি বর্ত্তিবার কথা।

১৯০ ধারা। নিম্নলিখিত কোন কার্য্যের নিমিত্তে কোন ঘর কি ভূমি লওয়া প্রয়োজন হইলে কমিশ্যনরগণ উপযুক্তমতে ঐ গৃহাদির স্বামিদের ও প্রজাদের হানিপূরণ করিয়া তাহা লইয়া,

রাস্তা করিবার ও তাহা উৎকৃষ্ট করিবার ক্ষমতার কথা।

(ক) নূতন২ রাস্তার চিহ্নাদি দিয়া তাহা প্রস্তুত করিতে পারিবেন,

(খ) নূতন পুল গাঁথিয়া প্রস্তুত করিতে পারিবেন,

(গ) কোন সরকারী রাস্তা ফিরাইতে কি অন্য মুখ করিতে কিম্বা তাহার ব্যবহার রহিত করাইতে কি তাহা বন্ধ করিতে পরিবেন ও,

(ঘ) তদ্রূপ কোন পথ পরিসর করিতে কি খুলিয়া কি বাড়াইয়া দিতে কিম্বা প্রকারান্তরে তাহা উৎকৃষ্ট করিতে পারিবেন।

সরকারী রাস্তা করিবার কিম্বা উৎকৃষ্ট করিবার জন্যে যে২ ঘর ও কোটা গাঁথা উচিত, তাহার জন্যে যে ভূমি লওয়া আবশ্যক, সভাগত কমিশ্যনরগণ এই ধারার কার্য্যপক্ষে তাহা ক্রয় করিতে পারিবেন ইতি।

১৯১ ধারা। মুনিসিপল ফণ্ডহইতে যত দূর হইতে পারে, কমিশ্যনরগণ সময়ে২ সরকারী সকল রাস্তা তত দূর সারাইয়া রাখিবেন ও তদর্থে সাধারণের নিরাপদের ও সুবিধার জন্যে যে সকল কর্ম্ম করা আবশ্যক তাহাও করিতে পারিবেন ইতি।

রাস্তা সারাইয়া রাখিবার কথা।

১৯২ ধারা। কমিশ্যনরগণ নগরের সকল সরকারী রাস্তায় উপযুক্তমতে আলো দেওয়াইবেন। আলোর রেটদ্বারা মোটে যত টাকা উৎপন্ন হয় বৎসর২ ঐ২ পথে আলো দিবার খর-

আলোর রেটদ্বারা মোটে যে টাকা উৎপন্ন হয়, আলো দেওনে তাহা খরচ করিবার কথা।

of the said Lighting-rate and no more, but the Commissioners may expend, out of the Municipal Fund, such further sums as may from time to time be requisite for the purchase, setting up, cleaning and maintenance of lamps, lamp-posts, pipes, and other necessary apparatus

চের জন্যে তত টাকা প্রয়োগ হইবে তাহার অধিক নয়। কিন্তু লাণ্ঠন ও লাণ্ঠনের থাম ও নল প্রভৃতি প্রয়োজনীয় অন্য সরঞ্জাম ক্রয় করিবার ও বসাইবার ও পরিষ্কার ও রক্ষা করিবার জন্যে আর যত টাকা আবশ্যক, কমিশ্যনরগণ মুনিসিপল ফণ্ডহইতে সময়েং তত টাকা খরচ করিতে পারিবেন ইতি।

Cleansing streets

**193.** The Commissioners shall cause the public streets to be regularly swept and cleansed, and the dust dirt, filth, and refuse of every kind whatsoever found thereon to be collected and removed

রাস্তা পরিষ্কার করিবার কথা।

১৯৩ ধারা। কমিশ্যনরগণ নিয়মিতরূপে সকল সরকারী রাস্তায় ঝাঁটি দেওয়াইয়া তাহা পরিষ্কার রাখিবেন, ও রাস্তায় যে ধুলা ও ময়লা ও জঞ্জাল ও নানা প্রকারের যে ওঁচলা দ্রব্য পাওয়া যায় তাহা জড করিয়া স্থানান্তর করাইতে পারিবেন ইতি।

Dust boxes in streets

**194** The Commissioners may cause any number of moveable or fixed dust boxes or other convenient receptacles, wherein dust, dirt, filth, and refuse, arising from the ordinary domestic use of houses, may be temporarily deposited until removed and carried away, to be provided and placed in proper and convenient situations, and may require the occupiers of houses in public streets to cause all such matter as aforesaid to be deposited daily, or otherwise periodically, in such receptacles and between such hours as they may from time to time direct

রাস্তায়২ ধুলার বাক্সের কথা।

১৯৪ ধারা। ঘরের সচরাচর নানা কার্য্যদ্বারা ধুলা, মল, জঞ্জালপ্রভৃতি যে ওঁচলা দ্রব্য বাহির হইযা থাকে তাহা যত কাল স্থানান্তর করিয়া না লওয়া যায়, তত কাল রাখিবার নিমিত্ত কমিশ্যনরেরা সুবিধাজনক ও উপযুক্ত স্থানেং, যাহা তুলিয়া লওয়া যাইতে পারে কি আঁটা থাকিবে এমত ধুলার বাক্স করাইযা রাখিতে পারিবেন, ও রাস্তার ধারে যেং ঘর থাকে সেইং ঘরের প্রজাদিগকে দিনং কিম্বা নিরূপিত কোন সময়ে ও কমিশ্যনরেরা যেং ঘণ্টা নির্দ্দেশ করেন সেইং ঘণ্টায ঐং বাক্সে পূর্ব্বোক্ত দ্রব্য ফেলিতে আদেশ করিতে পারিবেন ইতি।

Penalty

**195** Every person who, after such receptacles have been provided, and after such requisition as above mentioned, shall deposit, or cause or permit to be deposited, any such matter in any public street, except in such receptacles, shall be liable to a fine not exceeding ten rupees

দণ্ডের কথা।

১৯৫ ধারা। তদ্রূপ আধার করাইযা দেওয়া গেলে পর কোন ব্যক্তি পূর্ব্বোক্ত আজ্ঞা পাইযা সেই আধারভিন্ন কোন সরকারী রাস্তায তদ্রূপ কোন দ্রব্য ফেলিলে কি ফেলাইলে কি ফেলিতে দিলে, তাঁহার দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

Penalty for depositing dirt in public street, &c

**196** Whoever deposits, or suffers to be deposited, any dust, dirt, filth, or refuse of any kind whatsoever, in any public street, or on any public quay, jetty, ghât, or landing place, or on any part of the river bank, whether above or below high-water mark, except in such places, and in such manner, and at such hours, as shall be fixed by the Commissioners, shall be liable to a fine not exceeding ten rupees for every such offence

সরকারী রাস্তাপ্রভৃতিতে মলাদি ফেলিবার দণ্ডের কথা।

১৯৬ ধারা। কমিশ্যনরগণ ধুলা কি মল কি ওঁচলা কিম্বা অন্য কোন প্রকারের জঞ্জাল ফেলিবার যেং স্থান নিরূপণ করেন ও যেং প্রকারে ও যেং ঘণ্টায় ফেলিতে অনুমতি দেন, কোন ব্যক্তি সেইং স্থানছাড়া কোন সরকারী রাস্তায় কি সরকারী গুদিতে কি জেটীতে কি ঘাটে কি নৌকাহইতে নামিবার ঘাটে কিম্বা অত্যুচ্চ জলের দাগের উপরে কি নীচে নদীর ধারের কোন স্থানে অন্য প্রকারে বা অন্য সময়ে ফেলিলে কি ফেলিতে দিলে উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

Penalty for allowing sewerage to flow on streets

**197** Whoever causes or allows the water of any sink or sewer, or any other offensive liquid matter belonging to him or being in his house or land, to run, drain, or be thrown or put upon any street (public or otherwise), or causes or allows any offensive matter from any sewer or privy, to run, drain, or be thrown into, a surface drain in any street (public or otherwise), shall be liable to a fine not exceeding ten rupees for every such offence

নরদমার ময়লা জল রাস্তায় পড়িতে দিলে দণ্ডের কথা।

১৯৭ ধারা। কোন ব্যক্তি নিজের কিম্বা আপন ঘরের কি ভুমির কোন কুণ্ডের কি নরদমার জল, কিম্বা জলবৎ অন্য কোন দুর্গন্ধ দ্রব্য সরকারী কি অন্য রাস্তায় যাইতে কি পডিতে দিলে কিম্বা ফেলাইলে কি রাখাইলে কি ফেলিতে কি রাখিতে দিলে, কিম্বা কোন নরদমার কি পাইখানার দুর্গন্ধদ্রব্য সরকারী কি অন্য রাস্তার ধারের খোলা নরদমায যাইতে কি পডিতে কি ফেলিতে দিলে, তাহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

198. The Commissioners shall, so far as the Municipal Fund permits, and so far as they may deem requisite for the public convenience, cause the chief public streets to be watered, and for that purpose may provide such works and engines as they may think necessary

Watering streets

199 Whoever builds any wall, or erects, or sets up any fence, rail, post, or other obstruction or encroachment, in any public street, or in or over any drain, sewer, or aqueduct, after the commencement of this Act, shall be liable to a fine not exceeding one hundred rupees, and the Commissioners shall have power to remove any such obstruction or encroachment, as also all walls, fences, rails, posts, or other obstruction or encroachment erected in any public street, or in or over any open drain, sewer, or aqueduct, subsequent to the first of June in the year one thousand eight hundred and sixty-three, and the expense of such removal shall be paid by the person erecting the same, and shall be recoverable as hereinafter provided

Penalty for making obstructions in public streets

Nothing herein contained shall prevent the Commissioners from allowing any temporary erections in any public street on occasions of festivals and ceremonies, or for building purposes

Temporary erections on occasions of festivals, &c

200 Every person who wishes to make or lay out any new street, shall give notice in writing thereof to the Commissioners, showing the intended level and width of such street, and the level and width of every such street shall be fixed or approved by the Commissioners,

Private persons laying out new streets

and the Commissioners may, if they think fit, cause any such street laid out or made at a level or width otherwise than in accordance with the level or width so fixed or approved as aforesaid, to be altered,

or may cause any house, erected in any such street, otherwise than in accordance with such level and width, to be altered, or, if necessary removed,

and the expenses thereby incurred shall be paid by the person offending

If no such level or width be fixed, and no approval or disapproval of the level or width proposed be signified by the Commissioners within one month from the delivery of the aforesaid notice

১৯৮ ধারা। মুনিসিপল ফণ্ডহইতে যত দূর হইতে পারে ও কমিশ্যনরগণ সাধারণের সুবিধার জন্যে যত দূর আবশ্যক বোধ করেন তত দূর প্রধান২ সকল সরকারী রাস্তায় জল দেওয়াইবেন। ও তদর্থে যে২ বিষয় ও কল আবশ্যক হয় তাহারও বিধান করিতে পারিবেন ইতি।

রাস্তায় জল দিবার কথা।

১৯৯ ধারা। কোন ব্যক্তি এই আইন প্রচলিত হইবার পর কোন সরকারী রাস্তার কিম্বা কোন মরদমার কি নয়নজুলির কি পয়নালার ভিতরে কি উপরে কোন প্রাচীর গাঁথিলে কি বেড়া কি গরাদিয়া কি থাম কিম্বা বাধাজনক কি স্থান যোড়াকারি অন্য দ্রব্য বসাইলে, তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। এবং কমিশ্যনরগণ উক্ত অবরোধক কি স্থানযোড়াকারি সকল দ্রব্য স্থানান্তর করিয়া দিতে পারিবেন, ও ১৮৬৩ সালের জুন মাসের ১ পয়লা তারিখের পর কোন সরকারী রাস্তার কিম্বা খোলা মরদমার কি নয়নজুলির কি পয়নালার মধ্যে কি উপরে যে প্রাচীর কি বেড়া কি গরাদিয়া কি থাম কিম্বা অবরোধক কি স্থান যোড়াকারি অন্য যে দ্রব্য থাকে তাহাও স্থানান্তর করিয়া দিতে পারিবেন। যে ব্যক্তি ঐ প্রাচীর প্রভৃতি গাঁথিলেন তাহা স্থানান্তর করিবার খরচ তাঁহার দিতে হইবে, ও পশ্চাৎ লিখিত বিধানমতে ঐ খরচ আদায় হইতে পারিবে।

সরকারী রাস্তা অবরোধ করিবার দণ্ডের কথা।

কিন্তু পর্ব্ব ও যাত্রাদির সময়ে কোন কার্য্যের জন্যে কিম্বা গৃহাদি গাঁথিবার জন্যে কোন সরকারী রাস্তায় অল্পকালের নিমিত্ত কোন বিষয় তুলিয়া দিবার যে অনুমতি দিতে না পারেন, এই ধারায় কমিশ্যনরগণের প্রতি এমত নিষেধ নাই ইতি।

পূজাপ্রভৃতির সময়ে মাচা প্রভৃতি বাঁধিবার কথা।

২০০ ধারা। কোন ব্যক্তি নূতন পথ করিতে কি তাহার চিহ্ন দিতে চাহিলে, ঐ রাস্তার যে মাটাম ধরিয়া যত পরিসর করিতে চাহেন, তিনি প্রথমে কমিশ্যনরগণের নিকট লিখিয়া তদ্বিষয়ের নোটিস দিবেন। কমিশ্যনরগণ ঐ২ পথের মাটাম ও প্রশস্ততা স্থির কিম্বা অনুমোদন করিবেন।

সাধারণ ব্যক্তিরা নূতন রাস্তা করিতে চাহিলে তাহার কথা।

ও তাঁহারা পূর্ব্বোক্তমতে যে মাটাম ও প্রশস্ততা স্থির কি অনুমোদন করিলেন, সেই মাটাম কি প্রশস্ততা না ধরিয়া প্রকারান্তরে ঐ রাস্তার চিহ্ন দেওয়া গেলে কি তাহা করা গেলে, কমিশ্যনরগণ উচিত বোধ করিলে তাহা পরিবর্ত্তন করাইতে পারিবেন।

এবং উক্ত কোন রাস্তার ধারে, কোন ঘর সেই মাটাম ও প্রশস্ততা না ধরিয়া গাঁথা গেলে, তাহা পরিবর্ত্তন করাইতে কিম্বা আবশ্যক হইলে উঠাইয়া দিতে পারিবেন।

ঐ কার্য্যে যে খরচ লাগে অপরাধির তাহা দিতে হইবে।

উক্ত মতে মাটাম কি প্রশস্ততা স্থির করা না গেলে, কিম্বা কমিশ্যনরগণের আফিসে ঐ নোটিস দেওয়া গেলে পর তাঁহারা এক মাসের মধ্যে প্রস্তাবিত মাটামের কি প্রশস্ততার বিষয়ে মতামত না জানাইলে,

at the office of the Commissioners, the intended street may be laid out and made upon the level and of the width specified in the notice

নোটিসে যে মাটাম ধরিয়া ও যত পরিসর করিয়া ঐ রাস্তা করিবার কল্পনা লেখা ছিল, সেই মাটাম অনুসারে তত পরিসর রাস্তার চিহ্ন দিয়া তাহা প্রস্তুত করা যাইতে পারিবে ইতি।

Penalty

**201** Whoever lays out, makes, or builds upon, any such street, otherwise than in accordance with the level, and width so fixed or approved, shall be liable to a fine not exceeding five hundred rupees

দণ্ডের কথা।

২৭১ ধারা। তদ্রূপে যে মাটাম ও প্রশস্ততা স্থির করা যায় কি অনুমোদিত হয়, কোন ব্যক্তি তাহা না মানিয়া অন্য প্রকারে উক্ত কোন রাস্তার চিহ্ন দিলে কি তাহা প্রস্তুত করিলে কি তাহার উপর গৃহাদি গাঁথিলে, তাঁহার ৫০০ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

Paving &c of streets

**202** If any street or any part thereof, be not levelled, paved, metalled, flagged, channelled, and sewered to the satisfaction of the Commissioners, they may, by notice in writing to the respective owners or occupiers of the land fronting, adjoining, or abutting upon, such parts thereof as may need to be levelled, paved, metalled, flagged, channelled, and sewered, require them to level, metal, pave, flag, channel, and sewer the same within a time to be specified in such notice, and upon non-compliance, the Commissioners may, if they think fit, execute the works mentioned or referred to therein

পথে শানাদি করিবার কথা।

২০২ ধারা। কোন পথ কি তাহার কোন অংশ যে মাটাম ধরিয়া করা গেল, কিম্বা তাহাতে যেরূপে শান করা গেল কি পাতর কি টালি বসান গেল ও তাহার ধারে যে পয়নালা ও মরদমা করা গেল, কমিশ্যনরগণ তাহাতে সন্তুষ্ট না হইলে, ঐ রাস্তার যে অংশটির মাটাম নামাইতে কি শান করিতে কি পাতর কি টালি বসাইতে কিম্বা পয়নালা কি মরদমা করিতে হইবে, কমিশ্যনরগণ সেই অংশের সম্মুখ কি লাগাও কি পারস্থ ভূমির স্বামিদের কি প্রজাদের নামে নোটিস লিখিয়া, ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে মাটাম নামাইয়া রাস্তায় শান করিতে কি পাতর কি টালি বসাইতে কি মরদমা কি পয়নালা করিতে আজ্ঞা দিবেন। সেই আজ্ঞামতে কর্ম্ম না হইলে কমিশ্যনরগণ বিহিত বোধ করিলে নিজে ঐ নোটিসের লিখিত কি উল্লিখিত কর্ম্ম করিয়া দিতে পারিবেন।

and the expenses thereby incurred shall be paid by the owners in default according to the frontage of their respective lands, and in such proportion as shall be settled by the Commissioners or, in case of dispute, as shall be settled in the manner hereinafter provided for the settlement of disputes respecting damages and expenses,

তাহাতে যে খরচ লাগে, ত্রুটিকারি যে২ স্বামির ভূমীর সম্মুখে ঐ রাস্তার যে২ অংশ থাকে, কমিশ্যনরগণ যে হার নির্দ্ধার্য্য করেন তাঁহারা সেই হারানুসারে সেই অংশের খরচ দিবেন। ঐ বিষয়ের বিবাদ হইলে, হানিপূরণের ও খরচের বিবাদ নিষ্পত্তি করিবার জন্যে যে বিধান পশ্চাৎ করা যাইতেছে, ঐ বিবাদ সেই বিধানমতে যদ্রূপে নিষ্পত্তি হয় তদনুসারে খরচ দেওয়া যাইবে।

Provided that, after such street shall have been so levelled, paved, metalled, flagged, channelled and sewered, on the requisition of the Commissioners, or by the Commissioners as aforesaid, at the expense of the owners, such owners shall have a right to require that the street shall be declared a public street, to be from time to time repaired by the Commissioners out of the Municipal Fund

পরন্তু কমিশ্যনরগণের আজ্ঞামতে ঐ রাস্তার মাটাম নামান গেলে, কি তাহাতে শান করা গেলে, কি পাতর কি টালি বসান হইলে কি তাহার মরদমা কি পয়নালা করা গেলে, কিম্বা স্বামিদের খরচে কমিশ্যনরগণেরই দ্বারা পূর্ব্বোক্তমতে এ কার্য্য করা গেলে, ঐ রাস্তা যেন সরকারী রাস্তা বলিয়া প্রকাশ হয় ও সময়ে২ মুনিসিপল ফণ্ডহইতে কমিশ্যনরগণের দ্বারা সারাইয়া রাখা যায়, ঐ স্বামিদের এমত আদেশ করিবার অধিকার থাকিবে ইতি।

Certain streets to be deemed public and repaired by the Commissioners

**203** If any street be levelled, paved, metalled, flagged, channelled, and sewered to the satisfaction of the Commissioners, they may, if they think fit, and if three-fourths of the owners of houses in such street signify in writing their consent thereto, by notice in writing put up in any part of such street, declare the same to be a public street, and thereupon the same shall become a public street, and be from time to time

কোন২ পথ রাজকীয় বলিয়া জ্ঞান হইবার ও কমিশ্যনরগণের দ্বারা সারাইয়া রাখিবার কথা।

২০৩ ধারা। কোন রাস্তা যে মাটাম ধরিয়া করা গেল ও যেরূপে তাহার শান করা গেল কি পাতর কি টালি বসান গেল ও তাহার যেরূপ পয়নালা ও মরদমা করা গেল কমিশ্যনরগণ যদি তাহাতে সন্তুষ্ট হন ও সেই রাস্তার ঘরসমূহের চারি অংশের তিন অংশের স্বামী তাহাতে সম্মতি লিখিয়া দেন, তবে কমিশ্যনরেরা উচিত বোধ করিলে ঐ রাস্তার ধারের কোন স্থানে নোটিস লিখিয়া লাগাইয়া দিয়া, ঐ

repaired by the Commissioners out of the Municipal Fund

204 The Commissioners in meeting shall, from time to time, cause to be put up or painted on a conspicuous part of some house, wall, or place, at or near each end, corner, or entrance of every public street, the name by which such street is to be known, and whoever destroys, pulls down, or defaces any such name, or puts up any name different from that put up by order of the Commissioners, shall be liable to a fine not exceeding twenty rupees

Names of public streets

Penalty

205 The Commissioners may, from time to time, fix a number in a conspicuous place on the outer side of any house or at the entrance of the enclosure thereof, and whoever destroys, pulls down, or defaces any such number, shall be liable to a fine not exceeding twenty rupees

Numbers on houses

Penalty

206 All doors, gates, bars, and ground-floor windows (whether hung or placed before or after the commencement of this Act), which open upon any public street, shall be hung or placed so as not to open outwards and cause obstruction,

Doors not to open outwards

and if any such door, gate, bar, or window be hung or placed so as to open outwards on any such public street, the owner of the house or land to which the same is attached shall, within eight days after notice from the Commissioners to that effect, cause the same to be altered so as not to open outwards, and if he neglects so to do, the Commissioners may make such alteration, and the expenses thereby incurred shall be paid by such owner

207 The owner of every house in any public street shall, within fifteen days after notice from the Commissioners, put up, and keep in good condition, proper troughs and pipes for catching and carrying the water from the roof and other parts of such house and for discharging the same in such manner as the Commissioners shall direct, and in default of compliance with such notice within the period aforesaid, such owner shall be liable to a fine not exceeding ten rupees for every day that he shall so make default

Troughs and pipes to be fixed to houses

Penalty

রাস্তা সবকারী রাস্তা বলিয়া প্রকাশ করিতে পারিবেন। তাহা হইলে সেই সরকারী রাস্তা রাজপথ হইবে ও কমিশ্যনরদের দ্বারা সময়েং মুনিসিপল ফণ্ডহইতে সারাইয়া দেওয়া যাইবে ইতি।

২০৪ ধারা। কোন সরকারী রাস্তা যে নামে জানা যাইবে, কমিশ্যনরগণ সময়েং সভাগত হইয়া ঐং পথের মোড়ের কি কোণের কি প্রবেশস্থানের নিকট কোন ঘরের কি প্রাচীরের কি স্থানের কোন প্রকাশ স্থানে ঐ পথের নাম লাগাইয়া কি রঙ্গ দিয়া লেখাইয়া দিবেন, ও কমিশ্যনরগণের আজ্ঞাক্রমে যে নাম দেওয়া যায় কোন ব্যক্তি তাহা নষ্ট করিলে কি নামাইয়া দিলে কি বিকৃত করিলে কিম্বা সেই নাম তুলিয়া ফেলিয়া অন্য নাম দিলে তাঁহার ২০৲ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

পথের নাম দিবার কথা।

দণ্ডের কথা।

২০৫ ধারা। কমিশ্যনরগণ কোন ঘরের বহির্ভাগে, কিম্বা বাড়ীর মধ্যে প্রবেশ করিবার যে স্থান রাস্তার ধারে থাকে এমত প্রকাশ স্থানে সময়েং ঐ ঘরের নম্বর দিতে পারিবেন। কোন ব্যক্তি তদ্রূপ কোন নম্বর নষ্ট করিলে কি নামাইয়া ফেলিলে কি বিকৃত করিলে, তাহার ২০৲ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

ঘরের নম্বর দিবার কথা।

দণ্ডের কথা।

২০৬ ধারা। যে সকল দ্বার ও ফাটক ও হুড়কা ও নীচের তালার যে সকল খিড়কী খুলিলে রাজপথের উপর আসিয়া পড়ে, এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে বা পরেই করা যাউক, তাহা এমন করিয়া ঝুলাইয়া দিতে কি রাখিতে হইবে যেন খোলা গেলে ঘরের বাহিরে আসিয়া পথ অবরোধ না করে।

পথের উপর দ্বার না খুলিবার কথা।

আর তদ্রূপ কোন দ্বার কি ফাটক কি হুড়কা কি খিড়কী খোলা গেলে, যাহাতে সরকারী রাস্তার উপরে খুলিয়া থাকে এমত করিয়া ঝোলান কি রাখা গেলে, তাহা যে ঘরে কি ভুমিতে সংযুক্ত থাকে কমিশ্যনরগণ তাহার স্বামিকে নোটিস দিলে পর, তিনি আট দিনের মধ্যে ঐ দ্বারপ্রভৃতি এমন করিয়া পরিবর্ত্তন করিবেন যেন খুলিলে বাহিরে না পড়ে। তাহা করিতে শৈথিল্য করিলে, কমিশ্যনরগণ তাহা তদ্রূপে পরিবর্ত্তন করিবেন। তাহাতে যে খরচ লাগে স্বামীর তাহা দিতে হইবে ইতি।

২০৭ ধারা। কমিশ্যনরগণ কোন সরকারী রাস্তার ধারের কোন ঘরের স্বামিকে নোটিস দিয়া যেরূপে আজ্ঞা করেন, ঐ ঘরের ছাদের ও অন্যান্য স্থানের জল সেইরূপে গড়িয়া পড়িয়া যায়, এই নিমিত্ত তিনি পঞ্চদশ দিনের মধ্যে উপযুক্ত ডোঙ্গা ও নল বসাইয়া উপযুক্তভাবে সারাইয়া রাখিবেন। ও সেই সময়ের মধ্যে সেই নোটিস অনুসারে কার্য্য না হইলে, স্বামী যত দিন ঐ কর্ম্ম করিতে ত্রুটি করেন দিনপ্রতি তাঁহার দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

ঘরের গায়ে ডোঙ্গা ও নল লাগাইয়া দিবার কথা।

দণ্ডের কথা।

208. The Commissioners may give notice in writing to the owner or occupier of any house to remove or alter any projection, encroachment, or obstruction, which, after the commencement of this Act, shall be erected or placed against or in front of such house, or which has been so erected or placed subsequent to the first of June in the year one thousand eight hundred and sixty-three, and such owner or occupier shall within fifteen days after the service of such notice upon him, remove such projection, encroachment, or obstruction, or alter the same in such manner as shall have been directed by the Commissioners, and in default thereof shall be liable to a fine not exceeding two hundred rupees, and the Commissioners in such case may remove such projection, encroachment, or obstruction, and the expense of such removal shall be paid by the owner or occupier so making default, and shall be recoverable as hereinafter provided

Projections erected in future from houses, to be removed

Provided that when the expense shall have been paid by the occupier, except in the case in which such projections, encroachments, or obstructions were made or put up by him, such occupier shall be entitled to deduct the expense of removing or altering the same from the rent payable by him to the owner of the house

209 The Commissioners may cause any projection, encroachment, or obstruction, erected or placed against or in front of any house in any public street, previous to the first of June in the year one thousand eight hundred and sixty-three, to be removed, or altered as they think fit, provided that they give notice of such intended removal or alteration to the occupier of the house against or in front of which such projection, encroachment, or obstruction shall be, thirty days before such alteration or removal is begun, and if such projection, encroachment, or obstruction shall have been lawfully made, they shall make reasonable compensation to every person who suffers damage by such removal or alteration, and if any dispute shall arise touching the right of any person to compensation when the right thereto is disputed, and the amount thereof, or touching the amount of such compensation when the right thereto is admitted, the same shall be settled in the manner herein-

Removal of existing projections from houses

Notice of removal

Compensation when to be made

২০৮ ধারা। এই আইন প্রচলিত হইবার পর কোন ঘরের সম্মুখভাগে কি আড়ালে ঐ ঘরের কোন অংশ আগিয়া থাকিলে ও স্থানযোড়া কি পথ অবরোধ করিলে, ১৮৬৩ সালের জুন মাসের ১ তারিখের পর ঐ ঘরের সম্মুখভাগে কি আড়ালে ঐ বিষয় গাঁথা কি, বাঁধা গেলে কমিশ্যনরগণ সেই ঘরের স্বামিকে কিম্বা প্রজাকে তাহা উঠাইয়া দিবার কি পরিবর্ত্তন করিবার নোটিস লিখিয়া দিতে পারিবেন। সেই নোটিস স্বামিকে কি প্রজাকে দেওয়া গেলে পর তিনি পঞ্চদশ দিনের মধ্যে আগিয়া থাকা কি স্থানযোড়াকারি কি অবরোধজনক ঐ অংশটি স্থানান্তর করিবেন, কিম্বা কমিশ্যনরগণ যদ্রূপ আজ্ঞা করেন তদ্রূপে পরিবর্ত্তন করিবেন। না করিলে তাহার ২০০ দুইশত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও কমিশ্যনরগণ ঐ আগিয়া থাকা কি স্থানযোড়াকারি কি অবরোধজনক অংশটি স্থানান্তর করিতে পারিবেন। ও তাহা করিতে যে খরচ লাগে ত্রুটিকারি স্বামির কি প্রজার সেই খরচ দিতে হইবে ও পশ্চাৎ লিখিত বিধানমতে তাহা আদায় হইতে পারিবে।

ইহার পর ঘরের কোন অংশ আগিয়া থাকিলে তাহা স্থানান্তর করিবার কথা।

কিন্তু প্রজা আপনি সেই আগিয়া থাকা কি স্থানযোড়াকারি কি অবরোধজনক বিষয় গাঁথিয়া কি তুলিয়া না দিলেও যদি তাহা স্থানান্তর কি পরিবর্ত্তন করিবার খরচ দিয়া থাকেন, তবে তৎপরে গৃহস্বামির নিকট তাঁহার যে ভাড়া দেনা হয় তাহাহইতে তাঁহার সেই খরচ কাটিয়া লইবার অধিকার থাকিবে ইতি।

২০৯ ধারা। ১৮৬৩ সালের জুন মাসের ১ তারিখের পূর্ব্বে কোন সরকারী রাস্তার ধারে কোন ঘরের আড়ালে কি সম্মুখে আগিয়া থাকা কি স্থানযোড়াকারি কি বাধাজনক কোন বিষয় গাঁথা কি স্থাপন করা গেলে, কমিশ্যনরগণ তাহা স্থানান্তর করাইয়া দিতে কিম্বা যদ্রূপ বিহিত বোধ করেন তদ্রূপে পরিবর্ত্তন করাইয়া দিতে পারিবেন। কিন্তু ঐ আগিয়া থাকা কি স্থানযোড়াকারি কি অবরোধজনক বিষয় যে ঘরের আড়ালে কি সম্মুখে থাকে তাঁহারা ঐ বিষয় তদ্রূপে স্থানান্তর কি পরিবর্ত্তন করাইতে আরম্ভ করিবার পূর্ব্ব ত্রিশ দিন থাকিতে ঐ ঘরের প্রজাকে আপনাদের সেই কল্পনার নোটিস দিবেন। আর আগিয়া থাকা কি স্থানযোড়াকারি কি অবরোধজনক ঐ বিষয় বৈধমতে করা গিয়া থাকিলে তাহা স্থানান্তর কি পরিবর্ত্তন করণদ্বারা যে ব্যক্তির কোন হানি হয় তাঁহারা সেই ব্যক্তির উপযুক্ত হানিপূরণ করিবেন। যদি কোন ব্যক্তির হানিপূরণ পাইবার অধিকারের বিষয়ে কোন বিবাদ উপস্থিত হইয়া থাকে, তবে হানিপূরণ পাইবার অধিকারের, ও যত টাকা হানিপূরণ পাইতে হইবে, ইহার বিবাদ হইলে, কিম্বা হানিপূরণ পাইবার অধিকার স্বীকার হইলেও

ঘরের যে ভাগ এইক্ষণে আগিয়া থাকে তাহা স্থানান্তর করিবার কথা।

স্থানান্তর করিবার নোটিসের কথা।

হানিপূরণের কথা।

after provided for the settlement of disputes respecting damages and expenses.

210 The Commissioners may give permission in writing to the owners or occupiers of houses abutting on any public street or drain or sewer to put up verandahs, balconies, sunshades, weatherframes, and the like, to project from any upper story thereof over any public street, or drain or sewer

Commissioners may allow certain projections from houses

211 The external roofs and walls of huts or other buildings erected or renewed within the Town, after the commencement of this Act, shall not be made of grass, leaves, mats, or other such inflammable materials, and it shall not be lawful for the owner of any hut or other building, in or near any street (public or otherwise), now having an external roof or wall made of any such material, and which is contiguous to or adjoining to any other building, to suffer such roof or wall to remain after the commencement of this Act unless with the consent in writing of the Commissioners, and whoever makes any external roof or wall of such materials, or suffers any roof or wall made of such materials to continue contrary to the provisions herein contained, and who shall not remove or alter the same within one month after notice given to him for that purpose by the Commissioners, shall be liable to a fine not exceeding ten rupees for every day that such roof or wall shall continue

Roofs and external walls of huts not to be made of inflammable materials

Penalty

212 The Commissioners may give notice to the owner or occupier of any house or land to trim or prune the hedges thereof bordering on any public street to a height not exceeding seven feet,

Commissioners may direct hedges to be trimmed

or to cut and trim trees overhanging any public street and obstructing the same or causing damage thereto,

and if such notice is not complied with within three days from the date thereof, the Commissioners may cause such hedges and trees to be cut in the manner required, and the expenses thereby incurred shall be paid by the owner of the house or land.

ক্ষতিপূরণস্বরূপ যত টাকা দেওয়া উচিত এই বিষয়ের কোন বিবাদ হইলে, পশ্চাদ্ভাগে হানি ও খরচ বিষয়ক বিবাদ নিষ্পত্তি করিবার যে বিধান আছে ঐ বিবাদ সেই বিধানমতে নিষ্পত্তি করা যাইবে ইতি।

২১০ ধারা। রাস্তার কি নরদমার কি নয়নজুলির ধারে যে ঘর থাকে, কমিশ্যনরগণ সেই ঘরের স্বামিদিগকে কি প্রজাদিগকে রাস্তার কি নরদমার কি নয়নজুলির উপরে ঐ ঘরের দোতালার বারান্দা কি বালকনি, কি রৌদ্রের তাপ ও বৃষ্টির জল নিবারণের জন্য চাল দিবার অনুমতি লিখিয়া দিতে পারিবেন ইতি।

ঘরের কোনং বিষয় আগিয়া থাকিতে কমিশ্যনরগণের অনুমতি দেওয়ার কথা।

২১১ ধারা। এই আইন প্রচলিত হইবার পর নগরের মধ্যে যে বাঙ্গলা ঘর কি অন্য ঘর বাঁধিয়া কি নূতন করিয়া দেওয়া যায়, তাহার উপরের চাল ও বাহিরের বেড়া খড়, পাতা, দর্মা প্রভৃতি যে দ্রব্য অনায়াসে জ্বলিয়া উঠে এমত দ্রব্য দিয়া করিতে হইবে না। আরও সরকারী কি অন্য রাস্তার ধারে কি নিকটে যাহার উপরকার চাল ও বাহিরের বেড়া সেই প্রকারের দ্রব্য দিয়া প্রস্তুত করা আছে ও যাহার লাগাও কি অতি নিকট অন্য ঘর থাকে, এমত ঘরের স্বামীও কমিশ্যনরগণের লিখিত অনুমতি না পাইলে এই আইন প্রচলিত হইবার পর সেই চাল কি বেড়া থাকিতে দিবেন না। কোন ব্যক্তি এই ধারার বিধানের বিরুদ্ধে সেই দ্রব্য দিয়া উপরের চাল কি বাহিরের বেড়া করিলে, কিম্বা সেই দ্রব্যনির্ম্মিত কোন চাল কি বেড়া থাকিতে দিলে, ও কমিশ্যনরগণ নোটিস দিলে পর এক মাসের মধ্যে তাহা পরিবর্ত্তন না করিলে কিম্বা স্থানান্তর করিয়া না দিলে, সেই চাল কি বেড়া যত দিন থাকে প্রতি দিন তাঁহার দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

যে দ্রব্য অনায়াসে জ্বলিয়া উঠে বাঙ্গলা ঘরের চাল ও বেড়া এমত দ্রব্যে না করিবার কথা।

দণ্ডের কথা।

২১২ ধারা। ঘরের কি ভূমীর বেড়া কোন সরকারী রাস্তার ধারে থাকিলে, কমিশ্যনরগণ সেই ঘরের কি ভূমীর স্বামিকে কি প্রজাকে ঐ বেড়া ঝুড়িয়া কি কাটিয়া সাত ফুটের অনুচ্চ রাখিবার,

বেড়া ঝুড়িয়া দিবার আজ্ঞা করিতে কমিশ্যনরগণের ক্ষমতার কথা।

কিম্বা কোন গাছের ডাল সরকারী রাস্তার উপর ঝুলিয়া পথ অবরোধ কি পথের হানি করিলে, তাহা কাটিবার ও ঝুড়িয়া দিবার নোটিস দিতে পারিবেন।

ঐ নোটিসের তারিখ অবধি তিন দিনের মধ্যে তদনুসারে কার্য্য করা না গেলে, কমিশ্যনরগণ ঐ আদেশানুসারে সেই বেড়া ও গাছ ঝুড়াইয়া দিতে পারিবেন ও তাহাতে যে খরচ লাগে ঘরের কি ভূমীর স্বামির ঐ খরচ দিতে হইবে ইতি।

**213** No person shall deposit any building materials, or make a hole in any public street, without the permission of the Commissioners in writing, and when such permission is granted to any person, he shall, at his own expense, cause such materials, or such hole, to be sufficiently fenced and enclosed, until the materials are removed or the hole is filled up and otherwise made secure, and shall cause the same to be sufficiently lighted at night

*No one to deposit materials or make hole in a public street*

২১৩ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরগণের লিখিত অনুমতি না পাইলে কোন রাস্তায় ঘর গাঁথিবার সরঞ্জাম ফেলিয়া রাখিতে কিম্বা গর্ত্ত করিতে পাইবে না। কোন ব্যক্তিকে তদ্রূপ অনুমতি দেওয়া গেলে, যত দিন সেই সরঞ্জাম উঠাইয়া না লওয়া যায় কিম্বা সেই গর্ত্ত বুজাইয়া না ফেলা যায়, ও তদ্দ্বারা যাহাতে আপদ না হয় প্রকারান্তরে এমতে সুরক্ষা না করা যায়, তিনি তত দিন উপযুক্ত বেড়া দিয়া সেই সরঞ্জাম ও গর্ত্ত ঘেরিয়া রাখিবেন ও রাত্রিকালে তাহাতে উপযুক্ত আলো দিয়া রাখিবেন ইতি।

*রাস্তায় কাহারও সরঞ্জাম ফেলিতে কি গর্ত্ত করিতে না হইবার কথা।*

**214** Whoever deposits materials, or makes a hole, without such permission, or fails to fence or enclose, and light, such materials or hole, or does not remove such materials, or fill up such hole, when the permission has been withdrawn, shall be liable to a fine not exceeding fifty rupees, and to a further fine, not exceeding fifty rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

*Penalty*

২১৪ ধারা। কোন ব্যক্তি তদ্রূপ অনুমতি না পাইয়া ইষ্টকাদি ফেলিলে কি গর্ত্ত করিলে, অথবা সেই ইষ্টকাদিতে কি গর্ত্তে বেড়া না দিলে কি ঘেরিয়া না রাখিলে ও আলো না দিলে, কিম্বা সেই অনুমতি রহিত করা গেলে পর সেই ইষ্টকাদি উঠাইয়া না লইলে কি সেই গর্ত্ত ভরাট করিয়া না দিলে, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন তাহা করা গিয়া থাকে দিনপ্রতি তাঁহার আর পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

*দণ্ডের কথা।*

## PART II.—*Of the Drains*

## দ্বিতীয় পরিচ্ছেদ।—নরদমার কথা।

**215** All public sewers and drains, and all sewers, drains, tunnels, and culverts, in, alongside, or under the public streets, whether made at the cost of the Commissioners or otherwise, and all works, materials, and things appertaining thereto, shall become vested in the Commissioners

*Public sewers, drains &c., vested in the Commissioners*

২১৫ ধারা। সরকারী রাস্তায় কি রাস্তার পার্শ্বে বা নীচে রাজকীয় যে সকল নরদমা ও পয়নালা, ও অন্য যে সকল নরদমা ও পয়নালা ও সুড়ঙ্গ ও খিলানকরা নরদমা থাকে, তাহা কমিশ্যনরগণের খরচে কি অন্য প্রকারেই নির্ম্মিত হউক, তাহা ও তৎসম্পর্কীয় সকল কার্য্য ও সরঞ্জাম ও দ্রব্য কমিশ্যনরগণের প্রতি বর্ত্তিবে ইতি।

*রাজকীয় নরদমা পয়নালা প্রভৃতি কমিশ্যনরগণের প্রতি বর্ত্তিবার কথা।*

**216** The Commissioners in making any main or other sewers for the drainage of the Town, may, if necessary, carry such sewers through, across, or under any public street, or any place laid out as, or intended for a street, or any cellar or vault which may be under any of the public streets, and (after reasonable notice in writing in that behalf) into, through, or under any land whatsoever, making full compensation for any damage done thereby, and if any dispute shall arise with respect to the amount or apportionment of such compensation, the same shall be settled in the manner hereinafter provided for the settlement of disputes respecting damages and expenses

*Powers of Commissioners in making public sewers*

২১৬ ধারা। কমিশ্যনরগণ নগরের জল বাহির হইবার জন্যে বড় কি অন্য নরদমা করিতে গেলে, তাঁহারা আবশ্যকমতে কোন সরকারী রাস্তার, কিম্বা যে স্থানে সরকারী রাস্তা প্রস্তুত করিবার কল্পনা থাকে কি রাস্তার চিহ্ন দেওয় যায় সেই স্থানের, কিম্বা কোন সরকারী রাস্তার নীচে যে তহখানা কি ঘর থাকে, তাহার মধ্য দিয়া কি উপরে কি নীচে ঐ নরদমা করিতে পারিবেন, ও সেই বিষয়ের উপযুক্ত নোটিস লিখিয়া দিয়া কোন ভূমীতে কি তাহার মধ্য কি নীচ দিয়া নরদমা করিতে পারিবেন। এমন স্থলে তাঁহাদের দ্বারা যে হানি হয় তাহাও পূরণ করিয়া দিবেন। ও সেই হানিপূরণস্বরূপ যত টাকা কিম্বা যাহাকে যত দিতে হইবে, এই বিষয়ের কোন বিবাদ হইলে, ইহার পশ্চাদ্ভাগে হানি ও খরচ বিষয়ক বিবাদ নিষ্পত্তি করিবার যে বিধান করা যাইতেছে, ঐ বিবাদ সেই বিধানমতে নিষ্পত্তি করা যাইবে ইতি।

*সরকারী নরদমা করণার্থে কমিশ্যনরগণের ক্ষমতার কথা।*

**217** The Commissioners shall maintain, and from time to time repair, and as they think fit, enlarge, alter, arch over, or

*Commissioners to repair and alter and close sewers*

২১৭ ধারা। কমিশ্যনরগণের প্রতি যে সকল নরদমা ও পয়নালা অর্পণ করা যায়, তাঁহারা তাহা রাখিবেন, ও সময়েং তাহা

*কমিশ্যনরদের নরদমা মেরামত ও পরিবর্ত্তন ও বন্ধ করিবার কথা।*

otherwise improve all or any of the sewers and drains vested in them

মেরামত করিবেন, ও যেমন উচিত বোধ করেন ঐ সকল কি তন্মধ্য কোন নরদমা কি পয়নালা তেমনি বাড়াইয়া কি পরিবর্ত্তন করিয়া ও তাহার উপর খিলান গাঁথিয়া দিবেন কিম্বা প্রকারান্তরে তাহা উৎকৃষ্ট করিবেন।

and may discontinue, close up, or destroy such of them as they may deem useless or unnecessary

ও যে নরদমা কোন কার্য্যের নয় কি অনাবশ্যক বলিয়া জ্ঞান করেন তাহা অব্যবহার্য্য করিতে কি বন্ধ কি নষ্ট করিতে পারিবেন।

If by reason of anything done under this section, any person is deprived of the lawful use of any sewer or drain, the Commissioners shall at a place within one hundred feet of the sewer or drain, of the use of which he is deprived, provide the means of drainage into some public sewer, tidal river, or other place into which the Commissioners are empowered to empty their sewers, and thereupon the owner shall make a drain leading thereunto, of such materials, of such size, at such level, and with such fall, as the Commissioners shall direct,

এই ধারামতে কোন কার্য্য হওয়াপ্রযুক্ত যদি কোন ব্যক্তি কোন নরদমার কি পয়নালার ন্যায়মত ব্যবহার করিতে আর না পারেন, তবে কমিশ্যনরগণ ঐ নরদমা কি পয়নালাহইতে এক শত ফুটের অন্তর স্থানে কোন সরকারী নরদমায় কি জোয়ার ভাটার নদীতে কিম্বা কমিশ্যনরগণ অন্য যে স্থানে আপনাদের নরদমার জল বাহির করাইয়া দিতে পারেন সেই স্থানে জল বাহির হইয়া যাইবার উপায় করিয়া দিবেন। তাহা হইলে কমিশ্যনরগণ যে দ্রব্য লইয়া যে পরিমাণে ও যে মাটাম ধরিয়া ও যত ঢালু করিয়া জল প্রণালী করিতে আদেশ করেন, ঐ ভূমীর স্বামী তদনুসারে কমিশ্যনরগণের সেই নরদমায় গিয়া মিলিবার উপযুক্ত জলপ্রণালী করিয়া দিবেন।

and if he neglect to do so within a reasonable time, the Commissioners may cause the same to be done, and the expenses thereby incurred shall be paid by the owner

সঙ্গত সময়ের মধ্যে না করিলে, কমিশ্যনরগণ তাহা করাইয়া দিতে পারিবেন ও তাহাতে যত খরচ লাগে স্বামির তাহা দিতে হইবে ইতি।

**218** The Commissioners shall, so far as the Municipal Fund permits, cause the sewers and drains vested in them to be so constructed, maintained, and kept, as not to be a nuisance or injurious to health, and to be properly cleared, cleansed, and emptied,

*Cleansing and emptying sewers*

২১৮ ধারা। কমিশ্যনরগণের প্রতি যে সকল নরদমা ও পয়নালা অর্পণ করা যায়, তাঁহারা মুনিসিপল ফণ্ড-হইতে যত দূর পারেন তত দূর ঐ নরদমা ও পয়নালা যাহাতে অনিষ্ট কি পীড়া-জনক না হয় এরূপে নির্ম্মাণ করিবেন ও সারাইয়া দিবেন ও উপযুক্তমতে সাফ ও পরিষ্কার ও খালি করিয়া রাখিবেন।

*নরদমা পরিষ্কার ও খালি করিবার কথা।*

and for the purpose of flushing, cleansing, and emptying the same, may construct and place, either above or underground, reservoirs, sluices, engines, and other necessary works,

ও তাহা ধুইবার ও পরিষ্কার ও খালি করিবার নিমিত্ত তাঁহারা মাটির নীচে কি উপরে জলাশয় ও জলের কপাট ও কলপ্রভৃতি যাহা আবশ্যক হয় তাহা নির্ম্মাণ করিয়া বসাইয়া দিতে পারিবেন।

and may also, with the sanction of the local Government, cause all or any of such sewers and drains to communicate with, and be emptied into, any tidal river or other fit place, or cause the refuse from such sewers and drains to be conveyed by a proper channel to the most convenient site for its deposit, and may sell the same for any agricultural or other purpose as may be deemed most expedient, but so that the same shall not become a nuisance

আরও তাঁহারা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া উক্ত সকল বা কোন২ নরদমা ও পয়নালা জোয়ারভাটার নদীর কিম্বা উপযুক্ত অন্য স্থানের সঙ্গে সংযোগ করাইয়া, তন্মধ্যে ঐ নরদমার কি পয়নালার জল যাইতে দিবেন, কিম্বা উপযুক্ত প্রণালীদ্বারা ঐ নরদমার ও পয়নালার জঞ্জাল ফেলিবার অতি উপযুক্ত কোন স্থানে আনাইয়া কৃষি কার্য্যের কিম্বা অন্য যে কার্য্য বিহিত বোধ হয় সেই কার্য্যের নিমিত্ত তাহা বিক্রয় করিবেন, কেবল তাহাতে যেন অনিষ্ট না জন্মে ইতি।

**219** When the contents of any sewer or drain, or any other flow of filth or refuse, are discharged into any river or stream, in the bed or channel of which the quantity of water at any season of the year is so much diminished, by natural or artificial causes, as to be insufficient to keep such channel clean or clear, the Commissioners,

*Bed of stream receiving sewerage to be cleared*

২১৯ ধারা। যদি নরদমার কি পয়নালার কোন বিষয় কিম্বা মল কি জঞ্জাল-স্বরূপ অন্য তরলদ্রব্য কোন নদীতে কি জল স্রোতে গিয়া পড়ে, ও স্বাভাবিক কি কৃত্রিম কোন কারণে যদি বৎসরের কোন কালে জল কমিয়া যাওয়াতে প্রণালী পরিষ্কার রাখিতে ঐ জল অকুলান হয়, তবে ঐ নরদমার ও পয়নালার জল চতুর্দ্দিগ

*নরদমার জল যে নদীতে পড়ে তাহার খাত পরিষ্কার করিবার কথা।*

with the sanction of the Local Government, so far as the Municipal Fund permits, shall make such alteration in the bed of such river or stream as may prevent such sewer and drain-water from spreading over the surface of such bed, or from accumulating and stagnating in parts thereof, to the injury of health or the annoyance of the surrounding population

নিবাসি লোকদের পীড়া কি অনিষ্টজনকভাবে ঐ নদীর জলের উপরিভাগে ভাসিয়া না থাকে কিম্বা স্থানেং জমিয়া দাঁড়াইয়া না থাকে, এই কারণে কমিশ্যনরগণ স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া মুনিসিপল ফণ্ডহইতে যত দূর পারেন তত দূর ঐ নদীর কি স্রোতের গাভা পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

**220** If any person, without the written consent of the Commissioners first obtained, makes or causes to be made, or alters or causes to be altered, any drain leading into any of the sewers or drains vested in the Commissioners, the Commissioners may cause such branch drain to be demolished, altered, re-made, or otherwise dealt with as they shall think fit,

Unauthorised drains leading into public sewers may be demolished

and the expenses thereby incurred shall be paid by the person making or altering such branch drain

২২০ ধারা। কমিশ্যনরগণের প্রতি যে নরদমা কি পয়নালা অর্পণ করা যায়, কোন ব্যক্তি তাঁহাদের লিখিত অনুমতি না পাইয়া তাহার সঙ্গে সংযোগ করিয়া শাখাপয়নালা প্রস্তুত করিলে কি করাইলে কিম্বা পরিবর্ত্তন করিলে কি করাইলে, কমিশ্যনরগণ সেই শাখাপয়নালা নষ্ট কি পরিবর্ত্তন কি নূতন করিয়া নির্ম্মাণ করাইতে পারিবেন, কিম্বা তাহা লইয়া যাহা উচিত জ্ঞান করেন করিতে পারিবেন।

অনুমতি বিনা যে পয়নালা সরকারী নরদমার সঙ্গে সংযুক্ত থাকে তাহা নষ্ট করিতে পারিবার কথা।

তাহাতে যে খরচ লাগে, যে ব্যক্তি ঐ শাখাপয়নালা করিলেন কি পরিবর্ত্তন করিলেন তাঁহারই তাহা দিতে হইবে ইতি।

**221** Whoever, without the written consent of the Commissioners first obtained, makes or causes to be made, or alters or causes to be altered, any drain leading into any of the sewers or drains vested in the Commissioners by this Act, shall be liable to a fine not exceeding two hundred rupees

Penalty for altering or making unauthorised drains leading into public sewers

২২১ ধারা। এই আইনদ্বারা কমিশ্যনরগণের প্রতি বড়২ ও ছোট২ যে সকল নরদমা অর্পণ করা যায়, কোন ব্যক্তি কমিশ্যনরগণের লিখিত অনুমতি না পাইয়া সেই২ নরদমায় জল পড়িবার কোন পয়নালা নির্ম্মাণ করিলে কি করাইলে, কিম্বা পরিবর্ত্তন করিলে কি করাইলে, তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

সরকারী বড়২ নরদমায় জল পড়িবার পয়নালা পরিবর্ত্তন করিবার কি অনুমতি বিনা প্রস্তুত করিবার দণ্ডের কথা।

**222** If any house or land within the Town and within a reasonable distance of a sewer fit for use, or of some tidal river or other place at which the Commissioners are empowered to empty their sewers, be at any time not drained to the satisfaction of the Commissioners by sufficient drains or pipes communicating with some sewer, tidal river, or other place as aforesaid, the Commissioners may, if the owner neglects to do so within fifteen days after notice, construct or lay through or from such house or land, covered drains, or pipes, of such materials, of such size, at such level, and with such fall, as they shall think necessary for the complete draining of such house or land,

Commissioners empowered to make drains from houses which are not properly drained

and the expenses thereby incurred shall be paid by the owner

২২২ ধারা। নগরের অন্তর্গত কোন ঘর কি ভূমী কর্ম্মের উপযুক্ত কোন নরদমাহইতে, কিম্বা কমিশ্যনরগণ যাহার মধ্যে আপনাদের নরদমার জল ফেলাইতে পারেন, জোয়ার ভাটার এমত নদী কি অন্য স্থানহইতে যুক্তিমতে অদূরে থাকিলেও, যদি কমিশ্যনরগণের সন্তোষমতে ঐ ভূমির জল বাহির হইয়া সেই নরদমায় কিম্বা জোয়ার ভাটার নদীতে কি পূর্ব্বোক্ত স্থানে যাইবার উপযুক্ত পয়নালা কি নল না থাকে, তবে কমিশ্যনরগণের স্থানে নোটিস পাইলে পর পঞ্চদশ দিনের মধ্যে ঐ ভূস্বামী কিছু না করিলে, কমিশ্যনরগণ ঐ ঘরের কি ভূমির জল বাহির হইবার নিমিত্ত যে দ্রব্য দিয়া যে পরিমাণের যে মাটাম ধরিয়া ও যত ঢালু করিয়া পয়নালা কি নল করা আবশ্যক জ্ঞান করেন, সেই দ্রব্যে সেই পরিমাণের আবৃত পয়নালা কি নল সেই মাটাম ধরিয়া ও তদ্রূপে ঢালু করিয়া নির্ম্মাণ করিতে কি বসাইতে পারিবেন।

কোন ঘরের উপযুক্ত পয়নালা না থাকিলে কমিশ্যনরগণের করিয়া দিবার ক্ষমতার কথা।

তাহাতে যে খরচ লাগে স্বামির তাহা দিতে হইবে ইতি।

**223.** The Commissioners themselves may construct and lay down such portions of the drains mentioned in sections two hundred and seventeen, two hundred and twenty-two, two hundred and twenty-five, and two hundred and twenty-six as may be carried through or under any public drain, aqueduct, or street, and the expenses thereby incurred shall be paid by the owner

Commissioners may construct certain portions of drains under public drains and streets

**224** The Commissioners may cause the works mentioned in the said sections to be supervised while in progress, and from time to time during their execution order such reasonable alterations therein, additions thereto, and abandonment of part or parts thereof, as may to the Commissioners appear, on the fuller knowledge afforded by the opening of the ground, requisite to secure the complete and satisfactory execution of such works as aforesaid

Supervision of certain works

**225** If it appear to the Commissioners that a group or block of houses may be drained or improved more economically or advantageously in combination than separately, and a sewer of sufficient size already exists, or is about to be constructed, within one hundred feet of any part of such group or block of houses, the Commissioners may cause such group or block of houses to be drained and improved by a combined operation,

Group or block of houses, &c, may be drained by a combined operation

and the expenses thereby incurred shall be paid by the owners of such houses in such proportions as shall to the Commissioners seem fit

**226** All sewers and drains in streets (public or otherwise), shall be provided by the Commissioners or by the persons to whom they severally belong, with proper traps or other coverings or means of ventilation, so as to prevent stench

Sewers in streets to be covered with traps, &c

If the owner of any private sewer or drain shall, for ten days after notice given to him by the Commissioners neglect or delay to provide proper traps or coverings or means of ventilation as aforesaid, the Commissioners may forthwith provide and apply the same,

and the expenses thereby incurred shall be paid by the owner

২২৩ ধারা। ২১৭ ও ২২২ ও ২২৫ ও ২২৬ ধারায় যে২ পয়নালার কথা লেখা আছে তাহার কোন অংশ সরকারী কোন নরদমার কি পয়নালার কি রাস্তার মধ্য কি নীচ দিয়া করিতে হইলে, কমিশ্যনরগণ সেই অংশ গাঁথিতে ও প্রস্তুত করিয়া দিতে পারিবেন, ও তাহা করিতে যে খরচ লাগে স্বামির তাহা দিতে হইবে ইতি।

সরকারী নরদমার ও রাস্তার নীচে নরদমার কোন অংশ কমিশ্যনরগণের গাঁথিতে পারিবার কথা।

২২৪ ধারা। উক্ত কএকটী ধারায় যে২ কার্য্যের কথা লেখা আছে সেইং কার্য্য যৎকালে করা যাইতেছে, কমিশ্যনরগণ তৎকালে তাহার তত্ত্বাবধারণ করাইতে পারিবেন, এবং ঐ সকল কার্য্য শুদ্ধরূপে ও সন্তোষমতে সম্পাদন করা যায় এই কারণে ঐ কার্য্য চলনসময়ে তাঁহারা মাটি খুঁড়িয়া দেখিয়া আরো স্পষ্ট করিয়া বুঝিয়া সঙ্গতরূপে তাহার যেমন পরিবর্ত্তন কিম্বা বৃদ্ধি করা কি তাহার যে অংশ ত্যাগ করা উচিত বোধ করেন, সময়েং তাহাই করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

কোনং কার্য্যের তত্ত্বাবধারণের কথা।

২২৫ ধারা। কএকটা ঘর একত্র গাঁথা যাওয়াতে তাহার একং ঘরের স্বতন্ত্র পয়নালা না করিয়া সংযোগ ভাবে জল বাহির হইবার ও ঘর উৎকৃষ্ট করিবার উপায় করা গেলে অনেক খরচও বাঁচিতে, উপকারও হইতে পারে, কমিশ্যনরগণের এমত বিবেচনা থাকিলে, ও সেই ঘর সকলের কোন অংশহইতে এক শত ফুট অন্তর উপযুক্ত পরিমাণের নরদমা থাকিলে কি নির্ম্মাণ করিবার কল্পনা হইলে, কমিশ্যনরগণ ঐ সকল ঘরের জল বাহির হইবার ও সেই ঘর উৎকৃষ্ট করিবার একি সাধারণ উপায় করিয়া দিতে পারিবেন।

গৃহাদি একত্র গাঁথা গেলে তাহার পয়নালা সংযোগ ভাবে করিবার কথা।

তাহাতে যে খরচ লাগে কমিশ্যনরগণ অংশাংশমতে যত করিয়া দিতে নিরূপণ করেন ঐ ঘরের স্বামিদের ঐ খরচের সেইং অংশ দিতে হইবে ইতি।

২২৬ ধারা। রাস্তায় যে নরদমা কি পয়নালা থাকে, তাহা সরকারী কি ব্যক্তি-বিশেষের হউক, ঐ নরদমা কি পয়নালাহইতে দুর্গন্ধ বাহির না হয় এই কারণে কমিশ্যনরগণ কিম্বা তাহা যেং ব্যক্তির হয় তাঁহারা, তাহার উপর কপাট কি অন্য প্রকারের আবরণ কিম্বা বাতাস খেলিবার অন্য প্রকারের উপায় করিয়া দিবেন।

রাস্তায় যে নরদমা থাকে তাহার উপর কপাট প্রভৃতি দিবার কথা।

সাধারণ কোন ব্যক্তির যে নরদমা কি পয়নালা থাকে, কমিশ্যনরগণ স্বামিকে নোটিস দিলে পর তিনি দশ দিনের মধ্যে সেই প্রকারের কপাট কি আবরণ কি বাতাস খেলিবার অন্য উপায় করিয়া না দিলে কি দিতে বিলম্ব করিলে, কমিশ্যনরগণ তৎকালে তাহা আনাইয়া লাগাইয়া দিতে পারিবেন,

ও তাহা করিতে যে খরচ লাগে তাহা স্বামির দিতে হইবে ইতি।

Power of Commissioners to erect or affix to building pipes for ventilation of sewers

**227** The Commissioners may erect on, or fix to any house such pipes as they may deem necessary for the proper ventilation of the sewers belonging to them, and such pipes shall be carried to a height of not less than six feet above the highest part of the house, and erected so as not to occasion any nuisance or inconvenience to any house in the neighbourhood

Branch drains, privies, &c, to be under the control of the Commissioners and to be kept in good order by owners

**228** All branch-drains, as well within as without the house or land to which they belong, and all privies and cess-pools within the Town, shall be under the survey and control of the Commissioners and shall be altered, supplied with water, connected with a sewer, repaired, stopped up, demolished, and kept in proper order at the costs and charges of the owner of the house or land to which the same belong, or for the use of which they are constructed or continued,

and if the owner of any house or land to which any such drain, privy, or cess-pool belongs, neglect, during eight days after notice in writing for that purpose, to alter, lay water to, connect with a sewer, repair, stop up, demolish, or put in good order the same, in the manner required by the Commissioners, the Commissioners may cause such drain, privy, or cess-pool to be altered, supplied with water, connected with a sewer, repaired, stopped up, demolished, or put in good order,

and the expenses thereby incurred shall be paid by the owner

Commissioners may alter any drain, &c made contrary to their orders

**229** If any branch-drain, privy, or cess pool be constructed contrary to the directions and regulations of the Commissioners or contrary to the provisions of this Act, or if any person, without the consent of the Commissioners constructs, re-builds, or unstops, any branch-drain, privy, or cess pool which has been ordered by them to be demolished or stopped up, or not to be made, the Commissioners may cause such amendment or alteration to be made in any such drain, privy, or cess pool, as they think fit,

and the expenses thereby incurred shall be paid by the person by whom such drain, privy, or cess-pool was improperly constructed, re-built, or unstopped

নরদমায় বাতাস খেলিতে পারে এই নিমিত্তে ঘরের আড়ালে কমিশ্যনরগণের চুঙ্গি বসাইবার ক্ষমতার কথা।

২২৭ ধারা। কমিশ্যনরগণের যে নরদমা আছে, সেই নরদমায় বাতাস খেলিতে পাবে, এই নিমিত্ত তাঁহাবা যে প্রকাবের চুঙ্গি আবশ্যক বোধ করেন কোন ঘরের উপবে কি আডালে এমত চুঙ্গি বসাইতে পাবিবেন, সেই চুঙ্গির মুখ ঘবের অতিউচ্চ ভাগহইতেও ছয় ফুটের কম উচ্চ হইবে না। ও তাহা এমন কবিয়া বসাইতে হইবে যেন নিকটস্থ কোন ঘরের অনিষ্ট কি ক্লেশ না জম্মে ইতি।

শাখা পয়নালা পাইখানা প্রভৃতি কমিশ্যনরগণের তত্ত্বাধীনে থাকার ও স্বামিদের পরিষ্কার রাখিতে হইবার কথা।

২২৮ ধারা। শাখা পয়নালা যে ঘর কি ভূমীসংক্রান্ত হয় তাহা ঘবের কি ভূমীব মধ্যে কি বাহিরে থাকিলেও, তাহা ও নগরের মধ্যে যত পাইখানা ও আঁস্তাকুড থাকে তাহা কমিশ্যনরগণের দৃষ্টিব ও তত্ত্বেব অধীনে থাকিবে। ও তাহা যে ঘর কি ভূমীসম্পর্কীয় হয় কিম্বা যে ঘবের কি ভূমীব নিমিত্ত প্রস্তুত কবা কি বাখা গিযা থাকে তাহাব স্বামিব খরচে ও দাযে পরিবর্ত্তন কবা যাইবে কি তাহাতে জল যোগান যাইবে কিম্বা বড নবদমাব সঙ্গে তাহা সংযোগ করিযা দেওযা যাইবে কি মেবামত কি বন্ধ কি নষ্ট কবা কিম্বা পবিষ্কাব করিযা রাখা যাইবে।

তদ্রূপ কোন পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড যে ঘব কি ভূমীসংক্রান্ত হয, কমিশ্যনরগণ তৎস্বামিব নামে নোটিস লিখিযা দিযা যে প্রকাবে তাহা পরিবর্ত্তন কবিতে কি তাহাতে জল যোগাইযা দিতে কি বড নবদমার সঙ্গে তাহা যোগ কবিযা দিতে কি মেবামত কি বন্ধ কি নষ্ট কবিতে কি পবিষ্কাব রাখিতে আজ্ঞা কবেন, ঐ স্বামী আট দিনেব মধ্যে তাহা না কবিলে, কমিশ্যনবগণ ঐ পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড পবিবর্ত্তন কবাইতে কি তাহাতে জল আনাইতে কিম্বা বড নবদমার সঙ্গে তাহা সংযোগ কবাইতে কি মেবামত কি বন্ধ কি নষ্ট কবাইতে কি পবিষ্কাব কবাইযা দিতে পারিবেন।

ও তাহা কবিতে যে খবচ লাগে স্বামিব তাহা দিতে হইবে ইতি।

কোন ব্যক্তি কমিশ্যনরগণের আজ্ঞাব বিপরীতভাবে পয়নালা প্রভৃতি প্রস্তুত করিলে তাহার পরিবর্তন করিবার ক্ষমতার কথা।

২২৯ ধারা। কমিশ্যনবগণ যে আজ্ঞা কি বিধান করেন, কোন শাখাপয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড তাহার বিপরীতভাবে কিম্বা এই আইনের বিধানের বিপক্ষভাবে প্রস্তুত কবা গেলে, কিম্বা কমিশ্যনরগণ যে শাখা পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় নষ্ট কি বন্ধ করিতে কি প্রস্তুত না করিতে আজ্ঞা করিলেন, কোন ব্যক্তি তাঁহাদেব অনুমতি না লইযা তাহা প্রস্তুত করিলে কি পুনরায় গাঁথিযা কি খুলিযা দিলে, কমিশ্যনরগণ তাহার যদ্রূপে পরিবর্ত্তন কি মেরামত করা উচিত জ্ঞান কবেন তাহা করাইযা দিতে পারিবেন।

তাহা কবিতে যে খরচ লাগে, যে ব্যক্তি ঐ পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড অনুপযুক্তমতে প্রস্তুত করিলেন কি পুনরায় গাঁথিয়া কি খুলিয়া দিলেন তাঁহারই সেই খরচ দিতে হইবে ইতি।

**230** Whoever constructs any drain, privy, or cess-pool, after the commencement of this Act, contrary to the directions and regulations of the Commissioners or contrary to the provisions of this Act, or, without the consent of the Commissioners, constructs, re-builds, or unstops any drain, privy, or cess-pool which has been ordered by them to be demolished or stopped up, or not to be made, shall be liable to a fine not exceeding fifty rupees

Penalty for persons making or altering drains, contrary to the orders of the Commissioners

২৩০ ধারা। এই আইন প্রচলিত হইবার পর, কমিশ্যনরগণ যে আদেশ কি বিধি করেন, কোন ব্যক্তি তদ্বিপরীতে কিম্বা এই আইনের বিধানের বিপরীতে উক্ত কোন নরদমা কি পাইখানা কি আঁস্তাকুড় করিলে, কিম্বা কমিশ্যনরগণ যে নরদমা কি পাইখানা কি আঁস্তাকুড় নষ্ট কি বন্ধ করিতে কি প্রস্তুত না করিতে আজ্ঞা করিলেন, কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি বিনা তাহা নির্ম্মাণ করিলে কি পুনরায় গাঁথিয়া দিলে কি খুলিয়া দিলে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

কোন ব্যক্তি কমিশ্যনরগণের আজ্ঞার বিপরীত ভাবে পয়নালা প্রস্তুত কি পরিবর্ত্তন করিলে দণ্ডের কথা।

**231.** The Commissioners, or any Officer authorized by them in that behalf, may inspect any branch-drain, privy, or cess-pool, and for that purpose, at any time between sunrise and sunset, after one hour's notice in writing to the occupier of the house or land to which such drain, privy, or cess-pool is attached, may enter upon such house or land with such assistants and workmen as are necessary, and cause the ground to be opened where they or he may think fit, doing as little damage as may be,

Inspection of drains, privies, and cess pools

and if, upon such inspection, it appears that such drain, privy, or cess-pool is not in good order and condition, or that it has been constructed contrary to the provisions of this Act, the expenses of such inspection shall be paid by the person to whom such drain, privy, or cess-pool may belong,

but if the drain, privy, or cess-pool be found to be in proper order and condition, and not to have been constructed in violation of the provisions of this Act, the Commissioners or Officer as aforesaid shall cause the ground to be closed and made good as soon as may be, and the expenses of opening, closing, and making good such drain, privy, or cess-pool, shall in that case be paid by the Commissioners

Provided that nothing hereinbefore contained shall authorize an entry into any room appropriated for the zenana or residence of women, which by the custom of the country is considered private, unless a notice in writing of not less than four hours be given

২৩১ ধারা। কমিশ্যনরগণ কিম্বা এই কার্য্যপক্ষে তাঁহাদের নিযুক্ত কোন কার্য্যকারক কোন শাখা পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় দেখিয়া লইতে পারিবেন। তদর্থে ঐ পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় যে ঘর কি ভূমিসংক্রান্ত হয়, ঐ কার্য্যকারক সূর্য্যের উদয় ও অস্ত হওয়ার মধ্য কোন সময়ে ঐ ভূমীর স্বামির নামে এক ঘণ্টা থাকিতে নোটিস লিখিয়া, যত জন সহকারির ও কর্ম্মকারকের প্রয়োজন থাকে তত জনকে সঙ্গে লইয়া, ঐ ভূমীতে গিয়া, তিনি কি তাঁহারা যেখানে উচিত বোধ করেন সেই খানে সাধ্যমতে যৎ সামান্য হানি করিয়া মাটি খুঁড়িয়া দেখিতে পারিবেন।

পয়নালা ও পাইখানা ও আঁস্তাকুড় দেখিয়া লইবার কথা।

তাহা দেখিলে সেই পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় ভালমতে রাখা যায় নাই কিম্বা আইনের বিধানের বিপক্ষভাবে প্রস্তুত করা গিয়াছে, ইহা জানিতে পাইলে, ঐ পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় যে ব্যক্তির হয় তাঁহারই সেই দেখিয়া লওয়ার খরচ দিতে হইবে।

কিন্তু ঐ পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় ভালমতে রাখা গিয়াছে ও এই আইনের বিধান লঙ্ঘন করিয়া প্রস্তুত করা যায় নাই ইহা দেখিতে পাইলে, কমিশ্যনরগণ কিম্বা পূর্ব্বোক্ত কার্য্যকারক সাধ্যমতে ত্বরায় ঐ মাটি ভরাট করিয়া দিয়া পূর্ব্ববৎ করাইয়া দিবেন। তদ্রূপ স্থলে ঐ মাটি খুঁড়িয়া ও পুনরায় ভরাট করিয়া দিবার ও সেই পয়নালা ও পাইখানা ও আঁস্তাকুড় পূর্ব্ববৎ করাইয়া দিবার খরচ কমিশ্যনরগণের দিতে হইবে।

কিন্তু পূর্ব্বোক্ত কোন কথা দ্বারা কোন অন্তঃপুরে কি স্ত্রীলোকদের থাকিবার যে ঘর দেশাচারমতে গোপনীয় জ্ঞান হইয়া থাকে, চারি ঘণ্টা থাকিতে নোটিস না দিয়া তন্মধ্যে কাহারো প্রবেশ করিবার অনুমতি দেওয়া গেলে না ইতি।

**232** Whoever throws or puts, or permits his servants to throw or put, any earth, dirt, ashes, garden, kitchen, or stable refuse, or any broken glass or earthen-ware, or other rubbish, or, until suitable sewers shall be provided, any night-soil, into any sewer or drain belonging to

Penalty for throwing rubbish into sewers

২৩২ ধারা। কমিশ্যনরগণের ছোট কি বড় কোন নরদমায় কিম্বা তাহার সঙ্গে অন্য যে নরদমার সংযোগ থাকে, কোন ব্যক্তি তাহার মধ্যে মাটি কি মল কি ছাই কিম্বা বাগানের কি রান্না ঘরের কি আস্তাবলের ওর্চলা কি ভাঙ্গ গেলাস কি মাটির পাত্র কি অন্য রাবিশ, কিম্বা যত দিন উপযুক্ত নরদমা প্রস্তুত

বড় নরদমায় রাবিশ ফেলিবার দণ্ডের কথা।

the Commissioners, or into any drain communicating therewith, shall be liable to a fine not exceeding fifty rupees for every such offence, and to a further fine, not exceeding thirty rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

No latrine to be constructed within fifty feet of a tank

233 No person shall, without the permission of the Commissioners in writing, construct or keep any latrine, urinal, cess-pool, house-drain, or other receptacle for filth, sewage, house drainage, or other offensive matter, within fifty feet of any public tank, or a tank which the inhabitants of any locality are entitled to use Any person upon whose land any latrine, urinal, cess-pool, house-drain, or other receptacle so situated shall be now existing or hereafter constructed, shall remove the same within forty-eight hours of the receipt of a written notice from the Commissioners

Penalty

234 Any person failing to comply with the notice mentioned in the last preceding section shall be liable to a fine not exceeding twenty rupees, and to a further fine, not exceeding three rupees, for every day that the latrine, urinal, cess-pool, house-drain, or other receptacle remains within the limits aforesaid .

PART III —*Of General Conservancy*

Removal of night soil

235 The Commissioners, from time to time, may appoint

(*a*) the hours within which night-soil or other offensive matter may be removed,

(*b*) the kind of cart or other receptacle in which it may be removed,

(*c*) the route by which such cart or receptacle shall proceed

Penalty

236 When the Commissioners have fixed such hours and given public notice thereof, whoever removes or causes to be removed along any street (public or otherwise) any such offensive matter at any time, except within the hours so fixed, and also, whoever

at any time, whether such hours have been fixed by the Commissioners or not, uses for any such purpose any cart, carriage, or other receptacle or vessel, other than that approved and sanctioned

---

না করা যায় তত দিন মলাদি ফেলিলে কি রাখিলে, কিম্বা আপন চাকরদিগকে ফেলিতে কি রাখিতে দিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও তাঁহার ঐ অপরাধ নির্ণয় হইলে পর আর যত দিন ঐ অপরাধ করা গিয়া থাকে, দিনপ্রতি তাঁহার আর ত্রিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

পুষ্করিণীহইতে পঞ্চাশ ফুট পরিমাণ স্থানের মধ্যে পাইখানা না করিবার কথা।

২৩৩ ধারা। সরকারী কোন পুষ্করিণী কিম্বা কোন স্থানবাসি লোকদের যে পুষ্করিণীর জল ব্যবহার করিতে অধিকার থাকে, এমত কোন পুষ্করিণীহইতে পঞ্চাশ ফুট পরিমাণ স্থানের মধ্যে কোন ব্যক্তি কমিশ্যনরগণের লিখিত অনুমতি না পাইয়া কোন পাইখানা কি মূত্রকুণ্ড কি আঁস্তাকুড় কি ঘরের নরর্দ্দমা করিতে, কিম্বা জঞ্জাল কি নরদমার কি ঘরের নরদমার ময়লা জল কি অন্য দুর্গন্ধ দ্রব্য ফেলিবার অন্য আধার করিতে পাইবে না। সেইরূপ পুষ্করিণীর নিকট যাঁহার ভূমীতে এইক্ষণে পাইখানা কি মূত্রকুণ্ড কি আঁস্তাকুড় কি ঘরের নর্দ্দমা কি অন্য আধার আছে কি পরে করা যাইবে, তিনি কমিশ্যনরগণের স্থানে লিখিত নোটিস পাইলে পর ৪৮ ঘণ্টার মধ্যে তাহা উঠাইয়া লইবেন ইতি।

দণ্ডের কথা।

২৩৪ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে নোটিসের কথা আছে, কোন ব্যক্তি সেই নোটিস অনুসারে কর্ম্ম না করিলে তাহার বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও সেই পাইখানা কি মূত্রকুণ্ড কি আঁস্তাকুড় কি ঘরের নরদমা কি অন্য আধার যত দিন সেই সীমার মধ্যে থাকে, দিনপ্রতি তাহার তিন টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

তৃতীয় পরিচ্ছেদ।—সাধারণমতে পরিষ্কার রাখিবার কথা।

মল স্থানান্তর করিবার কথা।

১৩৫ ধারা। কমিশ্যনরগণ সময়ে২ এইং বিষয় স্থির করিতে পারিবেন,

(ক) মল প্রভৃতি দুর্গন্ধজনক বিষয় যেং ঘণ্টার মধ্যে স্থানান্তর করিয়া ফেলা যাইবে তাহা।

(খ) যে প্রকারের গাড়ীতে কি অন্য আধার করিয়া তাহা স্থানান্তর করা যাইবে তাহা।

(গ) ঐ গাড়ী কি আধার যেং পথ দিয়া লইয়া যাওয়া যাইবে তাহা ইতি।

দণ্ডের কথা।

২৩৬ ধারা। কমিশ্যনরগণ সেইং ঘণ্টা নিরূপণ করিয়া নোটিস দিলে পর, কোন ব্যক্তি সেই নিরূপিত ঘণ্টা ছাড়া অন্য সময়ের মধ্যে সরকারী কি অন্য কোন রাস্তা দিয়া দুর্গন্ধজনক তদ্রূপ কোন দ্রব্য স্থানান্তর করিলে কি করাইলে,

এবং কমিশ্যনরগণ সেইং ঘণ্টা নিরূপণ করুন কি নাই করুন, তাঁহারা যে প্রকারের গাড়ীর কি আধারের কি পাত্রের ব্যবহার হইবার অনুমতি দিলেন কোন ব্যক্তি কোন সময়ে সেই প্রকারের গাড়ী কি আধার কি

by the Commissioners, or slops or spills any such offensive matter in the removal thereof, or

পাত্র ছাড়া অন্য প্রকারের পাত্র করিয়া ঐ দুর্গন্ধজনক দ্রব্য স্থানান্তর করিলে কি তাহা ক্ষরিয়া কি ঝরিয়া পড়িতে দিলে, কিম্বা

does not carefully sweep and clean every place in which any such offensive matter has been slopped or spilled, or

ঐ দুর্গন্ধজনক দ্রব্য যেং স্থানে ক্ষরিয়া কি ঝরিয়া পড়িল, ভালমতে ঝাটী দিয়া সেই স্থান পরিষ্কার না করিলে,

places or sets down in any public place any vessel containing such offensive matter,

কিম্বা ঐ দুর্গন্ধজনক দ্রব্য যে পাত্রে থাকে তাহা সাধারণের গমনীয় কোন স্থানে রাখিলে কি নামাইয়া রাখিলে, কিম্বা

or drives, or takes, or causes to be driven, or taken, any cart, carriage, receptacle, or vessel used for any such purpose as aforesaid, through any street (public or otherwise), or by any route other than that, from time to time, by public notice appointed for that purpose by the Commissioners, shall be liable to a fine not exceeding twenty rupees for every such offence

কমিশ্যনরগণ প্রকাশরূপে নোটিস দিয়া সময়েং যে পথ দিয়া যাইবার অনুমতি দেন, কোন ব্যক্তি সেই পথ ছাড়া সরকারী কি অন্য রাস্তায় ঐ প্রকারের দুর্গন্ধজনক দ্রব্য লইয়া যাইবার কোন গাড়ী কি আধার কি পাত্র আপনি কি অন্যেরদ্বারা চালাইলে কি লইয়া গেলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

237 The Commissioners shall, from time to time, appoint or provide places for the deposit of dust, dirt, filth, and any other refuse whatsoever collected and removed in accordance with this Act,

Places of deposit for filth

২৩৭ ধারা। এই আইনমতে ধুলা, মল, জঞ্জাল প্রভৃতি যে ওঁচলা দ্রব্য জড় করিয়া স্থানান্তর করা যাইবে, কমিশ্যনরগণ সময়েং তাহা ফেলিয়া রাখিবার,

যেং স্থানে মল ফেলা যাইবে তাহার কথা।

and for keeping all cattle, carts, implements, and other things required for the above or any of the purposes of this Act

এবং এই আইনের উক্ত কি অন্য কার্য্যের নিমিত্তে যে সকল জন্তুর ও গাড়ীর ও হাতিয়ারের ও অন্য দ্রব্যের প্রয়োজন হয় তাহা রাখিবার স্থান নিরূপণ বা স্থির করিয়া দিবেন ইতি।

238 Whoever, being the occupier of any house or land, keeps or suffers to be kept any dirt, dust, filth, or refuse of any kind whatsoever for more than twenty-four hours, otherwise than in a proper receptacle, or suffers such receptacle to be in a filthy or noxious state, shall be liable to a fine not exceeding fifty rupees, and to a further fine, not exceeding thirty rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Penalty

২৩৮ ধারা। কোন ব্যক্তি ঘরের কি ভূমির প্রজা হইয়া উপযুক্ত আধার ছাড়া কোন স্থানে চব্বিশ ঘণ্টার অধিক কাল কোন মল কি ধুলা কি জঞ্জাল কি কোন প্রকারের ওঁচলা রাখিলে কি থাকিতে দিলে, কিম্বা সেই আধার ময়লা কি দুর্গন্ধজনক অবস্থায় থাকিতে দিলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে, ও ঐ অপরাধ নির্ণয় হইলে পর যত দিন সেই অপরাধ করিতে থাকেন দিন প্রতি তাঁহার আর ত্রিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

239 All dirt, dust, filth, and any other refuse whatsoever, collected from the streets (public or otherwise), houses, privies, sewers, and cess-pools shall belong to the Commissioners, who may sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof shall form part of the Municipal Fund

Filth and refuse to be the property of the Commissioners

২৩৯ ধারা। সরকারী কি অন্য রাস্তা ও ঘর ও পাইখানা ও নরদমা ও আঁস্তাকুড়ে যে সকল মল ও ধুলা ও জঞ্জাল প্রভৃতি ওঁচলা দ্রব্য পাওয়া যায়, তাহা কমিশ্যনরগণের হইবে। তাঁহারা তাহা বিক্রয় করিতে কিম্বা তাহা লইয়া যাহা করিতে চাহেন করিতে পারিবেন। বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায় তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে ইতি।

মল ও ওঁচলা সকল কমিশ্যনরগণের সম্পত্তি হইবার কথা।

240. If any house or land, by reason of abandonment, or of disputed ownership, or other cause, shall remain untenanted, and thereby become a resort of idle and disorderly persons,

Power to shut up, secure, clear, and clean deserted houses

২৪০ ধারা। কোন ঘর কি ভূমি ত্যক্ত হওয়াতে কিম্বা তাহার স্বামিত্ব বিষয়ে বিবাদ হওয়াতে কি অন্য কারণে, খালি থাকিলে, ও তৎপ্রযুক্ত অলস ও অনিয়মিতাচারি লোকেরা তথায় গিয়া থাকিলে,

ত্যক্ত ঘর বন্ধ করিয়া রক্ষা করিবার ও জঙ্গলাদি কাটিয়া ফেলিবার ক্ষমতার কথা।

or become in a filthy or unwholesome state;
or be complained of by any two or more of the neighbours as a nuisance,

কিম্বা তাহা কদর্য্য ও অস্বাস্থ্যজনক অবস্থায় থাকিলে, কিম্বা দুই কি তদধিক জন প্রতিবাসি ঐ স্থান অনিষ্ট-জনক বলিয়া জানাইলে,

the Commissioners, after due enquiry, may cause notice in writing to be given to the owner, or to the person claiming, or believed to be the owner, if he be known and resident within the limits of their jurisdiction, and shall also cause such notice to be put on the door of the house or some conspicuous part of the land, requiring the persons concerned therein, whoever they may be, to secure, enclose, clean, or clear the same,

কমিশ্যনরগণ উপযুক্তমতে অনুসন্ধান লইয়া, স্বামির নামে কিম্বা যে ব্যক্তি স্বামী বলিয়া দাওয় রাখেন, কি যাঁহাকে স্বামী বলিয়া বোধ হয়, তাঁহাকে জানা গেলে ও তিনি কমিশ্যনরগণের এলাকার সীমার মধ্যে বাস করিলে, তাঁহার নামে নোটিস লিখিয়া, এবং ঘরের দ্বারে কিম্বা ভূমির প্রকাশ স্থানে নোটিস লাগাইয়া ঐ ঘরে যাঁহাবদের সম্পর্ক থাকে তাঁহারা যে কেহ হউন তাঁহাদিগকে ঐ স্থান রক্ষা করিতে ও ঘেরিয়া দিতে ও পরিষ্কার রাখিতে ও জঙ্গলাদি কাটিয়া ফেলিতে আজ্ঞা করিবেন।

and if such notice shall not be complied with within eight days, the Commissioners shall cause the necessary work to be executed, and the expenses thereby incurred shall be paid by the owner, or, in case of abandonment or disputed ownership, by the sale of any materials found upon such house or land, and the provisions of section two hundred and sixty seven shall be applicable to such sales

আট দিনের মধ্যে সেই নোটিসমতে কার্য্য করা না গেলে, কমিশ্যনরগণ সেই প্রয়োজনীয় কর্ম্ম করাইয়া দিবেন, ও তাহা করিতে যে খরচ লাগে স্বামির সেই খরচ দিতে হইবে, কিম্বা স্থান ত্যাগ করা হইলে কি স্বামিত্ববিষয়ে বিবাদ হইলে, ঐ ঘরে কি ভূমীতে যে সরঞ্জাম পাওয়া যায় তাহা বিক্রয় করিয়া ঐ খরচ আদায় করা যাইবে, ও সেই বিক্রয়ের প্রতি ২৬৭ ধারার বিধান খাটিবে ইতি।

**241** The Commissioners may provide and maintain in proper and convenient situations, so as not to create a nuisance common necessaries and urinals, and shall cause the same, when provided, to be kept in proper order and to be daily cleansed

Common necessaries

২৪১ ধারা। উপযুক্ত ও সুবিধাজনক যে স্থানে অনিষ্ট না জন্মে, কমিশ্যনরগণ এমত স্থানে সাধারণের মলমূত্র ত্যাগের স্থান প্রস্তুত করিয়া রক্ষা করিবেন, প্রস্তুত হইলে পর তাহা সুধারামতে ও পরিষ্কারভাবে রাখিবেন ইতি।

সাধারণের পাইখানার কথা।

**242** The Commissioners may license, for any period not exceeding one year, such necessaries for public accommodation, and such tola mehters' depôts as they may, from time to time, think proper, and may at any time, on giving one month's notice, cancel any license granted under this section, if it shall seem proper to them to cancel it

Licensing of public necessaries and tola mehters' depôts

২৪২ ধারা। কমিশ্যনরগণ সাধারণ লোকদের পাইখানার জন্যে ও টোলার মেহতরদের যে আড্ডা সময়ে২ উপযুক্ত জ্ঞান করেন তাহার জন্যে এক বৎসরের অনধিক কোন সময়ের লাইসেন্স দিতে পারিবেন। এবং এই ধারামতে যে লাইসেন্স দেওয়া যায় তাহা কোন সময়ে তাঁহাদের বিবেচনায় রহিত করা উচিত হইলে, তাঁহারা এক মাস থাকিতে নোটিস দিয়া তাহা রহিত করিয়া দিতে পারিবেন।

সাধারণ পাইখানা ও টোলার মেহতরের আড্ডার লাইসেন্স দিবার কথা।

No person shall carry on the business of a tola mehter without obtaining a license from the Commissioners

কমিশ্যনরগণের স্থানে লাইসেন্স না পাইলে কোন ব্যক্তি টোলার মেহতরের কর্ম্ম করিতে পারিবে না ইতি।

**243** Whoever keeps any public necessary, or any tola mehters' depôt without a license, as mentioned in the last preceding section, or having a license, suffers such public necessary or tola mehters' depôt to be in a filthy or noxious state, shall be liable to a fine not exceeding one hundred rupees for every such offence, and to a further fine, not exceeding seventy rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence, and whoever shall carry on the business of a tola mehter with-

Penalty

২৪৩ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে লাইসেন্সের কথা আছে, কোন ব্যক্তি সেই প্রকারের লাইসেন্স না পাইয়া সাধারণের পাইখানা কি টোলার মেহতরের আড্ডা রাখিলে, কিম্বা লাইসেন্স পাইয়াও সাধারণের সেই পাইখানা কি টোলার মেহতরের সেই আড্ডা ময়লা কি দুর্গন্ধজনকভাবে থাকিতে দিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও ঐ অপরাধ নির্ণয় হইলে পর যত দিন করা গিয়া থাকে দিন প্রতি তাহার আর সত্তর টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। কোন ব্যক্তি কমিশ্যনরগণের স্থানে লাইসেন্স না পাইয়া টোলার

দণ্ডের কথা।

out obtaining a license from the Commissioners shall be liable to a fine not exceeding twenty rupees

**244** The Commissioners in meeting, other than an ordinary meeting, may, by advertisement in at least two of the daily newspapers published within the Town and by placards posted up in conspicuous places throughout the Town, or any portion thereof, declare that the duties usually performed by tola mehters within the boundaries specified in the aforesaid advertisement shall be performed by an establishment under the control of the Commissioners, and the Commissioners shall make suitable provision accordingly

Commissioners may direct performance of duties usually performed by mehters

When the Commissioners have made such provision, the occupier of any house or land in respect of which such duties are performed shall be liable to pay in respect of the same such fees as may be imposed by the Commissioners in meeting, other than an ordinary meeting, and the said fees shall be recovered from such occupier as a rate under Chapter VI

**245** The owner or occupier of any land having a privy on it shall have such privy shut out by a sufficient roof, and wall or fence, from the view of persons passing by or residing in the neighbourhood and no person shall keep a privy with a door or trap-door opening on to any street (public or otherwise) or drain

Neglecting to enclose private privy

Every owner or occupier who shall omit to comply with, or shall commit any breach of, any of the provisions of this section, shall be liable to a fine not exceeding ten rupees, and to a further fine, not exceeding five rupees, for each day the offence is continued after he has been convicted of such offence

Penalty

Provided that the Commissioners may, in their discretion, permit the continuance, for such time as they may fix, of any such privy with a door or trap-door opening on to any street (public or otherwise) where such privy already exists and does not create a nuisance

**246** If the Commissioners think that any privy or additional privy should be provided for any house or land, the owner of such house or land shall, within fourteen days after notice in that behalf by the Commissioners, cause such privy, together with the necessary pipes, drains, and water-supply, to be constructed in accordance with the requisition of such notice, and if such privy be not so constructed to the satis-

মেহতরের কর্ম্ম চালাইলে, তাহার বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

২৪৪ ধারা। কমিশ্যনরগণ নিযমিত সভাছাড়া কোন সভায অধিষ্ঠিত হইয়া, নগরের প্রকাশিত দৈনিক সম্বাদপত্রের ন্যূনকল্পে দুই খানি পত্রে ও নগরের নানা স্থানের কিম্বা বিশেষ কোন অংশের প্রকাশ স্থানে নোটিস লাগাইযা, এই কথা প্রকাশ করিতে পারিবেন যে, নগরে টোলার মেহতরেরা যে কার্য্য করিযা থাকে, ঐ নোটিসে যে২ সীমা নির্দ্দিষ্ট হইল কমিশ্যনরেরা সেই২ সীমার মধ্যে আপনাদের আজ্ঞাধীন কর্ম্মকারকদের দ্বারা সেই২ কার্য্য করাইবেন ও তদনুসারে কার্য্য হইবার উপযুক্ত বিধান করিবেন।

মেহতরেরা যে২ কর্ম্ম করিয়া থাকে কমিশ্যনরগণের সেই কর্ম্মের আদেশ দিবার কথা।

তদ্রূপ বিধান করা গেলে, কমিশ্যনরগণ নিযমিত সভাছাড়া কোন সভায অধিবিষ্ট হইয়া ঐ কর্ম্মের যত টাকা ফী ধার্য্য করেন, যে ঘর কি ভূমি সম্পর্কে ঐ কার্য্য করা যাইবে সেই ঘরের কি ভূমির দখীলকারের তত টাকা ফী দিতে হইবে, ও ষষ্ঠ অধ্যাযমতে রেট যে প্রকারে আদায হইতে পারে প্রজার স্থানে উক্ত ফী সেই প্রকারে আদায হইতে পারিবে ইতি।

২৪৫ ধারা। কোন ভূমিতে স্বামির কি প্রজার পাইখানা থাকিলে, তাহার উপযুক্ত ছাদ ও দেয়াল কি বেড়া দিযা পথিকদের ও প্রতিবাসিদের দৃষ্টিহইতে ঘেরিযা রাখিতে হইবে। সরকারী কি অন্য রাস্তার দিগে কি নরদমার দিগে যাহার দ্বার কি কপাট খোলা থাকে কাহারও এমত পাইখানা রাখিতে হইবে না।

কোন ব্যক্তির নিজের পাইখানা বন্ধ না করিলে তাহার কথা।

কোন স্বামী কি প্রজা এই ধারার কোন বিধানমতে কর্ম্ম না করিলে, কিম্বা এই ধারার কোন বিধান লঙ্ঘন করিলে, তাহার দশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে, ও ঐ অপরাধ নির্ণয হইলে পর আর যত দিন সেই অপরাধ করা গিযা থাকে, দিনপ্রতি তাহার আর পাঁচ২ টাকা অর্থদণ্ড হইবে।

দণ্ডের কথা।

কিন্তু যাহার দ্বারা বা কপাট সরকারী কি অন্য রাস্তার দিগে খোলা যায, এইক্ষণে এমত পাইখানা থাকিলে, ও তদ্দ্বারা অনিষ্ট না জন্মিলে, কমিশ্যনরগণ যত দিন নিরূপণ করেন আপনাদের বিবেচনামতে তাহা তত দিন থাকিতে দিতে পারিবেন ইতি।

২৪৬ ধারা। কোন ঘর কি ভূমাসংক্রান্ত পাইখানা করিযা দেওযা, কিম্বা যাহা আছে তাহা ছাড়া আরো পাইখানা করা উচিত, কমিশ্যনরগণের এমত বিবেচনা হইলে, তাঁহারা ঐ ঘরের কি ভূমার স্বামিকে সেই মর্ম্মের নোটিস দিবেন, তাহা হইলে স্বামী চৌদ্দ দিনের মধ্যে ঐ নোটিস অনুসারে আবশ্যকমতে নল বসাইয়া ও নরদমা প্রস্তুত করিয়া ও জল যোগাইযা ঐ পাইখানা প্রস্তুত করিবেন। সেই সমযের মধ্যে কমিশ্যনরগণের

কোন ভূমীতে কমিশ্যনরগণের আর২ পাইখানা করাইবার কথা।

faction of the Commissioners within such period, the Commissioners may cause such privy, together with the necessary pipes, drains, and water-supply, to be so constructed, and the expenses thereby incurred shall be paid by the owner

Milkman, &c, not to keep animals or cattle without license

247 No milkman, cartman, shepherd, livery stable-keeper, or keeper of hackney carriages shall keep any animals, sheep, goats, or horned cattle within the Town for the purposes of trade or business except in a place licensed by the Commissioners

Such license shall be taken out half-yearly, on the first day of January and the first day of July in every year

It shall be in the discretion of the Commissioners in meeting to grant any such license subject to such conditions as they may think fit, and to impose a fee not exceeding five rupees in respect of the same

Penalty

248 Whoever, being a milkman, cartman, shepherd, livery stable-keeper, or keeper of hackney carriages, keeps any animals, sheep, goats, or horned cattle without such license, shall be liable to a fine not exceeding one hundred rupees, and to a further fine, not exceeding twenty rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Penalty

249 Whoever, being the holder of a license under section two hundred and forty-seven, breaks the conditions of such license, shall be liable to a fine not exceeding fifty rupees, and to a further fine, not exceeding ten rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Regarding pig styes, sheep and cattle

250 No person shall keep any pig stye within the Town to the front of any street (public or otherwise), not being shut out therefrom by a sufficient wall or fence, and no person shall keep within the town, without the permission of the Commissioners, more than ten pigs, or more than twenty sheep or goats

Penalty

251. Whoever keeps any pig-stye, pigs, sheep, or goats, contrary to the provisions of the last preceding section, shall be liable to a fine not exceeding fifty rupees, and to a further

সন্তোষমতে পাইখানা প্রস্তুত না করা গেলে, কমিশ্যনরগণই আবশ্যকমতে নল বসাইয়া ও নরদমা প্রস্তুত করাইয়া ও জল যোগাইয়া ঐ পাইখানা প্রস্তুত করাইবেন। তাহা করিতে যে খরচ লাগে স্বামির তাহা দিতে হইবে ইতি।

লাইসেন্স বিনা গোয়ালা প্রভৃতির গবাদি রাখিতে না পারিবার কথা।

২৪৭ ধারা। কমিশ্যনরগণ যে স্থানের লাইসেন্স দেন। গোয়ালা কি গোরুর গাড়ীওয়ালা কি মেষপালক বা আড়গড়াওয়ালা বা ছকড়া গাড়ীওয়ালা, বাণিজ্য কি ব্যবসায়ের নিমিত্ত সেই স্থানছাড়া নগরের কোন স্থানে কোন জন্তু কি মেষ কি ছাগল কি গোরু রাখিতে পারিবে না।

ছয়২ মাসে অর্থাৎ প্রতিবৎসর জানুয়ারি মাসের ১ তারিখে ও জুলাই মাসের ১ তারিখে ঐ লাইসেন্স লইতে হইবে।

কমিশ্যনরগণ যে২ নিয়ম করা উচিত বোধ করেন আপনাদের বিবেচনামতে সেই২ নিয়ম করিয়া ঐ লাইসেন্স দিতে পারিবেন ও তাহার জন্যে পাঁচ টাকার অধিক ফী লইবেন না ইতি।

দণ্ডের কথা।

২৪৮ ধারা। কোন গোয়ালা কি গোরুর গাড়ীওয়ালা কি মেষপালক, কি আড়গড়াওয়ালা কি ছকড়াগাড়ীওয়ালা সেই প্রকারের লাইসেন্স না পাইয়া কোন জন্তু কি মেষ কি ছাগল কি গোরু রাখিলে তাহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও তাহার সেই অপরাধ নির্ণয় হইলে পর আর যত দিন সেই অপরাধ করা যায়, দিন প্রতি তাঁহার আর বিশ টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

২৪৯ ধারা। কোন ব্যক্তি ২৪৭ ধারামতে লাইসেন্স পাইয়া ঐ লাইসেন্সের নিয়ম লঙ্ঘন করিলে, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও তাহার সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন ঐ অপরাধ করিতে থাকে দিনপ্রতি তাঁহার আর দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

শূকরের খোঁয়াড় ও মেষ ও গবাদির কথা।

২৫০ ধারা। শূকরের যে খোঁয়াড়ের দ্বার সরকারী কি অন্য রাস্তার দিগে থাকে, উপযুক্ত বেড়া কি দেয়াল দিয়া তাহা ঐ রাস্তার দিগে ঘেরা না থাকিলে, কোন ব্যক্তি নগরের মধ্যে শূকরের এমত খোঁয়াড় রাখিতে পারিবে না, এবং কমিশ্যনরগণের অনুমতি না পাইলে কোন ব্যক্তি নগরের মধ্যে দশটা শূকরের কি কুড়িটা মেষের কি ছাগলের অধিক রাখিতে পাইবে না ইতি।

দণ্ডের কথা।

২৫১ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে বিধান আছে কোন ব্যক্তি সেই বিধানের বিপক্ষে শূকরের খোঁয়াড় কি শূকর কি মেষ কি ছাগল রাখিলে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও সেই অপরাধ নির্ণয়

fine, not exceeding thirty rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Commissioners breaking up street to restore the same with all convenient speed

252 When the pavement or surface of any public street, or when any sewer or drain, shall be opened or broken up by the Commissioners, they shall, with all convenient speed, complete the work on account of which the same shall have been broken up, and fill in the ground, and make good the pavement and surface, and the sewer or drain so opened or broken up, and carry away the rubbish occasioned thereby, and shall, in the meantime, cause the place where such pavement or surface shall be so opened or broken up to be fenced and guarded and sufficiently lighted during the night

Situation of gas and water pipes may be altered by the Justices

253 If the Commissioners deem it necessary for the purposes of this Act to raise, sink, or otherwise alter the situation of any water-pipe or gas-pipe, or other water-works or gas-works, laid in any street, (public or otherwise) they may, from time to time, by notice in writing, require the person to whom any such pipes or works belong, or under whose control they may be, to cause forthwith, or as soon as conveniently may be, any such pipes or works to be raised, sunk, or otherwise altered in position, in such manner as the Commissioners direct

Alteration not to permanently injure works, and to be done at Commissioners expense

Such alteration shall not be such as permanently to injure such works, or to prevent the water or gas from flowing as freely and conveniently as before, and the expenses attending such raising, sinking, or altering, and full compensation for the damage done thereby, shall be paid by the Commissioners, as well to the persons to whom such pipes or works belong, as to all other persons

Settlement of disputes

And if any dispute shall arise touching the amount or apportionment of such compensation, the same shall be settled in the manner hereinafter provided for the settlement of disputes respecting damages and expenses

If owner, &c, neglect to make alterations, the Commissioners may cause the same to be made

254 If the person to whom any such pipes or works as are mentioned in the last preceding section belong, or under whose control they may be, do not proceed forthwith, or as soon as conveniently may be after the receipt of the notice mentioned in the

হইলে পর আর যত দিন সেই অপরাধ করিয়া থাকে দিনপ্রতি তাহার আর ত্রিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

কমিশ্যনরগণ রাস্তা খুঁড়াইয়া দিলে ত্বরায় ভরাট করিয়া দিতে হইবার কথা।

২৫২ ধারা। কমিশ্যনরগণ কোন সরকারী রাস্তায় বসান পাতর কি উপবিভাগ কিম্বা কোন নরদমা কি পয়নালা খুলিয়া কি খুঁড়িয়া দেওয়াইলে, যে কর্ম্মের নিমিত্ত তাহা খুলিয়া দেন তাঁহারা সুবিধামতে ত্বরায় সেই কর্ম্ম সমাধা করিয়া মাটি ভরাট করিয়া দিবেন, ও রাস্তার যে পাতর ও উপবিভাগ ও যে নরদমা কি পয়নালা খুলিয়া কি খুঁড়িয়া দেওয়াইলেন, তাহা ভাল করিয়া দিলে পর যে আবির্জনা জমা থাকে তাহা স্থানান্তর করাইয়া দিবেন, ইতিমধ্যে পাতর কি উপবিভাগ যে স্থানে তোলা কি খুলিয়া দেওয়া যায় সেই স্থানে বেড়া দিবেন ও রক্ষা করাইবেন ও রাত্রিতে উপযুক্ত আলো দেওয়াইবেন ইতি।

গ্যাসের ও জলের নল কমিশ্যনরগণের খরচে পরিবর্ত্তন করিবার কথা।

২৫৩ ধারা। জলের কি গ্যাসের যে নল, কিম্বা জল কি গ্যাসসম্পর্কীয় অন্য যে দ্রব্য সরকারী কিম্বা অন্য কোন রাস্তার নীচে বসান থাকে, কমিশ্যনরগণ এই আইনের কার্য্যের নিমিত্ত সেই নলাদি তুলিয়া কি আরো নীচু করিয়া দেওয়া কি অন্য প্রকারে পরিবর্ত্তন করা আবশ্যক জ্ঞান করিলে, সেই নল কি দ্রব্য যাঁহার আছে কি যে ব্যক্তির তত্ত্বাধীনে থাকে সময়েং সেই ব্যক্তির নামে নোটিস লিখিয়া যদ্রূপে আদেশ করেন ঐ ব্যক্তিকে তৎক্ষণাৎ কিম্বা সুবিধামতে ত্বরা করিয়া সেইরূপে উক্ত কোন নল কি অন্য দ্রব্য উচ্চ কি নীচু করিয়া দিতে কিম্বা অন্য প্রকারে তাহার স্থান পরিবর্ত্তন করিতে আজ্ঞা দিতে পারিবেন।

নলাদির স্থান পরিবর্ত্তনের দ্বারা হানি না করিবার ও কমিশ্যনরগণের খরচে করা যাইবার কথা।

যাহাতে ঐ দ্রব্যের হানি হয়, কিম্বা জল কি গ্যাস যাহাতে পূর্ব্বের ন্যায় অবাধে ও সহজে চলিয়া যাইতে না পারে এরূপে ঐ নলাদির স্থান পরিবর্ত্তন করিতে হইবে না। ও সেই নল উচ্চ কি নীচু করিয়া দিতে কি পরিবর্ত্তন করিতে যে খরচ লাগে কমিশ্যনরগণ তাহা দিবেন, ও ঐ নল কি দ্রব্য যাঁহার হয় তাঁহার কিম্বা অন্য ব্যক্তির তদ্দ্বারা হানি হইলে কমিশ্যনরগণ সেই হানিপূরণ করিয়া দিবেন।

বিবাদের নিষ্পত্তির কথা।

হানিপূরণস্বরূপ যত টাকা দিতে হইবে কি যাহার যে অংশ পাইতে হইবে, এই বিষয়ে বিবাদ হইলে, হানি ও খরচ বিষয়ক বিবাদ নিষ্পত্তি করিবার যে বিধান পশ্চাৎ লেখা যাইতেছে সেই বিধানমতে ঐ বিবাদ নিষ্পত্তি হইবে ইতি।

স্বামীপ্রভৃতি পরিবর্ত্তন করিতে শৈথিল্য করিলে কমিশ্যনরগণের তাহা করাইয়া দিতে পারিবার কথা।

২৫৪ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে নলের কি বিষয়ের কথা লেখা আছে তাহা যে ব্যক্তির হয় কি যাঁহার তত্ত্বাধীনে থাকে, তিনি ইহার পূর্ব্ব ধারামতে নোটিস পাইলে পর অবিলম্বেই কিম্বা সুবিধামতে ত্বরায় কমিশ্যনরগণের আদেশমতে

last preceding section, to cause the same to be raised, sunk, or altered in such manner as the Commissioners require, the Commissioners may themselves cause such pipes or works to be raised, sunk, or altered, as they may think fit, provided that such works be not permanently injured thereby, or the water or gas prevented from flowing as freely and conveniently as before

তাহা উচ্চ কি নীচু করাইয়া না দিলে কি তাহার স্থান পরিবর্ত্তন না করিলে, কমিশ্যনরগণ স্বয়ং যেমন উচিত বোধ করেন তেমনি ঐ নল কি দ্রব্য উচ্চ কি নীচু করাইয়া কি পরিবর্ত্তন করাইয়া দিতে পারিবেন, কিন্তু তাহা করাতে যেন ঐ বিষয়ের একেবারে হানি না হয়, কিম্বা পূর্ব্বের ন্যায় অবাধিতরূপে ও সহজে জলের কি গ্যাসের চলিবার বাধা না হয় ইতি।

255 The Commissioners may, at their discretion, set apart any public ghât or place (not being private property, or part of the river or river bank of the Port of Calcutta), for the purpose of being used as a bathing place,

Commissioners may set apart bathing places &c

২৫৫ ধারা। কমিশ্যনরগণ আপনাদের বিবেচনামতে (ব্যক্তি বিশেষের সম্পত্তি ছাড়া ও নদীর যে অংশ কি নদীর যে ধার কলিকাতা বন্দরের মধ্যে থাকে তাহা ছাড়া) সাধারণের গমনীয় কোন ঘাট কি স্থান, লোকদের স্নান করিবার স্থান বলিয়া নিরূপণ করিয়া দিতে পারিবেন।

স্নান করিবার স্থানাদি কমিশ্যনরগণের নিরূপণ করিয়া দিবার কথা।

provide or set apart a sufficient number of convenient tanks, or runs of water, for the inhabitants to bathe in,

ও নগরবাসিদের স্নান করিবার জন্যে উপযুক্ত কএকটা পুষ্করিণী কি জলস্রোত করাইয়া দিতে কি নিরূপণ করিতে পারিবেন।

and set apart tanks or reservoirs, or runs of water, for washing animals or clothes, or for any other purpose connected with the health, cleanliness, and comfort of the inhabitants

ও জন্তুকে স্নান করাইবার কি কাপড় কাচিবার নিমিত্ত কিম্বা নগরবাসিদের স্বাস্থ্য ও পরিষ্কার থাকনের ও সুবিধাজনক অন্যং কার্য্যের নিমিত্তে পুষ্করিণী কি জলাশয় কি জলস্রোত নিরূপণ করিয়া দিতে পারিবেন ইতি।

256 Whoever bathes in any public place, except the places provided or set apart under the last preceding section, shall be liable to a fine not exceeding fifty rupees

Penalty

২৫৬ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে স্থান নিরূপিত হইল কি পৃথক করিয়া রাখা গেল কোন ব্যক্তি সেই স্থানছাড়া কোন প্রকাশ স্থানে স্নান করিলে, তাহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

257 When any private tank or low marshy ground, or any waste or stagnant water, being within any private enclosure, appears to the Commissioners to be injurious to health or to be offensive to the neighbourhood, the Commissioners may require, by notice in writing, the owner of the same to cleanse or fill up such tank or marshy ground, or to drain off or remove such stagnant water, and if he shall refuse or neglect to comply with such requisition during one month from the service thereof, the Commissioners, their Officers, and workmen, may enter into the said premises, and do all necessary acts for all or any of the purposes aforesaid as they shall think fit,

Power to fill up unwholesome tanks, &c, on private premises

২৫৭ ধারা। কোন ব্যক্তির বেড়ার মধ্যে ডোবা কি দলদল্যা জমী কিম্বা দাঁড়ান কি মরা জল কমিশ্যনরগণের জ্ঞানে স্বাস্থ্যের বিঘ্নজনক কি প্রতিবাসিদের অনিষ্টজনক হইলে, কমিশ্যনরগণ নোটিস লিখিয়া দিয়া স্বামিকে ঐ ডোবা কি দলদল্যা জমী পরিষ্কার কি ভরাট করিয়া দিবার, কিম্বা নরদমা কাটিয়া ঐ মরা জল বাহির করিয়া কি স্থানান্তর করিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। তিনি ঐ নোটিস পাইলে পর এক মাসের মধ্যে সেই আজ্ঞামতে কর্ম্ম করিতে না চাহিলে কি শৈথিল্য করিলে, কমিশ্যনরগণ ও তাঁহাদের কার্য্যকারকেরা মজুরদিগকে লইয়া সেই বাড়ীতে প্রবেশ করিয়া পূর্ব্বোক্ত সকল কিম্বা কোন কার্য্যপক্ষে যে সকল কর্ম্ম আবশ্যক তাহা যেমন উচিত জ্ঞান করেন তেমনি করিতে পারিবেন।

কোন ব্যক্তির ভূমীতে অস্বাস্থ্যজনক পুষ্করিণী প্রভৃতি থাকিলে তাহা ভরাট করিয়া দিবার কথা।

and the expenses thereby incurred shall be paid by the owner

ও তাহা করিতে যে খরচ লাগে স্বামির তাহা দিতে হইবে ইতি।

258 Whoever, being an owner of land, fails to comply with the requisition mentioned in the last preceding section, shall be liable to a fine not exceeding two hundred rupees, and to a further fine, not exceeding fifty rupees, for each day

Penalty

২৫৮ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে আজ্ঞার কথা আছে, কোন ব্যক্তি ভূস্বামী হইয়াও সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে, তাঁহার ২০০ টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে, ও তাঁহার অপরাধ নির্ণয় হইলে পর যত দিন সেই অপরাধ করা গিয়া থাকে সেই ব্যক্তির

দণ্ডের কথা।

during which the offence is continued after he has been convicted of such offence

দিন প্রতি পঞ্চাশ টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে ইতি।

Power to drain off and cleanse unwholesome tank, &c., on private premises

**259** The Commissioners may from time to time, as they shall think fit, drain off into any sewers belonging to them, and cleanse or fill up, any stagnant pool, ditch, tank, pond, or other receptacle of water (the same not being within any private enclosure), which shall appear to them to be useless or unnecessary, or likely to prove injurious to the health of the inhabitants, whether the same be the private property of any person or otherwise, and the Commissioners, their Officers, and workmen, may do all necessary acts for effecting any of the purposes aforesaid

কোন ব্যক্তির বাড়ীর মধ্যে নয় অস্বাস্থ্যজনক এমত ডোবাপ্রভৃতি পরিষ্কার করিবার ক্ষমতার কথা।

২৫৯ ধারা। যে স্থানে জল দাঁড়াইয়া থাকে এমত যে স্থান কি খানা কি পুকুর কি ডোবা কি অন্য জলাশয় কোন ব্যক্তির ঘেরা স্থানের মধ্যে না থাকে, তাহা কমিশ্যনরগণের জ্ঞানে অকর্ম্মণ্য কি অনাবশ্যক হইলে, কিম্বা তাহা কোন ব্যক্তির নিজ সম্পত্তির মধ্যে থাকিলে কি না থাকিলেও তাঁহাদের জ্ঞানে নগরবাসিদের স্বাস্থ্যের হানিজনক হইতে পারিলে, তাঁহারা সময়ে২ যেমন উচিত বোধ করেন তেমনি খানা কাটিয়া ঐ জল আপনাদের কোন নরদমায় চালাইতে পারিবেন ও তাহা পরিষ্কার করিয়া ভরাট করিয়া দিতে পারিবেন, ও উক্ত কোন কার্য্য করিবার নিমিত্ত কমিশ্যনরগণ ও তাঁহাদের কার্য্যকারকেরা মজুরদিগকে লইয়া আবশ্যকমতে সকল কর্ম্ম করিতে পারিবেন ইতি।

Commissioners in executing works to provide proper drains &c

**260** The Commissioners, in executing any works under this Act, shall provide and make, at their own expense, a sufficient number of convenient ways, water-courses, drains, and channels, in the place of such as may be interrupted, injured, or rendered useless by reason of the execution of such works,

কমিশ্যনরগণ কোন কার্য্য করিতে গেলে তাঁহাদের উপযুক্ত নরদমাপ্রভৃতি করিতে হইবার কথা।

২৬০ ধারা। কমিশ্যনরগণ এই আইনমতে কোন কার্য্য করিতে গেলে, তাঁহাদের সেই কার্য্য করাপ্রযুক্ত কোন পথ কি জল বাহির হইবার কোন নরদমা কি পয়নাল্লা কি জলপ্রণাল্লা বন্ধ হইয়া গেলে, কি তাহার হানি হইলে, কি তাহা অকর্ম্মণ্য করা গেলে, উপযুক্ত সুবিধাজনক যত পথের ও নরদমার ও পয়নাল্লার ও জলপ্রণাল্লার আবশ্যক হয় কমিশ্যনরেরা আপনাদের খরচে তাহা করাইয়া দিবেন।

and if any difference arises between the Commissioners and the persons affected thereby, such difference shall be settled in the manner hereinafter provided for the settlement of disputes respecting damages and expenses

সেই বিষয়ে যাহাদের সম্পর্ক থাকে কমিশ্যনরগণের সঙ্গে তাঁহাদের কোন বিবাদ হইলে, হানির ও খরচার বিবাদ নিষ্পত্তি করিবার যে বিধান পশ্চাৎ করা যাইতেছে সেই বিধানমতে ঐ বিবাদ নিষ্পত্তি করা যাইবে ইতি।

Bars to be erected across streets during repairs, and lights placed at night

**261** The Commissioners shall, during the construction or repair by them of any of the streets, sewers, or drains vested in or belonging to them, take proper precaution for guarding against accident, by shoring up and protecting the adjoining houses,

রাস্তা মেরামত করিবার সময়ে আড়ে বাঁশ দিবার ও রাত্রিতে আলো দিবার কথা।

২৬১ ধারা। কমিশ্যনরগণের প্রতি যে রাস্তা কি নরদমা কি পয়নাল অর্পিত হয়, তাহা, কিম্বা তাঁহাদের নিজ রাস্তা কি নরদমা কি পয়নালা প্রস্তুত কি মেরামত করা গেলে, বিপত্তি নিবারণের জন্যে তাঁহারা নিকটস্থ ঘরের গায়ে ঠেস দিয়া তাহা রক্ষা করিবেন,

and shall cause such bars, chains, or posts to be fixed across or in any street (public or otherwise), to prevent the passage of carriages, carts, cattle, or animals, while such works are carried on, as to them shall seem proper,

ও সেই কর্ম্ম করণ সময়ে কোন গাড়ী কি গোরুর গাড়ী কি গবাদি জন্তু যাইতে না পায়, এই কারণে যে প্রকারের বার কি চেইন কি থাম উপযুক্ত বোধ করেন তাহা সরকারী কি অন্য রাস্তার আড়দিগে কি ঐ২ রাস্তায় বাঁধাইয়া দিবেন।

and shall cause any sewer or drain, or other works in streets (public or otherwise), during the construction or repair thereof by them, to be sufficiently lighted and guarded during the night

এবং সরকারী কি অন্য রাস্তায় সেই নরদমা কি পয়নালা কিম্বা অন্য বিষয় যত দিন প্রস্তুত করিতেছেন কি মেরামত করেন, তত দিন তাঁহারা রাত্রিতে উপযুক্ত আলো দেওয়াইবেন ও রক্ষা করিবেন ইতি।

**262** If any building, tank, well, or hole, or other place be, for want of sufficient repair, protection, or enclosure, dangerous to passengers or to persons living in the neighbourhood, the Commissioners may, by notice in writing, require the owner of the land to repair, protect or enclose the same, and if he fails to comply with such requisition during eight days from the service thereof, the Commissioners shall cause the same to be repaired, protected, or enclosed, so as to prevent danger therefrom,

Dangerous places near streets to be repaired or enclosed

and the expenses thereby incurred shall be paid by the owner of the property so repaired, protected, or enclosed

২৬২ ধাবা। কোন কোটা কি পুকুব কি কূপ কি গর্ত্ত কি অন্য স্থান উপযুক্তমতে মেরামত কি বক্ষিত না হওযাতে কি ঘেবিযা না দেওযাতে পথিকদের কি প্রতিবাসিদেব আশঙ্কাজনক হইলে, কমিশ্যনবগণ নোটিস লিখিযা ভূমীর স্বামিকে সেই স্থান মেবামত কি বক্ষা কবিতে কি ঘেরিযা দিতে আজ্ঞা কবিতে পাবিবেন। সেই নোটিস পাইলে পর স্বামী আট দিনের মধ্যে ঐ আজ্ঞামতে কর্ম্ম না কবিলে, তদ্দ্বাবা যাহাতে আশঙ্কা না থাকে কমিশ্যনরগণ একপে তাহা মেবামত কি বক্ষা করাইয়া দিতে কি ঘেরাইযা দিতে পাবিবেন।

রাস্তার নিকট আশঙ্কা জনক স্থান থাকিলে তাহা মেরামত করিবার কি ঘেবিয়া বাখিবার কথা।

তাহা কবিতে যে খরচ লাগে তাহা ঐ মেবামত কবা কি বক্ষা কবা কি ঘেবিযা দেওযা সম্পত্তির স্বামিব দিতে হইবে ইতি।

**263** Whoever, being an owner of land, fails to comply with the requisition mentioned in the last preceding section, shall be liable to a fine not exceeding two hundred rupees, and to a further fine, not exceeding fifty rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Penalty

২৬৩ ধাবা। ইহাব পূর্ব্ব ধাবায যে আজ্ঞাব কথা আছে, ভূস্বামী সেই আজ্ঞামতে কর্ম্ম না কবিলে তাহাব ২০০৲ টাকাব অনধিক অর্থদণ্ড হইবে, ও সেই অপবাধ নির্ণয হইলে পব আব যত দিন ঐ অপবাধ কবা গিযা থাকে দিন প্রতি তাঁহাব আব পঞ্চাশ টাকাব অনধিক অর্থদণ্ড হইতে পাবিবে ইতি।

দণ্ডেব কথা।

## Part IV.—*Of Building Regulations*

## চতুর্থ পবিচ্ছেদ।—গৃহাদি নির্ম্মাণেব বিধান।

**264** The Commissioners may, upon such terms as they shall think fit, allow any house to be set forward for improving the line of any public street in which such house is situated

Houses may be set forward for improving lines of public streets

২৬৪ ধাবা। সরকাবী বাস্তা উৎকৃষ্ট কবিবার নিমিত্ত কমিশ্যনবগণ যেং নিযম উচিত বোধ কবেন, এমত নিযম কবিযা, ঐ পথেব ধাবে যেং ঘব আছে তাহা আগিযা কবিবাব অনুমতি দিতে পাবিবেন ইতি।

পথের ধার সোজা করিবার নিমিত্ত ঘব আগিযা কবাণ যাইতে পাবিবাব কথা।

**265** When any house, any part of which projects beyond the regular line of a public street, or beyond the front of the house on either side thereof, has been taken down in order to be re-built or altered, the Commissioners may require the same to be set back to or towards the line of the street or the line of the adjoining houses

Houses projecting beyond line of street, when taken down, to be set back

Provided that the Commissioners shall make full compensation to the owner of any such house for any damage he may thereby sustain, and if any dispute shall arise touching the amount of such compensation, the same shall be settled in the manner hereinafter provided for the settlement of disputes respecting damages and expenses

২৬৫ ধাবা। কোন ঘরের কোন অংশ বাজপথেব নির্দ্ধাবিত বেখা অতিক্রম কবিযা থাকিলে, কিম্বা পাশ্বস্থ কোন ঘবেব সম্মুখভাগ অপেক্ষা বাডিযা থাকিলে, যদি পুনবায গাঁথিবাব কি পবিবর্ত্তন কবিবাব জন্যে সেই ঘব ভাঙ্গিযা দেওযা যায, তবে কমিশ্যনবগণ পথেব নিকটবর্ত্তি অন্য ঘবের ধার ধবিযা ঐ ঘর পিছাইয়া নির্ম্মাণ কবিবার আজ্ঞা দিতে পারিবেন।

যে ঘর পথেব সীমা অতিক্রম করিযা থাকে তাহা ভাঙ্গা গেলে পিছাইযা কবিতে হইবার কথা।

কিন্তু তদ্দ্বাবা ঐ গৃহস্বামিব হানি হইলে, কমিশ্যনবগণ তাঁহাব সম্পূর্ণ হানিপূবণ কবিবেন। ও হানিপূরণেব সেই টাকাব বিবাদ উপস্থিত হইলে ইহার পশ্চাদ্ভাগে হানিপূবণেব ও খরচের বিবাদ নিষ্পত্তি করিবাব যে বিধান করা যাইতেছে ঐ বিবাদ সেই বিধানমতে নিষ্পত্তি করা যাইবে ইতি।

**266** If any house or wall, or anything affixed thereon, be deemed by the Commissioners to be in a ruinous state, or likely to fall, or in any way dangerous to the inhabitants of such house or to the neighbouring houses,

Houses in a ruinous and dangerous state

২৬৬ ধাবা। কমিশ্যনরগণ কোন ঘব কি দেযাল কিম্বা তৎসংযুক্ত কোন বিষয ভগ্নাবস্থ কি পতনোন্মুখ, কিম্বা ঐ ঘব কি তন্নিকটস্থ ঘব নিবাসিদের কি প্রজাদের কি পথিকদেব পক্ষে আশঙ্কাজনক জ্ঞান করিলে, তাঁহাদেব আবশ্যক বোধ

ঘর ভগ্নাবস্থায় ও পতনোন্মুখ থাকিলে তাহাব কথা।

or to the occupiers thereof, or to passengers, they shall immediately, if it appears to them to be necessary, cause a proper hoard or fence to be put up for the protection of passengers, and shall cause notice in writing to be given to the owner, if he be known and resident within the limits of their jurisdiction, and shall also cause such notice to be put on the door or other conspicuous part of such house, or otherwise to be given to the occupier thereof (if any), requiring such owner or occupier forthwith to take down, repair, or secure, such house, wall, or thing affixed thereon as the case shall require

হইলে, পথিকদের সুরক্ষার জন্যে অগৌণে তক্তার কি বাঁশের উপযুক্ত বেড়া দিতে পারিবেন, ও স্বামিকে জানিলে ও তিনি তাঁহাদের এলাকার মধ্যে বাস করিলে তাঁহার নামে, ও প্রজা থাকিলে তাঁহার নামে নোটিস লিখিয়া, ও সেই মর্ম্মের নোটিস ঐ ঘরের দ্বার কি অন্য প্রকাশ স্থানে লাগাইয়া কিম্বা প্রকারান্তরে প্রজাকে দিয়া, ঐ ঘর কি দেয়াল কি তৎসংলগ্ন বিষয় প্রয়োজনানুসারে ভাঙ্গিয়া ফেলিতে কি মেরামৎ করিতে কিম্বা সুরক্ষা করিতে আজ্ঞা দিবেন।

If owner does not take house down, Commissioners may do so

If such owner or occupier do not begin to take down, repair, or secure the same within three days after such notice, and complete such work with due diligence, the Commissioners shall cause all or so much of such house, wall, or thing as they shall think necessary, to be taken down, repaired, or otherwise secured, and the expenses thereby incurred shall be paid by the owner

স্বামির ভাঙ্গিয়া না ফেলিলে কমিশ্যনরগণের তাহা করিতে পারিবার কথা।

ঐ স্বামী কি প্রজা ঐ নোটিস পাইলে পর তিন দিনের মধ্যে ঐ বিষয় ভাঙ্গিয়া ফেলিতে কি মেরামত কি সুরক্ষা করিতে আরম্ভ না করিলে ও সঙ্গতমতে যত্ন করিয়া ঐ কার্য্য সমাপ্ত না করিলে, কমিশ্যনরগণ ঐ ঘর কি দেয়াল কি ঐ বিষয়, কিম্বা তাহার যে অংশ আবশ্যক জ্ঞান করেন সেই অংশ ভাঙ্গিয়া ফেলাইবেন কি মেরামত কি সুরক্ষা করাইবেন। তাহাতে যত খরচ লাগে তাহা স্বামিরই দিতে হইবে ইতি।

Sale of materials of ruinous houses

267 If any such house, or wall, as is mentioned in the last preceding section, or any part of the same, be taken down as in such section mentioned, the Commissioners may sell the materials thereof, or so much of the same as shall be taken down, and apply the proceeds of such sale in payment of the expenses incurred, and shall restore any surplus arising from such sale to the owner of such house, or wall, on demand

পতনোন্মুখ ঘরের সরঞ্জাম বিক্রয় করিবার কথা।

২৬৭ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে ঘরের কি দেয়ালের কথা আছে, তাহা কি তাহার একাংশ সেই ধারামতে ভাঙ্গিয়া ফেলা গেলে, তাহার কিম্বা সেই ভগ্নাংশের ইষ্টকাদি বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায়, কমিশ্যনরগণ তাহাহইতে আপনাদের খরচ কাটিয়া লইতে পারিবেন, ও যাহা উদ্বর্ত্ত থাকে ঐ ঘরের কি দেয়ালের স্বামির দাওয়ামাত্র তাঁহাকে দিবেন।

The Commissioners shall have the same remedies for compelling the payment of so much of the said expenses as may remain due after the application of the proceeds of such sale as by this Act are given to them for compelling the payment of the whole of the said expenses

ঐ দ্রব্য নীলাম করিলে এই আইনমতে ঐ টাকা যেরূপে প্রয়োগ করিবার অনুমতি দেওয়া গেল, তাহা সেইরূপে প্রয়োগ করিলে পর, ঐ খরচের আরও বাকী পাওনা থাকিলে, উক্ত খরচের সমুদয় টাকা বলপূর্ব্বক আদায় করিতে কমিশ্যনরগণের যে উপায় থাকে, ঐ বাকী আদায় করিবারও তাঁহাদের সেই উপায় থাকিবে ইতি।

Notice of new buildings to be given to the Commissioners

268 Before beginning, within the Town, to build or re-build any house, the person intending to build or re-build such house shall give to the Commissioners notice thereof in writing, and shall accompany such notice with a plan, showing the levels and width at which the foundation and lowest floor of such house are proposed to be laid, by reference to some level ascertained under the direction of the Commissioners

নূতন ঘর গাঁথিতে গেলে কমিশ্যনরগণকে নোটিস দিতে হইবার কথা।

২৬৮ ধারা। নগরের মধ্যে কোন ঘর গাঁথিতে কি পুনশ্চ গাঁথিতে আরম্ভ করিবার পূর্ব্বে, যে ব্যক্তি ঐ ঘর গাঁথিতে কি পুনশ্চ গাঁথিতে মনস্থ করেন, তিনি কমিশ্যনরগণের নামে নোটিস লিখিয়া সেই কথা জানাইবেন, ও ঐ নোটিসের সঙ্গে ঘরের নক্‌শাও দিবেন। কমিশ্যনরগণের আদেশানুসারে ঠিক যে মাটাম জানা থাকে তাহা দেখিয়া ঐ ঘরের ভিত্তিমূল ও তাহার প্রথম তালা যে মাটাম ধরিয়া যত প্রশস্ত করা যাইবে ঐ নক্‌শায় তাহা দেখাইতে হইবে ইতি।

Commissioners to signify disapproval within fourteen days

**269** Within fourteen days after receiving such notice as is mentioned in the last preceding section, the Commissioners shall signify their approval of the proposed levels and width of foundation, or, if they disapprove thereof, they shall fix other levels and width of foundation in lieu thereof within the same time

Houses built without notice, or contrary to provisions of this Act may be altered by the Commissioners

**270** If such building as is mentioned in section two hundred and sixty-eight be begun or made without sending such notice and plan as are mentioned in the said section, or at any levels different from those fixed by the Commissioners within the said fourteen days, or in any other respect contrary to the provisions of this Act, the Commissioners may, if necessary, cause such building to be altered or demolished as the case may require,

and the expenses thereby incurred shall be paid by the person failing to comply with the provisions aforesaid

If Commissioners fail to signify approval &c., within fourteen days parties may proceed without

**271** If the Commissioners fail to signify in writing their approval or disapproval of the levels and width of foundation shown on such plan as is mentioned in the last preceding section, and to fix other levels and width of foundation within fourteen days after receiving such notice and plan as aforesaid, the person giving such notice may, notwithstanding anything hereinbefore contained, proceed to build or re-build the house therein referred to, according to the levels and width of foundation shown on such plan

Provided that such building or re-building be otherwise in accordance with this Act

The word "house" in this and the three last preceding sections does not include a hut

Hoards to be set up during repairs

**272** Every person intending to build or take down any house, or to alter or repair the outward part of any house, where any public street will be obstructed or rendered inconvenient by means of such work, shall, before beginning the same, cause sufficient hoards or fences to be put up, in order to separate the house where such works are being carried on from the street, and shall keep such hoard or fence standing and in good condition, to the satisfaction of the Commissioners, during such time

কমিশ্যনরগণ সম্মত না হইলে চৌদ্দ দিনের মধ্যে জানাইতে হইবার কথা।

২৬৯ ধারা। ইহার পুর্ব্ব ধারায় যে নোটিসের কথা আছে, কমিশ্যনরগণ সেই নোটিস পাইলে পর, প্রস্তাবিত মাটামের ও ভিত্তিমূলের প্রশস্ততার বিষয়ে সম্মত হইলে, চৌদ্দ দিনের মধ্যে তাহা জানাইবেন, কিম্বা সম্মত না হইলে, সেই সময়ের মধ্যে ঐ মাটামের ও ভিত্তিব প্রশস্ততার পরিবর্ত্তে অন্য মাটাম ও প্রশস্ততা নিরূপণ করিবেন ইতি।

নোটিস না দিয়া কিম্বা আইনের বিধানের অন্যথায় ঘর নির্ম্মাণ করা গেলে কমিশ্যনরগণের পরিবর্ত্তন করিতে পারিবার কথা।

২৭০ ধাবা। ২৬৮ ধারায যে ঘরের কথা লেখা আছে, উক্ত ধারামত নোটিস ও নকৃশা না পাঠাইযা, কিম্বা কমিশ্যনবগণ উক্ত চৌদ্দ দিনের মধ্যে যে মাটাম নিরূপণ করিযা দেন তাহাছাড়া কোন মাটাম ধরিয়া, কিম্বা অন্য কোন বিষযে এই আইনের বিধানেব বিপক্ষে, ঐ ঘব আবম্ভ কি নির্ম্মাণ কবা গেলে, কমিশ্যনরগণ আবশ্যকমতে সেই ঘর পবিবর্ত্তন করাইযা দিতে, কিম্বা প্রযোজন হইলে তাহা নষ্ট করিয ফেলিতে পাবিবেন।

তাহা করিতে যে খরচ লাগে, যে ব্যক্তি পূর্ব্বোক্ত বিধানমতে কার্য্য কবিতে ত্রুটি করিলেন তাঁহারই সেই খবচ দিতে হইবে ইতি।

কমিশ্যনরগণ চৌদ্দ দিনের মধ্যে সম্মতিপ্রভৃতি না জানাইলে সেই কার্য্য চলিতে পারিবার কথা।

২৭১ ধারা। ইহাব পূর্ব্ব ধাবায যে নক্শার কথা আছে সেই নক্শায যে মাটাম ও ভিত্তিমূলের যে প্রশস্ততা দেখান গেল, কমিশ্যনবগণ সেই নোটিস ও নকৃশা পাইলে পর চৌদ্দ দিনেব মধ্যে সেই মাটামেব বিষয়ে আপনাদেব সম্মতি কি অসম্মতি না জানাইলে ও অন্য মাটাম নিরূপণ না কবিলে, যে ব্যক্তি ঐ নোটিস দিলেন তিনি পূর্ব্বোক্ত কোন বিধানসত্ত্বেও ঐ নকৃশার লিখিত ভিত্তিমূলের প্রশস্ততা ও মাটাম ধরিযা ঐ নোটিসেব লিখিত ঘব নির্ম্মাণের কি পুনঃনির্ম্মাণেব কার্য্য চালাইতে পারিবেন।

কিন্তু সেই ঘবেব নির্ম্মাণ কি পুন.নির্ম্মাণ যেন অন্য সকল বিষযে এই আইনেব অনুযাযি হয।

এই ধারায ও ইহাব পূর্ব্ব তিন ধাবায় "ঘর" শব্দের মধ্যে বাঙ্গলা ঘর ধরা যায নাই ইতি।

মেরামৎ করিবার সময়ে তক্তার বেড়া দিবার কথা।

২৭২ ধাবা। কোন ব্যক্তি কোন কোটা নির্ম্মাণ করিতে, কি ভাঙ্গিযা ফেলিতে, কিম্বা কোন কোটার বহির্দিগ পরিবর্ত্তন কি মেবামৎ করিতে মনস্থ করিলে, যদি তাঁহার সেই কর্ম্ম দ্বারা কোন রাস্তা বন্ধ হয়, কিম্বা যাতাযাতেব অসুবিধা হয়, তবে সেই কর্ম্ম আবম্ভ কবিবার পূর্ব্বে, যে দিগে ঐ কর্ম্ম করা যাইবে সেই দিগে রাস্তার ও ঘরের মধ্যে তক্তার কি অন্য প্রকারের উপযুক্ত বেডা দিবেন, ও সাধাবণের নিরাপদের ও সুবিধার জন্যে যত দিন প্রয়োজন তত দিন কমিশ্যনরগণের সন্তোষমতে ঐ তক্তার কি অন্য প্রকারের বেড়া ভালমতে রাখিবেন

as the public safety or convenience requires, and shall cause the same to be sufficiently lighted during the night

Provided that no person shall put up a hoard or fence without the written permission of the Commissioners, and shall not keep up the said hoard or fence for a time longer than allowed in the said written permission

Penalty

273 Every person, who begins to build, or to take down or alter, or repair any house contrary to the provisions of the last preceding section, or who, without license, erects or sets up any hoard, scaffolding, or fence whatsoever, or who, being licensed, fails to put up such fence or hoard, or to continue the same standing, or to maintain the same in good condition, or who does not, while the said hoards or fences are standing, keep the same sufficiently lighted during the night, or who does not remove the same, when directed by the Commissioners, within eight days, shall be liable to a fine not exceeding fifty rupees for every such offence, and a further fine, not exceeding twenty rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

House over sewers &c, not to be erected without consent of the Commissioners

274 No house shall be newly erected over any sewer or drain belonging to the Commissioners without their written consent,

and if any house be so erected, the Commissioners may cause such house to be pulled down or otherwise dealt with as they may think fit,

and the expenses thereby incurred shall be paid by the person so erecting the house

Level of houses hereafter built within the Town

275 No house shall be built within the Town upon a lower level than will allow of the drainage of such house or building being led into some public sewer then existing or projected, or into some tidal river or other place into which the Commissioners are empowered to empty their sewers

Houses hereafter built to have drains constructed under the orders of the Commissioners

276 If any house newly erected or re-built within the Town have such means of drainage, as in the last preceding section mentioned, existing within one hundred feet thereof, the owner shall make a drain leading thereunto from the site of such house of such materials of such size, at such

ও রাত্রিতে সেই বেড়ার উপযুক্তমতে আলো দেওযা-ইবেন,

কিন্তু কমিশ্যনরগণের লিখিত অনুমতি না পাইলে কোন ব্যক্তি তক্তার কি অন্য প্রকারের বেড়া দিতে পারিবেন না, ও অনুমতিপত্রে যত দিনের অনুমতি দেওযা গেল ঐ তক্তার কি অন্য প্রকারের বেড়া তাহার অধিক দিন রাখিতে পারিবেন না ইতি।

দণ্ডের কথা।

২৭৩ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে বিধান আছে, কোন ব্যক্তি সেই বিধানের বিপক্ষে কোন ঘর গাঁথিতে কি ভাঙ্গিতে কি পরিবর্ত্তন করিতে কি সারাইযা দিতে উদ্যত হইলে, কিম্বা অনুমতি না পাইযা তক্তার কি অন্য প্রকারের বেড়া কি ভারা বাঁধিলে, কিম্বা অনুমতি পাইযাও তক্তার কি অন্য প্রকারের সেই বেড়া না দিলে ও না রাখিলে ও উপযুক্ত অবস্থায না রাখিলে, ও তক্তার কি অন্য প্রকারের সেই বেড়া যত দিন থাকে তত দিন রাত্রিতে তথায উপযুক্তমতে আলো দিযা না রাখিলে, কিম্বা কমিশ্যনরদের স্থানে তাহা উঠাইয দিবার আজ্ঞা পাইলেও আট দিনের মধ্যে উঠাইয়া না দিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও তাঁহার সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন ঐ অপরাধ হইতে থাকে দিনপ্রতি তাহার আর বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

কমিশ্যনরগণের অনুমতি না হইলে নরদমাপ্রভৃতির উপর ঘর গাঁথিতে না হইবার কথা।

২৭৪ ধারা। কমিশ্যনরগণের অনুমতি লিখিযা না দেওযা গেলে, তাঁহাদের কোন নরদমার কি পয়নালার উপর নূতন ঘর গাঁথিতে হইবে না।

গাঁথিযা দেওযা গেলে কমিশ্যনরগণ সেই ঘর ভাঙ্গা-ইযা ফেলিতে পারিবেন, কিম্বা তাহা লইযা যাহা উচিত জ্ঞান করেন করিতে পারিবেন।

তাহাতে যে খরচ লাগে, যে ব্যক্তি ঐ ঘর গাঁথেন তাঁহার দিতে হইবে ইতি।

ইহার পরে নগরের মধ্যে যে ঘর গাঁথা যায় তাহা যে মাটাম ধরিয়া গাঁথিতে হই বে তাহার কথা।

২৭৫ ধারা। নগরের মধ্যে কোন ঘর গাঁথিতে হইলে, তাহার এমন মাটাম ধরিযা গাঁথিতে হইবে যেন সেই ঘরের কি গাঁথনির জল গড়িয়া তৎকালের বর্ত্তমান কিম্বা কল্পিত কোন সরকারী নরদমায গিযা পড়ে, কিম্বা কমিশ্যনরগণ জোযার ভাটার যে নদীতে কিম্বা অন্য যে স্থানে আপনাদের নরদমার জল চালাইতে পারেন এমন স্থানে গিযা পড়ে। সেই মাটামের নীচু করিতে হইবে না ইতি।

ইহার পরে যে ঘর গাঁথা যায় কমিশ্যনরগণের আজ্ঞা ক্রমে তাহার নরদমা করিতে হইবার কথা।

২৭৬ ধারা। নগরের মধ্যে নূতন ঘর গাঁথিতে কি পুরাতন ঘর নূতন নির্ম্মাণ করিতে গেলে ইহার পূর্ব্ব ধারায় জল বাহির হইবার যে উপাযের কথা লেখা আছে, ঐ ঘর গাঁথিবার স্থানহইতে এক শত ফুটের মধ্যে ঐ জল বাহির হইবার এমত নরদমা থাকিলে কমিশ্যনরগণ যে পরিমাণের

level, and with such fall as the Commissioners may direct,

ও যে মাটাম ধরিয়া ও যত ঢালু করিয়া পয়নালা করিতে আজ্ঞা করেন, স্বামী সেই ঘর অবধি ঐ নরদমা পর্য্যন্ত সেই পরিমাণের সেই মাটামের পয়নালা সেইরূপ ঢালু করিয়া প্রস্তুত করাইবেন।

and if he neglect to do so within a reasonable time, the Commissioners may cause the same to be done, and the expenses thereby incurred shall be paid by the owner

সঙ্গত কালের মধ্যে তাহা করাইয়া না দিলে, কমিশ্যনরগণ তাহা প্রস্তুত করাইয়া দিতে পারিবেন, ও তাহা করিতে যে খরচ লাগে স্বামির তাহা দিতে হইবে ইতি।

Erection of new huts to be under the control of the Commissioners.

277 It shall not be lawful for any person to erect a hut, or any range or block of huts or sheds, or to add any hut or shed to any range or block already existing at the commencement of this Act, without previous notice to the Commissioners, and the Commissioners may require such huts or sheds to be built so that they may stand in regular lines, with a free passage or way in front of and between every two lines, of such width as they may think proper for ventilation and to facilitate scavengering, and with such number of privies and with such means of drainage as to them may seem necessary, and at such a level as will admit of such drainage, and with a plinth at least two feet above the level of the nearest public street

কমিশ্যনরগণের তত্ত্বাধীনে নূতন বাঙ্গলা ঘর বাঁধিবার কথা।

২৭৭ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরগণকে নোটিস না দিলে, কোন বাঙ্গলা ঘর কিম্বা বাঙ্গলা ঘরশ্রেণী কি মাচাশ্রেণী বাঁধিতে পারিবেন না। ও এই আইন প্রচলিত হইবার সময়ে যে ঘর ও মাচাশ্রেণী থাকে তাহার মধ্যে আর বাঙ্গলা ঘর কি মাচা বাঁধিতে পারিবেন না। আর সেই২ বাঙ্গলা ঘর কি মাচা ঠিক শারি২ করিয়া বাঁধা যায় ও বাতাস খেলিবার জন্যে ও স্থান পরিষ্কার রাখার সুবিধার জন্যে কমিশ্যনরগণ যত ওসার স্থান রাখা উচিত বোধ করেন দুই২ শারির সম্মুখে ও মধ্যে২ এমত স্থান থাকে, ও যত পাইখানা ও জল বাহির হইবার যে উপায় আবশ্যক বোধ হয় ও জল যাহাতে উপযুক্তমতে বাহির হইতে পারে এমত মাটাম ধরিয়া ও অতি নিকট যে রাস্তা থাকে তাহার মাটামহইতে মেজ্যা ন্যূনকল্পে দুই ফুট উচ্চ রাখিয়া ঐ ঘর বাঁধা যায়, কমিশ্যনরগণ এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Power to direct removal of huts built without notice

278 If any such huts or sheds be built without giving such notice to the Commissioners or otherwise than as required by the Commissioners, the Commissioners may give notice to the owner or occupier thereof, by affixing a notice to some conspicuous part of some one of such huts or sheds, to take down and remove the same within one month, or to effect such alterations as they may deem necessary, and it shall be lawful for the Commissioners, if they shall think fit so to do, to cause the same to be taken down and removed, and the expense incurred thereby shall be paid by the said owner or occupier thereof, and shall be recoverable as hereinafter provided

নোটিস না দিয়া ঘর বাঁধা গেলে তাহা ভাঙ্গিয়া ফেলিবার আজ্ঞা দিবার ক্ষমতার কথা।

২৭৮ ধারা। কমিশ্যনরগণকে নোটিস না দিয়া, কিম্বা কমিশ্যনরগণ যদ্রূপে ঐ ঘর কি মাচা বাঁধিতে আজ্ঞা করেন তদ্ভিন্ন অন্য প্রকারে বাঁধা গেলে, উক্ত কমিশ্যনরগণ উক্ত ঘরের কি মাচার মধ্য কোন এক ঘরের কি মাচার কোন প্রকাশ স্থানে নোটিস দিয়া, ঐ ঘরের স্বামিকে কি প্রজাকে এক মাসের মধ্যে ঐ ঘর ভাঙ্গিয়া স্থানান্তর করিবার, কিম্বা তাঁহারা যদ্রূপে তাহা পরিবর্ত্তন করা আবশ্যক বোধ করেন তদ্রূপে পরিবর্ত্তন করিবার নোটিস দিতে পারিবেন। কমিশ্যনরগণ বিহিত বোধ করিলে আপনারা ঐ ঘর ভাঙ্গিয়া স্থানান্তর করাইতে পারিবেন। ইহাতে যে খরচ লাগে ঐ ঘরের স্বামির কি প্রজার তাহা দিতে হইবে ও তাহা পশ্চাৎ লিখিত বিধানমতে আদায় করা যাইতে পারিবে ইতি।

Penalty

279 Whoever erects a hut or any range or block of huts or shed, or adds to any hut or shed, or to any range or block already existing contrary to the provisions of section two hundred and seventy-seven, shall be liable to a fine not exceeding one hundred rupees for every such offence, and to a further fine, not exceeding twenty rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

দণ্ডের কথা।

২৭৯ ধারা। ২৭৭ ধারায় যে বিধান আছে, কোন ব্যক্তি সেই বিধানের বিরুদ্ধে কোন বাঙ্গলা ঘর কিম্বা ঘর শ্রেণী কি মাচা শ্রেণী বাঁধিলে, কিম্বা যে ঘর কি মাচা শ্রেণী তৎকালে থাকে তাহার সঙ্গে নূতন ঘর কি মাচা সংযোগ করিয়া দিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন সেই অপরাধ করিতে থাকে তাহার দিনপ্রতি আর ২০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

## PART V.—*Of Sanitary Measures with regard to Blocks of Huts*

## পঞ্চম পরিচ্ছেদ।—বাঙ্গলা ঘর শ্রেণীর সম্পর্কে স্বাস্থ্যরক্ষার উপায়াবলম্বনের কথা।

*Power of Commissioners as to inspection of huts*

**280** Whenever the Commissioners in meeting, other than an ordinary meeting, are satisfied, from inspection, or by report of competent persons, that any existing block of huts in the Town is, by reason of the manner in which the huts are constructed or crowded together, or of the want of drainage and the impracticability of scavengering attended with risk of disease to the inhabitants or the neighbourhood, they may cause the locality to be inspected by two medical officers, who shall make a report in writing on the sanitary condition of the said block of huts, and shall specify, if necessary, in the said report the huts which should be removed, the roads, drains, and sewers which should be constructed, and the low lands which should be filled up, with a view to the removal of the said risk of disease

*বাঙ্গলা ঘর কমিশ্যনরগণের দেখিয়া লইতে পারিবার কথা।*

২৮০ ধারা। নগরের অন্তর্গত কোন একি স্থানে কএক খানা বাঙ্গলা ঘর বাঁধিবার ডৌলহেতুক কিম্বা ঘন২ করিয়া বাঁধা যাওয়াতে, কিম্বা জল বাহির হইবার উপায় না থাকাতে, কি স্থান পরিষ্কার করিয়া রাখা অসাধ্য হওয়াতে, ঐ বসতিতে নিবাসিদের কি প্রতিবাসিদের রোগ হওয়ার সম্ভাবনা, কমিশ্যনরগণ ভালমতে দেখিয়া কিম্বা উপযুক্ত ব্যক্তিদের রিপোর্ট দ্বারা ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে, নিয়মিত সভা ছাড়া কোন সভায় দুই জন ডাক্তরের দ্বারা তৎস্থান পরিদর্শন করাইতে পারিবেন। তাঁহারা স্বাস্থ্যসম্পর্কে সেই বাঙ্গলা ঘরশ্রেণীর অবস্থার রিপোর্ট লিখিয়া দিবেন, এবং রোগের উক্ত সঙ্কট নিবারণার্থে ঐ সকল ঘরের মধ্যে কোন ঘর উঠাইয়া দেওয়া, কিম্বা কোন পথ ও নর্দ্দমা ও নয়নজুলি প্রস্তুত করা, ও নিম্নভূমি ভরাট করিয়া দেওয়া উচিত হইলে, সেই কথাও আবশ্যকমতে ঐ রিপোর্টে বিশেষ করিয়া লিখিবেন ইতি।

*On receipt of report Commissioners may cause notice to be served*

**281** On receipt of the said report the Commissioners in meeting, other than an ordinary meeting, may cause a notice to be served upon the owners or occupiers of the huts, or at the option of the Commissioners, the owner of the land on which such huts are built, requiring them to carry out and execute, within a reasonable time, to be fixed by the Commissioners for such purpose, all or any of the works specified in the aforesaid report, or any portion thereof respectively

*রিপোর্ট পাইলে কমিশ্যনরদের নোটিস প্রচার করাইবার কথা।*

২৮১ ধারা। কমিশ্যনরগণ রিপোর্ট পাইয়া নিয়মিত সভাছাড়া অন্য সভায় সভাগত হইয়া ঐ বাঙ্গলা ঘর শ্রেণীর স্বামিদিগকে কি প্রজাদিগকে কিম্বা কমিশ্যনরগণের ইচ্ছা হইলে ঐ২ ঘর যে ভূমিতে থাকে সেই ভূমির স্বামিকে নোটিস দিয়া, কমিশ্যনরগণের নির্দ্ধারিত উপযুক্ত সময়ের মধ্যে সেই রিপোর্টের নির্দ্দিষ্ট সকল কি কোন কার্য্য কিম্বা তাহার কোন অংশ সাধন করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

*Commissioners may carry out works if owners or occupiers refuse*

**282** If after the service of the said notice, such owners or occupiers, or the owner of the land, shall refuse or neglect to carry out and execute the said works within the time appointed, the Commissioners may cause all or any of the said works, or any portion thereof respectively, to be executed, and the expenses thereby incurred shall be paid by the owner of the land

*স্বামিরা কি প্রজারা অসম্মত হইলে কমিশ্যনরগণের সেই কার্য্য সম্পাদন করিতে পারিবার কথা।*

২৮২ ধারা। সেই স্বামিরা কি প্রজারা কিম্বা ভূমির সেই স্বামী নোটিস পাইলে পর নিরূপিত সময়ের মধ্যে সেই কার্য্য করিতে অসম্মত হইলে কি ত্রুটি করিলে, কমিশ্যনরেরা সেই সকল কিম্বা তন্মধ্য কোন কার্য্য কিম্বা তাহার কোন অংশ সম্পাদন করাইতে পারিবেন। ইহাতে যে খরচ লাগে ঐ ভূমির স্বামির সেই খরচ দিতে হইবে।

*Expenses may be recovered by instalments or remitted in case of poverty*

Provided that the Commissioners in meeting, other than an ordinary meeting, may order the expenses so incurred to be recovered by instalments from the said owner, or if it should appear to them that the said owner is unable by reason of poverty to pay the same, may order the same or any portion thereof to be paid out of the Municipal Fund

*খরচ কিস্তি করিয়া লওয়ার কি দৈন্যপ্রযুক্ত ক্ষমা হওয়ার কথা।*

পরন্তু কমিশ্যনরগণ নিয়মিত সভা ছাড়া আর কোন সভাধিবিষ্ট হইয়া উক্ত স্বামির স্থানে কিস্তি করিয়া সেই খরচ লইবার আজ্ঞা দিতে পারিবেন, কিম্বা স্বামী দৈন্যপ্রযুক্ত তাহা দিতে পারেন না দেখিলে তাঁহারা মুনিসিপল ফণ্ডহইতে সেই খরচ কিম্বা তাহার কোন অংশ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

**283** If any of the said huts be pulled down, the Commissioners shall cause the materials of each hut to be sold separately, if such sale can be effected, and the proceeds shall be paid to the owner of the hut, or if the owner be unknown, or the title disputed, shall be held in deposit by the Commissioners until the person interested therein shall obtain the order of a competent court for the payment of the same.

*Sale of huts*

The Court of Small Causes shall be deemed a competent court for that purpose.

**284** In case the Commissioners should omit to take any action under sections two hundred and eighty or two hundred and eighty-one, or in the opinion of the Local Government should fail to give effect to the provisions thereof, the Local Government may cause any block of huts to be inspected by the Sanitary Commissioner for Bengal, who shall make a report in writing to the Local Government on the sanitary condition of the locality and, in the event of his reporting that the sanitary condition of the locality is such as to be attended with risk of disease to the inhabitants or the neighbourhood, shall specify the huts which should be removed, the roads, drains, and sewers which should be constructed, and the low lands which should be filled up, with a view to the removal of the said risk of disease.

*If Commissioners fail to act, Local Government may take steps*

**285** On receipt of the said report the Local Government may order the Commissioners to serve a notice on the owners or occupiers of the huts, or on the owner of the land on which such huts are built, requiring them to carry out and execute, within a reasonable time, to be fixed by the Local Government for such purpose, all or any of the works specified in the said report, or any portion thereof respectively, and upon service of the said notice the Commissioners may proceed as provided in section two hundred and eighty-two, and shall be liable to all or any of the obligations imposed upon them by section two hundred and eighty-three.

*On receipt of report Local Government may order Commissioners to serve notice on owners*

**286** If the Commissioners make default in carrying out the said order of the Local Government, the Local Government may appoint some officer to perform the same, and such officer may exercise such of the powers conferred upon the Commissioners by

*If Commissioners make default in carrying out order, Local Government may carry it out*

২৮৩ ধারা। উক্ত ঘরের মধ্যে কোনং বাঙ্গলা ঘর ভাঙ্গিয়া ফেলা গেলে, ঐং ঘরের সরঞ্জাম স্বতন্ত্র বিক্রয় হইতে পারিলে কমিশ্যনরগণ একং ঘরের সরঞ্জাম স্বতন্ত্র বিক্রয় করাইবেন, তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় তাহা ঐং ঘরের স্বামিকে দেওয়া যাইবে। কিম্বা স্বামিকে জানা না গেলে, কিম্বা অধিকার বিষয়ে বিবাদ হইলে, ঐ বিষয়ে যে ব্যক্তির স্বার্থ থাকে তিনি যত দিন সেই টাকা পাইবার বিষয়ে উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের আজ্ঞা না পান, কমিশ্যনরগণ তত দিন সেই টাকা আমানৎ রাখিবেন।

*ঘর বিক্রয় করিবার কথা।*

ঐ কার্য্যপক্ষে ক্ষুদ্র মোকদ্দমার আদালত উপযুক্ত ক্ষমতাপন্ন আদালত বলিয়া জ্ঞান হইবে ইতি।

২৮৪ ধারা। কমিশ্যনরগণ ২৮০ কি ২৮১ ধারামতে কোন কার্য্য না করিলে, কিম্বা তাঁহার; স্থানীয় গবর্ণমেণ্টের বিবেচনায় ঐং ধারার বিধান সফল করণে ত্রুটি করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট বঙ্গদেশের স্বাস্থ্য সম্বন্ধীয় কমিশ্যনর সাহেবকে সেই বাঙ্গলা ঘরশ্রেণীর পরিদর্শন করিবার আজ্ঞা দিতে পারিবেন, তাহাতে তিনি সেই স্থানের স্বাস্থ্যসম্পর্কীয় অবস্থার রিপোর্ট লিখিয়া স্থানীয় গবর্ণমেণ্টে দিবেন। এবং ঐ স্থানের স্বাস্থ্যসম্বন্ধীয় অবস্থা বিবেচনায় তন্নিবাসিদের বা প্রতিবাসিদের রোগের সম্ভাবনা রিপোর্ট করিলে, রোগের ঐ সঙ্কট নিবারণার্থে যেং বাঙ্গলা ঘর উঠাইয়া দেওয়া ও যেং পথ ও নর্দ্দমা ও নয়নজুলি প্রস্তুত করা ও যে নিম্ন ভূমি ভরাট করিয়া দেওয়া উচিত, তিনি এই-সকল কথা সবিশেষ লিখিবেন ইতি।

*কমিশ্যনরগণ তদ্বিষয়ে ত্রুটি করিলে স্থানীয় গবর্ণমেণ্টের ঐ কর্ম্ম সম্পাদন করিতে পারিবার কথা।*

২৮৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত রিপোর্ট পাইলে পর কমিশ্যনরদিগকে এই আজ্ঞা করিতে পারিবেন যে, তাঁহারা ঐ সকল ঘরের স্বামিদের কি প্রজাদের নামে কিম্বা ঐ ঘর যে ভূমীতে বাঁধা গেল সেই ভূমীর স্বামির নামে নোটিস দিয়া স্থানীয় গবর্ণমেণ্ট সঙ্গত যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্যে ঐ রিপোর্টের নির্দ্দিষ্ট সকল কি তন্মধ্য কোন কার্য্য কিম্বা ঐং কার্য্যের কোন অংশ সম্পাদন করিয়া ফেলিতে আজ্ঞা করেন। সেই নোটিস দেওয়া গেলে পর কমিশ্যনরগণ ২৮২ ধারার বিধানমতে কার্য্য করিতে পারিবেন, ও ২৮৩ ধারার বিধানমতে তাঁহাদের প্রতি যেং দায় বর্ত্তান গেল তাঁহারা সেই সকল কি তন্মধ্য কোন দায়ে দায়ী হইবেন ইতি।

*স্থানীয় গবর্ণমেণ্ট রিপোর্ট পাইলে কমিশ্যনরগণকে স্বামিদের উপর নোটিস দিবার আজ্ঞা করিতে পারিবার কথা।*

২৮৬ ধারা। কমিশ্যনরগণ স্থানীয় গবর্ণমেণ্টের সেই আজ্ঞা সফল করণে ত্রুটি করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট তাহা সফল করিবার উপলক্ষে কোন কর্ত্তৃপক্ষকে নিযুক্ত করিতে পারিবেন। তাহা হইলে, ২৮১ ও ২৮২ ধারামতে কমিশ্যনরগণের

*কমিশ্যনরগণ সেই আজ্ঞা সফল করণে ত্রুটি করিলে স্থানীয় গবর্ণমেণ্টের তাহা সফল করিতে পারিবার কথা।*

sections two hundred and eighty-one and two hundred and eighty-two, as are necessary for the execution of the said works, and shall be liable to all or any of the obligations imposed upon the Commissioners by section two hundred and eighty-three, and the expenses incurred by such officer in the execution of the said works shall be paid by the owner of the land

Expenses may be recovered by instalments or remitted in case of poverty

Provided that the Local Government may order the expenses so incurred to be recovered by instalments from the said owner, or if it should appear to the Local Government that the said owner is by reason of poverty unable to pay the same, may order the same or any portion thereof to be paid out of the Municipal Fund

---

## CHAPTER XII

### OF SANITARY MATTERS

### PART I —*Of Slaughter-houses, Food, Drink, Drugs, and Offensive Trades*

No place shall be used as a slaughter-house without a license from the Commissioners

**287** No place shall be used as a slaughter-house within the Town or Suburbs unless a license in writing for the use thereof as a slaughter-house has been obtained from the Commissioners in meeting, other than an ordinary meeting, who may, at their discretion, from time to time grant such license

Provided that no such license be granted by the Commissioners for the use of any place situated in the Suburbs as a slaughter-house without the permission in writing of the Municipal Commissioners of the Suburbs, unless such place has been used as a slaughter-house before the commencement of this Act, and provided further that all fees levied by the Commissioners for licenses to use places situated in the Suburbs as slaughter-houses be paid by the Commissioners to the Municipal Commissioners of the Suburbs

Commissioners to provide places for slaughter houses

**288** The Commissioners in meeting, other than an ordinary meeting, may, from time to time, if they shall think fit, provide places within or without the Town for the purpose of being used as slaughter-houses, and all places within or without the town heretofore provided by the Commissioners for the purpose of being used as slaughter-houses shall be deemed to have been provided under this section

প্রতি যে২ ক্ষমতা প্রদান করা গেল তন্মধ্যে উক্ত কার্য্য সম্পাদন করিবার জন্যে যে২ ক্ষমতানুসারে কার্য্য করা আবশ্যক উক্ত কর্ত্তৃপক্ষ সেই২ ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন, এবং ২৮৩ ধারামতে কমিশ্যনরগণের প্রতি যে২ দায় বর্ত্তান গেল তাঁহারই প্রতি সেই সকল কি তন্মধ্য কোন২ দায় বর্ত্তিবে, ও সেই কর্ত্তৃপক্ষ উক্ত কার্য্য সম্পাদনার্থে যত টাকা ব্যয় করেন তাহা সেই ভূমির স্বামিদ্বারা দেওয়া যাইবে।

খরচা কিস্তি করিয়া লওয়া যাইতে কিম্বা দৈন্য প্রযুক্ত ক্ষমা হইতে পারিবার কথা।

পরন্তু স্থানীয় গবর্ণমেন্ট উক্ত স্বামির স্থানে কিস্তি করিয়া সেই টাকা লইবার আজ্ঞা দিতে পারিবেন, কিম্বা উক্ত স্বামী দীনতাপ্রযুক্ত সেই টাকা দিতে পারেন না, স্থানীয় গবর্ণমেন্ট এমত বোধ করিলে সেই টাকা বা তাহার কোন অংশ মুনিসিপলফণ্ডহইতে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

---

## দ্বাদশ অধ্যায়।

### স্বাস্থ্যজনক বিষয়ের কথা।

### প্রথম পরিচ্ছেদ।—বুচরখানার ও আহারীয় ও পানীয় ও বণিক দ্রব্যের ও অনিষ্টজনক ব্যবসায়ের কথা।

কমিশ্যনরগণের স্থানে লাইসেন্স না পাইলে বুচরখানাস্বরূপ কোন স্থানের ব্যবহার না হইবার কথা।

২৮৭ ধারা। নগরের কি শাখানগরের অন্তর্গত কোন স্থান বুচরখানাস্বরূপ ব্যবহার করিবার জন্যে নিয়মিত সভা ছাড়া অন্য সভাগত কমিশ্যনরগণের লিখিত লাইসেন্স না পাওয়া গেলে, জবাই করিবার জন্যে কোন স্থানের ব্যবহার হইবে না। কমিশ্যনরগণ সময়ে২ আপনাদের বিবেচনানুসারে সেই প্রকারের লাইসেন্স দিতে পারিবেন।

পরন্তু শাখানগরের কোন স্থান এই আইন প্রচলিত হওনের পূর্ব্বে বুচরখানাস্বরূপ ব্যবহার করা না গেলে ঐ শাখানগরের মুনিসিপল কমিশ্যনরেরা অনুমতি লিখিয়া না দিলে, কমিশ্যনরেরা বুচরখানাস্বরূপ সেই স্থানের ব্যবহার হইবার লাইসেন্স দিতে পারিবেন না। আরো শাখানগরের বুচরখানাস্বরূপ কোন স্থানের ব্যবহার হইবার লাইসেন্স দিয়া কমিশ্যনরেরা যে ফী আদায় করেন শাখানগরের মুনিসিপল কমিশ্যনরদিগকে সেই ফী দিবেন ইতি।

বুচরখানার স্থান কমিশ্যনরগণের নিরূপণ করিতে হইবার কথা।

২৮৮ ধারা। কমিশ্যনরগণ নিয়মিত সভাছাড়া অন্য সভাগত হইয়া সময়ে২ উচিত বোধ করিলে, নগরের মধ্যে কি বাহিরে বুচরখানা বলিয়া ব্যবহার হইবার স্থান নিরূপণ করিতে পারিবেন। ও তাঁহারা ইতিপূর্ব্বে নগরের মধ্যে কি বাহিরে তদ্রূপ যে২ স্থান নিরূপণ করিয়াছেন তাহা এই ধারামতে নিরূপণ করা গেল বলিয়া জ্ঞান হইবে।

Provided that the Commissioners shall annually pay one thousand rupees to the Municipal Commissioners of the Suburbs by way of license fee for the slaughter-house established by the Commissioners at Tengrah

পরন্তু কমিশ্যনরগণ টেঙ্গ্রায় যে বুচরখানা স্থাপন করিয়াছেন তজ্জন্যে লাইসেন্স ফী বলিয়া শাখানগরের মুনিসিপল কমিশ্যনরগণকে বৎসর ১০০০৲ টাকা দিবেন ইতি।

Markets, slaughter houses, &c, to be properly drained

**289** Every owner, or occupier, or farmer, of any place for the sale of meat, poultry, fish, or vegetables, or of any slaughter-house within the Town, shall cause such drains to be made therein as shall be considered sufficient by the Commissioners, and (if required so to do by the Commissioners) shall cause all the floors and drains to be paved with stone or burnt brick, and shall also cause a supply of water to be provided, sufficient for keeping such place or slaughter-house in a clean and wholesome state

বাজারে ও বুচরখানাপ্রভৃতিতে উপযুক্ত পয়নালা করিবার কথা।

২৮৯ ধারা। নগরের মধ্যে মাংস কি মুরগী প্রভৃতি কি মাছ কি শাকসবজী বিক্রয় করিবার কোন স্থানের কি কোন বুচরখানার স্বামী কি প্রজা কি ইজারদার জল বাহির হইবার জন্যে কমিশ্যনরগণ যাহা উপযুক্ত বলিয়া জ্ঞান করেন, এমত নরদমা করিয়া দিবেন, এবং কমিশ্যনরগণ আজ্ঞা করিলে তাঁহারা সকল মেজ্যাতে ও নরদমায় পাতর কি পাকা ইট বসাইয়া দিবেন, এবং সেই স্থান কি দোকান কি বুচরখানা পরিষ্কার ও স্বাস্থ্যজনকভাবে রাখিবার জন্যে যত জলের প্রয়োজন হয়, তত জলসম্পোষ্য করিয়া দিবার বিধান করিবেন ইতি।

Penalty

**290** If such owner, occupier, or farmer, after notice in writing given to him by the Commissioners that such market or slaughter-house is defective in any of the said particulars, and requiring him to remedy the defect specified within not less than thirty days, makes default therein, he shall be liable to a fine not exceeding fifty rupees for every day during which such default is continued

দণ্ডের কথা।

২৯০ ধারা। উক্ত কোন স্থানে কি বুচরখানায় পূর্ব্বোক্ত কোন বিষয়ের অভাব আছে, ও ত্রিশ দিনের কম না হয় এমত কোন মিয়াদের মধ্যে সেই দোষের প্রতিকার করিতে হইবে বলিয়া কমিশ্যনরগণ সেই বাজারপ্রভৃতির স্বামিকে কি প্রজাকে কি ইজারদারকে নোটিস দিলেও তিনি ঐ বিষয়ে মনোযোগ না করিলে, ঐ নোটিস বাহির হইবার পর সেই দোষ যত দিন হইতে থাকে দিনপ্রতি তাঁহার ৫০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

Sale of unwholesome food or drink

**291** Any Justice of the Peace, on the application of the Commissioners or any of their officers, setting forth that there is just cause to believe that any article which has been rendered or has become noxious or unfit for use as food or drink for man, is in the possession of any person for the purpose of being sold or offered or exposed for sale, may grant a warrant to enter upon the premises of such person, and to search for and seize such article,

and if it appear to the said Justice of the Peace that the same is noxious or unfit for such use, he shall order it to be forfeited and disposed of in such way as to him shall seem proper

অস্বাস্থ্যজনক আহারীয় কি পানীয় দ্রব্য বিক্রয়ের কথা।

২৯১ ধারা। যে দ্রব্য পীড়াজনক করা গিয়াছে, কিম্বা পীড়াজনক ও মনুষ্যদের আহারের কি পানের অনুপযুক্ত হইয়াছে, এমত দ্রব্য নগরের মধ্যে মনুষ্যদের আহারীয় কি পানীয় দ্রব্যস্বরূপ বিক্রয় করিবার জন্যে কিম্বা বিক্রয়ার্থে দেখাইবার জন্যে কোন ব্যক্তির নিকট আছে, এমত জানিবার কারণ থাকাতে কমিশ্যনরগণ কিম্বা তাঁহাদের কোন কার্য্যকারকেরা দরখাস্ত দিলে, শান্তি রক্ষার্থ কোন জষ্টিস ঐ ব্যক্তির বাড়ীতে গিয়া ঐ দ্রব্য তল্লাশ করিয়া ও ধরিয়া আনিবার পরওয়ানা দিতে পারিবেন।

ও সেই দ্রব্য পীড়াজনক ও মনুষ্যের আহারের কি পানের অনুপযুক্ত, শান্তিরক্ষার্থ উক্ত জষ্টিস এমত বোধ করিলে তাহা জব্দ করিয়া লইতে, ও আপনি যাহা উচিত বোধ করেন ঐ দ্রব্য লইয়া তাহা করিতে আজ্ঞা দিবেন ইতি।

Power to Commissioners to enter and inspect markets, shops, &c, and to seize unwholesome articles exposed for sale

**292** The Commissioners, or any person authorized by them in that behalf, may, at all reasonable times, enter into and inspect any market, building, shop, stall, or place used for the sale of meat, poultry, fish, vegetables, corn, bread, flour, wine, spirits, or other food or drink, or as a slaughter-house, and may examine any of the

হাট দোকানপ্রভৃতিতে কমিশ্যনরগণের গিয়া দেখিবার এবং অস্বাস্থ্যজনক দ্রব্য বিক্রয় হইবার জন্যে দেখান গেলে তাহা ধরিয়া লইবার ক্ষমতার কথা।

২৯২ ধারা। মাংস কি মুরগী প্রভৃতি কি মাছ কি শাকসবজী কি শস্য কি রুটী কি ময়দা কি মদ কি শরাব কিম্বা আহারীয় কি পানীয় অন্য দ্রব্য বিক্রয়ের জন্যে, কি বুচরখানাস্বরূপে যে হাট কি ঘর কি দোকান কি চালাপ্রভৃতি স্থানের ব্যবহার হয়, কমিশ্যনরগণ কিম্বা এই কার্য্যের নিমিত্তে তাঁহাদের

aforesaid articles of food or drink which may be therein, and in case any of the aforesaid articles of food or drink appear to be intended for the food or drink of man, and to be unfit for such food or drink, may seize the same;

স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি সঙ্গত কোন কালে সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন, ও তাহার মধ্যে আহারীয় কি পানীয় উক্ত যে বিষয় থাকে তাহা পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন। ও পূর্ব্বোক্ত আহারীয় কি পানীয় কোন দ্রব্য মানুষের আহারের কি পানের নিমিত্ত বলিয়া সাজাইয়া রাখা গেলেও আহারের কি পানের উপযুক্ত নয় দেখা গেলে তাহা ধরিয়া লইতে পারিবেন,

and if it appear to a Justice of the Peace that any of the aforesaid articles of food or drink is unfit for the food or drink of man, he shall order the same to be destroyed, or to be so disposed of as to prevent its being exposed for sale or used for such food

ও শান্তিরক্ষার্থ কোন জষ্টিস আহারীয় কি পানীয় উক্ত কোন দ্রব্য মনুষ্যের আহারের কি পানের অনুপযুক্ত জ্ঞান করিলে, তাহা নষ্ট করিতে, কিম্বা ঐ দ্রব্য যাহাতে বিক্রয়ার্থে সাজান না যায় কি মানুষে আহার না করে এই কারণে তাহা লইয়া অন্য কার্য্য করিবার আজ্ঞা দিবেন ইতি।

Suspension or revocation of license, &c

293 Any Justice of the Peace before whom any person is convicted of an offence contrary to the provisions of this Act relating to slaughter-houses, or of the non-observance of any of the bye-laws relating thereto made under this Act, in addition to the fine which may be imposed on such person under this Act may suspend, for any period not exceeding two months, the license granted to him under section two hundred and eighty-seven,

লাইসেন্স স্থগিত রাখিবার কি ফিরিয়া লইবার কথা।

২৯৩ ধারা। এই আইনে বুচরখানার বিষয়ে যেং বিধান আছে, শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে তাহার বিপক্ষে কোন ব্যক্তির অপরাধ কিম্বা এই আইনমতে তদ্বিষয়ক যেং উপবিধি করা যায় তন্মধ্যে কোন বিধি না মানার অপরাধ নির্ণয় হইলে, এবং আইনমতে ঐ ব্যক্তির যত অর্থদণ্ড হইতে পারে, তদ্ভিন্ন ২৮৭ ধারামতে তাঁহাকে যে লাইসেন্স দেওয়া গেল তাহাও দুই মাসের অনধিক কালের নিমিত্তে স্থগিত রাখিতে পারিবেন।

and the Commissioners, upon the conviction of any person for a second or other subsequent like offence, may cancel his license

ও কোন ব্যক্তির দ্বিতীয়বার কিম্বা তৎপশ্চাৎ অন্যবার সেই অপরাধ নির্ণয় হইলে, কমিশ্যনরগণ তাঁহার সেই লাইসেন্স রহিত করিতে পারিবেন ইতি।

Penalty for using slaughter houses during suspension or revocation of license

294 Whoever, during the period for which any such license is suspended, or after the same is cancelled as aforesaid, slaughters cattle, or allows cattle to be slaughtered in the slaughter-house to which such license relates, shall be liable to a fine not exceeding one hundred rupees, and to a further fine, not exceeding fifty rupees, for each day during which the offence is continued after he has been convicted such offence

লাইসেন্স স্থগিত কি রহিত করা গেলেও বুচরখানার ব্যবহার করিলে দণ্ডের কথা।

২৯৪ ধারা। যে বুচরখানার লাইসেন্স দেওয়া যায় উক্ত কোন লাইসেন্স পূর্ব্বোক্তমতে স্থগিত কি রহিত করা গেলেও কোন ব্যক্তি তাহার স্থগিত থাকন সময়ের মধ্যে কিম্বা তাহা রহিত করা গেলে পর সেই বুচরখানায় গোমেষাদি জবাই করিলে কি অন্যকে জবাই করিতে দিলে, তাহার এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও তাহার অপরাধ নির্ণয় হইলে পর আর যত দিন সেই অপরাধ হইতে থাকে দিনপ্রতি তাহার আর পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

No place to be kept for the sale of drugs, unless registered

295 No place shall be kept for the sale of drugs unless the same shall have been registered in the office of the Commissioners Any keeper of such place failing to register the same within two months after the commencement of this Act shall be liable to a fine not exceeding fifty rupees

রেজিষ্টর না হইলে বণিক দ্রব্য বিক্রয় করিবার দোকান না রাখিবার কথা।

২৯৫ ধারা। কমিশ্যনরগণের আফিসে রেজিষ্টরী করা না গেলে, বণিকদ্রব্য বিক্রয় করিবার স্থান রাখিতে হইবে না। কোন ব্যক্তির সেই দ্রব্য বিক্রয় করিবার স্থান থাকিলে যদি এই আইন প্রচলিত হইবার তারিখ অবধি দুই মাসের মধ্যে তাহা রেজিষ্টরী না করেন, তবে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

Inspection of dr

296 The Commissioners, or any person authorized by them in that behalf, may, at all reasonable times, enter into and inspect any place kept

বণিক দ্রব্য দেখিবার কথা।

২৯৬ ধারা। বণিকদ্রব্য বিক্রয়ার্থে যে স্থানে থাকে, কিম্বা যে স্থানে বণিকদ্রব্য বিক্রয় হইয়া থাকে, কমিশ্যনরগণ কিম্বা এতৎপক্ষে তাঁহাদের স্থানে ক্ষমতা-

for the sale of drugs, or in which drugs are sold, and if they have reason to suspect that any drug in the said place is adulterated in such a manner as to lessen its efficacy, to change its operation, or to render it noxious, may remove the same on giving a receipt, specifying the nature and quantity of the drug removed, and its approximate value, and if it appear to a Justice of the Peace that the said drug removed as aforesaid is adulterated as aforesaid, he may order the same to be destroyed or to be so disposed of as to him may seem fit, if it shall appear to the said Justice that the drug so removed is not adulterated as aforesaid, the person from whose shop or place it has been taken shall be entitled to have it restored to him, and it shall be in the discretion of the said Justice to award him such compensation as he may think proper, not exceeding the actual loss which has been sustained

Compensation if drug be not adulterated

If the drug removed as aforesaid is not brought before a Justice of the Peace, it shall be restored to the person from whose shop or place it was taken, and such person shall be entitled to compensation for any actual loss which he may have sustained by the removal of the said drug, and any dispute which may arise touching the amount of compensation to be given shall be settled in the manner hereinafter provided for the settlement of disputes respecting damages and expenses

**297** The owner or occupier of every place within the Town, used for any of the following purposes, namely—

Certain offensive and dangerous trades carried on within the town to be registered

(a) melting tallow,
(b) boiling offal or blood,
(c) as a soap-house,
(d) oil-boiling house,
(e) dyeing-house,
(f) tannery,
(g) brick, pottery, or lime kiln,
(h) sago-manufactory,
(i) manufactory or place of business from which offensive or unwholesome smells arise,
(j) or as a yard or depôt for hay, straw, wood, or coal,

shall register the same at the office of the Commissioners in a book to be kept by them for that purpose

প্রাপ্ত কোন ব্যক্তি সঙ্গত কোন সময়ে সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন। ও সেই স্থানে যে বণিক-দ্রব্য পাওয়া যায় অন্য দ্রব্যের সঙ্গে মিশাইয়া তাহার গুণ কমিয়া গিয়াছে কি তাহার ফল পরিবর্ত্তন হইয়াছে কিম্বা তাহা পীড়াজনক হইয়াছে তাঁহার এমত জ্ঞান কবিবার কারণ থাকিলে, যে প্রকারের যে পরিমাণের দ্রব্য ও তাহার ন্যূনাধিক যে মূল্য হয় এই কথা সম্বলিত রসীদ দিয়া তিনি ঐ দ্রব্য লইয়া যাইতে পারিবেন। আর পূর্ব্বোক্তমতে যে দ্রব্য লইয়া যাওয়া যায় তাহা উক্ত প্রকারে অন্য দ্রব্যের সঙ্গে মিশাল করা গিয়াছে শান্তিরক্ষার্থ কোন জষ্টিস এমত বোধ করিলে ঐ দ্রব্য নষ্ট হইবাব কিম্বা অন্যরূপে যাহা করা উচিত বোধ করেন সেই দ্রব্য লইয়া তাহা কবিবাব আজ্ঞা দিতে পারিবেন। তদ্রূপে যে দ্রব্য লইয়া যাওয়া গেল তাহা পূর্ব্বোক্তমতে মিশ্রিত নয় উক্ত জষ্টিসের এমত বিবেচনা থাকিলে, যাঁহার দোকান কি স্থানহইতে ঐ দ্রব্য লইয়া যাওয়া গেল তাঁহার সেই দ্রব্য ফিরিয়া পাইবার অধিকাব থাকিবে, ও যথার্থই যত হানি হইয়াছে তাহার অনধিক যত টাকাতে ঐ ব্যক্তির হানিপুরণ হইতে পাবে উক্ত জষ্টিস আপন বিবেচনামতে তাঁহার তত টাকা পাইবার আজ্ঞা কবিবেন।

ঐ দ্রব্য মিশ্রিত না হইলে হানিপূরণের কথা।

উক্ত প্রকারে যে বণিকদ্রব্য বাহিব কবিয়া লওয়া যায় তাহা শান্তিরক্ষার্থ জষ্টিসের সম্মুখে আনা না গেলে, যাঁহাব দোকান কি স্থানহইতে বাহিব কবিয়া লওয়া গেল তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে, ও ঐ দ্রব্য লইয়া যাওয়াতে ঐ ব্যক্তির হানি হইলে যথার্থই যত হানি হইল তাঁহাব তত টাকা হানিপূরণ পাইবাব অধিকার থাকিবে। এই ধারামতে হানিপূরণস্বরূপ যত টাকা দেওয়া উচিত এই বিষয় লইয়া কোন বিবাদ হইলে, হানিপূরণ ও খরচাবিষয়ক বিবাদ নিষ্পত্তি করিবার যে বিধি পশ্চাৎ করা যাইতেছে, ঐ বিবাদ সেই বিধিমতে নিষ্পত্তি হইবে ইতি।

২৯৭ ধারা। নগরের অন্তর্গত নিম্নলিখিত কোন কার্য্য চালাইবার স্থান, বিশেষতঃ

দুর্গন্ধ ও আশঙ্কাজনক কোন২ ব্যবসায় নগরের মধ্যে চালাইলে তাহা রেজিষ্টরী করিবার কথা।

(ক) চরবী গলাইবার,
(খ) কদর্য্য মাংস কি রক্ত পাক করিবার স্থান,
(গ) সাবানের ঘর,
(ঘ) তৈল পাক করিবার ঘর,
(চ) রঙ্গ রেজের ঘর,
(ছ) চামড়া কশাইবার স্থান,
(জ) ইঁটের পাঁজা কি চূণের ভাটি,
(ঝ) সাগু তৈয়ার করিবার স্থান,
(ট) যে ব্যবসায়দ্বারা অনিষ্ট কি অস্বাস্থ্যজনক গন্ধ বাহির হয় তাহার কারখানা কি স্থান,
(ঠ) কিম্বা শুষ্ক ঘাস কি বিচালী কি কাঠ কি কয়লা রাখিবার স্থান কি আড্ডা থাকিলে,

রেজিষ্টরী করিবার যে বহী কমিশ্যনরগণের নিকট থাকে, সেই স্থানের স্বামী কি প্রজা কমিশ্যনরগণের আফিসে সেই বহীতে তাহা রেজিষ্টরী করাইয়া দিবেন ইতি।

298 No place shall be newly used within the Town for any of the purposes mentioned in the last preceding section except under a license from the Commissioners, who may, at their discretion, from time to time, grant such license

No such trades allowed without license

299 Whoever, without a license, uses any such place for any such purpose, shall be liable to a fine not exceeding five hundred rupees, and to a further fine, not exceeding fifty rupees, for each day during which the said offence is continued after he has been convicted of such offense

Penalty

300 If it be shown to the satisfaction of the Commissioners that any place, licensed under section two hundred and eighty-seven or two hundred and ninety eight, or registered under section two hundred and ninety-seven, is a nuisance to the neighbourhood, they may give notice to the occupier to discontinue the use of such place within one month after the date of such notice

Commissioners may in certain cases order the use of slaughter houses, and the carrying on of dangerous and offensive trades, to be discontinued

301 Whoever, after the expiration of such time, uses such place, or permits it to be used, in such a manner as to be a nuisance to the neighbourhood, shall be liable to a fine not exceeding two hundred rupees, and to a further fine, not exceeding one hundred rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Penalty

PART II —*Of Burial and Burning Grounds*

302 The Commissioners may, if they think fit, cause a survey and measurement to be made of every burial and burning ground and every place used as such, and every burial and burning ground, and every place used as such, shall be registered by the owner or the person having the control thereof, or, if there be no owner or person authorized to control the same, by order of the Commissioners, in a book to be kept by them for that purpose

Burial and burning grounds to be registered

303 Whoever uses any such place as is mentioned in the last preceding section without the same being registered, shall be

Penalty

২৯৮ ধারা। ইহার পূর্ব্ব ধারায যে২ ব্যবসাযের কথা আছে, কমিশ্যনরগণের নিকট লাইসেন্স না পাইলে নগরের মধ্যে সেই ব্যবসাযের নিমিত্ত কোন নূতন স্থানের ব্যবহার হইবে না। কমিশ্যনরগণ সময়ে২ আপনাদের বিবেচনামতে তদ্রূপ লাইসেন্স দিতে পারিবেন ইতি।

লাইসেন্স না পাইলে তদ্রূপ কোন ব্যবসায় হইতে না পারিবার কথা।

২৯৯ ধারা। কোন ব্যক্তি লাইসেন্স না পাইযাও উক্ত কার্য্যের নিমিত্ত উক্ত কোন স্থানের ব্যবহার করিলে, তাহার পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও ঐ ব্যক্তির সেই অপরাধ নির্ণয হইলে পর আর যত দিন ঐ অপরাধ হইতে থাকে দিনপ্রতি তাহার আর পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

৩০০ ধারা। ২৮৭ কি ২৯৮ ধারামতে যে স্থানের লাইসেন্স দেওযা গেল, কিম্বা ২৯৭ ধারামতে যে স্থান রেজিষ্টরী করা গেল, তাহা প্রতিবাসিদের অনিষ্টজনক বলিযা কমিশ্যনরগণের হৃদ্বোধমতে প্রকাশ করা গেলে, তাঁহারা প্রজাকে নোটিস দিয়া ঐ নোটিসের তারিখ অবধি এক মাসের মধ্যে সেই স্থানে ঐ কার্য্য বন্দ করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

স্থলবিশেষে কুচরখানার কার্য্য ও আশঙ্কা ও দুর্গন্ধজনক ব্যবসায় কমিশ্যনরগণের রহিত করিতে পারিবার কথা।

৩০১ ধারা। ঐ মিয়াদ ফুরাইলে পর, যাহাতে প্রতিবাসিদের অনিষ্ট জন্মে কোন ব্যক্তি এমতে ঐ স্থানের ব্যবহার করিলে কি ব্যবহার হইতে দিলে, তাঁহার দুই শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ও তাঁহার ঐ অপরাধ নির্ণয হইলে পর আর যত দিন ঐ অপরাধ হইতে থাকে দিনপ্রতি তাঁহার আর এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

দ্বিতীয় পরিচ্ছেদ।—গোরস্তান ও শ্মশানের কথা।

৩০২ ধারা। প্রত্যেক গোরস্তান ও শবদাহ করিবার স্থান ও তজ্জন্যে যে ভূমির ব্যবহার হয়, কমিশ্যনরগণ উচিত বোধ করিলে, সেই২ স্থানের জরীপ করাইযা তাহা মাপ করিতে পারিবেন। ও কমিশ্যনরগণ রেজিষ্টরী করিবার যে বহী রাখেন, উক্ত প্রত্যেক গোরস্তানের, ও শবদাহ করিবার প্রত্যেক স্থানের ও তজ্জন্যে যে ভূমির ব্যবহার হয় তাহার স্বামী কিম্বা তাহা যে ব্যক্তির অধীনে থাকে তিনি সেই বহীতে সেই স্থান রেজিষ্টরী করাইবেন। স্বামী কিম্বা যাঁহার কর্ত্তৃত্ব করিবার ক্ষমতা থাকে এমত কোন ব্যক্তি না থাকিলে, কমিশ্যনরদের আজ্ঞাক্রমে ঐ স্থান রেজিষ্টরী করা যাইবে ইতি।

গোরস্তান ও শ্মশান রেজিষ্টরী করিবার কথা।

৩০৩ ধারা। ইহার পূর্ব্ব ধারায যে২ স্থানের কথা আছে, রেজিষ্টরী করা না গেলেও কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে ঐ স্থানের ব্যবহার করিলে, তাঁহার একশত

দণ্ডের কথা।

liable to a fine not exceeding one hundred rupees, and to a further fine, not exceeding seventy rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence

Penalty

**304.** Whoever knowingly buries or burns, or causes, procures, or suffers to be buried or burned, any corpse in or on any ground not registered as a burial or burning ground, shall be liable to a fine not exceeding one hundred rupees

No vault or burial or burning place henceforth to be constructed without leave of the Commissioners

**305** No vault or grave shall be made within the walls of, or underneath, any church, chapel, or other place of public worship, and no burial or burning ground, whether public or private, shall be opened, made or formed, otherwise than by, or under the authority of, the Local Government, without a license, describing the extent and boundaries thereof, previously obtained from the Commissioners in meeting, other than an ordinary meeting, who may at their discretion, from time to time, grant such license

Penalty

**306** Whosoever shall bury or burn, or cause, permit, or suffer to be buried or burned, any corpse in any vault, grave, or burial or burning ground, opened, made or formed without such license, or contrary to the terms thereof, shall be liable to a fine not exceeding five hundred rupees

Commissioners to issue certificates prohibiting the use of improper burial and burning places

**307** If the Commissioners in meeting, other than an ordinary meeting, with the sanction of the Local Government, shall certify, in manner hereinafter provided, that any burial ground or place of burial,

or that any place used for the burning of corpses, is in such a state as to be dangerous to the health of persons living in the neighbourhood thereof,

or that any church or other place of public worship is dangerous to the health of persons frequenting the same, by reason of the state of the vaults or graves within the walls of, or underneath, the same, or in any churchyard or burial ground adjacent thereto,

and shall also certify that a fitting place for interment or burning (as the case may be) exists within a convenient distance and is available,

টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও তাঁহার অপরাধ নির্ণয় হইলে পর যত দিন সেই অপরাধ হইতে থাকে দিন প্রতি তাঁহার আর সত্তর টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

৩০৪ ধারা। কবরস্থান কি শ্মশান বলিয়া যে ভূমির রেজিষ্টরী করা যায় নাই, কোন ব্যক্তি জানিয়া শুনিয়া ঐ ভূমীতে শব পুতিলে কি দাহ করিলে, কিম্বা পোতাইলে কি দাহ করাইলে, কি অন্যের দ্বারা পোতাইলে কি দাহ করাইলে, কি অন্যকে পুতিতে কি দাহ করিতে দিলে, তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

ইহার পর কমিশ্যনরগণের অনুমতি না হইলে খিলান-যুক্ত কবর কি গোরস্তান কি শ্মশান নির্ম্মাণ না হইবার কথা।

৩০৫ ধারা। নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত কমিশ্যনরগণের নিকট লাইসেন্স পাওয়া না গেলে, স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা কিম্বা গবর্ণমেণ্টের দত্ত অনুমতিক্রমে যে গোরস্তান করা যায় তাহা ছাড়া কোন চর্চের কি চ্যাপেলের কিম্বা ঈশ্বরের ভজনার্থে সাধারণের গমনীয় কোন ঘরের মধ্যে কি নীচে খিলানযুক্ত কি অন্য কবর, কিম্বা সাধারণের কি ব্যক্তিবিশেষের গোরস্তান কি শ্মশান খোলা কি প্রস্তুত করা যাইবে না। কমিশ্যনরগণ ঐ কবরস্থানের কি শ্মশানের পরিমাণ ও সীমা নির্ণয় করিয়া সময়েং আপনাদের বিবেচনামতে তদ্রূপ লাইসেন্স দিতে পারিবেন ইতি।

দণ্ডের কথা।

৩০৬ ধারা। কোন ব্যক্তি উক্ত লাইসেন্স না পাইয়া, কিম্বা পাইলেও সেই লাইসেন্সের নিয়মের বিপরীত ভাবে খিলানযুক্ত কি অন্য কবর কি কবরস্থান কি শ্মশান খুলিয়া কি প্রস্তুত কি নির্ম্মাণ করিয়া তন্মধ্যে শব পুতিলে কি দাহ করিলে কি পোতাইলে কি দাহ করিতে অনুমতি দিলে, তাঁহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

গোরস্তান কি শ্মশান অনুপযুক্ত হইলে তাহার ব্যবহার নিবারণার্থে কমিশ্যনরগণের সর্টিফিকট দিবার কথা।

৩০৭ ধারা। কোন গোরস্তানের কি কবর দিবার স্থানের, কিম্বা শবদাহ করিবার জন্যে যে স্থানের ব্যবহার হইয়া থাকে তাহার অবস্থা হেতুক আশপাশের লোকদের স্বাস্থ্যের বিঘ্ন জন্মিতে পারে,

কিম্বা কোন গির্জাঘরে কি ঈশ্বরের ভজনার্থ সাধারণের গমনীয় কোন স্থানের মধ্যে কি নীচে কিম্বা তৎসংযুক্ত কোন গোরস্তানে খিলানযুক্ত কি অন্য যে সকল কবর আছে তাহার অবস্থাপ্রযুক্ত যে ব্যক্তিরা সেইং ঘরে গিয়া থাকেন তাঁহাদের স্বাস্থ্যের বিঘ্ন জন্মিতে পারে,

নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত কমিশ্যনরগণ স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে নিম্নলিখিত বিধানমতে ইহার সর্টিফিকট দিলে,

ও সেই স্থানহইতে যুক্তিমত অনতিদূরে কবর দিবার কিম্বা বিষয়বিশেষে শবদাহ করিবার উপযুক্ত আর এক স্থান পাওয়া যাইতে পারে, এই মর্ম্মেরও সর্টিফিকট

no person shall, after a time (not less than two months) to be named in such certificate, bury or burn, or permit or suffer to be buried or burned, any corpse in, upon, within, or under the ground, church, or place of worship to which the certificate relates, except in so far as may be allowed by such certificate

দিলে, ঐ সর্টিফিকটের উল্লিখিত ভূমীতে কি গির্জাঘরে কি ঈশ্বরের ভজনার্থ স্থানে কি তাহার উপরে কি মধ্যে কি নীচে কোন ব্যক্তি ঐ সর্টিফকটের নির্দ্দিষ্ট দুই মাসের অন্যূন কোন সময়ের পর শব কবর দিবেন কি দাহ করিবেন না ও অন্য কাহাকেও কবর দিতে কি দাহ করিতে দিবেন না ও অনুমতি দিবেন না। কেবল ঐ সর্টিফিকটে যত দূর অনুমতি দেওয়া যায় তত দূর কবর দিতে কি শবদাহ করিতে পারিবেন।

Every such certificate shall be published in the *Calcutta Gazette*, and a translation thereof in Bengalee shall, in the case of a burial or burning ground, be affixed conspicuously on some part of the said ground

উক্ত প্রকারের প্রত্যেক সর্টিফিকট কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে, ঐ গোরস্তান কি শ্মশান সম্পর্কীয় সর্টিফিকট হইলে তাহার অনুবাদ ঐ ভূমীর কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে ইতি।

**308** Whoever, after due publication of such certificate, buries or burns, or causes, permits, or suffers to be buried or burned, any corpse contrary to the last preceding section, shall be liable to a fine not exceeding two hundred rupees

Penalty

৩০৮ ধারা। উক্ত প্রকারের সর্টিফিকট নিয়মিতরূপে প্রকাশ করা গেলে পর কোন ব্যক্তি এই বিধানের বিপরীতে তন্মধ্যে শব পুতিলে কি দাহ করিলে কি পোতাইলে কি দাহ করাইলে কি পুতিতে কি দাহ করিতে দিলে কি অনুমতি দিলে, তাঁহার দুই শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

**309** Notwithstanding any certificate under section three hundred and seven, where, by usage or otherwise, there is any right of interment in or under any church or chapel, or in any vault of such church or chapel, or of any churchyard, burial ground, or place of burial effected by such certificate, or where any exclusive right of interment, or any exclusive right to ground for the purpose of interment has been purchased or acquired, the Commissioners may, if, on application made to them, they are satisfied that the exercise of such right, or the use of such ground will not be injurious to health, grant a license for such exercise or use, during such time and subject to such conditions and restrictions as they may think fit

Commissioners may, in certain cases, permit interment in churches, &c

৩০৯ ধারা। ৩০৭ ধারামত কোন সর্টিফিকট দেওয়া গেলেও, যদি আচারমতে কি অন্য কারণে ঐ সর্টিফিকটের উল্লিখিত কোন গিরজা ঘরে কি তাহার নীচে কিম্বা ঐ গিরজা ঘরের কি তাহার লাগাও গোরস্তানের কি অন্য গোরস্তানের কি কবর দিবার স্থানের খিলানযুক্ত কোন কবরে শব পুতিবার অধিকার কিম্বা কবর দিবার একাধিকার থাকে কিম্বা কবর দিবার জন্যে ভূমির একাধিকার ক্রয় করা কি প্রাপ্ত হওয়া গিয়া থাকে, তবে কমিশ্যনরগণের নিকট দরখাস্ত করা গেলে, ও সেই অধিকারমত কার্য্য হইলে কিম্বা ঐ ভূমির তদ্রূপ ব্যবহার হইলেও স্বাস্থ্যের বিঘ্ন হইবে না, তাঁহারা হৃদ্বোধমতে ইহা জানিলে, যত কাল ও যে নিয়ম ও সীমা নির্ণয় করা উচিত জ্ঞান করেন, তত কাল সেই নিয়মানুসারে ঐ অধিকারমতে কার্য্য হইবার ও ঐ ভূমির তদ্রূপ ব্যবহারের লাইসেন্স দিতে পারিবেন ইতি।

কোন২ স্থলে গির্জাঘর প্রভৃতিতে কমিশ্যনরগণের কবর দিতে অনুমতি দেওনের কথা।

**310** The Commissioners in meeting, other than an ordinary meeting, may from time to time, out of the Municipal Fund, with the sanction of the Local Government, provide fitting places to be used as burial or burning grounds

Commissioners may provide places to be used as burial or burning grounds

৩১০ ধারা। নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত কমিশ্যনরগণ সময়ে২ স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি লইয়া মুনিসিপল ফণ্ডহইতে কবর দিবার কি শব দাহ করিবার উপযুক্ত স্থান নিরূপণ করিয়া দিতে পারিবেন ইতি।

গোরস্তান কি শ্মশানের জন্যে কমিশ্যনরগণের ভূমি নিরূপণ করিয়া দিবার কথা।

---

## CHAPTER XIII

### Of Markets

## ত্রয়োদশ অধ্যায়।

### বাজার বিষয়ক বিধি।

**311** The Commissioners in meeting, other than an ordinary meeting, may from time to time, if they shall think fit, with the sanction of the Local Government, provide places within the Town for the purpose of being used as Muni-

Power to Commissioners to construct markets

৩১১ ধারা। মুনিসিপল বাজার বলিয়া যে স্থানের ব্যবহার হইবে, কমিশ্যনরগণ সময়ে২ বিহিত বোধ করিলে স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি লইয়া নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত হইয়া সেই স্থান নিরূপণ করিতে পারিবেন। ও সেই বাজা-

কমিশ্যনরগণের বাজার করিবার ক্ষমতার কথা।

cipal Markets, and the Commissioners may charge such rents, tolls, and fees as to them may seem fit for the use of, or right to expose goods for sale in, such markets, and for the use of shops, stalls, and standings therein

রের ব্যবহার করিতে দিবার নিমিত্ত ও দ্রব্য সাজাইয়া বিক্রয় করিবার অধিকারের নিমিত্ত ও তন্মধ্যে দোকান ও মাচা কি দাঁড়াইবার স্থানের নিমিত্ত কমিশ্যনরগণ খাজানা কি মাসুল কি ফী বলিয়া যত টাকা লওয়া উচিত বোধ করেন লইতে পারিবেন ইতি।

Recovery of fees

312 All such rents, tolls, and fees, which shall be imposed, shall be recoverable by the Commissioners from the persons liable to pay the same, as if the amounts payable in respect thereof were rates due to the Commissioners from such persons under the provisions of Chapter VI

ফী আদায় করিবার কথা।

৩১২ ধারা। উক্ত যে খাজানা কি মাসুল কি ফী ধার্য্য হয়, তাহা কোন ব্যক্তির স্থানে পাওনা থাকিলে, ঐ ব্যক্তির স্থানে কমিশ্যনরগণের রেট পাওনা হইলে ৬ অধ্যায়ের বিধানমতে যেরূপে আদায় করিতে পারেন, ঐ খাজানা প্রভৃতিও সেইরূপে আদায় করিতে পারিবেন ইতি।

Power to Commissioners to acquire land for markets

313 The Commissioners in meeting, other than an ordinary meeting, may from time to time, if they shall think fit, with the sanction of the Local Government, acquire land by purchase, lease, or otherwise, in order to provide places within the Town for the purpose of being used as Municipal Markets, and for the like purpose may purchase or take on lease any land now used within such limits as a market, or registered as such, upon such terms, or subject to such conditions as they may consider necessary, and may appropriate any land now vested in or belonging to them, and may set out the whole or such parts thereof as they may think necessary for the purposes of such Municipal Markets, and thereupon from time to time may build and maintain such Municipal Markets and such stalls, sheds, pens, and other buildings or conveniences for the use of the persons frequenting such Municipal Markets, and for the weighing and measuring goods sold in such Municipal Markets, and on such land as aforesaid, or on other land purchased for that purpose, and may make and maintain all such roads and approaches thereto as they may think necessary, and from time to time, in addition to the bye-laws provided in Chapter XVI, may make such bye-laws as they may think fit for all or any of the following purposes —

And to make bye laws

বাজার বসাইবার নিমিত্ত কমিশ্যনরগণের ভূমি লইবার ক্ষমতার কথা।

৩১৩ ধারা। নগরের মধ্যে মুনিসিপল বাজারস্বরূপ যে স্থানের ব্যবহার হইবে, নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত কমিশ্যনরগণ সময়ে২ বিহিত বোধ করিলে এমত স্থান নিরূপণ করিয়া দিবার নিমিত্ত, স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি লইয়া, ভূমি ক্রয় করিয়া কি পাট্টা করিয়া কি অন্য প্রকারে লইতে পারিবেন, ও সেই সীমার মধ্যে এইক্ষণে বাজার বলিয়া যে ভূমির ব্যবহার হইয়া থাকে কিম্বা বাজারস্বরূপ যে ভূমি রেজিস্টরী হইয়াছে তাঁহারা সেই উদ্দেশে যে বিধি ও যে নিয়ম আবশ্যক জ্ঞান করেন তদনুসারে সেই ভূমি ক্রয় করিতে কি পাট্টা করিয়া লইতে পারিবেন, ও এইক্ষণে তাঁহাদের প্রতি যে ভূমি বর্ত্তে কি তাঁহাদের যে ভূমি আছে তাহাও ঐ কার্য্যে নিরূপণ করিতে পারিবেন, ও সেই সমুদয় ভূমি কি তাহার যে অংশ আবশ্যক বোধ করেন তাহা তদ্রূপ মুনিসিপল বাজারের উপলক্ষে নিরূপণ করিতে পারিবেন। তাহা করিলে তাঁহারা সময়ে২ ঐ২ মুনিসিপল বাজার নির্ম্মাণ ও রক্ষা করিয়া, যে২ ব্যক্তিরা সর্ব্বদাই ঐ মুনিসিপল বাজারে গিয়া থাকে মাংস মৎস্যাদি বিক্রয় করিবার ও মেষাদি রাখিবার স্থান ও অন্য২ ঘর, ও ঐ মুনিসিপল বাজারে যে২ দ্রব্য বিক্রয় হইয়া থাকে তাহার ওজন ও মাপ করিবার সুবিধাজনক উপায় করিয়া দিতে পারিবেন, ও সেই বাজারের মধ্যে কি তথায় যাইবার যে২ পথ প্রস্তুত করা আবশ্যক জ্ঞান করেন পূর্ব্বোক্ত ভূমীতে, কি অন্য ভূমী ক্রয় করিয়া সেই ভূমীতে, ঐ২ পথ প্রস্তুত করিয়া দিতে পারিবেন। ও নিম্নলিখিত সকল কি অন্যতর কার্য্যের নিমিত্ত যে উপবিধি করা উচিত জ্ঞান করেন ১৬ অধ্যায়ের বিধানমত উপবিধি ছাড়া, এই২ বিষয়ের উপবিধিও করিতে পারিবেন,—

ও উপবিধি করিবার কথা।

(a) for regulating the control and use of such markets, and the buildings, stalls, pens, and standings therein, and for preventing nuisances or obstructions therein, or in the immediate approaches thereto,

(ক) বাজারের ও তন্মধ্য ঘরের ও মাংস মৎস্যাদি বিক্রয় করিবার ও মেষাদি রাখিবার স্থানের তত্ত্বাবধারণ ও ব্যবহার হইবার, ও বাজারের মধ্যে কিম্বা বাজারে যাইবার পথে অনিষ্টজনক বা বাধাজনক কার্য্য না হইবার উপবিধি।

(b) for preventing the use therein of false or defective weights, scales, or measures,

(খ) বাজারে অপ্রকৃত কি কম ওজনের বাটখারা কি দাঁড়িপাল্লা কি মাপিবার পাত্রাদি ব্যবহার না হইবার উপবিধি।

(c) for preventing the sale, or exposure for sale therein, of unwholesome meat, fish, or provisions,

(d) for the establishment and publication of a price-current, and for prescribing the mode of sale of articles, whether by measure, weight, tale, or piece,

(e) for keeping such markets in a cleanly and proper state, and for removing filth and refuse therefrom

Power to expel persons breaking regulations

**314** The Commissioners may expel from any such Municipal Market any person who, or whose servants, may be convicted of disobeying any bye-law made under the last preceding section, and may prevent such person, by himself or his servants, further carrying on any trade or business in such market or occupying any stall or shop therein, and may determine any lease or tenure which such person may have in any such stall or shop

Power to Commissioners to sell or let markets

**315** The Commissioners in meeting, other than an ordinary meeting, may sell, or let to tenants on lease or otherwise, on such terms as they may think fit, any Municipal Market, or any part thereof, and may do all things necessary for carrying the provisions of this section into effect

Power to Commissioners to close markets, or to sell or let land formerly used as markets

**316** The Commissioners in meeting, other than an ordinary meeting may close any Municipal Market, or any part thereof, or sell, or let out to tenants, on lease or otherwise, any land heretofore used as a Municipal Market, or any part thereof, on such terms as they may think fit, and may do all things necessary for carrying the provisions of this section into effect

Power to Commissioners to carry on markets

**317** The Commissioners in meeting, other than an ordinary meeting, may out of the Municipal Fund and out of the monies borrowed under the provisions of this Act, and out of monies derived from the rents of buildings, stalls, pens, or standings in any Municipal Market, and from any fees realized from any Municipal Market, expend such sums of money as they may think necessary for the

(গ) অস্বাস্থ্যজনক মাংস কি মাচ কি অন্য আহারীয় দ্রব্য বিক্রয় না হইবার কি বিক্রয়ার্থে না সাজাইবার উপবিধি।

(ঘ) বাজারে নিরিখের ফর্দ্দ করিয়া প্রকাশ করিবার ও যেং দ্রব্য যেরূপে অর্থাৎ মাপিয়া কি তৌল করিয়া কি গণতি করিয়া কি টুকরাং করিয়া বিক্রয় হইবে তাহার উপবিধি।

(ঙ) সেই বাজার পরিষ্কার ও উপযুক্তভাবে রাখিবার ও তথাহইতে জঞ্জাল ও ওঁচলা তুলিয়া লইবার উপবিধি ইতি।

কোন ব্যক্তি বিধি না মানিলে তাঁহাকে খেদাইয়া দিবার ক্ষমতার কথা।

৩১৪ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে উপবিধি করা যায় কোন ব্যক্তি কি তাহার চাকরেরা উক্ত কোন উপবিধি ভঙ্গ করিলে ঐ ভঙ্গ করণ অপরাধ নির্ণয় হইলে, কমিশ্যনরগণ তাঁহাকে কি তাঁহাদিগকে উক্ত কোন মুনিসিপল বাজারহইতে বাহির করিয়া দিতে পারিবেন, এবং সেই ব্যক্তির কি তাহার চাকরদের ঐ বাজারে কোন বাণিজ্য ব্যবসায় করিতে কিম্বা তন্মধ্যে কোন মাচা কি দোকান রাখিতে নিবারণ করিতে পারিবেন, ও ঐ মাচার কি দোকানের পাট্টা পাইয়া থাকিলে তাহা রহিত করিতে পারিবেন ইতি।

কমিশ্যনরদের বাজার বিক্রয় করিবার কি পাট্টা করিয়া দিবার ক্ষমতার কথা।

৩১৫ ধারা। কমিশ্যনরগণ নিয়মিত সভাছাড়া অন্য সভাগত হইয়া যে নিয়ম করা উচিত বোধ করেন সেই নিয়ম করিয়া কোন মুনিসিপল বাজার কি বাজারের কোন অংশ বিক্রয় করিয়া কি প্রজাদিগকে পাট্টা করিয়া কি অন্য প্রকারে দিতে পারিবেন, এবং এই ধারার বিধান সফল করিবার জন্যে আর যেং কর্ম্ম করা আবশ্যক তাহা করিতে পারিবেন ইতি।

বাজার বন্দ করিবার কিম্বা পূর্ব্বে বাজারের মত যে জমীর ব্যবহার হইত তাহা বিক্রয় কি পাট্টা করিয়া দিতে কমিশ্যনরগণের ক্ষমতার কথা।

৩১৬ ধারা। কমিশ্যনরগণ নিয়মিত সভাছাড়া অন্য সভাগত হইয়া যে নিয়মকরা উচিত বোধ করেন সেই নিয়ম করিয়া কোন মুনিসিপল বাজার কিম্বা তাহার কোন অংশ বন্দ করিতে পারিবেন, কিম্বা মুনিসিপল বাজারের মত যে ভূমির ব্যবহার হইয়া আসিতেছে সেই ভূমি কি তাহার কোন অংশ বিক্রয় করিতে কিম্বা প্রজাদিগকে পাট্টা করিয়া কি অন্য প্রকারে দিতে পারিবেন। ও এই ধারার বিধান সফল করিবার জন্যে যাহা আবশ্যক তাহাও করিতে পারিবেন ইতি।

বাজারের কর্ম্ম চালাইতে কমিশ্যনরগণের ক্ষমতার কথা।

৩১৭ ধারা। কমিশ্যনরগণ নিয়মিত সভাছাড়া অন্য সভাগত হইয়া মুনিসিপল ফণ্ডের টাকা, এবং এই আইনের বিধানমতে কর্জ্জ করিয়া যে টাকা লন তাহা, ও কোন মুনিসিপল বাজারে যেং ঘর ও মাংস মৎস্যাদি বিক্রয় করিবার ও মেষাদি রাখিবার যেং স্থান থাকে তাহার ভাড়া বলিয়া যে টাকা তোলেন, ও কোন মুনিসিপল বাজারহইতে যে ফী আদায় হয়, তাহা লইয়া, সেই প্রকারের মুনিসিপল বাজার নির্ম্মাণ করিবার

onstruction, maintenance, and keeping such Municipal Market in repair, and for any other purpose or purposes which the Commissioners may deem necessary for establishing or carrying on the same or conducive thereto

ও তাহার খরচ পোষাইবার ও তাহা সারাইয়া রাখিবার নিমিত্ত, ও সেই বাজার দৃঢ়মতে স্থাপন করিবার কি তাহার কার্য্য চালাইবার নিমিত্ত কি তদুপযোগি অন্য যে বা যেং কার্য্য করা আবশ্যক বোধ করেন সেই কার্য্যে ঐ টাকা খরচ করিতে পারিবেন ইতি।

Power to grant licenses for markets Duration of license

318 It shall be within the discretion of the Commissioners in meeting, other than an ordinary meeting, to grant licenses for the use of any place as a market for the sale of meat, fish, fruit, and vegetables within the Town, and every such license shall be in force until the first day of January next ensuing the day therein named for the commencement thereof

বাজারের লাইসেন্স দিবার ক্ষমতার কথা। লাইসেন্সের মিয়াদের কথা।

৩১৮ ধারা। কমিশ্যনরগণ নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত হইয়া আপনাদের বিবেচনামতে নগরের মধ্যে মাংস ও মাচ ও ফল ও শাকসবজী বিক্রয় করিবার বাজারস্বরূপ কোন স্থানের ব্যবহার হইবার লাইসেন্স দিতে পারিবেন। সেই লাইসেন্স প্রবল হইবার যে তারিখ ঐ পত্রে লেখা থাকে, সেই তারিখ অবধি তৎপশ্চাৎ জানুয়ারি মাসের ১ তারিখপর্য্যন্ত তাহা প্রবল থাকিবে।

Nothing contained in this section shall be held to impose upon any person the obligation of taking out a license for a market which has been registered under section 6 of Bengal Act VIII of 1871

১৮৭১ সালের বঙ্গীয ৮ আইনের ৬ ধারামতে যে বাজার রেজিষ্টরী করা গিয়াছে, সেই বাজারের নিমিত্তে কোন ব্যক্তি লাইসেন্স লইতে যে বদ্ধ আছেন এই ধারার কোন কথায় এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

Penalty for permitting unauthorized places to be used as markets

319 Whoever wilfully or negligently permits any place within the Town (not being a market which has been registered under section 6 of Bengal Act VIII of 1871) to be used as a market for the sale of meat, fish, fruit, or vegetables, without a license under this Act, shall be liable to a fine not exceeding two hundred rupees, and to a further fine, not exceeding fifty rupees, for each day during which the said offence shall be continued after he has been convicted of such offence

অনুমতি বিনা কোন স্থানে বাজার করিবার দণ্ডের কথা।

৩১৯ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে লাইসেন্স না পাইয়া ইচ্ছাপূর্ব্বক কি মনোযোগ না থাকাতে নগরের মধ্য কোন স্থানে (১৮৭১ সালের বঙ্গীয ৮ আইনের ৬ ধারামতে রেজিষ্টরী করা বাজার ভিন্ন) মাংস ও মাচ ও শাকসবজী বিক্রয করিবার অন্য বাজার বসিতে দিলে, তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও তাঁহার সেই অপরাধ নির্ণয হইলে পর যত দিন অপরাধ করিতে থাকেন দিনপ্রতি তাঁহার আর পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

Power to close unlicensed place

320 Whenever three convictions under the provisions of the last preceding section shall have been pronounced in respect of the same place within the space of one year, it shall be lawful for any Police Magistrate of Calcutta, on the application of the Commissioners, to order such place to be closed, and thereupon to appoint persons, or otherwise take order, to prevent such place being so used, and every person who shall sell or expose for sale meat, fish, fruit, or vegetables in any place which shall have been so closed, shall be liable to a fine not exceeding ten rupees

যে স্থানের লাইসেন্স পাওয়া যায় নাই তাহা বন্দ করিবার কথা।

৩২০ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে একি বৎসরের মধ্যে একি স্থানের বিষয়ে তিন বার ঐ অপরাধ নির্ণয় হইলে, কমিশ্যনরগণের প্রার্থনামতে কলিকাতার পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেব সেই স্থান বন্দ করিবার আজ্ঞা করিতে পারিবেন, ও সেই স্থানের তদ্রূপ আর ব্যবহার না হয এই নিমিত্ত তথায লোক নিযুক্ত করিবেন কিম্বা অন্য বিধান করিবেন। ও তদ্রূপে যে স্থান বন্দ করা যায কোন ব্যক্তি সেই স্থানে মাংস কি মাচ কি ফল কি শাকসবজী বিক্রয় করিলে কি বিক্রয করিবার জন্যে সাজাইয়া রাখিলে তাহার দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

Commissioners may define ways in bazars

321 The Commissioners in meeting, other than an ordinary meeting, may define, fix and determine what portions of any market or bazar within the Town shall be thrown into, and made part of, the existing approaches, roads, paths, and ways in such market or bazar for the convenient use of persons resorting thereto, and shall signify the same by affixing or causing

বাজারে কমিশ্যনরগণের পথ নিরূপণ করিবার কথা।

৩২১ ধারা। নগরের অন্তর্গত কোন হাটে কি বাজারে যে ব্যক্তিরা গিয়া থাকেন তাঁহাদের যাইবার সুবিধার জন্যে যে রাস্তা কি পথপ্রভৃতি আছে, বাজারের কি হাটের কোন্ অংশ সেই পথপ্রভৃতির একাংশ হইবে, কিম্বা কোন্ অংশ লইয়া পথপ্রভৃতি করা যাইবে, কমিশ্যনরগণ নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত হইয়া ইহা নিরূপণ ও স্থির ও নির্ণয় করিবেন। এবং উক্ত বাজারের কি হাটের যেং অংশ

to be affixed in some conspicuous place or places in the market or bazar a notice signifying the limits and description of the parts of the said market or bazar so to be kept and used as part of the approaches, roads, paths, and ways

ঐ রাস্তা ও পথপ্রভৃতিস্বরূপে রাখা গিয়া ব্যবহার হইবে তাহার সীমার ও বর্ণনার নোটিস ঐ হাটের কি বাজারের কোন এক কি কএক প্রকাশ স্থানে লাগাইয়া দিয়া তাহা জ্ঞাত করিবেন।

Commissioners may require works to be executed

The Commissioners in meeting, other than an ordinary meeting, may, by notice in writing to the owner, proprietor, or lessee of any such market or bazar, require him within a time to be specified therein to execute the necessary works and take all necessary measures for the setting out, clearing, widening, and maintaining of the said approaches, roads, paths, and ways,

কমিশ্যনরগণের ঐ কার্য্য সম্পাদনার্থ আজ্ঞা দিতে পারিবার কথা।

কমিশ্যনরগণ নিয়মিত সভাভিন্ন অন্য সভায় অধিষ্ঠিত হইয়া ঐ হাটের কি বাজারের স্বামির কি মালিকের কি পাট্টাদারের নামে নোটিস লিখিয়া দিয়া ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ বাজারে যাইবার পথপ্রভৃতির ও তাহার অন্তর্গত রাস্তা ও পথপ্রভৃতির চিহ্ন দিয়া তাহা পরিষ্কার ও প্রশস্ত করিবার ও রাখিবার আবশ্যক সকল কর্ম্ম করিবার ও আবশ্যক অন্য সকল উপায় করিবার আজ্ঞা দিতে পারিবেন।

and may, in case of such default, by their servants and workmen, enter into and upon the said market or bazar, and clear, set out, and widen the said approaches, roads, paths, and ways, and the expenses thereby incurred shall be paid by the person on whom the notice has been served

ও তাঁহাদের সেই কার্য্যে ত্রুটি হইলে আপনাদের চাকর ও কর্ম্মকারকদের দ্বারা উক্ত হাটে কি বাজারে গিয়া কি প্রবেশ করিয়া ঐ হাটে কি বাজারে যাইবার পথ কিম্বা তাহার অন্তর্গত পথ কি রাস্তাপ্রভৃতি পরিষ্কার করিয়া তাহার চিহ্ন দিয়া পরিসর করিতে পারিবেন। ইহাতে যে খরচ লাগে যাঁহার প্রতি নোটিস দেওয়া গেল তাঁহার সেই খরচ দিতে হইবে।

Commissioners may alter approaches

The Commissioners in meeting, other than an ordinary meeting, may from time to time vary and alter the said approaches, roads, paths, and ways as occasion may require, signifying the same by a like notice

যাইবার পথ কমিশ্যনরগণের পরিবর্ত্তন করিতে পারিবার কথা।

উক্ত হাটে কি বাজারে যাইবার পথ কিম্বা তদন্তর্গত পথপ্রভৃতি কোন সময়ে পরিবর্ত্তন ও মতান্তর করার প্রযোজন থাকিলে, কমিশ্যনরগণ সময়ে২ নিয়মিত সভাভিন্ন অন্য সভায় অধিষ্ঠিত হইয়া, উক্ত প্রকারের নোটিস দ্বারা সেই কথা জানাইয়া ঐ পথপ্রভৃতি মতান্তর ও পরিবর্ত্তন করিতে পারিবেন।

Penalty

Whoever shall, after such notification, cause any obstruction or encroachment in or on any such approaches, roads, paths, or ways, shall be liable to a fine not exceeding fifty rupees, and to a further fine, not exceeding ten rupees for every day such obstruction or encroachment is continued after notice from the Commissioners to remove or discontinue the same

দণ্ডের কথা।

উক্ত নোটিস দেওয়া গেলে পর কোন ব্যক্তি ঐ হাটে কি বাজারে যাইবার পথের কিম্বা তদন্তর্গত পথপ্রভৃতির অবরোধ জন্মাইলে কি স্থান যোড়া করিলে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ও কমিশ্যনরগণ তাঁহাকে বাধাজনক ঐ দ্রব্য স্থানান্তর করিবার কি স্থান যোড়া করিয়া না রাখিবার নোটিস দিলে পর তাহা যত দিন থাকে, দিনপ্রতি তাঁহার আর দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

Minimum of penalties

322 Whenever any person who shall have been convicted of any offence under this Chapter, or against any of the bye-laws made or to be made under this Chapter in respect to markets, shall again be convicted of an offence against the same provision, the fine to be inflicted for the first of such subsequent offences shall not be less than one moiety of the maximum fine provided for such offence, and for the second and every subsequent offence shall not be less than such maximum fine

যাহাহইতে ন্যূন দণ্ড না হইবে তাহার কথা।

৩২২ ধারা। কোন ব্যক্তির এই অধ্যায়মতে কোন অপরাধ কিম্বা বাজারের বিষয়ে এই অধ্যায়মতে যে উপবিধি করা গেল কি করা যাইবে, কোন ব্যক্তির তদ্বিপরীত অপরাধ নির্ণয় হইলে পর, যদি সেই বিধানের বিপরীত তাহার দ্বিতীয়বার অপরাধ নির্ণয় হইয়া থাকে, তবে ঐ অপরাধের উচ্চতম যে দণ্ড নিরূপণ হইল, ঐ ব্যক্তির তাহার অর্দ্ধেকের ন্যূন দণ্ড হইবে না, ও তাহার পর তৃতীয়বার কি আর যতবার ঐ অপরাধ করেন ততবার তাঁহার ঐ অতি উচ্চ দণ্ডের ন্যূন দণ্ড হইবে না ইতি।

## CHAPTER XIV

### OF THE GENERAL POWERS OF THE COMMISSIONERS

### PART I.—*Of Rights of Entry*

Power to enter upon houses and land for the purposes of this Act

**323** The Commissioners shall, for the purposes of this Act, have power, by themselves or their officers, between sunrise and sunset, to enter upon any house or land, as well for the purpose of making any inspection, survey, or measurement, as for the purpose of executing any work authorized by this Act to be executed by them, without being liable to any legal proceedings or molestation whatsoever on account of such entry, or of anything done on such house or land in pursuance of this Act

Provided that, except as herein otherwise provided, the Commissioners or their officers shall not enter upon any house or land which may be occupied at the time, unless with the consent of the occupier thereof, without previously giving the said occupier twenty-four hours' notice of their intention to do so

Power to Commissioners to enter on lands adjacent to works

**324** The Commissioners, or their officers or servants, may enter upon the land of any person adjoining to, or being within the distance of one hundred yards of any works by this Act authorized to be made, for the purpose of depositing upon such land, any soil, gravel, sand lime, brick, stone, or other materials, or for any other purposes connected with the formation of the said works, without making any previous payment, tender, or deposit, doing as little damage as may be in the exercise of the several powers hereby granted to them, and making compensation for such temporary occupation of, or temporary damage to, the said land to the owner and occupier thereof from time to time, and as often as any such temporary occupation shall be taken, or such temporary damage done, and making compensation to the owner also for the permanent injury (if any) to such land,

and if any dispute shall arise touching the amount or apportionment of such compensation, the same shall be settled in the manner hereinafter provided for the settlement of disputes respecting damages and expenses

Provided that, before the Commissioners make any such temporary use as aforesaid of any land adjoining or lying near to the said works, they shall give three days' notice of such their intention to the owner and occupier of such land, and

## চতুর্দ্দশ অধ্যায়।

### কমিশ্যনরদের সাধারণ ক্ষমতাবিষয়ক বিধি।

### প্রথম পরিচ্ছেদ।—প্রবেশ করিবার অধিকারের কথা।

এই আইনের কার্য্যের নিমিত্ত ঘরে ও ভূমিতে যাইবার ক্ষমতার কথা।

৩২৩ ধারা। এই আইনের কার্য্যপক্ষে কোন বিষয় দেখিবার কিম্বা জরীপ কি মাপ করিবার জন্যে, কিম্বা এই আইনমতে কমিশ্যনরগণের যে কার্য্য করিবার অনুমতি থাকে এমত কোন কার্য্য নির্ব্বাহ করিবার জন্যে, কমিশ্যনরেরা সূর্য্যের উদয় ও অস্ত হইবার মধ্য কোন সময়ে নিজে কিম্বা তাঁহাদের কার্য্যকারকদের দ্বারা কোন ঘরে কি ভূমীতে প্রবেশ করিতে পারিবেন। তদ্রূপে প্রবেশ করাপ্রযুক্ত ও এই আইন অনুসারে সেই ঘরে কি ভূমীতে কোন কার্য্য করাপ্রযুক্ত তাঁহাদের নামে কোন মোকদ্দমা উপস্থিত করা যাইতে ও তাঁহাদের কোন কষ্ট দেওয়া যাইতে পারিবে না।

কিন্তু পশ্চাদ্ভাগে যে স্থলের বিধান হইতেছে সেই স্থল ছাড়া, যদি ঘরে কি ভূমিতে প্রজা থাকে, তবে সেই প্রজার অনুমতি না পাইলে, কমিশ্যনরগণ চব্বিশ ঘন্টা থাকিতে প্রজাকে আপনাদের প্রবেশ করিবার কল্পনার নোটিস না দিয়া আপনারা কি তাঁহাদের কার্য্যকারকেরা সেই ভূমীতে যাইবেন না ইতি।

যে ভূমীতে কোন কর্ম্ম চলিতেছে তাহার নিকট ভূমীতে কমিশ্যনরগণের যাইবার ক্ষমতার কথা।

৩২৪ ধারা। এই আইনমতে কোন কর্ম্ম করিবার অনুমতি দেওয়া গেলে, ঐ কর্ম্ম যে স্থানে চালান যাইবে কমিশ্যনরগণ কি তাঁহাদের কার্য্যকারকেরা কি চাকরেরা তাহার নিকট কিম্বা এক শত গজের মধ্যে কোন ব্যক্তির ভূমীতে প্রবেশ করিয়া মাটি, কাঁকর, বালী, চূণ, ইট, পাতরপ্রভৃতি সরঞ্জাম রাখিতে, কিম্বা সেই কর্ম্ম নির্ব্বাহ করণসম্পর্কীয় অন্য কার্য্য করিতে পারিবেন, ইহার জন্যে তাহাদের আগাম টাকা দিতে কি দিবার প্রস্তাব করিতে কি আমানৎ করিতে হইবে না। ও এতদ্দ্বারা তাঁহাদিগকে যে২ ক্ষমতা দেওয়া গেল, সেই২ ক্ষমতানুসারে কার্য্য করিয়া সাধ্যমতে হানি না করিতে চেষ্টা করিবেন, ও কএক দিনের নিমিত্ত সেই ভূমী দখল করা কিম্বা তাহার কিয়ৎকালীন হানি করাপ্রযুক্ত স্বামিকে ও প্রজাকে সময়ে২ সেই হানিপূরণ করিয়া দিবেন, ও তদ্রূপে যত বার কিয়ৎকালের নিমিত্ত কোন ভূমী দখল করা যায় কিম্বা কিয়ৎকাল তাহার হানি করা যায় ততবার সেই হানিপূরণ করিয়া দিবেন, এবং ঐ ভূমীর একেবারে হানি করিলে স্বামির সেই হানিপূরণও করিয়া দিবেন।

হানিপূরণস্বরূপ যত টাকা দিতে হইবে ও সেই টাকার মধ্যে যিনি যত পাইবেন, এই বিষয়ের বিবাদ হইলে নিম্নভাগে হানিপূরণের ও খরচার বিবাদ নিষ্পত্তি করিবার যে বিধান করা যাইতেছে সেই বিধানমতে ঐ বিবাদ নিষ্পত্তি করা যাইবে।

পরন্তু উক্ত কর্ম্ম যে স্থানে চালান যাইবে কএক দিনের নিমিত্ত পূর্ব্বোক্তমতে তাহার লাগাও কি নিকট ভূমীর ব্যবহার করিবার পূর্ব্বে চৌদ্দ দিন থাকিতে, কমিশ্যনরগণ ঐ ভূমীর স্বামিকে ও প্রজাকে আপনাদের ঐ কল্পনার নোটিস দিবেন, ও তদ্রূপে যত জমীর

shall set apart, by sufficient fences, so much of the land as shall be required to be used as aforesaid from the other land adjoining thereto

ব্যবহার করিবার প্রয়োজন থাকে তাহার লাগাও অন্য জমীহইতে পৃথক করিবার জন্যে উপযুক্ত বেড়া দিয়া তাহা ঘেরিয়া রাখিবেন ইতি।

**325** For the purpose of laying pipes or constructing aqueducts for bringing water into the town from any place without the limits thereof, or for the purpose of making sewers or drains to communicate with, or empty themselves into, any public sewer, lake, stream, canal, or water-course without the said limits, the Commissioners, their officers, and servants may, whenever a plan for laying down any such pipes or constructing any such aqueduct, sewer, or drain, shall have been approved by the Local Government, exercise, in the laying of such pipes and construction of such aqueduct, sewer, or drain throughout the line of country through which the said pipes, aqueduct, sewer, or drain, are to run, all the powers which by this Act they may exercise within the town, and which may be necessary for the laying of such pipes, or the construction of such aqueduct, sewer, or drain, without being subject to any action or molestation whatever for so doing,

*Powers to be exercised by the Commissioners when constructing drains and aqueducts without the town*

৩২৫ ধারা। নগরের সীমার বাহিরের কোন স্থান-হইতে নগরের মধ্যে জল আনাইবার নিমিত্ত নল বসাইতে কি পয়নালা করিয়া দিতে হইলে, কিম্বা ঐ সীমার বাহিরের কোন রাজকীয় নরদমার সঙ্গে কিম্বা কোন হ্রদের কি স্রোতের কি খালের কি জলপ্রণালীর সঙ্গে যোগ করিবার জন্যে, কি তন্মধ্যে জল পড়িবার জন্যে নরদমা কি পয়নালা করিতে হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট সেই নল বসাইবার কিম্বা তদ্রূপ পয়নালা কি নরদমা কি জলনালার নকুশা অনুমোদন করিলে, নগরের মধ্যে এই আইনমতে কর্ম্ম করণার্থে কমিশ্যনরগণের ও তাঁহাদের কার্য্যকারকদের ও চাকরদের যে সকল ক্ষমতা থাকে, দেশের যে২ স্থান দিয়া ঐ নল কি জলনালা কি নরদমা কি পয়নালা চলিয়া যাইবে সেই২ স্থানেও সেই নল বসাইবার ও সেই জলনালা ও নরদমা ও পয়নালা প্রস্তুত করিবার জন্যে তাঁহাদের উক্ত যে ক্ষমতামতে কার্য্য করা আবশ্যক তাঁহারা সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন, ও তাহা করাপ্রযুক্ত তাঁহাদের নামে নালিশ হইতে পারিবে না ও তাঁহাদিগকে কষ্ট দেওয়া যাইবে না।

*কমিশ্যনরগণ নগরের বাহিরে নরদমা কি পয়নালা করিলে তাঁহাদের ক্ষমতার কথা।*

and the Magistrate of any district through which the said pipes, aqueduct, sewer, or drain, are to run, may exercise, in respect thereof, the like powers and jurisdiction within the limits of his own district as a Justice of the Peace may under this Act exercise in respect of any work to be executed by the Commissioners within the town

এবং নগরের মধ্যে কমিশ্যনরগণের কোন কার্য্য করিতে হইলে, তৎসম্পর্কে শান্তিরক্ষার্থ কোন জষ্টিস এই আইনমতে যে ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন, যে মাজিষ্ট্রেট সাহেবের জিলার মধ্য দিয়া ঐ নল কি জলনালা কি নরদমা কি পয়নালা যাইবে, তিনিও তৎ-সম্পর্কে আপন জিলার সীমার মধ্যে সেই২ ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন ইতি।

**326** Whoever at any time obstructs or molests any person employed by the Commissioners (not being a public servant within the meaning of section 21 of the Indian Penal Code), or any person with whom they may have contracted under the provisions of this Act, in the performance and execution of their or his duty, or of anything which they are respectively empowered or required to do by virtue or in consequence of this Act, or removes any mark set up for the purpose of indicating any level or direction necessary to the execution of works authorized by this Act, shall be liable to a fine not exceeding two hundred rupees, or in the discretion of the Justice of the Peace before whom he is convicted, to imprisonment for any term not exceeding two months

*Penalty for obstructing persons employed by the Commissioners in their duty*

৩২৬ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২১ ধারায় রাজকীয় কার্য্যকারক শব্দের যে অর্থ করা গিয়াছে, কমিশ্যনরগণ সেই অর্থানু-যায়ি কার্য্যকারকভিন্ন যে ব্যক্তির সঙ্গে করার করিয়া থাকেন, তিনি আপনার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ কি সম্পাদন করিতেছেন, কিম্বা এই আইনের বলে কি এই আইনপ্রযুক্ত যে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হন কি আজ্ঞাপ্রাপ্ত হন সেই কর্ম্ম করিতেছেন, এমন সময়ে কোন ব্যক্তি তাঁহাকে বাধা কি কষ্ট দিলে, কিম্বা এই আইনদ্বারা যে কার্য্য করিবার অনুমতি হয়, তাহা সম্পাদন করিবার জন্যে যে মাটাম ধরা কি যে দিগ নিরূপণ করা আবশ্যক তাহা নিরূপণার্থে যে চিহ্ন দেওয়া যায়, কোন ব্যক্তি সেই চিহ্ন সরাইয়া দিলে, তাহার দুই শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। কিম্বা শান্তিরক্ষার্থ যে জষ্টিসের সম্মুখে তাহার অপরাধ নির্ণয় হয় তাঁহার বিবেচনামতে ঐ ব্যক্তির দুই মাসের অনধিককাল কারাদণ্ড হইতে পারিবে ইতি।

*কমিশ্যনরগণের কর্ম্মকারকদের কর্ম্ম করণসময়ে তাহাদের বাধা দিবার দণ্ডের কথা।*

## PART II.—*Of the Purchase and Sale of Land*

**327** The Commissioners in meeting, other than an ordinary meeting, may purchase land, whether within or without the Town, for any of the purposes of this Act, and may sell any land vested in them and not required for the purposes of this Act, or may dispose of the same on lease, and the Commissioners may receive the rent of the same on such terms as they may think fit

Commissioners may purchase, sell, and lease land for the purposes of this Act

**328** The Commissioners in meeting, other than an ordinary meeting, may from time to time pay rent for, or take on lease, on such terms as they may think fit, any land required for the purposes of this Act

Commissioners may rent and take on lease land.

**329** Any land required for the purposes of this Act may be acquired under the provisions of the Land Acquisition Act, 1870, and on payment by the Commissioners out of the Municipal Fund of the compensation payable under such Act, the land shall vest in them for the purposes of this Act

Land may be acquired under Land Acquisition Act

## PART III.—*Of Railways*

**330** The Commissioners in meeting, other than an ordinary meeting, may, upon any of the public streets in the Town or upon any land within or without the Town, which is vested in the Commissioners, construct or maintain any railway which to the Commissioners may appear to be useful or necessary for the purposes of this Act,

Power to construct railway

and use and employ upon any such railway, by them heretofore constructed or hereafter to be constructed, such locomotive engines or other moving power and such carriages and wagons to be drawn or propelled thereby,

carry and convey upon such railway all such passengers and goods as shall be offered to them for that purpose,

and make such reasonable charges in respect thereof as they may from time to time determine upon

## দ্বিতীয় পরিচ্ছেদ।—ভূমি ক্রয় বিক্রয়ের কথা।

৩২৭ ধারা। কমিশ্যনরগণ নিয়মিত সভাভিন্ন অন্য সভায় অধিষ্ঠিত হইয়া এই আইনের কোন কার্য্যের নিমিত্ত নগরের মধ্যে কি বাহিরে ভূমি ক্রয় করিতে পারিবেন, এবং এই আইনের কার্য্য পক্ষে তাঁহাদের প্রতি যে ভূমি অর্পণ করা গেল তাহার আর প্রয়োজন না থাকিলে, তাহা বিক্রয় করিতে কিম্বা পাট্টা করিয়া দিতে পারিবেন, এবং যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মমতে ঐ ভূমীর খাজানা লইতে পারিবেন ইতি।

এই আইনের কার্য্যপক্ষে কমিশ্যনরগণের ভূমি ক্রয় ও বিক্রয় করিবার ও পাট্টা করিয়া দিবার ক্ষমতার কথা।

৩২৮ ধারা। এই আইনের কার্য্যপক্ষে কোন ভূমির প্রয়োজন হইলে, কমিশ্যনরগণ নিয়মিত সভাভিন্ন অন্য সভায় অধিষ্ঠিত হইয়া সময়ে২ যে নিয়ম করা উচিত বোধ করেন সেই নিয়মমতে ঐ ভূমী খাজানা কিম্বা পাট্টা করিয়া লইতে পারিবেন ইতি।

কমিশ্যনরগণের খাজানা কি পাট্টা করিয়া ভূমী লইতে পারিবার কথা।

৩২৯ ধারা। এই আইনের কার্য্যপক্ষে ভূমির প্রয়োজন হইলে, ভূমিগ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের বিধানমতে ঐ ভূমি লওয়া যাইতে পারিবে। এবং ঐ আইনের বিধানমতে হানিপূরণের যত টাকা দেওয়া উচিত কমিশ্যনরগণ মুনিসিপাল ফণ্ডহইতে তাহা দিলে এই আইনের কার্য্যপক্ষে ঐ ভূমি তাঁহাদের প্রতি বর্ত্তিবে ইতি।

ভূমি গ্রহণার্থ আইনমতে ভূমি লওয়া যাইতে পারিবার কথা।

## তৃতীয় পরিচ্ছেদ।—রেলওয়ের কথা।

৩৩০ ধারা। কমিশ্যনরগণের বিবেচনামতে এই আইনের কার্য্যপক্ষে রেলপথ প্রস্তুত করিয়া রাখা উপকারজনক ও আবশ্যক হইলে, তাঁহারা নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত হইয়া নগরের কোন সরকারী রাস্তায়, কিম্বা নগরের মধ্যে কি বাহিরে যে ভূমী তাঁহাদের প্রতি অর্পিত হইল সেই ভূমীতে, ঐ রেলপথ প্রস্তুত করিয়া কি সারাইয়া রাখিতে পারিবেন।

রেলপথ প্রস্তুত করিবার ক্ষমতার কথা।

এবং ইহার পূর্ব্বে তাঁহারা যে রেলপথ প্রস্তুত করিয়াছেন কি পশ্চাৎ যাহা করিবেন, সেই পথ দিয়া তাঁহারা সময়ে২ গাড়ী চালাইবার যে লোকোমোটিব ইঞ্জিনের কি অন্য কলের ব্যবহার করিতে ও তদ্দ্বারা আকৃষ্ট হইবার কি ঠেলিয়া লইয়া যাইবার যে গাড়ী কি মালগাড়ী চালাইতে স্থির করেন, তাহার ব্যবহার করিতে ও তাহা চালাইতে পারিবেন।

এবং ঐ রেলপথ দিয়া যে চড়নদারেরা যাইতে চাহেন তাঁহাদিগকে ও যে মাল পাঠাইবার প্রস্তাব হয় তাহাও লইয়া যাইতে ও চালান করিতে পারিবেন,

ও তজ্জেতুক সময়ে২ সঙ্গত যত খরচ লইতে স্থির করেন তাহাও লইতে পারিবেন ইতি।

**331** The Commissioners in meeting, other than an ordinary meeting, from time to time, may enter into any contract with any person, for the passage over any railway already constructed by the Commissioners, or hereafter to be constructed by them, of the engines, wagons, or other carriages of such person, upon the payment of such tolls or rent and under such conditions and restrictions as may be mutually agreed upon

Power to permit carriages to run on railway

**332** The Commissioners in meeting, other than an ordinary meeting, may lease any railway constructed or to be constructed by them under the provisions hereinbefore contained to any person upon such terms and under such conditions and restrictions as may be mutually agreed upon, and every person to whom any such railway shall be so leased by the Commissioners shall, subject to such conditions and restrictions as aforesaid, have all such and the same powers of maintaining the same, and for using and employing thereupon locomotive engines and other moving power, and carriages and wagons to be drawn or propelled thereby, and for carrying and conveying thereupon passengers, and goods, and making charges in respect thereof, as the Commissioners would have had if such railway had not been leased

Power to lease railway

The Commissioners in meeting, other than an ordinary meeting, may, from time to time, enter into any contract with any person for the purpose of the construction of any railway within or without the Town, and for the purpose of maintaining and working of the same

### PART IV —*Of Hospitals*

**333** The Commissioners in meeting, other than an ordinary meeting, may apply such sum as to them may seem proper in or towards the maintenance and support of such hospitals for such purposes as they may think fit

Power to support hospitals

---

## CHAPTER XV

### OF THE MUNICIPAL DEBT

**334** For the construction of works of a permanent nature under this Act, the Commissioners in meeting, other than an ordinary meeting, may, with the sanction of the Local Government, from time to time, borrow by way of debenture on the security of the rates, taxes,

Power to Commissioners to borrow on the security of rates and taxes.

৩৩১ ধারা। কমিশ্যনরগণ ইতিপুর্ব্বে যে রেলপথ প্রস্তুত করিয়াছেন কি অতঃপরে যাহা প্রস্তুত করিবেন, নিয়মিতসভাভিন্ন অন্য সভাগত হইয়া অন্য ব্যক্তির কলের কি মালের গাড়ী কি অন্য গাড়ী আপনাদের সেই রেলপথ দিয়া যাইবার জন্যে সেই ব্যক্তির সঙ্গে সময়েং চুক্তি করিয়া, পরস্পর যত মাসুল কি খাজানা স্থির করেন ও যে নিয়ম ও সীমাবিষয়ক যে বিধান করেন তত মাসুল ও খাজানা লইতে ও সেই নিয়ম ও বিধান করিতে পারিবেন ইতি।

রেলওয়েয় উপর গাড়ী যাইবার অনুমতি দেওয়ার ক্ষমতার কথা।

৩৩২ ধারা। পূর্ব্বলিখিত ধারার বিধানমতে কমিশ্যনরগণ যে রেলপথ করিয়াছেন বা করিবেন, নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত হইয়া অন্যের সঙ্গে পরস্পর যে নিয়ম ও যে শর্ত্ত ও সীমা বিষয়ক যে বিধান করেন সেই নিয়ম ও বিধানানুসারে তাঁহারা ঐ অন্য ব্যক্তিকে ঐ রেলপথ পাট্টা করিয়া দিতে পারিবেন। ও কমিশ্যনরগণ ঐ রেলপথ পাট্টা করিয়া না দিলে তাঁহাদের তৎসম্পর্কে যেং ক্ষমতা থাকিত, যাঁহাকে তাঁহারা পাট্টা করিয়া দেন, পূর্ব্বোক্ত নিয়ম ও বিধান মানিয়া সেই রেলপথ সারাইয়া রাখিতে, ও তাহার উপর দিয়া কলের গাড়ী, কিম্বা গাড়ী চালাইবার বলযুক্ত অন্য কলের ব্যবহার করিতে, ও তদ্দ্বারা আকৃষ্ট হইয়া কিম্বা ঠেলিয়া লইয়া যাইবার গাড়ী ও মালের গাড়ী চালাইতে, ও চড়নদারদিগকে ও মাল লইয়া যাইতে কি চালান করিতে, ও তৎসম্পর্কীয় খরচ লইতে ঐ ব্যক্তিরও সেইং ক্ষমতা থাকিবে।

রেলপথের পাট্টা দিবার ক্ষমতার কথা।

কমিশ্যনরগণ নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত হইয়া নগরের মধ্যে কি বাহিরে কোন রেলওয়ে প্রস্তুত করিবার ও তাহা সারাইয়া রাখিবার ও তাহার কার্য্য চালাইবার জন্যে সময়েং কোন ব্যক্তির সঙ্গে চুক্তি করিতে পারিবেন ইতি।

### চতুর্থ পরিচ্ছেদ।—হাস্পাতালের কথা।

৩৩৩ ধারা। কমিশ্যনরগণ যে কার্য্যপক্ষে উচিত বোধ করেন, নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত হইয়া সেই কার্য্যের উপলক্ষে হাস্পাতালের ব্যয়পোষণে কি তৎপক্ষে যত টাকা উচিত জ্ঞান করেন তত টাকা প্রয়োগ করিতে পারিবেন ইতি।

হাস্পাতালের ব্যয়পোষণের কথা।

---

## পঞ্চদশ অধ্যায়।

### নগরীয় ঋণের কথা।

৩৩৪ ধারা। এই আইনমতে চিরস্থায়ি ভাবের যে সকল বিষয় করিতে হইবে, তাহা প্রস্তুত করিবার জন্যে কমিশ্যনরগণের যত টাকা প্রয়োজন থাকে, তাঁহারা নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত হইয়া মুনিসিপাল ফণ্ডের নিমিত্ত রেট ও টাক্স ও দাবী এলিয়, যাহা ধার্য্য ও আদায় করেন, স্থানীয়

রেট ও টাক্স জামিনী রাখিয়া ঋণ লইবার ক্ষমতার কথা।

and dues imposed and levied on account of the Municipal Fund, or of a portion of them, and at such rate of interest, and upon such terms as to the time of repayment and otherwise as the Local Government may approve, any sums of money the Commissioners may require for the objects aforesaid

গবর্ণমেণ্টের অনুমতি লইয়া তাহা কিম্বা তাহার একাংশ জামিনস্বরূপ রাখিয়া, ঋণপত্র লিখিয়া দিয়া, ও তাহার উপর স্থানীয় গবর্ণমেণ্ট সুদের যে হারে সম্মত হন ও ঐ ঋণ শোধ করিবার সময় প্রভৃতির বিষয়ে যে নিয়ম অনুমোদন করেন, তাঁহারা সেই হারে সুদ দিয়া ও সেই সময়ে শোধ করিবার নিয়ম করিয়া তত টাকা ঋণ লইতে পারিবেন ইতি।

Form of security

335 All the debentures aforesaid, issued under the authority of this Act, shall be in the form contained in the seventh schedule, and shall be transferable by endorsement, and the right to sue in respect of the monies secured by any of such debentures shall be vested in the holders thereof for the time being without any preference by reason of some of such debentures being prior in date to others

জামিনীপত্রের পাঠের কথা।

৩৩৫ ধারা। এই আইনের ক্ষমতানুসারে পূর্ব্বোক্ত যে সকল ঋণপত্র লিখিয়া দেওয়া যায়, তাহা সপ্তম তফসীলের নির্দ্দিষ্ট পাঠে লেখা যাইবে। পৃষ্ঠলিপি দ্বারা তাহা হস্তান্তর করা যাইতে পারিবে। ও উক্ত কোন ঋণপত্রে যে টাকা গচ্ছিত হয় তাহার জন্যে নালিশ করিবার যে অধিকার আছে, ঐ পত্র যৎকালে যাঁহার নিকটে থাকে, তাঁহার সেই অধিকার থাকিবে, আর কোন এক পত্রের তারিখ অন্য পত্রের তারিখের পূর্ব্ব বলিয়া তাহার অগ্রগণ্যতা মান্য যাইবে না ইতি।

Payment of monies due on old debentures by issue of fresh debentures

336 The Commissioners in meeting, other than an ordinary meeting, may at any time, with the sanction of the Local Government, raise, by the issue of new debentures, any money that may be required to pay any monies for the time being due on any debentures issued under the authority of this Act, or of any enactment hereby expressly repealed

পুরাতন ঋণপত্রের টাকা দেনা হইলে তাহা শোধ করিবার জন্যে নূতন ঋণপত্র দিবার কথা।

৩৩৬ ধারা। এই আইনের ক্ষমতানুসারে, কিম্বা এতৎক্রমে অন্য যে আইন স্পষ্টরূপে রহিত করা গেল সেই আইনের ক্ষমতানুসারে যে ঋণপত্র প্রচলিত করা যায়, সেই পত্রের ঋণ শোধ করিবার জন্যে যত টাকার প্রয়োজন থাকে, কমিশ্যনরগণ নিয়মিত সভাভিন্ন অন্য সভাগত হইয়া কোন সময়ে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া তত টাকা তুলিবার জন্যে, নূতন ঋণপত্র প্রচলিত করিতে পারিবেন ইতি।

Establishment of reserve fund

337 The Commissioners shall set aside yearly out of their annual income, before making any disbursements in respect thereof,

টাকা ন্যস্ত করিয়া রাখিবার কথা।

৩৩৭ ধারা। কমিশ্যনরদের প্রতিবৎসর যত টাকা আয় হয় তাহার কোন টাকা খরচ করিবার পূর্ব্বে তাঁহারা বৎসরং এইং কার্য্যের নিমিত্ত অর্থাৎ,—

*firstly*—such sum as may be required for the payment of the interest which may fall due on any debentures issued under the authority of this Act, or of any enactment hereby expressly repealed,

প্রথমত:—এই আইনের বলে কিম্বা এই আইনক্রমে যেং আইন স্পষ্ট করিয়া রহিত করা গেল তন্মধ্য কোন আইনের বলে যে ঋণপত্র দেওয়া যায় তাহার সুদের টাকা পৃথক রাখিবেন,

*secondly*—a sum of not less than two per cent on the total sum borrowed by the Commissioners for the purposes of any enactment hereby expressly repealed exclusive of the sum now due, or of any sum which may hereafter become due, by them to the Secretary of State for India in Council, and shall appropriate the same, so far as it is required or will extend, to repay the amount (if any) of such loans or debentures issued by them as shall fall due in the course of the year

দ্বিতীয়ত:—ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট কমিশ্যনরগণের যে টাকা দেনা আছে, কিম্বা ইহার পরে দেনা হয় তাহা ছাড়া, এই আইনমতে অন্য যে আইন স্পষ্টরূপে রহিত করা গেল সেই আইনের কার্য্যপক্ষে কমিশ্যনরগণ মোটে যত টাকা ঋণ করিয়া লইয়াছেন, ঐ ঋণের উপর শতকরা ২৲ টাকার অন্যূন পৃথক করিয়া রাখিবেন। এবং বৎসরের মধ্যে উক্ত কোন ঋণ কিম্বা আপনাদের প্রচলিত ঋণপত্রের টাকা দেনা হইলে, যত দূর প্রয়োজন হয় বা যত দূর চলে, তত দূর ঐ পৃথক করা টাকাহইতে ঐ ঋণ শোধ করিবেন।

Surplus to be invested

And they shall invest the surplus (if any) of the said sum after repayment as aforesaid, or in case there has not been any amount due or paid in respect of such loans or debentures during the year, then they shall invest the whole of the

উদ্বর্ত্ত টাকা লইয়া কোম্পানির কাগজ প্রভৃতি ক্রয় করিবার কথা।

পূর্ব্বোক্ত টাকা শোধ হইলে পর উদ্বর্ত্ত থাকিলে, কিম্বা বৎসরের মধ্যে ঐ ঋণের কি ঋণপত্রের উপর কোন টাকা দেন, না হইলে কি দেওয়া না গেলে, তাঁহারা উক্ত সকল টাকা লইয়া, যাঁহারা যৎকালে বোর্ড-

said sum in Government securities, or in any securities guaranteed by Government, or in Calcutta municipal debentures, in the names of the Secretary to the Government of Bengal in the Revenue Department and the Accountant-General of Bengal respectively for the time being, to be by them held as Trustees for the purpose of repaying at due date from time to time the several loans contracted or debentures issued by the Commissioners

And all moneys and securities now held by any Trustees for the Commissioners for the purpose of paying off any sum borrowed by them, shall be held by them upon the trusts hereinbefore declared

All interest accruing due to the Trustees shall also from time to time be invested by them in like manner and held upon the like trust

338 The Trustees shall from time to time, whenever any loans or debentures shall fall due by the Commissioners, realize the whole or a sufficient portion of the securities held by them as aforesaid, and appropriate the sale proceeds thereof, so far as the same will extend, to satisfy such loans or debentures

*Appropriation of reserve fund*

339 The Trustees shall, at the end of every year, submit a statement to the Commissioners showing the amount which has been invested during the year under section three hundred and thirty-seven, and setting forth the date of the last investment made previous thereto, and also the aggregate amount of the securities then in their hands, and the aggregate amount which has up to the date thereof been paid off in respect of the said debentures and loans

*Account of reserve fund*

Such statement shall be laid before the Commissioners and published in the *Calcutta Gazette*

---

## CHAPTER XVI

### OF BYE-LAWS

340 The Commissioners may from time to time make bye-laws, not inconsistent with the provisions of this Act, to regulate—

*Power to make bye-laws*

(*a*) all matters and things connected with the supply and use of water,

(*b*) the time and places of bathing for persons of each sex in places provided or set apart for bathing purposes;

| If more than one such carriage, then for every such carriage after the first, two-thirds of the above rate | | | | তদ্রূপ দুই কি তদধিক গাড়ি থাকিলে প্রথম গাড়িভিন্ন প্রত্যেক গাড়ির উপর ৬ টাকার তিন অংশের দুই অংশ | |
| For every two-wheeled carriage | 6 | 0 | 0 | দুই চাকার প্রত্যেক গাড়ির | ৬৲ |
| For every horse (*not a race horse*), pony, or mule .. | 6 | 0 | 0 | ঘোড় দৌড়ের ঘোড়াভিন্ন প্রত্যেক ঘোড়ার কি টাটুর কি খচরের .. | ৬৲ |
| For every race horse | 12 | 0 | 0 | ঘোড় দৌড়ের প্রত্যেক ঘোড়ার | ১২৲ |
| For every pony or mule under thirteen hands | 2 | 0 | 0 | ৪ ফুট ৪ ইঞ্চির কম উচ্চ প্রত্যেক টাটুর কি খচরের | ২৲ |

NOTE —Animals under eleven hands in height, and carriages, the wheels of which do not exceed twenty four inches in diameter, are exempted

নোট।—৪৪ ইঞ্চির ন্যূন উচ্চ টাটুর ও ছেলেদের যে গাড়ির চাকা আড়ে ২৪ ইঞ্চির অধিক না হয় তাহার টাক্স নাই।

---

## THIRD SCHEDULE

(*See Section* 75)

**LICENSE ON PROFESSIONS, TRADES, AND CALLINGS**

## তৃতীয় তফসীল।

(৭৫ ধারা দেখ।)

**বাণিজ্য ও ব্যবসায়াদির লাইসেন্স।**

| | Yearly Rs | | বৎসর। টাকা। |
|---|---|---|---|
| *Class I* | | প্রথম শ্রেণী। | |
| Every Joint Stock Company | 100 | প্রত্যেক জাইন্ট ষ্টাক কোম্পানির | ১০০৲ |
| *Class II* | | দ্বিতীয় শ্রেণী। | |
| Every merchant, banker, shroff, banian wholesale trader, and commission agent, and every practising surgeon, physician, dentist, architect, civil engineer, builder, contractor, carrying company, barrister, attorney, proctor, notary public and pleader of the High Court, | 50 | প্রত্যেক সওদাগর ও ব্যাঙ্কর ও পোদ্দার ও বণিক ও থোকে বিক্রেতা ও কমিশ্যান এজেন্ট ও স্বং কর্ম্মানুষ্ঠায়ি অস্ত্রচিকিৎসক ও চিকিৎসক ও দন্তরোগের চিকিৎসক ও গৃহনির্ম্মাতা ও সিবিল ইঞ্জিনিয়র ও গৃহনির্ম্মাতা ও কনট্রাকটর ও মাল বহনের কোম্পানি ও বারিষ্টর ও আটর্নি ও প্রকুটর ও নোটেরি পবলিক এবং হাই কোর্টের উকীল | ৫০৲ |
| Every owner or farmer of a haut or bazar .. | | হাটের কি বাজারের স্বামী কি ইজারদার | |
| Every owner of cotton, jute, hide, or other screws, and every auctioneer | | তূলার কি পাটের কি চর্ম্মের কি অন্য দ্রব্যের পেচের স্বামী, ও প্রত্যেক নীলামকারক | |
| Every hotel-keeper, boarding-house keeper, lodging-house keeper, shop-keeper, plumber, gas-fitter, manufacturer, or retail trader, whose shop or place of business is assessed under Chapter V at one hunderd rupees a month or upwards | | যাঁহার দোকানের কি কর্ম্ম স্থানের উপর ৫ অধ্যায়মতে মাসে ১০০ টাকা কি তদধিক ভাড়া ধরিয়া টাক্স ধার্য্য হইল এমত প্রত্যেক হোটেল কিপর কি বোর্ডিং হৌস কিপর কি লজিং হৌস কিপর, কি দোকানদার কি প্লুমর কি গ্যাসফিটর কি কারিগর কি খুচরা দ্রব্যের ব্যাপারি | |
| *Class III* | | তৃতীয় শ্রেণী। | |
| Every broker or dalall employed in the wholesale transfer or purchase of imports or exports, country produce, silk, or other merchandize | 25 | যে দালাল আমদানী কি রফ্তানী দ্রব্য কি দেশজাত দ্রব্য কি রেশমপ্রভৃতি বণিকদ্রব মোটে হস্তান্তর কি ক্রয়করণ কার্য্যে নিযুক্ত থাকেন তাঁহার | ২৫৲ |
| Every broker or dealer in precious stones, houses, landed property, Government securities, shares, and bills of exchange, and every freight broker | | প্রত্যেক জন দালালের অর্থাৎ যাঁহারা মণিমুক্তাদি ও গৃহাদি ও ভূসম্পত্তি ও কোম্পানির কাগজ ও শ্যার ও বিল অব এক্সচেঞ্জ লইয়া ব্যবসায় করেন, কি জাহাজে মাল রফ্তানী করিবার ভাড়ার নিয়ম করেন এমত প্রত্যেক দালালের | |

*Class III*—(Continued)

| | Yearly. Rs |
|---|---|
| Every practising licentiate of medicine, apothecary, and veterinary surgeon .. .. | 25 |
| Every owner of a dispensary, spirit or liquor shop, or shop for the sale of intoxicating drugs, and punch house, or billiard room, wholesale tobacco or jute depôt | |
| Every owner of a steam ferry boat or cargo boat . . | |
| Every hotel-keeper, boarding-house keeper, lodging house keeper, plumber, gas-fitter, carriage and horse-dealer, shop-keeper, manufacturer, or trader, whose shop or place of business is assessed under Chapter V at or above twenty-five rupees, but at less than one hundred rupees a month | |
| Every pawn-broker, money-lender, and every person having a shop or place of business registered under section two hundred and ninety-one or licensed under section two hundred and ninety-two . | |
| Every pleader, mookhtear, or law agent, not included in Class II | |

*Class IV*

| | |
|---|---|
| Every hotel-keeper, boarding and lodging-housekeeper, owner of a carriage or a palanquin let out for hire, plumber, gas-fitter, band supplier, carrier, stamp vendor, carriage or horse dealer, shop-keeper, manufacturer or trader whose shop or place of business is assessed under Chapter V at or above ten rupees but at less than twenty-five rupees a month, | 12 |
| Every keeper of a permanent stall at a daily public market or in a chowk | |
| Every poddar or money changer | |
| Every hakeem and koberaj, practising native doctor | |
| Every order supplier, cooly supplier, shipping agent, or boat supplier | |

তৃতীয় শ্রেণী—(চলিতেছে।)

| | বৎসর। টাকা। |
|---|---|
| চিকিৎসা ও ঔষধ প্রস্তুত করণের ও অশ্বাদির রোগের চিকিৎসা করণের লাইসেনশ্যাট হইয়া যে প্রত্যেক ব্যক্তি ঐ২ কর্ম্ম চালান তাঁহার | ২৫৲ |
| যে প্রত্যেক জন ঔষধের কি শরাবের কি মদের কি মাদক দ্রব্য বিক্রয় করিবার দোকান ও পঞ্চহৌস কি বিল্যার্ড রূম রাখেন কিম্বা তামাক কি পাট থোকে বিক্রয় করিবার গুদামের স্বামী হন তাঁহার .. | |
| প্রত্যেক ষ্টীম ফেরি বোটের কি ভড়ের স্বামির | |
| যাঁহার দোকানের কি কর্ম্মস্থানের উপর ৫ অধ্যায়মতে মাসে ২৫ টাকার অধিক কিন্তু ১০০৲ টাকার কম ভাড়া ধরিয়া টাক্স ধার্য্য হয় এমত প্রত্যেক হোটেল কিপর ও বোর্ডিং হৌস কিপর ও লজিং হৌস কিপর ও প্লমর ও গ্যাস-ফিটর ও গাড়ী ঘোড়ার ব্যবসায়ী ও দোকানদার ও কারিগর ও ব্যাপারি | |
| বন্ধকী দ্রব্যের প্রত্যেক মহাজন ও ঋণদাতা ও ২৯১ ধারামতে যাহার দোকানের কি কর্ম্মস্থানের রেজিষ্টরী করা কি ২৯২ ধারামতে লাইসেন্স দেওয়া গেল এমত প্রত্যেক জনের . | |
| যে উকীল কি মোক্তার কি লা এজেন্ট দ্বিতীয় শ্রেণীর মধ্যে গণ্য নহেন তাঁহার | |

চতুর্থ শ্রেণী।

| | |
|---|---|
| যাঁহারা হোটেল কি লোকদের আহার করিবার ও থাকিবার ঘর রাখেন, ও ভাড়া দিবার জন্যে গাড়ী কি পালকীর স্বামী ও প্লমর ও গ্যাস ফিটর হন ও যাঁহারা বাদ্যকর করাইয়া দেয় ও যাহারা মাল বহন করে ও ইষ্টাম্প বিক্রেতা ও গাড়ীর ও ঘোড়ার ব্যবসায়ী ও দোকানদার ও কারিগর কি ব্যাপারী হইয়া যাঁহাদের দোকানের কি কর্ম্মস্থানের ১০৲ টাকা কি তাহার অধিক কিন্তু ২৫৲ টাকার কম ভাড়া ধরিয়া ৫ অধ্যায়মতে টাক্স ধার্য্য হয় তাহার .. | ১২৲ |
| প্রতিদিনের বাজারে কি চকে যে প্রত্যেক ব্যক্তি স্থায়িরূপে মাচা রাখে তাহার | |
| প্রত্যেক পোদ্দারের . | |
| প্রত্যেক হাকিমের ও কবিরাজের ও এদেশীয় যে ডাক্তরেরা চিকিৎসা করেন তাঁহাদের | |
| যাহারা বাজার দ্রব্য যোগাইয়া দেয় কি মুটিয়া করিয়া দেয় ও শিপিং এজেন্ট কি নৌকাদি করিয়া দেয় তাহাদের . | |

*Class V*

Every keeper of a shop not included in any other Class, and every dalall not included in Class III
Every pedlar, hawker, boxwallah, and midwife } 4

*Class VI*

All itinerant dealers hawking goods for sale in baskets or trays } 1

NOTE —A person who carries on several kinds of business, and may come under more than one of the designations in this schedule, shall be chargeable only under one of such designations, at the discretion of the Commissioners, and in the case of a firm consisting of two or more persons, payment by any one of such persons shall be considered payment by the firm

---

## FOURTH SCHEDULE

(*See Section* 122)

NOTICE OF DEMAND

TAKE notice that the Commissioners of the Town of Calcutta demand from you the sum of due from* [you] as owner (or occupier) (*here describe the property or thing upon which the rate or tax is imposed*) for the months of 187 , and that if the sum due, together with for this notice, is not paid into the office of the said Commissioners at or if sufficient cause for the non-payment of the sum is not shown to the Commissioners within seven days from the service of this notice, a warrant of distress will be issued for the recovery of the same with costs

(L S) (*Signature of the Chairman, Vice-Chairman or Secretary*)

Date————

* In the case of a demand on the occupier of a house under section one hundred and twenty six, state that notice of demand has been served upon the owner, and that the sum due remains unpaid

---

## FIFTH SCHEDULE

(*See Section* 122)

DISTRESS WARRANT

*To (here insert the name of the Officer charged with the execution of the warrant)*

WHEREAS of has not paid or shown sufficient cause for the non-payment of the sum of rupees due for the rates (*or taxes*) (*or taxes and rates*) mentioned in the margin for the months of ( 187 although the said sum has been

পঞ্চম শ্রেণী।

যে প্রত্যেক দোকানদার অন্য শ্রেণীতে গণ্য নয় ও যে প্রত্যেক দালাল তৃতীয় শ্রেণীর মধ্যে গণ্য নয় তাহার
প্রত্যেক ফেরিওয়ালা ও পাইকার ও বাক্স-ওয়ালার ও ধাত্রীর } ৪৲

ষষ্ঠ শ্রেণী।

যাহারা চুপড়ি কি খুঞ্চা প্রভৃতি লইয়া ফেরি করিয়া বিক্রয় করে তাহাদের প্রত্যেক জনের ১৲

মন্তব্য।—যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত দুই কি তাহার অধিক প্রকারের ব্যবসায় করিয়া এই তফসীলের নির্দ্দিষ্ট দুই কি তদধিক নামে খ্যাত হইতে পারে তবে জষ্টিসদের বিবেচনামতে উক্ত কোন এক খ্যাতি অনুসারে তাঁহার উপর টাক্স ধার্য্য হইতে পারিবে। ব্যবসারের যে কুঠীতে দুই কি তদধিক জন অংশী থাকেন তাঁহাদের কোন এক জন ঐ টাক্স দিলে কুঠির দ্বারা টাক্স দেওয়া গেল বলিয়া বোধ হইবে।

---

চতুর্থ তফসীল।

(১২২ ধারা দেখ।)

দাওয়ার নোটিস।

(যে সম্পত্তির কি দ্রব্যের উপর রেট কি টাক্স ধার্য্য হয় তাহার বর্ণনা এই স্থানে লিখিতে হইবে) তুমি এই২ দ্রব্যের স্বামী (কি দখীলকার) হওয়াতে কলিকাতা নগরের কমিশ্যনরগণ তোমার স্থানে অমুক সালের অমুক২ মাসের নিমিত্তে পাওনা* এত টাকা দাওয়া করিতেছেন জানিবা, ও এই নোটিস তোমাকে দেওয়া গেলে পর সাত দিনের মধ্যে যদি অমুক স্থানে কমিশ্যনরগণের আফিসে সেই পাওনা টাকা এবং এই নোটিসের নিমিত্তে আর এত টাকা না দেওয়া যায়, কি না দিবার উপযুক্ত হেতু তাঁহাদের নিকটে দর্শান না যায়, তবে সেই টাকা খরচা সমেত আদায় করিবার জন্যে ক্রোকী পরওয়ানা বাহির হইবে।

মোহর (সভাপতির কি তদীয় প্রতিনিধির কি সেক্রেটরীর স্বাক্ষর।)

তারিখ

*১২৬ ধারামতে দাওয়া হইলে স্বামিকে দাওয়ার নোটিস দেওয়া গিয়াছে কিন্তু সেই পাওনা টাকা দেওয়া যায় নাই এই কথাও লিখিতে হইবে।

---

পঞ্চম তফসীল।

(১২২ ধারা দেখ।)

ক্রোকী পরওয়ানা।

(পরওয়ানা জারী করিতে যে আমলাকে দেওয়া যায় তাঁহার নাম এই স্থানে লিখিতে হইবে) সমীপেষু।

অমুক স্থানবাসি অমুকের নিকটে নিয়মিতরূপে লিখিয়া অমুক সালের অমুক২ মাসের পার্শ্বের লিখিত রেটের (কি টাকসের) (কিম্বা রেটের ও টাকসের) নিমিত্তে পাওনা এত টাকা দাওয়া হইলে ও সেই দাওয়ার নোটিস দেওয়া গেলে পর সাত দিন গত হইলেও উক্ত অমুক সেই টাকা দেন নাই, ও না দিবার উপযুক্ত

duly demanded in writing from the said and seven days have elapsed since the service of the notice of demand This to is command you to distrain the moveable property of the said (*or as the case may be any moveable property found on the premises referred to*) to the amount of the said sum of rupees, and such further sum as may be sufficient to defray the charges of taking, keeping, and selling such distress, and if within seven days next after such distress the said sum shall not be paid, together with such further sum as may be sufficient to defray the charges of taking and keeping such distress, to sell the said moveable property, and having paid and deducted out of the proceeds of the sale the said sum of rupees and the charges of taking, keeping, and selling such distress, to return the surplus, if any, on demand, to the person whom you shall find in possession of the said moveable property If sufficient distress cannot be found of the moveable property of the said , you are to certify the same to us together with this warrant

(L S) (*Signature of the Chairman, Vice-Chairman or Secretary*)

---

## SIXTH SCHEDULE

(*See Section* 123)

FORM OF INVENTORY AND NOTICE

(*State particulars of goods seized*)

TAKE notice that I have this day seized the moveable property specified in the above Inventory for the sum of rupees due for the rates (*or taxes*) mentioned in the margin, for the months of 187 , and that unless you pay into the Office of the Commissioners of the Town of Calcutta the amount due, together with the costs of this distress within seven days from the day of the date of this notice, the said property will be sold

(*Signature of the Officer executing the Warrant of Distress*)

Date———

হেতু দেখান নাই, অতএব তোমাকে এতদ্দ্বারা এই আজ্ঞা করা গেল, তুমি উক্ত অমুকের (কিম্বা বিষয় বিশেষে উল্লিখিত বাটীর মধ্যগত) উক্ত এত টাকা মূল্যের যে কোন দ্রব্য পাইতে পার তাহা ক্রোক কর, ও সেই দ্রব্য লইবার ও রাখিবার ও নিলাম করিবার খরচ শোধ করণের উপযুক্ত দ্রব্যও লও, ও তদ্রূপ ক্রোক করণের পর সাত দিনের মধ্যে যদি সেই টাকা এবং সেই দ্রব্য ক্রোক করণের ও রাখিবার উপযুক্ত খরচের টাকা না দেওয়া যায়, তবে সেই দ্রব্য ও বিষয় নিলাম কর। নিলাম করিয়া যে টাকা পাইবা তাহা-হইতে উক্ত পাওনা টাকা এবং সেই ক্রোকী দ্রব্য লইবার ও রাখিবার ও নিলাম করিবার খরচের টাকা কাটিয়া লইয়া, অবশিষ্ট যাহা থাকে উক্ত দ্রব্য ও বিষয় যাঁহার অধিকারে পাওয়া গিয়াছিল তাঁহার দাওয়ামতে তাঁহাকে দেও। ঐ টাকা যাহাতে আদায় হইতে পারে ঐ ব্যক্তির এমত অস্থাবর দ্রব্য পাইতে না পারিলে, তুমি সেই কথা লিখিয়া এই পরওয়ানার সহিত আমাদিগকে জ্ঞাত কর।

(মোহর) (সভাপতির কি তদীয় প্রতিনিধির কি সেক্রেটরীর স্বাক্ষর।)

---

## ষষ্ঠ তফসীল।

(১২৩ ধারা দেখ।)

দ্রব্যের তালিকা ও নোটিস লিখিবার পাঠ।

(যে২ দ্রব্য ক্রোক করা গেল তাহার বেওরা।)

অমুক সালের অমুক২ মাসের পার্শ্বে লিখিত রেটের (কি টাক্সের) জন্যে তোমার নিকট পাওনা এত টাকা আদায়ের নিমিত্তে আমি অদ্য উক্ত তালিকার নির্দ্দিষ্ট দ্রব্য ও বিষয় ক্রোক করিয়াছি, জানিবা। এই নোটিসের তারিখ অবধি সাত দিনের মধ্যে কলিকাতা নগরের কমিশ্যনরগণের আফিসে তোমার সেই দেনা টাকা এবং এই ক্রোক করিবার খরচ না দিলে, সেই দ্রব্য ও বিষয় নীলাম করা যাইবে।

(ক্রোকি পরওয়ানা জারীকরণীয় কার্য্যকারকের স্বাক্ষর।)

তারিখ।

**TABLE OF FEES PAYABLE IN DISTRAINTS**

(*See Section* 124)

| Sum distrained for | Fee | |
|---|---|---|
| | Rs | As |
| Under 5 Rupees | 0 | 4 |
| 5 and under 10 Rupees | 0 | 8 |
| 10 „ 15 „ | 1 | 0 |
| 15 „ 20 „ | 1 | 8 |
| 20 „ 30 „ | 2 | 0 |
| 30 „ 40 „ | 3 | 0 |
| 40 „ 50 | 4 | 0 |
| 50 „ 60 „ | 5 | 0 |
| 60 „ 70 „ | 6 | 0 |
| 70 „ 80 „ | 7 | 0 |
| 80 „ 90 „ | 8 | 0 |
| 90 „ 100 „ | 9 | 0 |
| Above 100 | 10 | 0 |

ক্রোক হইলে যে ফিস দিতে হইবে তাহার ফর্দ্দ।

(১২৪ ধারা দেখ।)

| যত টাকার নিমিত্ত ক্রোক হইলে। | যত ফী। |
|---|---|
| ৫ টাকার কম | ।০ |
| ৫ টাকা ও ১০ টাকার কম | ॥০ |
| ১০ ঐ ১৫ ঐ | ১৲ |
| ১৫ ঐ ২০ ঐ | ১॥০ |
| ২০ ঐ ৩০ ঐ | ২৲ |
| ৩০ ঐ ৪০ ঐ | ৩৲ |
| ৪০ ঐ ৫০ ঐ | ৪৲ |
| ৫০ ঐ ৬০ ঐ | ৫৲ |
| ৬০ ঐ ৭০ ঐ | ৬৲ |
| ৭০ ঐ ৮০ ঐ | ৭৲ |
| ৮০ ঐ ৯০ ঐ | ৮৲ |
| ৯০ ঐ ১০০ ঐ | ৯৲ |
| ১০০ অধিক | ১০৲ |

The above charge includes all expenses, except when peons are kept in charge of property distrained, in which case four annas must be paid daily for each man

উক্ত ফর্দ্দের মধ্যে সকল খরচ ধরা গিয়াছে। কিন্তু ক্রোক করা দ্রব্য রক্ষা করিবার জন্যে পেয়াদাদিগকে রাখিতে হইলে প্রত্যেক জনের দিন প্রতি চারি আনা লাগিবে।

---

## SEVENTH SCHEDULE

(*See Section* 335)

FORM OF DEBENTURE

The Commissioners for the Town of Calcutta

*Calcutta, the* 187

No

By virtue of the Calcutta Municipal Consolidation Act, 1876, we, the Commissioners of the Town of Calcutta incorporated under the said Act, in consideration of the sum of rupees paid to us by A B of promise to pay to the said or order the said sum of rupees after the date hereof, together with interest thereon at the rate of per centum per annum, payable half-yearly, on the day of and the day of

(*Signature of the Chairman or Vice-Chairman and two Commissioners*)

## সপ্তম তফসীল।

(৩৩৫ ধারা দেখ।)

ঋণপত্রের পাঠ।

কলিকাতা নগরের কমিশ্যনরগণ।

কলিকাতা। ১৮৭

নং।

কলিকাতার ১৮৭৬ সালের সংগৃহীত মুনিসিপল আইনের বলে কলিকাতা নগরের কমিশ্যনর আমরা উক্ত আইন অনুসারে সমাবাযিত হইযা অমুক স্থানবাসি শ্রী অমুকের স্থানে এত টাকা পাইলাম, এবিধায় অদ্যকার তারিখ অবধি এত দিনে উক্ত শ্রী অমুককে কিম্বা তাহার আজ্ঞাক্রমে অন্য ব্যক্তিকে উক্ত এত টাকা ফিরিয়া দিব, এবং ছয়২ মাসে অর্থাৎ অমুক মাসের অমুক তারিখে ও অমুক মাসের অমুক তারিখে সেই টাকার উপর বৎসর শতকরা এত টাকা হিসাবে সুদ দিব, এই প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিলাম।

(সভাপতির কি তদীয় প্রতিনিধির
এবং দুই জন কমিশ্যনরের স্বাক্ষর।)

## EIGHTH SCHEDULE

(*See Sections* 171 *and* 172)

18 BIRTHS IN THE DISTRICT OF

| No | When born | Nationality or Caste | Name if any | Sex. | Name of Father | Profession of Father | Signature description, and residence of informant. | | When registered. | Signature of Registrar |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |

## অষ্টম তফসীল।

(১৭১ ও ১৭২ ধারা দেখ।)

অমুক পল্লীতে অমুক সালের অমুক মাসে শিশুদের জন্ম।

| নম্বর। | যে দিনে জন্মে। | যে দেশের কি জাতির। | নাম থাকিলে তাহার নাম। | পুরুষ কি স্ত্রী। | পিতার নাম। | পিতার ব্যবসায়। | সম্বাদ দায়কের স্বাক্ষর ও পরিচয়ার্থ বর্ণনা ও বাসস্থান। | যে সময়ে রেজিষ্টরী হয়। | রেজিষ্টারের স্বাক্ষর। |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

## NINTH SCHEDULE

(*See Sections* 171, 172, 174 *and* 177)

18 DEATHS IN THE DISTRICT OF

| No | When died | Nationality or Caste | Name | Sex. | Age. | Profession | Cause of death | Residence at time of death | Residence previous to last illness | Signature description, and residence of informant | When registered | Signature of Registrar |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | |

## নবম তফসীল।

(১৭১, ১৭২, ১৭৪ ও ১৭৭ ধারা দেখ।)

অমুক পল্লীতে অমুক সালের অমুক মাসে মৃত্যু।

| নম্বর | যে দিনে মরে। | যে দেশের কি জাতির | নাম। | পুরুষ কি স্ত্রী। | বয়স। | ব্যবসায়। | মৃত্যুর কারণ। | মৃত্যু কালীন বাসস্থান। | চরম পীড়ার পূর্ব্ব বাসস্থান। | সংবাদ দায়কের স্বাক্ষর ও পরিচয়ার্থ বর্ণনা ও বাসস্থান। | যে সময়ে রেজিষ্টরী হয়। | রেজিষ্ট্রারের স্বাক্ষর। |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | |

## TENTH SCHEDULE

*(See Section 2)*

ACTS OF THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL IN COUNCIL

| Number and year | Subject | Extent of repeal |
|---|---|---|
| VI of 1863 | Calcutta Municipal Affairs | So much as has not been repealed |
| Sec 49 of III of 1864 | District Municipal Improvement | So far as the same applies to Suburbs and Howrah |
| VII of 1865 | Slaughter-houses | So far as the same applies to Suburbs |
| IX of 1865 | Amendment of Bengal Act VI of 1863 | The whole Act |
| VI of 1866 | Further amendment of Bengal Act VI of 1863 | So much as has not been repealed |
| I of 1867 | Explanation of Bengal Act VI of 1863 | The whole Act |
| IX of 1867 | Amendment of Bengal Act VI of 1863 and VI of 1866 | So much as has not been repealed |
| XI of 1867 | Pauper Hospital and Calcutta Police | The whole Act |
| V of 1868 | Subjecting a portion of Hastings to the Calcutta Municipal Acts | The whole Act |
| I of 1870 | Calcutta Water rate | The whole Act |
| VI of 1871 | Modifying and amending the constitution of the corporation of the Justices of the Peace for Calcutta | The whole Act |
| VIII of 1871 | Markets | So much as has not been repealed |
| I of 1872 | Extending borrowing powers of the Justices and providing for the repayment of the municipal debt | The whole Act |
| II of 1874 | Markets | The whole Act |

FREDERICK CLARKE,
*Offg Asst Secy to the Govt of Bengal,*
*Legislative Department*

দশম তফসীল।—(২ ধারা দেখ।)

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আইন।

| সাল ও নম্বর। | বিষয়। | যত দূর রহিত করা গেল। |
|---|---|---|
| ১৮৬৩ সাল ৬ আইন | কলিকাতার মুনিসিপল ব্যাপার বিষয়ক আইন | যে অংশটি পূর্ব্বে রহিত করা যায় নাই। |
| ১৮৬৪ সাল ৩ আইনের ৪৯ ধারা | মফঃসলের নগরাদির সৌষ্ঠব করণার্থ আইন | শহরতলীর ও হাবড়ার প্রতি যত দূর খাটে তত দূর। |
| ১৮৬৫ সাল ৭ আইন | কশাইখানা বিষয়ক আইন | শহরতলীর প্রতি যত দূর খাটে তত দূর। |
| ১৮৬৫ সাল ৯ আইন | ১৮৬৩ সালের বঙ্গীয় ৬ আইন সংশোধন করণার্থ আইন | সম্পূর্ণ আইন। |
| ১৮৬৬ সাল ৬ আইন | ১৮৬৩ সালের বঙ্গীয় ৬ আইন আরো সংশোধন করণার্থ আইন | যে অংশটি পূর্ব্বে রহিত করা যায় নাই। |
| ১৮৬৭ সাল ১ আইন | ১৮৬৩ সালের বঙ্গীয় ৬ আইনের অর্থ করণার্থ আইন | সম্পূর্ণ আইন। |
| ১৮৬৭ সাল ৯ আইন | ১৮৬৩ সালের বঙ্গীয় ৬ আইন ও ১৮৬৬ সালের ৬ আইন সংশোধন করিবার আইন | যে অংশটি পূর্ব্বে রহিত করা যায় নাই। |
| ১৮৬৭ সাল ১১ আইন | দরিদ্র ব্যক্তিদের হাস্পাতাল ও কলিকাতার পোলীস বিষয়ক আইন | সম্পূর্ণ আইন। |
| ১৮৬৮ সাল ৫ আইন | কুলিবাজরের একাংশ কলিকাতা মুনিসিপল আইনের অধীন করণার্থ আইন | সম্পূর্ণ আইন। |
| ১৮৭০ সাল ১ আইন | কলিকাতার জলের রেট বিষয়ক আইন | সম্পূর্ণ আইন। |

| সাল ও নম্বর। | বিষয়। | যত দূর রহিত করা গেল। |
|---|---|---|
| ১৮৭১ সাল ৬ আইন | কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিস সমাজ সংস্থাপনের নিয়ম মতান্তর ও সংশোধন করিবার আইন | সম্পূর্ণ আইন। |
| ১৮৭১ সাল ৮ আইন | বাজার বিষয়ক আইন | যে অংশটি পূর্ব্বে রহিত করা যায় নাই। |
| ১৮৭২ সাল ১ আইন | জষ্টিসদের ঋণ গ্রহণ করিবার ক্ষমতা বৃদ্ধি করণার্থ এবং মুনিসিপল ঋণ শোধ করণের বিধান করণার্থ আইন | সম্পূর্ণ আইন। |
| ১৮৭৪ সাল ২ আইন | বাজার বিষয়ক আইন | সম্পূর্ণ আইন। |

ফ্রেডরিক ক্লার্ক,
লেজিসলেটিব ডিপার্টমেন্টে বঙ্গদেশের
গবর্ণমেন্টের একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

**TUESDAY, MAY 30, 1876**

মঙ্গলবার ১৮৭৬ সাল ৩০ মে ।

## PART II

**Resolutions Orders and Notifications of the Lieutenant-Governor of Bengal**

**দ্বিতীয় খণ্ড ।**

**বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি ।**

## IMPROVEMENT OF SUBSTANTIVE LAW FOR DETERMINATION OF RENT

*Minute by the Lieutenant-Governor of Bengal, dated 18th April 1876*

I HAVE now to state what I am able to propose regarding the improvement of the substantive law of Bengal, embodied in Act X of 1859 and Act VIII of 1869, as regards the determination of the rent to be paid by the ryot to the zemindar These laws have indeed done much to establish the relations between landlord and tenant, and especially between the landlord and the occupancy ryot But they are for the most part silent on the question, how the rent is to be ascertained and determined in case of dispute And I have to consider the practicability of supplementing them by some declaration of principles whereby rent may be determined

2 Our consideration may be narrowed to the occupancy ryots, who have now become a very large section of the tenantry in Bengal, regarding the remainder who have no occupancy rights and may be called non occupancy ryots, it does not seem to be anywhere alleged that any alteration of the law is needed By occupancy ryots are meant those ryots who, under the above cited Acts, cannot be ejected so long as they pay a fair and equitable rent, which rent, in event of dispute, can be determined only by a Court of Justice

3 It may be well at the outset to call to remembrance that by section 18 of Act VIII of 1869 "no ryot having a right of occupancy shall be liable to an enhancement of the rent previously paid by him, except on some one of the following grounds —

*that* the rate of rent paid by such ryot is below the prevailing rate payable by the same class of ryots for land of a similar description, and with similar advantages, in the places adjacent,

*that* the value of the produce, or the productive powers of the land, have been increased otherwise than by the agency or at the expense of the ryot,

*that* the quantity of the land held by the ryot has been proved by measurement to be greater than the quantity for which rent has been previously paid by him "

Now this section, so far as it goes, is excellent, no man will have his rent enhanced on account of improvements which he himself has made, if he is holding land in excess of the quantity for which he is paying rent, of course he is assessed to rent on the difference, so also if he is paying at rates less than those paid by his neighbours under corresponding circumstances, he is justly liable to enhancement Still, the section leaves untouched the deeper, the broader question as to what, in reason and justice, ought to be the prevailing rate for occupancy ryots in any district or division of a district, nor is any test afforded in any part of the law for the decision of this question Yet this is the question which agitates the thoughts both of zemindar and ryot throughout the country All that can be gathered from the language of the law is that the rent is to be fair and equitable, but the question remains, as to what are the principles on which a fair and equitable rent is to be ascertained and determined

4 Thus, though the law imposes on the Courts of Justice the responsibility of determining a fair and equitable rent in case of dispute, it affords no specific rule whereby such determination may be arrived at And in practice, I understand that the courts generally try to follow a leading judgment of the High Court according to which the new rent should bear the same proportion to the present value of the produce as the old rent bore to the old value of the produce, when the said rent was last fixed, or at some subsequent period which may be taken as a starting point, or in other words, the old rent should bear to the increased rent the same proportion as the former value of the produce of the soil, calculated on an average of three or five years next before the date of the alleged rise in value, bears to its present value Without any disparagement of the wisdom and justice of that judgment so far as it goes, without at all

# খাজানা নিরূপণ করিবার মূলবিধির উৎকর্ষসাধন বিষয়ক কথা।

---

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের ১৮৭৬ সালের ১৮ আপ্রিলের অভিলেখ্য।

জমীদারকে প্রজার যে খাজানা দিতে হইবে তদ্বিষয়ে ১৮৫৯ সালের ১০ আইনে ও ১৮৬৯ সালের ৮ আইনে গৃহীত বঙ্গদেশীয় ব্যবস্থার সারাংশ উৎকৃষ্ট করণার্থ প্রস্তাব এইক্ষণে ব্যক্ত করিতে সক্ষম হইলাম। ভূম্যধিকারির ও প্রজার, বিশেষতঃ ভূম্যধিকারির ও দখলীস্বত্ববিশিষ্ট প্রজার পরস্পর সম্বন্ধ স্থাপন পক্ষে ঐ দুই আইনের অনেক কার্য্য দর্শিয়াছে। কিন্তু বিবাদ হইলে ঐ২ আইনে খাজানা নিশ্চিতমতে নিরূপণ করণের প্রায় কোন কথাই নাই। অতএব খাজানা নিরূপণ করিবার কোন মূল নিয়ম নির্দ্দেশ করিয়া ঐ২ আইনের পরিশিষ্ট বিধিস্বরূপ প্রকাশ করা যাইতে পারে কি না এই কথা আমার বিবেচ্য।

২। এইক্ষণে বঙ্গদেশস্থ অধিকাংশ প্রজা দখলীস্বত্ববিশিষ্ট, ও কেবল তাঁহাদের বিষয়ে বিবেচনা করা কর্ত্তব্য, কারণ যে প্রজাদের দখলীস্বত্ব নাই, অর্থাৎ যাঁহাদিগকে দখলীস্বত্ব বিহীন প্রজা বলা যাইতে পারে, তাঁহাদের পক্ষে খাজানার আইনের কোনরূপ পরিবর্ত্তন করার প্রয়োজনের উল্লেখ মাত্র হয় নাই। যত দিন উপযুক্ত ও ন্যায্যমতে খাজানা দেওয়া গিয়া থাকে পূর্ব্বোক্ত দুই আইনমতে যাঁহাদিগকে তত দিন উঠাইয়া দেওয়া যাইতে না পারে, ও যাঁহাদের খাজানা বিষয়ে বিবাদ হইলে কেবল দেওয়ানী আদালতে নিষ্পত্তি হইবে, দখলীস্বত্ববিশিষ্ট প্রজা শব্দে তাঁহাদিগকেই জানিতে হইবে।

৩। প্রথমেই এই কথা মনে রাখা কর্ত্তব্য যে, ১৮৬৯ সালের ৮ আইনের ১৮ ধারামতে, "যে প্রজার দখল করিবার স্বত্ব থাকে, সে পূর্ব্বে যে খাজানা দিত কেবল নিম্নলিখিত কারণে তাহার বৃদ্ধি হইতে পারিবে, অর্থাৎ

ঐ প্রজা যত খাজানা দিয়া থাকে, চারিপার্শ্বস্থ সেই প্রকারের ও ফলজনক তত্তুল্য উপায় বিশিষ্ট ভূমির নিমিত্ত সেই শ্রেণীর প্রজারা অধিক করিয়া দেয় এই কারণে,

রায়তের পরিশ্রম কিম্বা খরচ ভিন্ন শস্যের মূল্য কিম্বা ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে এই কারণে।

রায়ত পূর্ব্বে যত জমির খাজানা দিত তাহার মাপ হইয়া প্রমাণ হইল যে অধিক ভূমি ভোগ করিতেছে এই কারণে।"

এই ধারা যত দূর ব্যাপে তত দূর উত্তম বটে। কোন ব্যক্তি আপনি ভূমির উৎকর্ষ সাধন করিলে, তৎপ্রযুক্ত তাঁহার করবৃদ্ধি করা যাইতে পারিবে না। যত ভূমির কর দিয়া থাকেন তদধিক ভূমি ভোগ করিলে, পরিমাণে যে বিশেষ হয় তন্নিমিত্ত তাহার কর ধার্য্য হইবে। আরো ভূমীর গুণাদিহেতুক যে অবস্থা আছে, পার্শ্বস্থ প্রজাদের ভূমি তত্তুল্য অবস্থাপন্ন হইলেও তাঁহারা অধিক হারে কর দিলে পূর্ব্বোক্ত ভূমির প্রজারও কর ন্যায্যমতে বৃদ্ধি হইতে পারিবে। পরন্তু কোন জিলায় কি জিলার কোন খণ্ডে দখলীস্বত্ববিশিষ্ট প্রজাদের সঙ্গত ও ন্যায়মত যে হারানুসারে কর ধার্য্য করা উচিত, উক্ত ধারায় এই গুরুতর ও প্রশস্ততর কথার স্পর্শও হয় নাই, এবং হার নিদ্ধারিত হইলেও আইনের কোন অংশেই তাহার পরীক্ষা করিবার বিধি নাই। অথচ দেশের সর্ব্বত্র তাবৎ ভূম্যধিকারির ও প্রজার মনে এই কথার আন্দোলন হইতেছে। কর উপযুক্ত ও ন্যায়ানুগত হইবে এইমাত্র ঐ আইন দ্বারা জানা যাইতে পারে, কিন্তু সেই উপযুক্ত ও ন্যায়ানুগত কর যে নিয়মানুসারে নির্ণীত হইয়া স্থির করা যাইবে তাহা অব্যক্ত থাকিল।

৪। ফলতঃ বিবাদ উপস্থিত হইলে ঐ আইনমতে সেই উপযুক্ত ও ন্যায়ানুগত কর নিরূপণ করার দায় আদালতের প্রতি বর্ত্তিলেও তাহা নিরূপণ করিবার কোন স্পষ্ট বিধি নাই। অবগত হইলাম যে, কার্য্যপক্ষে প্রায় সমস্ত আদালত হাই কোর্টের একটি নিষ্পত্তি পথদর্শকজ্ঞানে তদনুসারে কার্য্য করিতে চেষ্টা করিয়া থাকেন। সেই নিষ্পত্তির মর্ম্ম এই, শেষবার কর ধার্য্য করণ সময়ে কিম্বা তৎপশ্চাৎ অন্য কোন সময়ে শস্যের মূল্য বিবেচনায় যে কর ধার্য্য হয় ভূমির বর্ত্তমান শস্যের মূল্য বিবেচনায় সেই হারানুসারে নূতন কর ধার্য্য করিতে হইবে। ইহার তাৎপর্য্য এই, যে তারিখে মূল্য বৃদ্ধি হইল কথিত হয় তৎপূর্ব্ব তিন কি পাঁচ বৎসরের গড় ধরিয়া ভূমির উৎপন্ন শস্যের মূল্যের সঙ্গে বর্ত্তমান মূল্যের যে অনুপাত আছে পুরাতন করের সঙ্গে বর্ত্তমান করের সেই অনুপাত থাকিবে। উক্ত নিষ্পত্তি যত দূর ব্যাপে তত দূর অসমীচীন বা অন্যায় বলিয়া তাহা অবমাননা না করিয়া, ও ভাবগতিক বিবেচনায় তদপেক্ষা উত্তম নিষ্পত্তি হইতে পারিত না এই বিষয়ের সন্দেহমাত্র না করিয়াও তদ্বিষয়ে আমার বক্তব্য এই যে, সেই বিধি অনুসারে পুরাতন কর মূলস্বরূপ ধরিয়া নূতন করের ন্যায্যতা স্থির করা যাইবে। কিন্তু ঐ পুরাতন করের ন্যায্যতা বিষয়ে সন্দেহ জন্মিলে, অর্থাৎ বঙ্গদেশের

doubting that it may have been the best that could have been given under the circumstances, still I must observe that, according to this ruling, the justice of the new rent must rest upon the basis of the old But what if the old rent was questionable—what if it were too high, as perhaps in some parts of Western Bengal, or too low, as perhaps in some parts of Eastern Bengal? Whatever defect may exist in the old rent is necessarily repeated in the new Again, it becomes necessary to ascertain judicially the amount and value of the produce, not only at the present time, but also at some antecedent time If such antecedent time be at all distant, as it may often prove to be, then these matters become difficult of ascertainment Further, if during the interval between that time and the present the productiveness of the land shall have changed, that is, if the land produces now, say, more or less rice than it did—rice being the most ordinary product—a question difficult of solution arises And the question becomes still more difficult if the produce itself shall have changed—that is, if land which produced rice when the rent was last fixed now produces jute, or linseed, or safflower, or other crop, a circumstance indeed which underlies many of the largest disputes in Eastern Bengal regarding the enhancement of rent In matters of this kind, the disputing parties are apt to withhold from the courts the information which they alone are capable of affording fully, and thus, by the necessities of its procedure, the court is prevented from knowing the truth The landlord in such a case may wish to induce the court to adopt some principle other than that embodied in the ruling The ryot will then stand on the defensive, and say as little as he can Thus it happens that no person can tell beforehand how the principle will work in any given case, or whether any decision can be arrived at, neither zemindars nor ryots can tell what their relative rights practically are under it, and both parties are often left in a very injurious state of uncertainty

5 Without, then, at all impugning the merits of this important ruling so far as it goes, I quite share the opinion which is held by many, to the effect that it is very desirable, if possible, to frame some better rule, and to embody it in the rent law

6 It were superfluous to dwell on the importance in Bengal of adjusting the respective shares of landlord and tenant in the produce of the land, in which matter the most essential element is the adjustment of the shares between the landlord and the occupancy ryot The landlord may think that by law and custom he has a right to some share in the increased profits of his lands which are cultivated by occupancy ryots, but what that share is, how it is to be ascertained, how it is to be realized, has not been at all settled by law The occupancy ryot may think that by law and custom he ought to have a share in the increased profits, that there ought to be a clear difference between him and a non-occupancy ryot, but what that share is, and what that difference ought to be, has been nowhere laid down by law For want of determination of these points by law, some very violent and extensive disputes have arisen between the two parties, other disputes have been with difficulty stopped by executive authority, more disputes are threatened

7 It is doubtless in part owing to the uncertainty regarding the amount of rent properly demandable that cesses continue to be levied These cesses are taken partly in lieu of rent It would of course be preferable that, after the ascertainment of the real amount of the fair and equitable rent, these should be abandoned

8 If by improvement of the law this state of things could be altered, a great benefit would be conferred on the country Whether such an improvement of the law can be effected is a question to which I will now address myself

In my Minutes of the 16th March and the 25th May 1875 were set forth the difficulties and doubts which surround our existing law respecting the determination of rent, and the want of any rules or even principles in the law for the guidance of our courts in deciding disputes regarding the amount of rent demandable, and I invited the opinions of all the principal revenue authorities in these provinces A précis of the replies received is appended to this Minute

পশ্চিমাংশের কোন২ স্থলে অতি উচ্চ হারে, ও বঙ্গদেশের পূর্ব্বাঞ্চলের কোন২ স্থলে অত্যল্প হারে কর ধার্য্য হইয়া থাকিলে, কি বলা যাইবে। ফলতঃ পুরাতন করের কোন দোষ থাকিলে নূতন করেরও অবশ্য সেই দোষ আবার উত্থিত হইবে। আরো কেবল বর্ত্তমান কালে নয় ভূতপূর্ব্ব কোন কালে যত শস্য উৎপন্ন হইত ও তাহার যে মূল্য ছিল আদালতের ইহা নির্ণয় করা আবশ্যক, কিন্তু সেই ভূতপূর্ব্বকাল দূরাতীত হইতেও পারে, তাহা হইলে সেই২ বিষয় নিশ্চিত করা সুকঠিন হইয়া উঠে। আর সেই অতীত কালের ও বর্ত্তমান কালের মধ্যে ভূমির উৎপাদিকা শক্তির পরিবর্ত্তন হইলে, যথা এতদ্দেশের ভূমিতে সচরাচর যে ধান্য হইয়া থাকে সেই অতীত কালে যত জন্মিত, এইক্ষণে তদপেক্ষা অধিক কি ন্যূন জন্মিলে, যে প্রশ্ন উত্থিত হয় তাহার উত্তর দেওয়া আরো কঠিন। আর সেই ভূতপূর্ব্ব কালে যে শস্য উৎপন্ন হইত সেই শস্যেরই পরিবর্ত্তন হইলে, যথা শেষ যে সময়ে কর ধার্য্য হইয়াছিল সেই সময়ে যদি ধান্য উৎপন্ন হইত আর এইক্ষণে যদি পাট কি তিশি কি কুসুমফুল কি অন্য ফসল হইয়া থাকে, তাহা হইলে আরো কঠিন একটি প্রশ্ন উত্থাপন হইতে পারে। বস্তুতঃ বঙ্গদেশের পূর্ব্বাঞ্চলে খাজানা বৃদ্ধির বিষয়ে অতিঘোরতর যে২ বিবাদ হইয়াছে ঐ শস্য পরিবর্ত্তনই তাহার অনেক বিবাদের মূল। এতদ্রূপ স্থলে যে বিবাদি ব্যক্তি-ভিন্ন অন্যেরা সম্পূর্ণ সন্ধান জানাইতে না পারেন, আদালতহইতে সেই বিবাদিদের সেই সন্ধান গুপ্ত রাখা সম্ভব, সুতরাং প্রণালীমতে কার্য্য করণের প্রযোজন হেতুক আদালত ঐ ব্যাপারের সত্যতা জানিতে পারেন না। এমন স্থলে ভূম্যধিকারী উক্ত বিধির অঙ্গীভূত নিয়ম ছাড়া অন্য নিয়মানুসারে আদালতের কার্য্য করিবার প্রবৃত্তি জন্মাইতে চেষ্টা করিতে পারেন। প্রজাও তৎকালে আত্মরক্ষার নিমিত্ত সাধ্যানুসারে অল্প কথা কহিবেন। এতদ্রূপে কোন মোকদ্দমায় পূর্ব্বোক্ত বিধির কিরূপ ফল জন্মিবে বা নিষ্পত্তিই হইতে পারিবে কি না তাহা কেহই অগ্রে বলিতে সক্ষম নহেন। সেই বিধি অনুসারে কার্য্যপক্ষে ভূম্যধিকারিদের ও প্রজাদের পরস্পর যে২ স্বত্ব থাকে তাহা তাঁহারাও বলিতে পারেন না ও উভয় পক্ষই হানিজনক সংশয়াপন্ন অবস্থায় থাকিয়া যান।

৫। উক্ত গুরুতর বিধি যত দূর ব্যাপে তত দূর তাহার দোষাদোষ কিছু না বলিয়া তদপেক্ষা উৎকৃষ্ট বিধি হইতে পারিলে তাহা প্রণয়ন করিয়া খাজানা বিষয়ক আইনের অঙ্গীভূত করা বিহিত, বহুতর ব্যক্তির এই অভিমতে আমার ও সম্পূর্ণ সম্মতি আছে।

৬। ভূমির উৎপন্ন শস্যের যে২ অংশ ভূম্যধিকারির ও প্রজার পাওয়া উচিত বঙ্গদেশের মধ্যে ইহা নিষ্পত্তি করা অত্যাবশ্যক বলা৲ বাহুল্য। কিন্তু ভূম্যধিকারির ও দখলীস্বত্ববিশিষ্ট প্রজার প্রাপ্য অংশ স্থির করা, এইটিই সার কথা। ভূম্যধিকারী জ্ঞান করেন যে দখলীস্বত্ববিশিষ্ট প্রজা আমার ভূমির কৃষি করেন অতএব আইন ও আচারমতে তাহার বর্দ্ধিত লাভের একাংশ আমার পাইবার স্বত্ব আছে, কিন্তু সেই অংশটি কোন্ অংশ, কি প্রকারে বা নির্ণয় করা যাইবে, কি প্রকারেই বা আদায় হইবে, এইই২ কথা আইনে স্থির করা যায় নাই। দখলীস্বত্ববিশিষ্ট প্রজাও জ্ঞান করেন যে আইন ও আচারমতে আমার বর্দ্ধিত লভ্যের অংশ আমারই পাওয়া উচিত, ও আমার ও দখলীস্বত্ব হীন প্রজার মধ্যে স্পষ্টরূপে কোন বিশেষ মানা উচিত, কিন্তু সেই কোন্ অংশ ও সেই বিশেষ কিরূপ, আইনে ইহার কিছুই ব্যক্ত হয় নাই। আইনেতে ইহার কোন কথা নির্ণয় না হওয়াপ্রযুক্ত উভয় পক্ষের মধ্যে অতি তুমুল ও বিস্তৃত বিবাদ উঠিয়াছিল, অন্য কএক বিবাদ কর্ত্তৃপক্ষদের দ্বারা অতি কষ্টে নিবারিত হইয়াছে, আরও কএক বিবাদের সম্ভাবনা আছে।

৭। উপযুক্তমতে যত টাকা কর দাওয়া হইতে পারে ইহা নিশ্চিত না থাকা মাথোট আদায়ের কারণের মধ্যে গণ্য, সন্দেহ নাই। ঐ মাথোট অংশত করের পরিবর্ত্তে লওয়া গিয়া থাকে। সুতরাং উপযুক্ত ও ন্যায়ানুগত খাজানা স্থির করা গেলে পর সেই মাথোট একবারে উঠাইয়া দেওয়াই শ্রেয়ঃ।

৮। ব্যবস্থা উৎকৃষ্ট করণ দ্বারা উক্ত অনিশ্চিতাবস্থার পরিবর্ত্তন হইলে দেশের অনেক হিত জন্মিতে পারিবে। কিন্তু আইন তদ্রূপ উৎকৃষ্ট করা যাইতে পারে কি না, এইক্ষণে এই বিষয় আমার বিবেচনীয়।

এইক্ষণকার প্রচলিত আইনে খাজানা নির্ণয় করণ বিষয়ে যে কষ্ট ও সংশয় হইয়া থাকে, ও যত টাকা খাজানার দাওয়া হইতে পারে এই বিষয়ের বিবাদ হইলে আইনেতে বিধি, দূরে থাকুক কোন মূল নিয়মেরও যে অভাব আছে, ১৮৭৫ সালের মার্চ মাসের ১৬ তারিখের ও মে মাসের ২৫ তারিখের আমার অভিলেখ্যে তাহা প্রকাশ করা গিয়াছিল। ও সেই বিষয়ে বঙ্গপ্রভৃতিদেশের রাজস্বসংক্রান্ত প্রধান২ কর্ত্তৃপক্ষদের অভিমত জানিতে চাহিলাম। তাঁহাদের নিকটে যে উত্তর পাইলাম তাহার সারাংশ এই অভিলেখ্যের নিম্নভাগে দেওয়া গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৩০ মে।]

9 Among the papers thus received, I find two passages which are specially suggestive, these are the following extracts from papers by Mr. H J Reynolds, Officiating Secretary to the Government of Bengal, and by the Honorary Secretary to the British Indian Association

10 In their letter dated the 10th March 1876, the British Indian Association say —"The majority of the present occupancy ryots having been in the position of tenants-at-will, the Committee submit that it would meet the ends of justice if an allowance were made to them in consideration of the occupancy rights conferred upon them by the legislature on the principle which has been recognised in the Oudh Rent Act Under the last-mentioned Act, the rent of the occupancy ryot is fixed at 12½ per cent less than the rent paid by the tenant-at-will The Committee, however, are of opinion that this deduction is too low They would recommend one fourth or 25 per cent A prosperous tenantry is a source of strength to the zemindar, and the Committee hold that enough ought to be allowed to the occupancy ryot to enable him to pursue his industry with reasonable satisfaction The proportion of one-fourth of the difference to the ryot, and three fourths to the zemindar, in their opinion, would be fair and equitable The Committee do not think that it will be difficult to ascertain the competitive rates as a rule Where the land is let out to a tenant-at-will by the landlord, or by the person in receipt of rent direct, it may be easily ascertained Where, however, the lands are held wholly by occupancy ryots, the competitive rate may be ascertained by reference to the rate of rent paid by "kurfa" ryots cultivating under occupancy ryots or "jotedars"

* * * * * * *

"The Committee have adopted the principle of the competitive rate, because it is a fair test of the value of land It is a sure indication of the share of the produce of the soil which the cultivating ryot usually receives, and where it is low from whatever cause, the occupancy rent, as a rule, is also low"

But they go on to say, "where the competitive rate cannot be ascertained"

* * * * * * *

"the Committee would recommend that the value of the gross produce of the land on the average of the past three years (exceptionally bad years, such as those marked by drought or inundation being excluded from calculation) be divided between the zemindar and the occupancy ryot in the proportion of one-fourth to the former and three-fourths to the latter"

11 In justice to the British Indian Association, which represents an important section among the zemindars and landowners of Bengal, I must say that their proposals are liberal, and reflect much credit on them The terms proposed refer to a tenantry partly consisting of ryots whose occupancy title rests on the fact of 12 years' possession, and they are more liberal than those conceded to the corresponding class in Oudh by Act IX of 1868, or in the Punjab by Act XXVIII of 1868, or, as I understand, in the North-Western Provinces The fact that they emanate from an association of landlords affords proof of what has been more than once stated, to the effect that a good spirit is being evinced by many of the zemindars toward the ryots Nevertheless it is probable that they will be thought by the agricultural community to be not more than just even to the occupancy ryots, and this perhaps is a proof of the advancement of the status of the ryots in Bengal

12 In his note dated 14th June 1875, Mr Reynolds writes—

"In my opinion, the fairest method would be to compare the rent paid by the occupancy ryot with the highest rent which might reasonably be expected to be paid by a tenant-at-will for the same lands, then, taking the difference between these two rentals, to deduct from it whatever sum may fairly be estimated to be due to improvements effected by the ryot himself, the remainder will then represent what I have called the unearned increment of value arising from causes independent of the ryot's agency This remainder should, I think, be equally divided between the ryot and the zemindar, for I am unable to see that one of them has any better right to it than the other."

৯। ঐ২ উত্তরের মধ্যে দুইটি পদ বিশেষমতে সুমন্ত্রণাদায়ক। বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী শ্রীযুত এচ, জে, রেনলডস সাহেবের পত্রহইতে ও ভারতবর্ষীয় সভার অবৈতনিক সেক্রেটরীর পত্রহইতে ঐ২ পদের এই চুম্বক গ্রহণ করিলাম।

১০। ভারতবর্ষীয় সভার ১৮৭৬ সালের মার্চ মাসের ১০ তারিখের পত্রে এই কথা আছে,—"এইক্ষণে যাঁহারা দখলীস্বত্ববিশিষ্ট প্রজা তাঁহাদের অধিকাংশ পূর্ব্বে ঠিকা প্রজা ছিলেন, অতএব তাঁহাদের প্রতি ব্যবস্থাপকগণদ্বারা যে দখলীস্বত্ব প্রদান করা গিয়াছে, অযোধ্যার খাজানা বিষয়ক আইনে যে নিয়ম স্বীকৃত হইল সেই নিয়মানুসারে তাঁহাদিগকে সেই স্বত্ব বিবেচনায় কর কমাইয়া দিলে এই সভার সভ্যগণের জ্ঞানে ন্যায়ানুগত কার্য্য হয়। উক্ত আইন অনুসারে, ঠিকা প্রজা যত কর দিয়া থাকেন, দখলীস্বত্ববিশিষ্ট প্রজার তদপেক্ষা শতকরা ১২।। টাকা ন্যূন কর স্থির হয়। এই সভার সভ্যগণ অল্প টাকা মাত্র বাদ যায় বলিয়া, চতুর্থাংশ অর্থাৎ শতকরা ২৫ টাকা পর্য্যন্ত ন্যূন করিবার পরামর্শ দিতেছেন। প্রজাদের উন্নতিই ভূম্যধিকারির বলবৃদ্ধি। অতএব দখলীস্বত্ববিশিষ্ট প্রজা যাহাতে সন্তরূপে সন্তুষ্ট হইয়া আপনার কার্য্য চালাইতে পারেন তাঁহাকে তত করিয়া দেওয়া উচিত, সভ্যগণের এই বিবেচনা। ঠিকা প্রজা যত দিয়া থাকেন ও দখলীস্বত্ববিশিষ্ট প্রজা যত দিবেন ইহারই যে বিশেষ, তাহার চতুর্থাংশ প্রজার ও অবশিষ্ট বারো আনা অংশ জমীদারেরই পাওয়া তাঁহাদের বিবেচনায় উপযুক্ত ও ন্যায়ানুগত। ঠিকা প্রজা কত খাজানা দেন ইহা নিরূপণ করা সচরাচর কঠিন হইবে না। ভূম্যধিকারী আপনি কিম্বা অন্য যে ব্যক্তি কর আদায় করিয়া লইয়া থাকেন তিনি পাট্টা দিলে, তাহা অনায়াসেই স্থির করা যাইতে পারে। কিন্তু সমুদয় ভূমি দখলীস্বত্ববিশিষ্ট প্রজাদের ভোগাধিকারে থাকিলে, তাঁহাদের কি যোতদারদের অধীনে যে কোপা প্রজারা চাষ করেন তাঁহারা যে হারে খাজানা দিয়া থাকেন তাহা দেখিয়া সেই খাজানা নিরূপণ হইতে পারিবে।

"ঠিকা প্রজারা যে হারে খাজানা দিয়া থাকেন সভ্যগণের সেই হার ধরিবার কারণ এই, যে তদ্দ্বারা ভূমির যথার্থ মূল্য জানা যাইতে পারে। খোদকস্তা প্রজারা ভূমির উৎপন্ন শস্যের যে অংশ সচরাচর পাইয়া থাকেন তাহা এই হার হইতেই স্পষ্ট জানা যাইতে পারিবে। যে কারণেই হউক এই হার অল্প হইলে দখলীস্বত্ববিশিষ্ট প্রজার খাজানার হারও সচরাচর অল্প হইয়া থাকে।

সভ্যেরা আরও বলেন "ঠিকা প্রজার খাজানার হার নিশ্চিতরূপে জানা না যাইতে পারিলে সভ্যগণের পরামর্শ এই যে গড় হিসাবে গত তিন বৎসরে ভূমির উৎপন্ন শস্যের মোট যত মূল্য হয় তাহা ভাগ করিয়া চতুর্থাংশ জমীদারকে ও চারিভাগের তিন ভাগ দখলীস্বত্ববিশিষ্ট প্রজাকে দেওয়া উচিত, কিন্তু অনাবৃষ্টি বা বন্যাপ্রযুক্ত যে দুর্বৎসর ঘটে তাহা এই হিসাবের মধ্যে ধরা যাইবে না।"

১১। সভার পক্ষে ন্যায় পরতন্ত্র হইয়া বলিতে হইবে, বঙ্গদেশের জমীদার ও ভূম্যধিকারি সম্প্রদায়ের অন্যতর ক্ষমতাপন্ন শ্রেণীর প্রতিনিধিস্বরূপ ভারতবর্ষীয় সভা যে প্রস্তাব করিলেন তাহা উদার ও তাঁহাদের পক্ষে অত্যন্ত প্রশংসনীয়। তাঁহাদের প্রস্তাবিত নিয়ম যে প্রজাদের সম্বন্ধে করা গেল তাঁহাদের একাংশ ব্যক্তি ১২ বৎসর ভোগ করাতেই দখলীস্বত্বের অধিকারী হইয়াছে। ১৮৬৮ সালের ৯ আইনে অযোধ্যায়, বা ১৮৬৮ সালের ২৮ আইনে পঞ্জাবে বা উত্তর পশ্চিমাঞ্চলে পূর্ব্বোক্ত প্রজা সম্বন্ধে যে সকল নিয়ম করা গিয়াছে প্রস্তাবিত নিয়মগুলি তদপেক্ষাও উদার ভাবাপন্ন। একণে জমীদারদের মধ্যে অনেকেই রাইয়তদের প্রতি সদ্ভাব প্রকাশ করিতেছেন এই যে কথা বারম্বার বলা গিয়াছে, ভূম্যধিকারিসভার পূর্ব্বোক্ত প্রস্তাবই ইহার প্রমাণস্বরূপ। পরন্তু ইহাও সম্ভব যে কৃষকশ্রেণীর লোকেরা এরূপ প্রস্তাবে দখলীস্বত্ববিশিষ্ট প্রজাদের প্রতিও ন্যায্যছাড়া যে কিছু অনুগ্রহ প্রকাশ হইতেছে এমত জ্ঞান করিবেন না। এবং বঙ্গদেশের প্রজার অবস্থার যে উন্নতি হইয়াছে ইহাই তাহার প্রমাণ জ্ঞান হইতে পারে।

১২। ১৮৭৫ সালের জুন মাসের ১৪ তারিখের লিখিত মন্তব্য কথার মধ্যে শ্রীযুত রেনলডস সাহেব লিখিয়াছেন—

"আমার মতে ন্যায়ানুগত নিয়ম এই, দখলীস্বত্ববিশিষ্ট প্রজা কোন ভূমির নিমিত্তে যে খাজানা দেন ও সেই ভূমির নিমিত্তে এক জন ঠিকা প্রজার নিকটহইতে সঙ্গতমতে অত্যুচ্চ যে খাজানা পাইবার আশা করা যাইতে পারে এই দুইয়ের তুলনা করিয়া খাজনার যে বিশেষ হয় ভূমিতে প্রজার নিজের কৃত উন্নতি হেতুক ন্যায়মত অনুমান করিয়া যে টাকা ধরা যাইতে পারে তাহা বাদ দিলে, প্রজার যত্নভিন্ন যে উন্নতি হইল ঐ অবশিষ্ট টাকাই ঐ উন্নতির নিদর্শক। ইহাকেই "অনর্জ্জিত বৃদ্ধি" কহিয়াছি। আমার বিবেচনায় ঐ বক্রী টাকা প্রজা ও জমীদারের মধ্যে সমান অংশে ভাগ করা উচিত, কারণ ইহাতে এক জনের অপেক্ষা অন্যের যে অধিকতর স্বত্ব আছে আমার এরূপ বোধ হয় না।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ৩০ মে।]

"As an example, let us suppose that a ryot, with a right of occupancy, holds 50 beegahs of land at a rental of Re 1 per beegah The land is very productive, and if it were let to a tenant-at-will, the landlord would be able to get Rs 3 a beegah for it But a part of its value is due to improvements which have been made by the tenant himself or his predecessors They have dug wells, or erected embankments, or made irrigation channels, and if it had not been for these improvements, no tenant-at-will would have given more than Rs 2-4 a beegah for the land It thus appears that out of the Rs 2 which is the difference between the two rentals, 12 annas represent the value of the tenant's improvements, and the remainder being equally divided, it follows that the landlord may equitably claim an enhancement of 10 annas a beegah"

13 It seems to be admitted on all hands that rules will hardly be needed in the law regarding the determination of the rent of the non-occupancy ryot, that may generally be left to mutual arrangement between the landlord and tenant, and to adjust itself just as prices and market rates adjust themselves. This rent rate of the non-occupancy ryot may be taken as the basis for determining the rent of the occupancy ryot The proportion borne by the number of occupancy ryots to that of non-occupancy ryots cannot be precisely stated it is probably changing from time to time as tenants go on holding for more than twelve years, and so acquire an occupancy status Certainly the number of occupancy ryots represents a very large portion—perhaps the majority—of the whole tenantry of the country Still there are quite enough non-occupancy ryots in every district under zemindars, sub-proprietors, and tenure-holders of different classes, whose rent rates will clearly indicate what the average amount of rent would be if adjusted in open market, without reference to any special rights or status which the tenant might have There may be variations in such rent, or questions whether in particular cases the rent has been augmented up to a rack-rent, or reduced for special reasons, and so on, but the average rent rates of non-occupancy ryots in each district, or part of a district, are, as I understand, well known and readily ascertainable

If, however, a Court of Justice felt doubt upon the evidence, it ought to have power to require the Collector of the district to ascertain and certify the average rate according to custom in the district or part of a district Or if doubt should still remain, then the rent of the non-occupancy ryot should be calculated at one-fourth or 25 per cent of the value of the gross produce, with a further allowance of 5 per cent to cover risks of season, or 20 per cent. on the whole

14 The adoption in Bengal of the rate of the non-occupancy ryot as a standard for measuring the rate of the occupancy ryot would have the advantage of authority on its side, because its practicability has been proved by experience, and because it has been embodied in the Rent Acts passed for the North-Western Provinces, for Oudh, and for the Punjab

15 Therefore, in disputes between the landlord and the occupancy ryot regarding the amount of rent, I would propose that the difference be ascertained between the rent of the occupancy ryot and the average rent of the non-occupancy ryots in the district, that of this difference a certain share be allotted to the occupancy ryot and the remainder to the landlord, and that the rent be adjusted accordingly, provided always that the rent of the occupancy ryot be fixed less than that of the non-occupancy ryot by 20 per cent, and that full allowance be made for the value of improvements made by, or at the expense of, the ryot But I think that, in the fixing of the share of the occupancy ryot, regard must be had to the length and the character of his possession. It will be admitted that Act X of 1859, by enacting virtually that a ryot of 12 years' standing should be held to have an occupancy status, did assign to possession of a certain limited duration, a significance not previously accorded in Bengal, there is no doubt of this, however just and proper the decision may have been, therefore the men who have thus become occupancy ryots are not of equal status with old ryots, whose ancestors may have resided on their lands for generations, though they may have occasionally submitted to alterations in their rents Of such old ryots there are very many scattered throughout the country. It seems to me probable that the zemindars will be disposed to acquiesce in large concessions to the old ryots, who are always much valued and esteemed; while they would

উদাহরণস্বরূপ বোধ করু, দখলীস্বত্ববিশিষ্ট একজন প্রজার বিঘা প্রতি ১ টাকা খাজানায় ৫০/ বিঘ ভূমী আছে। ঐ ভূমি অতিশয় উর্ব্বরা ও ঠিকা প্রজাকে খাজানা করিয়া দিলে বিঘ প্রতি জমীদার ৩৲ টাকা করিয়া পাইতে পারেন। কিন্তু সেই দখলীস্বত্ববিশিষ্ট প্রজা নিজে বা তাঁহার পূর্ব্বভোগিরা ঐ ভূমির উন্নতিসাধন করাতে তাহার মূল্য বৃদ্ধির এক কারণ। তাঁহারা কূপ খনন বা বাঁধ প্রস্তুত করিয়াছেন বা জলসেচনের নিমিত্তে খাল কাটাইয়াছেন, ও ভূমির তদ্রূপ উন্নতি না করিলে কোন ঠিকা প্রজাই বিঘা প্রতি ২।০ আনার উর্দ্ধ দিতেন না। সুতরাং দেখা যাইতেছে যে, এই দুই খাজানার বিশেষ অর্থাৎ ২৲ টাকা-হইতে প্রজাকৃত উন্নতির হেতু, ৸০ আনা বাদ দিলে ও বক্রী ১।০ টাকা সমান দুই ভাগ করিলে জমীদার ন্যায়মতে ।৷৵০ খাজানা বৃদ্ধির দাওয়া করিতে পারেন।”

১৩। দখলীস্বত্ববিহীন প্রজাদের খাজানা নিরূপণার্থ আইনে কোন বিধি করিবার বিশেষ প্রয়োজন নাই, বোধ হয় সকলেই একথা স্বীকার করেন। সচরাচর জমীদার ও প্রজা পরস্পর তদ্বিষয়ের নিয়ম করিতে পারেন ও তাহা দ্রব্যের মূল্য ও বাজার দরের মত নিরূপণ করা যাইতে পারে। দখলীস্বত্ব-বিশিষ্ট প্রজার খাজানার হার নিরূপণ করিতে গেলে দখলীস্বত্ববিহীন প্রজার খাজানার হার মূল স্বরূপ ধরা যাইতে পারিবে। দখলীস্বত্ববিশিষ্ট ও ঐ স্বত্ব বিহীন প্রজার সংখ্যার অনুপাত নিশ্চয় বলা যাইতে পারে না। প্রজারা বারো বৎসর ভোগ করিতে২ দখলীস্বত্ব পাওয়াতেই ঐ সংখ্যার সময়ে২ পরিবর্ত্তন হওয়া সম্ভব। কিন্তু এই দেশের সমগ্র প্রজার মধ্যে বহুসংখ্যক প্রজারই, এমন কি অধিকাংশেরই দখলীস্বত্ব আছে সন্দেহ নাই। তথাপি বাজার দর ধরিয়া গড়ে যে হারে খাজানা পাওয়া যাইতে পারিবে, ব্যক্তিবিশেষের প্রাপ্ত স্বত্ব কি অবস্থা না ধরিয়াও সেই হার যাহাদের দ্বারা স্পষ্টরূপে নির্ণয় হইতে পারে প্রত্যেক জিলায় ভূম্যধিকারিদের ও অধীন ভূম্যধিকারিদের ও নানা শ্রেণীর তালুকদারদের অধীন দখলীস্বত্ববিহীন এমন অনেক প্রজা এখনও আছেন। ঐ খাজানার ইতরবিশেষও থাকিতে পারে, ও স্থলবিশেষে অতি উর্দ্ধ হারে খাজানা ধরা যায় কি না ও কারণবিশেষে তাহা অতি অল্প করিয়া ধরা গিয়াছে কি না ইত্যাদি অনেক কথা উত্থাপন হইতে পারিলেও, প্রত্যেক জিলায় ও জিলার প্রত্যেক খণ্ডে খাজানার হার উত্তমরূপে জানা আছে কিম্বা অনায়াসে নির্ণয় করা যাইতে পারে, এমত অবগত হইলাম।

কিন্তু আদালতের সম্মুখে যে প্রমাণ উপস্থিত করা যায় তদৃষ্টেও আদালতের সন্দেহ থাকিলে, জিলার মধ্যে কিম্বা জিলার কোন অংশের মধ্যে যে হারে খাজানা দিবার প্রথা চলিতেছে জিলার কালেক্টর সাহেবের প্রতি তাহা নির্ণয় করিয়া সংশিতমতে জানাইবার আদেশ করিবার ক্ষমতা ঐ আদালতের প্রতি অর্পণ করা উচিত। তাহাতেও সন্দেহ ভঞ্জন না হইলে দখলীস্বত্ববিহীন প্রজার খাজানা বলিয়া মোট উৎপন্ন শস্যের চতুর্থাংশ অর্থাৎ শতকরা ২৫৲ টাকা ধরিতে হইবে ও দুঃসময় বশতঃ ক্ষতি হইবার সম্ভাবনা বলিয়া শতকরা আর ৫৲ টাকা বাদ দিয়া ২০৲ টাকা হার নিরূপণ করা যাইতে পারিবে।

১৪। বঙ্গদেশের মধ্যে দখলীস্বত্ববিহীন প্রজার খাজানা কষ্টিস্বরূপ ধরিয়া, তদনুসারে দখলীস্বত্ব-বিশিষ্ট প্রজার খাজানার হার ধরিলে এই উপকার হয় যে, তৎপক্ষে উপযুক্ত ক্ষমতাপন্ন ব্যক্তিদের সম্মতি আছে, কারণ তাহা যে হইতে পারে কার্য্যানুশীলনক্রমে ইহার প্রমাণ হইল, এবং উত্তর পশ্চিম দেশে ও পঞ্জাব ও অযোধ্যা দেশে খাজানাবিষয়ক যে আইন প্রচলিত আছে তন্মধ্যে সেই বিধানটী গৃহীত হইয়াছে।

১৫। অতএব যত টাকা খাজানা দিতে হইবে এই বিষয়ে জমীদার ও দখলীস্বত্ববিশিষ্ট প্রজার মধ্যে বিবাদ হইলে আমার প্রস্তাব এই, ঐ জিলার দখলীস্বত্ববিহীন প্রজার খাজানার হারের গড় ও ঐ স্বত্ববিশিষ্ট প্রজার খাজানার বিশেষ নিরূপণ করা যায় এবং এই বিশেষের নির্দ্দিষ্ট অংশ দখলী-স্বত্ববিশিষ্ট প্রজাকে ও বক্রী অংশ জমীদারকে দিয়া তদনুসারে খাজানা নিরূপণ করা যায়। পরন্তু দখলীস্বত্ববিশিষ্ট প্রজার খাজানা ঐ স্বত্ব বিহীন প্রজার খাজানার অপেক্ষা সর্ব্বদাই শতকরা ২০৲ টাকা পর্য্যন্ত কম করিয়া ধার্য্য করিতে হইবে ও ঐ প্রজার ব্যয়ে বা তৎকর্ত্তৃক যে উন্নতি সাধন হইয়া থাকে তাহারও সম্পূর্ণ মূল্য ধরা উচিত। কিন্তু আমার বিবেচনায় দখলীস্বত্ববিশিষ্ট প্রজার অংশ নিরূপণ করিতে গেলে তিনি কতকাল ও কি প্রকারে দখল করিলেন ইহারও বিচার করা কর্ত্তব্য। বারো বৎসরের প্রজা অধিকারিত্বস্বত্বপ্রাপ্ত বলিয়া জ্ঞান হইবে, ১৮৫৯ সালের ১০ আইনে বাস্তবে এই বিধান থাকাতে, বঙ্গদেশে নির্দ্দিষ্টকালের নিমিত্তে দখল করার পক্ষে যে গুরুত্ব পূর্ব্বে অর্পণ হয় নাই এমত গুরুত্ব অর্পণ হইয়াছে ইহা সকলেই স্বীকার করিবেন ও ঐ নিষ্পত্তি যত ন্যায্য ও উপযুক্ত হউক তদ্বিষয়ের সন্দেহমাত্র নাই। অতএব পুরাতন যে প্রজাদের পূর্ব্বপুরুষেরা সময়ে২ খাজানা পরিবর্ত্তন স্বীকার করিয়া পুরুষানুক্রমে ঐ ভূমিতে বাস করিতেন তাঁহাদের যে স্থিতি ছিল, পূর্ব্বোক্ত বিধানমতে যাঁহারা দখলীস্বত্ববিশিষ্ট প্রজা হইলেন তাঁহাদের তত্তুল্য স্থিতি নাই। ঐ পুরাতন প্রজাদের অনেকেই দেশের স্থানে২ আছেন। ভূম্যধিকারিরাও সর্ব্বদাই তাঁহাদের অনেক আদর ও সম্ভ্রম করিয়া থাকেন, অতএব বোধ করি, তাঁহাদের পক্ষে খাজানা কম করিবার প্রস্তাবের অনেকাংশে

look more closely into the terms allowed to those who have become occupancy ryots in virtue of 12 years' standing under Act X of 1859.

16 I would thus propose to take a standing of twenty years as now comprising most, though not all, of those who became occupancy ryots under the operation of Act X of 1859, and allow certain terms to them, and then allow more and more favorable terms to the ryots of thirty years and forty years' standing respectively

With the proviso, then, that the rent of the occupancy ryot should always be less than that of the non-occupancy ryot by 20 per cent, and that full allowance be made for value of improvements made by, or at the expense of, the ryot, I propose that, in the event of dispute between the landlord and the occupancy ryot, the difference be ascertained between the rent paid by such occupancy ryot and the average rent paid by non-occupancy ryots in the district, or part of the district, and that the said occupancy ryot then be allowed—

one-fifth of the said difference if he be of twenty years' standing,
one-third, if he be of thirty years' standing,
two-thirds, if he be of forty years' standing,

In other words (always with the above-mentioned proviso) his rent could not be enhanced—

beyond 80 per cent of the difference if he were of twenty years' standing,
beyond 66 per cent, if he were of thirty years' standing,
beyond 33 per cent, if he were of forty years' standing

17 One or two instances may be given of the working of the above proposal Let it be supposed that the average rent rate of non-occupancy ryots in a particular district amounts to 3 Rs a beegah, and in a disputed case an occupancy ryot is paying only Rs 1-8, the difference being Rs 1-8 or twenty-four annas If the occupancy ryot were of twenty years' standing, his rent might be enhanced by four-fifths of the twenty-four annas, or nineteen annas, if of thirty years' standing by two-thirds or sixteen annas, if of forty years' standing by one third or eight annas

Now the men who were enhanced by nineteen and by sixteen annas would be assessed to Rs 1-8 + 19 annas or Rs 2-11, and Rs 1-8 + 16 annas or Rs 2-8 But there is the proviso that a margin of 20 per cent must be left below the 3 Rs in favour of the occupancy ryot or 9½ annas, so that this rent could not exceed Rs 2-6½ In both these cases then the award would be reduced from Rs 2-11 and Rs 2-8 to Rs 2-6½

Or let it be supposed that the average rent rate of non-occupancy ryots amounts to Rs 2 per beegah, and an occupancy ryot is paying only 14 annas, the difference being 18 annas. If he be of twenty years' standing his rent might be enhanced by 14⅓ annas, or up to 14 + 14⅓, or Rs 1-12⅓, but the proviso would reduce the award to 20 per cent below Rs 2, or to Rs 1-9½ If he were of 40 years' standing his rent might be enhanced by 6 annas (one-third of 18 annas), that is up to 14 + 6 annas, or Rs 1-4

Again, if the rate for non-occupancy ryots be Rs 3, then, if an occupancy ryot is paying Rs 2-6½, his rent cannot be enhanced, if it be Rs 2, then, if the occupancy ryot be paying Rs 1-9½, his rent cannot be enhanced

18 It is not proposed that these rules should affect those ryots who come under section 4 of Act VIII of 1869, which lays down that if the rent at which land has been held by a ryot has not been changed for a period of twenty years before the commencement of the suit, it shall be presumed that the land has been held at that rent from the time of the permanent settlement, unless the contrary be shewn, or unless it be proved that such rent was fixed at some later period

19 I have endeavoured to propose these rules in a manner that shall be just both to the zemindar and to the occupancy ryot As regards the zemindar, they define his share in the increased profits of the land and in the "unearned increment"—a share to which he is admitted to be entitled, but which is at present so indefinite as to be almost impossible of realization As regards the occupancy ryot, they formally recognise by law the principle that he is entitled to a definite share in the profits of the land to which his labour is devoted—a principle which is probably acknowledged indirectly, but which operates in a

সম্মত হইতে পারেন, কিন্তু যাঁহারা ১৮৫৯ সালের ১০ আইনমতে দ্বাদশ বৎসর ভোগ করিয়া দখলীস্বত্ব-বিশিষ্ট হইয়াছেন, তাঁহাদের পক্ষে যে নিয়ম করিতে হইবে তদ্বিষয়ে ভূম্যধিকারিদের বিশেষ সতর্কতা থাকিতে পারে।

১৬। যাঁহারা ১৮৫৯ সালের ১০ আইনের কার্য্যক্রমে দখলীস্বত্ব প্রাপ্ত হইলেন তাঁহাদের সমুদায় না হউক অধিকাংশই বিশ বৎসরাবধি ভোগ করিতেছেন বলিয়া ধরিলাম এবং তাঁহাদের সম্বন্ধে কতকগুলি নিয়ম করিবার প্রস্তাব করিয়া ক্রমান্বয়ে ত্রিশ বা চল্লিশ বৎসরের ভোগবিশিষ্ট প্রজাদের সহিত অপেক্ষাকৃত অনুকূল নিয়ম করিবার প্রস্তাব করিলাম।

দখলী স্বত্ববিশিষ্ট প্রজার খাজানা সর্ব্বদাই দখলীস্বত্ববিহীন প্রজার খাজানা অপেক্ষা শতকরা ২০৲ টাকা পর্য্যন্ত কম হইবে ও প্রজার ব্যয়ে বা তৎকর্ত্তৃক যে উন্নতি সাধন হয় তাহার সম্পূর্ণ মূল্য ধরিয়া দেওয়া যাইবে, এই উপবিধি করিয়া আমার প্রস্তাব এই যে, ভূম্যধিকারী ও দখলীস্বত্ববিশিষ্ট প্রজার মধ্যে বিবাদ উপস্থিত হইলে ঐ জিলায় বা জিলার কোন অংশে উক্ত প্রকার দখলীস্বত্ববিশিষ্ট প্রজার খাজানা ও দখলীস্বত্ববিহীন প্রজার খাজানার গড়ের বৈলক্ষণ্য ধরিয়া উক্ত দখলীস্বত্ববিশিষ্ট প্রজা,

বিশবৎসরের ভোগবিশিষ্ট হইলে উক্ত বিশেষের পঞ্চমাংশ,
ত্রিশবৎসরের ভোগবিশিষ্ট হইলে, তৃতীয়াংশ,
চল্লিশবৎসরের ভোগবিশিষ্ট হইলে তিন ভাগের দুইভাগ পর্য্যন্ত ছাড়িয়া দিতে হইবে।

অথবা (সর্ব্বদাই উপরোক্ত উপবিধি মানিয়া) ঐ প্রজা,
বিশবৎসরের ভোগবিশিষ্ট হইলে উক্তবিশেষের শতকরা ৮০৲ টাকার ঊর্দ্ধ,
ত্রিশবৎসরের ভোগবিশিষ্ট হইলে শতকরা ৬৬৲ টাকার ঊর্দ্ধ,
চল্লিশবৎসরের ভোগবিশিষ্ট হইলে শতকরা ৩৩৲ টাকার ঊর্দ্ধ নিরিখ বৃদ্ধি হইতে পারিবে না।

১৭। উপরোক্ত প্রস্তাবানুসারে কার্য্য করিবার দুই একটি উদাহরণ দেওয়া যাইতে পারে। বোধ কর, কোন এক নির্দ্দিষ্ট জিলায় দখলীস্বত্ববিহীন প্রজাদের খাজানার হার গড়ে বিঘা প্রতি ৩৲ টাকা, এবং কোন বিবাদীয় স্থলে দখলীস্বত্ববিশিষ্ট প্রজা বিঘা প্রতি ১৷৷ টাকা মাত্র খাজানা দিতেছেন। এই স্থলে দুই হারের বিশেষ ১৷৷ টাকা বা চব্বিশ আনা। দখলীস্বত্ববিশিষ্ট প্রজার ২০ বৎসরের ভোগ থাকিলে তাহার খাজানা ঐ চব্বিশ আনার পাঁচ ভাগের চারিভাগ অর্থাৎ ঊনিশ আনা বাড়িবে, ত্রিশ বৎসরের ভোগ থাকিলে তিন ভাগের দুইভাগ অর্থাৎ ষোল আনা বাড়িবে, চল্লিশ বৎসরের ভোগ থাকিলে তিন ভাগের এক ভাগ অর্থাৎ আটআনা বাড়িবে।

যাঁহাদের ঊনিশ আনা ও ষোলআনা বাড়িল তাঁহাদের খাজানা এক্ষণে ১৷৷ ও ১৶ আনা অর্থাৎ ২৷৷৶০ টাকা ও ১৷৷ ও ষোল আনা অর্থাৎ ২৷৷০ হইবে। কিন্তু দখলীস্বত্ববিশিষ্ট প্রজার পক্ষে শতকরা ২০৲ টাকা হিসাবে ছাড়িয়া দিবার উপবিধি আছে তৎপ্রযুক্ত ৩৲ টাকার ৷৷৵১০ বাদ দিলে তাহার ২৷৶১০ আনার ঊর্দ্ধ খাজানা হইবে না। উক্ত দুই স্থলেই খাজানা ২৷৷৶০ ও ২৷৷০ না হইয়া ২৷৶১০ হইবে।

অথবা বোধ কর, দখলীস্বত্ববিহীন প্রজার খাজানার হার গড়ে বিঘা প্রতি ২৲ টাকা ও দখলীস্বত্ব-বিশিষ্ট প্রজা ৸৶ করিয়া দিয়া থাকেন, উভয় খাজানার বিশেষ আঠারো আনা। বিশ বৎসরের ভোগ থাকিলে ঐ প্রজার খাজানা ৸৶১০ বাড়িবে অর্থাৎ ৸৶ ও ৸৶১০ অর্থাৎ ১৸১০ হইবে। কিন্তু উপবিধি অনুসারে ২৲ টাকায় শতকরা ২০৲ টাকা হিসাবে ছাড়িয়া দিলে ১৷৷৵১০ খাজনা হইবে। চল্লিশবৎসরের ভোগ থাকিলে তাহার খাজানা আঠারো আনার তিন ভাগের এক ভাগ ৷৶ আনামাত্র বাড়িবে অর্থাৎ ৸৶ ও ৷৶ অর্থাৎ ১।০ পর্য্যন্ত বাড়িবে।

আবার দেখ, দখলীস্বত্ববিহীন প্রজার খাজানার হার ৩৲ টাকা হইলে ও দখলীস্বত্ববিশিষ্ট প্রজা ২৷৶১০ দিলে তাঁহার খাজানা বৃদ্ধি করিতে পারা যাইবে না। যদি ২৲ টাকা হার হয় ও দখলীস্বত্ব-বিশিষ্ট প্রজা ১৷৷৵১০ করিয়া খাজানা দেন তবে তাঁহার ও খাজানা বাড়িবে না।

১৮। কিন্তু ১৮৬৯ সালের ৮ আইনের ৪ ধারা যে প্রজাদের উপর প্রবল থাকে, উপরোক্ত বিধি তাঁহাদের প্রতি বর্ত্তাইবার অভিপ্রায় নাই, উক্ত ধারামতে "কোন রাইয়ত যে খাজনা দিয়া ভূমি ভোগ করিয়া আসিতেছে মোকদ্দমার আরম্ভের পূর্ব্বে ঐ খাজানা বিশ বৎসর অবধি পরিবর্ত্তন হয় নাই, মোক-দ্দমায় ইহার প্রমাণ হইলে ঐ ভূমি চিরকালীন বন্দোবস্তের সময় অবধি সেই খাজানায় ভোগ হইয়া আসিতেছে এমত অনুভব হইবে, কিন্তু ইহার বিপরীত দর্শানে গেলে কিম্বা ঐ খাজানা ঐ বন্দোবস্তের সময়ের পর নির্দ্ধার্য্য হইল ইহার প্রমাণ হইলে সেই অনুভব হইবে না।"

১৯। যাহাতে জমীদার ও দখলীস্বত্ববিশিষ্ট প্রজা উভয়ের পক্ষেই ন্যায্য হয় আমি এমনভাবে উপরোক্ত বিধি সকল প্রস্তাব করিতে চেষ্টা করিয়াছি, বিশেষতঃ ভূমির বর্দ্ধিত লাভে ও "অনর্জ্জিত বৃদ্ধিতে" ভূম্যধিকারির একাংশ পাইবার স্বত্ব আছে ইহা স্বীকার হইল, কিন্তু এইক্ষণে অনিশ্চিত থাকাতে তাহা প্রায় আদায় হইতে পারে না। এই বিধিতে তাঁহার প্রাপ্য সেই অংশ নির্ণয় হইল। দখলীস্বত্ব বিশিষ্ট প্রজার পক্ষে উপরোক্ত বিধিতে এই মূল নিয়ম আইনক্রমে স্বীকার করা যাইতেছে যে, প্রজা যে ভূমিতে পরিশ্রম করেন তিনি সেই ভূমির উৎপন্নের নির্দ্দিষ্ট অংশের অধিকারী। এই মূলনিয়ম

very uncertain manner from the want of definition in the law by these rules indeed, it is proposed to lay down, for the first time in Bengal, the share in the increase which ought to belong to the occupancy ryot.

20 A draft Bill will be prepared in accordance with these proposals, which, if generally approved, might be introduced into the local legislature as a continuation of section 18 of Act VIII of 1869, already quoted in this Minute, and I desire that these proposals may be circulated, among those who are concerned, or who take interest in this important matter; in order that it may be seen whether such proposals are likely to meet with general acceptance or not, and if they are, then whether any improvements or modifications in detail can be suggested.

RICHARD TEMPLE.

প্রকারান্তরে স্বীকার করা গেলেও আইনে বিশেষরূপে নির্দ্দিষ্ট না থাকাতে অতিশয় অনিশ্চিতভাবে ফলজনক হয়। অধিক কি, ভূমির বর্দ্ধিত লভ্যের যে অংশ দখলীস্বত্ব বিশিষ্ট প্রজার পাওয়া উচিত উপরোক্ত বিধিতেই বঙ্গদেশে এই প্রথমবার তাহা নির্দ্দেশ করিবার উদ্যোগ হইল।

২০। এই প্রস্তাবঅনুসারে আইনের এক খানি পাণ্ডুলেখ্য প্রস্তুত করা যাইবে এবং তাহা সাধারণের অনুমোদিত হইলে এই অভিলেখ্য পত্রের উদ্ধৃত ১৮৬৯ সালের ৮ আইনের ১৮ ধারার পরিশিষ্ট-স্বরূপ স্থানীয় ব্যবস্থাপক সভায় উপস্থিত করা যাইতে পারিবে। এরূপ প্রস্তাব সাধারণ্যে গ্রাহ্য হয় কি না, না হইলে কেহ কোন পরিবর্ত্তন বা সংশোধনের পরামর্শ দেন কি না তাহা জানিবার নিমিত্তে আমার এই আশা যে এই গুরুতর বিষয়ে যাঁহাদের সম্পর্ক বা স্বার্থ থাকে তাঁহাদের বিবেচনার্থে উক্ত প্রস্তাব অর্পণ করা যায়।

রিচার্ড টেম্পল

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৩০ মে।]

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

## REVENUE AND GENERAL DEPARTMENTS

No 1587C S

GENERAL —*The 16th May* 1876 —Baboo Rajkishore Narain, Sub-Deputy Collector, Sewan, in the district of Sarun, is allowed leave for one month, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of the leave in anticipation of sanction

Baboo Sheonundun Lal, B A, Sub-Deputy Collector, Gopalgunge, in the district of Sarun, is appointed to act, in addition to his own duties, as Sub-Deputy Collector of Sewan during the absence, on leave, of Baboo Rajkishore Narain, or until further orders

*The 18th May* 1876 —Mr G B Godfrey, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Raneegunge division of the Burdwan district, is vested with the powers of a Collector under Act X of 1870 for acquiring lands required for public purposes

Baboo Juggut Chunder Roy, Sub-Deputy Collector, Moorshedabad, having resumed his duties on the 28th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 10th instant is cancelled

The Assistant Judge of Julpigoree for the time being is appointed, under Section 4 and Rule 7 of the Schedule of Act XVI of 1869, to be a Commissioner for the purpose of hearing appeals from decisions in suits, relating to immoveable property, revenue and rent, in the Bhootan or Western Dooars of the Julpigoree district

The privilege leave for two months and twenty-three days granted to Mr P Hurley, Officiating 1st Inspector of Registration Offices, under orders of the 10th January last, has been converted by the Right Hon'ble the Secretary of State for India into leave on medical certificate for nine months

*The 19th May* 1876 —Mr A H Warde-Jones, Assistant Settlement Officer, Sonthal Pergunnahs, is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector in the Cuttack District

Mr F W R Cowley, Deputy Commissioner, Wards' Estate, Patna, is allowed furlough for nineteen months, under Section 10(*a*) of the Civil Leave Code, together with subsidiary leave for a period not exceeding thirty days with effect from the 1st June next

Mr H J H Fasson, Officiating Joint-Magistrate and Deputy Collector, in charge of the Atia division of the Mymensingh district, is transferred to Rajshahye

*The 20th May* 1876 —Mr James Cruickshank Geddes, lately relieved of his special duty under the High Court, is appointed to act, until further orders, as District and Sessions Judge of Moorshedabad, with effect from the date on which he joined his appointment Mr Geddes is allowed leave for three months, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the afternoon of the 19th instant

Mr J F Stevens is reappointed to act as District and Sessions Judge of Moorshedabad during the absence, on leave, of Mr J C Geddes, or until further orders

*The 22nd May* 1876 —Mr F F Handley, Officiating Joint-Magistrate and Deputy Collector, Pooree, acted as Magistrate and Collector of that district from the afternoon of the 7th April to the afternoon of the 8th instant

The Sub-Divisional Officers of Jamooee and Beegoo Serai, in the district of Monghyr, are vested with the powers of a Collector under Act VII (B C) of 1868

*The 23rd May* 1876 — Baboo Deno Nath De, Sub-Deputy Collector, Howrah, having resumed charge of his duties on the forenoon of the 27th April last, the unexpired portion of the leave granted to him under orders of the 9th February last is cancelled

[*Government Gazette*, 30*th May* 1876 ]

# বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

## রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৫৮৭০৪ নম্বর।

সাধারণ।—১৮৭৬ সাল ১৬ মে।—সারণ জিলার অন্তর্গত সেওয়ানের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাজকিশোর নারায়ণ, অনুমোদনের অপেক্ষায় যে তারিখে ছুটী গ্রহণ করেন, সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত বাবু রাজকিশোর নারায়ণের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সারণ জিলার অন্তর্গত গোপালগঞ্জের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শিবনন্দন লাল, বি, এ, আপন কর্ম্মাতিরিক্ত সেওয়ানের সব-ডেপুটী কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৮ মে।—বর্দ্ধমান জিলার অন্তর্গত রাণীগঞ্জ মহকুমার কার্য্যের ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি, বি, গডফ্রি সাহেব রাজকীয় কার্য্যের নিমিত্তে ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

মুরশিদাবাদের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগচ্চন্দ্র রায় গত মাসের ২৮ তারিখে আপন কর্ম্ম পুনর্গ্রহণ করাতে এই মাসের ১০ তারিখের আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

যিনি যে সময়ে জলপাইগুড়ির আসিষ্টাণ্ট জজ হন, তিনি জলপাইগুড়ি জিলার অন্তর্গত ভুটান বা পশ্চিম দুয়ারের স্থাবর সম্পত্তি ও রাজস্ব ও খাজানাসম্পর্কীয় মোকদ্দমার নিষ্পত্তির উপর আপীল শ্রবণার্থে ১৮৬৯ সালের ১৬ আইনের ৪ ধারা ও তফসীলের বিধির ৭ ধারামতে কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

রেজিষ্টরী করণ সম্পর্কীয় কার্য্যালয়ের একটিং প্রথম ইনস্পেকটর শ্রীযুক্ত পি, হর্লি সাহেব গত জানুয়ারি মাসের ১০ তারিখের আজ্ঞামতে যে দুই মাস তেইশ দিন অনুগ্রহের ছুটী পান, ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে তাহা নয় মাস ছুটী বলিয়া গণ্য করিলেন।

১৮৭৬ সাল ১৯ মে।—সাঁওতাল পরগনার বন্দোবস্তী কার্য্যের আসিষ্টাণ্ট কর্ত্তৃপক্ষ শ্রীযুত এ, এচ, ওয়ার্ড-জোন্স সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কটক জিলায় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

পাটনার রাজানুপালিতের ষ্টেটের ডেপুটী কমিশ্যনর শ্রীযুত এফ, ডবলিউ, আর, কৌলী সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ (a) ধারামতে উনিশ মাস নিয়মিত ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন আগামি জুন মাসের ১ তারিখ অবধি ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহ জিলার অন্তর্গত আটিয়া মহকুমার কার্য্যের ভার প্রাপ্ত একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, জে, এচ, ফাসন সাহেব রাজশাহীতে প্রেরিত হইলেন।

১৮৭৬ সাল ২০ মে।—শ্রীযুত জেমস ক্রুকশাঙ্ক গেডেস সাহেব হাই কোর্টের অধীন বিশেষ কার্য্যের ভার সম্প্রতি অন্যের প্রতি অর্পণ করিয়া অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মুরশিদাবাদের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন, যে তারিখে তিনি তথায় স্বীয় কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি উক্ত নিয়োগ সফল হইবে। শ্রীযুত গেডেস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এই মাসের ১৯ তারিখের অপরাহ্ন অবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত জে, সি, গেডেস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে, এফ, কীবল সাহেব মুরশিদাবাদের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করণার্থে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২২ মে।—পুরীর একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, এফ, হাণ্ডলী সাহেব আপ্রিল মাসের ৭ তারিখের অপরাহ্ন অবধি এই মাসের ৮ তারিখের অপরাহ্ন পর্য্যন্ত ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিয়াছেন।

মুঙ্গের জিলার অন্তর্গত জমুই ও বেগুসরাই মহকুমার কর্ত্তৃপক্ষেরা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৬ সাল ২৩ মে।—হাবড়ার সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দীননাথ দে, গত আপ্রিল মাসের ২৭ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্ম পুনর্গ্রহণ করাতে গত ফেব্রুয়ারি মাসের ৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান, তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৩০ মে।]

POLICE.—*The 15th May* 1876.—Mr. George Broadfoot Havelock, Officiating Assistant Superintendent of Police, Nuddea, is transferred to Rajshahye.

*The 17th May* 1876.—Mr. R. F. Guise, Officiating Assistant Superintendent of Police, Rungpore, is allowed leave for one month, under Section 12—1, Supplement F of the Civil Leave Code, with effect from the 1st instant.

Lieutenant-Colonel W. R. Gordon, District Superintendent of Police, Nuddea, is appointed to act as Deputy Inspector-General of Police during the absence, on leave, of Colonel A. H. Paterson, or until further orders.

Mr. A. Blair is appointed to act as District Superintendent of Police, Nuddea, during the absence, on duty, of Lieutenant Colonel W. R. Gordon, or until further orders.

*The 22nd May* 1876.—Mr. F. A. Dawson, Assistant Superintendent of Police, reported his departure from India on furlough on the 7th instant.

REGISTRATION.—*The 16th May* 1876.—Moonshi Myinuddin, Sub-Registrar of Patiya, in Chittagong, is transferred to Sundeep, in Noakholly.

Moulvi Syed Ghulam Rahman, Sub-Registrar of Sundeep, in Noakholly, is transferred to Patiya, in Chittagong.

*The 19th May* 1876.—Mr. R. Carstairs, Assistant Magistrate and Collector, is appointed to be Vice-Chairman of the District Road Cess Committee of Tipperah, *vice* Mr. A. Manson, transferred.

Major W. W. Hume, District Superintendent of Police, is appointed to be Vice-Chairman of the District Road Cess Committee of Bhagulpore, *vice* Baboo Surya Narain Singh, resigned.

*The 22nd May* 1876.—Mr. Walter Rattray, Special Sub-Registrar, Gya, is allowed leave for one month, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 5th proximo.

Baboo Nobin Chunder Mittra, Officiating Deputy Magistrate and Deputy Collector, is appointed also to act as Special Sub Registrar of Gya during the absence, on leave, of Mr. W. Rattray, or until further orders.

*The 23rd May* 1876.—Baboo Anundo Chunder Das acted as special Sub-Registrar of Chittagong from the 15th June 1875 to the 4th January 1876.

EDUCATION.—*The 18th May* 1876.—Baboo Beni Madhub De, Head Master, Bhagulpore Zillah School, having resumed his duties on the afternoon of the 10th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 28th February last is cancelled.

*The 23rd May* 1876.—The following gentlemen are appointed to be members of the Singbhoom District School Committee, viz.—

The Rev. F. Hahn, of the Lutheran Mission, *vice* the Rev. A. Nottrott.
„ F. Kruger, of the S. P. G. Mission, *vice* the Rev. W. Luther.

MEDICAL.—*The 20th May* 1876.—Surgeon-Major H. Cookson is appointed to act, until further orders, as Civil Surgeon of Cooch Behar.

MARINE.—*The 11th May* 1876.—Mr. J. McArthur, Officiating First Superintending Engineer, is appointed to act as Chief Engineer, Government Dockyard, and Surveyor of Steam Vessels in the Port of Calcutta during the absence, on leave, of Mr. J. McGregor, or until further orders.

OPIUM.—*The 23rd May* 1876.—Mr. C. M. Jerdon, Sub-Deputy Opium Agent, Gya, is allowed subsidiary leave for fifteen days in extension of the leave granted to him under orders of the 5th instant.

FOREST.—*The 18th May* 1876.—Mr. E. Fuchs, Assistant Conservator of Forests, Buxa sub-division, is allowed privilege leave for seventy-five days, with effect from the 20th instant, or any subsequent date on which he may avail himself of it.

[*Government Gazette, 30th May* 1876.]

পোলীস সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৫ মে।—নদীয়ার পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জর্জ ব্রডফুট হাবলক্ সাহেব রাজশাহীতে প্রেরিত হইলেন।

১৮৭৬ সাল ১৭ মে।—রঙ্গপুরের পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর, এফ, গাইস সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২—১ ধারামতে এই মাসের ১ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

কর্ণেল শ্রীযুত এ, এচ, পেটরসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নদীয়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত ডবলিউ, আর, গর্ডন সাহেব পোলীসের ডেপুটী ইনস্পেক্টর জেনরলের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত ডবলিউ, আর, গর্ডন সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ, ব্রেব সাহেব নদীয়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২২ মে।—পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ, এ, ডাসন সাহেব নিয়মিত ছুটী লইয়া এই মাসের ৭ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন, এমত রিপোর্ট করেন।

রেজিষ্টরীকরণ সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৬ মে।—চট্টগ্রামের অন্তর্গত পাতিয়ার সব-রেজিষ্ট্রার শ্রীযুত মুনশী মাযনুদ্দীন নওয়াখালার অন্তর্গত সন্দ্বীপে প্রেরিত হইলেন।

নওয়াখালীর অন্তর্গত সন্দ্বীপের সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী সৈয়দ গোলাম রহমান চট্টগ্রামের অন্তর্গত পাতিয়ায় প্রেরিত হইলেন।

১৮৭৬ সাল ১৯ মে।—শ্রীযুত এ, মাক্সন সাহেব স্থানান্তরে প্রেরিত হওয়াতে তৎপরিবর্ত্তে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর কাষ্টেয়ার্স সাহেব ত্রিপুরা জিলার পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু সূর্য্যনারায়ণ সিংহ কর্ম্ম ত্যাগ করাতে তৎপরিবর্ত্তে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট মেজর শ্রীযুত ডবলিউ, ডবলিউ, হিউম সাহেব, ভাগলপুর জিলার পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২২ মে।—গয়ার বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত ওয়ালটর বার্ট্রে সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি মাসের ৫ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ বার্ট্রে সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবীনচন্দ্র মিত্র গয়ার বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২৩ মে।—শ্রীযুত বাবু আনন্দচন্দ্র দাস ১৮৭৫ সালের জুন মাসের ১৫ তারিখঅবধি ১৮৭৬ সালের জানুয়ারি মাসের ৪ তারিখপর্য্যন্ত চট্টগ্রামের বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিয়াছেন।

শিক্ষাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৮ মে।—ভাগলপুর জিলার স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু বেণীমাধব দে, এই মাসের ১০ তারিখের অপরাহ্নে আপন কর্ম্ম পুনর্গ্রহণ করাতে গত ফেব্রুয়ারি মাসের ২৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭৬ সাল ২৩ মে।—নিম্নলিখিত মহাশয়েরা সিংহভূম জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

পাদরী শ্রীযুত এ, নট্রট সাহেবের পরিবর্ত্তে লুথারেন মিশনের পাদরী শ্রীযুত এফ হান সাহেব।

পাদরী শ্রীযুত ডবলিউ লুথার সাহেবের পরিবর্ত্তে এস, পি, জি, মিশনের পাদরী শ্রীযুত এস, সাহেব।

চিকিৎসাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২০ মে।—সর্জন-মেজর শ্রীযুত এচ, কুকসন সাহেব অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত কুচবিহারের সিবিল চিকিৎসকের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

সমুদ্রসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১১ মে।—শ্রীযুত জে, মাকগ্রেগর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত একটিং প্রথম সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত জে, মাকার্থর সাহেব গবর্ণমেণ্ট ডক ইয়ার্ডের প্রধান ইঞ্জিনিয়রের ও কলিকাতা বন্দরের ষ্টীম পোতের পরিদর্শকের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

আফীমসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২৩ মে।—গয়ার আফীমের সব ডেপুটী এজেণ্ট শ্রীযুত সি, এম, জার্ডিন সাহেব এই মাসের ৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত পনের দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

বনসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৮ মে।—বকুশা মহকুমার আসিষ্টাণ্ট বনরক্ষক শ্রীযুত ই, ফিউকস্ সাহেব এই মাসের ২০ তারিখঅবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি পঁচাত্তর দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৩০ মে।]

MUNICIPAL.—*The 18th May* 1876.—Mr. A. C. Tute, Officiating Joint-Magistrate and Deputy Collector, is appointed to be Vice-Chairman of the Municipal Commissioners for the town of Mozufferpore.

Baboo Hurro Chunder Ghose, late a Deputy Magistrate and Deputy Collector, but now a Government pensioner, is appointed to be Vice-Chairman of the Municipal Commissioners for the towns of Hooghly and Chinsurah.

ROAD CESS.—*The 18th May* 1876.—Baboo Shib Pershad Sing, a Government Pensioner, is appointed to be a member of the Branch Road Cess Committee at Jajpore, in the district of Cuttack.

*The 20th May* 1876.—The following gentlemen are appointed to be members of the District Road Cess Committee of Tipperah, viz.—

Baboo Kalikrishna Roy Chowdry, Zemindar, *vice* Moonshi Aptabuddin Mohamed.
„ Krishna Lal Nag, Zemindar and Pleader, Judge's Court, *vice* Baboo Eshan Chunder Roy.
„ Nobin Chunder Sen, manager to the estate of Baboo Gunga Gobind Sen, *vice* Mr. J. P. DeLauncy.
Moonshi Ali Korim, Zemindar, *vice* Mr. H. Smith.

Mr. A. W. Mackie, Assistant Magistrate and Collector, is appointed to be Vice-Chairman of the District Road Cess Committee of Purneah, *vice* Mr. J. J. Livesay, transferred.

*The 22nd May* 1876.—The term of service of the existing members having expired, the Lieutenant-Governor is pleased to appoint the following members of the Branch Road Cess Committees at the undermentioned sub-divisions in the Bhagulpore district, under Section 76, Act X (B. C.) of 1871, viz.—

*Soopoole.*

Sub-Divisional Officer, Soopoole, Chairman.
Mr. Patrick Duff, of Simra, Indigo Planter and Zemindar.
„ J. Misselback, of Durara, Indigo Planter and Zemindar.
„ J. Christian, of Bungaon, Indigo Planter and Zemindar.
„ T. Bowers, of Inamputtee, Indigo Planter and Zemindar.
Baboo Roodur Narain Sing, Puchgachia, Zemindar.
„ Norendro Narain Sing, Burwari, Zemindar.
„ Khoob Lal Sahoo, of Kusabur, Zemindar.
„ Kori Munder, of Bhaptiahi, Zemindar.
„ Pertab Sing, of Dobra, Zemindar.
„ Boka Sing, of Muhassee, Zemindar.

*Muddehpoora.*

Sub-Divisional Officer, Muddehpoora, Chairman.
Baboo Kishendhun Dass, Pleader.
„ Kishen Pershad Sing, Road Cess Payer.
„ Choonee Bhugut, Road Cess Payer under Part IV.
Moonshi Lall Behari Lall, Mooktear and Road Cess Payer under Part IV.
Baboo Rughoobur Doyal Mundur, Zemindar.
„ Bhorowsi Mundur, Zemindar.
„ Lullit Sing, Zemindar.
„ Kally Churn Sahoo, Zemindar.
„ Joomuck Lall Sahoo, Zemindar.

*Banka.*

Sub-Divisional Officer, Banka, Chairman.
Manager of Domrawan Factory.
Baboo Dhunraj Sing, of Kotona, Zemindar.
„ Chutter Dhari Sing, of Kokwara, Zemindar.
„ Dheernath Chowdry, of Kurkara, Zemindar.
Moulvi Mohamed Hossein, of Lobokhur.

[*Government Gazette*, 30*th May* 1876.]

মুনিসিপলসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৮ মে।—একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, সি, ট্রুট সাহেব মজঃফরপুর নগরের মুনিসিপল কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

ভূতপূর্ব্ব ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর কিন্তু এইক্ষণে গবর্ণমেন্টের পেনশ্যনভোগি শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ হুগলী ও চুঁচুড়া নগরের মুনিসিপল কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

পথকর বিষয়ক বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৮ মে।—গবর্ণমেন্টের পেনশ্যনভোগি শ্রীযুত বাবু শিবপ্রসাদ সিংহ কটক জিলার অন্তর্গত যাজপুরস্থ শাখা পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২০ মে।—নিম্নলিখিত মহাশয়েরা ত্রিপুরা জিলার পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মুনশী আব্দুলবদ্দীন মহম্মদের পরিবর্ত্তে জমীদার শ্রীযুত বাবু কালীকৃষ্ণ রায় চৌধুরী।
,, বাবু ঈশানচন্দ্র রায়ের পরিবর্ত্তে জমীদার ও জজ আদালতের উকীল শ্রীযুত বাবু কৃষ্ণলাল নাগ।
শ্রীযুত জে, পি, ডিলানে সাহেবের পরিবর্ত্তে বাবু গঙ্গাগোবিন্দ সেনের ইষ্টেটের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু নবীনচন্দ্র সেন।
শ্রীযুত এচ স্মিথ সাহেবের পরিবর্ত্তে জমীদার শ্রীযুত মুনশী আলী করিম।

শ্রীযুত জে, জে, লাইনসে সাহেব স্থানান্তরে প্রেরিত হওয়াতে তৎপরিবর্ত্তে আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, ডবলিউ, মেকাই সাহেব পুরনিয়া জিলার পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২২ মে।—বর্ত্তমান মেম্বরদের কার্য্য করণের নিরূপিত কাল অতীত হওয়াতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৬ ধারামতে ভাগলপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত কএক মহকুমার শাখাপথকর কমিটীতে এই২ ব্যক্তিদিগকে নিযুক্ত করিলেন।

সুপুল।

সুপুল মহকুমার কর্ত্তৃপক্ষ, সভাপতি।
সিংডার নীলকর ও জমীদার শ্রীযুত পাট্রিক ডফ সাহেব।
ভুরাবার নীলকর ও জমীদার শ্রীযুত জে, মিসেলবাক সাহেব।
বনগাঁয়ের নীলকর ও জমীদার শ্রীযুত জে, গ্রী টান সাহেব।
ইনামপটীর নীলকর ও জমীদার শ্রীযুত টি, বৌষার্স সাহেব।
পাঁচগাছিয়ার জমীদার শ্রীযুত বাবু রুদ্রনারায়ণ সিংহ।
বরযারির জমীদার শ্রীযুত বাবু নরেন্দ্রনারায়ণ সিংহ।
কুশরবের জমীদার শ্রীযুত বাবু খুবলাল সাহু।
ভাপতিয়াহির জমীদার শ্রীযুত বাবু কবি মন্দর।
দোবরার জমীদার শ্রীযুত বাবু প্রতাপ সিংহ।
মহাসীর জমীদার শ্রীযুত বাবু বোকা সিংহ।

মদ্ধেপুরা।

মদ্ধেপুরা মহকুমার কর্ত্তৃপক্ষ, সভাপতি।
উকীল শ্রীযুত বাবু কৃষ্ণধন দাস।
পথকরদাতা শ্রীযুত বাবু কৃষ্ণপ্রসাদ সিংহ।
চতুর্থ খণ্ডমতে পথকরদাতা শ্রীযুত বাবু চুনি ভক্ত।
মোক্তার ও চতুর্থ খণ্ডমতে পথকরদাতা শ্রীযুত মুনশী লাল বিহারী লাল।
জমীদার শ্রীযুত বাবু রঘুবর দয়াল মন্দর।
জমীদার শ্রীযুত বাবু ভোরৌসী মন্দর।
জমীদার শ্রীযুত বাবু ললিত সিংহ।
জমীদার শ্রীযুত বাবু কালীচরণ সাহু।
জমীদার শ্রীযুত বাবু ঝুমকলাল সাহু।

বাঁকা।

বাঁকা মহকুমার কর্ত্তৃপক্ষ, সভাপতি।
ডুমরাওনের কুঠীর কার্য্যাধ্যক্ষ।
কটনার জমীদার শ্রীযুক্ত বাবু ধনরাজ সিংহ।
কোকওয়ারার জমীদার শ্রীযুত বাবু ছত্রধারী সিংহ।
করকরার জমীদার শ্রীযুত বাবু ধীরনাথ চৌধুরী।
লবোধরের শ্রীযুত মৌলবী মহম্মদ হুসেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ৩০ মে।]

The following gentlemen are reappointed to be members of the District Road Cess Committee of Jessore, viz —

Baboo Chunder Coomar Roy, Zemindar, Narail
„ Issur Chunder Bose, Zemindar Sridhurpore
„ Mohima Chunder Roy, Zemindar, Bagirhaut
Mr W Sheriff, Sindaree Factory
„ J S Macleod, Kotechandpore
Baboo Khetter Gopal Banerjee, Manager, Ramnagore Estate

Mr C A Wilkins, Officiating Joint-Magistrate and Deputy Collector, Patna, is appointed to be Vice-Chairman of the Road Cess Committee of that district

*The 23rd May* 1876 —The period for which Baboo Hari Churn Chuckurbutty was appointed to be a member of the Dacca Road Cess Committee having expired, that gentleman is reappointed to be a member of the said Committee

The period for which Baboo Sri Nath Pal was appointed to be a member of the Branch Road Cess Committee of the Manickgunge sub-division having expired, that gentleman is reappointed to be a member of the said Committee

The following Notifications are republished from the *Assam Gazette* —

*The 5th May* 1876 —Privilege leave of absence for three months, under Section 18, Chapter VI of the Civil Leave Code, is granted to Mr A Anley, District Superintendent of Police, Kamrup, with effect from the 15th July 1876, or from any subsequent date on which he may avail himself of the same

*The 9th May* 1876 —Privilege leave of absence for three months, under Section 18, Chapter VI of the Civil Leave Code, is granted to Mr J F Needham, Assistant Political Agent, Naga Hills with effect from the 1st June 1876 or from any subsequent date on which he may avail himself of the same

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

## NOTIFICATION

*The 16th May* 1876 —In continuation of the orders published at pages 338-39 of the *Calcutta Gazette* of 24th March 1875, the Lieutenant-Governor is pleased to notify that at the granting of a 20 years' lease under those orders, after the expiry of the preliminary lease, and also at every subsequent renewal of any such 20 years' lease, the amount of rent to be paid for the land per acre will be fixed at an amount not exceeding the rate of rent paid per acre in the neighbourhood at the time for the highest class of land under ordinary arable cultivation

2 If at any future time the administration of the tracts in the Western Dooars under tea cultivation should entail on the State any considerable increase of expenditure, it will be competent to the Government, with the sanction of the legislature, to impose such special taxation as may be deemed necessary to defray the additional expenditure so incurred, either by raising the rent or in some other mode But under no other circumstances will the rent which has been once fixed for a term of years on the principle above enunciated be raised during such term

H J REYNOLDS,
*Offg Secy to the Govt of Bengal*

## ROAD CESS NOTIFICATION

DISTRICT OF BEERBHOOM

*The 22nd May* 1876 —It is notified, under Section 75 of Act X (B C) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Beerbhoom have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the current cess year running from 1st October 1875 to 30th September 1876 at the following rates, being the maximum rates, and the said rates are published accordingly —

I Six pie, or two pice, on every rupee of the annual value of lands under Part II of the Act

[*Government Gazette*, 30*th May* 1876]

নিম্নলিখিত মহাশয়েরা যশোহর জিলার পথকর কমিটীতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।
নড়াইলের জমীদার শ্রীযুত বাবু চন্দ্রকুমার রায়।
শ্রীধরপুরের জমীদার শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র বসু।
বাগিরহাটের জমীদার শ্রীযুত বাবু মহিমচন্দ্র রায়।
সিঁধারী কুঠীর শ্রীযুত ডবলিউ শেরিফ সাহেব।
কোটচাঁদপুরের শ্রীযুত জে, এস, মাক্লৌড সাহেব।
রামনগর ইষ্টেটের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু ক্ষেত্রগোপাল বন্দ্যোপাধ্যায়।

পাটনার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এ, উইলকিন্স সাহেব ঐ জিলার পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২৩ মে।—শ্রীযুত বাবু হরিচরণ চক্রবর্ত্তী যে কালের নিমিত্তে ঢাকার পথকর কমিটীতে নিযুক্ত হন, সেই কাল অতীত হওয়াতে তিনিই উক্ত কমিটীতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু শ্রীনাথ পাল যে কালের নিমিত্তে মাণিকগঞ্জ মহকুমার শাখাপথকর কমিটীতে নিযুক্ত হন সেই কাল অতীত হওয়াতে তিনি উক্ত কমিটীতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেটহইতে উদ্ধৃত করা গেল।

১৮৭৬ সাল ৫ মে।—কামরূপের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এ, আমলী সাহেব ১৮৭৬ সালের জুলাই মাসের ১৫ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন, তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৯ মে —নাগা পর্ব্বতের আসিষ্টান্ট পোলীটিকাল এজেন্ট, শ্রীযুত জে, এফ নিডাম সাহেব ১৮৭৬ সালের জুন মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন, তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৬ মে।—১৮৭৫ সালের আপ্রিল মাসের ৬ তারিখের বাঙ্গলা গবর্নমেণ্ট গেজেটের ৪৫৭-৪৬৫ পৃষ্ঠায় প্রকাশিত আজ্ঞাতিরিক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব এই আদেশ করিলেন। প্রথম স্থলীয় পাট্টার মিয়াদ অতীত হইলে পর উক্ত আজ্ঞামতে ২০ বৎসর মিয়াদে যে পাট্টা দেওয়া যাইবে ও তৎপরে যত বার নূতন করিয়া ২০ বৎসর মিয়াদে পাট্টা দেওয়া যায় তৎকালে। তৎপার্শ্ববর্ত্তি উচ্চতম শ্রেণীর যে ভূমি সাধারণমতে চাষ করা যাইতেছে তাহার একর প্রতি যে হারে খাজানা আদায় হইয়া থাকে উক্ত ভূমির একর প্রতি তাহার অধিক হারে খাজানা ধার্য্য হইবে না।

২। পশ্চিম দুয়ার প্রদেশের যেং ভূমিতে চা আবাদ হইয়া থাকে তাহার উপর কর্তৃত্ব কার্য্য নির্ব্বাহার্থে ভবিষ্যতে রাজ্যের অত্যধিক খরচ বৃদ্ধি হইলে গবর্নমেণ্ট ব্যবস্থাপ্রণেতৃগণের অনুমোদনক্রমে ঐ অতিরিক্ত ব্যয়পোষণের নিমিত্ত বিশেষ যে টাক্স ধার্য্য করা আবশ্যক জ্ঞান করেন খাজানা বৃদ্ধি করিয়া বা প্রকারান্তরে তাহা ধার্য্য করিতে পারিবেন। কিন্তু পূর্ব্বোক্ত নিয়মানুসারে কএক বৎসরের নিমিত্তে একবার যে খাজানা ধার্য্য করা গেল ঐ মিয়াদের মধ্যে উক্ত স্থলভিন্ন কোন স্থলে ঐ খাজানা বৃদ্ধি করা যাইবে না।

এচ, জে, রেনলড্স,
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বীরভূম জিলার

পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২২ মে।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। উক্ত আইনে পথকরের যে অত্যুচ্চ হার ধার্য্য হইয়াছে বীরভূম জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে ১৮৭৫ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ৩০ তারিখ পর্য্যন্ত কর আদায়ের চলিত বৎসরের নিমিত্তে সেই হারে ঐ কর আদায় করিতে স্থির করিয়াছেন। অতএব উক্ত হার প্রকাশ করা যাইতেছে।

১।—আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৵১০ দুই পয়সা।

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৭৬। ৩০ মে।]

II The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

| | | | | Yearly Cess | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | Rs | A | P |
| Not less than Rs 100, | but less than Rs | 500 | | 1 | 0 | 0 |
| „ 500, | „ | 1,000 | | 3 | 0 | 0 |
| „ 1,000, | „ | 2,000 | | 4 | 8 | 0 |

Not less than Rs 2,000 and upwards, Rs 3 for every Rs 1,000 or part thereof of the estimated present value

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more han Rs 25 and less than Rs 100, to pay a yearly tax of one rupee

H J REYNOLDS,
*Offg Secy to the Govt of Bengal*

---

## DECLARATION

*The 22nd May* 1876 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the completion and improvement of the road from Rajibpore to Jessore road, called the Rajibpore road, in the villages of Gungapore, Chunderpore, Jerut, and Digha, in pergunnahs Ukra and Anwarpore, district 24 Pergunnahs, it is hereby declared that for the above purpose the following plots of land, containing an area of 7 beeghas and 16 cottahs, more or less, are required —

PLOT I —Measuring 2 cottahs 12 chittacks, situated at Gungapore, 2 miles 4,571 feet from Rajibpore, Gobindo Baboo's Bridge, bounded on the north and south by Rajibpore road, west by bazar or old road, and east by Khetter Mohun Mookerjee's rent-free land

PLOT II —Measuring in area 1 cottah 12 chittacks, situated in Gungapore, distant 1,152 feet from the 1st plot, bounded on the north, south, and east by Rajibpore new road, and west by jomie land of Roma Nauth Mitter, of Nibondhoo

PLOT III —13 cottahs 8 chittacks in area, situated in Gungapore, distant 556 feet from 2nd plot, bounded on the north and south by the Rajibpore new road, east and west by jomie land of Roma Nauth Mitter, of Nibondhoo

PLOT IV —Measuring 1 beegha in area, situated in Gungapore, distant 825 feet from 3rd plot, bounded on the north and south by Rajibpore new road, east and west by Roma Nauth Mitter's land

PLOT V —Measuring 14 cottahs, more or less, situated in Gungapore, distant 1 mile 141 feet from the 4th plot, bounded on the north by land of J N Dutto, granted for the Rajibpore road, south by Natapole road, east and west by Brojo Coomar Dutto, Banee Madhub Chatterjee, and Hurry Napit's jomie land

PLOT VI —Measuring 3 beeghas and 2 cottahs, more or less, situated in Chunderpore, bounded on the north by Natapole road, south by land purchased for the road from W C Chatterjee, west and east by lands belonging to Golam Moostofa Khan of Nibondhoo

PLOT VII —Measuring 1 beegha 18 cottahs and 12 chittacks in area, situated in Chunderpore, bounded on the north by land purchased from W C Chatterjee, south by Rajibpore new road, east and west by lands belonging to Golam Moostofa Khan, Preo Nauth, and Gobindo Chunder Chatterjee of Kassimpore, Mohes Chunder Mitter of Duttopookur, and Bhorut Chunder Ghose of Jirut

PLOT VIII —Measuring 1 cottah 4 chittacks, more or less, situated in Digha, bounded on the north, south, and east by Rajibpore new road, west by land belonging to Lall Tara Mia Kazi, of Kaziparah

২।—কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই হারে—

| এইক্ষণকার আনুমানিক মূল্য | বার্ষিক কর। |
|---|---|
| ৫০৲ টাকার অন্যূন কিন্তু ৫০০৲ টাকার ন্যূন হইলে | ১৲ |
| ৫০০৲ ,, ১০০০৲ ,, | ২৲ |
| ১০০০৲ ,, ২০০০৲ ,, | ৪৷৷০ |

মূল্য ২০০০৲ টাকা কি তদধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ৩৲ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ১৲ টাকা টাক্স লাগিবে।

এচ, জে, রেনল্‌ডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২২ মে।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত উকরা ও আনওয়ারপুর পরগনার গঙ্গাপুর ও চন্দ্রপুর ও জিরাট ও দীঘাগ্রামে রাজীবপুর অবধি যশোহর পর্য্যন্ত রাজীবপুর পথ নামক পথ সমাপ্ত ও তাহার সৌষ্ঠব করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ৭৸১ কাঠা পরিমিত নিম্নলিখিত কএক খণ্ড ভূমির প্রয়োজন।

প্রথম খণ্ড।—গঙ্গাপুরে স্থিত ৵২৸ কাঠা পরিমিত, রাজীবপুরে গোবিন্দ বাবুর সাঁকো হইতে ২ মাইল ৪৫৭১ ফুট দূরে আছে, তাহার উত্তর ও দক্ষিণ সীমা রাজবীপুরের পথ, পশ্চিম সীমা রাজাবের বা পুরাতন পথ, পূর্ব্ব সীমা ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়ের নিষ্কর ভূমি।

দ্বিতীয় খণ্ড।—গঙ্গাপুরে স্থিত৵১৸ কাঠা পরিমিত, ও প্রথম খণ্ডহইতে ১১৫২ ফুট দূরে আছে, তাহার উত্তর ও দক্ষিণ ও পূর্ব্বসীমা রাজীবপুরের নূতন পথ, পশ্চিম সীমা নিরক্ষুর রমানাথ মিত্রের জমাই জমী।

তৃতীয় খণ্ড।—গঙ্গাপুরে স্থিত ৷৷৩৷৷ কাঠা পরিমিত ও দ্বিতীয় খণ্ডহইতে ৫৫৬ ফুট দূরে আছে, তাহার উত্তর ও দক্ষিণ সীমা রাজীবপুরের নূতন পথ, পূর্ব্ব ও পশ্চিম সীমা নিরক্ষুর রমানাথ মিত্রের জমাই জমী।

চতুর্থ খণ্ড।—গঙ্গাপুরে স্থিত ১৵ বিঘা পরিমিত, তৃতীয় খণ্ডহইতে ৮৲৫ ফুট দূরে আছে, তাহার উত্তর ও দক্ষিণ সীমা রাজীবপুরের নূতন পথ, পূর্ব্ব ও পশ্চিম সীমা রমানাথ মিত্রের ভূমি।

পঞ্চম খণ্ড।—গঙ্গাপুরে স্থিত ন্যূনাধিক ৷৷৪ কাঠা পরিমিত, চতুর্থ খণ্ডহইতে ১ মাইল ১৪১ ফুট দূরে আছে, তাহার উত্তর সীমা রাজীবপুর পথের নিমিত্তে দত্ত জে, এন, দত্তের ভূমি, দক্ষিণ সীমা নাটাপোলের পথ, পূর্ব্ব ও পশ্চিম সীমা ব্রজকুমার দত্ত ও বেণীমাধব চট্টোপাধ্যায় ও হরি নাপিতের জমাই জমী।

ষষ্ঠ খণ্ড।—চন্দ্রপুরে স্থিত ন্যূনাধিক ৩৵২ কাঠা পরিমিত, তাহার উত্তর সীমা নাটাপোলের পথ, দক্ষিণ সীমা পথের নিমিত্তে ডবলিউ, সি, চট্টোপাধ্যায়ের স্থানে ক্রীত ভূমি, পশ্চিম ও পূর্ব্বসীমা নিরক্ষুর গোলাম মস্তাফা খাঁর ভূমি।

সপ্তম খণ্ড।—চন্দ্রপুরে স্থিত ১৸৩৸ ছটাক পরিমিত, তাহার উত্তর সীমা ডবলিউ, সি, চট্টোপাধ্যায়ের স্থানে ক্রীত ভূমি, দক্ষিণ সীমা রাজীবপুরের নূতন পথ, পূর্ব্ব ও পশ্চিম সীমা কাসিমপুরের গোলাম মুস্তাফা খাঁ ও প্রিয় নাথ, ও গোবিন্দ চন্দ্র চট্টোপাধ্যায়ের এবং দত্ত পুকুরের মহেশচন্দ্র মিত্রের ও জিরাটের ভবতচন্দ্র ঘোষের ভূমি।

অষ্টম খণ্ড।—দীঘার স্থিত ন্যূনাধিক ৵১৷ ছটাক পরিমিত, তাহার উত্তর ও দক্ষিণ ও পূর্ব্ব সীমা রাজীবপুরের নূতন পথ, পশ্চিম সীমা কাজীপাড়ার শান তারা মিঞা কাজীর ভূমি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৩০ মে।]

PLOT IX —Measuring 2 cottahs in area, situated in Digha, bounded on the north by Rajibpore road, south by Jessore road, west by Grish Chunder Biswas's land, and east by the land of Abdool Hadi and Mana Mia, of Kaziparah

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

A plan of the land may be inspected at the office of the Magistrate of 24-Pergunnahs

H J REYNOLDS,
*Offg Secy to the Govt of Bengal*

## JUDICIAL DEPARTMENT

No. 1588C S

*The* 10*th May* 1876 —Baboo Dwarkanath Guha, Head Master of the English School at Dowlutkhan, is appointed to be an Honorary Magistrate in Backergunge, and is vested with the powers of a Magistrate of the Third Class

*The* 11*th May* 1876 —The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of the 24-Pergunnahs, and are vested with the powers of a Magistrate of the Third Class, viz —

Baboo Upendronath Roy Chowdry, of Poorah
" Koonjo Behary Nag, B L, Pleader and Zemindar

*The* 16*th May* 1876 —Baboo Jadunath Chowdry, Deputy Magistrate and Deputy Collector, Dacca, is vested with the powers of a Magistrate of the Second Class

*The* 17*th May* 1876 —Mr Samuel Simpson Jones, Assistant Magistrate and Collector, Durbhunga, is vested with the powers to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code

*The* 18*th May* 1876 —Mr Cecil Michael Wilford Brett, Assistant Magistrate and Collector, in charge of the Serajgunge division of the Pubna district, is appointed, under Section 3, Act II of 1869, to act as a Justice of the Peace within the territories under His Honor's control

Mr J A Craven, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Kishengunge division of the Purneah district, is vested with the powers of a Magistrate of the First Class

LEAVE OF ABSENCE TO MOONSIFFS —*The* 19*th May* 1876 —Moulvi Hafiz Abdool Kurreem, Moonsif of Hajeepore, in the district of Mozufferpore, is allowed privilege leave of absence for ten days, with effect from the 2nd to 11th May 1876, under Section 21, Chapter VI of the Civil Leave Code

Moulvi Abool Hossein, Moonsif of Kudba, in the district of Purneah, is allowed leave of absence for three months, in extension of the leave granted to him on the 29th February 1876, under Section 3, Supplement F of the Civil Leave Code

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

## DECLARATION

*The* 13*th May* 1876 — Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the site of the Moonsif's Cutcherry at Azimgunj, in the village of Azimgunj, in mouza Gopalgunj, pergunnah Gowas, zillah Moorshedabad, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 2 beeghas 2 cottahs 10 gundas of standard measurement, bounded on the north by the Moonsif's house, on the east by the police outpost, on the south by the zemindary cutcherry of Rusick Lal Shah Chowdry and others, and on the west by a village road leading to Azimgunj Ferry Ghat, is required within the aforesaid village of Azimgunj

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

[*Government Gazette*, 30*th May* 1876]

নবম খণ্ড।—দীঘায় স্থিত ⁄২ কাঠা পরিমিত, তাহার উত্তর সীমা রাজীবপুরের পথ, দক্ষিণ সীমা যশোহরের পথ, পশ্চিম সীমা গিরীশচন্দ্র বিশ্বাসের ভূমি, পূর্ব্ব সীমা কাজীপাড়ার আবদুল হাদি ও নামা মিঞার ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

উক্ত ভূমির নকশা ২৪ পরগনার মাজিষ্ট্রেট সাহেবের কার্য্যালয়ে দেখা যাইতে পারিবে।

এচ, জে, রেনলডস্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

১৫৮৮OS নম্বর।

১৮৭৬ সাল ১০ মে।—দৌলতখাঁর ইংরেজী স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু দ্বারকানাথ গুহ, বাকরগঞ্জে অবৈতনিক মাজিষ্ট্রেট পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৬ সাল ১১ মে।—নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

পুঁড়ার শ্রীযুত বাবু উপেন্দ্রনাথ রায় চৌধুরী।
উকীল ও জমীদার শ্রীযুক্ত বাবু কুঞ্জবিহারী নাগ, বি, এল।

১৮৭৬ সাল ১৬ মে।—ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদুনাথ চৌধুরী দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৭ মে।—দ্বারভঙ্গার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সামুয়েল সিমসন জোন্স সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২২ ধারার উল্লিখিত অপরাধের সরা-সরী বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

১৯০ নম্বর।—পদ ত্যাগ করণের কথা।—বঙ্গদেশের কিয়ৎকালীন আসিস্টান্ট হিসাবপরীক্ষক শ্রীযুত ডবলিউ, এম, বিবিয়ান সাহেব ১৮৭৬ সালের মে মাসের ১৭ তারিখ অবধি পবলিক ওর্কস ডিপার্টমেন্টের স্বীয় কর্ম্ম ত্যাগ করিলেন।

১৯১ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর প্রবেশনরি আসিস্টান্ট একসামিনর শ্রীযুত জে, ডবলিউ, এ, মাকনৈর সাহেব ১৮৭৬ সালের মে মাসের ২২ তারিখের পূর্ব্বাহ্ণে বঙ্গদেশের সদর আকৌন্ট আফিসে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৬ সাল ৩০ মে।

১৯৪ নম্বর।—নিয়োগ।—উত্তর পশ্চিম চক্রের সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র কর্ণেল শ্রীযুত সি, টি, ষ্টুয়ার্ট সাহেব, আর, ই, বিশেষ কার্য্যের নিমিত্তে কলিকাতায় নিযুক্ত হইলেন।

১৯৫ নম্বর।—পাটনা খণ্ডের প্রথম শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এম, পি, বি, ডুয়েল সাহেব কিয়ৎকালের নিমিত্তে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত, আপন কর্ম্মাতিরিক্ত উত্তর পশ্চিম চক্রের সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়রের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

২। শ্রীযুত ডুয়েল সাহেব ১৮৭৬ সালের মে মাসের ২৬ তারিখের পূর্ব্বাহ্ণে উত্তর পশ্চিম চক্রের কার্য্যের ভার গ্রহণ করিলেন।

১৯৬ নম্বর।—বিজ্ঞাপন।—যাহাকে নিম্নলিখিত ফর্দ্দে কলিকাতার প্রথম খণ্ডের আপ্রেন্টিস আকৌন্টান্ট বলিয়া বর্ণনা করা গিয়াছে হাইকোর্টে সেই হরিবল চন্দ্র ঘোষের অপরাধ নির্ণীত হওয়াতে ও ১৮৭৬ সালের ফেব্রুয়ারি মাসের ২২ তারিখে দশ বৎসর দ্বীপান্তর প্রেরণ দণ্ড প্রাপ্ত হওয়াতে তাহাকে গবর্ণমেন্টের কর্ম্ম চ্যুত করা গেল এবং সে আর কখন গবর্ণমেন্টের কোন কর্ম্ম পাইবে না।

| নাম | উচ্চতা বর্ণনা ও অন্য প্রকাশ বিশেষ চিহ্ন | বয়স | ধর্ম্ম ও জাতি | দণ্ডবিধি আইনের যে ধারামত অপরাধ। | কারাদণ্ডের পূর্ব্বে ও তৎকালে ব্যবসায়। |
|---|---|---|---|---|---|
| গোপীকৃষ্ণ ঘোষের পুত্র শ্রী হরিবোলচন্দ্র ঘোষ | ৫ ফুট, ২ ইঞ্চি উচ্চ, কাল চক্ষু, কাল চুল, কৃষ্ণবর্ণ, ২৪ পরগণা বাসি। | ২৪ বৎসর | হিন্দু কায়স্থ | কৃত্রিম দলীল প্রকৃত দলীল বলিয়া ব্যবহার করণ অপরাধের সহায়তা করণ | পরীক্ষার্থ আকৌন্টান্ট। |

জি, এ, ডি, আনলী, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং
আসিস্টান্ট সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ৭ জুন।]

## IRRIGATION.

### NOTIFICATION —ESTABLISHMENT

*Dated 29th May 1876*

*No* 188 —*Notifications* —Baboo Sooda Roydao Naideo, Probationary Overseer, Third Grade, Eastern Sone Division, is confirmed in that grade

*No* 189 —Baboo Kristo Chunder Banerjee, Overseer, First Grade, Arrah Division, availed himself on the forenoon of the 13th May 1876 of the privilege leave granted him in the orders marginally noted

No 124, dated 27th March 1876

*No* 190 —*Leave* —Mr C W Odling, Executive Engineer, Third Grade, has been granted a week's furlough by Her Majesty's Secretary of State for India in further extension of the furlough granted him by this Government in the orders marginally noted

No 187, dated 25th May 1875

*No* 191 —*Notification* —Baboo Korally Churn Dey, Overseer, Second Grade, joined the Northern Drainage and Embankment Division on the forenoon of the 15th May 1876

*No* 192 —*Declarations* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for a Canal Chauki on Distributary No 2 at Chanda, pergunnah Manorah, zillah Gya, it is hereby declared that for the above purpose a plot of land measuring acres 2-3-1, more or less, situated on the right side of the Distributary No 2, in mouzah Chanda, pergunnah Manorah, zillah Gya, and situated near the 11th mile at a distance of about 1,000 feet from the centre line of the Distributary aforesaid, as marked out by the Irrigation Branch of the Public Works Department, is required within the aforesaid village of Chanda, pergunnah Manorah, zillah Gya

The land plan of the above strip may be seen in the Office of the Executive Engineer Eastern Sone Division, at Deegah, during office hours every day (Sundays and authorized holidays excepted)

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

*No* 193 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for a Canal Chauki on Distributary No 6, in mouzah Belkhara, pergunnah Arwal, zillah Gya, it is hereby declared that for the above purpose a plot of land measuring acres 4-2-22, more or less, situated on the left side of and at a distance of 2,505 feet from the centre line of the Distributary No 6 aforesaid, as marked out by the Irrigation Branch of the Public Works Department, is required within the aforesaid village of Belkhara, pergunnah Arwal, zillah Gya

The land plan of the above strip may be seen in the Office of the Executive Engineer, Eastern Sone Division, at Deegah, during office hours every day (Sundays and authorized holidays excepted)

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

*No* 194 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for a Canal Chauki in mouzah Lalganj, pergunnah Masaurha, zillah Patna, it is hereby declared that for the above purpose a plot of land appertaining to mouzah Lalganj aforesaid and situated near the 4th mile of the Chandhaûs Branch Distributary and at a distance of 1,906 feet from the centre line thereof, as marked out by the Irrigation Branch of the Public Works Department, and measuring acres 2-8-½, more or less, is required within the aforesaid village of Lalganj, pergunnah Masaurha, zillah Patna

The land plan of the above strip may be seen in the Office of the Executive Engineer, Eastern Sone Division, at Deegah, during office hours every day (Sundays and authorized holidays excepted)

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

F T. HAIG, *Colonel*, R E.,
*Joint-Secy. to the Govt. of Bengal,*
*in the P W. Dept., Irrigation Branch.*

[*Government Gazette*, 6*th June* 1876]

জলসেচন সম্পর্কীয়।

---

সিরিশ্‌তা বিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৯ মে।

১৮৮ নম্বর।—বিজ্ঞাপন।—পূর্ব্ব সোণখণ্ডের তৃতীয় শ্রেণীর প্রবেশনরি ওবরসিয়র শ্রীযুত বাবু সুদা রায়দাও নৈচু সেই শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

১৮৯ নম্বর।—আরা খণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায় পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহা ১৮৭৬ সালের মে মাসের ১৩ তারিখের পূর্ব্বাহ্নে গ্রহণ করিলেন।

১৮৭৬ সালের ২৭ মার্চের ১২৪ নং।

১৯০ নম্বর।—ছুটী।—ভারতবর্ষের গবর্ণমেন্ট পার্শ্বলিখিত আজ্ঞামতে তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ ওডলিং সাহেবকে যে নিয়মিত ছুটী দেন, তদতিরিক্ত ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব তাঁহাকে আর এক সপ্তাহ নিয়মিত ছুটী দিয়াছেন।

১৮৭৬ সালের ২৫ মের ৯৮৭ নম্বর।

১৯১ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু করালীচরণ দে ১৮৭৬ সালের মে মাসের ১৫ তারিখের পূর্ব্বাহ্নে উত্তর জলপ্রণালী ও বাঁধখণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৯২ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ গয়া জিলার অন্তর্গত মানোরা পরগনার চান্দায় জলবিতরণের ২ নং নালার ধারে খালের চৌকী করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে গয়া জিলার অন্তর্গত মানোরা পরগনার চান্দা মৌজার ন্যূনাধিক ২ একর ৩ রুড ১ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমি জলবিতরণের ২ নং নালার ডাইনদিগে ও ঐ ভূমি পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখার কর্ম্মকারকদের চিহ্নমতে ঐ মৌজার জলবিতরণের নালার মধ্য রেখাহইতে প্রায় ১০০০ ফুট দূরে ১১ মাইলের নিকটে আছে।

উপরোক্ত ভূমি খণ্ডের নকশা রবিবার ও নিয়মিত বন্দের দিনভিন্ন প্রতিদিন কার্য্যচলনের সকল ঘন্টায় দীগাতে পূর্ব্ব সোণখণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়রের আফিসে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

১৯৩ নম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ গয়া জিলার অন্তর্গত আরওয়াল পরগনার বেলখারা মৌজায় জল বিতরণের ৬ নং নালার ধারে খালের চৌকী করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত গয়া জিলার অন্তর্গত আরওয়াল পরগনার বেলখারা গ্রামে ন্যূনাধিক ৪ একর ২ রুড ২২ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন উক্ত ভূমি জলবিতরণের ৬ নং নালার বাম দিগে ও পবলিক ওর্কসডিপার্টমেন্টের জলসেচন শাখার কর্ম্মকারকদের চিহ্নিত উক্ত জলবিতরণের নালার মধ্য রেখাহইতে ২৫০৫ ফুট দূরে আছে।

উপরোক্ত ভূমি খণ্ডের নকশা রবিবার ও নিয়মিত বন্দের দিনভিন্ন প্রতি দিন কার্য্যচলনের সকল ঘন্টায় দীগাতে পূর্ব্ব সোণখণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়রের আফিসে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

১৯৪ নম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাটনা জিলার অন্তর্গত মসৌঢ়া পরগনার লালগঞ্জ মৌজায় খালের চৌকী করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত পাটনা জিলার অন্তর্গত মসৌঢ়া পরগনার লালগঞ্জ গ্রামে চান্দহাস জলবিতরণের শাখা নালার মধ্য রেখাহইতে ১৯০৬ ফুট দূরে উক্ত নালার চতুর্থ মাইলের নিকটস্থ উক্ত লালগঞ্জ মৌজার লাগাও ন্যূনাধিক ২ একর ৩ রুড।। পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উপরোক্ত ভূমি খণ্ডের নকশা রবিবার ও নিয়মিত বন্দের দিনভিন্ন প্রতি দিন কার্য্যচলনের সকল ঘন্টায় দীগাতে পূর্ব্ব সোণখণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়রের আফিসে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এফ, টি, হেগ, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখায় বঙ্গদেশের গবর্ণমেন্টের
জাইন্ট সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ৬ জুন।]

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 6, 1876

মঙ্গলবার ১৮৭৬ সাল ৬ জুন।

PART VI

**Bill of the Bengal Council**

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের পাণ্ডুলিপি।

# GOVERNMENT OF BENGAL

## LEGISLATIVE DEPARTMENT

THE following Report of the Select Committee on the Bill to make better provision for the partition of estates paying revenue to Government in the Lower Provinces of the Presidency of Fort William in Bengal, with the Bill as amended by them, is, by order of the President, published for general information —

WE, the members of the Select Committee to whom the Bill "to make better provision for the partition of estates paying revenue to Government in the Lower Provinces of the Presidency of Fort William in Bengal" was referred for consideration, have the honor to report as follows —

From Commissioner of Dacca, dated 9th June 1875, and enclosure
From Commissioner of Patna, dated 14th July 1875, and enclosures
From Commissioner of the Orissa Division, dated 16th July 1875, and enclosures
From Commissioner of Patna dated 16th August 1875
Demi official letter from H Mosley, Esq, Joint Magistrate, Arrah, dated 29th December 1875
Notes by J Beams, Esq, Collector of Cuttack
Notes by T E Ravenshaw, Esq, Commissioner of Orissa
Memorandum by Baboo Joykisto Mookerjee
From Collector of Gya dated 10th January 1876
From Collector of Shahabad, dated 17th January 1876

After having the benefit of considering the opinions and suggestions of the officers noted in the margin, we have made material changes in the form and the provisions of the Bill, and have introduced some important additions

We have divided the Bill into ten Parts

### PART I

In the first Part we have added numerous definitions, and have made alterations in the definitions of "Deputy Collector," "Estate," and "the Collector"

We have provided that partitions of estates in progress when the Bill comes into force may be completed either under the procedure of the old law, or of this Bill, as the Collector may think best, and that certain provisions of the Bill as to striking cases off the file after estates have been admitted to partition may be applied to such pending cases We have reproduced in other words the provision of the existing law, that the land revenue shall be assessed on each separate estate into which the parent estate is broken up, in proportion to the assets of such estate

We have laid down a rule for calculating the rental of land to form the basis of partition proceedings

### PART II

In view of the provisions of the Bill for the compulsory registration of estates and of the interests of proprietors therein which is now before this Council, we have provided that only recorded proprietors of joint undivided estates, who are in actual possession of the proprietary interests in respect of which they are recorded on the Collectors' registers, shall be entitled to claim partition of estates, and separation of the interests which they hold therein

We have specified the different kinds of interests which proprietors ordinarily hold in estates, and have defined the rights of the holders of each kind in respect of the assignment to them of lands as their separate estates

We have debarred the holders of life interests only in estates from applying for partition of such estates

We have provided that no partition shall be made which would result in the formation of a separate estate liable for an annual amount of revenue less than twenty rupees, and of which the assets would be less than two hundred rupees, unless the proprietor of such estate agrees to redeem the revenue for which such estate would be liable, by a capitalized payment at such rate as the Lieutenant-Governor may determine with reference to the circumstances of each case

We have provided that when an estate has been divided by private arrangement of the proprietors, and the lands are held in severalty by the proprietors in accordance with such arrangement, no partition of such estate shall be made under the provisions of the Bill otherwise than on the joint application of all the proprietors

We have provided that no partition shall be made of which the effect would be to break up a compact estate into one or more estates consisting of lands so scattered as to endanger the public revenue.

[*Government Gazette*, *6th June* 1876.]

# বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

## ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের অন্তর্গত খেরাজী মহাল বণ্টন করিবার সুবিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি বিবেচনা করণার্থ মনোনীত কমিটী নিম্নলিখিত যে রিপোর্ট করিলেন তাহা ও তাঁহাদের সংশোধিত ঐ পাণ্ডুলিপি সভাপতি সাহেবের আজ্ঞাক্রমে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।—

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের অন্তর্গত খেরাজী মহাল বণ্টন করিবার সুবিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি বিবেচনার্থে মনোনীত আমাদের প্রতি অর্পিত হওয়াতে আমরা নিম্নলিখিত রিপোর্ট করিলাম।

ঢাকার কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ৯ জুনের পত্র ও তৎসহিত পত্র।

পাটনার কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ১৪ জুলাইর পত্র ও তৎসহিত পত্রাদি।

উড়িষ্যা খণ্ডের কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ১৬ জুলাইর পত্র ও তৎসহিত পত্রাদি।

পাটনারকমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ১৬ আগষ্টের পত্র।

আরার জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত এচ মোসলি সাহেবের ১৮৭৫ সালের ২৯ ডিসেম্বরের পত্র।

কটকের কালেক্টর শ্রীযুত জে বীমস সাহেবের মন্তব্য কথা।

উড়িষ্যার কমিশ্যনর শ্রীযুত টি ই রেবনশা সাহেবের মন্তব্য কথা।

শ্রীযুত বাবু জয়কৃষ্ণ মুখোপাধ্যায়ের স্মারক লিপি।

গয়ার কালেক্টর সাহেবের ১৮৭৬ সালের ১০ জানুয়ারির পত্র।

শাহাবাদের কালেক্টর সাহেবের ১৮৭৬ সালের ১৭ জানুয়ারির পত্র।

পার্শ্বলিখিত কর্ত্তৃপক্ষদের অভিমত ও পরামর্শদ্বারা বহু উপকার প্রাপ্ত হইয়া ঐ পাণ্ডুলিপিরচনার ও মর্ম্মের গুরুতর পরিবর্ত্তন করিয়া কএকটি নূতন বিধানও সংযোগ করিয়া দিলাম।

এই পাণ্ডুলিপি দশ অধ্যায়ে বিভক্ত করিলাম।

### প্রথম অধ্যায়।

প্রথম অধ্যায়ে অ।র২ অনেক শব্দের অর্থ নির্ণয় করিলাম, এবং "ডেপুটী কালেক্টর" ও "মহাল" ও "কালেক্টর" এই২ শব্দের অর্থ কিঞ্চিৎ পরিবর্ত্তন করিলাম।

এই আইন প্রচলিত হওন সময়ে যে২ মহালের বণ্টনকার্য্য প্রচলিত থাকে তাহা কালেক্টর সাহেবের বিবেচনামত পূর্ব্বপ্রণীত আইনের কিম্বা এই আইনের প্রণালীমতে সমাধা করা যাইতে পারিবে। এবং মহাল বণ্টন হইবার অনুমতি হইলে পর নথীহইতে মোকদ্দমা উঠাইয়া লইবার যে কএকটি বিধান আছে তাহা ঐ উপস্থিত মোকদ্দমার প্রতিও বর্ত্তাইবার বিধান করিলাম। আদিম মহাল পৃথক২ যত মহালে বিভাগ করা যায়, ঐ আদিম মহালের উপস্বত্বের হারানুসারে ঐ পৃথক২ মহালের রাজস্ব অংশাংশমতে ধার্য্য হইবে এইক্ষণকার প্রচলিত আইনের এই যে বিধান আছে তাহার কএকটি শব্দ পরিবর্ত্তন করিয়া এই পাণ্ডুলিপিতে গ্রহণ করিলাম।

বণ্টন করিবার আনুষ্ঠানিক কার্য্যের যে মূল ধরিয়া ভূমির খাজানার হিসাব করিতে হইবে ইহার বিধি প্রণয়ন করিলাম।

### দ্বিতীয় অধ্যায়।

ভূম্যধিকারিদের মহাল ও স্বার্থ বলপূর্ব্বক রেজিষ্টরী করাওনবিষয়ক আইনের যে পাণ্ডুলিপি এইক্ষণে মন্ত্রিসভার বিবেচনাধীন আছে, তাহার বিধান লক্ষ করিয়া এই বিধান করিলাম, সাধারণ অবিভক্ত মহালের লিপিবদ্ধ ভূম্যধিকারিদের নাম যে অধিকারিত্ব স্বার্থসম্বন্ধে কালেক্টরদের রেজিষ্টরী বহীতে লেখা থাকে সেই স্বার্থ যথার্থই তাঁহাদের অধিকারে থাকিলে, মহাল বণ্টন হওন ও সেই মহালগত আপন২ স্বার্থ পৃথক করণবিষয়ে তাঁহাদের দাওয়া করিবার অধিকার থাকিবে।

মহালে ভূম্যধিকারিদের সচরাচর যে২ প্রকারের স্বার্থ থাকে তাহা বিশেষ করিয়া লিখিয়া তাঁহাদের পক্ষে স্বতন্ত্র২ মহালস্বরূপ ভূমি নিরূপণ বিষয়ে উক্ত প্রত্যেক প্রকারের স্বার্থবান ব্যক্তিদের যে অধিকার আছে তাহাও নির্ণয় করিলাম।

মহালে যাঁহাদের যাবজ্জীবনমাত্র স্বার্থ থাকে তাঁহাদের সেই মহাল বণ্টন করিবার প্রার্থনা করিতে বারণ করিলাম।

বণ্টন হওয়াতে যদি স্বতন্ত্র কোন মহালের বৎসর বিশ টাকার কম রাজস্ব ও তাহার উপস্বত্ব দুই শত টাকার ন্যূন হয়, তবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব প্রত্যেক স্থলের ভাবগতিক বিবেচনায় যে হার নিরূপণ করেন ঐ মহালের অধিকারী সেই হারানুসারে এককালীন কতক টাকা দিয়া ঐ মহাল রাজস্বহইতে মুক্ত করিতে সম্মত না হইলে বণ্টন হইতে না পারিবার বিধান করিলাম।

ভূম্যধিকারিদের আপোসে বন্দোবস্তমতে মহাল বিভক্ত হইলে, ও সেই বন্দোবস্ত অনুসারে ভূম্যধিকারিরা স্বতন্ত্ররূপে ভূমি ভোগ করিলে, তাঁহাদের সাধারণ প্রার্থনা না হইলে এই আইনের বিধানমতে ঐ মহাল বণ্টন হইতে না পারিবার বিধান করিলাম।

অবিচ্ছিন্ন কোন মহাল বণ্টন হইলে তন্মধ্যে এক কি কএক মহালের অন্তর্গত ভূমি পৃথক২ থাকাতে যদি রাজস্বের হানি হওয়ার সম্ভাবনা ঘটে, তবে সেই মহালের বণ্টন না হইবার বিধান করিলাম।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৬ জুন।]

We have provided that nothing in this Bill shall relieve the entire parent estate from its joint liability for the whole amount of land revenue assessed upon it until the partition proceedings are completed, and the applicant for partition has been finally put in possession of the separate estate representing his interest; from which time each separate estate formed by the partition will become separately liable for the amount of land revenue assessed upon it Up to such time we have left it to joint proprietors to protect their several interests by causing separate accounts to be opened for their respective shares under Act XI of 1859

## PART III

We have laid down in detail the procedure for dealing with applications for partition, and have required applicants to file copies of their rent-rolls and statements of their collections with their applications when possible

We have provided that when objection is made to the extent of interest claimed by an applicant or a question of right and title is raised, as between the applicant and other persons claiming to be proprietors, it shall be in the discretion of the Collector either to refuse to make the partition, or, if satisfied that the applicant is in possession in accordance with his claim, to direct that the partition shall proceed in accordance with the applicant's claim, or to direct that the proceedings be postponed for four months in order to give the objector an opportunity of instituting a suit to try the question in dispute

We have provided that if the objector fails to avail himself of such opportunity,

or if he fails to bring a suit within four months of the date on which the Collector has ordered the partition to proceed notwithstanding his objection,

or within four months of the date on which the Collector has admitted an estate to partition, no objection having been made to such admission,

he shall by such laches forfeit his right to recover any interest in common tenancy of the parent estate

No suit brought after the expiration of the four months shall be allowed to stay or to interfere with the partition proceedings, and every decree passed in such suit will be subject to such proceedings, so that any right which the plaintiff may recover will give him a status in that separate estate only which is in process of being formed for, or, which has been assigned to the individual proprietor from whom the plaintiff is declared by the decree to be entitled to recover

We have provided that the Collector may employ a Deputy Collector to make the enquiries connected with an application, but that all important orders shall be passed by the Collector himself

We have provided that as soon as the Collector has ordered a partition to be made, he may appoint a Deputy Collector to carry out the partition

We have provided that after an estate has been admitted to partition, the case may be struck off the file at the joint request of the parties thereto, or, by order of the Commissioner for good and sufficient reason

## PART IV

We have empowered the officer making the partition to appoint the necessary ameens and establishments for carrying it out, and to fix their remuneration under sanction of the Commissioner, and have authorized the appointment of special establishments in the office of the Collector and of the Commissioner when the partition cases to be supervised are so numerous or extensive as to require such agency

We have defined what items shall be deemed costs leviable from the parties to a partition

We have provided that in districts in which partitions are numerous, instead of leaving the expenses of each partition to be dealt with separately, the Lieutenant-Governor may order the formation of a general fund for the partition of estates to which all sums levied on account of making partitions shall be credited, and all costs of establishments entertained for that purpose and other expenses charged; and for districts in which the partition work is so heavy as to require this organization, we have provided that the salary of the Deputy Collector whose time is employed in making the partitions shall form a portion of the expenses leviable from the parties.

[*Government Gazette*, *6th June* 1876.]

আদিম মহালের ভূমি সমষ্টির উপর মোটে যত রাজস্ব ধার্য্য হয়, বন্টনের কার্য্য সমাপ্ত না হওন ও বন্টন হইবার জন্যে যিনি প্রার্থনা করেন তিনি চূড়ান্তরূপে আপনার স্বার্থানুযায়ি স্বতন্ত্র মহালের অধিকার প্রাপ্ত না হওন পর্য্যন্ত এই আইনের কোন কথাদ্বারা সেই আদিম অবিভক্ত মহাল ঐ রাজস্বের সাধারণ দায়হইতে মুক্ত হইবে না। বন্টনের কার্য্য সমাপ্ত হইলে পর, স্বতন্ত্র২ যত মহাল হইয়া থাকে তাহার প্রত্যেকের উপর যত রাজস্ব ধার্য্য হয় ঐ২ মহাল তজ্জন্যে স্বতন্ত্ররূপে দায়ী হইবে। বন্টনের কার্য্য সমাপ্ত না হওনপর্য্যন্ত সাধারণ ভূম্যধিকারিরা ১৮৫৯ সালের ১১ আইনমতে আপন২ অংশের স্বতন্ত্র হিসাব রাখিয়া আপন২ স্বার্থ রক্ষা করিতে পারিবেন এই২ বিধান করিলাম।

তৃতীয় অধ্যায়।

বন্টন হইবার প্রার্থনা হইলে সেই প্রার্থনা লইয়া যদ্রূপ কার্য্য হইবে তাহার প্রণালী বিস্তারিতরূপে প্রকাশ করিলাম। আর প্রার্থকেরা পারিলেই আপনাদের প্রার্থনাপত্রের সঙ্গে যেন মফঃসল জমার ফর্দ্দ ও আদায়ের বর্ণনাপত্রের নকল দেন এই আদেশ করিলাম।

প্রার্থক যে পরিমাণের স্বার্থের দাওয়া করেন এই বিষয়ে কোন আপত্তি করা গেলে, এবং অধিকারি বলিয়া অন্য যে ব্যক্তিরা দাওয়া করেন তাঁহাদের সঙ্গে প্রার্থকের স্বত্ব ও অধিকার বিষয়ক কোন বিবাদ উত্থিত হইলে, এই বিধান করিলাম যে, কালেক্টর সাহেব স্বীয় বিবেচনামতে সেই বন্টন করিতে অসম্মত হইতে পারিবেন, কিম্বা প্রার্থক আপনার দাওয়া অনুসারে অধিকার প্রাপ্ত আছেন ইহা হৃদ্বোধমতে জানিলে, প্রার্থকের দাওয়ানুসারে বন্টনের কার্য্য চলনের আজ্ঞা দিতে পারিবেন, অথবা আপত্তিকারক বিবাদীয় বিষয়ের বিচার হওনার্থে যেন মোকদ্দমা উপস্থিত করিবার সুযোগ পান এই নিমিত্ত চারি মাস পর্য্যন্ত ঐ কার্য্য স্থগিত থাকিবার আজ্ঞা করিতে পারিবেন।

আরো এই বিধান করিলাম যে আপত্তিকারক সেই সুযোগমতে কার্য্য না করিলে,

কিম্বা তাঁহার সেই আপত্তি থাকিলেও কালেক্টর সাহেব বন্টনের কার্য্যচলনের আজ্ঞা করিলে আপত্তিকারক সেই আজ্ঞার তারিখঅবধি চারি মাসের মধ্যে,

কিম্বা মহাল বন্টন করিবার জন্যে গ্রাহ্য হইবার আপত্তি না হওয়াতে কালেক্টর সাহেব যে তারিখে তাহা গ্রাহ্য করেন সেই তারিখ অবধি চারি মাসের মধ্যে মোকদ্দমা উপস্থিত না করিলে,

সেই ত্রুটি হেতুক আদিম মহালের সাধারণ ভোগ পক্ষে সেই ব্যক্তির কোন স্বার্থ পুনঃপ্রাপ্ত হইবার অধিকার আর থাকিবে না।

উক্ত চারি মাস গত হইলে পর মোকদ্দমা উপস্থিত করা গেলেও, তদ্দ্বারা ঐ বন্টনকার্য্য স্থগিত হইবে না ও তাহার বিপর্য্যায় হইবে না। ও সেই মোকদ্দমায় যে প্রত্যেক ডিক্রী করা যায় তৎপক্ষে ঐ বন্টনের কার্য্য এতদূর প্রবল থাকিবে যে ঐ ডিক্রীমতে যে অধিকারির স্থানে বাদির কোন সম্পত্তি ফিরিয়া পাইবার অধিকার নির্ণীত হয় নিজ সেই অধিকারির নিমিত্ত যে স্বতন্ত্র মহাল করা যাইবার কার্য্য চলিতেছে কিম্বা তাঁহার প্রতি যে স্বতন্ত্র মহাল নিরূপিত হইয়াছে কেবল সেই মহালে বাদির স্থিতি থাকিবে।

কোন প্রার্থনাপত্র সম্পর্কে যে অনুসন্ধান লইতে হইবে তদ্বিষয়ের এই বিধান করিলাম যে, সেই অনুসন্ধান করণার্থে কালেক্টর সাহেব ডেপুটী কালেক্টরকে নিযুক্ত করিতে পারিবেন, কিন্তু গুরুতর সকল আজ্ঞা কালেক্টর সাহেবের নিজে করিতে হইবে।

আরো এই বিধান করিলাম যে, কালেক্টর সাহেব বন্টন হইবার আজ্ঞা করিলেই, সেই বন্টনকার্য্য সম্পাদন করিবার জন্যে ডেপুটী কালেক্টরকে নিযুক্ত করিতে পারিবেন।

কোন মহাল বন্টন করিবার অনুমতি হইলে পর, তৎসংক্রান্ত ব্যক্তিদের সাধারণ প্রার্থনামতে, কিম্বা উত্তম ও বিশিষ্ট কারণ থাকিলে কমিশ্যনর সাহেবের আজ্ঞামতে, সেই মোকদ্দমা নথীহইতে উঠাইয়া লইবার বিধান করিলাম।

চতুর্থ অধ্যায়।

যে কর্তৃপক্ষ বন্টন করিবেন তাঁহার প্রতি ঐ কার্য্যসম্পাদন করিবার প্রয়োজনমতে আমীনদিগকে ও আমলাগণ নিযুক্ত করিবার ও কমিশ্যনর সাহেবের অনুমতিক্রমে তাঁহাদের পারিশ্রমিকনির্ণয় করিবার ক্ষমতা প্রদান করিলাম। বন্টনসম্পর্কীয় যে২ কার্য্যের তত্ত্বাবধারণ করিতে হইবে তাহা বহু সংখ্যক কিম্বা অতিবিস্তৃত হওয়াতে আমলাগণের বিশেষ সিরিশ্‌তার প্রয়োজন থাকিলে, কালেক্টর সাহেবের ও কমিশ্যনর সাহেবের আফিসে সেই বিশেষ আমলাগণ নিযুক্ত করিবার অনুমতি দিলাম।

বন্টনের কার্য্যসংক্রান্ত নানা পক্ষের স্থানে খরচা বলিয়া যে২ দফা আদায় করা যাইবে তাহা নির্ণয় করিলাম।

কোন জিলায় বন্টনের অনেক কার্য্য চলিলে, প্রত্যেক বন্টনকার্য্যের খরচ লইয়া স্বতন্ত্ররূপে কার্য্য করিতে না হওয়ার এই বিধান করিলাম, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব ঐ সকল মহালের বন্টন কার্য্যোপলক্ষে সাধারণ এক তহবীল করিবার আজ্ঞা দিতে পারিবেন, বন্টন করিবার নিমিত্ত যে সকল টাকা আদায় হয় তাহা সে তহবীলে জমা করিয়া লওয়া যাইবে, ও সেই কার্য্যের নিমিত্ত যে সকল আমলা রাখিতে হইবে তাঁহাদের বেতনাদি ও অন্য যে সকল খরচ লাগে তাহা ঐ তহবীলহইতে দেওয়া যাইবে। ও কোন জিলায় বন্টনের কার্য্য অতিভারি হওয়াপ্রযুক্ত এই নিয়ম প্রচলনের আবশ্যক হইলে, ঐ বন্টনকার্য্যে যে ডেপুটী কালেক্টরের সম্পূর্ণ সময় ক্ষেপ হয় তাঁহার বেতনও ঐ কার্য্যসংক্রান্ত ব্যক্তিদের স্থানে আদেয় খরচের একাংশ হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ৬ জুন।]

We have provided that where a general fund is formed, the expenses may be levied from the parties in the shape of fees on a scale to be fixed by the Board so as to keep the receipts and charges of the fund as far as possible in equilibrium, and that the accounts of the fund of each district shall be published annually for general information

We have given power to the Commissioners to order that any proprietor who wilfully delays the progress of a partition and thereby increases the cost of it, shall be required to pay more than his proportionate share of the expenses

PART V

We have provided that rent rolls and measurement papers filed shall be verified by a person who has a personal knowledge of the facts

We have laid down the procedure as to the summoning of parties and witnesses and the enforcement of the production of papers, and have provided that the cost of any special enquiry which is rendered necessary by the delay of any party to make an objection at the proper time shall be borne entirely by such party

PART VI

We have provided for partitions being effected by the parties themselves and by arbitrators, such partitions being subject to the approval of the revenue officers for the protection of the public revenue

PART VII

We have provided that the general arrangement of the partition shall be devised, and the situation of the several separate estates indicated, by the Deputy Collector himself, in consultation with the parties, thus depriving the amlens of the power of suggesting and initiating such general arrangements, which they now enjoy and notoriously abuse

In order to avoid the unnecessary delay and waste of labor which is caused by the Collector at a later stage of the proceedings disapproving of the general arrangement made by the Deputy Collector, we have provided that the approval of the Collector to the general arrangement proposed by the Deputy Collector shall be obtained before its details are carried out

We have allowed the officer conducting the partition to award the payment of compensation to persons whose attendance at the office on days fixed for hearing has been rendered fruitless by the fault of others

We have laid down the procedure for completing the details of a partition, and for the consideration and approval or amendment or rejection by the Collector of a partition as made by the Deputy Collector

PART VIII

In re-enacting the existing rules for the guidance of officers making partitions, and in adding new rules to clear up certain points which have hitherto been doubtful, we have distinguished between rules applicable to estates of which the lands are held in common tenancy, to estates of which the lands are held in severalty, and to estates of both classes

We have made compactness of the estate a consideration secondary to the main object of making an equitable partition.

We have provided that whenever the dwelling-house of one proprietor is situated on land which is unavoidably assigned to the separate estate of another proprietor, the former shall be allowed to hold the land on which it is situated on payment of a rent to be fixed in perpetuity by the officer making the partition, and that this annual rent may be redeemed by payment of a capitalized sum

We believe that this provision will be appreciated as a boon by those concerned.

[*Government Gazette, 6th June* 1876.]

উক্ত প্রকারের সাধারণ তহবীল করা গেলে তদ্বিষয়ের এই বিধান করিলাম। বোর্ডের সাহেবেরা যে হার নিরূপণ করেন তদনুসারে ঐ কার্য্যসংক্রান্ত ব্যক্তিদের স্থানে ফীস্বরূপ খরচ এমন করিয়া আদায় করা যাইবে যেন ঐ তহবীলের জমা খরচ সমান থাকে, ও প্রত্যেক জিলার ঐ তহবীলের হিসাব বৎসরং সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইবে।

কোন ভূম্যধিকারী ইচ্ছা করিয়া বণ্টনের কার্য্য চলনের বিলম্ব ঘটাইয়া খরচা বৃদ্ধি করাইলে কমিশ্যনর সাহেবের প্রতি এই ক্ষমতা দিলাম যে অংশাংশমতে ঐ অধিকারির যত খরচ দিতে হইত তাহার অধিক দিবার আজ্ঞা করেন।

পঞ্চম অধ্যায়।

মফঃসল জমার যে কর্দ্দ ও যে চিঠা দাখিল করা যায়, তদ্বিষয়ের সকল বৃত্তান্ত যে ব্যক্তি নিজে জ্ঞাত থাকেন তাঁহারদ্বারা ঐ কাগজপত্র সত্যাকরণের বিধান করিলাম।

বণ্টনসংক্রান্ত নানা ব্যক্তির ও সাক্ষিদের নামে সমন দিবার ও বলপূর্ব্বক দলীল দেখাইবার প্রণালী স্থির করিলাম। ও কোন ব্যক্তি উপযুক্ত সময়ের মধ্যে আপত্তি করিবার বিলম্ব করাতে বিশেষ অনুসন্ধান লওয়ার প্রয়োজন হইলে, সেই ব্যক্তিরই সেই অনুসন্ধান লওয়ার সম্পূর্ণ খরচ দিতে হইবার বিধান করিলাম।

ষষ্ঠ অধ্যায়।

নানা পক্ষের আপোসে ও সালীসিদের দ্বারা বণ্টন হইবারও বিধান করিলাম, কিন্তু রাজস্ব রক্ষা করিবার জন্যে সেই বণ্টনের কার্য্য বিষয়ে রাজস্ব সংক্রান্ত কার্য্যকারকদের অনুমোদনের অপেক্ষা থাকিবে।

সপ্তম অধ্যায়।

ডেপুটী কালেক্টর আপনি বণ্টনসংক্রান্ত নানা ব্যক্তির সঙ্গে পরামর্শ করিয়া বণ্টনের সাধারণ নিয়মের কল্পনা করিয়া স্বতন্ত্র নানা মহালের স্থান নিরূপণ করিবেন, এই বিধান করিলাম। তাহা হইলে আমীনেরা ঐ সাধারণ নিয়মের পরামর্শ দিয়া তাহা প্রচলন করিবার যে ক্ষমতা পূর্ব্বাবধি ভোগ করিয়া অতিপ্রসিদ্ধমতে দুর্ব্যবহার করিয়াছেন তাঁহারদের সেই ক্ষমতা রহিত হইবে।

ডেপুটী কালেক্টর যে সাধারণ নিয়ম করেন কালেক্টর সাহেব ঐ কার্য্যানুষ্ঠানের অন্য সময়ে তাহাতে সম্মত না হইলে অনাবশ্যকমতে বিলম্ব ও পরিশ্রম বৃথা হইবার সম্ভাবনা বলিয়া এই বিধান করিলাম, ডেপুটী কালেক্টর যে সাধারণ নিয়মের প্রস্তাব করেন তৎসংক্রান্ত কোন বিশেষ কার্য্য হইবার পূর্ব্বে কালেক্টর সাহেবের অনুমতি লইতে হইবে।

শ্রবণের নিরূপিত দিনে অন্যদের দোষ হেতুক কোন ব্যক্তির কাছারীতে উপস্থিত হওয়া ব্যর্থ হইলে, যে কার্য্যকারক বণ্টনের কার্য্য চালাইতেছেন তাঁহার প্রতি ঐ ব্যক্তির হানিপূরণ করিবার আজ্ঞা দিতে অনুমতি করিলাম।

বণ্টন সম্পর্কীয় বিশেষং কার্য্য নিষ্পাদনের প্রণালী, ও ডেপুটী কালেক্টর যে বণ্টন করেন কালেক্টর সাহেবের দ্বারা তাহার বিবেচনা হইবার ও অনুমোদন কি সংশোধন কি অগ্রাহ্য করিবার কার্য্যপ্রণালী নির্ণয় করিলাম।

অষ্টম অধ্যায়।

বণ্টনের কার্য্যকারকদের কার্য্যপদ্ধতি দর্শাইবার জন্যে প্রচলিত বিধি পুনঃপ্রবল করিলাম, ও এত দিন কোনং বিষয়ে যে সন্দেহ ছিল তাহা ভঞ্জন করিবার নিমিত্ত নূতন কএকটি বিধি প্রণয়ন করিলাম। এই স্থলে যে মহালের ভূমির সাধারণ ভোগ হইয়া থাকে ও যেং মহালের ভূমি স্বতন্ত্ররূপে ভোগ হইয়া থাকে ও যেং মহাল উভয় প্রকারের আছে সেইং মহালের প্রতি যেং বিধি খাটে তাহা বিশেষ করিয়া নির্ণয় করিলাম।

ন্যায্যমতে বণ্টন করা প্রধান উদ্দেশ্য মানিয়া, মহালের অবিচ্ছিন্নতা দ্বিতীয় স্থলের বিষয় অনুমান করিলাম।

কোন ভূম্যধিকারির স্বতন্ত্র মহালের মধ্যে যে ভূমি গণ্য না করিলে নয়, সেই ভূমিতে অন্য ভূম্যধিকারির বসতবাটী থাকিলে তদ্বিষয়ের এই বিধান করিলাম, যে কর্ত্তৃপক্ষ বণ্টন করেন তিনি চিরকালের নিমিত্ত ঐ ভূমির খাজানা স্থির, করিবেন, ঐ অন্য ভূম্যধিকারী সেই খাজানা দিয়া ঐ ভূমি ভোগ করিয়া থাকিতে পাইবেন, ও এককালীন কতক টাকা দিয়া বার্ষিক খাজানাহইতে ঐ ভূমি মুক্ত করিতে পারিবেন।

উক্ত বিষয়ে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে বোধ হয় তাঁহারা এই বিধানটি বিশেষ হিতজনক বলিয়া সন্তুষ্ট হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৬ জুন।]

We have empowered the officer making the partition to make a similar arrangement allowing a proprietor to hold, on a fixed rent, as tenant of another proprietor, orchards and other lands which have acquired a special value to him, or through the improvement made by him, but we have not provided that the rent fixed on such lands may be redeemed

We have provided that when lands of an estate are held in severalty by the proprietors in accordance with a private arrangement made by them, such estate shall not be brought under partition otherwise than on a joint application from all the proprietors thereof

We have allowed the Collector to give effect under this law not only to the private division of lands as made among themselves by the proprietors, but also to any private arrangement which they may have made as to the proportions of the whole land revenue for which each proprietor's share shall be liable, provided always that such private arrangement can be accepted with reasonable security to the public revenue, and not otherwise

We have laid down rules as to the mode of allotting lands held without payment of rent, and lands held on permanent intermediate tenures, the rent of which cannot be altered by the proprietors or their representatives

We have prescribed a procedure for dealing with lands held in common between the proprietors of the estate under partition and the proprietors of other estates

We have laid down how the Collector is to act in case of a boundary dispute between the estate under partition and another estate

We have provided that in cases in which a dispute has been raised before the Collector as to whether any lands belong to the estate under partition or to any other estate, and the Collector has included the disputed land on the partition, the fact of such disputed land being subsequently declared by a Civil Court not to have belonged to the estate which was under partition shall not disturb the partition, but that the proprietor who is dispossessed of such land after it has been assigned to his separate estate by the Collector, shall be entitled to recover compensation on account of the reduction in the proportionate value of the separate estate assigned to him, such compensation being recoverable from the proprictors of the separate estates on which a proportionate share of the loss caused by the decree of the Civil Court in respect of the said lands does not fall

We have provided that the officer making the partition may, in his discretion, allot equal separate estates according to lot, or may, with the sanction of the Collector, dispense with lots, and we have provided that two or more shares may be aggregated so as to form equal shares for the purpose of casting lots

## PART IX.

We have prescribed a procedure for the Commissioner in dealing with partition cases, and have authorized the Collector to cause boundary marks defining the separate estates formed by the partition to be erected at the cost of the proprietors, and have provided that such marks shall be maintained as provided in the Bengal Survey Act, 1875

## PART X.

We have provided that a tenure created by one or more proprietors of a joint undivided parent estate, but not by all the proprietors of such estate jointly, shall, after partition of the estate, hold good in respect of, and be confined to, the separate estate which has been assigned to the proprietors who created such tenure

We have generally retained the provisions of the existing law empowering the Lieutenant-Governor to readjust the apportionment of land revenue on separate estates where fraud is discovered within twelve years of a partition.

We have specified the mode of publication of general notifications, and of service of notices on individuals.

[*Government Gazette, 6th June* 1876.]

আর উক্ত প্রকারের ভূমিতে অন্য ভূম্যধিকারির উদ্যান থাকিলে, কিম্বা ঐ ভূমির উৎকর্ষ সাধনে তাঁহার অনেক যত্ন থাকাতে কি অন্য কারণে ঐ ভূমির প্রতি তাঁহার বিশেষ মমতা জন্মিলে, আমর বণ্টনের কার্য্যকারকের প্রতি খাজানা অবধারিত করিয়া ঐ অধিকারিকে সেই খাজানা দিয়া পূর্ব্বোক্ত নিয়মমতে ঐ ভূমি ভোগদখলে থাকিবার অনুমতি দিতে ক্ষমতা দিলাম, কিন্তু সেই ভূমিতে যে খাজানা অবধারিত হয় তাহা পরিক্রয় করিবার বিধান করি নাই।

ভূম্যধিকারিরা আপোসে বন্দোবস্ত করিয়া কোন মহালের ভূমি স্বতন্ত্ররূপে ভোগ করিলে, তদ্বিষয়ের এই বিধান করিলাম যে, ঐ মহালের সকল অধিকারির সাধারণ প্রার্থনা না হইলে সেই মহাল বণ্টন করা যাইবে না।

ভূম্যধিকারিরা আপোসে ভূমি বিভাগ করিলে, এই আইনমতে কালেক্টর সাহেবের প্রতি সেই বিভাগ প্রবল মানিবার অনুমতি দিলাম, তদ্ভিন্ন সম্পূর্ণ মহালের রাজস্বের যে অংশের নিমিত্ত প্রত্যেক জন অধিকারির অংশ দায়ি হইবে এই বিষয়েও তাঁহারা আপোসে কোন নিয়ম করিয়া থাকিলে তাহাও প্রবল মানিবার অনুমতি দিলাম। কিন্তু উক্ত স্থলে আপোসে যে নিয়ম করা যায় তাহাতে সঙ্গতমতে রাজস্ব রক্ষা হইলে তাহা গ্রাহ্য হইতে পারিবে নতুবা নয়।

যে ভূমি নিষ্করুরূপে ভোগ হইয়া থাকে, ও যে ভূমি চিরকালের নিমিত্ত দরমিয়ানী পাট্টাক্রমে ভোগ হইয়া থাকে, ও যাহার খাজানা অধিকারিরা কি তাঁহাদের প্রতিনিধিরা পরিবর্ত্তন করিতে না পারেন এমত ভূমী নিরূপণ করিবার বিধান করিলাম।

যে মহালের বণ্টন হয় সেই মহালের অধিকারিদের সঙ্গে অন্য মহালের অধিকারিরা ভূমির সাধারণ ভোগ করিয়া থাকিলে, সেই ভূমি লইয়া যেরূপে কার্য্য করিতে হইবে তাহারও প্রণালী স্থির করিলাম।

যে মহালের বণ্টন কার্য্য চলিতেছে সেই ও অন্য মহালের সীমাবিষয়ক বিবাদ হইলে কালেক্টর সাহেবের যদ্রূপ কার্য্য করিতে হইবে তাহার বিধান করিলাম।

যে মহাল বণ্টন করা যাইতেছে কোন ভূমি সেই মহালের না অন্য কোন মহালের অন্তর্গত আছে, কালেক্টর সাহেবের সম্মুখে এই বিষয়ের বিবাদ উপস্থিত হইলে, ও তিনি ঐ বিবাদীয় ভূমি বণ্টনের মধ্যে ধরিলে, তদ্বিষয়ের এই বিধান করিলাম, যে মহালের বণ্টনকার্য্য চলিতেছে উক্ত বিবাদীয় ভূমি সেই মহালের অন্তর্গত নয় দেওয়ানী আদালত পশ্চাৎ ইহা নির্ণয় করিলেও ঐ বণ্টনের ব্যতিক্রম হইবে না। কিন্তু কালেক্টর সাহেব যে অধিকারির স্বতন্ত্র মহালের মধ্যে ঐ ভূমি নিরূপণ করিলেন তাহাতে অনধিকার হওয়াতে অংশাংশমতে ঐ স্বতন্ত্র মহালের মূল্য যত টাকা হ্রাস হইল তাঁহার তত টাকা হানিপূরণ পাইবার অধিকার থাকিবে, ও দেওয়ানী আদালতের ডিক্রীদ্বারা যে হানি হইল, উক্ত ভূমি সম্পর্কীয় সেই হানি অংশাংশমতে স্বতন্ত্র মহালের যে২ অধিকারিদের উপর পড়িল না, তাঁহাদের স্থানে সেই হানিপূরণের টাকা আদায় করা যাইবে।

আরো এই বিধান করিলাম, যে কার্য্যকারক বণ্টন করেন তিনি আপন বিবেচনামতে গুলিবাঁট করিয়া স্বতন্ত্র সমান২ মহাল নিরূপণ করিয়া দিতে পারিবেন, কিম্বা কালেক্টর সাহেবের অনুমতি লইয়া গুলিবাঁট ত্যাগ করিতে পারিবেন। এবং গুলিবাট করিবার জন্যে সমান২ অংশ করিবার অভিপ্রায়ে দুই কি তদধিক অংশ মোটে ধরা যাইতে পারিবে।

নবম অধ্যায়।

বণ্টনের মোকদ্দমায় কমিশ্যনর সাহেবের যেরূপে কার্য্য করিতে হইবে তাহারও প্রণালী স্থির করিলাম। এবং বণ্টনক্রমে যে২ স্বতন্ত্র মহাল করা যায় তাহার সীমা নির্ণয় করণার্থে কালেক্টর সাহেবের প্রতি অধিকারিদের খরচে সীমার চিহ্ন স্থাপন করিবার অনুমতি দিলাম। এবং বঙ্গদেশীয় জরীপকরণ বিষয়ক ১৮৭৫ সালের আইনমতে ঐ সীমার চিহ্ন রক্ষা করিবার বিধান করিলাম।

দশম অধ্যায়।

সাধারণ অবিভক্ত আদিম মহালের এক কি কএক জন ভূম্যধিকারী কোন তালুক করিয়া দিলে, কিন্তু ঐ মহালের সকল অধিকারী সাধারণ্যে ঐ তালুক না করিলে, যদি সেই মহাল বণ্টন করা যায়, তাহা হইলে যে অধিকারিরা ঐ তালুক করিলেন তাঁহাদের পক্ষে স্বতন্ত্র যে মহাল নিরূপণ করা যায় কেবল সেই স্বতন্ত্র মহাল সম্পর্কে ঐ তালুকের পাট্টা প্রবল থাকিবে।

বণ্টন হইবার পর দ্বাদশ বৎসরের মধ্যে প্রতারণা প্রকাশ হইলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব স্বতন্ত্র নানা মহালের ভূমির রাজস্ব অংশাংশমতে পুনরায় স্থির করিতে পারিবেন, এইক্ষণকার প্রচলিত আইনের এই বিধান সাধারণমতে প্রবল রাখিলাম।

সাধারণ জ্ঞাপনপত্র যেরূপে প্রকাশ করা যাইবে ও ব্যক্তিদিগকে যেরূপে নোটিস দেওয়া যাইবে ইহাও নির্দ্দেশ করিলাম।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৬ জুন।]

We have empowered the Collector to enforce compliance with his requisitions by imposition of a daily fine

We have provided that the cost of any local enquiry may be dealt with apart from the general expenses of a partition, and levied from any party on whom the officer making the partition thinks proper to impose the payment of such cost

We have provided that all sums payable under this Bill shall be leviable as demands under Bengal Act VII of 1868.

We have specified the orders of a Deputy Collector, of a Collector, and of a Commissioner respectively, against which an appeal will lie as of right to the superior revenue authority, but we have provided that all proceedings and orders of every subordinate authority will be subject to supervision, control, and revision by the superior authorities

We have authorized the Commissioner and the Board to pass such orders as they think proper as to the payment of costs of appeals made to them respectively

We have provided that the Lieutenant-Governor may vest any Collector or Deputy Collector employed on a partition with any powers with which such officer might be vested if the parent estate were under settlement.

We have provided that under the orders of a Civil Court or of the Board, partition of a revenue-free tenure may be made under the provisions of the Bill

We have provided that a revenue officer may exercise the same powers as a Civil Court in respect of false evidence given on forgery brought to light in the course of partition proceedings.

We have defined the orders of revenue officers which shall be final, and not liable to be contested in any Civil Court, or otherwise than as provided in this Bill

We have reserved a general power of control to the Lieutenant-Governor, and have provided that the Board shall make rules for the guidance of officers

And we have made other verbal and minor changes in the Bill, as referred to us

H L DAMPIER.
V H. SCHALCH
H J. REYNOLDS
JUGGADANUND MOOKERJEE.
KRISTO DAS PAL

*The 16th March 1876.*

---

*N. B.*—In signing this report I think it proper to mention, with reference to Part II of this Bill, that I am opposed to those provisions of the Bill for the compulsory registration of estates which require the registration of the extent of interest possessed by proprietors, and that it is my intention to move an amendment regarding those provisions when that Bill comes before the Council

H. J. REYNOLDS.

কালেক্টর সাহেব যে আদেশ করেন, দৈনিক অর্থদণ্ড ধার্য্য করিয়া তাঁহার প্রতি সেই আদেশমতে বলপূর্ব্বক কার্য্য করাইবার ক্ষমতা দিলাম।

স্থানবিশেষে অনুসন্ধান লওয়ার প্রয়োজন হইলে বণ্টনের সাধারণ খরচের মধ্যে ঐ অনুসন্ধানের খরচ না ধরিয়া যে কার্য্যকারক বণ্টন করেন, তিনি যে ব্যক্তির স্থানে লওয়া উচিত বোধ করেন তাঁহার স্থানে তাহা আদায় করিতে পারিবেন এই বিধান করিলাম।

এই আইনমতে যে সকল টাকা দেনা হয় বঙ্গীয় ১৮৬৮ সালের ৭ আইনমত দাওয়ার ন্যায় তাহা আদায় করিতে পারিবার বিধান করিলাম।

ডেপুটী কালেক্টরের কি কালেক্টর সাহেবের কিম্বা কমিশ্যনর সাহেবের যে২ আজ্ঞার উপর রাজস্ব সংক্রান্ত উপরিস্থ কার্য্যকারকদের নিকট আপীল করিবার অধিকার থাকে তাহা নির্দ্দেশ করিয়া এই বিধানও করিলাম যে, অধীন প্রত্যেক কর্ত্তৃপক্ষের আনুষ্ঠানিক সকল কার্য্য ও আজ্ঞা উপরিস্থ কর্ত্তৃপক্ষদের তত্ত্বের ও কর্ত্তৃত্বের অধীন থাকিবে ও তাঁহাদের দ্বারা পুনরালোচনা করা যাইতে পারিবে।

কমিশ্যনরর সাহেবের এবং বোর্ডের নিকট আপীল হইলে তাঁহারা খরচার বিষয়ে যেরূপ আজ্ঞা করা উচিত বোধ করেন তাহা করিবার অনুমতি দিলাম।

আদিম মহালের বন্দোবস্তকরণ সময়ে কোন কালেক্টর সাহেবের কি ডেপুটী কালেক্টরের প্রতি যে২ ক্ষমতা প্রদান করা যাইতে পারে, তাঁহারা বণ্টনকার্য্যে নিযুক্ত থাকিলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাঁহাদের প্রতি সেই২ ক্ষমতা প্রদান করিতে পারিবেন এই বিধান করিলাম।

দেওয়ানী আদালতের কিম্বা বোর্ডের আজ্ঞা প্রাপ্ত হইলে নিষ্কর তালুকও এই আইনের বিধানমতে বণ্টন হইবার বিধান করিলাম।

বণ্টনের কার্য্য চলন সময়ে মিথ্যা সাক্ষ্য দেওয়া কি জালকরা প্রকাশ হইলে, রাজস্বসংক্রান্ত কার্য্য-কারকের দেওয়ানী আদালতের ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা থাকার বিধান করিলাম।

রাজস্ব সংক্রান্ত কার্য্যকারকদের যে২ আজ্ঞা চূড়ান্ত হইবে ও কোন দেওয়ানী আদালতে কিম্বা এই আইনে যে স্থলের বিধান হইয়াছে তদ্ভিন্ন কোন স্থলে যাহার প্রতিবাদ হইতে পারিবে না সেই২ আজ্ঞা নির্দ্দেশ করিলাম।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের তত্ত্বাবধারণ করিবার সাধারণ ক্ষমতা প্রবল রাখিলাম, ও কার্য্যকারকদের কার্য্য পদ্ধতি দেখাইবার জন্যে বোর্ডের বিধি প্রণয়ন করিবার বিধান করিলাম।

আমাদের প্রতি যে পাণ্ডুলিপি অর্পিত হইয়াছিল তাহার কএক শব্দ ও অন্য২ ক্ষুদ্র বিষয়ও পরিবর্ত্তন করিলাম।

এচ, এল, ডাম্পিয়র।
বি, এচ, শক।
এচ, রেনলডস।
জগদানন্দ মুখোপাধ্যায়।
কৃষ্ণদাস পাল।

১৮৭৬ সাল ১৬ মার্চ।

---

মন্তব্য।—এই রিপোর্টে স্বাক্ষর করিলেও এই পাণ্ডুলিপির দ্বিতীয় অধ্যায়ের বিষয়ে আমার বক্তব্য এই। মহাল বলপূর্ব্বক রেজিষ্টরী করাইবার বিষয়ে এই পাণ্ডুলিপির যে২ বিধানমতে অধিকারিদের স্বার্থের পরিমাণ রেজেষ্টরী করাইবার আদেশ হইল, আমি তাহাতে সম্মত নই ও ঐ পাণ্ডুলিপি মন্ত্রিসভায় উপস্থিত করা গেলে ঐ২ বিধান সংশোধন করিবার প্রস্তাব করিব।

এচ, রেনলডস।

## AMENDED BILL.

---

*A Bill to make better provision for the Partition of Estates.*

Preamble.

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to the partition of estates, It is enacted as follows —

---

## PART I.

### PRELIMINARY.

1 This Act may be called the "Estates' Partition Act, 1876"

Local extent.

It extends to the territories for the time being under the administration of the Lieutenant-Governor of Bengal,

Commencement.

And it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General, which date is hereinafter referred to as the commencement of this Act

Laws repealed

2. When and so soon as this Act shall come into force, the Regulations and Acts specified in the Schedule hereto annexed, to the extent mentioned in the third column thereof, shall cease to have effect in the territories subject to the Lieutenant-Governor of Bengal, save so far as they repeal or modify any other Regulations or Acts, and save so far as regards the partition of any estate which shall be pending at the time of the commencement of this Act

The partition of any estate which shall be pending at the time of the commencement of this Act shall (except as provided in the next succeeding section) proceed and be completed in the same manner as if this Act had not been passed

Certain provisions of Act applicable to partition cases pending at the time of its passing

3 The provisions of this Act, so far as they relate to the continuation of a partition from the point which it has reached, or to the staying of the partition of an estate, or to striking a partition case off the file, may be applied, at the discretion of the Collector, in all cases of partition of estates pending at the time of the commencement of this Act, provided that before applying such provisions to the continuation of a partition the Collector shall

## সংশোধিত পাণ্ডুলিপি।

---

মহাল বণ্টন করিবার সুবিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

মহালের বণ্টন বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই কারণে এই২ বিধান করা যাইতেছে।

---

## প্রথম অধ্যায়।

### পরিভাষা।

১ ধারা। এই আইন "মহালের বণ্টন বিষয়ক ১৮৭৬ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যতদূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

যে দেশ যৎকালে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন থাকে এই আইন তৎকালে সেই দেশে প্রচলিত হইবে।

যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

যে তারিখে শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমোদনক্রমে কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রচলিত হইবে। "এই আইন প্রচলিত হওনের সময়" এই কথায় সেই তারিখ জানিতে হইবে ইতি।

যে২ আইন রহিত হইল তাহার কথা।

২ ধারা। এই আইন প্রচলিত হইলেই, শেষাংশে লিখিত তফসীলে যে২ আইনের ও আকটের উল্লেখ হইল, তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট হইয়াছে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশে তাহা তত দূর রহিত হইবে। কিন্তু সেই আইনের কি আকটের যে২ কথাক্রমে অন্য২ আইন কি আকট রহিত করা যায় সেই২ কথা প্রবল থাকিবে, এবং এই আইন প্রচলিত হওনের সময়ে কোন মহালের যে বণ্টনকার্য্য চলিতেছে তৎসম্পর্কে ঐ২ আইন প্রবল থাকিবে।

এই আইন প্রচলিত হওন সময়ে কোন মহালের বণ্টনকার্য্য উপস্থিত থাকিলে, ইহার পশ্চাৎ ধারার লিখিত স্থলভিন্ন, সেই কার্য্য এই আইন প্রচলিত না হওয়ার ন্যায় চলিবে ও সমাপ্ত করা যাইবে ইতি।

এই আইন প্রচলিত হওনের সময়ে বণ্টনের যে মোকদ্দমা উপস্থিত থাকে তৎপ্রতি আইনের কোন২ বিধান খাটিবার কথা।

৩ ধারা। এই আইন প্রচলিত হওনের সময়ে মহালের বণ্টনবিষয়ক যে সকল মোকদ্দমা উপস্থিত থাকে, ঐ মোকদ্দমা যত দূর চলিয়াছে সেই অবধি তাহার চলন বিষয়ে, কিম্বা কোন মহালের বণ্টনকার্য্য স্থগিত করণ বিষয়ে, কিম্বা বণ্টনের মোকদ্দমা নথী হইতে উঠাইয়া দেওনবিষয়ে এই আইনে যে২ বিধান আছে, কালেক্টর সাহেবের বিবেচনামতে ঐ উপস্থিত মোকদ্দমার প্রতি সেই সকল বিধানও বর্ত্তান যাইবে

give due notice in each case to the parties concerned that such provisions will be applied

4 In this Act—unless there be something repugnant in the subject or context—

Interpretation clause.

(i) "Amin" means a person who is appointed by the Collector or Deputy Collector to make any measurement, survey, or local inquiry, or to prepare the papers showing the result of any measurement, survey, or local inquiry

"Amin"

(ii) "Applicant" means any person who has applied to the Collector under the provisions of this Act, for the separation from the parent estate of lands representing his interest in such parent estate, and for the assignment to him of such lands as a separate estate liable for a demand of land revenue distinct from that for which the parent estate is liable

"Applicant"

(iii) "Assets of land" include the rental of the land with respect to which the expression is used, all profits derived by the proprietors out of such land from rights of pasturage, forest rights, fisheries, and all other legal sources

"Assets of land"

(iv) "Assets of an estate" mean the assets of all land included in an estate

"Assets of estate"

(v) "Board" means the Board of Revenue for the provinces for the time being subject to the Lieutenant-Governor of Bengal

"Board."

(vi) "Chapter" means a chapter of this Act

"Chapter"

(vii) "Deputy Collector" includes any Assistant Collector, Deputy Collector, or Sub-Deputy Collector whom the Collector may appoint (as he is hereby empowered to do) to effect a partition and allotment of assessment under this Act, or to conduct any of the proceedings connected with such partition and allotment.

"Deputy Collector"

পারিবে। কিন্তু উপস্থিত কোন বণ্টনের কার্য্য চলনের প্রতি কালেক্টর সাহেব ঐ২ বিধান বর্ত্তাইলে, তিনি প্রথমে ঐ বিষয়ের সম্পর্কযুক্ত ব্যক্তিদিগকে উপযুক্ত নোটিস দিয়া তাহা বর্ত্তাইবেন ইতি।

৪ ধারা। বিষয় বিবেচনায় কিম্বা পূর্ব্বাপর কথায় তাহা ভাবান্তর বোধ না হইলে, এই আইনে

"অর্থ করণের ধারা।"

(১) কালেক্টর সাহেব কিম্বা ডেপুটী কালেক্টর মাপ কি জরীপ করিবার কিম্বা স্থান বিশেষে অনুসন্ধান লইবার জন্যে, কিম্বা মাপ কি জরীপ করণের কি স্থান বিশেষে অনুসন্ধান লওনের ফল যে কাগজে দেখা যায় এমত কাগজ প্রস্তুত করিবার জন্যে, যে ব্যক্তিকে নিযুক্ত করেন, "আমীন" শব্দে সেই ব্যক্তিকে জানিতে হইবে।

"আমীন।"

(২) আদিম মহালে কোন ব্যক্তির যে স্বার্থ থাকে তাঁহার সেই স্বার্থানুয়ায়ি ভূমি ঐ আদিম মহালহইতে পৃথক করা যায়, ও আদিম মহাল যে রাজস্বের দায়ি হয় তাহাহইতে পৃথক রাজস্বের দায়ি স্বতন্ত্র মহালস্বরূপ ঐ ভূমি তাঁহার প্রতি নিরূপণ করা যায়, কোন ব্যক্তি এই আইনের বিধানমতে কালেক্টর সাহেবের নিকট এই মর্ম্মের প্রার্থনা করিলে "প্রার্থক" শব্দে সেই ব্যক্তিকে জানিতে হইবে।

"প্রার্থক।"

(৩) "ভূমির উপস্বত্ব" এই শব্দ যে ভূমির সম্পর্কে প্রয়োগ হয়, সেই ভূমির খাজানা এবং চরানি ভূমির স্বত্ব ও বনস্বত্ব ও মৎস্য ধরিবার স্বত্ব, এবং আইনমত অন্য যে উপায় দ্বারা ঐ ভূমিহইতে অধিকারিদের যে সকল লাভ উৎপন্ন হয়, ঐ শব্দের মধ্যে সেই সকল লভ্য ধরিতে হইবে।

"ভূমির উপস্বত্ব।"

(৪) "মহালের উপস্বত্ব" শব্দে মহালের অন্তর্গত সকল ভূমির উপস্বত্ব জানিতে হইবে।

"মহালের উপস্বত্ব।"

(৫) যৎকালে যেং দেশ শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন থাকে, "বোর্ড" শব্দে সেই২ দেশের রেবিনিউ বোর্ড জানিতে হইবে।

"বোর্ড।"

(৬) "পরিচ্ছেদ" শব্দে এই আইনের কোন পরিচ্ছেদ জানিতে হইবে।

"পরিচ্ছেদ।"

(৭) এই আইনমতে মহাল বণ্টন করিবার ও রাজস্ব ধার্য্য করিয়া নিরূপণ করিবার জন্যে, কিম্বা ঐ বণ্টন ও রাজস্ব নিরূপণসম্পর্কীয় কোন কার্য্যের অনুষ্ঠান করিবার জন্যে, এতৎক্রমে কালেক্টর সাহেবের প্রতি কোন আসিষ্টান্ট কালেক্টর কি ডেপুটী কালেক্টর কি সব-ডেপুটী কালেক্টরকে নিযুক্ত করিবার ক্ষমতা প্রদান করা গেল, ও তিনি উক্ত যে ব্যক্তিদিগকে নিযুক্ত করেন "ডেপুটী কালেক্টর" শব্দে তাঁহারাও গণ্য।

"ডেপুটী কালেক্টর।"

(viii) "Estate" means all lands which are borne on the revenue-roll of a Collector as liable for the payment of one and the same demand of land revenue

"Estate"

(ix) "Joint undivided estate" means all lands which are borne on the revenue-roll of a Collector as liable for the payment of one and the same demand of land revenue, and of which two or more persons are proprietors

"Joint undivided estate

(x) "Land" does not include the houses and buildings standing thereon

"Land"

(xi) "Lieutenant-Governor" means the Lieutenant-Governor of Bengal for the time being or the person acting in that capacity

"Lieutenant Governor"

(xii) "Parent estate" means any estate for the partition of which proceedings may be in progress under this Act, or of which the partition may have been effected under this Act

"Parent estate"

(xiii) "Proprietor" includes every person who is in possession of any estate under partition, or of any portion of such estate, or of any interest in such estate or in any part of such estate, or owner thereof, whether such person be or be not a recorded proprietor of the estate

"Proprietor"

(xiv) "Recorded proprietor" means a person whose name is registered on the Collector's general register of revenue-paying lands as proprietor of an estate or of any share or interest therein

"Recorded proprietor"

(xv) "Section" means a section of this Act

"Section."

(xvi) "Separate estate" means any distinct estate which may be formed by the partition of a parent estate under this Act, or for the formation of which proceedings may be in progress under this Act

"Separate estate"

(xvii) "The Collector" means the Collector of the district on the revenue-roll of which the estate under partition, or which it is proposed to bring under partition, is borne, and includes any officer whom the Board may generally vest (as it is

(৮) একি ও অনন্য দাওয়ামতে রাজস্বের দায়ি বলিয়া যে সকল ভূমি কালেক্টর সাহেবের তৌজীতে লেখা থাকে "মহাল" শব্দে ঐ সকল ভূমি জানিতে হইবে।

"মহাল।"

(৯) একি ও অনন্য দাওয়ামতে রাজস্বের দায়ি বলিয়া যে সকল ভূমি কালেক্টর সাহেবের তৌজীতে লেখা থাকে ও যাহার দুই কি তদধিক জন অধিকারী আছেন, "সাধারণ অবিভক্ত মহাল" শব্দে সেই মহাল জানিতে হইবে।

"সাধারণ অবিভক্ত মহাল।"

(১০) ভূমিতে যেং ঘর ও কোটা থাকে "ভূমি" শব্দের মধ্যে তাহা গণ্য নয়।

"ভূমি।"

(১১) যিনি যৎকালে বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবরনর হন কিম্বা ঐ পদের কর্ম্ম নির্ব্বাহ করেন "লেপ্টেনেণ্ট গবরনর" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"লেপ্টেনেণ্ট গবরনর।"

(১২) এই আইনমতে যে মহালের বণ্টন কার্য্য চলিতেছে কিম্বা এই আইনমতে যে মহালের বণ্টন হইয়াছে, "আদিম মহাল" শব্দে সেই মহাল জানিতে হইবে।

"আদিম মহাল।"

(১৩) যে মহালের বণ্টন করা যায় সেই মহালের কিম্বা তাহার কোন অংশের কিম্বা সেই মহালগত কিম্বা মহালের কোন অংশগত স্বার্থের স্বামী বলিয়া যে প্রত্যেক ব্যক্তির অধিকারে ঐ মহাল কি তাহার কোন অংশ কি স্বার্থ থাকে, ঐ মহালের লিপিবদ্ধ ভূম্যধিকারী হউন বা নাই হউন, "ভূম্যধিকারী" শব্দের মধ্যে তিনি গণ্য।

"ভূম্যধিকারী।"

(১৪) কোন মহালের কি তদ্গত কোন অংশের কি স্বার্থের ভূম্যধিকারি বলিয়া যে ব্যক্তির নাম কালেক্টরের খেরাজী জমীর সাধারণ রেজিষ্টরী বহীতে লেখা থাকে "লিপিবদ্ধ ভূম্যধিকারী" শব্দে সেই ব্যক্তিকে জানিতে হইবে।

"লিপিবদ্ধ অধিকারী।"

(১৫) "ধারা" শব্দে এই আইনের কোন ধারা জানিতে হইবে।

"ধারা।"

(১৬) এই আইনমতে আদিম মহাল বিভাগকরণ দ্বারা যে পৃথক মহাল করা যায়, কিম্বা যে পৃথক মহাল করিবার জন্যে এই আইনমতে কার্য্যানুষ্ঠান হইয়া থাকে, "স্বতন্ত্র মহাল" শব্দে সেই পৃথক মহাল জানিতে হইবে।

"স্বতন্ত্র মহাল।"

(১৭) যে মহাল বণ্টন করা যাইতেছে কিম্বা বণ্টন করিবার প্রস্তাব হয়, তাহা যে জিলার তৌজীতে লেখা থাকে "কালেক্টর" শব্দে সেই জিলার কালেক্টর সাহেবকে জানিতে হইবে। এবং এই আইনমতে কালেক্টর সাহেবের যেং ক্ষমতা থাকে,

"কালেক্টর।"

hereby empowered to do) with the powers of a Collector under this Act, and to whom the Collector of the district has, with the sanction of the Commissioner, delegated (as he is hereby empowered to do) any of his duties and functions in respect of the partition of any estate, and any officer whom the Board may specially vest (as it is hereby empowered to do) with the powers of a Collector for the purposes of any partition under this Act

(xviii) "The Commissioner" means the Commissioner of Revenue to whom the Collector engaged in making the partition is subordinate

"The Commissioner"

5 All partitions of estates which shall be ordered to be made after the commencement of this Act, shall be made under the provisions of this Act, and no such partition made otherwise than under this Act shall relieve any lands from liability to Government for the total demand of land revenue assessed upon the estate of which they form a part

Future partitions to be made under provisions of this Act

6 The amount of land revenue assessed on each separate estate shall bear the same proportion to the whole amount of land revenue for which the parent estate was liable, as the assets of such separate estate bear to the whole assets of the parent estate

Revenue to be assessed on each separate estate

7 Except as hereinafter otherwise expressly provided, the average of the amount of rent which was payable for any land by the cultivating ryots during the three years immediately preceding the year in which proceedings are taken under this Act for the partition of the estate shall, for the purposes of this Act, be deemed to be the rental of such land,

Definition of rental

and if any land is not let, but is held and occupied directly by the proprietors or any of them, the annual rent for which such land might reasonably be expected to let shall be deemed to be the rental of such land.

*Exception* 1 —If the rent payable by the cultivating ryots on account of any land shall have been determined by any Court of competent

এতৎক্রমে বোর্ডের সাহেবদের প্রতি সাধারণমতে কোন কার্য্যকারককে সেই২ ক্ষমতা প্রদান করিবার শক্তি দেওয়া গেল ও যে কার্য্যকারকের প্রতি সেই সাধারণ ক্ষমতা প্রদান করা যায়, "কালেক্টর" শব্দের মধ্যে তিনিও গণ্য। এবং কোন মহালের বণ্টন কার্য্যসম্পর্কে জিলার কালেক্টর সাহেবের যে কর্ত্তব্য কর্ম্ম ও যে অধিকার থাকে, তাঁহার প্রতি কমিশ্যনর সাহেবের অনুমতি লইয়া এতৎক্রমে অন্য কার্য্যকারকের হস্তে সেই কর্ত্তব্য কর্ম্ম ও অধিকার অর্পণ করিবার ক্ষমতা দেওয়া গেল, ও তিনি যে কার্য্যকারকের প্রতি ঐ কর্ম্ম ও অধিকার অর্পণ করেন "কালেকটর" শব্দের মধ্যে তিনিও গণ্য। এবং এই আইনমতে বণ্টনের কোন কার্য্যের নিমিত্তে বোর্ডের সাহেবদের প্রতি এতৎক্রমে কোন কার্য্যকারককে কালেক্টরের ক্ষমতা বিশেষমতে প্রদান করিবার শক্তি দেওয়া গেল, ও যে কার্য্যকারককে সেই বিশেষ ক্ষমতা দেওয়া যায় "কালেকটর" শব্দের মধ্যে তিনিও গণ্য।

(১৮) বণ্টনের কার্য্যে যে কালেক্টর সাহেব নিযুক্ত থাকেন তিনি রাজস্ব সংক্রান্ত যে কমিশ্যনর সাহেবের অধীন হন "কমিশ্যনর" শব্দে সেই কমিশ্যনর সাহেবকে জানিতে হইবে ইতি।

"কমিশ্যনর।"

৫ ধারা। এই আইন প্রচলিত হওনের সময়ের পর মহাল বণ্টন করিবার আজ্ঞা হইলে, এই আইনের বিধানমতে বণ্টন করা যাইবে। এই আইনের বিধানমতে না হইয়া প্রকারান্তরে বণ্টন করা গেলে, ঐ ভূমি যে মহালের একাংশ হয় সেই মহালের উপর মোটে যত রাজস্বের দাওয়া থাকে, গবর্ণমেণ্টের নিকট ঐ মহালের কোন ভূমি সেই রাজস্বের দায়হইতে মুক্ত হইবে না ইতি।

ইহার পর বণ্টনের কার্য্য হইলে এই আইনমতে করিতে হইবার কথা।

৬ ধারা। প্রত্যেক স্বতন্ত্র মহালের উপস্বত্ব আদিম মহালের উপস্বত্বের যে অংশ হয়, আদিম মহাল মোটে যত রাজস্বের দায়ী ছিল, সেই অংশানুসারে ঐ স্বতন্ত্র২ মহালের ভূমির রাজস্ব ধার্য হইবে ইতি।

স্বতন্ত্র প্রত্যেক মহালের রাজস্ব ধার্য্য করিবার কথা।

৭ ধারা। এই আইনমতে যে বৎসর মহাল বণ্টন করিবার কার্য্যানুষ্ঠান হয়, তাহার পূর্ব্ব তিন বৎসর অবধি কোন ভূমির নিমিত্তে কৃষিকারি প্রজাদের গড়ে যত টাকা খাজানা লাগে, এই আইনের মধ্যে কোন স্থলের অন্যরূপ বিধান না থাকিলে, এই আইনের কার্য্য পক্ষে ঐ ভূমির তত খাজানা আছে এমত জ্ঞান হইবে।

খাজানা শব্দের অর্থ নির্ণয়।

কোন ভূমি খাজানা করিয়া না দেওয়া গেলে, কিন্তু ভূম্যধিকারিরা কি তাঁহাদের মধ্যে কোন ব্যক্তি নিজে তাহা ভোগ ও দখল করিলে, সম্ভবমতে ঐ ভূমির বৎসর যত টাকা খাজানা পাওয়া যাইতে পারে, তত টাকা ঐ ভূমির খাজানা বলিয়া জ্ঞান হইবে।

প্রথম বর্জ্জিত কথা।—কোন ভূমির নিমিত্ত কৃষিকারি প্রজাদের যত টাকা খাজানা দেওয়া উচিত, উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে এই কথা নির্ণয় হইয়া

jurisdiction, or shall have been altered with the consent of the said ryots at any time during the said three years, the amount so determined, or the amount to which the rent may have been so altered, shall be deemed to be the rental of the land

*Exception* 2 —If any land is held on a permanent tenure which was created by all the proprietors of the estate, and which by any law for the time being in force is protected against the purchaser at a sale for arrears of revenue, the rent payable by the holder of such tenure shall be deemed to be the rental of such land

*Exception* 3 —If any land is held on a tenure which, although not protected as aforesaid, is admitted by all the recorded proprietors of the estate to be a permanent tenure created by all the proprietors of the estate, and of such nature that the rent thereof is not liable to be raised under any circumstances by the proprietors of the said estate, or any person deriving his title from such proprietors, the rent payable by the holder of such tenure (whether he be known as talukdar, patnidar, mokarraridar, or by any other designation) shall be deemed to be the rental of such land

*Exception* 4 —If any land be unoccupied, such amount as the Collector may determine, with reference to all the circumstances of the case, shall be deemed to be the rental of such land

---

## PART II

### OF THE RIGHT TO CLAIM PARTITION

8 Except as hereinafter otherwise provided, every recorded proprietor of a joint undivided estate, who is in actual possession of the interest in respect of which he is so recorded, is entitled to claim a partition of the said estate, and the separation therefrom and assignment to him as a separate estate of lands representing the interest of which he is in such possession, provided that, and as far only as, such partition, separation, and assignment can be made in accordance with the provisions of this Act.

Who entitled to claim partition

Any two or more such recorded proprietors may claim that lands representing the interest of all such claimants may be formed into one separate estate to be held by them as a joint undivided estate; and every provision of this Act which applies to an applicant for partition shall apply to any two or more persons making such joint claim

থাকিলে, কিম্বা উক্ত তিন বৎসরের মধ্য কোন সময়ে উক্ত প্রজাদের সম্মতিক্রমে ঐ খাজানার পরিবর্ত্তন হইয়া থাকিলে, তদ্রূপে যত টাকা নির্ণয় হয় কিম্বা উক্ত প্রকারে পরিবর্ত্তন হইয়া যত টাকা ধার্য্য হয়, ভূমির তত টাকা খাজানা ধরিতে হইবে।

দ্বিতীয় বর্জ্জিত কথা।—মহালের সকল ভূম্যধিকারী চিরকালের নিমিত্ত যে পাট্টা করিয়া দিয়াছেন যদি এমত পাট্টাক্রমে ভূমি ভোগ হইয়া থাকে, এবং যৎকালে যে আইন প্রচলিত হয় তদনুসারে বাকী রাজস্বের নিমিত্ত নিলাম হইলেও যদি ক্রেতা সেই পাট্টা ব্যর্থ করিতে না পারেন, তবে ঐ পাট্টাদার সেই ভূমির নিমিত্ত যত খাজানা দিয়া থাকেন, তাহাই সেই ভূমির খাজানা বলিয়া জ্ঞান হইবে।

তৃতীয় বর্জ্জিত কথা।—পূর্ব্বোক্তমতে ক্রেতা ঐ পাট্টা ব্যর্থ করিতে পারিলেও, ভূমি যে পাট্টাক্রমে ভোগ হইয়া থাকে, মহালের সকল ভূম্যধিকারী সেই পাট্টা মহালের সকল ভূম্যধিকারির করা চিরকালীন পাট্টা বলিয়া স্বীকার করেন ও উক্ত মহালের ভূম্যধিকারিদের দ্বারা কিম্বা ঐ ভূম্যধিকারিদের স্থানে অন্য যে ব্যক্তি স্বত্ব প্রাপ্ত হন তাঁহার দ্বারাও ঐ ভূমির খাজানা কোন গতিকেই বৃদ্ধি করা যাইতে পারে না যদি ভূম্যধিকারিরা ঐ পাট্টার এমন ভাব স্বীকার করিয়া থাকেন, তবে ঐ পাট্টাদারকে তালুকদার কি পত্তনীদার কি মোকররীদার কি অন্য যে নামে বলা যাউক তাঁহার যত খাজানা লাগে তাহাই ঐ ভূমির খাজানা বলিয়া জ্ঞান হইবে।

চতুর্থ বর্জ্জিত কথা।—কোন ভূমির প্রজা না থাকিলে, কালেক্টর সাহেব বিষয়ের নানা ভাবগতিক বিবেচনায় যে খাজানা নির্ণয় করেন তাহাই ঐ ভূমির খাজানা বলিয়া জ্ঞান হইবে ইতি।

---

## দ্বিতীয় অধ্যায়।

### বণ্টন করাইয়া লইবার অধিকারের কথা।

৮ ধারা। সাধারণ অবিভক্ত মহালের লিপিবদ্ধ যে ভূম্যধিকারী যে স্বার্থের সম্বন্ধে তদ্রূপে লিপিবদ্ধ হন, ঐ স্বার্থ তাঁহার নিজ অধিকারে থাকিলে, ঐ মহাল বণ্টন করা যায় এবং তাঁহার অধিকারে যে স্বার্থ আছে সেই স্বার্থের অনুযায়ি ভূমি পৃথক করা গিয়া স্বতন্ত্র মহালস্বরূপ তাঁহার প্রতি নিরূপণ করা যায়, পশ্চাৎ লিখিত যে স্থলের অন্যরূপ বিধান থাকে সেই স্থল ছাড়া, তাঁহার এমত দাওয়া করিবার স্বত্ব থাকিবে, কিন্তু এই আইনের বিধানমতে করা যাইতে পারিলে ও যত দূর করা যাইতে পারে, কেবল ততদূর ঐ বণ্টন ও বিভাগ ও নিরূপণ করা যাইবে।

বণ্টন করাইয়া লইবার অধিকার যাঁহাদের থাকে তাঁহাদের কথা।

তদ্রূপ লিপিবদ্ধ দুই কি ততধিক জন ভূম্যধিকারীও এই দাওয়া করিতে পারিবেন যে, যত ভূমি আমাদের সকলের স্বার্থের অনুযায়ি হয় সেই সকল ভূমি লইয়া স্বতন্ত্র এক মহাল করা যায় ও আমরা সাধারণ অবিভক্ত মহালস্বরূপ তাহা ভোগ করি। তাহা হইলে বিভাগ হইবার নিমিত্তে প্রার্থকের প্রতি এই আইনের যেং বিধান খাটে, ঐ সাধারণ দাওয়াদার দুই কি ততধিক ব্যক্তির প্রতিও সেইং বিধান খাটিবে ইতি।

Partition according to interest

9 (a) If the interest of any recorded proprietor who is entitled to claim partition as aforesaid is an undivided share in an estate held in common tenancy, such person shall be entitled to have assigned to him lands of which the assets shall bear the same proportion to the assets of the parent estate as his undivided share in the parent estate bears to the entire parent estate

(b) If the interest of such recorded proprietor is the proprietary right of certain specific mouzahs or lands forming part of the parent estate, and held by him in severalty, he shall be entitled to have assigned to him the said mouzahs or lands

(c) If the interest of such recorded proprietor consists of an undivided share held in common tenancy in certain specific mouzahs or tracts forming part of the parent estate, (but not extending over the whole area of the parent estate, he shall be entitled to have assigned to him lands situated within such specific mouzahs or tracts, of which the assets shall bear the same proportion to the assets of such specific mouzahs or tracts as the share which he holds in such specific mouzahs or tracts bears to the entire mouzahs or tracts

Provided that if the interest of such recorded proprietor consists of such undivided share in more than one mouzah or tract, he shall not be entitled to have lands assigned him in every such mouzah or tract, but the Collector may assign to him lands situated in any one or more of the said mouzahs or tracts, provided that the assets of such lands are in proportion to the aggregate of the interests which he holds in all such mouzahs or tracts

(d) If such recorded proprietor holds in the parent estate more than one of the kinds of interest specified in this section, lands shall be assigned to him as far as possible in accordance with the principles above laid down

Life estate

10 Notwithstanding anything hereinbefore contained, no person having a proprietary interest in an estate for the term of his life only shall be deemed to be a person entitled to claim partition under this Act

No partition allowed which results in forming separate estate liable for less then twenty rupees annual land revenue

11 No application for the partition of an estate shall be admitted, and no partition of an estate shall be made if the result of such partition would be to form any separate estate liable for an annual amount of land revenue less

স্বার্থানুসারে বিভাগের কথা।

৯ ধারা। (ক) পূর্ব্বোক্তমতে বণ্টন করিবার দাওয়া করিতে যে লিপিবদ্ধ ভূম্যধিকারির স্বত্ব আছে, যদি তাঁহার সেই স্বার্থ সাধারণ ভোগ করা মহালের অবিভক্ত অংশ হইয়া থাকে, তবে আদিম সম্পূর্ণ মহালের সহিত তাহার সেই অবিভক্ত অংশের যে অনুপাত হয়, ঐ আদিম মহালের উপস্বত্বের সহিত যে২ ভূমির উপস্বত্বের সেই অনুপাত থাকে তাঁহার প্রতি সেই২ ভূমি নিরূপণ হওয়ার স্বত্ব থাকিবে।

(খ) আদিম মহালের অংশগত কোন বিশেষ মৌজার কি ভূমির অধিকারিত্ব স্বত্ব লইয়া ঐ লিপিবদ্ধ ভূম্যধিকারির স্বার্থ থাকিলে, ও তিনি তাহা পৃথকরূপে ভোগ করিয়া থাকিলে, তাঁহার প্রতি সেই২ মৌজা কি ভূমি নিরূপণ হওয়ার স্বত্ব থাকিবে।

(গ) বিশেষ২ যে মৌজা কি ভূমিখণ্ড আদিম মহালের সম্পূর্ণ আয়তনে ব্যাপ্ত না হইয়া ঐ আদিম মহালের একাংশ হয়, সেই২ মৌজার কি ভূমিখণ্ডের সাধারণরূপে ভোগ করা অবিভক্ত অংশ লইয়া যদি সেই লিপিবদ্ধ ভূম্যধিকারির স্বার্থ থাকে, তবে তিনি সেই বিশেষ২ মৌজার কি ভূমিখণ্ডের যে অংশ ভোগ করেন তাহার সঙ্গে ঐ সম্পূর্ণ মৌজার কি ভূমিখণ্ডের যে অনুপাত থাকে, ঐ বিশেষ২ মৌজার কি ভূমিখণ্ডের অন্তর্গত যে২ ভূমির উপস্বত্বের সহিত ঐ বিশেষ২ মৌজার কি ভূমিখণ্ডের উপস্বত্বের সেই অনুপাত হয়, তাঁহার প্রতি সেই২ ভূমি নিরূপণ হওয়ার স্বত্ব থাকিবে।

কিন্তু যদি দুই কি তদধিক মৌজার কি ভূমিখণ্ডের ঐ অবিভক্ত অংশ লইয়া ঐ লিপিবদ্ধ ভূম্যধিকারির স্বার্থ থাকে, তবে উক্ত প্রত্যেক মৌজায় কি ভূমিখণ্ডে তাঁহার প্রতি ভূমি নিরূপণ হওয়ার স্বত্ব থাকিবে না, কিন্তু কালেক্টর সাহেব তাঁহার প্রতি উক্ত কোন এক কি কএক মৌজার কি ভূমিখণ্ডের অন্তর্গত ভূমি নিরূপণ করিতে পারিবেন, কেবল তিনি উক্ত সকল মৌজার কি ভূমিখণ্ডের যে স্বার্থ ভোগ করেন ঐ ভূমির উপস্বত্ব যেন সেই স্বার্থ সমগ্রের সমান হয়।

(ঘ) এই ধারায় যে২ প্রকারের স্বার্থ নির্দ্দিষ্ট হইয়াছে, আদিম মহালে লিপিবদ্ধ ভূম্যধিকারির তন্মধ্যে দুই কি তদধিক প্রকারের স্বার্থ থাকিলে, সাধ্যমতে পূর্ব্বোক্ত বিধানানুসারে তাহার প্রতি ভূমি নিরূপণ করিয়া দেওয়া যাইবে ইতি।

যাবজ্জীবন স্বামিত্বের কথা।

১০ ধারা। পূর্ব্বোক্ত বিধানের ভাবান্তর থাকিলেও, কোন মহালে কোন ব্যক্তির যাবজ্জীবন মাত্র অধিকারিত্ব স্বার্থ থাকিলে তাঁহার এই আইনমতে বণ্টনের দাওয়া করিবার স্বত্ব আছে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

যদ্দ্বারা বৎসর ২০ টাকার কম রাজস্বের স্বতন্ত্র মহাল হয় এমত বণ্টন হইতে না পারিবার কথা।

১১ ধারা। বৎসর যাহার বিশ টাকার কম রাজস্বের দায় থাকে ও যাহার উপস্বত্ব ২০০ টাকার কম হয় বণ্টন করা গেলে যদি এমত কোন স্বতন্ত্র মহাল করা যায়, তবে সেই স্বতন্ত্র মহালের উপর যে রাজস্বের দায় থাকে, শ্রীযুত কলেক্টর-

than twenty rupees, and of which the assets would be less than two hundred rupees, until the proprietor of such separate estate agrees to redeem the amount of revenue for which his estate would be liable, by payment of such sum as the Lieutenant-Governor may fix with reference to the circumstances of such estate

Partition of an estate in which private division has been made, not to be made except on joint petition of proprietors or on order of Civil Court

12 Whenever a division of the lands of any estate has been made by private arrangement of the proprietors thereof, and in accordance with such arrangement each proprietor is in possession of separate lands held in severalty as representing his interest in the estate, no such estate shall be brought under partition and no partition of such estate shall be made under this Act otherwise than on a joint petition presented by all the proprietors thereof, unless such partition shall have been ordered to be made by a Civil Court

Under certain circumstances Collector may refuse to declare lands held in severalty to be a separate estate

13 The Collector may refuse to admit an application for the formation of lands held in severalty into a separate estate, if in consequence of such lands being intermingled with those held by other proprietors the result of the partition would be to form out of a compact estate one or more estates consisting of scattered parcels of land, in such a way as, in the opinion of the Collector, to endanger the safety of the public revenue, and the Collector may at any time refuse to proceed with a partition which would have such a result

But a partition may be allowed in such a case if the recorded proprietors shall agree to such a distribution of land as shall make the estates formed by the partition reasonably compact, or if the person who would on the completion of the partition be proprietor of such scattered separate estate agrees to redeem, in the manner provided in section 11, the amount of revenue for which his separate estate may be made liable

Nothing in this section shall be understood to prohibit the partition into seperate estates of a parent estate which before such partition is not compact and consists only of scattered parcels of land

Interest alienated with special condition as to revenue liability

14 No proprietor who has alienated any portion of his interest in an estate or in any specific lands of an estate, by private contract, with the condition that the transferee shall be liable in respect of the interest acquired by him to pay a specified amount

নেণ্ট গবরনর সাহেব ঐ মহালের ভাবগতিক লক্ষ করিয়া যত টাকা নিরূপণ করেন, ঐ স্বতন্ত্র মহালের ভূম্যধিকারী তত টাকা দিয়া সেই রাজস্বহইতে ঐ মহাল মুক্ত করিতে সম্মত না হইলে, ঐ মহাল বণ্টন করিবার প্রার্থনা গ্রাহ্য হইবে না ও মহালের বণ্টন হইবে না ইতি।

আপোসে কোন মহাল বিভক্ত হইলে পর অধিকারিদের সাধারণ প্রার্থনা কিম্বা দেওয়ানী আদালতের আজ্ঞা না হইলে ঐ মহালের বণ্টন হইতে না পারিবার কথা।

১২ ধারা। কোন মহালের ভূম্যধিকারিরা আপোসে বন্দোবস্ত করিয়া ঐ মহালের ভূমি ভাগ করিয়া লইলে, ও সেই বন্দোবস্ত অনুসারে সেই মহালের প্রত্যেক জন ভূম্যধিকারির স্বার্থের অনুযায়ি স্বতন্ত্র ভূমি পৃথকরূপে ভোগ হইয়া তাঁহার অধিকারে থাকিলে, ঐ মহালের সকল ভূম্যধিকারী মিলিয়া প্রার্থনা না করিলে, এই আইনমতে ঐ মহালের বণ্টনকার্য্য হইবে না ও ঐ মহাল বণ্টন করা যাইবে না। কিন্তু দেওয়ানী আদালত আজ্ঞা করিলে বণ্টন হইতে পারিবে ইতি।

ভূমি পৃথকরূপে ভোগ হইলেও কোন২ গতিকে কালেক্টর সাহেবের সেই ভূমি স্বতন্ত্র মহাল বলিয়া স্বীকার না করিবার কথা।

১৩ ধারা। যে ভূমি পৃথকরূপে ভোগ হইয়া থাকে, তাহা লইয়া স্বতন্ত্র মহাল করিবার প্রার্থনা হইলে, যদি ঐ ভূমি অন্য অধিকারিদের ভূমির সঙ্গে এমত মিশ্রিত থাকে যে বণ্টন করা গেলে এক অবিচ্ছিন্ন মহালহইতে স্থানে২ পৃথক২ ভূমি খণ্ডের এক কি কএক মহাল হয়, ও কালেক্টর সাহেবের বিবেচনায় রাজস্বের হানি হইবার সম্ভাবনা থাকে, তাহা হইলে কালেক্টর সাহেব ঐ প্রার্থনা অগ্রাহ্য করিতে পারিবেন। ও যে বণ্টনের কার্য্যের তদ্রূপ ফল হইতে পারে কালেক্টর সাহেব কোন সময়েই সেই কার্য্য চালাইতে অসম্মত হইতে পারিবেন।

কিন্তু বণ্টনদ্বারা যে২ মহাল করা যায়, তাহা যাহাতে সঙ্গতমতে অবিচ্ছিন্ন থাকে লিপিবদ্ধ ভূম্যধিকারিরা ভূমির এমত বিলি হওন বিষয়ে সম্মত হইলে, অথবা বণ্টনের কার্য্য সমাপ্ত হইলে পর যে ব্যক্তি ঐ পৃথক২ ভূমির স্বতন্ত্র মহালের অধিকারী হইবেন তিনি ঐ স্বতন্ত্র মহালের যত রাজস্বের দায়ী হন, ১১ ধারার বিধানমতে সেই রাজস্বহইতে ঐ মহাল মুক্ত করিতে সম্মত হইলে, পূর্ব্বোক্ত স্থলেও বণ্টন হইতে পারিবে।

আদিম মহাল বণ্টন হইবার পূর্ব্বে যদি অবিচ্ছিন্ন না হইয়া কেবল পৃথক২ খণ্ড২ ভূমি লইয়া হয়, তবে তাহা ভাগ করিয়া স্বতন্ত্র২ মহাল করিবার নিষেধ হইল, এই ধারার কোন কথার এমত ভাব জানিতে হইবে না ইতি।

রাজস্বের দায়সম্পর্কে বিশেষ নিয়ম করিয়া স্বার্থ হস্তান্তর করিবার কথা।

১৪ ধারা। কোন মহালে কি মহালের অন্তর্গত বিশেষ২ ভূমিতে যে ভূম্যধিকারির স্বার্থ থাকে, তিনি সেই স্বার্থের কোন অংশ আপোসে চুক্তি করিয়া হস্তান্তর করিয়া এই নিয়ম করিলে যে হস্তান্তরকরণক্রমে যে ব্যক্তি ঐ স্বার্থ প্রাপ্ত হন, তিনি ঐ স্বার্থের উপলক্ষে

or a specified share of the land revenue for which the estate is liable (such amount or share being other than the proportionate amount or the proportionate share for which such transferred interest if formed into a separate estate would be liable under the provisions of section 6);

মহালের রাজস্বের নির্দ্দিষ্ট কতক টাকা কিম্বা ঐ রাজস্বের নির্দ্দিষ্ট অংশ দিবেন, (কিন্তু ঐ হস্তান্তরীকৃত স্বার্থ লইয়া স্বতন্ত্র মহাল করা গেলে ৬ ধারার বিধানমতে অংশাংশ করিয়া যত টাকার কি যে অংশের দায়ী হইতেন, উক্ত নিয়মমতে নির্দ্ধারিত টাকা কি অংশ তাহার তুল্য না হইলে,)

and no proprietor who has derived his title from any proprietor who has made any alienation as aforesaid,

এবং যে ভূম্যধিকারী পূর্ব্বোক্তমতে কোন স্বার্থ হস্তান্তর করেন তাঁহাহইতে অন্য ভূম্যধিকারী স্বত্ব প্রাপ্ত হইলে,

shall be entitled to claim a separation under this Act of the interest which he continues to hold in the estate,

ঐ মহালে ঐ ভূম্যধিকারী যে স্বার্থ ভোগ করিতে থাকেন এই আইনমতে তাঁহার সেই স্বার্থ স্বতন্ত্র করিতে দাওয়া করিবার অধিকার থাকিবে না।

and no such transferee as aforesaid, and no person deriving his title from such transferee, shall be entitled to claim a separation of the interest which has been so acquired

ও পূর্ব্বোক্ত মতে যে ব্যক্তি হস্তান্তরকরণক্রমে স্বার্থ প্রাপ্ত হন তিনি কিম্বা তাঁহাহইতে অন্য যে ব্যক্তি স্বত্ব প্রাপ্ত হন তিনিও তদ্রূপে যে স্বার্থ প্রাপ্ত হইলেন তাহা স্বতন্ত্র করিতে তাঁহার দাওয়া করিবার অধিকার থাকিবে না।

Provided that a separation of such interests may be made, if the parties concerned agree to waive the conditions of the contract as regards the proportion of revenue for which the transferor and transferee or their representatives respectively are liable, and to hold the estates which may be allotted to them respectively by the partition, subject to the payment of such amount of land revenue as may be assessed upon them respectively by the revenue authorities under his Act

কিন্তু হস্তান্তরকারি ব্যক্তি ও হস্তান্তরকরণক্রমে স্বার্থ প্রাপ্ত ব্যক্তি কিম্বা তাঁহাদের স্থলাভিষিক্তগণ রাজস্বের যে অংশ দেওনবিষয়ে দায়ী আছেন, তদ্বিষয়ে ঐ কার্য্যসংক্রান্ত ব্যক্তিরা ঐ চুক্তির নিয়ম উপেক্ষা করিতে সম্মত হইলে, এবং বণ্টন দ্বারা তাঁহাদের প্রতি যেং মহাল নিরূপণ করা যায়, রাজস্ব সংক্রান্ত কার্য্যকারকেরা এই আইন অনুসারে ঐ২ মহালের যে রাজস্ব ধার্য্য করেন তাহাই দিয়া ঐ২ মহাল ভোগ করিতে সম্মত হইলে, ঐ স্বার্থ বণ্টন করা যাইতে পারিবে ইতি।

**15** Notwithstanding that a parent estate may have been declared to be under partition as provided in section 31, any arrears of revenue accruing due on such estate before the date specified in the notice issued under section 119 may be realized by sale of the parent estate as if such estate had not been declared to be under partition, and if such sale takes place the partition proceedings shall cease from the date thereof

Arrears of revenue may be realized by sale of parent estate

১৫ ধারা। আদিম মহালের বণ্টন কার্য্য চলিতেছে ৩১ ধারার বিধানমতে ইহা প্রকাশ করা গেলেও, ১১৯ ধারামতে যে নোটিস প্রচার করা যায় সেই নোটিসের নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে ঐ মহালের রাজস্ব বাকী থাকিলে, ঐ আদিম মহালের বণ্টনকার্য্য চলিতেছে এই কথ প্রকাশ না হওয়ার ন্যায় সেই মহাল নিলাম করিয়া ঐ বাকী আদায় হইতে পারিবে। নিলাম হইলে, সেই তারিখ অবধি বণ্টনের কার্য্য স্থগিত থাকিবে ইতি।

আদিম মহাল বিক্রয় করিয়া বাকী রাজস্ব আদায় করিতে পারিবার কথা।

**16** Nothing contained in the last preceding section shall be deemed to affect the provisions of sections 10, 11, 12, 13, or 14 of Act XI of 1859 (*an Act to improve the law relating to sale of lands for arrears of revenue*), or any provisions of any similar law for the time being in force in respect to the opening of separate accounts for different shares in an estate, and the protection afforded to such shares thereby

Shares may be protected from liability for arrears under laws in force

১৬ ধারা। ১৮৫৯ সালের ১১ আইনের (অর্থাৎ বাকী রাজস্বের নিমিত্ত ভূমির নিলামকরণ বিষয়ক আইন আরো উত্তম করণার্থ আইনের) ১০, ১১, ১২, ১৩ কি ১৪ ধারায়, কিম্বা যৎকালে তদনুরূপ যে কোন আইন প্রচলিত থাকে, সেই আইনে কোন মহালের ভিন্নং অংশের স্বতন্ত্র হিসাব রাখিবার ও তদ্দ্বারা ঐ২ অংশ রক্ষা করিবার যেং বিধান আছে, ইহার পূর্ব্ব ধারার কোন কথাক্রমে তাহার বিপর্য্যয় হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না।

প্রচলিত আইন অনুসারে বাকীর দায়হইতে অংশ রক্ষা পাইতে পারিবার কথা।

Provided that if any share in any estate is sold for its own arrears of revenue while such estate is under partition in accordance with the provisions of this Act, such share shall be sold

কিন্তু এই আইনের বিধানানুসারে কোন মহালের বণ্টন হইতেছে এমত সময়ে, ঐ মহালের অন্তর্গত কোন অংশ বাকী রাজস্বের নিমিত্তে বিক্রয় করা গেলে, বণ্টনের আনুষ্ঠানিক কার্য্য প্রবল মানিয়া ঐ অংশ

subject to the partition proceedings, which shall proceed as if no such sale had taken place, and the purchaser of the share sold may, from the date of such sale, exercise all the rights which the proprietor whose share he has purchased might have exercised, and shall be subject to all the liabilities to which such proprietor would have been subject, in respect of the partition proceedings

## PART III

### OF THE APPLICATION FOR PARTITION, THE ADMISSION OF AN ESTATE TO PARTITION, AND THE DISCONTINUANCE OF THE PARTITION PROCEEDINGS AFTER SUCH ADMISSION

Application for partition to be made to Collector of the district

**17** All applications for partition shall be made to the Collector of the district on the revenue-roll of which the estate is borne, and shall be made in person or by duly authorized agent, on paper bearing such stamp as may be required by any law for the time being in force

Application to be signed, and certain particulars specified

**18** The application shall be signed by the applicant, and shall supply the following information in regard to the parent estate, so far as the particulars are known to the applicant or can be ascertained by him —

(*a*) name of the estate,

(*b*) number under which the estate is borne on the revenue-roll, and the revenue demand for which it is liable,

(*c*) number under which the estate is borne on the Collector's general register of revenue-paying lands,

(*d*) name and address of every proprietor, whether recorded or unrecorded,

(*e*) the character and extent of the right of which each proprietor is in possession,

(*f*) a specification of any lands held by all or any of the proprietors of the parent estate in common with all or any of the proprietors of other estates, and of the rights of such proprietors

Application must be accompanied by copy of rent roll and statement of rents

**19** Subject to the provisions of section 59, every application shall, if possible, be accompanied by a copy of the rent-roll of the estate, by a statement of the rents collected from such estate on behalf of the applicant during each of the three years immediately preceding such application, and by copies of any measurement papers of the estate which the applicant may have in his possession

বিক্রয় করা যাইবে, ও নিলাম না হওযার ন্যায বণ্টন-কার্য্য চলিবে। নিলাম করা সেই অংশের ক্রেতা যে ভূম্যধিকারির অংশ ক্রয করেন তিনি ঐ নিলামের তারিখ অবধি তাঁহার সকল স্বত্বানুসারে কার্য্য করিতে পারিবেন, এবং বণ্টনের আনুষ্ঠানিক কার্য্যের সম্পর্কে ঐ অধিকারির উপর যে সকল দায বর্ত্তিত ঐ খরিদারেরও উপর সেই সকল দায বর্ত্তিবে ইতি।

## তৃতীয অধ্যায।

### বণ্টন হইবার প্রার্থনার, ও বণ্টন করিবার জন্যে মহাল গ্রাহ্য হওযার, ও গ্রাহ্য হওযার পর বণ্টনের কার্য্য স্থগিত থাকার বিধি।

জিলার কালেক্টর সাহেবের নিকট বণ্টন হইবার প্রার্থনা করিবার কথা।

১৭ ধারা। মহাল যে জিলার তৌজীতে লেখা থাকে, বণ্টন হইবার প্রর্থনা সেই জিলার কালেক্টর সাহেবের নিকট করিতে হইবে। ও যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে যে মূল্যের ইষ্টাম্প দেওযা প্রযোজন, ভূম্যধিকারী সেই মূল্যের ইষ্টাম্প কাগজে প্রার্থনা লিখিযা নিজে কিম্বা নিযমমতে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা দিবেন ইতি।

প্রার্থনাপত্রে স্বাক্ষর করিতে ও বিশেষ২ কথা লিখিতে হইবার কথা।

১৮ ধারা। প্রার্থক আপনি ঐ প্রার্থনাপত্রে স্বাক্ষর করিবেন, ও তিনি যতদূর জানেন বা জানিযা লইতে পারেন তত দূর ঐ প্রার্থনাপত্রের মধ্যে আদিম মহালের বিষযে নিম্নলিখিত সন্ধান জানাইবেন।

(ক) মহালের নাম।

(খ) তৌজীতে মহালের যে নম্বর থাকে ও যত টাকা রাজস্বের দাযী হয।

(গ) কালেক্টর সাহেবের খেরাজী মহালের সাধারণ রেজিষ্টরে মহালের যে নম্বর আছে।

(ঘ) লিপিবদ্ধ হইলে বা না হইলেও প্রত্যেক ভূম্যধিকারির নাম ও ঠিকানা।

(ঙ) প্রত্যেক জন ভূম্যধিকারির অধিকারে যে স্বত্ব থাকে তাহার ভাব ও পরিমাণ।

(চ) আদিম মহালের সকল কি কোন২ ভূম্যধিকারিরা অন্য মহালের সকল কি কোন২ ভূম্যধিকারিদের সঙ্গে সাধারণে যে২ ভূমি ভোগ করেন তাহার ও ঐ২ ভূম্যধিকারিদের স্বত্বের বিশেষ বর্ণনা ইতি।

প্রার্থনাপত্রের সঙ্গে তৌজীর নকল ও মফঃসল জমার ফর্দ্দ দিতে হইবার কথা।

১৯ ধারা। ৫৯ ধারার বিধান প্রবল মানিয়া প্রত্যেক প্রার্থনাপত্রের সঙ্গে সাধ্যমতে এই২ পত্র দিতে হইবে, মহালের মফঃসল জমার ফর্দ্দের নকল, এবং ঐ প্রার্থনা করিবার অব্যবহিত পূর্ব্ব তিন বৎসরে প্রার্থকের নিমিত্ত ঐ মহালহইতে বৎসর২ যত খাজানা আদায় হইল তাহার বর্ণনাপত্র, ও মহালের মাপকরণ সম্পর্কীয কোন কাগজপত্র প্রার্থকের অধিকারে থাকিলে সেই কাগজপত্রের নকল।

The said rent-roll, statement, and measurement papers shall be attested by the putwari or putwaris of the villages, if any, and every such application, rent-roll, and statement shall be presented, subscribed, and verified as provided in section 43

If the applicant is unable to produce a rent-roll or statement as above required, he shall state the reason of such inability, and the name and address of the person who has in his possession the information necessary for the preparation of such rent-roll and statement, and the Collector may, if he shall think fit, require such person to produce such rent-roll and statement

Collector may reject application

**20** If the application does not fulfil the requirements of the three last preceding sections, the Collector may reject such application or may order it to be amended

Procedure of Collector on receipt of application

**21** If, in the opinion of the Collector, the application fulfils the said requirements and there appears to be no objection to making the partition applied for, the Collector shall publish a notification of the application in the manner prescribed in section 130, and shall also cause copies thereof to be posted up at the Court of the Judge of the district, at the court of every Munsif and Sub-Divisionl Officer within whose jurisdiction, and at every police station within the jurisdiction of which any lands appertaining to the estate are known to be situated, and shall invite any person claiming any proprietary right in the estate, who may object to the partition, to state his objection either in person or by duly authorized agent, on a day to be specified in the notification, not being less than thirty or more than sixty days from the date of the publication of the notification on the estate

Notice to proprietors who have not joined therein

**22** Notice of the application shall also be served in the manner prescribed by section 131, on such of the recorded proprietors of the estate as shall not have joined in the application, and on any other proprietor who may have been named in the application

In case of valid objection being made within time allowed application may be refused

**23** If any objection be made to the partition by any person claiming a proprietary right as aforesaid on or before the day specified in the notification published under section 21, or at any subsequent time if it shall seem fit to the Collector to admit such objection, and the Collec-

নানা গ্রামের পাটওয়ারী থাকিলে তিনি বা তাঁহারা ঐ মফঃসল জমার ফর্দ্দে ও বর্ণনাপত্রে ও মাপকরণ বিষয়ক কাগজপত্রে স্বাক্ষর করিবেন, ও উক্ত প্রত্যেক প্রার্থনাপত্র ও মফঃসল জমার ফর্দ্দ ও বর্ণনাপত্র ৪৩ ধারার বিধানমতে উপস্থিত ও স্বাক্ষর ও সত্যাকৃত করা যাইবে।

প্রার্থক পূর্ব্বোক্ত আজ্ঞামতে মফঃসল জমার ফর্দ্দ কি বর্ণনাপত্র দেখাইতে না পারিলে, তাহা না পারিবার কারণ, ও সেই মফঃসল জমার ফর্দ্দ ও বর্ণনাপত্র প্রস্তুত করিবার প্রয়োজনীয় সকল সন্ধান যে ব্যক্তির নিকট থাকে, তাঁহার নাম ও ঠিকানা জানাইবেন, ও কালেক্টর সাহেব উচিত বোধ করিলে, সেই ব্যক্তিকে ঐ মফঃসল জমার ফর্দ্দ ও বর্ণনাপত্র দেখাইতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

কালেক্টর সাহেবের প্রার্থনাপত্র অগ্রাহ্য করিতে পারিবার কথা।

২০ ধারা। ইহার পূর্ব্ব তিন ধারায় যে২ বিষয়ের আজ্ঞা হইয়াছে, প্রার্থনাপত্রে সেই আজ্ঞানুসারে কার্য্য না হইলে, কালেক্টর সাহেব সেই প্রার্থনাপত্র অগ্রাহ্য করিতে কিম্বা সংশোধন করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

প্রার্থনাপত্র পাইলে কালেক্টর সাহেবের কার্য্যপ্রণালীর কথা।

২১ ধারা। প্রার্থনাপত্রে উক্ত সকল আজ্ঞানুযায়ি কর্ম্ম হইয়াছে কালেক্টর সাহেবের এমত বিবেচনা থাকিলে, ও প্রার্থনামতে বণ্টন হইবার কোন আপত্তি দৃষ্ট না হইলে, তিনি ১৩০ ধারার বিধানমতে ঐ প্রার্থনাপত্রের জ্ঞাপনপত্র প্রকাশ করিবেন, এবং জিলার জজ সাহেবের আদালতে, ও সেই মহালের কোন ভূমি যে২ মুন্সেফের ও মহকুমার যে২ কার্য্যকারকের এলাকার মধ্যে থাকার বিষয়ে জানা আছে, তাঁহাদের কাছারী ঘরে, ও যে২ পোলীস থানার এলাকার মধ্যে থাকার বিষয়ে জানা আছে সেই২ থানায় ঐ জ্ঞাপনপত্রের নকল লাগাইয়া দিবেন, ও সেই মহালে কোন ব্যক্তির অধিকারিত্ব স্বত্বের দাওয়া থাকিলে, ও সেই বণ্টনের বিষয়ে তাঁহার আপত্তি থাকিলে, মহালে ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার তারিখ অবধি ত্রিশ দিনের অন্যূন ও ষাইট দিনের অনধিক যে দিন ঐ জ্ঞাপনপত্রে নির্দ্ধারিত হয়, তাঁহাকে সেই দিনে আপনি কি নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা আপনার আপত্তি জানাইতে আজ্ঞা করিবেন ইতি।

যে অংশিরা প্রার্থনাপত্রের ভাগী নহেন তাহাদিগকে নোটিস দিবার কথা।

২২ ধারা। মহালের লিপিবদ্ধ যে ভূম্যধিকারিরা ঐ প্রার্থনাপত্রের ভাগী ছিলেন না, ও প্রার্থনাপত্রে অন্য যে ভূম্যধিকারির নাম উল্লেখ হইয়া থাকে, তাঁহাদিগকে ১৩১ ধারার বিধানমতে ঐ প্রার্থনাপত্রের নোটিশ দেওয়া যাইবে ইতি।

নিরূপিত সময়ের মধ্যে প্রামাণিক আপত্তি করা গেলে প্রার্থনা অগ্রাহ্য হইতে পারিবার কথা।

২৩ ধারা। ২১ ধারামতে যে জ্ঞাপন পত্র প্রকাশ করা যায়, তাহার নির্দ্দিষ্ট দিনে কি তৎপূর্ব্বে পূর্ব্বোক্তমতে অধিকারিত্ব স্বত্বের কোন দাওয়াদার বণ্টন হইবার আপত্তি করিলে, কিম্বা তৎপশ্চাৎ কোন সময়েও কালেক্টর সাহেব সেই আপত্তি গ্রাহ্য করা উচিত বোধ করিলে, ও সেই আপত্তি বিবে-

tor, on consideration of such objection, shall be of opinion that there is good and sufficient reason for rejecting the application, he may reject the same, and in that case shall record the grounds of such rejection

*Procedure when objection raises any question of title or right*

24 If the objection raise any question of the extent of interest, or right, or title as between any applicant and any other person claiming to be apropriet or of the parent estate, and if it shall appear to the Collector that such question has not been already determined by a Court of competent jurisdiction, the Collector may hold such inquiry as he may deem necessary into the objection, and, if he be satisfied that the applicant is in possession of the extent of the interest for the separation of which he has applied, may, instead of rejecting the application as provided in the last preceding section,

(*a*) direct that the partition proceedings shall proceed for the purpose of forming and assigning to the applicant a separate estate proportionate to the extent of interest claimed by him in the parent estate, or

(*b*) direct that such proceedings be postponed for four months

*When Collector to resume proceedings*

25 At the expiration of the said four months, the Collector shall resume the proceedings, unless the person who has made the objection, or some other person, shall have obtained an order from a Civil Court directing that such proceedings be stayed, or shall be able to show that a suit has been instituted before such Court to try some question of such nature that the Collector shall think fit to stay such proceedings until the question shall have been finally decided, or until the proceedings in such Court in respect thereof shall have terminated

*Suit in Civil Court when not to affect proceedings taken under this Act*

26 No suit instituted in a Civil Court by any pearson claiming any right or title in the parent estate, after the lapse of four months from the issue of an order of the Collector under clauses (*a*) and (*b*) of section 24, or after the lapse of four months from the issue of an order of the Collector under section 31, shall avail to stay or affect the progress of any proceedings which shall have been taken under this Act for the partition of an estate, and all rights which may be conferred on any person by the final decree in such suit shall be subject to such proceedings as hereinafter provided

চনায় ঐ প্রার্থনাপত্র অগ্রাহ্য করিবার উত্তম ও বিশিষ্ট কারণ আছে জ্ঞান করিলে, তিনি ঐ প্রার্থনাপত্র অগ্রাহ্য করিতে পারিবেন। সেই স্থলে ঐ অগ্রাহ্য করার কারণ লিপিবদ্ধ করিবেন ইতি।

*ঐ আপত্তি দ্বারা অধিকার কি স্বত্ব বিষয়ক বিবাদ উত্থিত হইলে কার্য্যপ্রণালীর কথা।*

২৪ ধারা। সেই আপত্তি দ্বারা যদি প্রার্থকের এবং আদিম মহালের ভূম্যধিকারী বলিয়া অন্য দাওয়াদারের মধ্যে স্বার্থের কি স্বত্বের কি অধিকারের পরিমাণ বিষয়ে কোন বিবাদ উত্থিত হইয়া থাকে, ও তৎপূর্ব্বে উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে ঐ বিবাদ নির্ণয় করা যায় নাই কালেক্টর সাহেব যদি ইহা দেখিতে পান, তবে ঐ আপত্তি বিষয়ে যদ্রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক জ্ঞান করেন, তাহা লইতে পারিবেন, তাহাতে প্রার্থক স্বার্থের যে পরিমাণ স্বতন্ত্র হইবার প্রার্থনা করেন সেই পরিমাণের স্বার্থ তাঁহার অধিকারেই আছে কালেক্টর সাহেব ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে, ইহার পূর্ব্ব ধারার বিধানমতে প্রার্থনাপত্র অগ্রাহ্য না করিয়,

(ক) প্রার্থক আদিম মহালে যে পরিমাণের স্বার্থের দাওয়া করেন তদনুযায়ি এক স্বতন্ত্র মহাল করা যাইবার ও তাঁহার প্রতি নিরূপণ করিবার জন্যে বণ্টনের কার্য্য প্রচলনের, কিম্বা

(খ) চারি মাস পর্য্যন্ত ঐ কার্য্য স্থগিত হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

*কালেক্টর সাহেব যে সময়ে ঐ কার্য্য পুনঃপ্রচলিত করিতে পারিবেন তাহার কথা।*

২৫ ধারা। উক্ত চারি মাস গত হইলে পর, যে ব্যক্তি আপত্তি করিলেন তিনি কিম্বা অন্য ব্যক্তি দেওয়ানী আদালতে সেই বণ্টনের কার্য্য স্থগিত করণের আজ্ঞা না পাইয়া থাকিলে, কিম্বা উক্ত আদালতের বিচারার্থে এমন ভাবের একটি মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে যে তাহা নিষ্পত্তি না হওয়াপর্য্যন্ত কিম্বা তৎসম্পর্কীয় আদালতের কার্য্যানুষ্ঠানের শেষ না হওয়াপর্য্যন্ত কালেক্টর সাহেবের সেই বণ্টনের কার্য্য স্থগিত রাখা উচিত ইহা দেখাইতে না পারিলে, কালেক্টর সাহেব ঐ কার্য্য পুনরায় প্রচলন করিবেন ইতি।

*দেওয়ানী আদালতে মোকদ্দমা হইলেও যে স্থলে এই আইনমত কার্য্যের ব্যাঘাত হইবে না তাহার কথা।*

২৬ ধারা। ২৪ ধারার (ক) ও (খ) প্রকরণমতে কালেক্টর সাহেবের আজ্ঞা প্রচার হইলে পর চারি মাস, কিম্বা ৩১ ধারামতে তাঁহার আজ্ঞা প্রচার হইলে পর চারি মাস গত হইলে, আদিম মহালে কোন স্বত্বের কি অধিকারের কোন দাওয়াদার দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিলেও, এই আইনমতে মহালের বণ্টনসম্পর্কীয় যে কার্য্য হইয়াছে, ঐ মোকদ্দমার দ্বারা তাহা স্থগিত কি তাহার ব্যাঘাত হইবে না। এবং ঐ মোকদ্দমার শেষ ডিক্রীতেও কোন ব্যক্তির প্রতি যে সকল স্বত্ব প্রদান করা যায় তাহার উপর নিম্নলিখিত বিধানমতে আনুষ্ঠানিক কার্য্য প্রবল হইবে ইতি।

**27** Every decree passed in such suit after the parent estate shall have been declared to be under partition as provided in section 31, but before the date specified in the notice under section 119, shall be made in recognition of the proceedings then in progress under this Act for the partition of such parent estate, and shall be framed in such manner that the provisions of such decree may be applied to, and may be carried out in reference to the separate estates which the Collector in his proceeding under section 31 shall have ordered to be formed out of the parent estate,

Decree made while partition proceedings are in progress

and if the effect of any such decree be to declare any person or body of persons, entitled to any extent of interest in such parent estate in excess of the extent of interest which the Collector in the said proceeding has declared to be held by such person or body of persons, such decree shall specify, separately in respect of every proprietor or body of proprietors, of whose interest the Collector has separately specified the extent in the said proceeding, the proportion of such excess which such person or body of persons is entitled to recover from each such proprietor or body of proprietors,

and every person or body of persons so declared entitled to recover any extent of interest from any such proprietor or body of proprietors shall for the purposes of the partition proceedings be deemed to have the same rights, and to be subject to the same liabilities, as a person who has acquired such extent of interest from such proprietor or body of proprietors by private purchase after the estate was brought under partition under section 31, and on the date on which the decree was passed,

and such person or body of persons may apply, as in this Act provided, for the separation and assignment to him, or them, of the lands representing the extent of interest so acquired,

and such application shall be dealt with under the provisions of section 32

**28** Every decree passed in such suit after the date specified in the notice under section 119, shall be made in recognition of the partition proceedings, and shall be framed in such manner as to give effect to such division of the parent estates into separate estates as shall have been made by the Collector, and not to disturb such division, and if the effect of any such decree shall be to declare any

Decree made after partition proceedings completed

২৭ ধারা। আদিম মহাল বণ্টন হইতেছে ৩১ ধারার বিধানমতে এই কথা প্রকাশ করা গেলে পর, কিন্তু ১১৯ ধারামত নোটিসে যে তারিখ নির্দ্দিষ্ট হইল তৎপূর্ব্বে, উক্ত প্রকারের মোকদ্দমায় যে ডিক্রী করা যায়, এই আইনমতে ঐ আদিম মহালের প্রচলিত বণ্টনকার্য্য প্রবল মানিয়া ঐ ডিক্রী করা যাইবে। এবং কালেক্টর সাহেব ৩১ ধারামতে রুবকারী করিয়া আদিম মহালহইতে স্বতন্ত্র যত মহাল করিবার আজ্ঞা করেন, তাহার প্রতি ঐ ডিক্রীর বিধান যাহাতে বর্ত্তিতে পারে ও ঐ সকল মহাল লক্ষ করিয়া যাহাতে সফল হইতে পারে ঐ ডিক্রী এমতে লেখা যাইবে।

বণ্টনের কার্য্য চলনসময়ে যে ডিক্রী করা যায় তাহার কথা।

এবং কালেক্টর সাহেব ঐ রুবকারীতে কোন ব্যক্তির কি ব্যক্তিগণের স্বার্থের যে২ পরিমাণ প্রকাশ করিয়াছেন, উক্ত কোন ডিক্রীর দ্বারা যদি ঐ ব্যক্তি কি ব্যক্তিগণ তদধিক পরিমাণের স্বার্থভোগী বলিয়া প্রকাশ হইয়া থাকে, তবে উক্ত রুবকারীতে কালেক্টর সাহেব যে ভূম্যধিকারির কিম্বা ভূম্যধিকারিগণের স্বতন্ত্র স্বার্থের পরিমাণ বিশেষ করিয়া নির্দ্দিষ্ট করিলেন ঐ ডিক্রীতেও উক্ত প্রত্যেক ভূম্যধিকারির কি ভূম্যধিকারিগণের স্থানে ঐ ব্যক্তির কি ব্যক্তিগণের যে অংশানুসারে ঐ অধিক স্বার্থ পাইবার অধিকার থাকে তাহাও বিশেষ করিয়া লেখা যাইবে।

এবং ৩১ ধারামতে মহালের বণ্টনকার্য্য আরম্ভ হইবার পরে ও ডিক্রী যে তারিখে করা গেল সেই তারিখে কোন ব্যক্তি ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারীগণের স্থানে আপোসে কোন পরিমাণের স্বার্থ ক্রয় করিলে, তাঁহার যে২ স্বত্ব থাকিত ও তাঁহার প্রতি যে২ দায় বর্ত্তিত, ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিগণের স্থানে যে ব্যক্তি কি ব্যক্তিগণ সেই পরিমাণের স্বার্থ পাইবার স্বত্ববান বলিয়া প্রকাশ করা গেল, তিনি কি তাঁহারা বণ্টনের কার্য্যপক্ষে সেই স্বত্ব প্রাপ্ত হইলেন ও তাঁহার কি তাঁহাদের প্রতি সেই দায় বর্ত্তিবে এমত জ্ঞান হইবে।

ও ঐ ব্যক্তি কি ব্যক্তিগণ তদ্রূপে যে পরিমাণের স্বার্থ প্রাপ্ত হইলেন, সেই স্বার্থানুযায়ি ভূমি তাঁহার কি তাঁহাদের পক্ষে স্বতন্ত্র করিয়া নিরূপণ করা যায়, তাঁহারা এই আইনের বিধানমতে এই প্রার্থনা করিতে পারিবেন।

ও সেই প্রার্থনাপত্র লইয়া ৩২ ধারার বিধানমতে কার্য্য হইতে পারিবে ইতি।

২৮ ধারা। ১১৯ ধারামত নোটিসে যে তারিখ নির্দ্দিষ্ট হইল, সেই তারিখের পরে উক্ত প্রকারের মোকদ্দমায় যে ডিক্রী করা যায়, তাহা ঐ বণ্টনের কার্য্য প্রবল মানিয়া করা যাইবে, এবং কালেক্টর সাহেব আদি মহাল ভাগ করিয়া যে২ স্বতন্ত্র মহাল করিয়াছেন তাহা যাহাতে প্রবল থাকে ঐ ডিক্রী এমতে লেখা যাইবে ও সেই বিভাগের ব্যতিক্রম হইবে না ও কালেক্টর সাহেব বণ্টনের কার্য্য করণে কোন ব্যক্তির কি ব্যক্তিগণের

বণ্টনের কার্য্য সমাপ্ত হইলে পর যে ডিক্রী করা যায় তাহার কথা।

person or body of persons to have been entitled to any extent of interest in the parent estate in excess of the extent of interest which is represented by the separate estate assigned to such person or body of persons by the Collector in the partition proceedings, such decree shall specify, separately in respect of the proprietor or joint proprietors of every separate estate formed by the partition, the proportion of such excess of interest which such person or body of persons is entitled to recover from such proprietor or joint proprietors, and every person or body of persons so declared entitled to recover any extent of interest from the proprietor or joint proprietor of a separate estate shall be entitled to recover such extent of interest out of the separate estate which has been assigned to such proprietor or joint proprietors, and out of such separate estate only,

প্রতি যে পরিমাণের স্বার্থানুযায়ি স্বতন্ত্র মহাল নিরূপণ করিলেন, আদিম মহালে তাঁহার কি তাঁহাদের তদধিক পরিমাণের স্বার্থের অধিকার আছে ডিক্রীর ফলে যদি ইহা প্রকাশ হইয়া থাকে, তবে ঐ বন্টনদ্বারা যে২ স্বতন্ত্র মহাল করা গেল তাহার যে২ ভূম্যধিকারির কি সাধারণ ভূম্যধিকারিদের স্থানে ঐ ব্যক্তির কি ব্যক্তিগণের যে অংশানুসারে অধিক পরিমাণের স্বার্থ পাইবার স্বত্ব থাকে, ঐ ডিক্রীতে ঐ প্রত্যেক ভূম্যধিকারির কি সাধারণ ভূম্যধিকারিদের উপলক্ষে এই কথা বিশেষ করিয়া লেখা যাইবে, ও স্বতন্ত্র মহালের ভূম্যধিকারির কি ভূম্যধিকারি-দের স্থানে যে ব্যক্তিকে কি ব্যক্তিগণকে তদ্রূপে স্বার্থের কোন পরিমাণ পাইবার স্বত্ববান বলিয়া প্রকাশ করা গেল ঐ ভূম্যধিকারির কি সাধারণ ভূম্যধিকারিদের প্রতি স্বতন্ত্র যে মহাল নিরূপণ হইল ঐ ব্যক্তি কি ব্যক্তিগণ কেবল সেই স্বতন্ত্র মহালহইতে সেই পরি-মাণের স্বার্থ পাইবার স্বত্ববান হইবেন।

and every such decree as aforesaid shall be executed by placing the person or persons so declared entitled to recover, in the position of a recorded joint proprietor or recorded joint proprietors of such separate estate, holding the same as a joint undivided estate in common tenancy with the proprietor or joint proprietors to whom such separate estate was assigned by the Collector in the partition proceedings, the extent of the interest of the joint proprietors respectively in such estate being such as is declared in the aforesaid decree

ও যে ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে ঐ স্বার্থ পাই-বার স্বত্ববান বলিয়া প্রকাশ করা গেল তাঁহাকে কি তাঁহাদিগকে ঐ স্বতন্ত্র মহালের লিপিবদ্ধ সাধারণ ভূম্যধিকারির অবস্থাপন্ন করিয়া ঐ ডিক্রী জারী করা যাইবে। তাহাতে কালেক্টর সাহেব বণ্টনের কার্য্য করণে যে ভূম্যধিকারিদের কি সাধারণ ভূম্যধিকারিদের প্রতি ঐ স্বতন্ত্র মহাল নিরূপণ করিলেন, ঐ ব্যক্তি কি ব্যক্তিগণ তাঁহাদের সঙ্গে সাধারণ অবিভক্ত মহাল-স্বরূপ ঐ মহাল ভোগ করিবেন, এবং পূর্ব্বোক্ত ডিক্রীতে ঐ মহালে ঐ সাধারণ ভূম্যধিকারিদের যে২ পরিমাণের স্বার্থ প্রকাশ করা গেল তাঁহাদের সেই২ পরিমাণের স্বার্থ থাকিবে ইতি।

29 Subject to the provisions of section 11, a Civil Court may at any time direct the Collector to assign to any person lands representing a specified fractional interest in any estate or in any specified village or tract of land in an estate, to be held by such person as a separate estate, or to divide off from any estate any specified villages or lands, and to assign them to any person to be held as a separate estate, provided that an application for such partition and separation shall be presented by such person, as required by sections 17, 18, and 19, but no Civil Court shall in any case specify the amount of revenue for which any separate estate which it may direct to be formed under the provisions of this section shall be liable

Civil Court may order partition

২৯ ধারা। দেওয়ানী আদালত ১১ ধারার বিধান প্রবল মানিয়া কোন সময়েই কালেক্টর সাহেবের প্রতি এই আজ্ঞা করিতে পারি-বেন যে, কোন ব্যক্তির স্বতন্ত্র মহালস্বরূপ ভোগ করিবার জন্য কোন মহালের কিম্বা মহালগত কোন নির্দ্দিষ্ট গ্রামের কি ভূমিখণ্ডের স্বার্থের নির্দ্দিষ্ট অংশানুযায়ি ভূমি নিরূপণ করেন, অথবা কোন মহালহইতে নির্দ্দিষ্ট কোন২ গ্রাম কি ভূমি পৃথক করিয়া কোন ব্যক্তির প্রতি স্বতন্ত্র মহাল-স্বরূপ ভোগ করিবার নিমিত্ত নিরূপণ করেন। পরন্তু এমত স্থলে প্রয়োজন যে, ঐ ব্যক্তি ১৭ ও ১৮ ও ১৯ ধারার বিধানমতে ঐ বণ্টন ও স্বতন্ত্র করণার্থ প্রার্থনা-পত্র উপস্থিত করেন। কিন্তু এই ধারার বিধানমতে-দেওয়ানী আদালত যে স্বতন্ত্র মহাল করিবার আজ্ঞা করেন, সেই মহাল যত টাকা রাজস্বের দায়ী হইবে তাহা কোন স্থলেই নির্দ্দেশ করিবেন না ইতি।

বণ্টন করিবার আজ্ঞা করিতে দেওয়ানী আদা-লতের ক্ষমতার কথা।

30 The Collector shall assess the land revenue on every such separate estate in accordance with the provisions of this Act, and no Civil Court shall direct the Collector to carry out at partition otherwise than in accordance with the provisions of this Act

Collector to assess land revenue in accordance with this Act

৩০ ধারা। কালেক্টর সাহেব এই আইনের বিধা-নানুসারে উক্ত প্রত্যেক স্বতন্ত্র মহালের রাজস্ব ধার্য্য করিবেন, এবং দেওয়ানী আদালত কালেক্টর সাহে-বের প্রতি এই আইনের বিধানভিন্ন অন্য কোন প্রকারে বণ্টন করিবার আদেশ করিবেন না ইতি।

এই আইন অনুসারে কালে-ক্টর সাহেবের রাজস্ব ধার্য্য করিবার কথা।

[ *Government Gazette*, 6th June 1876.]

Collector may declare the estate to be under partition

**31** If no objection be made within the time allowed under section 21 to an application for partition, or when all objections preferred have been disposed of, and if the Collector has no reason to believe that any obstacle exists to his making the partition as applied for, he shall direct that the application be admitted, and record a proceeding declaring the estate to be under partition, for the purpose of forming and assigning to the applicants a separate estate

In such proceeding the Collector shall declare the extent of interest in the parent estate which he finds to be held by the applicant, or joint applicants,

and, if more than one separate application for separation shall have been made and admitted, the extent of interest which he finds to be held by every separate applicant, or body of joint applicants, respectively,

and also the extent of interest which remains to any recorded proprietor, or to any number of recorded proprietors who are not applicants,

and shall order that lands proportionate to the interest so declared to be held by each applicant, or body of joint applicants, respectively, shall be formed into a separate estate, to be assigned to such applicant, or body of joint applicants,

and that lands proportionate to the interest so declared to remain to the recorded proprietor, or the number of recorded proprietors who are not applicants, shall be left forming a separate estate, to be held by such proprietor, or number of proprietors

মহালের বণ্টন কার্য্য চলিতেছে এই কথা কালেক্টর সাহেবের প্রকাশ করিবার কথা।

৩১ ধারা। ২১ ধারামতে যে সময়ের অনুমতি হইল, সেই সময়ের মধ্যে বণ্টন হইবার প্রার্থনার আপত্তি না হইলে, কিম্বা হইলেও সকলই নিষ্পত্তি করা গেলে, এবং প্রার্থনামাত্র বণ্টন করিবার কোন বাধা নাই কালেক্টর সাহেবের এমত জানিবার কারণ থাকিলে, তিনি সেই প্রার্থনা গ্রাহ্য হইবার আজ্ঞা করিয়া, স্বতন্ত্র মহাল করিয়া প্রার্থকের প্রতি নিরূপণ করিবার জন্যে মহালের বণ্টন হইতেছে, এই মর্ম্মের রুবকারী লিপিবদ্ধ করিবেন।

আদিম মহালে প্রার্থকের কি সাধারণ প্রার্থকদের যে পরিমাণের স্বার্থ নির্ণয় করিলেন এই কথা,

আর স্বতন্ত্র করিবার জন্যে দুই কি তদধিক স্বতন্ত্র প্রার্থনা করা গেলে ও গ্রাহ্য হইলে, স্বতন্ত্র প্রত্যেক প্রার্থকের কিম্বা সাধারণ প্রার্থকগণের যে২ পরিমাণের স্বার্থ নির্ণয় করিলেন এই কথা,

ও লিপিবদ্ধ যে ভূম্যধিকারী কিম্বা লিপিবদ্ধ যত জন ভূম্যধিকারী প্রার্থক নহেন তাঁহার কি তাঁহাদের যে পরিমাণের স্বার্থ থাকিবে এই কথা কালেক্টর সাহেব ঐ রুবকারীতে প্রকাশ করিবেন,

এবং প্রত্যেক জন প্রার্থকের কিম্বা সাধারণ প্রার্থকগণের যে২ স্বার্থ তদ্রূপে প্রকাশ করা গেল, তাঁহার কি তাঁহাদের সেই২ স্বার্থানুযায়ি ভূমি স্বতন্ত্র২ মহাল করা যাইবার, ও সেই প্রার্থকের কিম্বা সাধারণ প্রার্থকগণের প্রতি নিরূপণ হইবার,

ও লিপিবদ্ধ যে ভূম্যধিকারী কিম্বা লিপিবদ্ধ যত জন ভূম্যধিকারী প্রার্থক নহেন, তাঁহার কি তাঁহাদের স্বার্থানুযায়ি যত ভূমি থাকার কথা পূর্ব্বোক্তমতে প্রকাশ করা যায়, তাহা ঐ ভূম্যধিকারির বা ঐ২ ভূম্যধিকারির ভোগ্য স্বতন্ত্র মহাল করা যাইবার আজ্ঞা করিবেন ইতি।

Subsequent application for separation of another share

**32** If at any time after the Collector has made an order for partition under the last preceding section, any recorded proprietor in the estate, other than the original applicant, shall apply for the separation of his share, the Collector may either order that the proceedings for effecting such separation shall be carried on simultaneously with those for separating the share of the original applicant, or if he consider that such a course would entail delay in the completion of the original proceedings, he may order that no action shall be taken on such subsequent application until after the proceedings for the separation of the original applicant's share shall have been completed

অন্য অংশ স্বতন্ত্র করিবার প্রার্থনা পশ্চাৎ করা গেলে তদ্বিষয়ের কথা।

৩২ ধারা। কালেক্টর সাহেব ইহার পূর্ব্ব ধারামতে বণ্টন হইবার আজ্ঞা করিলে পর কোন সময়ে, যদি প্রথম প্রার্থকভিন্ন ঐ মহালের লিপিবদ্ধ কোন ভূম্যধিকারী আপন অংশ স্বতন্ত্র করিবার প্রার্থনা করিয়া থাকেন, তবে প্রথম প্রার্থকের অংশ স্বতন্ত্র করিবার কার্য্য যে সময়ে চলিতেছে কালেক্টর সাহেব সেই সময়েই উক্ত অংশও স্বতন্ত্র করিবার কার্য্য চলনের আজ্ঞা করিতে পারিবেন, অথবা তদ্রূপে কার্য্য করিলে প্রথম কার্য্য সমাপ্ত হইবার বিলম্ব হইতে পারিবে এমত বিবেচনা করিলে, প্রথম প্রার্থকের অংশ স্বতন্ত্র করিবার কার্য্য সমাপ্ত না হওনপর্য্যন্ত পশ্চাৎ সেই প্রার্থনার উপলক্ষে কোন কার্য্য না হইবার আজ্ঞা করিতে পারিবেন।

In the latter case all or any of the rent-rolls, measurements, and other papers which were used

শেষোক্ত স্থলে, প্রথম প্রার্থকের অংশ স্বতন্ত্র করণে মফঃসল জমার যে ফর্দ্দ ও চিঠা ও অন্য যে সকল

in the separation of the original applicant's share, may be used, as far as they are applicable, in the partition for which subsequent application has been made

**33** The Collector may refer any application for partition to a Deputy Collector for the purpose of making any enquiries and doing anything required by this Part, provided that every order—

Collector may refer application for partition to any Deputy Collector

(*a*) rejecting an application under section 23, or section 24,

(*b*) directing, under section 24, that the partition shall proceed, or shall be suspended,

(*c*) directing, under section 31, that an application for partition be admitted, and declaring an estate to be under partition,

(*d*) made under the first clause of the last preceding section,

(*e*) appointing a Deputy Collector under section 34 to carry out the partition,

(*f*) striking a case off the file under section 35,

shall be passed by the Collector and not by any Deputy Collector

**34** As soon as the Collector has declared an estate to be under partition as provided in section 23, he may appoint a Deputy Collector to carry out the partition, and all or any of the proceedings necessary thereto

As soon as estate declared to be under partition Collector may appoint Deputy Collector

**35** If at any time after an order shall have been passed for making a partition all the recorded proprietors of the estate shall present a petition to the effect that they do not wish the partition to proceed, the Collector may, on the report of the Deputy Collector or otherwise, strike the partition case off the file, on payment by the proprietors of all costs and expenses incurred in and about such partition, and any such costs and expenses which shall not already have been levied as provided in section 39 or 40, shall be levied in proportion to the shares of the respective proprietors.

Partition may be stayed if parties so desire Recovery of costs

**36** If at any time after an order shall have been passed for making a partition, it shall appear from information which was not before the Collector at the time the partition was ordered, or otherwise,

Partition may be stayed and proceedings quashed by Commissioner

কাগজপত্রের ব্যবহার হইয়াছিল তাহা কিম্বা তন্মধ্য কোনং কাগজপত্র যত দূর খাটিতে পাবে, পশ্চাৎ প্রার্থনামতে ঐ বণ্টন কার্য্যে তত দূর ব্যবহার হইতে পারিবে ইতি।

৩৩ ধারা। এই অধ্যাযমতে যেং অনুসন্ধান লওয়া ও অন্য যেং কার্য্য করা প্রযোজন, তাহা করিবার জন্যে কালেক্টব সাহেব বণ্টন করিবার কোন প্রার্থনাপত্র ডেপুটী কা'লকুটরের প্রতি অপণ করিতে পারিবেন,—পবন্তু এইং আজ্ঞা, অর্থাৎ

বণ্টন হইবার প্রার্থনাপত্র ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিতে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

(ক) ২৩ কিম্বা ২৪ ধাবামতে প্রার্থনা অগ্রাহ্য করিবার আজ্ঞা,

(খ) ২৪ ধাবামতে বণ্টনের কার্য্য চলিবার কি স্থগিত হইবার আজ্ঞা,

(গ) ৩১ ধারামতে বণ্টন করিবার প্রার্থনা গ্রাহ্য হইবার, ও মহালের বণ্টন হইতেছে ইহা প্রকাশ করিবার আজ্ঞা,

(ঘ) ইহার পূর্ব্ব ধাবার প্রথম প্রকরণমত আজ্ঞা,

(ঙ) ৩৪ ধারামতে বণ্টনের কার্য্য চালাইবার জন্যে ডেপুটী কালেক্টরকে নিযুক্ত করিবার আজ্ঞা,

(চ) ৩৫ ধারামতে নথীহইতে মোকদ্দমা উঠাইযা দিবার আজ্ঞা,

কালেক্টর সাহেবের করিতে হইবে, ডেপুটী কালেক্টরের নয় ইতি।

৩৪ ধারা। কোন মহালের বণ্টনকার্য্য চলিতেছে কালেক্টর সাহেব ২৩ ধারার বিধানমতে এই কথা প্রকাশ করিলেই, তিনি সেই বণ্টনকার্য্য চালাইবার ও তজ্জন্যে প্রযোজনীয় অন্য সকল কর্ম্ম করিবার জন্যে ডেপুটী কালেক্টরকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

মহালের বণ্টনকার্য্য চলিতেছে এই কথা প্রকাশ হইলেই ডেপুটী কালেক্টরকে কালেক্টর সাহেবের নিযুক্ত করিবার কথা।

৩৫ ধারা। বণ্টন করিবার আজ্ঞা করা গেলে পর কোন সময়ে, যদি মহালের লিপিবদ্ধ সকল ভূম্যধিকারী সেই বণ্টনের কার্য্য চলিবার আমাদের ইচ্ছা নাই বলিয়া দরখাস্ত উপস্থিত করেন, তবে সেই বণ্টনের কার্য্যে ও তৎসম্পর্কে যত খরচখরচা হইয়া থাকে, ভূম্যধিকারিরা তাহা দিলে, কালেক্টর সাহেব ডেপুটী কালেকটরের রিপোর্টমতে কিম্বা প্রকারান্তরে, ঐ বণ্টনের মোকদ্দমা নথীহইতে উঠাইয়া দিতে পারিবেন। ও ৩৯ কি ৪০ ধারার বিধানমতে উক্ত যে খরচখরচা পূর্ব্বে আদায় না হইযা থাকে তাহা একং জন ভূম্যধিকারির অংশানুসারে আদায় করা যাইবে ইতি।

বণ্টন সংক্রান্ত ব্যক্তিদের ইচ্ছা হইলে ঐ কার্য্য স্থগিত হইবার ও খরচ আদায় করিবার কথা।

৩৬ ধারা। কালেক্টর সাহেব যৎকালে বণ্টন করিবার আজ্ঞা করিলেন তৎকালে তাঁহার নিকট যে সন্ধান জানা ছিল না এমত কোন সন্ধান হেতুক কিম্বা অন্য কারণে সেই বণ্টনের

বণ্টন স্থগিত করিতে ও তৎসংক্রান্ত কার্য্য ব্যর্থ করিতে কমিশ্যনর সাহেবের ক্ষমতার কথা।

that any sufficient reason exists why the partition should not be proceeded with, the Commissioner may, on the report of the Collector or otherwise, after issuing a notice calling on the persons interested to show cause why the partition should not be struck off the file, and after considering any objections which may be made, order the partition case to be struck of the file, on payment by the proprietors of all costs and expenses incurred as provided in the last preceding section

---

## PART IV

### OF ESTABLISHMENT FOR EFFECTING PARTITIONS

*Deputy Collector may appoint officers for making measurement of lands, &c.*

**37** For the purposes of this Act, the Deputy Collector may, with the approval of the Collector, and subject to any rules made in that behalf by the Board, appoint such amins and other officers as may be required for making the measurement and survey of lands, for ascertaining and recording the rates of rent, for making any other local enquiries, and for the preparation of the papers in each case, and the Collector may appoint such peshkars or other superior officers as may be required to test the work of the amins, and for the performance of similar duties, provided that the scale of remuneration of such officers, and the time for which they shall be employed, shall be sanctioned by the Commissioner

*Special establishments may be appointed*

**38** In any district or division in which the partitions may be so numerous or so extensive as to render necessary the appointment of special establishments in the office of the Collector or of the Commissioner, the Collector and the Commissioner may, with the sanction of the Board, appoint such establishments

*Cost of partition to be levied from proprietors in accordance with rules laid down by the Board*

**39** As soon as possible after an estate has been declared to be under partition as provided in section 31, the cost of making the partition shall be estimated, and the amount shall be levied from the proprietors in such instalments and at such times during the progress of the partition as may be fixed in accordance with any rules which the Board may make in that behalf

If the amount first estimated is found insufficient, supplementary estimates may be made

কার্য্য না চলিবার বিশিষ্ট কারণ আছে, বণ্টন করিবার আজ্ঞা করা গেলে পর কোন সময়ে, ইহা দৃষ্ট হইলে, কমিশ্যনর সাহেব কালেক্টর সাহেবের রিপোর্টমতে কিম্বা অন্য কারণে ঐ বিষয় সংক্রান্ত সকল ব্যক্তির নামে নোটিস দিয়া সেই বণ্টনের মোকদ্দমা নথীহইতে উঠাইয়া না দিবার কারণ দেখাইতে আজ্ঞা করিবেন, ও যে২ আপত্তি করা যায় তাহা বিবেচনা করিলে পর, সেই কার্য্যে যত খরচখরচা হইয়া থাকে, ভূম্যধিকারিরা ইহার পূর্ব্ব ধারার বিধানমতে তাহা দিলে, তিনি নথীহইতে ঐ বণ্টনের মোকদ্দমা উঠাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

---

## চতুর্থ অধ্যায়।

### বণ্টনের কার্য্য নির্ব্বাহ করিবার আমলাগণের বিধি।

*ভূমির মাপকরণ প্রভৃতি কার্য্যের নিমিত্ত ডেপুটী কালেক্টরের আমলাগণ নিযুক্ত করিবার কথা।*

৩৭ ধারা। এই আইনের কার্য্যপক্ষে ভূমি মাপ ও জরীপ করিবার ও খাজানার হার নিশ্চয়মতে জানিয়া লিপিবদ্ধ করিবার ও স্থানীয় অন্য অনুসন্ধান লওয়ার ও প্রত্যেক স্থলের কাগজপত্র প্রস্তুত করিবার জন্যে, যত জন আমীনের ও অন্য কার্য্যকারকের প্রয়োজন থাকে ডেপুটী কালেক্টর, কালেক্টর সাহেবের অনুমোদনক্রমে, ও বোর্ডের সাহেবেরা তৎপক্ষে যে কোন বিধি করেন তাহা মানিয়া, তত জনকে নিযুক্ত করিবেন। এবং আমীনদের কর্ম্ম পরীক্ষা করিবার, ও সেই প্রকারের অন্য কার্য্য করিবার জন্যে যত জন পেশকার কি উচ্চ শ্রেণীর অন্য কার্য্যকারকের প্রয়োজন থাকে, তাঁহাদিগকেও কালেক্টর সাহেব নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু ঐ কার্য্যকারকেরা যে হারে পারিশ্রমিক পাইবেন ও যত দিন নিযুক্ত থাকিবেন, কমিশ্যনর সাহেব তাহার অনুমোদন করিবেন ইতি।

*বিশেষ আমলাগণ নিযুক্ত হইতে পারিবার কথা।*

৩৮ ধারা। কোন জিলার কি দেশের কোন খণ্ডের মধ্যে বণ্টনের কার্য্য অতি অধিক কি অতি বিস্তারিত হওয়াপ্রযুক্ত কালেক্টর সাহেবের কি কমিশ্যনর সাহেবের কাছারীতে বিশেষ আমলাগণের নিরিশতা নিযুক্ত করা আবশ্যক হইলে, কালেক্টর সাহেব এবং কমিশ্যনর সাহেব বোর্ডের সাহেবদের অনুমোদনক্রমে সেই আমলাগণকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

*বোর্ডের সাহেবেরা যে বিধি করেন তদনুসারে বণ্টন করিবার খরচ ভূম্যধিকারিদের স্থানে লইবার কথা।*

৩৯ ধারা। কোন মহালের বণ্টনকার্য্য চলিতেছে ৩১ ধারার বিধানমতে এই কথা প্রকাশ করা গেলে পর, ঐ বণ্টন করিবার খরচের অনুমানপত্র সাধ্যমতে ত্বরায় প্রস্তুত করা যাইবে। এবং বোর্ডের সাহেবেরা তৎপক্ষে যে বিধি করেন, তদনুসারে বণ্টনের কার্য্য চলনসময়ে যে২ কিস্তি করিয়া ও যে২ সময়ে ঐ খরচ আদায় করিতে স্থির করা যায়, সেই২ কিস্তিমতে সেই২ সময়ে ভূম্যধিকারিদের স্থানে ঐ খরচ আদায় করা যাইবে।

প্রথমে যে খরচের অনুমান করা যায়, তাহাতে অকুলান জানা গেলে, সময়ে২ পরিশিষ্ট অনুমানপত্র করা

from time to time, and the required amount may be levied as above provided

Apportionment of costs

40 The cost shall be apportioned on the proprietors of each share in proportion to their shares, but whenever it shall appear to the Commissioner that the partition proceedings have been unnecessarily delayed, and the cost of the partition enhanced by obstacles vexatiously put in the way of their completion by one or more of the proprietors, or by want of due diligence on the part of one or more of the proprietors in carrying out any requisitions made upon him or them, the Commissioner may direct that such portion of the cost as he may think proper in excess of the amount prportionate to his or their share shall be levied from such proprietor or proprietors

After completion of partition Collector shall declare total cost thereof

41 Upon the completion of the partition, the Collector shall make an order declaring the total cost thereof The account shall then be adjusted, either by returning to the proprietors any sums which they may have paid in excess of the total cost, or by levying from them in the manner provided in section 136, if necessary, any sums remaining due

What are costs leviable from proprietors

42 For the purposes of sections 39, 40, and 41, the costs of any partition shall be deemed to be

(a) the cost of any establishments entertained for the partition under section 37, or such amount as the Collector may think proper in respect of the services of any such establishments which are entertained for the purposes of making partitions in the district,

(b) all contingent expenses incurred in and about the partition, and

(c) such portion of the cost of any establishment entertained under section 38 as the Collector may order

Lieutenant Governor may direct "Estates Partition Fund" to be formed

43 Notwithstanding anything contained in the six last preceding sections, the Lieutenant-Governor may direct that in any district a fund to be called the "Estates Partition Fund" shall be formed, into which all sums levied from the proprietors of estates in respect of partitions of their estates shall be paid

Whenever such a fund shall have been established in any district, all expenses of

যাইতে পারিবে, ও প্রয়োজনীয় টাকা পূর্ব্বোক্ত বিধানমতে আদায় করা যাইতে পারিবে ইতি।

অংশাংশমতে খরচ লইবার কথা।

৪০ ধারা। যে ভূম্যধিকারিদের যেং অংশ থাকে সেইং অংশানুসারে ঐ খরচ ভাগ করিয়া তাঁহাদের স্থানে লওয়া যাইবে। কিন্তু এক কি কএক জন ভূম্যধিকারির ক্লেশজনক বাধা দেওয়াতে, কিম্বা এক কি কএক জন ভূম্যধিকারির প্রতি যে কর্ম্ম করিবার আদেশ হইল উপযুক্ত যত্নপূর্ব্বক সেই আদেশানুসারে কর্ম্ম না করাতে বণ্টনের কার্য্যের অনাবশ্যক বিলম্ব হইয়াছে ও বণ্টন করিবার খরচ বৃদ্ধি হইয়াছে কমিশ্যনর সাহেব ইহা দেখিতে পাইলে, ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিদের অংশানুশারে তাঁহার কি তাঁহাদের যত খরচ দিতে হইত, তিনি তাঁহার কি তাঁহাদের স্থানে তদধিক যত খরচ লওয়া উচিত বোধ করেন তাহা আদায় করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

বণ্টন করা সমাপ্ত হইলে পর মোট খরচ কালেক্টর সাহেবের প্রকাশ করিবার কথা।

৪১ ধারা। বণ্টন সমাপ্ত হইলে পর তাহাতে সর্ব্বসুদ্ধ যত খরচ হইয়াছে কালেক্টর সাহেব ইহা নির্দ্দেশ করণসূচক আজ্ঞা করিবেন। পরে ভূম্যধিকারিরা সেই সমুদয় খরচের অতিরিক্ত যে টাকা দিয়া থাকিবেন তাহা ফিরিয়া দিয়া, কিম্বা তাঁহাদের যে টাকা দিতে বাকী থাকে, আবশ্যক হইলে ১৩৬ ধারার বিধানানুসারে তাহা আদায় করিয়া, ঐ হিসাব নিষ্পত্তি করিয়া দিবেন ইতি।

ভূম্যধিকারিদের স্থানে খরচ বলিয়া যাহা আদায় হইতে পারে তাহার কথা।

৪২ ধারা। ৩৯ ও ৪০ ও ৪১ ধারার কার্য্যপক্ষে বণ্টনের খরচের মধ্যে এইং খরচ ধরিতে হইবে।

(ক) বণ্টন করিবার জন্যে ৩৭ ধারামতে যে আমলাগণ রাখা যায় তাঁহাদের খরচ, কিম্বা জিলার মধ্যে বণ্টন করিবার জন্যে যেং আমলাগণকে রাখা যায় তাঁহাদের কর্ম্মোপলক্ষে কালেক্টর সাহেব যত টাকা উচিত বোধ করেন তত টাকা।

(খ) বণ্টন করণে ও তৎসম্পর্কে নৈমিত্তিক যে সকল খরচ হয় তাহা।

(গ) ৩৮ ধারামতে যে আমলাগণকে রাখা যায় কালেক্টর সাহেব তাঁহাদের খরচের যে অংশের আজ্ঞা করেন তাহা ইতি।

মহালের বণ্টনসম্পর্কীয় তহবীল করিতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা করিবার কথা।

৪৩ ধারা। ইহার পূর্ব্ব ছয়টি ধারায় ভাবান্তরের বিধান থাকিলেও, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কোন জিলার মধ্যে "মহালের বণ্টনসম্পর্কীয় তহবীল" বলিয়া একটি তহবীল করিবার আদেশ দিতে পারিবেন। নানা মহালের বণ্টনকার্য্যের উপলক্ষে ঐং মহালের ভূম্যধিকারিদের স্থানে যত টাকা আদায় হয়, তৎসমুদয় ঐ তহবীলে দেওয়া যাইবে।

কোন জিলায় সেই প্রকারের তহবীল করা গেলে, পশ্চাল্লিখিত বিধানের স্থলছাড়া সেই জিলার অন্তর্গত

making partitions of estates in such district shall, except as hereinafter otherwise provided, be defrayed from such fund

মহালের বন্টন করণের যত টাকা খরচ হয় তাহা ঐ তহবীলহইতে দেওয়া যাইবে ইতি।

Procedure when Estates Partition Fund formed in any district

44 Whenever the Lieutenant-Governor shall have ordered an "Estates Partition Fund" to be formed in any district, the charges leviable from the proprietors of any estate under partition may be estimated and levied according to the estimate in each case as provided in sections 39 and 40, subject to final adjustment, as provided in section 41, or they may be levied according to a general scale of fees to be laid down by the Board

কোন জিলায় মহালের বণ্টনসম্পর্কীয় তহবীল করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

৪৪ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কোন জিলার মধ্যে "মহালের বন্টনসম্পর্কীয় তহবীল" করিবার আজ্ঞা করিলে পর, যেমহালের বন্টন কার্য্য চলিতেছে তাহার ভূম্যধিকারিদের স্থানে যত খরচ আদায় হইতে পারে, প্রত্যেক স্থলে ৩৯ ও ৪০ ধারার বিধানমতে যে অনুমানপত্র করা যায় তদনুসারে ঐ খরচের অনুমান করা যাইতে ও তাহা আদায় হইতে পারিবে, ও ৪১ ধারার বিধানমতে তাহা চুড়ান্তরূপে নিষ্পত্তি করা যাইবে, অথবা বোর্ডের সাহেবেরা ফীর সাধারণ যে ফর্দ্দ করেন তদনুসারে খরচ আদায় হইবে ইতি

Scale of fees

45 Such scale of fees shall be fixed as nearly as may be, so that the receipts and expenditure of the said fund shall balance one another, and shall be revised from time to time by the Board for that purpose, and sections 39 and 40 shall apply to such fees

ফীর ফর্দ্দের কথা।

৪৫ ধারা। ঐ ফী লইবার নিয়ম সাধ্যমতে এমন স্থির করা যাইবে যেন ঐ তহবীলের আয় ও ব্যয় পরস্পর সমান থাকে, তদর্থে বোর্ডের সাহেবেরা সময়ে২ ঐ ফর্দ্দ পুনরালোচনা করিবেন। ঐ২ ফীর প্রতি ৩৯ ও ৪০ ধারা বর্ত্তিবে ইতি।

Abstract of Estates Partition Fund to be published

46 An abstract of the Estates Partition Fund of each district made up to the end of each year shall be published in the *Calcutta Gazette*, and by being posted up at the office of the Collector of the district

মহালের বণ্টনসম্পর্কীয় তহবীলের হিসাবের চুম্বক প্রকাশ করিবার কথা।

৪৬ ধারা। প্রত্যেক জিলার মহালের বণ্টনসম্পর্কীয় তহবীলের হিসাব প্রতি বৎসরের অবসান পর্য্যন্ত নিষ্পত্তি করিয়া তাহার চুম্বক কলিকাতা গেজেটে, এবং জিলার কালেক্টরী কাছারীতে লাগাইয়া, প্রকাশ করা যাইবে ইতি।

What costs of partition chargeable to Estates Partition Fund

47 For the purposes of section 43, 44, and 45 the expenses of making partitions in any district shall be deemed to be

মহালের বণ্টনসম্পর্কীয় তহবীলহইতে বণ্টনের যেং খরচ লওয়া যাইবে তাহার কথা।

৪৭ ধারা। ৪৩ ও ৪৪ ও ৪৫ ধারার কার্য্যপক্ষে কোন জিলায় বন্টন করিবার খরচের মধ্যে এই২ খরচ ধরিতে হইবে।

(*a*) the cost of all establishments entertained in the district under section 37,

(ক) ৩৭ ধারামতে জিলায় যে সকল আমলাগণকে রাখা যায় তাঁহাদের খরচ।

(*b*) All contingent expenses incurred in all partitions in the district,

(খ) জিলার মধ্যে বন্টনের সকল কার্য্যে যে নৈমিত্তিক খরচ হয় তাহা।

(*c*) the pay and allowances of any Deputy Collector who is employed exclusively on making partitions in the district, or such proportion as the Collector may think proper of the pay and allowances of any Deputy Collector who is partly employed in making such partitions,

(গ) জিলার মধ্যে কেবল বন্টনকার্য্যে যে ডেপুটী কালেক্টরের সমস্ত সময় ক্ষেপ হয় তাঁহার বেতন ও উপরি টাকা, ও তদ্রূপ বন্টন কার্য্যে যে ডেপুটী কালেক্টরের সময়ের অংশমাত্র ক্ষেপণ হয় তাঁহার বেতনের ও উপরি টাকার যে অংশ কালেক্টর সাহেব উচিত বোধ করেন তাহা।

(*d*) the cost of any special establishment appointed in the office of the Collector under section 38,

(ঘ) ৩৮ ধারাতে কালেক্টর সাহেবের আফিসে যে বিশেষ আমলাগণকে নিযুক্ত করা যায় তাঁহাদের খরচ।

(*e*) such portion as the Commissioner may direct of the cost of any special establishment appointed in his office under section 38

(ঙ) ৩৮ ধারামতে কমিশ্যনর সাহেবের আফিসে যে বিশেষ আমলাগণকে নিযুক্ত করা যায়, তিনি তাঁহাদের খরচের যে অংশের আজ্ঞা করেন সেই অংশ ইতি।

48 Whenever any Civil Court shall make a decree awarding or declaring any proprietary right in an estate, and shall require the Collector to make a partition of the estate, such Court may at the same time direct,

Civil Court may in certain cases order parties to pay expenses incurred in dividing an estate

that the party or parties who may have withheld the right so decreed shall defray the whole of the expense which may be incurred in and about the partition, or the whole of the fees payable in respect of the partition under section 44,

or that the said expenses or fees shall be defrayed by all or any of the parties to the suit in which the decree was made in such proportions as the Court may, from a consideration of the particular circumstances of the case, deem equitable

Copies of all orders which the Court may pass under this section shall be transmitted to the Collector for his guidance, together with the precept which the Court may issue to him, requiring him to divide the estate

---

## PART V

### OF THE PARTITION PROCEEDINGS UP TO THE ADOPTION OF A RENT-ROLL AND MEASUREMENT PAPERS

49 As soon as the Collector shall have made an order under section 31 declaring an estate to be under partition, the Deputy Collector shall cause a notification to be published in the manner prescribed in section 130, and shall also cause copies thereof to be posted up at the Court of the Judge of the district, in which any lands appertaining to the parent estate are known to be situated, and at the Court of every Munsif and of every Sub-Divisional Officer within the jurisdiction of whom, and at every Police station within the jurisdiction of which any such lands are known to be situated, intimating his intention to proceed with the partition, and requiring all the proprietors of the estate to produce before a certain date, being not less than forty days from the date of such notification, either jointly or separately, copies of their rent-rolls and statements of the rents collected during each of the three years next preceding, and also copies of any measurement papers of the estate which may be in their possession

As soon as estate is declared to be under partition, Deputy Collector shall cause notification to be published

A notice to the same effect shall also be served as provided in section 131, on each proprietor of the parent estate

৪৮ ধারা। কোন দেওয়ানী আদালত মহালে কোন অধিকারিত্ব স্বত্ব দেওয়ার কি নির্দ্দেশ করণের ডিক্রী করিয়া কালেক্টর সাহেবের প্রতি ঐ মহাল বণ্টন করিবার আজ্ঞা করিলে, ঐ আদালত সেই সময়ে এই২ আজ্ঞাও করিতে পারিবেন,—

মহাল বিভাগ করণার্থে যে খরচ হয় স্থল বিশেষে উভয় পক্ষের সেই খরচ দিতে দেওয়ানী আদালতের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

যে স্বত্বের ডিক্রী হইল, যে ব্যক্তি কি ব্যক্তিরা তাহা অবরোধ করিলেন, ঐ বণ্টনকার্য্যে ও তৎসম্পর্কে যত টাকা খরচ হয় তিনি কি তাঁহারাই সেই সমুদয় খরচ, কিম্বা ৪৪ ধারামতে ঐ বণ্টনের উপলক্ষে যত ফী দিতে হয় সেই সমুদয় ফী দিবেন।

অথবা যে মোকদ্দমায় ডিক্রী করা গেল, আদালত সেই মোকদ্দমার বিশেষ আকারপ্রকার বিবেচনায় উভয়পক্ষের অন্তর্গত সকল কি কোনং ব্যক্তির ঐ খরচের কি ফীর যেং অংশ দেওয়া ন্যায্য জ্ঞান করেন তাঁহাদের সেইং অংশ দিবার আজ্ঞা করিবেন।

আদালত কালেক্টর সাহেবের নামে মহাল বিভাগ করিবার আজ্ঞাসূচক যে পরওয়ানা দেন তাহার সঙ্গে, এই ধারামতে যে সকল আজ্ঞা করেন তাহারও নকল কালেক্টর সাহেবের কার্য্যপদ্ধতি দেখাইবার জন্যে তাঁহার নিকট পাঠান যাইবে ইতি।

---

পঞ্চম অধ্যায়।

মফঃসল জমার ফর্দ্দ ও মাপের কাগজপত্র স্থির না করণ-পর্য্যন্ত বণ্টনের কার্য্যবিষয়ক বিধি।

৪৯ ধারা। কোন মহালের বণ্টনকার্য্য চলিতেছে কালেক্টর সাহেব ৩১ ধারামতে এই কথা প্রকাশ করিলেই, ডেপুটী কালেক্টর ১৩০ ধারার বিধানমতে জ্ঞাপনপত্র প্রকাশ করাইয়া আদিম মহালের অন্তর্গত কোন ভূমি যে জিলার মধ্যে আছে বলিয়া জানা থাকে সেই জিলার জজ সাহেবের আদালতে, ও উক্ত কোন ভূমি যেং মুনসেফের ও মহকুমার যেং কর্ত্তৃপক্ষের এলাকার মধ্যে আছে বলিয়া জানা থাকে সেইং মুনসেফের ও কর্ত্তৃপক্ষের আদালতে, ও যেং পোলীস থানার এলাকার মধ্যে আছে বলিয়া জানা থাকে সেইং থানায় ঐ জ্ঞাপনপত্রের নকল লটকাইয়া, তন্মধ্যে এই কথা জানাইবেন, ঐ বণ্টনকার্য্যে তাঁহার প্রবর্ত্ত হইবার মানস আছে, এবং ঐ জ্ঞাপনপত্রের তারিখ অবধি চল্লিশ দিনের অন্যূন কোন নির্দ্দিষ্ট তারিখে, ঐ মহালের সকল ভূম্যধিকারী সাধারণ্যে কি স্বতন্ত্ররূপে আপনাদের মফঃসল জমার ফর্দ্দের নকল, ও তৎপূর্ব্ব তিন বৎসরাবধি বৎসরং যত খাজানা আদায় করিয়া আসিতেছেন তাহার বর্ণনাপত্র, ও মহালের যে চিঠা তাঁহাদের নিকট থাকে তাহারও নকল আনিবার আজ্ঞা করিবেন।

মহালের বণ্টন কার্য্য চলিতেছে এই কথা প্রকাশ হইলেই ডেপুটী কালেক্টরের জ্ঞাপনপত্র প্রকাশ করিবার কথা।

১৩১ ধারার বিধানমতে আদিম মহালের প্রত্যেক জন অধিকারিকেও সেই মর্ম্মের নোটিস দিতে হইবে।

The Deputy Collector may, on sufficient grounds for so doing being shown to his satisfaction, from time to time extend the period for producing any such return

পুর্ব্বোক্ত কোন কাগজপত্র দিবার যে মিয়াদ নিরূপণ হইল, ডেপুটী কালেক্টরের হৃদ্বোধমতে তাহা বাড়াইয়া দিবার বিশিষ্ট কারণ দেখান গেলে, তিনি সময়েং তাহা বাড়াইয়া দিতে পারিবেন ইতি।

Rent roll filed by a proprietor to be subscribed and verified

50 Every rent-roll, statement of rents collected, and measurement paper furnished to the Collector under this Act, shall be presented by the person who is required to produce the same or by a duly authorized agent of such person who has a personal knowledge of the facts stated therein, and shall be subscribed and verified at the foot by such person or such agent in the manner following, or to the like effect —

ভূম্যধিকারী মফঃসল জমার যে ফর্দ্দ দেন তাহাতে তাঁহার স্বাক্ষর করিবার ও সত্যাকরণের কথা লিখিবার কথা।

৫০ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেবকে মফঃসল জমার যে ফর্দ্দ, ও আদায় করা খাজানার যে বর্ণনাপত্র, ও যে চিঠা দিতে হইবে, যে ব্যক্তির প্রতি তাহা দেখাইবার আদেশ থাকে তিনি আপনি তাহা আনিবেন, কিম্বা তাঁহার উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত যে মোখ্‌তার নিজে সেইং পত্রলিখিত সকল বৃত্তান্ত অবগত আছেন তাঁহার দ্বারা উপস্থিত করিবেন, ও সেই ব্যক্তি কিম্বা ঐ মোখ্‌তার তাহাতে স্বাক্ষর করিবেন ও তাহার সত্যাকরণের এই কথা কিম্বা ইহার মর্ম্মানুযায়ী কথা লিখিবেন,—

"I, A B, do declare that this rent-roll *statement, or measurement paper*) is correct to the best of my knowledge and belief"

"মফঃসল জমার এই ফর্দ্দে (কিম্বা বর্ণনাপত্রে কি চিঠায় যে সকল কথা লেখা আছে তাহা আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য, আমি শ্রীঅমুক ইহা নির্দ্দেশ করিয়া লিখিলাম।"

If the rent-roll, statement or measurement paper shall contain any entry which the person making the verification shall know or believe to be false, or shall not believe to be true, such person shall be subject to punishment according to the law for the time being in force for the punishment of giving or fabricating false evidence

যে ব্যক্তি সত্যাকরণের কথা লেখেন তিনি যাহা মিথ্যা জানেন কি বিশ্বাস করেন কিম্বা যাহা সত্য বলিয়া বিশ্বাস না করেন, মফঃসল জমার ঐ ফর্দ্দে কি বর্ণনাপত্রে কি চিঠায় এমত কোন কথা থাকিলে, মিথ্যা প্রমাণ দেওনের কি প্রস্তুত করণের দণ্ড করণার্থ যে আইন যৎকালে প্রবল থাকে সেই আইন অনুসারে তাঁহার দণ্ড হইতে পারিবে ইতি।

Procedure if person required cannot produce rent roll or statement

51 If any proprietor who is required to produce any rent-roll or statement by notice as aforesaid is unable to produce such rent-roll or statement, he shall state to the Deputy Collector the cause thereof, and the name and address of the person who has in his possession the information necessary for the preparation of such rent roll and statement, and the Deputy Collector may, if he shall think fit, require such person to produce such rent-roll and statement

যাঁহার প্রতি আদেশ থাকে তিনি মফঃসল জমার ফর্দ্দ কি বর্ণনাপত্র দেখাইতে না পারিলে কার্য্যপ্রণালীর কথা।

৫১ ধারা। পূর্ব্বোক্ত নোটিস দ্বারা যে ভূম্যধিকারির প্রতি মফঃসল জমার ফর্দ্দ কি বর্ণনাপত্র দেখাইবার আদেশ থাকে, তিনি তাহা দেখাইতে না পারিলে, ডেপুটী কালেক্টরকে তাহার কারণ জানাইবেন, ও মফঃসল জমার সেই ফর্দ্দ ও বর্ণনাপত্র প্রস্তুত করিবার প্রয়োজনীয় সন্ধান যে ব্যক্তির নিকট পাওয়া যায় তাঁহার নাম ও ঠিকানা জানাইবেন, ও ডেপুটী কালেক্টর উচিত বোধ করিলে ঐ ব্যক্তিকে মফঃসল জমার সেই ফর্দ্দ ও বর্ণনাপত্র দেখাইতে আদেশ করিবেন ইতি।

Deputy Collector may order measurement of land and may test rent roll

52 The Deputy Collector may, if necessary, make, or may cause to be made, a measurement of all or any of the lands comprised in the estate, and may prepare or cause to be prepared, a rent-roll, and may test, or cause to be tested on the spot, any rent roll which has been produced as aforesaid, and may make, or may cause to be made, any local enquiry which he may consider necessary

ভূমি মাপ করিবার আজ্ঞা করিতে ও মফঃসল জমার ফর্দ্দ পরীক্ষা করিতে ডেপুটী কালেক্টরের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৫২ ধারা। আবশ্যক হইলে, ডেপুটী কালেক্টর মহালের অন্তর্গত সকল কি কোন ভূমি মাপ করিতে কি করাইতে পারিবেন, ও মফঃসল জমার ফর্দ্দ প্রস্তুত করিতে কি করাইতে পারিবেন, ও পূর্ব্বোক্তমতে মফঃসল জমার যে ফর্দ্দ প্রস্তুত করা গিয়াছে তাহা সরজমীনে পরীক্ষা করিতে বা করাইতে পারিবেন, ও স্থান বিশেষে যে অনুসন্ধান করা আবশ্যক জ্ঞান করেন তাহা করিতে বা করাইতে পারিবেন ইতি।

**53** Before proceeding or deputing the amin to the spot, the Deputy Collector shall publish a notification in the manner prescribed in section 130 requiring the several proprietors of the estate, their managers, and any other persons employed in the management of the land, or otherwise interested therein, to attend in person or by agent upon him or upon the amin who is deputed to make the measurement or enquiry, for the purpose of pointing out boundaries and of affording such assistance and information as may be required for the purposes of this Act

Deputy Collector to summon proprietors by proclamation to attend proceedings

**54** The Deputy Collector, and any amin or other person who is specially authorized in that behalf by the Collector, may, by a notice served as prescribed in section 131, require any proprietor or other person whose attendance may be required, to attend before the Deputy Collector or amin who is making such measurement or enquiry, within a specified time at any place for any of the purposes aforesaid

Deputy Collector and amin may require attendance of proprietor or any other person

**55** If any objection be made to a measurement, map, or rent-roll prepared by the amin, or if for any other reason it seems desirable, the Deputy Collector shall, as soon as possible after completion of the amin's work, himself test, or shall cause to be tested on the spot, such measurement, map, and rent-roll, and may accept, amend, or reject the same, or any of them If the Deputy Collector shall deem it necessary, he may cause the work or any portion thereof to be done again

Deputy Collector to test amin's work

**56** The Deputy Collector may examine any person on solemn affirmation, in regard to the papers produced before him, whether by the proprietors, by the amin deputed to make the measurement, or otherwise, and shall allow the parties concerned to put any necessary questions to such person

Examination of the parties and their papers

The Deputy Collector shall also allow any proprietor or other person interested to examine the papers so produced, and to take a copy of the same, and after such examination shall hear any objections which any of the

৫৩ ধারা। সরেজমীনে যাইবার কিম্বা আমীনকে পাঠাইবার পূর্ব্বে ডেপুটী কালেক্টর ১৩০ ধারার বিধানমতে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া, সীমা দেখাইবার জন্যে ও এই আইনের কার্য্য পক্ষে যদ্রূপ উপকার করা ও সন্ধান দেওয়া প্রয়োজন তাহা করিবার ও জানাইবার জন্যে ঐ মহালের প্রত্যক ভূম্যধিকারির ও তাঁহাদের কার্য্যাধ্যক্ষদের প্রতি ও ভূমির অধ্যক্ষতা কার্য্যে অন্য যে ব্যক্তিরা নিযুক্ত থাকেন কি প্রকারান্তরে সম্পর্ক প্রাপ্ত হন তাঁহাদের প্রতি নিজে কি মোক্তারের দ্বারা আপনার সম্মুখে, কিম্বা মাপ করিতে কি অনুসন্ধান লইতে যে আমীনকে পাঠান যায় তাঁহার সম্মুখে উপস্থিত হইবার আদেশ করিবেন ইতি।

কার্য্যানুষ্ঠান হইলে ঘোষণাপত্রদ্বারা ভূম্যধিকারিদিগকে উপস্থিত হইবার সমন দিতে ডেপুটী কালেক্টরের ক্ষমতার কথা।

৫৪ ধারা। ডেপুটী কালেক্টর ও কোন আমীন, কিম্বা এই কার্য্যপক্ষে অন্য যে ব্যক্তি কালেক্টর সাহেবের স্থানে বিশেষ ক্ষমতা প্রাপ্ত হন তিনি ১৩১ ধারার বিধানমতে নোটিস দেওয়াইয়া কোন ভূম্যধিকারিকে কিম্বা অন্য যে ব্যক্তির উপস্থিত হওয়া প্রযোজন তাঁহাকে, পূর্ব্বোক্ত কোন কার্য্যের নিমিত্ত নিরূপিত সময়ে ও স্থানে ঐ ডেপুটী কালেক্টরের সম্মুখে, কিম্বা যে আমীন উক্ত প্রকারে মাপ কি অনুসন্ধান করিতেছেন তাঁহার সম্মুখে উপস্থিত হইবার আদেশ করিবেন ইতি।

ভূম্যধিকারির কি অন্য ব্যক্তির উপস্থিত হইবার আদেশ করিতে ডেপুটী কালেকটরের ও আমীনের ক্ষমতার কথা।

৫৫ ধারা। আমীন যে মাপ করিলেন কিম্বা যে নকশা কি মফঃসল জমার যে ফর্দ্দ প্রস্তুত করিলেন তদ্বিষয়ে কোন আপত্তি করা গেলে, কিম্বা কারণান্তরে উচিত বোধ হইলে, আমীনের সেই কর্ম্ম সমাপ্ত হইলে পর, ডেপুটী কালেকটর সাধ্যমতে ত্বরায় আপনি সরেজমীনে ঐ চিঠা ও নকশা ও মফঃসল জমার ফর্দ্দ পরীক্ষা করিয়া কি করাইয়া ঐ২ পত্র কিম্বা তন্মধ্যে কোন পত্র গ্রাহ্য কি সংশোধন কি অগ্রাহ্য করিতে পারিবেন। ডেপুটী কালেক্টর আবশ্যক বোধ করিলে ঐ কর্ম্ম কিম্বা তাহার কোন অংশ পুনশ্চ করাইয়া লইতে পারিবেন ইতি।

আমীনের কর্ম্ম ডেপুটী কালেকটরের পরীক্ষা করিবার কথা।

৫৬ধারা। ডেপুটী কালেকটরের সম্মুখে ভূম্যধিকারিদের দ্বারা কিম্বা মাপ করণার্থে যে আমীনকে পাঠান যায় তাঁহার দ্বারা কি প্রকারান্তরে যে কাগজপত্র উপস্থিত করা যায়, তদ্বিষয়ে তিনি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইয়া কোন ব্যক্তির পরীক্ষা লইতে পারিবেন, ও তদ্বিষয়ে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তাঁহাদিগকেও ঐ ব্যক্তির নিকট আবশ্যকমতে কোন কথা জিজ্ঞাসা করিবার অনুমতি দিতে পারিবেন।

ব্যক্তিদের ও তাহাদের কাগজপত্রের পরীক্ষার কথা।

ও তদ্রূপে যে কাগজপত্র উপস্থিত করা যায় ডেপুটী কালেক্টর কোন ভূম্যধিকারিকে কি স্বার্থযুক্ত অন্য ব্যক্তিকে সেই কাগজপত্র দেখিবার ও তাহার নকল করিয়া লইবার অনুমতি দিতে পারিবেন, ও দেখিয়া লইবার পরে স্বার্থযুক্ত কোন ব্যক্তিরা ঐ কাগজপত্রের

persons interested may make in respect of such papers, and shall decide whether any, and (if any), which of the papers as they stand, or with such modifications as he may think necessary, shall be accepted as correct for the purposes of the partition

বিষয়ে কোন আপত্তি করিলে, তিনি তাহা শুনিবেন, ও উক্ত কাগজপত্রের মধ্যে কোন কাগজপত্র যেমন লেখা আছে বণ্টনের কার্য্যপক্ষে তেমনি ঠিক বলিয়া গ্রাহ্য করিতে হইবে কি না, কিম্বা যে প্রকারে মতান্তর করা আবশ্যক জ্ঞান করেন সেই প্রকারে মতান্তর করিয়া তাহা গ্রাহ্য হইবে, ও যেং কাগজপত্র তদ্রূপে গ্রাহ্য হইবে, ইহা নির্ণয় করিবেন।

Power of Deputy Collector if proprietor fails to file rent-roll

57 If any proprietor who has been required to produce a rent-roll or statement under section 49, fails to produce the same after the imposition on him of a fine under section 134 for thirty days, or fails to state to the Deputy Collector the name and address of any person under section 51, the Deputy Collector may declare that the said proprietor shall, for the purposes of the partition, be bound by such rent-roll as the Deputy Collector may adopt as the basis of the partition as hereinafter provided, and after such declaration any officer exercising authority under this Act may refuse to entertain any objection which such proprietor may make to such rent-roll

ভূম্যধিকারী মফঃসল জমার ফর্দ্দ না দিলে ডেপুটী কালেক্টরের ক্ষমতার কথা।

৫৭ ধারা। কোন ভূম্যধিকারির প্রতি ৪৯ ধারামতে মফঃস্বল জমার ফর্দ্দ কি বর্ণনাপত্র দাখিল করিতে আদেশ করা গেলে, ১৩৪ ধারামতে অর্থদণ্ড ধার্য্য হইলেও যদি ত্রিশ দিনপর্য্যন্ত তিনি ঐ মফঃসল জমার ফর্দ্দ ও বর্ণনাপত্র উপস্থিত না করেন, কিম্বা ৫১ ধারামতে ডেপুটী কালেক্টরকে কোন ব্যক্তির নাম ও ঠিকানা না জানান, তবে পশ্চাল্লিখিত বিধানমতে ডেপুটী কালেক্টর বণ্টন কার্য্যের মূলস্বরূপ মফঃস্বল জমার যে ফর্দ্দ গ্রাহ্য করেন, বণ্টনের কার্য্যপক্ষে উক্ত ভূম্যধিকারী সেই ফর্দ্দে বদ্ধ থাকিবেন, ডেপুটী কালেক্টর এই কথা নির্দ্দেশ করিয়া জানাইতে পারিবেন। ও সেই নির্দ্দেশবাক্য প্রকাশ হইলে পর ঐ ভূম্যধিকারী মফঃসল জমার ঐ ফর্দ্দ বিষয়ে আপত্তি করিলেও এই আইনমতে কার্য্য করিবার ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ত্তৃপক্ষ তাহা গ্রাহ্য করিতে অসম্মত হইতে পারিবেন ইতি।

Power of Deputy Collector if person fails to produce rent roll

58 If any person who has been required to produce a rent-roll or statement under section 44 shall fail to produce the same after the imposition on him of a fine under section 134 for thirty days, the Deputy Collector may declare that the proprietor who may have stated the name of such person under section 51 shall, for the purposes of the partition, be bound by the rent roll which the Deputy Collector may adopt for the basis of the partition as hereinafter provided, and after such declaration any officer exercising authority under this Act may refuse to entertain any objection which such proprietor may make to such rent-roll

কোন ব্যক্তি মফঃসল জমার ফর্দ্দ না দেখাইলে ডেপুটী কালেক্টরের ক্ষমতার কথা।

৫৮ ধারা। কোন ব্যক্তির প্রতি ৪৪ ধারামতে মফঃসল জমার ফর্দ্দ কি বর্ণনাপত্র উপস্থিত করিবার আদেশ থাকিলে, ও ১৩৪ ধারামতে তাঁহার অর্থদণ্ড ধার্য্য হইয়াও তিনি ত্রিশ দিন পর্য্যন্ত ঐং পত্র উপস্থিত না করিলে, পশ্চাল্লিখিত বিধানমতে ডেপুটী কালেক্টর বণ্টনকার্য্যের মূলস্বরূপ মফঃসল জমার যে ফর্দ্দ গ্রাহ্য করেন, যে ভূম্যধিকারী ৫১ ধারামতে ঐ ব্যক্তির নাম জানাইলেন বণ্টনের কার্য্যপক্ষে মফঃসল জমার সেই ফর্দ্দে তাঁহার বদ্ধ হইতে হইবে, ডেপুটী কালেক্টর এই কথা নির্দ্দেশ করিয়া প্রকাশ করিতে পারিবেন। ও সেই নির্দ্দেশ বাক্য প্রকাশ হইলে পর ঐ ভূম্যধিকারী মফঃসল জমার ঐ ফর্দ্দ বিষয়ে আপত্তি করিলেও এই আইনমতে কার্য্য করিবার ক্ষমতা প্রাপ্ত কোন কর্ত্তৃপক্ষ তাহা গ্রাহ্য করিতে অসম্মত হইতে পারিবেন ইতি।

Collector may dispense with rent roll, maps, and other papers

59 Notwithstanding anything contained in this Act, if it shall appear to the Deputy Collector that any measurements, maps, rent-rolls, or other papers relating to the estate which have been prepared otherwise than for the purposes of the partition, or otherwise than for the purposes of this Act, afford information sufficiently trustworthy to enable him to effect the partition, the Deputy Collector may adopt such information and such papers either wholly or in part for the purposes of the partition, and may dispense with any rent-rolls, maps, or other papers for which he is authorized to call, or

মফঃসল জমার ফর্দ্দ ও নকশা প্রভৃতি কাগজ পত্র ছাড়িয়া ডেপুটী কালেক্টরের কার্য্য করিতে পারিবার কথা।

৫৯ ধারা। বণ্টনের নিমিত্ত কিম্বা এই আইনের কার্য্যের নিমিত্ত ছাড়া কোন কারণে কোন চিঠা ও নকশা ও মফঃসল জমার ফর্দ্দপ্রভৃতি মহালসম্পর্কীয় যেং কাগজপত্র প্রস্তুত করা গিয়াছে, তন্মধ্যে যে সন্ধান থাকে বণ্টনের কার্য্য চালাইবার জন্যে তাহা উপযুক্তরূপে বিশ্বাসযোগ্য, ডেপুটী কালেক্টর এমত বোধ করিলে, এই আইনে প্রকারান্তরের বিধান থাকিলেও, তিনি বণ্টনের কার্য্যের নিমিত্ত সেই সন্ধান ও সেই কাগজপত্র কিম্বা তাহার কোন অংশ গ্রাহ্য করিতে পারিবেন। ও মফঃসল জমার যে ফর্দ্দ কি নকশা কি অন্য কাগজপত্র তাঁহার আনাইবার ক্ষমতা থাকে কিম্বা এই আইনমতে প্রার্থকের উপস্থিত করি-

which an applicant is required to produce under this Act

**60** No proprietor or other person, who shall have failed to attend in person or by agent during the measurement as required by the notification issued under section 53, shall be entitled at any subsequent time to make any objection to such measurement, but the Collector may admit any objection made by such proprietor or person if he think fit, provided that any expense entailed by a local inquiry made in consequence of such subsequent objection shall be recovered entirely from such proprietor or person

Proprietor who has failed to attend shall not be entitled to object subsequently

**61** When the Deputy Collector is finally satisfied that the papers before him, whether rent-rolls, measurement papers, maps, or other papers are sufficient or sufficiently correct to be accepted or adopted for the purposes of the partition, he shall make an order to that effect, and shall fix a day on which to determine the general arrangement of the partition, and shall publish a notification in the manner prescribed in section 130, calling on all the proprietors to be present on the day so fixed, such day being not less than thirty or more than sixty days after the publication of the notification in his office, and shall serve a notice to the same effect on each proprietor or his agent

Notification of date for deciding the mode of partition

---

## PART VI

### OF PARTITION BY AMICABLE ARRANGEMENT OR BY ARBITRATION

**62** On the date fixed under the last preceding section, if a petition to that effect signed by all the recorded proprietors shall have been presented, the Deputy Collector may allow them to make a private partition of the estate amongst themselves on the basis of the papers which have been accepted or adopted for the purposes of the partition by the Deputy Collector, or may refer the partition to be made by an arbitrator or arbitrators on such basis

Deputy Collector may allow parties to make a private partition

If the proprietors who have elected to make such private partition, shall fail to make the same within such time as may be fixed by the Deputy Collector, the Deputy Collector may refer the partition to be made by an arbitrator or arbitrators, or may make the partition himself

[*Government Gazette, 6th June* 1876 ]

রার আদেশ থাকে, তিনি তাহা ছাড়াও কার্য্যে চাল'-ইতে পারিবেন ইতি।

৬০ ধারা। ৫৩ ধারামতে যে জ্ঞাপনপত্র প্রচার করা যায়, কোন ভূম্যধিকারী কি অন্য ব্যক্তি মাপ করণ সময়ে সেই জ্ঞাপনপত্রের আদেশ অনুসারে নিজে কি মোক্তারের দ্বারা উপস্থিত না হইলে, পশ্চাৎ তাঁহার সেই মাপের বিষয়ে কোন আপত্তি করিবার অধিকার নাই। কিন্তু যদি ঐ ভূম্যধিকারী কি ঐ ব্যক্তি আপত্তি করেন, তবে পশ্চাৎ করা সেই আপত্তিপ্রযুক্ত স্থানীয় অনুসন্ধান লইতে হইলে সেই অনুসন্ধান লওয়ার সমুদয় খরচ ঐ ভূম্যধিকারির কি ঐ ব্যক্তির স্থানে আদায় হইবে, এই নিয়মে কালেক্টর সাহেব ঐ আপত্তি গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

ভূম্যধিকারী উপস্থিত না হইলে পশ্চাৎ তাঁহার অপত্তি করিবার অধিকার না থাকার কথা।

৬১ ধারা। ডেপুটী কালেক্টরের সম্মুখে মফঃসল জমার ফর্দ্দ ও চিঠা ও নকশা প্রভৃতি যে কাগজপত্র থাকে তাহা সকলই উপযুক্ত ও উপযুক্তমতে যথার্থ হওযাতে বণ্টনের কার্য্যপক্ষে গ্রাহ্য হইতে পারে, তিনি শেষে ইহা হৃদ্বোধমতে জানিলে সেই মর্ম্মের আজ্ঞা করিয়া বণ্টনের সাধারণ নিয়ম নিরূপণ করিবার দিন স্থির করিয়া, ১৩০ ধারার বিধানমতে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া আপন কাছারীতে ঐ জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর ত্রিশ দিনের অন্যূন ও ষাইট দিনের অনধিক সেই নিরূপিত দিনে সকল ভূম্যধিকারির উপস্থিত হইবার আজ্ঞা করিবেন ও প্রত্যেক জন ভূম্যধিকারির কিম্বা তাঁহার মোখতারের নামে সেই মর্ম্মের নোটিস দেওযাইবেন ইতি।

বণ্টন যে প্রকারে করা যাইবে ইহা স্থির করিবার তারিখের জ্ঞাপনপত্রের কথা।

---

## ৬ ষষ্ঠ অধ্যায়।

### আপোসে বন্দোবস্ত করণদ্বারা কি সালীসের দ্বারা বণ্টনবিষযক বিধি।

৬২ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে দিন নিরূপণ করা যায সেই দিনে লিপিবদ্ধ সকল ভূম্যধিকারী আপোসে বণ্টনকরিবার দরখাস্ত স্বাক্ষর করিয়া উপস্থিত করিলে, ডেপুটী কালেক্টর বণ্টনের কার্য্যের নিমিত্ত যে কাগজপত্র গ্রাহ্য করিলেন, তিনি তাঁহাদিগকে সেই কাগজপত্র মূলস্বরূপ ধরিয়া তদনুসারে আপোসে ঐ মহাল বণ্টন করিবার অনুমতি দিতে পারিবেন, অথবা সালীসের কি সালীসদের প্রতি সেই মূল ধরিয়া বণ্টন করিবার কার্য্য অর্পণ করিবেন।

আপোসে বণ্টন করিবার অনুমতি দিতে ডেপুটী কালেক্টরের ক্ষমতার কথা।

যে ভূম্যধিকারিরা আপোসে ঐ বণ্টন করিবার মনস্থ করিযাছেন, তাঁহারা ডেপুটী কালেক্টরের নিরূপিত সময়ের মধ্যে তাহা না করিলে, তিনি সালীসের কি সালীসদের প্রতি সেই বণ্টন কার্য্যঅর্পণ করিতে, কিম্বা আপনি বণ্টন করিতে পারিবেন ইতি।

Procedure on reference to arbitration

63. Whenever any partition shall have been referred to arbitration, the proceedings shall be conducted in accordance with the provisions of sections 313 to 325 (both inclusive) of Act VIII of 1859 (*an Act for simplifying the procedure of the Court of Civil Judicature not established by Royal Charter*) as far as those provisions are applicable, and except as herein otherwise expressly provided

সালীসের প্রতি অর্পণ হইলে কার্য্যপ্রণালীর কথা।

৬৩ ধারা। বন্টনের কার্য্য সালীসীতে অর্পণ করা গেলে, পশ্চাৎ যে স্থলের অন্যরূপ স্পষ্ট বিধান হইয়াছে সেই স্থল ছাড়া, ১৮৫৯ সালের ৮ আইনের (অর্থাৎ দেওয়ানী যে২ আদালত রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতের কার্য্যপ্রণালী আরো সহজ করণার্থ আইনের) ৩১৩ অবধি ৩২৫ পর্য্যন্ত ধারার বিধান যত দূর খাটিতে পারে, সেই২ বিধানানুসারে ঐ বন্টনের কার্য্যানুষ্ঠান হইবে ইতি।

Arbitrators to deliver a partition paper

64 The arbitrators shall deliver, within a time to be fixed by the Deputy Collector, which time may be further extended by him, a full and complete paper of partition, in such form as may be prescribed by the Board for partitions made by the Collector or Deputy Collector

সালীসদের বন্টনপত্র দিতে হইবার কথা।

৬৪ ধারা। কালেক্টর সাহেব কিম্বা ডেপুটী কালেক্টর যে বন্টন করেন বোর্ডের সাহেবেরা সেই বন্টনপত্র লিখিবার যে পাঠ নির্দ্ধার্য্য করেন, সালীসেরা ডেপুটী কালেক্টরের নিরূপিত সময়ের মধ্যে সেই পাঠানুসারে সম্পূর্ণ ও সর্ব্বাঙ্গসুদ্ধ বন্টনপত্র আনিয়া দিবেন। ডেপুটী কালেক্টর ঐ সময় বাড়াইয়া দিতে পারিবেন ইতি।

Remuneration of arbitrators

65 The arbitrators, on delivering the paper of partition as aforesaid, shall be entitled to reasonable fees for their services, the amount of which shall be fixed, with the approval of the Commissioner, by the officer making the reference to arbitration, and shall be considered to form part of the cost of making the partition

সালীসদের পারিশ্রমিকের কথা।

৬৫ ধারা। সালীসেরা পূর্ব্বোক্তমতে বন্টনপত্র আনিয়া দিলে, ঐ কর্ম্মের নিমিত্ত তাঁহাদের সঙ্গত ফী পাইবার অধিকার থাকিবে। তাঁহারা যত টাকা পাইবেন, যে কর্ত্তৃপক্ষ সালীসীতে অর্পণ করিলেন তিনি কমিশ্যনর সাহেবের অনুমোদনক্রমে তাহা স্থির করিবেন। ঐ টাকা বন্টন করিবার খরচের একাংশ বলিয়া জ্ঞান করা যাইবে ইতি।

Partition made under this Part to be subject to approval of Collector, and superior revenue authorities

66 Every partition made under the provisions of this Part by the parties or by arbitrators appointed by them, shall be subject to the confirmation of the Collector and the orders of the superior revenue authorities, provided that neither the Collector nor any other authority shall disallow any partition so made on any other ground than that of fraud, or that in the opinion of the Collector or such other authority the partition cannot be confirmed without endangering the safety of the land revenue

এই অধ্যায়মতে যে বন্টন করা যায় তাহাতে কালেক্টর সাহেবের ও রাজস্ব সংক্রান্ত উপরিস্থ কর্ত্তৃপক্ষদের অনুমোদনের অপেক্ষা থাকার কথা।

৬৬ ধারা। ভূমি সম্পর্কীয় ব্যক্তিবা কিম্বা তাঁহাদের নিযুক্ত সালীসেরা এই অধ্যায়ের বিধানমতে যে বন্টন করেন তাহাতে কালেক্টর সাহেবের অনুমোদনের ও রাজস্ব সংক্রান্ত উপরিস্থ কর্ত্তৃপক্ষদের আজ্ঞার অপেক্ষা থাকিবে। কিন্তু প্রতারণা কার্য্য হইয়াছে, কিম্বা সেই বন্টন স্থির করা গেলে কালেক্টর সাহেবের কি উক্ত অন্য কর্ত্তৃপক্ষের বিবেচনায় ভূমির রাজস্বের হানি হইবার সম্ভাবনা, এই২ কারণ ছাড়া কালেক্টর সাহেব কি উক্ত অন্য কর্ত্তৃপক্ষ বন্টন অগ্রাহ্য করিতে পারিবেন না ইতি।

Land revenue to be assessed by Collector

67 Whenever a partition has been made under the provisions of this Part, the land revenue shall be assessed by the Collector on each separate estate into which the parent estate is divided by such partition in the manner prescribed by section 6

ভূমির রাজস্ব কালেক্টর সাহেবের ধার্য্য করিবার কথা।

৬৭ ধারা। এই অধ্যায়ের বিধানমতে বন্টন করা গেলে, তদ্দ্বারা আদিম মহাল পৃথক২ যত মহালে বিভক্ত করা গেল, কালেক্টর সাহেব ৬ ধারার বিধানমতে সেই২ মহালের ভূমির রাজস্ব ধার্য্য করিবেন ইতি।

In default of delivery of partition paper, partition may be referred to others

68 If the paper of partition be not delivered within the time fixed by the Deputy Collector, or within any further period to which the time may have been extended, the Deputy Collector may withdraw the case from arbitration and may make the partition himself

বন্টনপত্র না দেওয়া গেলে অন্যদের প্রতি বন্টন কার্য্য অর্পণ করিবার ক্ষমতার কথা।

৬৮ ধারা। ডেপুটী কালেক্টর যে সময় নিরূপণ করেন কিম্বা অন্য যে দিন পর্য্যন্ত ঐ সময় বাড়াইয়া দেন, বন্টনপত্র সেই সময়ের মধ্যে না দেওয়া গেলে, ডেপুটী কালেক্টর সালীসীহইতে সেই কার্য্য উঠাইয়া লইয়া আপনি বন্টন করিতে পারিবেন ইতি।

## PART VII

### OF THE PROCEDURE FROM THE DETERMINATION OF THE GENERAL ARRANGEMENT OF THE PARTITION BY THE DEPUTY COLLECTOR TO THE APPROVAL OF THE PARTITION BY THE COLLECTOR

**69.** If no petition shall have been presented under section 62, the Deputy Collector shall, on the date fixed under section 61, or on any other date to which the hearing may have been postponed by a notice posted at the office of the Deputy Collector, consult orally each proprietor present, and endeavour, as far as possible, with the concurrence of the proprietors present, to settle a general arrangement of the partition in accordance with the requirements of this Act

*Procedure when no petition presented under section 62*

For this purpose he shall endeavour to obtain from each proprietor an acknowledgment of his acceptance of the rent-roll, map, and any other papers which have been adopted by the Deputy Collector for the purposes of the partition, and shall briefly record the objections of any proprietor who still objects to accept such rent-roll, map, or other papers

**70** If, in consequence of any objections made before the Deputy Collector has settled the general arrangement of the partition as provided in the last preceding section, the Deputy Collector considers it necessary to make further inquiry, he may, by notice to the recorded proprietors, postpone the settlement of the general arrangement of the partition to a date being not less than fifteen days from the service of the notice on any proprietor

*Deputy Collector may postpone settlement of general arrangement of partition*

**71** If the objections on account of which the said settlement is postponed are such that the person making the same might have made them on an earlier day, the Deputy Collector may award to each proprietor who shall have attended in person or by agent in accordance with the notice, such sum, not exceeding sixteen rupees, as he shall think fit by way of compensation for such attendance

*Deputy Collector may award compensation for attendance to proprietor*

The sum so awarded shall be paid by the person making the objections as aforesaid, and may be recovered from him in the manner provided by section 136.

[*Government Gazette*, 6*th June* 1876]

## ৭ সপ্তম অধ্যায়।

### ডেপুটী কালেক্টরের দ্বারা বণ্টনের সাধারণ নিয়ম স্থির হওনের সময়াবধি কালেক্টর সাহেবের দ্বারা ঐ বণ্টনের অনুমোদন না হওন পর্য্যন্ত কার্য্য প্রণালীর বিধি।

৬৯ ধারা। ৬২ ধারামতে দরখাস্ত উপস্থিত না করা গেলে, ৬১ ধারামতে যে দিন স্থির করা যায় সেই দিনে, কিম্বা ডেপুটী কালেক্টর আপনার কাছারী ঘরে নোটিস লটকাইয়া ঐ মোকদ্দমা শুনিবার জন্য যে দিন নিরূপণ করেন সেই দিনে যত জন ভূম্যধিকারী উপস্থিত থাকেন, ডেপুটী কালেক্টর তাঁহাদের প্রত্যেক জনের সঙ্গে বাচনিক পরামর্শ করিয়া যতদূর পারেন ততদূর তাঁহাদের সম্মতিসহিত এই আইনের বিধানানুসারে বণ্টনের সাধারণ নিয়ম স্থির করিতে চেষ্টা করিবেন।

*৬২ ধারামতে দরখাস্ত না হইলে কার্য্য প্রণালীর কথা।*

এতদর্থে ডেপুটী কালেক্টর বণ্টনের কার্য্যের নিমিত্ত মঃফসল জমার যে ফর্দ্দ ও নকৃশা প্রভৃতি যে কাগজপত্র গ্রাহ্য করিলেন, সেই২ কাগজপত্রের পক্ষে প্রত্যেক জন ভূম্যধিকারির স্বীকার পাইতে চেষ্টা করিবেন, করিলেও কোন ভূম্যধিকারী মফঃসল জমার সেই ফর্দ্দ কি নকৃশা কি অন্য কাগজপত্র গ্রাহ্য করিতে আপত্তি করিলে তিনি সেই আপত্তি সংক্ষেপে লিপিবদ্ধ করিবেন ইতি।

৭০ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে ডেপুটী কালেক্টরের দ্বারা বণ্টনের সাধারণ নিয়ম স্থির হইবার পূর্ব্বে কোন আপত্তি প্রযুক্ত, ডেপুটী কালেক্টর আরও সন্ধান লওয়া আবশ্যক বোধ করিলে, তিনি লিপিবদ্ধ ভূম্যধিকারিদিগকে নোটিস দিয়া কোন ভূম্যধিকারিকে ঐ নোটিস দেওয়া যাইবার পর পঞ্চদশ দিনের অন্যূন কোন দিন পর্য্যন্ত বণ্টনের সাধারণ নিয়ম স্থির করা স্থগিত রাখিবেন ইতি।

*বণ্টনের সাধারণ নিয়ম ডেপুটী কালেক্টরের গোণে করিবার কথা।*

৭১ ধারা। যেং আপত্তিহেতুক উক্ত নিয়ম করা স্থগিত হইল, আপত্তিকারক যদি পূর্ব্বের কোন দিনে সেই আপত্তি করিতে পারিতেন, তবে উক্ত নোটিস অনুসারে যে ভূম্যধিকারী স্বয়ং কি মোক্তারের দ্বারা উপস্থিত হইয়া থাকেন, উপস্থিত হওয়াতে তাঁহার যে হানি হয় ডেপুটী কালেক্টর সেই হানিপূরণস্বরূপ ষোল টাকার অনধিক যত টাকা উচিত বোধ করেন তাঁহার তত টাকা পাইবার আজ্ঞা করিবেন।

*ভূম্যধিকারী উপস্থিত হইলে তাহার হানিপূরণের আজ্ঞা করিতে ডেপুটী কালেক্টরের ক্ষমতার কথা।*

* যে ব্যক্তি পূর্ব্বোক্ত আপত্তি করিলেন তাঁহার সেই আজ্ঞামত টাকা দিতে হইবে, ও তাঁহার স্থানে ১৩৬ ধারার বিধানমতে ঐ টাকা আদায় হইতে পারিবে ইতি।

72 If the objections have already been enquired into and disposed of, or are such as not to render necessary any further inquiry and postponement, or when any objections, which may require further enquiry, have been disposed of, the Deputy Collector shall record an order to that effect, and after hearing what each proprietor present may urge, shall hold a proceeding determining the general arrangement of the partition and the mode in which the parent estate shall be divided, and, in a general way, the position of the lands which shall be assigned to each of the separate estates

If no postponement made, Deputy Collector to determine the general arrangement of the partition

In determining the general arrangement of the partition, the Deputy Collector shall be guided by the rules which are laid down in Part VIII, and shall direct the partition to be made in the manner which, in his opinion, is on the whole most in accordance with such rules, and most equitable and most convenient to all parties concerned

73 The general arrangement of the partition as determined under the last preceding section, shall be submitted for the sanction of the Collector, who shall by notice fix a date for the consideration of the same, not being less than fifteen days after the publication of the said notice in his office, and after hearing and disposing of any objection which may be preferred, shall pass such orders as he may think proper, setting aside, amending, or approving the general arrangement made by the Deputy Collector

General arrangement of partition to be submitted to sanction of Collector

74 When the general arrangement has been approved by the Collector, the Deputy Collector shall proceed to fix the exact boundaries of each separate estate, after considering the wishes which the parties may express in respect thereof

Deputy Collector to fix boundaries

75 When the Deputy Collector shall have so determined the boundaries, he shall cause to be drawn up a paper of partition specifying in detail the villages and lands which he has included in each of the separate estates, the rental thereof with any other assets of each separate estate, the name or names of the recorded proprietor or proprietors of each separate estate, any stipulations which may have been made regarding places of worship, tanks, or other matters as mentioned in Part VIII, and the amount of land revenue to be assessed on each separate estate

Deputy Collector to draw up paper of partition

৭২ ধারা। সেই আপত্তির অনুসন্ধান পূর্ব্বে লইয়া নিষ্পত্তি হইয়া থাকিলে, কিম্বা আপত্তির ভাব বিবেচনায় আর অনুসন্ধান লওয়া ও কার্য্য স্থগিত রাখা আবশ্যক না হইলে, অথবা কোন আপত্তিহেতুক আর অনুসন্ধান লওয়ার প্রয়োজন হইলেও তাহা নিষ্পত্তি হইলে পর, ডেপুটী কালেক্টর সেই মর্ম্মের আজ্ঞা লিপিবদ্ধ করিবেন। ও উপস্থিত প্রত্যেক জন ভূম্যধিকারী যাহা ক হতে চাহেন ইহা শুনিলে পর, তিনি বণ্টনের সাধারণ নিয়ম, ও আদিম মহাল যে প্রকারে বিভক্ত করা যাইবে ইহা, ও পৃথক২ যে মহালে যে ভূমি নিরূপণ হইবে, সাধারণমতে তাহার স্থান স্থির করিবার রুবকারী করিবেন।

স্থগিত রাখা না গেলে বণ্টনের সাধারণ নিয়ম ডেপুটী কালেক্টরের স্থির করিবার কথা।

বণ্টনের সাধারণ নিয়ম স্থির করিতে গেলে, অষ্টম অধ্যায়ে যে২ বিধি আছে ডেপুটী কালেক্টর সেই২ বিধিমতে কার্য্য করিবেন, এবং তাঁহার বিবেচনামতে যে নিয়ম সাধারণে ঐ বিধি অনুযায়ি হয়, ও সেই কার্য্য সংক্রান্ত সকল ব্যক্তির পক্ষে ন্যায্য ও সুবিধাজনক হয় সেই নিয়মমতে বণ্টন করিবার আজ্ঞা করিবেন ইতি।

৭৩ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে বণ্টনের যে সাধারণ নিয়ম স্থির করা যায়, তাহা কালেক্টর সাহেবের অনুমোদনের নিমিত্ত অর্পণ করা যাইবে। তিনি নোটিস প্রচার করিয়া, আপন কাছারীতে ঐ নোটিস প্রচার করিবার পর পঞ্চদশ দিনের অন্যূন ঐ নিয়ম বিবেচনা করিবার দিন নিরূপণ করিবেন, ও কোন আপত্তি উপস্থিত করা গেলে তাহ শুনিয়া নিষ্পত্তি করিলে পর, ডেপুটী কালেক্টরের নির্দ্দিষ্ট ঐ সাধারণ নিয়ম অসিদ্ধ কি সংশোধন কি অনুমোদন করিয়া যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন ইতি।

বণ্টনের সাধারণ নিয়ম কালেক্টর সাহেবের অনুমোদনার্থে অর্পণ করিবার কথা।

৭৪ ধারা। কালেক্টর সাহেব ঐ সাধারণ নিয়ম অনুমোদন করিলে, ঐ কার্য্য সংক্রান্ত ব্যক্তিরা স্বতন্ত্র প্রত্যেক মহালের সীমার বিষয়ে আপন২ যে অভিমত প্রকাশ করেন, ডেপুটী কালেক্টর তাহা বিবেচনা করিয়া ঐ২ মহালের সীমা নিশ্চিতমতে স্থির করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

ডেপুটী কালেক্টরের সীমা স্থির করিবার কথা।

৭৫ ধারা। ডেপুটী কালেক্টর তদ্রূপে সীমা নির্ণয় করিলে পর বণ্টনপত্র প্রস্তুত করাইবেন। স্বতন্ত্র প্রত্যেক মহালের মধ্যে যে২ গ্রাম ও ভূমি ধরিলেন, ও স্বতন্ত্র প্রত্যেক মহালের যত খাজানা ও অন্য২ উপস্বত্ব ধরিলেন, ও স্বতন্ত্র প্রত্যেক মহালের লিপিবদ্ধ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিরদের নাম, ও অষ্টম অধ্যায়ের লিখনমতে পরমেশ্বরের ভজনার্থ স্থানের কিম্বা পুষ্করিণীর কি অন্য বিষয়ের কোন নিয়ম করা গেলে তাহা ও স্বতন্ত্র প্রত্যেক মহালের ভূমির যত টাকা রাজস্ব ধার্য্য হইবে এই২ কথা ঐ বণ্টনপত্রে বিশেষ করিয়া লিখিবেন ইতি।

ডেপুটী কালেক্টরের বণ্টন পত্র প্রস্তুত করিবার কথা।

76 The Deputy Collector shall also prepare a map showing exactly the lands which fall within each separate estate and the boundaries thereof (unless the preparation of such map shall be dispensed with by special permission of the Collector), and shall submit all the papers of the partition to the Collector with a full report of the proceedings taken, the reasons which influenced the Deputy Collector in selecting the lands included in each separate estate, the nature of the accounts upon which the apportionment of the land revenue assessed thereon has been based, and all other particulars material to the case

Deputy Collector to prepare map

৭৬ ধারা। কালেক্টর সাহেব নকশা প্রস্তুত না করিবার বিশেষ অনুমতি না দিলে, ডেপুটী কালেক্টর নকশা প্রস্তুত করিয়া স্বতন্ত্র প্রত্যেক মহালের মধ্যে যে২ ভূমি থাকে ঐ নকশায় তাহা ও তাহার সীমা নিশ্চিতমতে দেখাইবেন। ও যেং কার্য্যানুষ্ঠান করিলেন, ও স্বতন্ত্র প্রত্যেক মহালের মধ্যে যেং ভূমি ধরিলেন তাহা ধরিবার কারণ, এবং ঐং মহালের উপর যে অংশাংশমতে ভূমির রাজস্বধার্য্য হইল তাহা যে হিসাব দেখিয়া ধার্য্য করিলেন সেই হিসাবের ভাব, এইং কথার ও মোকদ্দমাসংক্রান্ত গুরুতর অন্য বিশেষং কথার সম্পূর্ণ রিপোর্ট লিখিয়া, তাহার সঙ্গে বণ্টনের সকল কাগজপত্র কালেক্টর সাহেবের সম্মুখে অর্পণ করিবেন ইতি।

ডেপুটী কালেক্টরের নকশা প্রস্তুত করিবার কথা।

77 The Deputy Collector shall at the same time cause to be prepared a separate extract of the portion of the partition paper which relates to each separate estate, and shall cause to be tendered to any recorded proprietor of a separate estate, or any authorized agent of such proprietor, who may be in attendance at the Deputy Collector's office, the extract which relates to such separate estate, and the Deputy Collector shall publish a notice at his office calling upon every proprietor to whom or to whose agent an extract from the partition paper has not been tendered as above mentioned, to take out of the Deputy Collector's office the extract of the portion of the partition paper relating to his separate estate

Deputy Collector to prepare extracts of partition papers for each proprietor

If the circumstances of the partition so require, an extract of the map prepared by the Deputy Collector, or a copy of such map, shall be annexed to every separate extract from the partition paper herein mentioned

৭৭ ধারা। স্বতন্ত্র প্রত্যেক মহালের সঙ্গে বণ্টনপত্রের যে অংশের সম্পর্ক থাকে, ডেপুটী কালেক্টর সেই সময়ে সেই অংশের স্বতন্ত্র চুম্বক প্রস্তুত করাইবেন ও ডেপুটী কালেক্টরের কাছারীতে স্বতন্ত্র মহালের লিপিবদ্ধ ভূম্যধিকারী কিম্বা তাঁহার ক্ষমতাপ্রাপ্ত যে মোক্তার উপস্থিত থাকেন তাঁহাকে ঐ স্বতন্ত্র মহাল সম্পর্কীয় ঐ চুম্বক দিতে প্রস্তাব করাইবেন। ও যে ভূম্যধিকারিকে কিম্বা যাঁহার মোক্তারকে পূর্ব্বোক্তমতে বণ্টনপত্রের চুম্বক দিবার প্রস্তাব হয় নাই, তাঁহারা আপনং স্বতন্ত্র মহাল সম্পর্কীয় ঐ বণ্টনপত্রের চুম্বক ডেপুটী কালেক্টরের কাছারী-হইতে লইয়া যান, এই মর্ম্মের নোটিস আপনার কাছারীতে প্রকাশ করিবেন।

একং জন ভূম্যধিকারির জন্যে বণ্টনপত্রের চুম্বক ডেপুটী কালেক্টরের প্রস্তুত করিবার কথা।

বণ্টনের ভাবগতিক বিবেচনায় প্রয়োজন হইলে ডেপুটী কালেক্টরের প্রস্তুত করা নকশার চুম্বক কিম্বা ঐ নকশার নকল এই ধারার লিখিত বণ্টনপত্রের প্রত্যেক স্বতন্ত্র চুম্বকের সঙ্গে সংযুক্ত করিয়া দেওয়া যাইবে ইতি।

78 On receipt of the papers and report mentioned in section 76 the Collector shall cause a notification to be published in the manner provided in section 130, fixing a date, not being less than six weeks from the date of the publication of such notification on the parent estate, on which he will proceed to take up the case, and to consider any representations and objections which may be preferred in respect of the partition made by the Deputy Collector, and calling on all parties concerned who may wish to do so, to inspect the papers at his office before such date, and to take copies of any such papers as they may require

On receipt of papers and report Collector to publish notification

The Collector shall also cause a notice to the same effect to be served on each of the recorded proprietors

৭৮ ধারা। কালেক্টর সাহেব ৭৬ ধারার উল্লিখিত কাগজপত্র ও রিপোর্ট পাইলে, ১৩০ ধারার বিধানমতে জ্ঞাপনপত্র প্রকাশ করাইয়া, যে দিনে সেই বিষয়ের বিচার করিতে প্রবর্ত্ত হইবেন, ও ডেপুটী কালেক্টর যে বণ্টন করিয়াছেন তদ্বিষয়ে কোন আবেদনপত্র ও আপত্তি উপস্থিত করা গেলে তাহা যে দিনে বিবেচনা করিবেন আদিম মহালে ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার তারিখঅবধি ছয় সপ্তাহের অন্যূন এমত দিন স্থির করিয়, ঐ বিষয় সম্পর্কীয় সকল ব্যক্তিকে জানাইবেন যে যাঁহার ইচ্ছা থাকে তিনি সেই দিনের পূর্ব্বে আপনার কাছারী ঘরে আসিয়া ঐ কাগজপত্র দৃষ্টি করেন ও কোন কাগজপত্রের নকল পাইবার প্রয়োজন থাকিলে তাহা নকল করিয়া লন।

কাগজপত্র ও রিপোর্ট পাইলে কালেক্টর সাহেবের জ্ঞাপনপত্র প্রকাশ করিবার কথা।

আরো কালেক্টর সাহেব লিপিবদ্ধ প্রত্যেক জন ভূম্যধিকারির নামে সেই মর্ম্মের একং খান নোটিস দেওয়াইবেন ইতি।

[*Government Gazette, 6th June* 1876.]

Procedure of Collector thereupon

79 On the date so fixed, or on any other date to which the hearing may have been postponed, the Collector shall take into consideration the papers as laid before him, and after calling for any further information which he may deem necessary, and disposing of any objections which shall be taken to the proposed partition and allotment of land revenue, may approve the partition as made by the Deputy Collector with such amendments as he may think proper, or return it for amendment to the Deputy Collector who made it, or to another Deputy Collector, or make a fresh partition himself

The Collector may return the said papers for amendment or enquiry as often as he may think fit

Proprietor when not entitled to make subsequent objection

80 No proprietor who shall have failed to appear before the Deputy Collector in person or by agent on any date fixed for the arrangement of the partition under the provisions of section 61, or of section 70, and no proprietor who shall fail so to appear before the Collector on any date fixed under section 78 or section 79, shall be entitled, at any subsequent time, to make any objection to the orders which may be passed on such dates respectively

Collector may cause a fresh partition paper and map to be prepared

81 When the Collector approves the partition made by the Deputy Collector with amendments, he may cause a fresh partition paper and map to be prepared, or may cause the amendments made by him to be noted on the paper and map submitted by the Deputy Collector

When the Collector makes a fresh partition himself, he shall cause a fresh partition paper and map to be prepared

Procedure when Collector approves of a partition

82 Whenever the Collector shall have approved of a partition as made by the Deputy Collector without amendment, he shall cause a notice to be served on each of the recorded proprietors, that the papers will be submitted at once for confirmation of the partition by the Commissioner, and that any appeals or objections must be presented to the Commissioner, or to the Collector for transmission to the Commissioner, within thirty days of the date of the service of the said notice, or if the said notice requires the proprietor to produce the extract of any partition in order that amendments may be noted thereon,



তৎপরে কালেক্টর সাহেবের কার্য্যপ্রণালীর কথা।

৭৯ ধারা। সেই নিরূপিত দিনে, কিম্বা তৎপশ্চাৎ শ্রবণের অন্য দিন নিরূপণ করা গেলে সেই দিনে কালেক্টর সাহেব আপনার সম্মুখে অর্পিত সকল কাগজপত্র বিবেচনা করিবেন, এবং আর কোন সন্ধান প্রাপ্ত হওয়া আবশ্যক জ্ঞান করিলে তাহা আনাইয়া, যেরূপে বণ্টন করিবার ও ভূমির রাজস্ব-ধার্য্য করিবার প্রস্তাব হইল তদ্বিষয়ের কোন আপত্তি করা গেলে, তাহা নিষ্পত্তি করিলে পর, ডেপুটী কালেক্টর যে বণ্টন করিলেন আপনার বিবেচনামতে তাহা সংশোধন করিয়া, কিম্বা যে ডেপুটী কালেক্টর তাহা করিলেন তাঁহার নিকট কিম্বা অন্য ডেপুটী কালেক্টরের নিকট সংশোধন করিবার নিমিত্ত পাঠাইয়া তাহ অনুমোদন করিতে পারিবেন, কিম্বা আপনি নূতন বণ্টনপত্র করিতে পারিবেন।

কালেক্টর সাহেব যত বার উচিত বোধ করেন, ঐ কাগজপত্র সংশোধন করিবার নিমিত্ত কিম্বা অনুসন্ধান লওয়ার নিমিত্ত ফিরিয় পাঠাইতে পারিবেন ইতি।

যে স্থানে ভূম্যধিকারীর পশ্চাৎ আপত্তি করিবার অধিকার নাই সেই স্থলের কথা।

৮০ ধারা। বণ্টনের নিয়ম করিবার জন্যে ৬১ ধারার কিম্বা ৭০ ধারার বিধানমতে যে দিন স্থির করা যায়, সেই দিনে কোন ভূম্যধিকারী আপনি কি মোখতারের দ্বারা উপস্থিত না হইলে, এবং ৭৮ কিম্বা ৭৯ ধারামতে যে দিন নিরূপণ হয় কোন ভূম্যধিকারী সেই দিনে সেই প্রকারে কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত না হইলে, সেইং দিনে যে আজ্ঞা করা যায় তৎপশ্চাৎ কোন সময়ে তাঁহার সেই আজ্ঞার বিষয়ে কোন আপত্তি করিবার অধিকার নাই ইতি।

কালেক্টর সাহেবের নূতন বণ্টনপত্র ও নকশা প্রস্তুত করাইতে পারিবার কথা।

৮১ ধারা। ডেপুটী কালেক্টর যে বণ্টনপত্র করিলেন, কালেক্টর সাহেব তাহা সংশোধনক্রমে অনুমোদন করিলে, নূতন বণ্টনপত্র ও নকশা প্রস্তুত করাইতে পারিবেন, কিম্বা ডেপুটী কালেক্টর যে পত্র ও নকশা অর্পণ করিলেন তন্মধ্যে আপনার সংশোধন সূচক কথা লেখাইতে পারিবেন।

কালেক্টর সাহেব আপনি নূতন বণ্টন করিলে, তাঁহার নূতন বণ্টনপত্র ও নকশা প্রস্তুত করাইতে হইবে ইতি।

কালেক্টর সাহেব বণ্টন অনুমোদন করিলে কার্য্য প্রণালীর কথা।

৮২ ধারা। ডেপুটী কালেক্টর যে বণ্টনপত্র করিলেন, কালেক্টর সাহেব তাহা সংশোধন না করিয়া অনুমোদন করিলে, তিনি লিপিবদ্ধ প্রত্যেক জন ভূম্যধিকারির নামে এই মর্ম্মের নোটিস দেওয়াইবেন যে, কমিশ্যনর সাহেবের দ্বারা ঐ বণ্টনপত্র অনুমোদন হইবার জন্যে অবিলম্বেই তাঁহার নিকট কাগজপত্র পাঠান যাইবে, ও আপীল কি আপত্তি করিবার মনস্থ থাকিলে ঐ নোটিস পাইবার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে, কিম্বা কোন বণ্টনের চুম্বকপত্রের সংশোধনীয় কথা সংশোধন করিবার জন্যে ঐ নোটিসে ভূম্যধিকারির প্রতি বণ্টনের ঐ চুম্বক পত্র আনিয়া দেখাইবার আদেশ থাকিলে কিম্বা পশ্চাৎ লিখিত বিধানমতে বণ্টনপত্রের নূতন চুম্বক

or to take out a fresh extract from the partition paper as hereinafter provided, then within six weeks of such date

লইবার আদেশ থাকিলে, ঐ তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে কমিশ্যনর সাহেবের নিকট কিম্বা তাঁহার কাছে পাঠাইবার জন্যে কালেক্টর সাহেবের নিকটে আপীল কি আপত্তি উপস্থিত করিতে হইবে ইতি।

83 Whenever the Collector shall have approved and adopted the partition paper sent up by the Deputy Collector with amendments, and shall, under section 81, have directed that such amendments be noted on the partition paper and map submitted by the Deputy Collector, the notice to be served on each of the recorded proprietors under the last preceding section shall, in the case of every such proprietor whose separate estate is affected by such amendments, in addition to the particulars mentioned in the said section, require such proprietor to produce before the Collector, within fifteen days of the service of such notice, the extract from the paper of partition and any map relating to his separate estate which is mentioned in section 77, in order that the amendments made by the Collector in the partition may be noted thereon, and such amendments shall be noted thereon by the Collector accordingly, and the extract and map shall be returned to the proprietor who produced it

Procedure when Collector approves partition paper with amendments

৮৩ ধারা। ডেপুটী কালেকটর যে বণ্টনপত্র অর্পণ করিলেন, কালেকটর সাহেব যদি তাহা সংশোধন করিয়া অনুমোদন ও গ্রাহ্য করিয়া থাকেন ও ৮১ ধারামতে ডেপুটী কালেকটরের অর্পিত ঐ বণ্টনপত্রে ও নকশায় ঐ সংশোধিত কথা লিখিবার আদেশ করিয়া থাকেন, তবে সেই সংশোধন দ্বারা যে ভূম্যধিকারির স্বতন্ত্র মহালের কোন ক্ষতি কি লাভ হয়, তাঁহার প্রতি ইহার পূর্ব্ব ধারামতে যে নোটিস দেওয়া যায় তন্মধ্যে উক্ত ধারার উল্লিখিত কথাভিন্ন ঐ ভূম্যধিকারির প্রতি এই আদেশও থাকিবে যে ৭৭ ধারায় তাঁহার স্বতন্ত্র মহাল সম্পর্কীয় বণ্টনপত্রের ও নকশার যে চুম্বকের কথা লেখা আছে কালেকটর সাহেব ঐ বণ্টনের যাহা সংশোধন করিলেন তাহা লিখিবার জন্যে, ঐ নোটিস পাইবার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে ঐ চুম্বকপত্র কালেকটর সাহেবের নিকট উপস্থিত করেন। তাহা করিলে, কালেক্টর সাহেব তাহাতে সংশোধিত কথা লিখিয়া ঐ চুম্বকপত্র ও নকশা যে ভূম্যধিকারী উপস্থিত করিলেন তাঁহার নিকট ফিরিয়া পাঠাইবেন।

বণ্টনপত্র সংশোধন হইলে কালেকটর সাহেব অনুমোদন করিলে তদ্বিষয়ের কথা।

Whenever the Collector shall have ordered, under section 81, that a new partition paper and map be prepared, he shall cause separate extracts of the portions of the partition paper which relate to each separate estate, and maps, if necessary, to be prepared as required by section 77, and in such case the notice served under section 82 shall, in addition to the particulars mentioned in that section, require the recorded proprietors to take out of the Collector's office such extracts and maps relating to their respective separate estates

কালেকটর সাহেব ৮১ ধারামতে নূতন বণ্টনপত্র ও নকশা প্রস্তুত করিবার আজ্ঞা করিলে, ঐ বণ্টনপত্রের যে অংশ স্বতন্ত্র যে মহাল সম্পর্কীয় হয়, ৭৭ ধারার বিধানমতে সেই অংশের স্বতন্ত্র চুম্বক, ও প্রয়োজন হইলে তাহার নকশা প্রস্তুত করাইবেন। তদ্রূপ স্থলে ৮২ ধারার বিধানমতে যে নোটিস দেওয়া যায়, তন্মধ্যে ঐ ধারার উল্লিখিত কথাভিন্ন এই আদেশও থাকিবে, যে, লিপিবদ্ধ ঐ ভূম্যধিকারিরা কালেকটর সাহেবের কাছারী হইতে আপন২ স্বতন্ত্র মহালবিষয়ক ঐ চুম্বকপত্র ও নকশা লইয়া যান ইতি।

84 As soon as practicable after the issue of the notice under section 82, the Collector shall forward to the Commissioner all papers relating to the partition as approved or as made by the Collector

Papers to be forwarded to Commissioner

৮৪ ধারা। ৮২ ধারামত নোটিস প্রচার করা গেলে পর যত শীঘ্র হইতে পারে, কালেকটর সাহেব বণ্টন সম্পর্কীয় আপনার অনুমোদিত কি প্রস্তুত করা সকল কাগজপত্র কমিশ্যনর সাহেবের নিকটে পাঠাইবেন ইতি।

কমিশ্যনর সাহেবের নিকট কাগজপত্র পাঠাইবার কথা।

## PART VIII

### OF THE GENERAL PRINCIPLES ON WHICH PARTITIONS SHALL BE MADE

*Rules applicable to the partition of lands which are held by the proprietors in common tenancy.*

## অষ্টম অধ্যায়।

### যে সাধারণ নিয়মানুসারে বণ্টন করা যাইবে তদ্বিষয়ক বিধি।

ভূম্যধিকারিরা সাধারণে যে ভূমি ভোগ করেন তাহার বণ্টনবিষয়ে যেং বিধি খাটে তাহার কথা।

85. Each separate estate shall be made as compact as is compatible with the primary object of making an equitable partition among the proprietors,

Estates formed in course of partition to be as compact as possible

৮৫ ধারা। ভূম্যধিকারিদের মধ্যে ন্যায্যমতে ভূমি বিভাগ করিবার প্রধান উদ্দেশ্য লক্ষ করিয়া, এই অধ্যায়ের অন্যান্য বিধানের সঙ্গতভাবে যত দূর হইতে

বণ্টনক্রমে যেং মহাল করা যায় তাহা সাধ্যমতে অবিচ্ছিন্ন হইবার কথা।

and with the other provisions of this Part, but no partition made or approved by a Collector shall be set aside on the ground only that the separate estates are not compact

Circumstances to be considered in making partitions

86 In selecting the villages or lands to be assigned to each separate estate formed out of a parent estate which has been held in common tenancy, the Collector shall take into consideration

the advantages or disadvantages arising from situation,

the vicinity of roads, railways, navigable rivers, or canals,

the nature and quality of the soil and produce,

the quantity of cultivable and uncultivable waste land,

the facilities for irrigation,

the state of the embankments and water-courses,

liability to accretion and diluvion,

and any other circumstances affecting the value of the lands

Rule when dwelling house belonging to one proprietor is situate on ground to be allotted to another proprietor

87 If a dwelling-house belonging to one proprietor is situated on any land which it may be necessary to include in the separate estate of another proprietor, the owner of such house may retain occupation thereof with the offices, buildings, and grounds immediately attached thereto, upon agreeing to pay rent for the land occupied by such dwelling-house, offices, buildings, and grounds to the proprietor of the separate estate in which such land is included

The limits of the land so occupied and the rent to be paid for it in perpetuity shall be fixed by the Deputy Collector, and shall be stated in the paper of partition

In every such case a defined pathway shall, as far as possible, be secured to the owner of the house, leading from his house to some portion of the separate estate allotted to him

Rule contained in last preceding section may be applied to gardens, orchards, &c

88 Whenever the Deputy Collector shall think fit, he may apply the rule contained in the last preceding section to gardens, to orchards of trees, to land planted with bamboos, and to nijjote, sir, or khamar lands, which before the partition were held in the separate occupation of any proprietor,

পারে তত দূর প্রত্যেক স্বতন্ত্র মহাল অবিচ্ছিন্ন থাকিবে। কিন্তু ঐ স্বতন্ত্র মহাল সকল অবিচ্ছিন্ন নহে কেবল এই কারণে কালেকটর সাহেবের প্রস্তুত কি অনুমোদিত বণ্টনপত্র অসিদ্ধ হইবে না ইতি।

বণ্টন করণে যেং বিষয় বিবেচনীয় তাহার কথা।

৮৬ ধারা। আদিম যে মহাল সাধারণে ভোগ হইয়া আসিতেছে, তাহা হইতে পৃথকং যে মহাল করা যায়, সেইং মহালে যেং গ্রাম ও যেং ভূমি নিরূপণ করিতে হইবে, ইহা স্থির করিতে গেলে কালেকটর সাহেবের এইং বিষয় বিবেচনা করিতে হইবে,—

স্থানবিশেষে থাকাতে যে উপকার কি অনুপকার হইতে পারে তাহা।

রাস্তা কি রেলপথ কি নৌকাদির গমনীয় নদী কি খাল সন্নিকট থাকা।

মৃত্তিকার ও উৎপন্ন ফসলের ভাব ও গুণ।

পতিত যত ভূমির আবাদ হইতে বা না হইতে পারে তাহ।

জল সেচিবার সুযোগ।

বাঁধের ও জলপ্রণালীর অবস্থা।

শিকস্তি কি পৈবস্তী হইবার সম্ভাবনা।

অন্য যেং বিষয়দ্বারা ভূমির মূল্যের হ্রাস কি বৃদ্ধি হইতে পারে তাহাও বিবেচনীয় ইতি।

কোন ভূম্যধিকারির প্রতি যে ভূমি নিরূপণ হয় তন্মধ্যে অন্য ভূম্যধিকারির ঘর থাকিলে তদ্বিষয়ের বিধি।

৮৭ ধারা। কোন ভূম্যধিকারির স্বতন্ত্র মহালের মধ্যে যে ভূমি ধরা আবশ্যক হইতে পারে, সেই ভূমিতে অন্য ভূম্যধিকারির বসত-বাটী থাকিলে, সেই বসত-বাটী ও তৎসংক্রান্ত বাহির ঘর ও অন্যং গৃহাদি ও ভূমি যে ভূম্যধিকারির স্বতন্ত্র মহালের অন্তর্গত থাকে, ঐ ঘরের স্বামী তাঁহাকে ঐ ভূমির খাজানা দিতে সম্মত হইলে ঐ বসতবাটী ও বাহির ঘর ও অন্যং গৃহাদি ও ভূমি দখল করিয়া থাকিতে পারিবেন।

তদ্রূপে যে ভূমি দখল করা যায় ডেপুটী কালেকটর তাহার সীমা স্থির করিয়া, তজ্জন্যে চিরকালের নিমিত্ত যে খাজানা দিতে হইবে তাহাও নির্দ্ধার্য্য করিয়া বণ্টন-পত্রের মধ্যে লিখিবেন।

উক্ত প্রত্যেক স্থলে ঐ গৃহস্বামির প্রতি স্বতন্ত্র যে মহাল নিরূপণ করিয়া দেওয়া যায়, আপনার সেই বাটীহইতে ঐ মহালের কোন অংশপর্য্যন্ত তাঁহার যাতায়াতের পথ সাধ্যমতে তাঁহার পক্ষে নিরূপণ করিয়া দেওয়া যাইবে ইতি।

ইহার পূর্ব্ব ধারার বিধি বাগানের ও বৃক্ষাদির প্রতি খাটিতে পারিবার কথা।

৮৮ ধারা। বণ্টন হইবার পূর্ব্বে যেং উদ্যান কি বৃক্ষ-বাগান, কিম্বা বাঁশের ঝাড় যে ভূমিতে থাকে তাহা, ও যে নিজযোত ও সির ও খামার জমী কোন ভূম্যধি-কারির স্বতন্ত্র দখলে থাকে, ডেপুটী কালেক্টর বিহিত বোধ করিলে সেই উদ্যান প্রভৃতিরও প্রতি ইহার পূর্ব্ব ধারার বিধি খাটাইতে পারিবেন।

and to any other lands which in his opinion have gained a special value, or are of special value to the proprietor in whose occupation they are found to be, in consequence of improvements made by such proprietor or of the particular use to which such lands are put

ও অন্য কোন ভূমি কোন ভূম্যধিকারির দখলে ছিল দৃষ্ট হইলে, ও সেই ভূমি উৎকৃষ্ট করিবার যত্ন করাতে কিম্বা সেই ভূমি বিশেষ কোন কার্য্যে প্রয়োগ করাতে ঐ ভূমির বিশেষ মূল্য হইয়াছে, কিম্বা ঐ ভূম্যধিকারির জ্ঞানে তাহার বিশেষ মূল্য হইয়াছে, ডেপুটী কালেক্টরের এমত বিবেচনা থাকিলে তিনি সেই ভূমির প্রতিও ঐ বিধি খাটাইতে পারিবেন ইতি।

89 In calculating the rental for the purposes of the partition, the rent fixed in perpetuity on any land by the Deputy Collector under either of the two last preceding sections shall be considered to be the rental of such land

*Calculation of rental*

৮৯ ধারা। বণ্টনের নিমিত্তে খাজানার হিসাব করিতে গেলে, ডেপুটী কালেক্টর ইহার পূর্ব্ব দুই ধারার একতর ধারার বিধান মতে চিরকালের নিমিত্ত কোন ভূমির যে খাজানা ধার্য্য করিয়াছেন তাহা সেই ভূমির খাজানা বলিয়া জ্ঞান করিতে হইবে ইতি।

*খাজানার হিসাব করিবার কথা।*

90 Whenever the dwelling-house of one proprietor, with the offices, buildings, and grounds immediately attached thereto, shall have been included in the separate estate of another proprietor, and the annual rent to be paid in perpetuity in respect of the land occupied thereby shall have been fixed by the Deputy Collector and stated in the paper of partition, as provided in section 87, the proprietor whose dwelling-house, offices, buildings, and grounds have been included as aforesaid may apply to the Deputy Collector for permission to redeem the annual rent so fixed

*Rent may be redeemed*

৯০ ধারা। কোন এক ভূম্যধিকারির বসতবাটী ও তৎসংযুক্ত বাহির ঘর ও অন্য গৃহাদি ও ভূমি যদি অন্য ভূম্যধিকারির স্বতন্ত্র মহালের মধ্যে ধরা গিয়া থাকে, ও তদ্দারা যে ভূমির দখল করা যায় যদি ডেপুটী কালেক্টর ৮৭ ধারার বিধানমতে চিরকালের নিমিত্ত ঐ ভূমির বার্ষিক খাজানা ধার্য্য করিয়া বণ্টনপত্রের মধ্যে লিখিয়া থাকেন, তবে যে ভূম্যধিকারির বসতবাটী ও বাহির ঘর ও অন্য২ গৃহাদি ও ভূমি তদ্রূপে অন্যের মহালে ধরা গেল, তিনি ডেপুটী কালেক্টরের নিকটে নির্দ্ধারিত বার্ষিক খাজানাহইতে সেই ভূমি মুক্ত করিবার অনুমতি প্রার্থনা করিতে পারিবেন ইতি।

*খাজানা পরিক্রয় করিতে পারিবার কথা।*

91 The Deputy Collector shall certify the amount payable by such proprietor in redemption of such annual rent, and such amount shall be calculated and fixed by the Deputy Collector at ten per centum above the sum which would be required to purchase, at the market prices then prevailing, so much stock of the Government loan which was last issued as would yield an annual amount of interest equal to the annual land rent fixed by the Deputy Collector under section 87

*Deputy Collector to certify amount payable in redemption of rent*

৯১ ধারা। ঐ বার্ষিক খাজানাহইতে ভূমি মুক্ত করিবার জন্যে যত টাকা দিতে হইবে ডেপুটী কালেক্টর এই কথা সংসিতমতে জানাইবেন। গবর্ণমেণ্ট শেষে যে ঋণপত্র প্রচলিত করিলেন তাৎকালিক বাজার দরে যত টাকায় ঐ পত্র ক্রয় করিলে ডেপুটী কালেক্টরের ৮৭ ধারামতে নির্দ্ধারিত ঐ ভূমির বার্ষিক খাজানার তুল্য বার্ষিক সুদ পাওয়া যাইতে পারে ডেপুটী কালেক্টর তত টাকার উপর আর শতকরা দশ টাকা ধরিয়া ঐ ভূমি মুক্ত করিবার মূল্য ধার্য্য করিবেন ইতি।

*খাজানাহইতে মুক্তকরণার্থে যত টাকা দিতে হইবে ডেপুটী কালেক্টরের ইহা সংসিতমতে জানাইতে হইবার কথা।*

92 The proprietor desiring to redeem the rent as aforesaid, may pay to the Deputy Collector the amount so certified at any time before possession is given to the several proprietors of the separate estates allotted to each, as provided in section 118, but not after such possession has been given

*But not after possession of separate estates has been given*

৯২ ধারা। ভূম্যধিকারী পূর্ব্বোক্তমতে খাজানাহইতে ভূমি মুক্ত করিতে চাহিলে প্রত্যেক ভূম্যধিকারির প্রতি স্বতন্ত্র২ মহাল নিরূপিত হইয়া ১১৮ ধারার বিধানমতে দখল দেওয়ার পূর্ব্বে তিনি ডেপুটী কালেক্টরের পূর্ব্বোক্তমতে সংসিত টাকা দিতে পারিবেন। কিন্তু দখল দেওয়া যাইবার পর দিতে পারিবেন না ইতি।

*কিন্তু স্বতন্ত্র মহালের অধিকার দেওয়া গেলে পর ভূমি মুক্ত হইতে না পারিবার কথা।*

93 On receipt of such payment, the Deputy Collector shall give notice to the proprietor in whose separate estate such land is situated that such payment has been made, and that the sum paid will be paid to him or to his authorized agent on application, and that from the date on which possession as aforesaid may be given, the proprietor who has redeemed the rent of such land will be entitled to hold such land as a rent-free tenure secured against the proprietor of the estate and against any auction purchaser at a sale for arrears of revenue, including the Government, and from such date the lands shall be so held as a rent-free tenure

Notice of payment to be given, and land to be held rent free

৯৩ ধারা। ডেপুটী কালেকুটর ঐ টাকা পাইলে, যে ভূম্যধিকারির স্বতন্ত্র মহালের মধ্যে ঐ ভূমি থাকে, তাঁহাকে ঐ টাকা দেওয়ার নোটিস দিয়া জানাইবেন যে তাঁহার প্রার্থনামতে তাঁহাকে কিম্বা তাঁহার ক্ষমতাপ্রাপ্ত মোক্তারকে ঐ টাকা দেওয়া যাইবে, ও যে তারিখে পূর্ব্বোক্তমতে দখল দেওয়া যায় সেই তারিখ অবধি যে ভূম্যধিকারী ঐ ভূমি খাজানা হইতে মুক্ত করিলেন, তাঁহার সেই ভূমি নিষ্করূপে ভোগ করিবার স্বত্ব থাকিবে। মহালের ভূম্যধিকারী ও বাকী রাজস্বের নিমিত্ত মহাল বিক্রয় হইলে গবর্ণমেণ্ট সুদ্ধ ঐ মহালের ক্রেতা তাঁহার স্থানে খাজানা লইতে পারিবেন না, ও সেই তারিখ অবধি ঐ ভূমি সেই প্রকারে নিষ্করূপে ভোগ হইবে ইতি।

টাকা দেওয়ার নোটিস দিতে হইবার কথা ও ভূমি নিষ্করূপে ভোগ করিবার কথা।

94 The Deputy Collector shall at the same time also give notice to the Collector of the district of the creation of such tenure, and the Collector of the district shall thereupon cause such tenure to be especially registered in the manner provided by section 42 of Act XI of 1859, or by any similar law for the time being in force

Collector to register rent free tenure

৯৪ ধারা। ডেপুটী কালেক্টরও সেই সময়েই জিলার কালেক্টর সাহেবকে ঐ তালুক করা যাইবার নোটিস দিবেন। তাহা হইলে জিলার কালেক্টর সাহেব ১৮৫৯ সালের ১১ আইনের ৪২ ধারার বিধানমতে, কিম্বা যৎকালে তদনুরূপ যে আইন প্রবল থাকে তদনুসারে, ঐ তালুক বিশেষমতে রেজিষ্টরী করাইবেন ইতি।

নিষ্কর ভূমি কালেকুটরের রেজিষ্টরী করিবার কথা।

*Rules applicable to the formation into separate estates of lands which are held by proprietors in severalty*

ভূম্যধিকারিরা পৃথক্‌রূপে যে ভূমি ভোগ করিয়া থাকেন তাহা স্বতন্ত্র মহাল করিয়া বিভাগকরা বিষয়ক বিধি।

95 Whenever in any parent estate a division of the lands thereof has been made by private arrangement of the proprietors of such estate, and in accordance with such arrangement each proprietor is in possession of separate lands held in severalty as representing his interest in such parent estate, the joint application presented to the Collector by all the recorded proprietors of such estate as required by section 12 may be to the effect that a partition of such estate be made by assigning to each proprietor or to two or more proprietors jointly as his or their separate estate, the lands of which he or they are in separate possession in accordance with such arrangement, and also that each separate estate so formed be made liable for such portion of the entire land revenue of the parent estate, as was paid by the proprietor or proprietors thereof under the private arrangement aforesaid

Joint petition may be presented for partition according to private division

৯৫ ধারা। যদি আদিম মহালের ভূম্যধিকারিরা আপোসে বন্দোবস্ত করিয়া ঐ মহালের অন্তর্গত ভূমি ভাগ করিয়া থাকেন, ও সেই বন্দোবস্ত অনুসারে যদি প্রত্যেক ভূম্যধিকারী ঐ আদিম মহালে আপনং স্বার্থানুযায়ি স্বতন্ত্র ভূমি পৃথক্‌রূপে ভোগাধিকার করিয়া থাকেন, তবে ১২ ধারামতে কালেকুটর সাহেবের নিকটে ঐ মহালের সকল লিপিবদ্ধ ভূম্যধিকারির যে সাধারণ প্রার্থনাপত্র উপস্থিত করিতে হইবে, তাহা এই মর্ম্মে লেখা যাইতে পারিবে যে, ঐ বন্দোবস্ত অনুসারে প্রত্যেক জন ভূম্যধিকারী কিম্বা তাঁহাদের দুই কি তদধিক জন সাধারণে যেং ভূমি পৃথক্‌রূপে ভোগ করিয়া থাকেন, তাঁহার কি তাঁহাদের স্বতন্ত্র মহালস্বরূপ সেইং ভূমি নিরূপণ করিয়া ঐ মহালের বণ্টন করা যায়, এবং পূর্ব্বোক্তমতে আপোসে বন্দোবস্ত করিয়া ভূম্যধিকারী কি ভূম্যধিকারিরা আদিম মহালের ভূমির সম্পূর্ণ রাজস্বের যেং অংশ দিতেন, উক্ত পৃথকং মহালের সেই রাজস্বের সেইং অংশ ধার্য্য হয় ইতি।

আপোসে যেরূপে ভাগ করা গেল তদনুসারে বণ্টন করিবার সাধারণ প্রার্থনাপত্রের কথা।

96 The Deputy Collector who is appointed to carry out the partition in accordance with such application, shall satisfy himself that the assets of each separate estate which it is proposed to form are sufficient to secure the payment of the annual amount of land revenue

Partition according to private division to be referred to Collector

৯৬ ধারা। ভূমির বার্ষিক যত টাকা রাজস্বের নিমিত্ত ঐ পৃথকং মহাল দায়ি করিবার প্রস্তাব হয়, পৃথকং যত মহাল করিবার প্রস্তাব হইল তাহার উপস্বত্বহইতে ঐ সম্পূর্ণ রাজস্ব আদায় করিতে পারা যাইবে, উক্ত প্রার্থনাপত্রানুসারে

আপোসে বিভাগানুসারে যে বণ্টন হয় তাহা কালেকুটর সাহেবের প্রতি অর্পণ করিবার কথা।

for which it is proposed to make such separate estate liable, and if the Deputy Collector be satisfied that in this respect, and with reference to all the circumstances of the case, the partition of the lands and the assessment of the revenue thereon may be made in the manner proposed without endangering the safety of the revenue, the Deputy Collector shall submit the case with his opinion thereon, and the reasons on which such opinion is founded, to the Collector, who may admit or reject the said application

Effect of Collector's approval

97 If the Collector admits the said application such admission shall be deemed to be the Collector's approval of the general arrangement of the partition as provided in section 74, and the Deputy Collector shall proceed to complete the partition accordingly

Such partition may be refused

98 If the Deputy Collector, who is appointed to carry out the partition in accordance with a joint application as mentioned in section 95, is not satisfied that the partition of the lands and the assessment of the revenue payable thereon can be made in the manner proposed without endangering the safety of the public revenue, or if the Collector rejects the application for such partition, the Deputy Collector shall refuse to make the same

Joint petition may be presented for partition of land in accordance with private division with proportional redistribution of public revenue

99 Whenever the proprietors of an estate are in accordance with a private arrangement as aforesaid, respectively in possession of separate lands held in severalty as representing their respective interests in the estate, the joint application presented to the Collector by all the recorded proprietors of the estate as required by section 12, may be to the effect that a partition of such estate be made by assigning to each proprietor, or to two or more proprietors jointly, as his or their separate estate, the lands of which he or they is or are in possession in accordance with such arrangement, and that the land revenue for which the parent estate is liable may be apportioned among the separate estate so formed, in accordance with the provisions of section 6

A joint application under this section may be made notwithstanding that a joint application under section 95 has been refused in respect of the same estate.

Lands of which each proprietor is in possession to be allotted to him

100 Whenever the Deputy Collector who is appointed to carry out the partition, shall find that in accordance with a private arrangement made by the

বণ্টন করিবার নিমিত্ত যে ডেপুটী কালেক্টরকে নিযুক্ত করা যায় তিনি এই কথা হৃদ্বোধমতে জানিলে, ও উক্ত বিষয় এবং ঐ ব্যাপারের সকল ভাবগতিকে লক্ষ করিয়া প্রস্তাবিতমতে ভূমি বণ্টন ও রাজস্ব ধার্য্য করিলেও রাজকীয় মালগুজারী নির্বিঘ্নে আদায় না হইবার কোন আশঙ্কা নাই, ইহাও হৃদ্বোধমতে জানিলে, তিনি আপনার অভিমত ও সেই অভিমত যে২ হেতুমূলক হয় তাহাও লিখিয়া কালেক্টর সাহেবের নিকট ঐ বিষয় অর্পণ করিবেন। কালেক্টর সাহেব ঐ প্রার্থনাপত্র গ্রাহ্য কিম্বা অগ্রাহ্য করিতে পারিবেন ইতি।

কালেক্টর সাহেব অনুমোদন করিলে তাহার ফলের কথা।

৯৭ ধারা। কালেক্টর সাহেব সেই প্রার্থনাপত্র গ্রাহ্য করিলে, তাহা গ্রাহ্য করাই ৭৪ ধারার বিধানমতে তাঁহার বণ্টনের সাধারণ নিয়ম অনুমোদন করা বলিয়া জ্ঞান হইবে এবং ডেপুটী কালেক্টর তদনুসারে বণ্টনকার্য্য সমাধা করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

ঐ রূপে বণ্টন করিতে অসম্মত হইতে পারিবার কথা।

৯৮ ধারা। ৯৫ ধারায় যে সাধারণ প্রার্থনাপত্রের কথা আছে তদনুসারে বণ্টনের কার্য্য নির্ব্বাহ করণার্থে যে ডেপুটী কালেক্টর নিযুক্ত হন, তিনি প্রস্তাবিতমতে ভূমি বণ্টন ও রাজস্ব ধার্য্য করিলে রাজকীয় মালগুজারীর বিঘ্নের সঙ্কট নাই ইহা হৃদ্বোধমতে না জানিলে, কিম্বা কালেক্টর সাহেব ঐ বণ্টনের প্রার্থনাপত্র অগ্রাহ্য করিলে, ডেপুটী কালেক্টর তদ্রূপ বণ্টন করিতে সম্মত হইবেন না ইতি

আপোসে ভাগ করণানুসারে ভূমি বণ্টন হইবার ও অংশাংশমতে রাজস্ব পুনঃ ধার্য্য করণের সাধারণ প্রার্থনাপত্র করা যাইতে পারিবার কথা।

৯৯ ধারা। আপোসে পূর্ব্বোক্তরূপ বন্দোবস্ত অনুসারে যদি মহালের নানা ভূম্যধিকারিদের স্বার্থানুযায়ি পৃথক২ ভূমি তাঁহাদের ভোগাধিকারে থাকে, তবে ১২ ধারামতে কালেক্টর সাহেবের নিকট ঐ মহালের লিপিবদ্ধ সকল ভূম্যধিকারির যে সাধারণ প্রার্থনাপত্র উপস্থিত করিতে হইবে, তাহা এই মর্ম্মে লেখা যাইতে পারিবে যে, ঐ বন্দোবস্ত অনুসারে যে২ ভূমী এক২ জন ভূম্যধিকারির কিম্বা দুই কি তদধিক জন ভূম্যধিকারির সাধারণ ভোগাধিকারে থাকে তাহা সেই বা সেই২ ভূম্যধিকারির স্বতন্ত্র মহাল স্বরূপ নিরূপণ করিয়া ঐ মহাল বণ্টন করা যায়, ও আদিম মহাল ভূমির যত রাজস্বের নিমিত্ত দায়ি ছিল, ৬ ধারার বিধানমতে তাহা উক্ত পৃথক করা নানা মহাল-হইতে অংশাংশমতে আদায় করিয়া লওয়া যায়।

কোন মহালের বিষয়ে ৯৫ ধারামতে সাধারণ প্রার্থনা অগ্রাহ্য হইলেও, এই ধারামতে সাধারণ প্রার্থনা করা যাইতে পারিবে ইতি।

যে ভূম্যধিকারির অধিকারে যে ভূমি থাকে তাহার প্রতি সেই ভূমি নিরূপণের কথা।

১০০ ধারা। কোন মহালের ভূম্যধিকারিরা আপোসে যে বন্দোবস্ত করিলেন তদনুসারে, আদিম মহালে তাঁহাদের স্বার্থের অংশমাত্রানুযায়ি পৃথক২ ভূমি

proprietors of an estate, the proprietors respectively, or any of the proprietors, are in possession of separate lands held in severalty as representing portions only of their respective interests in the parent estate, while other lands of the parent estates are held in common tenancy between such proprietors, the Deputy Collector shall allot to the separate estate of each proprietor the lands of which such proprietor is found to be in possession in severalty, in accordance with such private arrangement

Collector may cause transfer of lands agreed to by parties

101 Notwithstanding anything contained in the last preceding section, the Collector may cause any transfer of lands agreed to by the parties to be made from the possession of one proprietor to that of another

*Rules applicable both to lands held in common tenancy and to lands held in severalty*

Rule as to places of worship

102 Places of worship, burning grounds, and burial grounds which have been held in common previous to the partition of an estate, and lands of which the proceeds have been assigned by the proprietors jointly for religious, charitable, or public purposes, shall continue to be held in common, unless the proprietors shall otherwise agree amongst themselves, in which case they shall state in writing the agreement into which they have entered, and the Deputy Collector shall enter a note of the agreement in the paper of partition

Rule as to tanks, wells, water courses, and embankments

103 Tanks, wells, water-courses, and embankments shall be considered as attached to the land for the benefit of which they were originally made

In cases in which, from the extent, situation, or construction of such works, it shall be found necessary that they should remain the joint property of the proprietors of two or more of the separate estates, the paper of partition shall specify, as far as the circumstances may admit, the extent to which the proprietors of each of such estates may make use of the same, and the proportion of the charges for repairs to be borne by them respectively

Lands held rent free not to be divided

104 Whenever the Deputy Collector shall find in the parent estate lands which are actually held rent-free (whether the proprietors of the estate do or do not claim a right to receive rent from such lands), the Deputy Collector shall make no division or assignment of

ঐ২ ভূম্যধিকাবির কিম্বা তাঁহাদের মধ্য কোন ব্যক্তিদের স্বতন্ত্র ভোগাধিকারে আছে ও আদিম মহালের অন্য২ ভূমি ঐ২ ভূম্যধিকারিরা সাধারণমতে ভোগাধিকার করিযা থাকেন, বণ্টনকার্য্য নির্ব্বাহ কবিবার জন্যে যে ডেপুটী কালেকটরকে নিযুক্ত কবা যায তিনি ইহা দেখিতে পাইলে, আপোসে বন্দোবস্ত অনুসারে যে ভূমি পৃথকরূপে যে ভূম্যধিকারিব অধিকারে পাওযা গেল ডেপুটী কালেকটব তাঁহাব স্বতন্ত্র মহালের মধ্যে সেই ভূমি নিরূপণ কবিবেন ইতি।

ঐ বিষয় সংক্রান্ত ব্যক্তিরা সম্মত হইলে কালেক্টর সাহেবের ভূমি হস্তান্তর করিতে পারিবার কথা।

১০১ ধার। ইহাব পূর্ব্ব ধাবায ভাবান্তরেব কথা থাকিলেও কোন ভূম্যধিকারিরা কোন ভূমি হস্তান্তরকরণ বিষযে সম্মত হইলে, কালেকুটব সাহেব এক ভূম্যধিকারিব অধিকাবহইতে ভূমি হস্তান্তর করাইয়া অন্যের অধিকারে দিতে পারিবেন ইতি।

সাধাবণমতে এবং পৃথকরূপে যে ভূমিব ভোগাধিকার হয় তদ্বিষযক বিধি।

ঈশ্বরের ভজনার্থ স্থান বিষয়ক বিধি।

১০২ ধারা। ঈশ্বরের ভজনার্থ যে স্থান, ও শবদাহ কবিবার ও কবর দিবার যে২ স্থান মহালের বণ্টন হইবার পূর্ব্বকালে সাধারণে ভোগ হইত, ও ভূম্যধিকাবিবা সাধাবণে ধর্ম্মার্থে কি দানার্থে কি সাধারণের উপকারার্থে যে ভূমির উপস্বত্ব প্রয়োগ করেন তাহার সাধারণ ভোগ হইতে থাকিবে। কিন্তু ভূম্যধিকাবিবা আপনাদেব মধ্যে অন্য প্রকাবেব নিযম করিলে, তাঁহারা তদ্বিষযেব যে নিযম কবিযাছেন তাহা লিখিয়া জানাইবেন ও ডেপুটী কালেকুটব বণ্টনপত্রের মধ্যে সেই নিযমেব সংক্ষেপ লিপি লিখিবেন ইতি।

পুষ্করিণী ও কূপ ও জলপ্রণালী ও বাঁধ বিষয়ক বিধি।

১০৩ ধারা। পুষ্করিণী ও কূপ ও জলপ্রণালী ও বাঁধ প্রথম যে ভূমিব হিতার্থে কবা যায, সেই ভূমি সংযুক্ত বলিযা জ্ঞান হইবে।

ঐ পুষ্করিণী প্রভৃতির পরিমাণ কি স্থান কি প্রস্তুত করণেব নিযমাদি বিবেচনায় তাহা দুই কি তদধিক স্বতন্ত্র মহালেব ভূম্যধিকাবিদেব সাধারণ সম্পত্তিস্বরূপ থাকা আবশ্যক জানা গেলে, ঐ২ মহালেব ভূম্যধিকাবিবা যত দূব তাহাব ব্যবহার কবিতে পারিবেন, ও সাবাইযা বাখিবাব খরচের যে অংশ যাঁহাব দিতে হইবে ভাবগতিক বিবেচনায় যত দূর হইতে পারে বণ্টনপত্রে ঐ২ কথা তত দূব বিশেষ কবিযা লেখা যাইবে ইতি।

নিষ্কররূপে যে ভূমি ভোগ হয় তাহা ভাগ না করিবাব কথা।

১০৪ ধাবা। যে ভূমি যথার্থই নিষ্কররূপে ভোগ হওযা থাকে, মহালের ভূম্যধিকাবিরা সেই ভূমির খাজানা লইবাব স্বত্বের দাওয়া রাখিলে বা না রাখিলেও, ডেপুটী কালেক্টর আদিম মহালেব মধ্যে সেইরূপ ভূমি দেখিতে পাইলে, স্বতন্ত্র২ মহালের মধ্যে ঐ ভূমি ভাগ কি

such lands among the separate estates, but shall specify in the partition papers and proceedings that such lands are left appertaining jointly to all the separate estates which are formed out of the parent estate, in the proportion which each separate estate bears to the parent estate

**105.** Whenever the Deputy Collector shall find in the parent estate any lands which are held at a fixed rent on a patni or other permanent intermediate tenure created by all the proprietors of the parent estate or their predecessors, the Deputy Collector may either

Rule as to permanent intermediate tenures

(1) assign the lands which are held on such tenure and the assets thereof entirely to one or more of the separate estates, the rental being calculated as provided in Exception 2 or in Exception 3 (as the case may be) of section 7, or

(2) leave such lands unassigned to any separate estate, and specify in the partition papers and proceedings that the lands are left appertaining jointly to all the separate estates which are formed out of the parent estate in the proportion which each separate estate bears to the parent estate In the event of such lands being so left undivided, the Deputy Collector shall assign to each separate estate such share of the rental of the tenure as shall bear the same proportion to the entire rental of the tenure, as the separate estate bears to the parent estate

In dealing with a tenure under this section, the Deputy Collector shall take into consideration the extent of the lands comprised in the tenure, and all other circumstances of the case

**106** Whenever any lands are held in common between the proprietors of two or more estates, one of which is under partition in accordance with the provisions of this Act, the Deputy Collector shall first allot to the estate under partition a portion of such common lands of which the assets are in proportion to the interest which the proprietors of such estate hold in the said common lands, and all the provisions of this Act in respect of the allotment between the shareholders in one estate, of lands which are held jointly by such shareholders, shall, as far as possible, apply to the allotment of the proportionate share of such common lands to the estate under partition,

Lands held in common between the proprietors of two or more estates how to be dealt with

and in respect of the service of notices, hearing of objections, and all other procedure in view to such allotment, the proprietors of the estate under partition, and the proprietors of all other estates

নিরূপণ করিবেন না, কিন্তু আদিম মহালহইতে যে পৃথক২ মহাল করা যায়, তাহা ঐ আদিম মহালের যেং অংশ হয় ঐ২ ভুমি সাধারণরূপে সেই অংশানুসারে সেই২ মহাল সম্পর্কীয় থাকিল এই কথা বণ্টনপত্রে ও আনুষ্ঠানিক কার্য্যের পত্রে বিশেষ করিয়া লিখিবেন ইতি।

১০৫ ধারা। আদিম মহালের সকল ভূম্যধিকারী কিম্বা তাঁহাদের পূর্ব্ব২ অধিকারিরা পত্তনী কিম্বা চিরকালের বন্দোবস্তমতে অন্য যে দরমিযানী তালুক করিযা দিলেন, ঐ আদিম মহালের অন্তর্গত এমত কোন ভুমি সেই পাট্টাক্রমে অবধারিত খাজানায় ভোগ হইতেছে, ডেপুটী কালেক্টর ইহা দেখিলে,

চিরকালীন দরমীয়ানী তালুকের বিধি।

(১) সেই পাট্টাক্রমে যে ভুমি ভোগ হয তাহা ও তাহার উপস্বত্ব সম্পূর্ণরূপে কোন এক কি কএক স্বতন্ত্র মহালে নিরূপণ করিযা, ৭ ধারার উল্লিখিত দ্বিতীয় বা বিষযবিশেষে তৃতীয বর্জ্জিত কথার বিধানমতে তাহার খাজানা ধরিবেন, কিম্বা

(২) সেই ভুমি স্বতন্ত্র কোন মহালে নিরূপণ না করিযা রাখিবেন ও আদিম মহালহইতে স্বতন্ত্র যত মহাল করা যায় ঐ২ মহাল আদিম মহালের যেং অংশ হয় সেই২ অংশানুসারে ঐ ভুমি সাধারণে সেই সকল স্বতন্ত্র মহালের ভুমি বলিযা রাখা গেল, বণ্টনপত্রে ও আনুষ্ঠানিক কার্য্যপত্রে এই কথা বিশেষ করিযা লিখিবেন। ঐ ভুমি তদ্রূপে অবিভক্ত থাকিলে, এক২ স্বতন্ত্র মহাল আদিম মহালের যে অংশ হয ঐ তালুকের সম্পূর্ণ খাজানার সেই অংশ ঐ২ স্বতন্ত্র মহালের প্রতি নিরূপণ করিবেন।

এই ধারামতে তালুক লইযা কার্য্য করিতে হইলে, ডেপুটী কালেক্টর ঐ তালুকের অন্তর্গত ভুমির পরিমাণ, ও বিষয়ের অন্যং সকল ভাবগতিকও বিবেচনা করিবেন ইতি।

১০৬ ধারা। কোন ভুমি দুই কি তদধিক মহালের ভূম্যধিকারিদের মধ্যে সাধারণ ভোগ হইলে, যদি তন্মধ্য এক মহালের এই আইনের বিধানমতে বণ্টন হইযা থাকে, তবে যে মহালের বণ্টন হইতেছে, ঐ মহালের ভূম্যধিকারিরা ঐ সাধারণ ভুমিতে যে স্বার্থ ভোগ করেন তাহার সঙ্গে ঐ সাধারণ ভুমির যে অংশের উপস্বত্বের অনুপাত থাকে ডেপুটী কালেক্টর প্রথমে সেই মহালের প্রতি সেই অংশ নিরূপণ করিবেন। এবং একি মহালের অংশিরা সাধারণে যেং ভুমি ভোগ করেন তাঁহাদের মধ্যে সেই ভুমি বাঁটিযা দেওন বিষয়ে এই আইনের যেং বিধান আছে, তাহা যত দূর চলিতে পারে তত দূর, ঐ বণ্টনীয মহালের ঐ সাধারণ জমীর অংশাংশ বাঁটিযা দেওনের প্রতি খাটিবে।

দুই কি তদধিক মহালের অধিকারিরা যে ভূমির সাধারণ ভোগ করেন তাহা লইয়া কার্য্য করিবার বিধি।

ও তদ্রূপে বাঁটিয়া দেওনের উপলক্ষে নোটিস জারী করণ ও আপত্তি শ্রবণ ও অন্য সকল কার্য্যপ্রণালীবিষয়ে, যে মহালের বণ্টন হইতেছে সেই মহালের ভূম্যধিকারিদিগকে ও সেই সাধারণ ভুমিতে অন্য সকল মহালের

who have an interest in the said common lands, shall be deemed to be joint proprietors of a parent estate consisting only of the lands so held in common

Provided that all expenses of any division of lands so held in common between the proprietors of two or more estates shall be deemed to be expenses of making the partition of the estate which is under partition, and shall be leviable as provided by this Act from the proprietors of such estate, and that the proprietors of any other estate having an interest in such lands shall not be required to bear any portion of such expenses

107 Notwithstanding anything contained in the last preceding section, if it shall appear to the Commissioner, on the report of the Collector or otherwise, that the proceedings for such division have been unnecessarily delayed, and the cost of such division enhanced by obstacles vexatiously put in the way of the completion of such division by any proprietor of any estate other than that under partition, or by want of due diligence on the part of any such proprietor in carrying out any requisitions made upon him, the Commissioner may direct that such sum as he shall think fit shall be levied from every such proprietor who is responsible for such delay or additional cost, and every sum so levied shall be taken in diminution of the amount payable by the proprietors of the estate under partition as costs of such partition

Proprietors of other estates may be required to pay a portion of expenses of partition

108 The allotment of the proportionate share of the lands so held in common to the estate under partition shall be submitted for the approval of the Collector, who may confirm, amend, or reject the same, and in the case of rejection, may make or direct to be made another allotment

Allotment of lands held in common to be sanctioned by Collector

109 As soon as the allotment of a proportionate share of the said lands to the estate under partition shall have been approved by the Collector, the lands so allotted shall be dealt with in every respect as if they were held in common tenancy by such of the proprietors of the estate under partition as were found to hold interests in the common lands

The portion of such common lands assigned to estate under partition how to be dealt with

যে ভূম্যধিকারিদের স্বার্থ থাকে তাঁহাদিগকে কেবল সেই সাধারণ ভোগ্য ভূমির একি আদিম মহালের সাধারণ ভূম্যধিকারি বলিয়া জ্ঞান হইবে।

কিন্তু দুই কি তদধিক মহালের ভূম্যধিকারিরা সাধারণে যে ভূমি ভোগ করেন এমত ভূমি কোন প্রকারে বিভাগ করিবার যে খরচ হয় তাহা যে মহালের বণ্টন হইতেছে সেই মহাল বণ্টন করিবার খরচ বলিয়া জ্ঞান হইবে ও এই আইনের বিধানমতে সেই মহালের ভূম্যধিকারিদের স্থানে আদায় হইতে পারিবে। ও সেই ভূমিতে অন্য কোন মহালের যে ভূম্যধিকারিদের স্বার্থ থাকে তাঁহাদের সেই খরচের কোন অংশ দিবার আদেশ থাকিবে না ইতি।

১০৭ ধারা। যে মহালের বণ্টন হইতেছে তদ্ভিন্ন কোন মহালের কোন ভূম্যধিকারির ক্লেশজনকরূপে ঐ ভাগ করণ কার্য্যের বাধা দেওয়াতে, কিম্বা উক্ত কোন ভূম্যধিকারির প্রতি যে কার্য্য করিবার আদেশ থাকিল তাঁহার সেই কার্য্য করণের উপযুক্ত যত্ন না থাকাতে ঐ ভাগকরণ কার্য্যের অনাবশ্যকমতে বিলম্ব হইয়াছে ও সেই ভাগ করণের খরচ বৃদ্ধি হইয়াছে, কমিশ্যনর সাহেব কালেক্টর সাহেবের রিপোর্টদ্বারা কিম্বা অন্য কোন প্রকারে ইহা জানিতে পাইলে, ইহার পূর্ব্ব ধারায় ভাবান্তরের কথা থাকিলেও, যে ভূম্যধিকারী ঐ বিলম্বের কি খরচবৃদ্ধির নিমিত্ত দায়ী হন, কমিশ্যনর সাহেব তাঁহার স্থানে যত টাকা আদায় করা উচিত বোধ করেন তত টাকা আদায় করিবার আজ্ঞা করিতে পারিবেন, ও তদ্রূপে যত টাকা আদায় করা যায়, যে মহালের বণ্টন হইতেছে তাহার ভূম্যধিকারিদের ঐ বণ্টনের খরচ বলিয়া দেনা তত টাকা পর্য্যন্ত কমিয়া যাইবে ইতি।

বণ্টনের খরচের একাংশ অন্য২ মহালের অধিকারিদের দিতে হইবার কথা।

১০৮ ধারা। যে মহালের বণ্টন হইতেছে তাহার প্রতি পূর্ব্বোক্তরূপে সাধারণ ভোগ করা ভূমির উপযুক্ত অংশ নিরূপণ হইলে, ঐ নিরূপণপত্র কালেক্টর সাহেবের অনুমোদনার্থে অর্পণ করা যাইবে। কালেক্টর সাহেব তাহা স্থির রাখিতে বা সংশোধন করিতে বা অগ্রাহ্য করিতে পারিবেন। অগ্রাহ্য করিলে ঐ ভূমি পুনরায় নিরূপণ করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

সাধারণে যে ভূমি ভোগ হয় তাহার বণ্টনে কালেক্টর সাহেবের অনুমোদনের অপেক্ষা থাকার কথা।

১০৯ ধারা। যে মহালের বণ্টন হইতেছে কালেক্টর সাহেব সেই মহালের প্রতি উক্ত ভূমির উপযুক্ত অংশাংশ নিরূপণ অনুমোদন করিলেই, যে মহালের বণ্টন হইতেছে ঐ সাধারণ ভূমিতে সেই মহালের যে অধিকারিদের স্বার্থ আছে বলিয়া জানা গেল তাঁহারা যেন ঐ নিরূপিত ভূমি সাধারণে ভোগ করিতেন, এমত জ্ঞান করিয়া ঐ ভূমি লইয়া কার্য্য হইবে ইতি।

যে মহালের বিভাগ হইতেছে তাহার প্রতি ঐ সাধারণ ভূমির যে অংশ নিরূপণ হয় তাহা লইয়া যেরূপে কার্য্য করিতে হইবে তাহার কথা।

110 If a dispute or doubt shall be found to exist as to whether any lands form part of the parent estate, the Deputy Collector shall enquire into the fact of possession, and shall report his conclusions, with the reasons thereof, to the Collector, whereupon

Procedure when dispute exists as to whether any lands form part of the parent estate

the Collector may order that the partition be struck off the file (in which case no application for a partition of the said estate shall be admitted until the applicant can show that the dispute or doubt has been decided by a court of competent jurisdiction, or has been amicably settled),

or if the Collector shall find that possession of the disputed lands is with the proprietors of the parent estate, and if it shall appear to him that the claim of the other parties to the right in such lands is untenable, he may order that the partition shall proceed, and that the disputed lands be treated as part of the estate under partition

Procedure when Collector thinks that lands belong to parent estate

Provided that no partition shall be made under this section, if such partition would involve the assignment to any separate estate of such a quantity of the disputed land that the removal of such land from such estate would, in the opinion of the Collector, endanger the safety of the land revenue for which any separate estate would be liable after the partition

111 If, after a partition has been completed in accordance with an order passed by the Collector under clause three of section 110, the proprietor of any separate estate shall be dispossessed by a decree of a court of competent jurisdiction of any lands which may have been assigned to his estate by the partition, such proprietor shall not be entitled to claim any modification of the partition (which shall hold good), but shall be entitled to recover from the proprietors of the other separate estates formed by the partition such compensation as may be fair and equitable having regard to the reduction in the proportionate value of his separate estate which is caused by such dispossession

Procedure when partition completed and proprietor of an estate dispossessed by order of a competent court

And such compensation may be recovered in a court of competent jurisdiction from the proprietors of those separate estates on which a proportionate share of the total loss caused by the order of dispossession does not fall

১১০ ধারা। কোন ভুমি আদিম মহালের একাংশ কি না এই বিষয় লইয়া বিবাদ কি সংশয় আছে জানা গেলে, ডেপুটী কালেক্টর সেই ভুমির অধিকারবিষয়ক অনুসন্ধান লইয়া আপনার অনুভব ও তাহার কারণ কালেক্টব সাহেবের নিকট রিপোর্ট করিবেন, তাহা হইলে,

কোন ভুমি আদিম মহালের একাংশ কি না এই বিষয়ের বিবাদ থাকিলে কার্য্যপ্রণালীর কথা।

কালেক্টর সাহেব নথীহইতে ঐ বণ্টনের মোকদ্দমা উঠাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা করিলে উক্ত বিবাদ কি সন্দেহ উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে নিষ্পত্তি হইয়াছে কিম্বা আপোসে মিটাইয়া দেওয়া গিয়াছে, প্রার্থক যত দিন ইহা দেখাইতে না পারেন তত দিন ঐ মহাল বণ্টন করিবার কোন প্রার্থনাপত্র গ্রাহ্য হইবে না।

কিম্বা বিবাদীয় ভুমি আদিম মহালের ভুম্যধিকারিদের দখলে আছে, কালেক্টব সাহেব ইহা জানিতে পাইলে, ও ঐ ভুমিব স্বত্বের উপব অন্য ব্যক্তিদেব যে দাওয়া আছে তাহা সাব্যস্ত হইতে পারে না, তিনি এমত জ্ঞান কবিলে, সেই বণ্টনের কার্য্য চলিবার ও যে মহালেব বণ্টন হইতেছে বিবাদীয ভুমি সেই মহালের একাংশস্বরূপ ধরিয়া তৎসংক্রান্ত কার্য্য করিবার আজ্ঞা দিতে পারিবেন।

ভুমি আদিম মহালের অন্তর্গত আছে কালেক্টর সাহেব এমত বোধ করিলে কার্য্য প্রণালীর কথা।

কিন্তু এই ধারামতে বণ্টন কবিতে গেলে, ঐ মহালহইতে বিবাদীয় যত ভুমি পৃথক করিয়া স্বতন্ত্র কোন মহালে নিরূপণ করা যাইবে, তাহাব পরিমাণহেতুক, বণ্টনের পর ভুমির যে রাজস্বেব নিমিত্ত কোন স্বতন্ত্র মহাল দাযি হইত যদি কালেক্টর সাহেবের বিবেচনায় সেই রাজস্বের বিঘ্ন ঘটিবাব সঙ্কট হয, তবে এই ধারামতে বণ্টন করা যাইবে না ইতি।

১১১ ধারা। কালেকটর সাহেব ১১০ ধারার তৃতীয় প্রকবণমতে যে আজ্ঞা করেন, তদনুসারে বণ্টনের কার্য্য সমাপ্ত হইলে পব, ঐ বণ্টন দ্বাবা কোন ভুম্যধিকাবির স্বতন্ত্র মহালের প্রতি যে ভুমি নিরূপণ কবা যায উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতেব ডিক্রীদ্বারা যদি ঐ ভুমিহইতে সেই মহালেব ভুম্যধিকারিকে বেদখল করা গিয়া থাকে, তবে সেই বণ্টনটি প্রবল থাকিবে, ও তাহাব কোনরূপ পবিবর্ত্তন হওযার দাওযা করিতে ঐ ভুম্যধিকারিব স্বত্ব থাকিবে না, কিন্তু উক্ত প্রকাবে বেদখল হওযাতে তাঁহাব স্বতন্ত্র মহালের মূল্য যত দূর কমিযা গেল তদ্বিবেচনায তাঁহার যে হানিপূরণ উপযুক্ত ও ন্যাযানুগত হয, ঐ বণ্টনদ্বারা অন্য যে২ স্বতন্ত্র মহাল করা গেল তাহার ভুম্যধিকাবিদের স্থানে তাহার সেই হানিপূরণ পাইবাব স্বত্ব থাকিবে

বণ্টনের কার্য্য সমাপ্ত হইলে পর উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের আজ্ঞা দ্বারা মহালের অধিকারিকে বেদখল করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

ও ঐ বেদখলের আজ্ঞাক্রমে স্বতন্ত্র যে২ মহালের উপর অংশাংশমতে ক্ষতির একাংশ না পড়ে, ঐ হানিপুরণের টাকা উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে সেই২ মহালের ভুমাধিকারিদের স্থানে আদায় হইতে পারিবে ইতি।

112 When two or more of the separate estates shall consist of the same portions of the parent estate, the Deputy Collector may, if he think proper, direct the parties entitled thereto to draw lots in his presence for the equal separate estates which have been formed by assignment of lands, unless the recorded proprietors of the equal shares shall agree among themselves as to the allotment of the equal separate estate and shall present a petition to that effect, or, unless for any other reason the Deputy Collector shall, with the sanction of the Collector, think proper to assign the equal separate estates to the proprietors of the equal shares without causing lots to be drawn

Lots to be drawn for equal shares

113 When the aggregate of two or more shares equals one other share or equals the aggregate of two or more other shares, the Deputy Collector, with the sanction of the Collector, may cause such aggregate shares to be treated as one share for the purpose of determining by lots as aforesaid how the several separate estates shall be allotted among the several proprietors, and may cause lots to be drawn as often as he shall think proper, in respect of the allotment of such aggregate shares, and for such purpose may decide which separate estates shall be formed into one aggregate share, and after the lots shall have been drawn in respect of such aggregate shares, may order that lots shall again be drawn for the allotment of any equal separate estates between the proprietors of such estates

Drawing of lots when aggregate of two or more shares equals one share.

Provided that lots shall in no case be drawn until after all objections which any proprietor may make as to the papers accepted as the basis of the partition, and as to the assets of the lands which it is proposed to allot to the separate estates respectively, shall have been disposed of

*Illustrations*

1 —The partition of a parent estate is being made into the following shares —

8 annas
4 annas
3 annas
1 anna

For the purposes of drawing lots, the 4 anna, 3 anna, and 1 anna share may be taken together, and considered to be an aggregate 8 annas share

The Deputy Collector will divide the parent estate into two halves of equal value, and will then cause lots to be drawn, in order to determine which of the two halves shall be assigned to the proprietor of the integral 8 annas share, and which shall be divided among the proprietors of the 4 annas, 3 annas, and 1 anna shares

Subsequently, if necessary, the Depu y Collector may again cause lots to be drawn by the proprietor of the 4

১১২ ধারা। দুই কি তদধিক স্বতন্ত্র মহাল আদিম মহালের সমান২ অংশ হইলে, ঐ সমান অংশের লিপিবদ্ধ ভূম্যধিকারিরা যদি আপনাদের মধ্যে ঐ সমান২ স্বতন্ত্র মহাল নিরূপণের বিষয়ে একবাক্য না হন ও সেই মর্ম্মের প্রার্থনাপত্র না দেন, কিম্বা অন্য কোন কারণে যদি ডেপুটী কালেকটর কালেকটর সাহেবের সম্মতিক্রমে গুলিবাঁট না করিয়া সমান অংশের ভূম্যধিকারিদের প্রতি স্বতন্ত্র২ সমান মহাল নিরূপণ করিতে উচিত বোধ না করেন, তবে ডেপুটী কালেকটর উচিত বোধ করিলে, ভূমি নিরূপণ দ্বারা সমান২ যে স্বতন্ত্র মহাল করা গিয়াছে তাহা পাইবার স্বত্ববান ব্যক্তিদিগকে আপনার সাক্ষাতে তাহার নিমিত্ত গুলিবাঁট করিতে আজ্ঞা দিতে পারিবেন ইতি।

সমান২ অংশের নিমিত্ত গুলিবাঁট করিবার কথা।

১১৩ ধারা। দুই কি তদধিক অংশ মোটে যদি অন্য এক অংশের কিম্বা অন্য দুই কি তদধিক অংশের সমান হয়, তবে নানা ভূম্যধিকারিদের মধ্যে স্বতন্ত্র নানা মহাল যেরূপে নিরূপণ করিয়া দেওয়া যাইবে, ইহা পূর্ব্বোক্তমতে গুলিবাঁট করণ দ্বারা নির্ণয় করিবার জন্যে, কালেক্টর সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক ডেপুটী কালেকটর সেই অংশ সমূহ একি অংশের মত লইয়া কার্য্য করিবেন। সেই অংশসমগ্র নিরূপণ করণার্থে যত বার উচিত বোধ করেন তত বার গুলিবাঁট করাইতে পারিবেন। এতদর্থে স্বতন্ত্র যে২ মহাল মোটে এক অংশ-স্বরূপ ধরিতে হইবে, তাহা তিনি নির্দ্ধার্য্য করিয়া মোটে ধরা ঐ২ অংশের নিমিত্ত গুলিবাঁট করা গেলে পর, স্বতন্ত্র সমান২ মহালের অধিকারিদের মধ্যে ঐ২ মহাল নিরূপণ করিয়া দিবার জন্যে পুনরায় গুলিবাঁট করিবার আজ্ঞা দিতে পারিবেন।

দুই কি তদধিক অংশ মোটে এক অংশের তুল্য হইলে গুলিবাঁট করণের কথা।

পরন্তু বণ্টনের মূলস্বরূপ যে সকল কাগজপত্র গ্রাহ্য হয় তদ্বিষয়ে, এবং স্বতন্ত্র২ মহালের প্রতি যে২ ভূমি নিরূপণ করিয়া দিবার প্রস্তাব হয় সেই২ ভূমির উপস্বত্ব বিষয়ে কোন ভূম্যধিকারী আপত্তি করিয়া থাকিলে, সেই সকল আপত্তি যতকাল মিটাইয়া দেওয়া না যায় তত কাল গুলিবাঁট করিতে হইবে না ইতি।

উদাহরণ।

১।—আদিমমহাল বণ্টন হইয়া এই২ অংশ করা যাইতেছে,—

আট আনা।
চারি আনা।
তিন আনা।
এক আনা।

গুলিবাঁট করিবার জন্যে চারি ও তিন ও এক আনা অংশ একত্র ধরিয়া অন্য পূরা আট আনা অংশের তুল্য জ্ঞান করা যাইতে পারিবে।

ডেপুটী কালেক্টর আদিম মহাল সমান মূল্যের দুই ভাগ করিবেন। পরে পূরা আট আনার অংশ যে ভূম্যধিকারির প্রতি নিরূপণ হইবে, এবং অন্য আট আনার অংশ চারি আনার ও তিন আনার ও এক আনার যে ভূম্যধিকারিদের মধ্যে ভাগ করিয়া দিতে হইবে, ইহা নির্ণয় করিবার নিমত্তে গুলিবাঁট করাইবেন।

পরে আবশ্যক হইলে ডেপুটী কালেক্টর পূরা চারি আনার অংশের ভূম্যধিকারিদের ও অন্য চারি আনার অর্থাৎ তিন

annas share on the one hand, and the proprietors of the aggregated share made up by taking together the 3 annas share and the 1 anna share

II.—The partition is being made of a parent estate into the following shares —

6 annas
4 annas
3 annas
2 annas
1 anna

Two tracts in the estate may first be marked off, the value of each being equivalent to a 6 annas share and then, for the purpose of drawing lots, in respect of the assignment of these two tracts, the 4 annas share and the 2 annas share may be taken together as an aggregate 6 annas share, and lots may be drawn between the proprietors of the aggregated share so formed on the one hand, and the proprietor of the integral 6 annas share on the other

One of the two 6 annas tracts having thus been finally assigned to the proprietor of the integral 6 annas share, the Deputy Collector will proceed to assign the rest of the estate among the remaining sharers, and he may again, for the purpose of causing lots to be drawn, mark off two tracts, the value of each of which shall be equivalent of five annas of the parent estate, and may cause lots to be drawn for these two tracts between the proprietors of the 4 anna share and the 1 anna share taken together as an aggregate 5 annas share on the one hand, and the proprietors of the 3 annas share and the 2 annas share taken together as another 5 annas share on the other

Finally their separate estates will be assigned to the proprietor of the 4 annas share, and of the 1 anna share respectively, within the tract which fell to them jointly by lot, and their separate estates will be assigned to the proprietors of the 3 annas share and of the 2 annas share respectively within the tract which fell to them jointly by lot

## PART IX

### OF THE PROCEDURE BEFORE THE COMMISSIONER UP TO THE FINAL COMPLETION OF THE PARTITION AND SEPARATION

If no appeal presented Commissioner may consider the case without issue of notice

**114** If no appeal or objection shall be presented to the Commissioner within the time allowed by section 82, the Commissioner may proceed to consider the case without issue of any notice, and may confirm the partition made by the Collector

Commissioner to fix a day for hearing case

**115** If it shall appear to the Commissioner that the proceedings of the Collector should be amended, or if a petition of appeal or objection shall have been presented within the period allowed by section 82, the Commissioner shall fix a day for hearing and disposing of the case, and shall cause a notification of the same to be published, and a notice of the same to be posted up in his own office

[*Government Gazette*, 6*th June* 1876]

আনার ও এক আনার অংশের ভূম্যধিকারিদের গুলিবাঁট করাইবেন।

২।—আদিম মহাল এই২ অংশমতে বিভাগ করা যাইতেছে —

ছয় আনা।
চারি আনা।
তিন আনা।
দুই আনা।
এক আনা।

মহালের ছয়২ আনা অংশের সমান মূল্যের দুই খণ্ড প্রথমে ধরা যাইবে, পরে ঐ দুই খণ্ড কাহাদের প্রতি নিরূপণ করা যাইবে এতদুপলক্ষে গুলিবাঁট করিবার নিমিত্তে চারি আনার এবং দুই আনার মোটে ছয় আনার অংশ একত্র ধরা যাইবে। ও সেই প্রকারে মোটে ধরা অংশের অধিকারিদের ও পুরা ছয় আনা অংশের অন্য অধিকারিদের মধ্যে গুলিবাঁট করা যাইবে।

এই প্রকারে ছয়২ আনার দুই খণ্ডের মধ্যে এক খণ্ড পুরা ছয় আনা অংশের ভূম্যধিকারির প্রতি চূড়ান্তরূপে নিরূপণ করা গেলে পর ডেপুটী কালেক্টর অন্য অংশিদের মধ্যে মহালের অবশিষ্টাংশ নিরূপণ করিতে প্রবর্ত্ত হইয়া পুনশ্চ গুলিবাঁট করিবার জন্যে আদিম মহালের পাঁচ২ আনার সমান মূল্যের আর দুই খণ্ড করিয়া চারি আনার ও এক আনার মোটে পাঁচ আনার দুই অংশ একত্র ধরিয়া ও তিন আনার ও দুই আনার মোটে পাঁচ আনার অন্য এক খণ্ড একত্র ধরিয়া ভূম্যধিকারিদের মধ্যে গুলিবাঁট করাইবেন।

শেষে চারি আনার ও এক আনার অংশ গুলিবাঁট করণ সময়ে একত্র যে ভূম্যধিকারিদের নামে পড়িল তাঁহাদের প্রতি ঐ২ স্বতন্ত্র মহাল নিরূপণ করিবেন। এবং তিন আনার ও দুই আনার অংশ গুলিবাঁট করণসময়ে একত্র যে অধিকারিদের নামে পড়িল তাঁহাদের প্রতি ঐ২ স্বতন্ত্র মহাল নিরূপণ করিবেন ইতি।

## ৯ নবম অধ্যায়।

### বণ্টন ও বিভাগকরা কার্য্য শেষে সমাধা হওন পর্য্যন্ত কমিশ্যনর সাহেবের সম্মুখে কার্য্যপ্রণালীবিষয়ক বিধি।

আপীল উপস্থিত করা না গেলে কমিশ্যনর সাহেবের নোটিস না দিয়া বিষয় বিবেচনা করিবার কথা।

১১৪ ধারা। ৮২ ধারায় যে সময়ের অনুমতি হইয়াছে, সেই সময়ের মধ্যে কমিশ্যনর সাহেবের নিকট আপীল কি আপত্তি উপস্থিত করা না গেলে, তিনি কোন নোটিস প্রচার না করিয়া ঐ বিষয় বিবেচনা করিতে প্রবর্ত্ত হইবেন, ও কালেক্টর সাহেবের বণ্টনপত্র স্থির রাখিতে পারিবেন ইতি।

মোকদ্দমা শুনিবার দিন কমিশ্যনর সাহেবের নিরূপণ করিবার কথা।

১১৫ ধারা। কালেক্টর সাহেবের আনুষ্ঠানিক কার্য্য সংশোধন করা উচিত, কমিশ্যনর সাহেব এমত জ্ঞান করিলে, কিম্বা ৮২ ধারায় যে সময়ের অনুমতি হইয়াছে সেই সময়ের মধ্যে আপীলের কি আপত্তির দরখাস্ত উপস্থিত করা গেলে, কমিশ্যনর সাহেব মোকদ্দমা শুনিবার ও নিষ্পত্তি করিবার দিন নিরূপণ করিয়া তাহার জ্ঞাপনপত্র প্রকাশ করাইবেন, ও আপনার কাছারীঘরে তাহার নোটিস লাগাইয়া দিবেন ইতি।

116 On the day so fixed, which shall not be less than thirty days after the publication of the said notification at the office of the Collector, or on any subsequent day to which the hearing of the case may extend, or on any subsequent day to which the hearing may have been postponed by a notice published in his own office, the Commissioner shall, after hearing and disposing of all objections, and calling for any further information or enquiry which may be necessary, either confirm the partition as proposed by the Collector or modify the same, or return the papers of the partition to the Collector for any changes the Commissioner may think proper to be made

Commissioner to confirm, modify, or return petition

If the partition is returned to the Collector for amendment, the Collector shall proceed to make the said amendments, or to cause them to be made, in the same manner as if he had himself passed such orders on a partition submitted to him for approval by a Deputy Collector

117 The Commissioner may, before confirming a partition, return the papers for amendment or inquiry as often as he shall think fit, and as often as he shall so return them, the procedure prescribed in the last preceding section shall be followed

Commissioner may return papers for amendment or inquiry

118 After the expiration of not less than sixty days from the date of the order of the Commissioner confirming a partition, or if an appeal has been preferred to the Board, or if any proceedings in respect of the partition be pending before the Board, then, on receipt of the final order of the Board determining that the partition as sanctioned by the Commissioner shall not be disturbed, the Collector shall cause to be published in his office, and in some conspicuous place in each of the estates separately constituted by such order, a notice that the partition has been finally confirmed as it was sanctioned by the Commissioner, or with any amendments or alterations, as the case may be

Procedure by Collector on receipt of order of Commissioner or of Board of Revenue on appeal

১১৬ ধারা। কালেকুটর সাহেবের কাছারীঘরে ঐ জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর ত্রিশ দিনের অন্যূন যে দিন উক্ত প্রকারে নির্দ্ধাবিত হয সেই দিনে, কিম্বা মোকদ্দমা শুনিবার নিমিত্ত তৎপশ্চাৎ কোন দিন স্থির করা গেলে সেই দিনে, কিম্বা কমিশ্যনর সাহেবের কাছারিতে নোটিস প্রচার হইযা তৎপশ্চাৎ অন্য যে দিন পর্য্যন্ত ঐ মোকদ্দমা শ্রবণের কার্য্য স্থগিত থাকে সেই দিনে, কমিশ্যনর সাহেব সকল আপত্তি শুনিয়া নিষ্পত্তি করিলে পর, ও আর যে সন্ধান পাওযা কি অনুসন্ধান লওয়া আবশ্যক তাহা আনাইযা কি লওয়াইয়া, কালেকুটর সাহেবের প্রস্তাবিতমতে বণ্টনপত্র অনুমোদন করিবেন কিম্বা তাহা মতান্তর করিবেন, অথবা তাঁহার বিবেচনায় যে২ প্রকারে পরিবর্ত্তন হওযা উচিত তাহা করিবার নিমিত্ত কালেকুটর সাহেবের নিকট ঐ বণ্টনের পত্রাদি ফিরিয়া দিতে পারিবেন।

ঐ দরখাস্ত কমিশ্যনর সাহেবের অনুমোদন কি মতান্তর করিবার কি ফিরিয়া দিবার কথা।

বণ্টনপত্র সংশোধন করিবার নিমিত্ত কালেকুটর সাহেবকে ফিরিয়া দেওযা গেলে, ডেপুটী কালেকুটর তাঁহার অনুমোদনের জন্যে বণ্টনপত্র অর্পণ করিলে তিনি পূর্ব্বোক্তরূপ আজ্ঞা করিলে যে প্রকারে কার্য্য করিতেন, সেই প্রকারে আপনি ঐ পত্র পূর্ব্বোক্তমতে সংশোধন করিবেন কিম্বা করাইযা লইবেন ইতি।

১১৭ ধারা। বণ্টনপত্র অনুমোদন করিবার পূর্ব্বে কমিশ্যনর সাহেব যতবার উচিত বোধ করেন, ততবার সংশোধন করিবার বা অনুসন্ধান লইবার জন্যে পত্রাদি ফিরিয়া দিতে পারিবেন। ও যতবার ফিরিযা দেন ততবার ইহার পূর্ব্ব বিধানের নির্দ্দিষ্ট প্রণালীমতে কার্য্য করা যাইবে ইতি।

সংশোধন করিবার কি অনুসন্ধান লইবার নিমিত্ত কমিশ্যনর সাহেবের পত্রাদি ফিরিয়া দিবার কথা।

১১৮ ধারা। কমিশ্যনর সাহেব যে তারিখে বণ্টনপত্রের অনুমোদনসূচক আজ্ঞা করেন সেই তারিখ অবধি অন্যূন ষাইট দিন গত হইলে পর, কিম্বা বোর্ডের নিকট আপীল উপস্থিত করা গেলে, কিম্বা বোর্ডের সম্মুখে বণ্টন বিষযক কোন আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত থাকিলে, কমিশ্যনর সাহেব যে বণ্টনপত্র অনুমোদন করিলেন তাহাই প্রবল থাকিবে কালেকুটর সাহেব বোর্ডের এই নির্ণয়সূচক চূড়ান্ত আজ্ঞা পাইলে পর, কমিশ্যনর সাহেব যে বণ্টনপত্র অনুমোদন করিলেন তাহাই কিম্বা বিষযবিশেষে সংশোধন কি পরিবর্ত্তন করিযা তাহা চূড়ান্তরূপে অনুমোদন করা গেল, কালেকুটর সাহেব এই মর্ম্মের নোটিস আপন কাছারীঘরে, ও সেই আজ্ঞাক্রমে যে২ স্বতন্ত্র মহাল করা গেল সেই প্রত্যেক মহালের কোন প্রকাশস্থানে প্রচার করাইবেন।

আপীল হইলে কমিশ্যনর সাহেব কি রেবিনিউ বোর্ড যে আজ্ঞা করেন কালেক্টর সাহেব তাহা পাইলে তাঁহার কার্য্যপ্রণালীর কথা।

If the partition as finally sanctioned involves any amendments which may conveniently be made on the extracts of the partition papers and on any maps which have been prepared and delivered or offered by notice to the recorded proprietors as required by section 77 or section 83, the Collector shall cause a notice to be served on every recorded proprietor whose estate is affected by such amendments, requiring him to produce such extracts and maps, in order that such amendments may be noted on them,

and if the alterations made in the partition as finally sanctioned be such as to make it desirable to prepare fresh extracts and maps as aforesaid, the Collector shall cause such fresh extracts and maps to be prepared, and shall cause a notice to be served on each proprietor declaring the extract and map which was furnished or offered to him under section 77 or section 83, as the case may be, to be cancelled, and requiring him to take out of the Collector's office such fresh extract and map

Procedure as to giving possession of separated estates

119 The Collector shall then proceed to give the several proprietors possession of the separate estates allotted to each, and, if necessary, may require the assistance of the Magistrate in giving such possession,

and shall cause to be served on every recorded proprietor of a separate estate, a notice that, from the date specified in such notice, the separate estate assigned to him (as described in the extract from the partition paper prepared and delivered or offered to him under section 77, section 83, or section 118, as the case may be) will be deemed to be separated from the parent estate, and to be separately liable for the amount of land revenue specified in such notice, and shall call upon him to enter into a separate engagement for the payment of such revenue

Time of service of notice under preceding section.

120 The date specified in such notice shall not be more than three months after the proprietors have been put in possession of their respective separate estates as herein provided

Each separate estate to be borne on the revenue roll as separately liable for revenue assessed upon it

121 From the date specified in such notice, each separate estate shall be borne on the revenue roll and general register of the Collector as a distinct estate separately liable for the amount of land revenue assessed upon it under this Act, and

চূড়ান্তরূপে যে বণ্টনের অনুমোদন হইল, তাহার মধ্যে যদি কোন কথা সংশোধন করিতে হয়, এবং ৭৭ কিম্বা ৮৩ ধারামতে ঐ বণ্টনপত্রের যে চুম্বকপত্র ও যে কোন নকশা প্রস্তুত হইয়া লিপিবদ্ধ ভূম্যধিকারিদিগকে দেওয়া যায় কিম্বা নোটিসক্রমে দিবার প্রস্তাব হয়, সেই পত্রে কি নকশায় যদি সুবিধামতে উক্ত সংশোধন করা যাইতে পারে, তবে সংশোধনীয় সেই কথাদ্বারা লিপিবদ্ধ যে প্রত্যেক ভূম্যধিকারির মহালের লাভাদি হয়, কালেক্টর সাহেব তাঁহার নামে নোটিস দিয়া, সংশোধনীয় কথা লিখিবার নিমিত্ত ঐ চুম্বকপত্র ও নকশা আনিয়া দিতে আদেশ করিবেন।

এবং চূড়ান্তরূপে যে বণ্টনপত্রের অনুমোদন হইল, তাহার মধ্যে যে২ কথার পরিবর্ত্তন হইয়াছে, তৎপ্রযুক্ত পূর্ব্বোক্তপ্রকারের নূতন চুম্বকপত্র ও নকশা প্রস্তুত করা বিহিত হইলে, কালেক্টর সাহেব সেই নূতন চুম্বকপত্র ও নকশা প্রস্তুত করাইবেন। ও প্রত্যেক জন ভূম্যধিকারির নামে নোটিস দিয়া ৭৭ ধারামতে কিম্বা বিষয় বিশেষে ৮৩ ধারামতে তাঁহাকে যে চুম্বকপত্র ও নকশা দেওয়া গেল বা দিবার প্রস্তাব হইল তাহা অন্যথা হইয়াছে বলিয়া তাঁহাকে কালেক্টর সাহেবের কাছারীহইতে ঐ নূতন চুম্বকপত্র ও নক্‌শা লইয়া যাইবার আদেশ করিবেন ইতি।

পৃথককরা মহালের দখল দেওয়াইবার কার্য্যপ্রণালীর কথা।

১১৯ ধারা। পরে যে ভূম্যধিকারির প্রতি স্বতন্ত্র যে মহাল নিরূপণ করা যায়, কালেক্টর সাহেব তাঁহাকে সেই মহালের দখল দেওয়াইতে প্রবর্ত্ত হইবেন, ও আবশ্যক হইলে দখল দেওয়াইবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের সাহায্য লইবেন।

ও স্বতন্ত্র মহালের লিপিবদ্ধ প্রত্যেক ভূম্যধিকারির নামে এই মর্ম্মের নোটিস দেওয়াইবেন যে, ৭৭ ধারা, কিম্বা বিষয়বিশেষে ৮৩ ধারা কিম্বা ১১৮ ধারামতে বণ্টনপত্রের যে চুম্বকপত্র প্রস্তুত হইয়া তাহাকে দেওয়া গেল বা দিবার প্রস্তাব হইল, তন্মধ্যে তাঁহার প্রতি অর্পিত যে স্বতন্ত্র মহালের নির্দ্দেশ আছে, ঐ নোটিসের নির্দ্ধারিত তারিখ অবধি সেই মহাল আদিম মহালহইতে স্বতন্ত্র বলিয়া জ্ঞান হইবে, ও সেই নোটিসে ভূমির যত টাকা রাজস্ব নির্দ্দিষ্ট হইল তাহার জন্যে ঐ মহাল স্বতন্ত্ররূপে দায়ী হইবে ও তাঁহার প্রতি ঐ রাজস্ব দিবার স্বতন্ত্র বন্দোবস্ত করিবার আদেশ থাকিবে ইতি।

ইহার পূর্ব্ব ধারামত নোটিস প্রচার করিবার সময়ের কথা।

১২০ ধারা। ঐ নোটিসে যে দিন নির্দ্দিষ্ট থাকে, এই আইনের বিধানমতে ভূম্যধিকারিদিগকে আপনং স্বতন্ত্র মহালের দখল দেওয়াইবার তিন মাসের অধিক সেই দিন হইবে না ইতি।

স্বতন্ত্র প্রত্যেক মহালের যত রাজস্ব ধার্য্য হয় তত রাজস্বের দায়ি বলিয়া ঐ মহাল তৌজীতে লিখিবার কথা।

১২১ ধারা। স্বতন্ত্র প্রত্যেক মহালের উপর এই আইনমতে ভূমির যত রাজস্ব ধার্য্য হয়, ঐ নোটিসের নির্দ্ধারিত তারিখ অবধি ঐ২ মহাল তত টাকা রাজস্বের দায়ি বলিয়া স্বতন্ত্র মহালস্বরূপ কালেক্টর সাহেবের তৌজীতে ও সাধারণ

shall be so liable whether the proprietor have executed an agreement for the payment of the amount of land revenue so assessed upon the said estate, or whether he shall have failed to execute such agreement

রেজিষ্টরী বহীতে লেখা যাইবে। এবং উক্ত মহালের উপর ভূমির যত টাকা রাজস্ব ধার্য্য হইল ভূম্যধিকারী তত টাকা দিবার বন্দোবস্ত করিলেও কিম্বা তদ্রূপ বন্দোবস্তপত্র করিতে ত্রুটি করিলেও ঐ মহাল তত টাকা রাজস্বের দায়ী হইবে ইতি।

Collector may direct the construction of boundary marks.

122 The Collector may direct the construction of such boundary marks as he may think proper to distinguish the lands of each separate estate, and the cost of such boundary marks shall be deemed to be expenses of the partition

সীমার চিহ্ন স্থাপন করিবার আজ্ঞা কালেক্টর সাহেবের করিতে পারিবার কথা।

১২২ ধারা। কালেক্টর সাহেব স্বতন্ত্র প্রত্যেক মহালের ভূমি চিনিবার জন্যে সীমার যদ্রূপ চিহ্ন দেওয়া উচিত বোধ করেন তদ্রূপ চিহ্ন স্থাপন করিবার আজ্ঞা দিতে পারিবেন, ও সীমার সেই২ চিহ্নের খরচ বণ্টনের খরচ বলিয়া জ্ঞান হইবে।

Boundary marks erected under this Act shall be assigned to zemindars, or to zemindars jointly with tenure-holders, for preservation, as provided in the second clause of section 29, Bengal Act V of 1875 (*the Bengal Survey Act*, 1875), and after they have been so assigned, the provisions of sections 19, 20, and 52 to 57 (both inclusive) of the said Act shall apply to such boundary marks.

এই আইনমতে সীমার যে চিহ্ন স্থাপন করা যায় তাহা রক্ষা করিবার জন্যে বঙ্গদেশীয় জরীপ করণ বিষয়ক ১৮৭৫ সালের বঙ্গীয় ৫ আইনের ২৯ ধারার দ্বিতীয় প্রকরণমতে জমীদারদের প্রতি কিম্বা তালুকদারদের সহিত জমীদারদের প্রতি অর্পণ করা যাইবে, ও তদ্রূপে অর্পণ করা গেলে পরে ঐ সীমার চিহ্নের প্রতি ঐ আইনের ১৯ ও ২০ ও ৫২ অবধি ৫৭ পর্য্যন্ত সকল ধারার বিধান খাটিবে ইতি।

---

## PART X

### MISCELLANEOUS

## ১০ দশম অধ্যায়।

### বিবিধ বিধি।

Any point may be referred to arbitration

123 The Deputy Collector, with the consent of all the parties concerned, may refer to arbitration any point arising in the course of a partition, and the provisions of Part VIII shall, as far as possible, be applicable to such references

কোন বিষয় সালীসীতে অর্পণ করিতে পারা যাইবার কথা।

১২৩ ধারা। বণ্টন করণ সময়ে কোন কথা উত্থাপন হইলে, ডেপুটী কালেক্টর ঐ ব্যাপার সংক্রান্ত সকল ব্যক্তির সম্মতিক্রমে তাহা সালীসীতে অর্পণ করিতে পারিবেন। অর্পণ হইলে তৎপ্রতি অষ্টম অধ্যায়ের বিধান যত দূর খাটিতে পারে খাটিবে ইতি।

Case of proprietor who has created a tenure

124 If any proprietor of an estate held in common tenancy brought under division under the provisions of this Act shall have given his share or a portion of it in patni or other tenure or lease, such tenure or lease shall hold good, as regards the lands finally allotted to the share of the lessor, and only as to such land

ভূম্যধিকারী তালুক করিয়া দিলে তদ্বিষয়ের কথা।

১২৪ ধারা। যে মহালের সাধারণ ভোগ হইতেছে তাহা এই আইনের বিধানমতে বিভাগ করিতে উপস্থিত করা গেলে, সেই মহালের কোন ভূম্যধিকারী যদি আপনার হিস্যা কি অংশ পত্তনী কি অন্য প্রকারের পাট্টা দিয়া থাকেন, তবে ঐ পাট্টাদারি ব্যক্তির অংশে যে ভূমি শেষে নিরূপণ করিয়া দেওয়া যায় সেই ও কেবল সেই ভূমির পক্ষে ঐ পাট্টা প্রবল থাকিবে ইতি।

*Illustrations*

I — *A*, the proprietor of a quarter share in a joint undivided estate held in common tenancy, gives to *B* a patni tenure of the whole of his interest in the estate, entitling *B*, as long as such estate is held in common tenancy, to collect one-fourth of the rent payable by every ryot on the estate;

Partition of the said estate is made under this Act, and certain specific lands are assigned to *A* as his separate estate,

উদাহরণ।

১।—একমালী অবিভক্ত যে মহালের সাধারণ ভোগ হইতেছে তাহার চতুর্থাংশের ভূম্যধিকারি আমদ ঐ মহালে আপনার সমুদয় স্বত্ব পত্তনী তালুক করিয়া বলরামকে দিলেন, তৎপ্রযুক্ত যত দিন ঐ মহালের সাধারণ ভোগ হইয়া থাকে তত দিন বলরাম মহালের প্রত্যেক জন রায়তের খাজানার চতুর্থাংশ আদায় করিতে স্বত্ববান ছিলেন।

এই আইনমতে ঐ মহালের বণ্টন করা গেলে, বিশেষ২ কএক খণ্ড ভূমি আমদের স্বতন্ত্র মহাল বলিয়া তাঁহার প্রতি নিরূপণ করা যায়।

*B* will become patnidar of the entire separate estate which has been assigned to *A*, and will be entitled to collect the whole of the rents from the ryots on that estate

যে স্বতন্ত্র মহাল আমানের প্রতি নিরূপণ করা গেল বলরাম সেই সম্পূর্ণ মহালের পত্তনিদার হইয়া ঐ মহালের প্রজাদের সমস্ত খাজানা আদায় করিয়া লইতে পারিবেন।

II.—*A*, the proprietor of a quarter share in a joint undivided estate held in common tenancy, gives to *B* a patni tenure of one-half of his share in the estate, entitling *B*, as long as such estate is held in common tenancy, to collect one eighth of the rent payable by every ryot on the estate,

২।—একমালী অবিভক্ত যে মহালের সাধারণ ভোগ হইতেছে তাহার চতুর্থাংশের ভূম্যধিকারী আমন্দ ঐ মহালে আপন অংশের অর্দ্ধাংশ পত্তনী তালুক করিয়া বলরামকে দিলেন তৎপ্রযুক্ত যত দিন ঐ মহালের সাধারণ ভোগ হইয়া থাকে তত দিন বলরাম মহালের প্রত্যেক জন রায়তের খাজানার অষ্টমাংশ আদায় করিতে স্বত্ববান হন।

Partition of the estate is made under the Act, and certain specific lands are assigned to *A* as his separate estate,

এই আইনমতে ঐ মহালের বণ্টন করা গেলে, বিশেষং কএক খণ্ড ভূমি আমন্দের স্বতন্ত্র মহাল বলিয়া তাঁহার প্রতি নিরূপণ করা যায়।

*B* will become patnidar of one half of *A's* separate estate, and will hold his patni in common tenancy with the half of *A's* interest which *A* has not given in patni, so that *B* will be entitled to collect one-half of the rent payable by every ryot on *A's* estate, and *A* will be entitled to collect the other half

এমন স্থলে বলরাম আমানের স্বতন্ত্র মহালের অর্দ্ধেকের পত্তনীদার হইয়া আমন্দের স্বার্থের যে অর্দ্ধাংশ পত্তনীস্বরূপ দেওয়া যায় নাই তাহার সহিত আপন পত্তনীর সাধারণ ভোগ করিয়া আমন্দের মহালের প্রত্যেক জন রায়তের খাজানার অর্দ্ধেক ও আমন্দ অন্য অর্দ্ধেক আদায় করিবার স্বত্ববান হইবেন।

Two estates may be united

**125** If two or more estates shall come into the possession of one proprietor, or of the same body of proprietors, such proprietor or body of proprietors, after being recorded as proprietors, may apply to have such estates united, and to hold them as a single estate

দুই মহাল সংযুক্ত হইতে পারিবার কথা।

১২৫ ধারা। দুই কি তদধিক মহাল একি ভূম্যধিকারির কিম্বা ভূম্যধিকারিদের একি দলের অধিকারে আইলে, সেই ভূম্যধিকারী কি ভূম্যধিকারিগণ ভূম্যধিকারী বলিয়া লিপিবদ্ধ করা গেলে পর, সেইং মহাল সংযুক্ত হইয়া একি মহালস্বরূপ ভোগ করিবার অনুমতি প্রার্থনা করিতে পারিবেন ইতি।

Application for such union how to be made, and how to be dealt with

**126** Such application shall be made in writing to the Collector, and the Collector shall, not less than thirty days after the issue of a notification of such application (provided he see no objection), comply with the same, and cause the necessary entries to be made in the records of his office, and shall report the case to the Commissioner

সংযোগ করিবার প্রার্থনা যেরূপে করিতে হইবে ও তাহা লইয়া যরূপ কার্য্য হইবে তাহার কথা।

১২৬ ধারা। কালেক্টর সাহেবের নামে পত্র লিখিয়া ঐ প্রার্থনা করিতে হইবে, কালেক্টর সাহেব ঐ প্রার্থনা হওয়ার জ্ঞাপনপত্র প্রকাশ করিলে পর অন্যূন ত্রিশ দিন থাকিয়া কোন আপত্তি না জানিলে সেই প্রার্থনানুসারে কার্য্য করিয়া, আপন কার্য্যালয়ের কাগজপত্রের মধ্যে প্রয়োজনমতে কথা লেখাইয়া, কমিশ্যনর সাহেবের নিকট সেই কথার রিপোর্ট করিবেন ইতি।

Cause of sale of a separate estate for arrears to be ascertained

**127** Whenever any separate estate created under this Act shall fall in arrear so as to require a sale of the land for the discharge of the arrear at any period within twelve years of the date of the confirmation of the partition, the Collector shall, if possible, ascertain the cause of the estate having fallen into arrear, and shall enquire whether such arrear has been caused by any fraudulent or erroneous allotment of the assessment or assignment of lands at the time of the partition, shall make a report upon the case to the Commissioner for such action as the said Commissioner may think proper

স্বতন্ত্র মহাল বাকীর নিমিত্ত নিলাম হইলে তাহার কারণ নিশ্চয়মতে জানিতে হইবার কথা।

১২৭ ধারা। এই আইনমতে যে স্বতন্ত্র মহাল করা যায় তাহার বাকী পড়াতে, বণ্টন অনুমোদন হইবার তারিখঅবধি দ্বাদশ বৎসরের মধ্য কোন সময়ে বাকী শোধের নিমিত্তে নিলাম করিবার প্রয়োজন হইলে, কালেক্টর সাহেব ঐ মহালের রাজস্ব বাকী পড়িবার কারণ সাধ্যমতে জানিতে চেষ্টা করিয়া, বণ্টনকরণ সময়ে রাজস্বের অংশ নিরূপণে কি ভূমি নিরূপণে প্রতারণা কি ভ্রমহেতুক ঐ বাকী পড়িয়াছে কি না ইহার অনুসন্ধান লইয়া, কমিশ্যনর সাহেব তৎসম্পর্কে যে কার্য্য করিবার আজ্ঞা দিতে পারেন, ইহা জানিবার নিমিত্ত তাঁহার নিকট ঐ ব্যাপারের রিপোর্ট করিবেন ইতি।

[*Government Gazette*, 6th June 1876.]

128 If it shall be proved to the satisfaction of the Lieutenant-Governor at any time within twelve years from the date of confirmation of a partition that through any fraud or error at the time of making the partition the assets of the lands assigned to any separate estate were not in proportion to the amount of land revenue for which such estate was made liable, or that the amount of land revenue assessed on any separate estate was not in proportion to the assets of the lands assigned to such estate, the Lieutenant-Governor may order a new allotment of the land revenue upon the separate estates in accordance with the principles prescribed in this Act, on an estimate of the assets of each such estate as they stood at the time of the partition, such estimate being made on such evidence and information as may be procurable respecting the same

In certain cases Lieutenant Governor may order a new allotment of the land revenue

১২৮ ধারা। বন্টন করিবার সময়ে প্রতারণা কি ভ্রম হওয়াতে, স্বতন্ত্র কোন মহালের পক্ষে ভূমির যে উপস্বত্ব ধার্য্য হইয়াছিল ঐ মহাল যত টাকা রাজস্বের দায়ি করা গেল তত টাকা অনুযায়ি ঐ উপস্বত্ব ধার্য্য হয় নাই, কিম্বা কোন স্বতন্ত্র ভূমির যত টাকা রাজস্ব ধার্য্য হইল তাহা ঐ মহালের প্রতি অর্পিত ভূমির উপস্বত্বের অনুযায়ি হয় নাই, বন্টন অনুমোদন করিবার তারিখঅবধি দ্বাদশ বৎসরের মধ্য কোন সময়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সন্তোষমতে এই কথার প্রমাণ করা গেলে, তিনি এই আজ্ঞা করিতে পারিবেন যে, বন্টন করণ সময়ে উক্ত প্রত্যেক মহালের যে উপস্বত্ব ছিল, তদ্বিষয়ের যে প্রমাণ ও সন্ধান পাওয়া যাইতে পারে, তদনুসারে ঐ উপস্বত্বের হিসাব ধরিয়া এই আইনের নির্দ্দিষ্ট নিয়মানুসারে উক্ত স্বতন্ত্র২ মহালের ভূমির রাজস্ব পুনরায় ধার্য্য হয় ইতি।

স্থলবিশেষে ভূমির রাজস্ব নূতন নিরূপণ করিতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা করিতে পারিবার কথা।

129 Whenever the Lieutenant-Governor shall pass an order for the re-allotment of the land revenue on any separate estates under the last preceding section, the Lieutenant-Governor may direct that the proprietors whose estates are found to have been under-assessed shall, for each year during which they have held possession of the separate estates, be required to pay to the recorded proprietors of the estates which have been over-assessed a sum equal to the annual amount in which the latter shall be found to have been over-assessed, and in default of payment the amount shall be leviable as provided in section 134

Under-assessed estates to make refund to over assessed estates

No order passed by the Lieutenant-Governor under this section shall be liable to be contested in any court

১২৯ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ইহার পূর্ব্ব ধারামতে স্বতন্ত্র কোন মহালের ভূমির রাজস্ব পুনরায় ধার্য্য করিবার আজ্ঞা করিলে, তিনি এই আজ্ঞাও করিতে পারিবেন যে, কোন২ মহালের কম ও কোন২ মহালের অতিরিক্ত রাজস্ব ধার্য্য হইয়া থাকিলে, যাহার কম রাজস্ব ধার্য্য হইল তাহার ভূম্যধিকারিরা যত বৎসর ঐ স্বতন্ত্র মহাল অধিকার করিয়া ভোগ করিলেন তাহার প্রত্যেক বৎসরের নিমিত্ত, অতিরিক্ত রাজস্বের মহালের বৎসর২ যত টাকা অতিরিক্ত ধার্য্য হইল ঐ মহালের লিপিবদ্ধ ভূম্যধিকারিকে তত টাকা দিবার আদেশ থাকে। না দিলে ১৩৪ ধারার বিধানমতে ঐ টাকা আদায় হইতে পারিবে।

যে মহালের কম রাজস্ব ধার্য্য হইয়াছে অতিরিক্ত রাজস্বের মহালের প্রতি তাহার টাকা ফিরিয়া দিবার কথা।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই ধারামতে যে আজ্ঞা করেন, কোন আদালতে তাহার প্রতিবাদ হইতে পারিবে না ইতি।

130 Every notification required to be published in and by this Act shall, unless otherwise specially directed, be published by posting up copies of the same at the office of the Collector, and of the Deputy Collector who is making or has made the partition, at the mâl cutcherry or mâl cutcherries (if any) of the proprietors of the parent estate, and at one or more of the principal villages on the said estate

Publication of notification under this Act

১৩০ ধারা। এই আইনে ও এই আইনদ্বারা যে জ্ঞাপনপত্র প্রকাশ করিবার আদেশ থাকে, প্রকারান্তরের স্পষ্ট আজ্ঞা না থাকিলে, কালেক্টর সাহেবের কাছারীতে ও যে ডেপুটী কালেক্টর বন্টন করিতেছেন কি করিয়াছেন তাহার কাছারীতে ও আদিম মহালের ভূম্যধিকারিদের মালকাছারী থাকিলে তথায় ও উক্ত মহালের অন্তর্গত এক কি কএক প্রধান২ গ্রামে ঐ জ্ঞাপনপত্রের নকল লাগাইয়া তাহা প্রচার করা যাইবে ইতি।

এই আইনমতে জ্ঞাপনপত্র প্রকাশ করিবার কথা।

131 Every notice in and by this Act required to be served on any person may be served—

Service of notice

(1) by delivering the same to the person to whom it is directed, or, on failure of

১৩১ ধারা। এই আইনে ও এই আইনদ্বারা কোন ব্যক্তির প্রতি যে নোটিস দিতে হইবে তাহা এই২ প্রকারে দেওয়া যাইতে পারিবে,—

নোটিস জারী করিবার কথা।

(১) যে ব্যক্তির নামে দেওয়া গেল তাঁহাকেই দেওয়া যাইতে পারিবে, তাঁহাকে দেওয়া

such service, by posting the same on some conspicuous part of the house in which the said person usually resides, or by delivering the said notice to a general agent of the person to whom such notice is directed, or to any person who has been appointed in that behalf, or who has been appointed an agent of the person to whom the notice is directed for the general purposes of any partition under this Act, or

(2) by sending a registered letter containing such notice directed to the said person at his usual place of abode or to the place where he may be known to be residing, or

(3) by posting a copy of the notice at any mâl cutcherry of the person to whom the notice is directed, or, if no such mâl cutcherry be found, on some conspicuous place on the estate to which such notice relates

In all cases where two or more persons are joint applicants for the separation of an estate to be held by them jointly as a separate estate, service of notice under this section on any one such joint applicant shall be deemed to be good and sufficient service on each and all of such joint applicants

No proceedings under this Act to be affected by any mistake or misdescription

132 Provided the directions of this Act be in substance and effect complied with, no proceedings under this Act shall be affected by reason of any mistake or by reason of any other informality, unless any person has suffered, or is in danger of suffering, material injury in consequence of such mistake or informality, and no proceedings under this Act shall be affected by reason of the omission to issue any notification required by this Act, or to serve any notice on any person whose name is not recorded on the Collector's registers as proprietor of the estate in respect of which the notice is required to be served

Power of Collector to enforce attendance of witnesses

133 For the purpose of any enquiry under this Act, the Collector and Deputy Collector shall, in addition to every power conferred specially by this Act, have power to summon and enforce the attendance of witnesses, to examine witnesses, and to compel the production of documents by the same means (as far as

যাইতে না পারিলে, তিনি নিয়ত যে ঘরে বাস করেন তাহার কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে, কিম্বা যাঁহার নামে দেওয়া গেল তাঁহার কোন আমমোক্তারকে কিম্বা তৎপক্ষে অন্য যে ব্যক্তি নিযুক্ত হইলেন তাঁহাকে, কিম্বা যে ব্যক্তির নামে নোটিস দেওয়া যায় তিনি এই আইনমতে বণ্টনের সাধারণ কার্য্য পক্ষে যাঁহাকে মোক্তারস্বরূপ নিযুক্ত করিলেন তাঁহাকে দেওয়া যাইবে। অথবা

(২) ঐ নোটিস রেজিষ্টরী পত্রে দিয়া তাঁহার শিরনামা লিখিয়া তিনি যে স্থানে নিয়ত বাস করেন কিম্বা তাঁহার যে নিবাস জানা আছে তথায় পাঠান যাইবে, কিম্বা

(৩) যাঁহার নামে নোটিস দেওযা গেল তাঁহার মালকাছারী থাকিলে সেই কাছারী ঘরে ঐ নোটিসের নকল লাগাইয়া দেওয়া যাইবে, ও মালকাছারী পাওয়া না গেলে যে মহালের বিষয়ে নোটিস হইল সেই মহালের কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে।

দুই কি তদধিক ব্যক্তি মহাল বিভাগ করিয়া স্বতন্ত্র মহালস্বরূপ সাধারণে ভোগ করিবার জন্যে একত্র প্রার্থনা করিলে, এই ধারামত ঐ নোটিস একত্র প্রার্থকদের কোন এক জনকে দেওয়া গেলে ঐ সাধারণ প্রত্যেক জন প্রার্থককে ও সকল প্রার্থককে উপযুক্তমতে দেওয় গেল এমত জ্ঞান করিতে হইবে ইতি।

কোন ভুল কি বর্ণনার ভ্রমপ্রযুক্ত এই আইনমত আনুষ্ঠানিক কার্য্যের ব্যাঘাত না হওয়ার কথা।

১৩২ ধারা। এই আইনের বিধানের ভাব ও মর্ম্মানুসারে কার্য্য করা গেলে, কোন ভুল হইলেও কিম্বা দাঁড়ার কোন ব্যতিক্রম হইলেও যদি তদ্দ্বারা কোন ব্যক্তির গুরুতর হানি না হয় কি হানির সঙ্কট না জন্মে, তবে সেই ভুম কি দাঁড়ার ব্যতিক্রমহেতুক এই আইনমত আনুষ্ঠানিক কোন কার্য্যের ব্যাঘাত হইবে না। এবং এই আইনমতে কোন জ্ঞাপনপত্র প্রকাশ করিবার আদেশ থাকিলেও যদি তাহা প্রচার করিবার ত্রুটি হয়, কিম্বা যে মহালের বিষয়ে নোটিস দিবার আদেশ হইল কালেক্টর সাহেবের রেজিষ্টরী বহীতে সেই মহালের ভূম্যধিকারী বলিয়া যাঁহার নাম লিপিবদ্ধ না থাকে তাঁহাকে যদিও নোটিস দেওয়া না যায়, তথাপি এই আইনমত আনুষ্ঠানিক কোন কার্য্যের ব্যাঘাত হইবে না ইতি।

সাক্ষিদিগকে কালেক্টর সাহেবের উপস্থিত করাইবার ক্ষমতার কথা।

১৩৩ ধারা। এই আইনমতে কোন অনুসন্ধান লইবার জন্যে কালেক্টর সাহেবের ও ডেপুটী কালেক্টরের প্রতি যেং ক্ষমতা বিশেষমতে প্রদান করা গেল, তদ্ভিন্ন দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনমতে আদালত যেং উপায় দ্বারা ও যে প্রকারে সাক্ষিদিগকে উপস্থিত করাইতে ও দলীল আনাইতে পারেন, যত দূর

may be], and in the same manner as is provided in the case of a Court under the Code of Civil Procedure

134 If any proprietor or other person shall fail to comply within the time fixed by a notice served on him as by this Act provided, with any requisition made upon him under this Act by the Collector or Deputy Collector, the Collector or Deputy Collector may impose upon him such daily fine as he may think fit, not exceeding fifty rupees, and such fine shall be payable daily until the requisition is complied with, and the Collector or Deputy Collector may proceed from time to time to levy the amount which has become due in respect of any such fine, notwithstanding that an appeal against the order imposing such fine may be pending,

Fine in case of non compliance with notice or requisition

Provided that whenever the amount levied under any such order shall have exceeded five hundred rupees, the Collector shall report the case specially to the Commissioner and no further levy in respect of such fine shall be made otherwise than by authority of the Commissioner

135 Whenever any local enquiry may be held by the Deputy Collector or any other officer, in consequence of an objection raised by any person to any record of measurements, rent rolls, or other information which has been laid before the Deputy Collector, the Deputy Collector may declare the cost which has been incurred by such enquiry, and may direct that the entire cost so declared shall be paid by the person making the objection or by any one of the proprietors, or that such cost shall be paid in such proportions as he shall think fit, by the said person and the proprietors or any of them, or that such cost be deemed a part of the cost of making a partition as prescribed in section 39

Deputy Collector may declare cost of local enquiry

136 Except as herein expressly otherwise provided, all fees, fines, costs, and other sums ordered to be paid by any person under this Act, shall be deemed to be a demand under section 1 of Bengal Act VII of 1868 (*an Act to make further provision for the recovery of arrears of land revenue and public demands recoverable as arrears of land revenue*), and shall be leviable as such

Fees, &c, to be deemed a demand under Bengal Act VII of 1868

হইতে পারে তত দূর ঐ কালেকটর সাহেব ও ডেপুটী কালেকটরও সেই২ উপায় দ্বারা ও সেই প্রকারে সাক্ষিদের নামে সমন দিয়া তাঁহাদিগকে বল পুর্ব্বক উপস্থিত করাইতে ও তাঁহাদের সাক্ষ্য লইতে ও দলীল বলপুর্ব্বক আনাইতে পারিবেন ইতি।

১৩৪ ধারা। কালেকটর সাহেব কিম্বা ডেপুটী কালেক্টর এই আইনমতে কোন ভূম্যধিকারিকে কি অন্য ব্যক্তিকে কোন কর্ম্ম করিবার আদেশ করিলে, ও এই আইনের বিধানমতে তাঁহাকে নোটিস দেওয়া গেলেও সেই নোটিসের নিরূপিত সময়ের মধ্যে ঐ আদেশানুসারে কার্য্য করা না গেলে, কালেকটর সাহেব কিম্বা ডেপুটী কালেকটর পঞ্চাশ টাকার অনধিক যত টাকা উচিত বোধ করেন তাঁহার তত টাকা দৈনিক অর্থদণ্ড ধার্য্য করিতে পারিবেন। ও সেই আদেশমতে কার্য্য না হওনপর্য্যন্ত ঐ অর্থদণ্ড দিন২ দিতে হইবে, ও ঐ অর্থদণ্ড হেতুক যে টাকা দেনা হয়, সেই অর্থদণ্ড ধার্য্য করার আজ্ঞার উপর আপীল উপস্থিত করা গেলেও, কালেকটর সাহেব কিম্বা ডেপুটী কালেকটর সময়ে২ তাহা আদায় করিতে প্রবর্ত্ত হইতে পারিবেন।

নোটিস কি আদেশানুসারে কার্য্য না হইলে অর্থদণ্ডের কথা।

পরন্তু উক্ত প্রকারের কোন আজ্ঞাক্রমে পাঁচ শত টাকার অধিক আদায় করা গেলে পর, কালেকটর সাহেব কমিশ্যনর সাহেবের নিকট সেই বিষয়ের বিশেষ রিপোর্ট করিবেন, এবং কমিশনর সাহেবের আজ্ঞা না হইলে সেই অর্থদণ্ডহেতুক আর টাকা আদায় হইবে না ইতি।

১৩৫ ধারা। ডেপুটী কালেক্টরের সম্মুখে ভূমির যে চিঠা কি মফঃসল জমার যে ফর্দ্দ কি অন্য যে সন্ধান অর্পণ করা যায় তদ্বিষয়ে কোন ব্যক্তি আপত্তি করাতে, যদি ডেপুটী কালেক্টরের কি অন্য কার্য্যকারকের দ্বারা স্থানবিশেষের কোন অনুসন্ধান লওয়া গিয়া থাকে, তবে সেই অনুসন্ধান লওনের দ্বারা যত টাকা খরচ লাগে ডেপুটী কালেক্টর তাহা নির্দ্দেশ করিয়া, যে ব্যক্তি আপত্তি করিলেন তাঁহার কিম্বা কোন এক জন ভূম্যধিকারির, কিম্বা তিনি অংশাংশমতে যত টাকা উচিত বোধ করেন উক্ত ব্যক্তির ও ভূম্যধিকারিদের কিম্বা তাঁহাদের কোন ব্যক্তির সেই অংশমতে ঐ খরচের সমুদয় টাকা দিতে আদেশ করিতে পারিবেন, কিম্বা ৩৯ ধারার বিধানমতে ঐ খরচ বণ্টনের খরচের একাংশ বলিয়া জ্ঞান করিবার আজ্ঞা করিবেন ইতি।

স্থানবিশেষে অনুসন্ধান লওয়ার খরচ ডেপুটী কালেক্টরের প্রকাশ করিবার কথা।

১৩৬ ধারা। এই আইনে প্রকারান্তরের স্পষ্ট বিধান না থাকিলে, এই আইনমতে কোন ব্যক্তির যে সকল ফী ও অর্থদণ্ড ও খরচ ও অন্য টাকা দিবার আজ্ঞা হয়, তাহা বঙ্গদেশীয় ১৮৬৮ সালের ৭ আইনের (অর্থাৎ ভূমির বাকী রাজস্ব ও অন্য যে রাজকীয় দাওয়া বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে তাহা আদায় করিবার আরো বিধান করণার্থ আইনের) ১ ধারামত দাওয়া বলিয়া জ্ঞান হইবে, ও তদনুসারে আদায় করা যাইবে ইতি।

ফী প্রভৃতি বঙ্গদেশীয় ১৮৬৮ সালের ৭ আইনমত দাওয়া বলিয়া জ্ঞান করিবার কথা।

137 All powers and functions which are assigned by this Act to a Deputy Collector may be exercised and discharged by the Collector, and whenever it is provided by this Act that any act done, or order made by a Deputy Collector shall require the sanction of the Collector, or shall be appealable to the Collector, if such act shall have been done or such order shall have been made by the Collector, it shall be deemed to have been sanctioned by the Collector, or to have been confirmed by the Collector in appeal, as the case may be

Powers and functions assigned to Deputy Collector may be exercised by Collector

১৩৭ ধারা। এই আইনক্রমে ডেপুটী কালেক্টরের প্রতি যে সকল ক্ষমতা ও যে২ কার্য্য অর্পণ করা গেল, কালেক্টর সাহেব সেই২ ক্ষমতামতে সেই২ কার্য্য নির্ব্বাহ করিতে পারিবেন। আরও এই আইনের বিধানমতে ডেপুটী কালেক্টরের যে কার্য্যে কালেক্টর সাহেবের অনুমোদনের অপেক্ষা থাকে কিম্বা তাঁহার যে আজ্ঞার উপর কালেক্টর সাহেবের নিকট আপীল হইতে পারে, কালেক্টর সাহেব সেই কার্য্য কিম্বা সেই আজ্ঞা করিলে সেই কার্য্যটি তাঁহার অনুমোদিত বলিয়া ও সেই আজ্ঞা আপীলক্রমে তাঁহার দৃঢ়ীকৃত বলিয়া জ্ঞান হইবে ইতি।

ডেপুটী কালেক্টরের প্রতি যে২ ক্ষমতা ও কার্য্য অর্পিত হইল কালেক্টর সাহেবের তদনুসারে কার্য্য করিতে পারিবার কথা।

138 An appeal, if presented within one month from the date of the order appealed against, shall lie to the Collector against every order of a Deputy Collector

Appeal to the Collector

(a) accepting or adopting any papers as correct under section 61 for the purposes of the partition,

(b) refusing, under section 66, to confirm a partition made by the parties or by arbitrators,

(c) refusing, under section 98, to make a partition as applied for by the joint applicants,

(d) passed under section 104 in respect of lands held rent-free or under section 105 in respect of lands included in a tenure,

(e) imposing a fine under section 134,

(f) directing, under section 135, by whom the costs of an enquiry held in consequence of an objection preferred shall be paid

১৩৮ ধারা। ডেপুটী কালেক্টর নিম্নলিখিত কোন আজ্ঞা করিলে সেই আজ্ঞার তারিখ অবধি এক মাসের মধ্যে কালেক্টর সাহেবের নিকট সেই আজ্ঞার উপর আপীল হইতে পারিবে,—

কালেক্টর সাহেবের নিকট আপীলের কথা।

(ক) বণ্টনের কার্য্যপক্ষে ৬১ ধারামতে কোন কাগজপত্র ঠিক বলিয়া গ্রাহ্য কি স্বীকার করিবার আজ্ঞা।

(খ) ৬৬ ধারামতে উভয় পক্ষের কি সালীসদের বণ্টন স্থির রাখিতে সম্মত না হওয়ার আজ্ঞা।

(গ) ৯৮ ধারামতে সাধারণ প্রার্থকদের প্রার্থনানুসারে বণ্টন করিতে সম্মত না হওয়ার আজ্ঞা।

(ঘ) নিষ্কর ভূমি বিষয়ে ১০৪ ধারামত আজ্ঞা, কিম্বা তালুকের অন্তর্গত ভূমি বিষয়ে ১০৫ ধারামত আজ্ঞা।

(চ) ১৩৪ ধারামতে অর্থদণ্ড ধার্য্য করিবার আজ্ঞা।

(ছ) আপত্তি উপস্থিত হওয়াতে যে অনুসন্ধান লওয়া যায় তাহার খরচ যাঁহার দিতে হইবে, ১৩৫ ধারামতে ইহার আজ্ঞা ইতি।

139 An appeal, if presented to the Commissioner, or to the Collector for transmission to the Commissioner, within one month from the date of the order appealed against, shall lie to the Commissioner against every order of the Collector (whether such order be passed by the Collector in the first instance, or in appeal from the order of a Deputy Collector)

Appeal to the Commissioner

(a) having the effect of rejecting an application for the partition of an estate, or for the separation of a share, or of putting an end to proceedings for effecting a partition or separation after the application has been admitted,

(b) directing, under section 31, that an application for partition or separation be admitted,

(c) accepting or adopting any papers, under section 61, for the purposes of a partition,

১৩৯ ধারা। কালেক্টর সাহেব নিম্নলিখিত যে২ আজ্ঞা করেন তাহা প্রথম স্থলেই কালেক্টর সাহেবের আজ্ঞা হইলে কিম্বা ডেপুটী কালেক্টরের আজ্ঞার উপর আপীল হইয়া সেই আজ্ঞা হইলেও তাহার তারিখ অবধি এক মাসের মধ্যে কমিশ্যনর সাহেবের নিকটে সেই আজ্ঞার উপর আপীল উপস্থিত করা যাইতে পারিবে, কিম্বা কমিশ্যনর সাহেবের নিকট অর্পণ করিবার জন্যে কালেক্টর সাহেবের নিকট উপস্থিত করা যাইতে পারিবে।

কমিশ্যনর সাহেবের নিকট আপীলের কথা।

(ক) যে আজ্ঞার ফলে মহাল বণ্টন করিবার কিম্বা তাহার এক অংশ স্বতন্ত্র করিবার প্রার্থনা অগ্রাহ্য হয়, কিম্বা প্রার্থনা গ্রাহ্য হইলে পর বণ্টন কি স্বতন্ত্র করণার্থে কার্য্য রহিত করিবার প্রার্থনা অগ্রাহ্য হয় সেই আজ্ঞা।

(খ) ৩১ ধারামতে বণ্টন কি স্বতন্ত্র করিবার প্রার্থনা গ্রাহ্য করিবার আজ্ঞা।

(গ) ৬১ ধারামতে বণ্টনের কার্য্যপক্ষে কোন কাগজপত্র গ্রাহ্য কি স্বীকার করিবার আজ্ঞা।

(*d*) refusing under section 66 to confirm a partition made by the parties or by arbitrators,

(*e*) setting aside, or approving the general arrangement of the partition under section 73,

(*f*) approving with or without amendment, a partition made by a Deputy Collector, or directing such partition to be amended, or making a fresh partition under section 79,

(*g*) refusing under section 96 or 98 to allow a partition to be made in accordance with an existing private division,

(*h*) passed under section 104 in respect of lands held rent-free, or under section 105, in respect of lands included in tenures,

(*i*) approving or disallowing, under section 108, the allotment to the estate under partition of a portion of land held in common tenancy between the proprietors of such estate and the proprietors of one or more other estates,

(*j*) passed under section 110,

(*k*) imposing or confirming the imposition of a fine under section 134,

(*l*) imposing any fine amounting to more than fifty rupees, or directing the payment of any costs amounting to more than fifty rupees

**140** An appeal, if presented to the Board, or to the Commissioner for transmission to the Board, within six weeks from the date of the order appealed against, shall lie to the Board against every order of the Commissioner which confirms, modifies, or reverses any order of the Collector

Appeal to the Board of Revenue

(*a*) having the effect of rejecting an application for the partition of an estate, or for the separation of a share, or of putting an end to proceedings for effecting a partition or separation after the application has been admitted,

(*b*) directing, under section 31, that an application for partition or separation be admitted,

(*c*) accepting or adopting any papers under section 61 for the purposes of a partition,

(*d*) allotting, under section 108, or approving the allotment to the estate under partition, of a portion of lands held in common tenancy between the proprietors of such estate and the proprietors of one or more other estates, or disallowing such allotment,

and against every order of the Commissioner

(*e*) directing, under section 39, that any proprietor shall pay more than his proportionate

(ঘ) উভয় পক্ষ কি সালীসেরা যে বন্টনপত্র করেন ৬৬ ধারামতে তাহা স্থির করিতে সম্মত না হওযার আজ্ঞা।

(চ) ৭৩ ধারামতে বন্টন করিবার সাধারণ নিয়ম অগ্রাহ্য কি অনুমোদন করিবার আজ্ঞা।

(ছ) ডেপুটী কালেক্টর যে বন্টনপত্র করেন, ৭৯ ধারামতে তাহা সংশোধন করিযা কি সংশোধন বিনা অনুমোদন করণের, কিম্বা সেই বন্টনপত্র সংশোধন করিবার আদেশ দেওনের কিম্বা নূতন বন্টনপত্র করণের আজ্ঞা।

(জ) আপোসে যে বিভাগ হইযা আছে, তদনুসারে বন্টন হইবার অনুমতি দেওনে ৯৬ কি ৯৮ ধারামতে সম্মত না হওযার আজ্ঞা।

(ঝ) ১০৪ ধারামতে নিষ্কর ভূমি বিষযক কিম্বা ১০৫ ধারামতে তালুকের অন্তর্গত ভূমি বিষযক আজ্ঞা।

(ট) যে মহালের বন্টন হইতেছে তাহার ভূম্যধিকারিদের ও অন্য এক কি কএক মহালের ভূম্যধিকারিদের মধ্যে যে ভূমির সাধারণ ভোগ হইতেছে ১০৮ ধারামতে সেই ভূমির একাংশ ঐ বন্টনীয মহালে নিরূপণ হওযা অনুমোদন করণের কি না করণের আজ্ঞা।

(ঠ) ১১০ ধারামত আজ্ঞা।

(ড) ১৩৪ ধারামতে অর্থদণ্ড ধার্য্য করণের কিম্বা যে অর্থদণ্ড ধার্য্য হইল তাহা স্থির করণের আজ্ঞা।

(ঢ) পঞ্চাশ টাকার অধিক অর্থদণ্ড ধার্য্য করণের কিম্বা পঞ্চাশ টাকার অধিক খরচ দিবার আদেশ করণের আজ্ঞা ইতি।

১৪০ ধারা। কমিশ্যনর সাহেবের নিম্নলিখিত যে আজ্ঞাক্রমে কালেক্টর সাহেবের কোন আজ্ঞা স্থির কি মতান্তর কি অসিদ্ধ করা যায, সেই আজ্ঞার তারিখঅবধি ছয সপ্তাহের মধ্যে সেই আজ্ঞার উপর বোর্ডে আপীল উপস্থিত করা যাইতে কিম্বা বোর্ডে পাঠাইবার জন্যে কমিশ্যনর সাহেবের নিকট উপস্থিত করা যাইতে পারিবে।

রেবিনিউ বোর্ডে আপীলের কথা।

(ক) যে আজ্ঞার গুণে, মহাল বন্টন করিবার কি একাংশ স্বতন্ত্র করিবার প্রার্থনা অগ্রাহ্য হয, কিম্বা প্রার্থনা গ্রাহ্য হইলে পর বন্টন কি স্বতন্ত্র করণার্থ কার্য্য রহিত করা যায সেই আজ্ঞা।

(খ) ৩১ ধারামতে বন্টন কি স্বতন্ত্র করিবার প্রার্থনা গ্রাহ্য করণের আজ্ঞা।

(গ) ৬১ ধারামতে বন্টনের কার্য্যের নিমিত্ত কোন কাগজপত্র গ্রাহ্য কি স্বীকার করণের আজ্ঞা।

(ঘ) যে মহালের বন্টন হইতেছে তাহার ভূম্যধিকারিদের ও অন্য এক কি কএক মহালের ভূম্যধিকারিদের মধ্যে যে ভূমির সাধারণ ভোগ হইতেছে, ১০৮ ধারামতে সেই ভূমির একাংশ ঐ বন্টনীয মহালে নিরূপণ করণের, কিম্বা নিরূপণ হওযা অনুমোদন না করণের আজ্ঞা।

এবং কমিশ্যনর সাহেবের এই২ আজ্ঞার উপর,—

(চ) অংশাংশমতে কোন ভূম্যধিকারির বন্টনের খরচের যে অংশ দেওযা উচিত তদপেক্ষা তাঁহার পাঁচ

hare of the expenses of a partition, when the excess which he is ordered to pay amounts to more than five hundred rupees,

(*f*) directing, under section 107, that any sum shall be paid by the proprietor of an estate other than the estate under partition, when such sum exceeds five hundred rupees,

(*g*) confirming, under section 114 or section 116, or modifying or setting aside under section 116, a partition and separation as made or approved by a Collector,

(*j*) imposing, or confirming the imposition of any fine, amounting to five hundred rupees, or ordering or confirming an order directing the payment of any costs amounting to more than five hundred rupees

**141** Except as provided in sections 138, 139, and 140, no appeal shall lie as of right against any order passed under this Act by any officer, but the proceedings and orders of every Deputy Collector under this Act shall be subject to the supervision and control of the Collector, the proceedings and orders of every Deputy Collector and of the Collector to the supervision and control of the Commissioner, and the proceedings and orders of all revenue officers to the supervision and control of the Board,

No appeal to lie against any order passed under this Act

and any order passed and anything done under this Act may be modified, amended, or reversed by the supervising and controlling authority at any time before possession of their respective separate estates has been given to the several proprietors as provided in section 118, but not after such possession has been given, except as provided in the next succeeding section

**142** Any proceedings of a revenue officer connected with giving possession to the proprietors of their respective separate estates as provided in section 118, may be set aside or amended as above provided by any supervising and controlling revenue authority provided that such supervising and controlling authority shall within three months of the date on which such possession may have been given, make an order to the effect that such proceedings are under the consideration of such authority

Proceedings connected with giving possession may be set aside within three months of date of giving possession

Such order shall be communicated to the Collector of the district, who shall cause the same to be published by notification in the manner provided by section 130

[*Government Gazette* 6*th June* 1876 ]

শত টাকাব অধিক দিবার আজ্ঞা হইলেও ৩৯ ধারা-মতে তাহাব সেই অধিকাংশ দিবার আজ্ঞা।

(ছ) যে মহালেব বণ্টন হইতেছে তদ্ভিন্ন কোন মহালের ভূম্যধিকারির ১০৭ ধারামতে পাঁচ শত টাকার অধিক দিবার যে আজ্ঞা হয় সেই আজ্ঞা।

(জ) কালেক্টর সাহেব যে বণ্টনপত্র ও পৃথককরণ-পত্র করিলেন বা অনুমোদন করিলেন ১১৪ কিম্বা ১১৬ ধারামতে তাহা স্থির রাখিবাব কিম্বা ১১৬ ধারামতে তাহা মতান্তব কি অসিদ্ধ করিবার আজ্ঞা।

(ঝ) পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড ধার্য্য করণের আজ্ঞা কিম্বা যে আজ্ঞামতে ঐ দণ্ড ধার্য্য হইল তাহা দৃঢ়ীকরণের আজ্ঞা, কিম্বা পাঁচ শত টাকাব অধিক খরচ দিবাব আজ্ঞা করণের কিম্বা দৃঢ়ী করণের আজ্ঞা ইতি।

১৪১ ধারা। এই আইনমতে কোন কর্তৃপক্ষ যে আজ্ঞা করেন তাহাব উপর ১৩৮ ও ১৩৯ ও ১৪০ ধারার নির্দ্দিষ্টস্থলভিন্ন আপীল করিবার স্বত্ব নাই। কিন্তু এই আইনমতে প্রত্যেক ডেপুটী কালেকটর যে কার্য্যানুষ্ঠান ও যে আজ্ঞা করেন তাহা কালেকটর সাহেবের তত্ত্বাধীন ও কর্তৃত্বাধীন থাকিবে। প্রত্যেক ডেপুটী কালেকটরের ও কালেকটর সাহেবের আনুষ্ঠানিক কার্য্য ও আজ্ঞা কমিশনর সাহেবের তত্ত্বাধীন ও কর্তৃত্বাধীন থাকিবে, ও রাজস্ব সংক্রান্ত সকল কর্তৃপক্ষের আনুষ্ঠানিক কার্য্য ও আজ্ঞা বোর্ডের তত্ত্বাধীন ও কর্তৃত্বাধীন থাকিবে।

এই আইনমতে যে আজ্ঞা করা যায় তাহার উপর আপীল হইতে না পারিবার কথা।

এবং এই আইনমতে যে কোন আজ্ঞা ও যে কোন কার্য্য করা যায়, ১১৮ ধারার বিধানমতে নানা ভূম্যধিকারিদিগকে আপনং স্বতন্ত্র মহালের দখল দেওযার পূর্ব্বে কোন সময়ে তত্ত্বাবধাযি ও কর্তৃত্বকারি কর্তৃপক্ষ দ্বারা সেই আজ্ঞা কি কার্য্য মতান্তব কি সংশোধন কি অসিদ্ধ করা যাইতে পারিবে। কিন্তু ইহার পশ্চাৎ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন দখল দেওযার পর হইতে পারিবে না ইতি।

১৪২ ধারা। ১১৮ ধারার বিধানমতে ভূম্যধিকারিদিগকে আপনং স্বতন্ত্র মহালের দখল দেওয়ার যে কার্য্যানুষ্ঠান হয়, সেই দখল দেওযার তারিখ অবধি তিন মাসের মধ্যে, রাজস্বসংক্রান্ত তত্ত্বাবধাযি ও কর্তৃত্বকারি কার্য্যকারক সেই আনুষ্ঠানিক কার্য্য আপনার বিবেচনাধীন আছে বলিয়া আজ্ঞা প্রকাশ করিলে, তিনি পূর্ব্বোক্ত বিধান মতে সেই আনুষ্ঠানিক কার্য্য অসিদ্ধ কিম্বা সংশোধন করিতে পারিবেন।

দখল দেওনসম্পর্কে যে কার্য্যানুষ্ঠান হয় দখল দিবার তারিখের পর তিন মাসের মধ্যে তাহা অসিদ্ধ হইতে পারিবার কথা।

ঐ আজ্ঞা জিলার কালেকটর সাহেবের নিকট জ্ঞাত করা যাইবে, ও তিনি জ্ঞাপনপত্র দ্বারা ১৩০ ধারার বিধানমতে ঐ আজ্ঞা প্রকাশ করাইবেন ইতি।

143 The Commissioner and the Board may pass such orders as they shall think fit in respect of the payment of costs of any appeal which is made to them respectively under this Act

Orders as to costs on appeals

১৪৩ ধারা। এই আইনমতে কমিশনের সাহেবের নিকটে আপীল হইলে তিনি, ও বোর্ডের নিকট আপীল হইলে সেই বোর্ডের সাহেবেরা ঐ আপীলের খরচ দেওনের বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

আপীল হইলে খরচার আজ্ঞার কথা।

144 The Government may vest any Collector or Deputy Collector with all or any of the powers which, under the provisions of any law for the time being in force, might be exercised by them respectively, or might be conferred on them respectively if they were making a settlement of the parent estate

Government may vest Collector or Deputy Collector with certain powers

১৪৪ ধারা। কোন কালেকটর সাহেব কিম্বা ডেপুটী কালেকটর আদিম মহালের বন্দোবস্ত করিলে, যৎকালের প্রচলিত যে আইনঅনুসারে তাঁহারা যেং ক্ষমতামতে কার্য্য করিতে পারেন কিম্বা তাঁহাদের প্রতি যেং ক্ষমতার্পণ হইতে পারে, গবর্ণমেণ্ট তাঁহাদের প্রতি সেই সকল কিম্বা তন্মধ্য কোনং ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

কালেকটর সাহেবের কি ডেপুটী কালেকটরের প্রতি গবর্ণমেণ্টের কোনং ক্ষমতা প্রদান করিতে পারিবার কথা।

Such powers may be conferred either generally in respect of all estates in the partition of which the Collector or Deputy Collector may at any time and in any district be engaged, or specially in respect of any particular estate

ঐ কালেকটর সাহেব কিম্বা ডেপুটী কালেকটর কোন সময়ে কোন জিলার মধ্যে যে সকল মহালের বণ্টন কার্য্যে নিযুক্ত থাকেন, ঐং ক্ষমতা সাধারণভাবে সেই সকল মহালের উপলক্ষে, কিম্বা বিশেষমতে কোন বিশেষ মহালের উপলক্ষে তাঁহারদের প্রতি প্রদান করা যাইতে পারিবে ইতি।

145 The provisions of this Act may, in so far as the same are applicable, be applied, upon order of the Board or of a court of competent jurisdiction, to the partition of any landed property held free from the payment of Government revenue, which is recorded in the Collector's register of revenue free lands as a separate revenue free property

Provisions of Act may be applied to partition of estates held free from payment of revenue

১৪৫ ধারা। যে ভূসম্পত্তি গবর্ণমেণ্টের রাজস্ব হইতে মুক্ত হইয়া ভোগ হইয়া থাকে, ও কালেক্টরের নিষ্কর ভূমির রেজিষ্টরী বহীতে স্বতন্ত্র নিষ্কর সম্পত্তি বলিয়া লিপিবদ্ধ থাকে, বোর্ডের সাহেবদের কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের আজ্ঞা হইলে, সেই ভূসম্পত্তির বণ্টনের প্রতি এই আইনের বিধান যত দূর খাটিতে পারে খাটান যাইতে পারিবে ইতি।

যে মহাল নিষ্কররূপে ভোগ হইয়া থাকে তাহারও বণ্টনের প্রতি এই আইনের বিধান খাটাইতে পারিবার কথা।

146 If, in any case in which a Collector or other officer shall exercise jurisdiction under this Act, any person is guilty of the offence of giving or fabricating false evidence, or of forgery, as defined in the Indian Penal Code, or of abetting any of those offences, such Collector or other officer shall have the same powers in respect of such offence, and of the person charged with committing the same, as are vested by the Code of Criminal Procedure in a civil court, when any such offence is committed before or against such court, or when a document believed to be a forgery is given in evidence in any proceedings in such court

Powers of officers exercising jurisdiction under this Act with regard to false evidence

১৪৬ ধারা। এই আইনমতে কালেকটর সাহেব কিম্বা অন্য কর্ত্তৃপক্ষ যে মোকদ্দমায় বিচারাধিপত্য করেন, সেই মোকদ্দমায় যদি কোন ব্যক্তি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের নির্ণীত অর্থানুসারে মিথ্যা সাক্ষ্য দেওনের কি প্রস্তুত করণের কিম্বা জালকরণের কিম্বা ঐং অপরাধের সহায়তা করণের অপরাধী হইয়া থাকে, তবে দেওয়ানী আদালতের সম্মুখে কি তাহার বিপক্ষে তদ্রূপ কোন অপরাধ করা গেলে, কিম্বা ঐ আদালতের কোন কার্য্যানুষ্ঠান সময়ে যাহা জাল করা বোধ হয় এমত দলীল প্রমাণস্বরূপ উপস্থিত করা গেলে, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে ঐ আদালতের প্রতি যেং ক্ষমতা প্রদান করা গেল, উক্ত অপরাধ বিষয়ে ও যে ব্যক্তির নামে ঐ অপরাধের অভিযোগ হয় সেই ব্যক্তির বিষয়ে ঐ কালেক্টর সাহেবের কি অন্য কর্ত্তৃপক্ষের সেইং ক্ষমতা থাকিবে ইতি।

এই আইনমতে যে কার্য্যকারকদের বিচারাধিপত্য থাকে মিথ্যা সাক্ষ্য বিষয়ে তাঁহাদের ক্ষমতার কথা।

Orders of revenue officer which are not liable to be set aside by civil suit

**147** No order of a revenue officer

(*a*) refusing to allow a partition on the grounds mentioned in section 11, or section 14,

(*b*) rejecting or directing to be amended an application under section 20,

(*c*) made under the first clause of section 32,

(*d*) made under Part IV, Part V, Part VI, or Part VII,

(*e*) made under Part VIII (except as provided in the next succeeding section),

(*f*) confirming, amending, or returning for amendment under section 116 or section 117, a partition made by a Collector or a Deputy Collector,

(*g*) giving possession of a separate estate under section 118,

(*h*) directing the construction or maintenance of boundary marks under section 122,

(*i*) imposing a fine,

(*j*) directing that any sum shall be paid by any person under section 135,

(*k*) in respect of the payment of costs of any appeal under section 143,

shall be liable to be contested or set aside by a suit in any court, or in any manner other than as is expressly provided in this Act

When suit may be brought to set aside order of revenue officer

**148** Notwithstanding anything contained in clause (*e*) of the last preceding section

any person claiming a greater interest in any lands which were held in common tenancy between two or more estates than has been assigned to him by the order of a revenue officer under section 106 or section 108,

and any person who is aggrieved by any order of a revenue officer passed under section 110,

may bring a suit in a court of competent jurisdiction to modify or set aside such orders of the revenue officer

Board of Revenue to be guided by instructions of Local Government

**149** In the execution of the duties vested in the Board by this Act, the Board shall be guided by such orders or instructions as they may from time to time receive from the Lieutenant Governor, to

রাজস্ব সংক্রান্ত কার্য্যকারকদের যেং আজ্ঞা দেওয়ানী মোকদ্দমা করিয়া অসিদ্ধ করা যাইতে না পারে তাহার কথা।

১৪৭ ধারা। রাজস্ব সংক্রান্ত কোন কার্য্যকারকের এইং আজ্ঞা,—

(ক) ১১ ধারার কিম্বা ১৪ ধারার উল্লিখিত কারণে বণ্টন হইবার অনুমতি দেওনে সম্মত না হওযার আজ্ঞা।

(খ) ২০ ধারামত প্রার্থনাপত্র অগ্রাহ্য করিবার কি সংশোধন করণের আদেশরূপ আজ্ঞা।

(গ) ৩২ ধারার প্রথম প্রকরণমত আজ্ঞা।

(ঘ) চতুর্থ কি পঞ্চম কি ষষ্ঠ কি সপ্তম অধ্যাযমত আজ্ঞা।

(চ) ইহার পশ্চাৎ ধারার নির্দ্দিষ্ট স্থল ভিন্ন অষ্টম অধ্যাযমত আজ্ঞা।

(ছ) কালেক্‌টর সাহেব কিম্বা ডেপুটী কালেকটর যে বণ্টনপত্র করেন, ১১৬ বা ১১৭ ধারামতে তাহা দৃঢ় কি সংশোধন করণের কিম্বা সংশোধনার্থে ফিরিয়া দেওনের আজ্ঞা।

(জ) ১১৮ ধারামতে স্বতন্ত্র মহালের দখল দেওয়ার আজ্ঞা।

(ঝ) ১২২ ধারামতে সীমার চিহ্ন স্থাপন কি রক্ষা করিবার আজ্ঞা।

(ট) অর্থদণ্ড ধার্য্য করণের আজ্ঞা।

(ঠ) ১৩৫ ধারামতে কোন ব্যক্তির টাকা দিবার আজ্ঞা।

(ড) ১৪৩ ধারামতে কোন আপীলের খরচ দেওনবিষয়ক আজ্ঞা।

কোন আদালতে মোকদ্দমা করিয়া, কিম্বা এই আইনে প্রতিবাদ কি অসিদ্ধ করিবার যে স্পষ্ট বিধান আছে তদ্ভিন্ন কোন প্রকারে পূর্ব্বোক্ত কোন আজ্ঞার প্রতিবাদ হইতে কিম্বা সেই আজ্ঞা অসিদ্ধ করা যাইতে পারিবে না ইতি।

রাজস্ব সংক্রান্ত কার্য্যকারকের আজ্ঞা অসিদ্ধ করণার্থ মোকদ্দমা যে স্থলে উপস্থিত করা যাইতে পারে তাহার কথা।

১৪৮ ধারা। ইহার পূর্ব্ব ধারার (চ) প্রকরণে ভাবান্তরের বিধান থাকিলেও,

দুই কি অধিক মহালের মধ্যে যে ভূমির সাধারণ ভোগ হইত রাজস্বের কোন কর্তৃপক্ষের ১০৬ কি ১০৮ ধারামত আজ্ঞাক্রমে সেই ভূমিতে কোন ব্যক্তির প্রতি যে পরিমাণের স্বার্থ নিরূপণ করা যায় তিনি তদধিক স্বার্থের দাওয়া করিলে,

এবং কোন ব্যক্তি ১১০ ধারামতে রাজস্বের কোন কর্তৃপক্ষের আজ্ঞাক্রমে ক্ষতিগ্রস্ত হইলে,

তিনি ঐ কর্তৃপক্ষের সেই আজ্ঞা মতান্তর কি অসিদ্ধ করণার্থে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

স্থানীয় গবর্ণমেণ্টের উপদেশানুসারে রেবিনিউ বোর্ডের কার্য্য করিতে হইবার কথা।

১৪৯ ধারা। এই আইনে বোর্ডের সাহেবদের প্রতি যেং কার্য্যাপণ করা গেল, তাঁহারা সময়েং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের স্থানে যেং আজ্ঞা ও উপদেশ পান তদনুসারে

whom they shall apply in all cases which shall appear to the Board not to have been provided for or by the existing law

সেইং কার্য্য সম্পাদন করিবেন, এবং বোর্ডের সাহেবদের বিবেচনায় প্রচলিত আইনে কোন বিশেষ স্থলের বিধান না থাকিলে, তাঁহারা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের স্থানে সেই স্থলের উপদেশ লইবেন ইতি।

150 The Board may, from time to time, make rules, not being inconsistent with this Act—

Board may lay down rules

১৫০ ধারা। বোর্ডের সাহেবেরা সময়েং এইং বিষয়ের বিধি করিতে পারিবেন, কিন্তু তাহা এই আইনের অসঙ্গত না হয়

বোর্ডের বিধি করিতে পারিবার কথা।

(*a*) to regulate the expenses of effecting partitions, or the amount of fees to be levied in respect of partitions, the allotment of the same among the proprietors, and the instalments in which, and the times at which the same shall be levied under Part IV

(ক) বণ্টন করিবার খরচের ও বণ্টনকার্য্যসম্পর্কে যত ফী লইতে হইবে তাহার বিধান, ও ভূম্যধিকারিদের স্থানে অংশাংশমতে তাহা লওয়ার বিধান, এবং চতুর্থ অধ্যায়মতে তাহা যত টাকা কিস্তি করিয়া যেং সময়ে আদায় করা যাইবে তাহার বিধান।

(*b*) to regulate the receipts, disbursements, and management of any "Estates Partition Fund" formed under section 43

(খ) ৪৩ ধারামতে মহালের বণ্টন সংক্রান্ত যে তহবীল করা যায় তাহার আয়ের ও ব্যয়ের ও অধ্যক্ষতা করার বিধান।

(*c*) to regulate the employment and remuneration of Amins and other subordinate officers appointed under Part IV, to enable the officer making the partition to keep himself informed of the proceedings of such officers, and to exercise a proper control over them,

(গ) চতুর্থ অধ্যায়মতে যে আমীনেরা ও অন্য যে আমলাগণ নিযুক্ত হন তাঁহাদের কর্ম্ম ও পারিশ্রমিক দেওনের বিধান, ও যে কর্ত্তৃপক্ষ বণ্টন করেন তিনি যাহাতে ঐং আমলাদের কার্য্যের সন্ধান জানিয়া থাকিতে ও তাঁহাদের উপর উপযুক্তমতে কর্ত্তৃত্ব রাখিতে পারেন এমত বিধান।

(*d*) to regulate the form in which the partition papers shall be framed under section 64 and section 74,

(ঘ) ৬৪ ও ৭৪ ধারামতে বণ্টনপত্র যে পাঠানুসারে লেখা যাইবে তাহার বিধান।

(*e*) and generally for the guidance of officers in conducting partitions under this Act

(ঙ) এবং এই আইনমতে বণ্টনের কার্য্যকরণ পক্ষে কর্ত্তৃপক্ষদের কার্য্য দর্শাওনার্থ অন্যং বিধান ইতি।

## SCHEDULE

*See Section 2*

| Number and year | Subject or abbreviated title | Extent of repeal |
|---|---|---|
| Regulation XI of 1811 | For extending period of re-letting jumá on certain lands | So much as has not been repealed |
| Regulation XIX of 1814 | Consolidating Regulations respecting Partition of Estates | Ditto |
| Act XX of 1836 | Quashing of Butwaras | Ditto |
| Act XI of 1838 | Remuneration of persons effecting a partition | Ditto |

## তপসীল।

২ ধারা দেখ।

| সাল ও নম্বর। | বিষয় কি সংক্ষেপ নাম। | যতদূর রহিত করা গেল। |
|---|---|---|
| ১৮১১ সা ১১ আ | কোনং জমীর জমা পুনরায় বন্দোবস্ত করিবার মিয়াদ বৃদ্ধি করিবার আইন | যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই। |
| ১৮১৪ সা ১৯ আ | মহালের বণ্টন বিষয়ক আইন সংগ্রহ করনার্থ আইন | ঐ |
| ১৮৩৬ সা ২০ আ | বাঁটওয়ারা অসিদ্ধ করনার্থ আইন | ঐ |
| ১৮৩৮ সা ১১ আ | যাঁহারা বণ্টনকার্য্য করেন তাঁহাদের মেহনতানা বিষয়ক আইন। | ঐ |

FREDERICK CLARKE,
*Offg Asst Secy to the Govt of Bengal,*
*Legislative Department*

ফ্রেড্রিক ক্লার্ক,
লেজিসলেটিব ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং আসিষ্টান্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator*

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 6, 1876

মঙ্গলবার ১৮৭৬ সাল ৬ জুন।


## PART VII.

**Circular Orders of the High Court and Board of Revenue**

**সপ্তম খণ্ড।**

**হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।**

# CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

## CIVIL

*No. 6, dated 24th April* 1876

District Judges are directed to submit all applications for the construction of new Court houses, or for repair of the existing buildings, direct to the Government of Bengal, and not to or through the High Court

*No 7, dated the 1st May* 1876

The Court adopts the following Circular Order issued by the High Court, North-Western Provinces, and directs careful compliance with the practice enjoined :—

"It has been noticed by the Court that when a Civil Court allows a plaint to be amended, instead of the amendment being forthwith made in the plaint itself, the order to make the amendment is merely filed with the record

2 "The Court points out that when such permission or order is given, the amendment must be made in the plaint at once, and orders that it be attested by the signature of the presiding Judge"

*No 8, dated the 12th May* 1876

With a view to avoid wear and tear of the seals recently provided for the use of District Judges, Government has, on the recommendation of the Court, sanctioned the supply of seals of a smaller size and simpler make for use on minor occasions

2 These seals, when ready, will be forwarded by the High Court.

3 It must, however, be understood that they are not to be used for sealing judgments, writs, processes, or other documents made or issued judicially; for such purpose the regular seal of the Court should alone be employed, under the superintendence of a responsible officer But for all other purposes the smaller seals should be used

[*Government Gazette*, 6*th June* 1876.]

## বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের দেওয়ানী সরক্যুলর অর্ডর।

---

১৮৭৬ সাল ২৪ আপ্রিল।

৬ নম্বর।

নূতন আদালত ঘর প্রস্তুত বা বর্ত্তমান ঘরের সংস্কার করিবার প্রার্থনাপত্র হাই কোর্টে বা হাই কোর্টের দ্বারা প্রেরণ না করিয়া একেবারে বঙ্গদেশের গবর্ণমেণ্টের নিকট পাঠাইতে হইবে, জিলার জজ সাহেবদের প্রতি এই আজ্ঞা করা যাইতেছে।

---

১৮৭৬ সাল ১ মে।

৭ নম্বর।

বঙ্গদেশস্থ হাই কোর্ট উত্তর-পশ্চিম প্রদেশের হাই কোর্টকর্ত্তৃক প্রকাশিত নিম্নলিখিত সরক্যুলর অর্ডর গ্রহণ করিয়া তন্নির্দ্দিষ্ট কার্য্যবিধান বিশেষ সতর্কতার সহিত মানিবার আদেশ করিলেন।

"কোন দেওয়ানী আদালত আবেদনপত্র সংশোধন করিবার অনুমতি দিতে সম্মত হইলে, ঐ আবেদনপত্রেই তৎক্ষণাৎ উক্ত সংশোধিত কথা না লিখিয়া কেবল সংশোধন করিবার আজ্ঞাটী নথীর শামিল করা গিয়া থাকে হাই কোর্ট ইহা দেখিতে পাইয়াছেন।"

২। "অতএব নির্দ্দেশ করিতেছেন যে, তদ্রূপ অনুমতি বা আজ্ঞা দেওয়া গেলেই আবেদনপত্রে তৎক্ষণাৎ সংশোধিত কথা লিখিতে হইবে এবং ইহাও আজ্ঞা করিলেন যে উক্ত সংশোধিত কথায় কর্ত্তৃত্বভারপ্রাপ্ত জজ সাহেবের স্বাক্ষর করিয়া প্রমাণিত করিতে হইবে।

---

১৮৭৬ সাল ১২ মে।

৮ নম্বর।

জিলার জজ সাহেবদের ব্যবহারের নিমিত্তে সম্প্রতি যে সমস্ত মোহর দেওয়া গিয়াছে ব্যবহার দ্বারা তাহার ক্ষয় ও নষ্ট হওন নিবারণার্থে গবর্ণমেণ্ট হাই কোর্টের পরামর্শক্রমে সামান্য কর্ম্মে ব্যবহার করিবার জন্যে ক্ষুদ্র আকারের ও সহজ গঠনের মোহর যোগাইয়া দিতে অনুমতি করিয়াছেন।

২। প্রস্তুত হইলে পর হাই কোর্ট উক্ত সকল মোহর প্রেরণ করিবেন।

৩। কিন্তু ইহা বুঝা আবশ্যক যে বিচারকার্য্যক্রমে যে সকল ডিক্রী কি রিট কি পরওয়ানা কি অন্য কোন দলীল লেখা বা প্রচার করা যায় তাহাতে মোহর করিবার নিমিত্তে উক্ত মোহরের ব্যবহার করিতে হইবে না। তন্নিমিত্ত কোন দায়বিশিষ্ট কার্য্যকারকের তত্ত্বাধীনে আদালতের কেবল নিয়মিত মোহরেরই ব্যবহার করা উচিত। অন্যান্য কার্য্যের নিমিত্তে ছোট মোহরের ব্যবহার করা কর্ত্তব্য।

JOHN ROBINSON, *Bengali Translator*

Numb. 1924. ১৯২৪ [REGISTERED No. 30.]

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 13, 1876

মঙ্গলবার ১৮৭৬ সাল ১৩ জুন।

CONTENTS

নির্ঘণ্ট।


| | Page | | পৃষ্ঠা। |
|---|---|---|---|
| Part I.—Resolutions, Orders, and Notifications of the Government of India | 109—111 | প্রথম খণ্ড।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি | ১০৯—১১১ |
| Part II.—Resolutions, Orders, and Notifications of the Lieut. Governor of Bengal | 509—519 | দ্বিতীয় খণ্ড।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি | ৫০৯—৫১৯ |
| Part III.—Acts of the Legislative Council of India | *Nil* | তৃতীয় খণ্ড।—ভারতবর্ষের আইন | নাই। |
| Part IV.—Bills of the Legislative Council of India | *Nil* | চতুর্থ খণ্ড।—ভারতবর্ষের আইনের পাণ্ডুলিপি | নাই। |
| Part V.—Acts of the Bengal Council | *Nil* | পঞ্চম খণ্ড।—বঙ্গদেশের আইন | নাই। |
| Part VI.—Bills of the Bengal Council | *Nil* | ষষ্ঠ খণ্ড।—বঙ্গদেশের আইনের পাণ্ডুলিপি | নাই। |
| Part VII.—Circular Orders of the High Court and Board of Revenue | *Nil* | সপ্তম খণ্ড।—হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র | নাই। |
| Part VIII.—Advertisements | 415—430 | অষ্টম খণ্ড।—ইশ্তিহার প্রভৃতি | ৪১৫—৪৩০ |


## PART I

CALC JUN

### Resolutions, Orders, and Notifications of the Government of India.

## প্রথম খণ্ড।

### ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

# DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND COMMERCE.

NOTIFICATIONS —MINERAL AND GEOLOGICAL SURVEY

*Simla, the 31st May* 1876.

*No* 63 —Three months' privilege leave of absence is granted to Mr H B Medlicott, Superintendent of the Geological Survey of India, from the 20th proximo, or any subsequent date on which he may avail himself of it

*No* 64 —Mr W T Blanford, Senior Deputy Superintendent, is appointed to officiate as Superintendent of the Geological Survey of India during the absence, on leave, of Mr Medlicott, or until further orders.

A O HUME,
*Secy to the Govt of India*

# FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS —LEAVE AND ALLOWANCES

*Simla, the 31st May* 1876

*No* 659 —The Governor-General in Council directs that the following be substituted for Section 20(*d*) of the Civil Leave Code —

20(*d*) If the officer under Section 27 have ceased to have a lien on a substantive appointment, as for example, if a covenanted officer has been absent on extraordinary leave, in extension of furlough, in the case of a Covenanted Civil Servant, subsistence allowance, and in the case of an Uncovenanted Civil Servant, no allowance

*The 1st June* 1876

*No* 683 —The Governor-General in Council directs that the following be inserted as Rule 6 (*a*) under Section 27 of the Civil Leave Code —

6(*a*) So long as an officer retains a lien under this section, or if he is exempted under Rule 6 from loss of appointment, absence after the end of his leave though not counting as continuous service does not operate as a break of continuous service or continuous active service as defined in Section 7(*c*)

PENSIONS AND GRATUITIES

*The 31st May* 1876.

*No* 698 —The Governor-General in Council directs that the following be inserted as Rule 1(*a*) under Section 53 of the Civil Pension Code —

1(*a*) The Accountant-General will inform the Local Government whenever any officer attains the age of fifty-five years, in order that the Local Government, being apprised of the fact, may take such action as it sees fit for the retention or otherwise of the officer in question

R B CHAPMAN,
*Secy to the Govt of India*

[*Government Gazette*, 13*th June* 1876.]

## রাজস্ব, কৃষি ও বাণিজ্যসংক্রান্ত কর্ম্মবিভাগ।

বিজ্ঞাপন।—ধাতু ও ভূতত্ত্ব সংক্রান্ত জরীপবিষয়ক।

সিমলা, ১৮৭৬ সাল ৩১ মে।

৬৩ নম্বর।—ভারতবর্ষীয় ভূতত্ত্বসংক্রান্ত জরীপী কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, বি, মেডলিকট সাহেব আগামি মাসের ২০ তারিখ অবধি অথবা তৎপরে যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

৬৪ নম্বর।—শ্রীযুত মেডলিকট সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কাল, অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত, পদজ্যেষ্ঠ ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, টি, ব্লানফোর্ড সাহেব ভারতবর্ষীয় ভূতত্ত্ব-সংক্রান্ত জরীপী কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

এ, ও, হিউম,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

---

## ফিনান্‌শ্যল ডিপার্টমেণ্ট।

ছুটী ও বৃত্তিবিষয়ক।—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৬ সাল ৩১ মে।

৬৫৯ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২০ (*d*) ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারা দিতে আদেশ করিলেন।—

২০ (*d*)। ২৭ ধারামতে কোন কার্য্যকারকের স্থায়ি কর্ম্মে স্বত্ব রহিত হইলে, যথা চিহ্নিত কোন কর্ম্ম-কারক নিয়মিত ছুটীর অতিরিক্ত ছুটী লইয়া অনুপস্থিত থাকিলে, চিহ্নিত সিবিল কর্ম্মকারক কেবল খোরাকী পাইবেন, অচিহ্নিত সিবিল কর্ম্মকারক কিছুই পাইবেন না।

১৮৭৬ সাল ১ জুন।

৬৮৩ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সিবিল কর্ম্মকারকদের ছুটীর বিধির ২৭ ধারার নিম্নভাগে ৬ (*a*) বিধি বলিয়া নিম্নলিখিত বিধি সন্নিবেশ করিতে আজ্ঞা করিলেন।—

৬ (*a*)। এই ধারামতে কোন কর্ম্মকারকের যত দিন স্বত্ব থাকে, অথবা ৬ ধারামতে তাঁহার কর্ম্ম যাইবার আশঙ্কা হইতে মুক্ত হইলে ছুটীর পর ফিরিয়া না আইলে তাঁহার সেই অনুপস্থানকাল অবিচ্ছেদে কর্ম্ম করণের কাল বলিয়া গণ্য না হইলেও অবিচ্ছেদে কর্ম্ম করণের কালের ভঙ্গ হইয়াছে বলিয়া কিম্বা ৭ (*c*) ধারার নির্দ্দিষ্টমতে অবিচ্ছেদে কর্ম্ম করণের কালের ব্যাঘাত বলিয়া ধরা যাইবে না।

পেন্‌শ্যন ও পারিতোষিক বিষয়ক।

১৮৭৬ সাল ৩১ মে।

৬৯৮ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সিবিল কর্ম্মকারকদের পেনশ্যনবিষয়ক বিধির ৫৩ ধারার নিম্নভাগে ১ (*a*) বিধি বলিয়া নিম্নলিখিত বিধি সন্নিবেশ করিতে আজ্ঞা করিলেন।—

১ (*a*)। কোন কর্ম্মকারকের ৫৫ বৎসর বয়স হইলে আকৌণ্টাণ্ট জেনরল সাহেব স্থানীয় গবর্ণমেণ্টে তাহা জানাইবেন। স্থানীয় গবর্ণমেণ্ট এই বিষয় জ্ঞাত হইয়া উক্ত কর্ম্মকারককে কর্ম্মে রাখন বা না রাখন বিষয়ে যাহা উপযুক্ত জ্ঞান করেন তাহাই করিবেন।

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 13, 1876

মঙ্গলবার ১৮৭৬ সাল ১৩ জুন।

## PART II.

Resolutions, Orders and Notifications of the Lieutenant-Governor of Bengal

## দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

## REVENUE AND GENERAL DEPARTMENTS

No 1619C S

GENERAL —*The 29th May* 1876 —Moulvie Ramizuddin Khan, Supernumerary Deputy Magistrate and Deputy Collector, Fureedpore, is allowed leave for three months, under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 3rd March last

*The 31st May* 1876 —Mr Francis Johnston Graham Campbell, Officiating Joint-Magistrate and Deputy Collector, in charge of the Bettiah Division of the Chumparun District, is transferred to Chupra

Mr John Nugent, Officiating Joint Magistrate and Deputy Collector, in charge of the Seetamurhee Division of the Mozufferpore District, is appointed to have charge of the Bettiah Division of the Chumparun District

Mr C N Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Shahabad, is appointed to have charge of the Seetamurhee Division of the Mozufferpore District

*The 1st June* 1876 —Mr Francis Lestock Beaufort, Additional Judge, 24-Pergunnahs, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, from the 24th April last, under Section 18 (*b*)—2 of the Civil Leave Code, preparatory to his retiring from the Civil Service

*The 3rd June* 1876 —Baboo Grish Chunder Mitter, Personal Assistant to the Commissioner of the Chota Nagpore Division, is allowed leave for one month from the 15th ultimo, under Section 21, Chapter VI of the Civil Leave Code

Baboo Raj Gopal Roy, Deputy Magistrate and Deputy Collector, Lohardugga, is appointed to act as Personal Assistant to the Commissioner of the Chota Nagpore Division during the absence, on leave, of Baboo Grish Chunder Mitter, or until further orders

Baboo Nundjee, Sub-Deputy Collector, Lohardugga, is vested with the powers of a Collector under Act X (B C) of 1871

Baboo Nobin Chunder Roy, Sub-Deputy Collector, Serajgunge, Pubna, is allowed leave for one month from the 15th April last, under Section 3, Supplement F of the Civil Leave Code

*The 5th June* 1876 —An extension of leave for four months and one week, on medical certificate, has been granted by the Right Hon'ble the Secretary of State for India to Mr A A Wace, C S., Assistant Magistrate and Collector

*The 6th June* 1876 —Baboo Gopal Chunder Mookerjee, who was, under the orders of the 24th ultimo, appointed to act as a Sub-Deputy Collector of the Second Grade, is posted to the sub-division of Nattore, in the district of Rajshahye

Mr W R Millar, Assistant Magistrate and Collector, Sarun, is allowed subsidiary leave for twenty-one days, to enable him to appear before a Medical Board at Bombay

POLICE —*The 29th May* —Mr Francis James Norman is appointed to act, until further orders, as an Assistant Superintendent of Police, and is posted to Rungpore

REGISTRATION —*The 3rd June* 1876 —Moulvie Syad Ally Quilly Khan, Special Sub-Registrar, Monghyr, is allowed leave for six months, under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 6th April 1876

EDUCATION —*The 31st May* 1876 —Mr A C Tute, Officiating Joint-Magistrate and Deputy Collector, is appointed to be a Member of, and Secretary to, the Mozufferpore District School Committee, *vice* Mr G. J B T Dalton, transferred

*The 6th June* 1876 —Baboo Lolit Mohun Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, is appointed to be a Member of, and Secretary to, the District School Committee of Maldah, *vice* Mr W. D Blyth, transferred

[*Government Gazette*, 13*th June* 1876 ]

# বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের আজ্ঞা।

## রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৬১৭০.৪ নম্বর।

সাধারণ।—১৮৭৬ সাল ২৯ মে।—ফরীদপুরের অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী রমীজুদ্দীন খাঁ গত মার্চ মাসের ৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৩১ মে।—চাম্পারণ জিলার অন্তর্গত বেতিয়া মহকুমার কার্য্যের ভার প্রাপ্ত একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ফান্সিস জনষ্টন গ্রেহাম কাম্বেল সাহেব ছাপরায় প্রেরিত হইলেন।

মজফরপুর জিলার অন্তর্গত সীতামঢী মহকুমার কার্য্যের ভারপ্রাপ্ত একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জান নুজেণ্ট সাহেব চাম্পারণ জিলার অন্তর্গত বেতিয়া মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এম, বন্দ্যোপাধ্যায় মজফরপুর জিলার অন্তর্গত সীতামঢী মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১ জুন।—২৪ পরগনার আডিশ্যনল জজ শ্রীযুত ফ্রান্সিস সেপ্টিক রোফর্ট সাহেব সিবিল সর্বিস হইতে অবসর গ্রহণার্থে প্রস্তুত হইবার জন্যে সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ (b)-২ ধারামতে গত আপ্রিল মাসের ২৪ তারিখ অবধি ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৩ জুন।—ছোটনাগপুর খণ্ডের কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্ট শ্রীযুত বাবু গিরীশচন্দ্র মিত্র সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে গত মাসের ১৫ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত বাবু গিরীশচন্দ্র মিত্রের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লোহারডগার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাজগোপাল রায় ছোটনাগপুর খণ্ডের কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্টের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

লোহারডগার সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত নন্দ ঝাঁ বাবু ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

পাবনার অন্তর্গত শেরাজগঞ্জের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবীনচন্দ্র রায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে গত আপ্রিল মাসের ১৫ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৫ জুন।—ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, এ, ওয়েস, সি, এস, সাহেবকে চিকিৎসকের সার্টিফিকটক্রমে আর চারি মাস এক সপ্তাহ ছুটী দিয়াছেন।

১৮৭৬ সাল ৬ জুন।—শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় গত মাসের ২৪ তারিখের আজ্ঞামতে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া রাজশাহী জিলার অন্তর্গত নাটোর মহকুমায় অবস্থিত হইলেন।

সারণের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, আর, মিলর সাহেব বোম্বাইস্থ মেডিকাল বোর্ডের সম্মুখে উপস্থিত হইতে পারিবার নিমিত্তে একুশ দিন উপকরণার্থে ছুটী পাইয়াছেন।

পোলীস সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২৯ মে।—শ্রীযুত ফ্রান্সিস জেমস নর্ম্মান সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া রঙ্গপুরে অবস্থিত হইলেন।

রেজিষ্টরীকরণ সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৩ জুন।—মুঙ্গেরের বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী সৈয়দ আলী কুলী খাঁ ১৮৭৬ সালের ৬ আপ্রিলের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ছয় মাস ছুটী পাইয়াছেন।

শিক্ষাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৩১ মে।—শ্রীযুত জি, জে, বি, টি, ডালটন সাহেব স্থানান্তরে নিযুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, সি, ট্রাট সাহেব মজফরপুর জিলার স্কুল কমিটীর মেম্বর ও সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ৬ জুন।—শ্রীযুত ডবলিউ, ডি, ব্রাইথ সাহেব স্থানান্তরে নিযুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ললিতমোহন চট্টোপাধ্যায় মালদহ জিলার স্কুল কমিটীর মেম্বর ও সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ১৩ জুন।]

MEDICAL.—*The 29th May* 1876.—The following gentlemen are appointed to be Members of the Committee for the Management of the Comillah Charitable Dispensary, viz —

Baboo Kali Nath Dey, Deputy Magistrate
„ Nobin Chunder Sen, Manager
„ Shib Chandra Aich, Pleader
„ Kali Krishna Chowdry, Zemindar
„ Khettro Nath Bhuttacharjee, District Engineer
Mr R Carstairs, Assistant Magistrate

Surgeon Zalnoor Alli Ahmed, M.B, Officiating Civil Surgeon, Sonthal Pergunnahs, is allowed leave for two months, under Section 21, Chapter VI of the Civil Leave Code, from the 1st instant

*The 31st May* 1876 —Surgeon-Major W J Palmer, Professor of Anatomy, Medical College, and Second Surgeon to the College Hospital, is allowed leave for eight days, under Section 21, Chapter VI of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 6th April last

*The 3rd June* 1876 —Mr J B Baxter, Medical Officer, Sandheads, is allowed leave for one month, under Section 12—4, Supplement F of the Civil Leave Code, with effect from the 7th instant, or any subsequent date on which he may avail himself of the leave

Assistant Surgeon Komul Kristo Raha, Resident Assistant Surgeon, Campbell Hospital, is appointed to act as Medical Officer at the Sandheads during the absence, on leave, of Mr J B Baxter, or until further orders

Assistant Surgeon Joguesvar Roy, a Supernumerary at the Presidency, is appointed to act as Resident Assistant Surgeon of the Campbell Hospital during the absence, on duty, of Assistant Surgeon Komul Kristo Raha, or until further orders

Dr A B Morris is appointed to be a Member of the Committee for the Management of the Charitable Dispensary at Kurseong, in the district of Darjeeling

*The 6th June* 1876 —Surgeon E Lawrie, Resident Surgeon, Medical College Hospital, and Officiating Professor of Physiology, Medical College, acted as Professor of Anatomy in that Institution and as Second Surgeon to the College Hospital during the absence, on leave, of Dr W J Palmer, viz from the afternoon of the 10th April till the afternoon of the 18th May 1876

JAILS —*The 6th June* 1876 —Surgeon Charles James Warden, Officiating Civil Surgeon, Bhagulpore, is appointed to have temporary charge of the medical duties of the Bhagulpore Central Jail, with effect from the date on which he took charge.

OPIUM —*The 31st May* 1876 —Mr A C. Bryson, Assistant Sub-Deputy Opium Agent, Third Grade, is promoted to the Second Grade of Assistant Sub-Deputy Opium Agents, *vice* Mr R A H Russell, deceased

Mr J. S R Innes, Officiating Assistant Sub-Deputy Opium Agent, is appointed to be an Assistant Sub Deputy Opium Agent of the Third Grade, *vice* Mr Bryson, promoted

The above appointments will have effect from the 29th January 1876

Mr. H Matthews, Assistant Sub Deputy Opium Agent, First Grade, is promoted to the Fifth Grade of Sub-Deputy Opium Agents, *vice* Mr J D Sayce, deceased

Mr G DeC Hobson, Assistant Sub-Deputy Opium Agent, Second Grade, is promoted to the First Grade of Assistant Sub-Deputy Opium Agents, *vice* Mr. Matthews, promoted

Mr J L Fawcus, Assistant Sub-Deputy Opium Agent, Third Grade, is promoted to the Second Grade of Assistant Sub-Deputy Opium Agents, *vice* Mr Hobson, promoted

Mr H G C. Clarke, Officiating Assistant Sub-Deputy Opium Agent, is appointed to be an Assistant Sub-Deputy Opium Agent of the Third Grade, *vice* Mr Fawcus, promoted

The above appointments will have effect from the 18th February 1876

[*Government Gazette, 13th June* 1876 ]

চিকিৎসা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২৯ মে।—নিম্নলিখিত মহাশয়েরা কমিল্লার দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু কালীনাথ দে।
কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু নবীনচন্দ্র সেন।
উকীল শ্রীযুত বাবু শিবচন্দ্র আইচ।
জমীদার শ্রীযুত বাবু কালীকৃষ্ণ চৌধুরী।
ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য।
আসিষ্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত আর কার্ষ্টেয়র্স সাহেব।

সাঁওতাল পরগনার একটিং সিবিল চিকিৎসক সর্জন শ্রীযুত জালফুর আলি আহম্মদ, এম, বি, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এই মাসের ১ তারিখ অবধি দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৩১ মে।—মেডিকেল কালেজের ব্যবচ্ছেদ বিদ্যার অধ্যাপক ও কালেজ হাম্পাতালের দ্বিতীয় সর্জন সর্জন-মেজর শ্রীযুত ডবলিউ, জে, পামার সাহেব, গত আপ্রিল মাসের ৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান, তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আট দিন ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৩ জুন।—গঙ্গাসাগরের চিকিৎসক শ্রীযুত জে, বি, বাক্সটর সাহেব এই মাসের ৭ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন, তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২·৪ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত জে, বি, বাক্সটর সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কাম্বেল হাম্পাতালের রেসিডেণ্ট আসিষ্টান্ট সর্জন, আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত কমলকৃষ্ণ রাহা গঙ্গাসাগরের চিকিৎসকের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত কমলকৃষ্ণ রাহার অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত রাজধানীতে অতিরিক্ত আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত যজ্ঞেশ্বর রায় কাম্বেল হাম্পাতালের রেসিডেণ্ট আসিষ্টান্ট চিকিৎসকের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

ডাক্তর শ্রীযুত এ, বি, মরিস সাহেব দার্জ্জিলিঙ্গ জিলার অন্তর্গত কর্সিয়ঙ্গের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ৬ জুন।—ডাক্তর শ্রীযুত ডবলিউ, জে, পামার সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে মেডিকাল কলেজ হাম্পাতালের রেসিডেণ্ট সর্জন ও মেডিকাল কালেজে দ্রব্যতত্ত্ব-বিদ্যার একটিং অধ্যাপক সর্জন শ্রীযুত ই লরি সাহেব ১৮৭৬ সালের আপ্রিল মাসের ১০ তারিখের অপরাহ্ণ অবধি মে মাসের ১৮ তারিখের অপরাহ্ণ পর্য্যন্ত উক্ত বিদ্যালয়ের ব্যবচ্ছেদ বিদ্যার অধ্যাপকের ও কালেজ হাম্পাতালের দ্বিতীয় চিকিৎসকের কর্ম্ম করিয়াছেন।

জেল সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৬ জুন।—ভাগলপুরের একটিং সিবিল চিকিৎসক সর্জন শ্রীযুত চার্লস জেমস্ ওয়ার্ডেন সাহেব যে তারিখে কর্ম্মের ভার গ্রহণ করেন, সেই তারিখ অবধি কিয়ৎকালের নিমিত্তে ভাগলপুরের সদর জেলের চিকিৎসাকার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

আফীম সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৩১ মে।—আর, এ, এচ, রসেল সাহেবের মৃত্যু হওয়াতে তৎপরিবর্ত্তে আফীমের তৃতীয় শ্রেণীর আসিষ্টান্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এ, সি, ব্রাইসন সাহেব আফীমের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেণ্টদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত ব্রাইসন সাহেবের পদবৃদ্ধি হওয়াতে তৎপরিবর্ত্তে আফীমের একটিং আসিষ্টান্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত জে, এস, আর, ইনিস সাহেব আফীমের তৃতীয় শ্রেণীর আসিষ্টান্ট সব-ডেপুটী এজেণ্টের পদে নিযুক্ত হইলেন।

উপরোক্ত নিয়োগ ১৮৭৬ সালের ২৯ জানুয়ারি অবধি প্রবল হইবে।

জে, ডি, সাইস সাহেবের মৃত্যু হওয়াতে তৎপরিবর্ত্তে আফীমের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এচ, মাথিউস সাহেব, আফীমের সব-ডেপুটী এজেণ্টদের পঞ্চম শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত মাথিউস সাহেবের পদবৃদ্ধি হওয়াতে আফীমের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট সব-ডেপুটী এজেণ্ট, শ্রীযুত জি, ডি, সি, হবসন সাহেব আফীমের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেণ্টদের প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত হবসন সাহেবের পদবৃদ্ধি হওয়াতে তৎপরিবর্ত্তে আফীমের তৃতীয় শ্রেণীর আসিষ্টান্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত জে, এল, ফাকস সাহেব আসিষ্টান্ট সব-ডেপুটী এজেণ্টদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত ফাকস সাহেবের পদ বৃদ্ধি হওয়াতে তৎপরিবর্ত্তে আফীমের একটিং আসিষ্টান্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এচ, জি, সি, ক্লার্ক সাহেব আফীমের তৃতীয় শ্রেণীর সব-ডেপুটী এজেণ্টের পদে নিযুক্ত হইলেন।

উপরোক্ত কএক নিয়োগ ১৮৭৬ সালের ১৮ ফেব্রুয়ারি অবধি প্রবল হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ১৩ জুন।]

MUNICIPAL.—*The* 31*st May* 1876.—The following gentlemen are appointed to be Municipal Commissioners for the town of Durbhunga, viz.—

Dr. J. O'M. McDonnell, Civil Surgeon.

Baboo Peary Mohun Banerjee, Deputy Magistrate and Deputy Collector.

The following gentlemen are reappointed to be Municipal Commissioners for the town of Durbhunga, viz.—

Roy Bunwari Lal.

Roy Goburdhun Lall.

*The* 1*st June* 1876.—The following gentlemen are appointed to be Municipal Commissioners for the town of Chittagong, viz.—

Dr. R. D. Murray, Officiating Civil Surgeon.

Baboo Unnoda Churn Kastogiree, Assistant Surgeon and Zemindar.

„ Doorga Dass Dass, Vakeel and Zemindar.

ROAD CESS.—*The* 3*rd June* 1876.—Baboo Surjo Coomar Pundit, District Engineer, is appointed to be a Member of the Moorshedabad Road Cess Committee.

*The* 5*th June* 1876.—Baboo Ramkinker Sein, Talookdar and Pleader, is appointed to be Vice Chairman of the Branch Road Cess Committee of Moonsheegunge, *vice* Baboo Tara Persad Roy, deceased.

The following gentlemen are appointed to be Members of the Branch Road Cess Committee of Moonsheegunge, viz.—

Baboo Poorno Chunder Roy, Talookdar and Pleader, *vice* Baboo Kali Kishore Gooho.

„ Nundo Kumar Gooho, Zemindar and Pleader, *vice* Moonshee Denoo Meah.

The following Notification is republished from the *Assam Gazette*.—

*The* 12*th May* 1876.—The Chief Commissioner is pleased to notify that the names of the Moonsifees, the local limits of which were notified in the *Assam Gazette* of the 29th April 1876, under date 19th April 1876, and the places at which the Moonsif's Courts shall be held, shall be as follows.—

| Name of Moonsifee | Place at which the Moonsif will hold his Court |
|---|---|
| Sudder | Sylhet |
| Karimganj | Karimganj |
| Lashkarpur | Lashkarpur |
| Sunamganj | Sunamganj |
| Nabiganj | Nabiganj. |

R. L. MANGLES,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

No. 465.

GOVERNMENT OF INDIA,—FINANCIAL DEPARTMENT.

ACCOUNTS.

*Simla, the* 26*th May* 1876.

Read again—

Resolution in this Department, No. 191, dated 12th January 1876, deciding that without the previous sanction of the Government of India in the Financial Department no loan of public money shall be made under the provision of any special law bearing a less rate of interest than 4½ per cent., and that no such loan shall be made otherwise bearing a lower rate of interest than 6 per cent.

Read—

A letter from Chief Commissioner of Oudh, No. 1625, dated 10th April 1876, inquiring, with reference to the above orders, whether interest at 6 per cent. is to be charged on advances made to public servants for building purposes.

RESOLUTION.—The Governor-General in Council is pleased to declare that it was not intended by the Resolution of 12th January 1876, No. 191, to prescribe that interest should be charged on advances made to public servants for building purposes.

H. J. REYNOLDS,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[*Government Gazette*, 13*th June* 1876.]

১৮৭৬ সাল ৩ জুন।—শ্রীযুত জি, এস, পার্ক সাহেব সারণ জিলায় স্বীয় একটিং মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্মের ভার যে তারিখে অন্যের প্রতি অর্পণ করেন সেই তারিখ অবধি ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন

শ্রীযুত ই, ড্রমণ্ড সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত সারণের একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত জি, ই, পোর্টর সাহেব, সারণ ও চাম্পারণের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত পোর্টর সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জি, এস, পার্ক সাহেব সারণের মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করণার্থে পুনর্ব্বার নিযুক্ত হইলেন। শ্রীযুত পার্ক সাহেব মাজিষ্ট্রেট ও কালেকটরদের প্রথম শ্রেণী-মতে কর্ম্ম করিবেন।

রেজিষ্টরী করণসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৩ জুন।—শ্রীযুত বাবু দীনবন্ধু সান্ন্যাল রঙ্গপুরের বিশেষ সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ৬ জুন।—শ্রীযুত বাবু মহিমচন্দ্র রায় চৌধুরী মুঙ্গের জিলার অন্তর্গত বেগুসরাইর গ্রাম্য সব- রজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ৮ জুন।—পাটনার বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু রঘুনন্দন সাহায় গত মাসের ৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক দিন ছুটী পাইয়াছেন।

শ্রীযুত বাবু ভোলানাথ দত্ত অপসৃত হওয়াতে তৎপরিবর্ত্তে শ্রীযুত মৌলবী আবদুল ওয়াহেব মুঙ্গের জিলার অন্তর্গত তেঘ্রার সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২০ জুন।]

*The 10th June 1876*—Baboo Sri Nauth Bhadra, Deputy Magistrate and Deputy Collector, is also appointed to be Sub-Registrar of Dinagepore, *vice* Mr. W H Gordon, transferred

EDUCATION—*The 8th June* 1876—The following gentlemen are appointed to be members of the District School Committee of Julpigoree, viz —

Mr R F Rampini, Joint-Sessions Judge
Manager, Chaklajat Estate, ex-officio
Baboo Beni Madhub Dutt, M A and B L, Government Pleader
,, Troylokhya Natho Bannerjea, Manager, Baikuntopore Estate
,, Jodu Nath Chakrabutty, Head-Master, English School

The following gentlemen are appointed to be members of the Bogra District School Committee, viz —

Mr H Dawson, Officiating District Superintendent of Police, *vice* Major W W Hume, transferred

Moulvie Syed Obeidollah, Deputy Magistrate and Deputy Collector, *vice* Baboo Madhub Chunder Moitra, transferred

*The 9th June* 1876—Baboo Peary Mohun Mookerjee, Deputy Inspector of Schools, Second Grade, is promoted temporarily to the First Grade, during the suspension of Syud Abdulla This appointment will take effect from the date of Syud Abdulla's suspension

*The 12th June* 1876—Mr W E Cantopher, Head-Master, Hooghly Collegiate School, is appointed to act until further orders as Assistant Professor in the Hooghly College, with effect from the date on which the College re-opens after the vacation

Baboo Chundi Churn Banerjee is appointed to act as Head-Master of the Hooghly Collegiate School during the absence, on deputation, of Mr W E Cantopher, or until further orders

Mr A W Croft, M A, Inspector of Schools, Behar Circle, is appointed to act in the First Class of the Bengal Educational Service during the absence, on leave, of Mr C B Clarke, or until further orders

MEDICAL—*The 8th June* 1876—Surgeon J M Zorab, Officiating Civil Surgeon, Balasore, is allowed leave for one day, under Section 21, Chapter VI of the Civil Leave Code, in extension of the leave granted to him under the orders of the 25th January 1876

Baboo Kashee Chunder Dutt, Assistant Surgeon, Dacca, is appointed to be a member of the Committee for the management of the Charitable Dispensary at Joinsher, *vice* Baboo Kalli Kumar Dutt, deceased

The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Dinagepore, viz —

Mr C A Fisher
Baboo Mohesh Chunder Sen.
Mr A F Watson

*The 9th June* 1876—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary of Bettiah, viz —

Mr R H Sealy, Assistant Engineer

Baboo Beni Madhub Dass, Assistant Surgeon

PORT TRUST—*The 8th June* 1876—Mr Bradford Leslie is appointed to be a Commissioner for making Improvements in the Port of Calcutta, under the provisions of Act V (B C.) of 1870, *vice* Mr Cecil Stephenson, deceased

MUNICIPAL—*The 9th June* 1876—The following gentlemen are re-appointed to be Municipal Commissioners for the town of Jessore, viz —

Baboo Dakhina Prosad Bose
Baboo Prosono Coomar Dass

[*Government Gazette, 20th June* 1876]

১৮৭৬ সাল ১০ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা কমিল্লা নগরের মুনিসিপল কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এ, এচ, স্মিথ সাহেব কর্ম্ম ত্যাগ করাতে তৎপরিবর্ত্তে জমীদার শ্রীযুত মুনশী আলী করীম।

শ্রীযুত বাবু রাখালদাস মুখোপাধ্যায় নগরহইতে গমন করায় তৎপরিবর্ত্তে ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু মোহিনীমোহন চক্রবর্ত্তী।

পথকর সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৮ জুন।—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকৃটর ও মালদহ জিলর পথকর কমিটীর প্রতিনিধি সভাপতি শ্রীযুত বাবু ভুবনেশ্বর সিংহ উক্ত কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ৯ জুন।—মলকা নগরের জমীদার শ্রীযুত বাবু নবীনচন্দ্র বসু ঢাকা জিলার অন্তর্গত মুনশীগঞ্জের শাখা পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত আর, এচ, সিলী সাহেব, চাম্পারণ জিলার অন্তর্গত বেতিয়ার শাখা পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৩ জুন।—একসেকিটিব ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুত জে, মে সাহেব ১৮৭৫ সালের সেপ্টেম্বর মাসের ১৮ তারিখ অবধি সারণ জিলার পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

১৮৭৬ সাল ২৭ মে।—তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত এচ, এফ, মাথিউস সাহেব, সি, এস, জোড়হাট মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার পাইলেন।

আর, এল, মাঙ্গল্স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৩ জুন।—দার্জিলিঙ্গ মোকামের জলসম্পোষ্য বৃদ্ধি ও ঐ স্থানের উৎকর্ষসাধন ও জল-নির্গমনের উপায় বৃদ্ধি করণ, এবং তথাকার সঙ্কটজনক পথে বেল দিবার নিমিত্তে দার্জিলিঙ্গের মুনিসিপল কমিশ্যনরেরা স্থানবিশেষে সাধারণের উপকারার্থ কার্য্যের নিমিত্ত ঋণগ্রহণবিষয়ক ১৮৭১ সালের ২৪ আইনমতে ৩০,০০০৲ টাকা ঋণগ্রহণার্থে নিম্নলিখিত যে প্রার্থনা করিয়াছেন তাহা ফিনানশ্যল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের ১৫ অক্টোবরের ৩৭৬১ নং জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট বিধির ৫ ধারা-মতে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

আর, এল, মাঙ্গল্স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

নিম্নভাগে স্বাক্ষরকারি ১৮৬৪ সালের বঙ্গীয় ৩ আইনমতে দার্জিলিঙ্গের মুনিসিপল কমিশ্যনর আমরা ৩০,০০০৲ টাকা ঋণ গ্রহণের নিম্নলিখিত প্রার্থনাপত্র প্রেরণ করিয়া, মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ ঋণ দিবার অনুমতি করেন এই প্রার্থনা করিলাম।

১। নিম্নলিখিত কার্য্যের নিমিত্তে ঐ ঋণগ্রহণ করা প্রয়োজন হইয়াছে।

প্রথম।—বৎসরের চারি মাস দার্জিলিঙ্গ মোকামের কার্য্যের নিমিত্তে জলের অনাটন হওয়াতে অকলাণ্ড পথে বা তন্নিকটস্থ স্থানে কোতোয়ালী উঠুইহইতে জল লইয়া উড়লণ্ডের উপর যে নল আছে তাহার সঙ্গে নল সংযোগ ও নূতন ও উৎকৃষ্টতর জলের ধাম নির্ম্মাণ করিয়া তথাকার জলসম্পোষ্য বৃদ্ধি ও সৌষ্ঠব করণ উদ্দেশ্য। তাহার খরচ অনুমান ১৩,০০০৲ টাকা।

দ্বিতীয়।—বাজারের ও বিকটোরিয়া পথের নীচে যে গড়ানিয়া স্থান আছে তন্মধ্যে ময়লা যেন জমা না হয় এই কারণে হাস্পাতালের ও কোহেলপ্রভৃতি পর্ব্বতীয় জলস্রোতের দিগে বর্ত্তমান নর্দ্দমা বৃদ্ধি করণ উদ্দেশ্য। তাহার খরচ অনুমান ৮,০০০৲ টাকা।

তৃতীয়।—নিম্নলিখিত পথের ধারের সঙ্কটজনক অংশে রেল করিয়া দেওন

| | |
|---|---|
| অকলাণ্ড পথ। | বর্চ হিল পথ। |
| বিক্টোরিয়া পথ। | ষ্টেশনের পথ। |

তাহার খরচ অনুমান ৯,০০০৲ টাকা।

২। এই ক্ষণে ৩০,০০০৲ টাকা ঋণ পাইবার প্রার্থনা করা গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২০ জুন।]

3 The security offered for the above will be as follows —

| | Rs | A | P |
|---|---|---|---|
| I —Proceeds of house-tax, estimated to yield | 5,784 | 12 | 0 |
| II —Horse and poney-tax | 600 | 0 | 0 |
| III —Rent of locations | 4,684 | 0 | 0 |
| IV —Bazar rents | 13,000 | 0 | 0 |
| V —Native village rent | 1,300 | 0 | 0 |
| VI —Pound fines | 500 | 0 | 0 |
| Total | 25,868 | 12 | 0 |

4 The house and horse taxes are levied under Act III of 1864

The rents of locations with which those of native villages are to be classed were first assigned to the use of the Sanitarium in 1838 This was confirmed by orders of Government passed in 1854, again in orders No 217, of the 14th January 1864, and finally in the Resolution of the Government of Bengal dated 27th June 1873

The bazar rents are derived from buildings erected by the Municipality out of its revenues, and situated on land made over to it by Government

The pound fines were made over to the Municipality under orders dated 14th October 1862, contained in letter No 3625, from the Under-Secretary to the Government of Bengal to the Superintendent of Darjeeling

5 It is proposed to take the loan in two instalments of Rs 15,000 each, viz Rs 15,000 on the loan being sanctioned and Rs 15,000 on the 1st July next It is proposed to pay back the loan in twenty years by equal half-yearly instalments of Rs 750, or 1,500 per annum

In this manner the payments would be made within twenty years, as provided in Clause C, Rule X of the Rules of the 15th October 1873

6 It is not possible to give the details required for the three years last preceding, as the limits of the Municipality were much reduced in the beginning of the year 1874-75, and the sources of income, as well as the objects of expenditure, were so much affected by this change that any attempt at comparison with former years would be deceptive

The following table shows proceeds of the various sources of Municipal income in 1874-75 —

| | Rs | A | P |
|---|---|---|---|
| House-tax | 5,028 | 8 | 4 |
| Horse-tax | 579 | 0 | 0 |
| Bazar rents | 11,732 | 4 | 3 |
| Rent of locations | 4,484 | 8 | 0 |
| Rent of native village | 1,231 | 11 | 5 |
| Pound fines | 229 | 13 | 0 |
| All other sources, viz hospital subscription, sale of garden produce, &c | 4,583 | 2 | 7 |
| Total | 27,868 | 15 | 7 |

The expenditure during the year was Rs. 27,494, out of which Rs 700 consisted of recoverable advances, and Rs 1,583 was a contribution to a work outside the new limits of the Municipality

7 The value of bazar buildings, &c, is about Rs 1,50,000

8 There are no existing prior charges upon any of the sources of income above enumerated

J W Edgar, *Chairman*
H Ulick Browne, *ex-officio Munl Commr*
John H Doyle, R D O'Brien, Tareeny S Mozoomdar, George M Wilson, R Phillips, } *Municipal Commrs*

W Macfarlane, H. B Purves, } *Municipal Commrs*
A M Tyndall, *ex-officio Munl Commr*
W Lloyd, Charles Grant, A B G Webb, } *Municipal Commrs*
A. W Paul, *Vice-Chairman*

[*Government Gazette, 20th June* 1876.]

*The 10th June* 1876 —The following gentlemen are appointed to be Municipal Commissioners for the town of Commillah, viz —

Moonshi Ali Kurrim, Zemindar, *vice* Mr A H Smith, resigned

Baboo Mohiny Mohun Chuckerbutty, Deputy Magistrate, *vice* Baboo Rakhal Das Mookerjee, who has left the town

ROAD CESS —*The 8th June* 1876 —Baboo Bhubaneshwar Sing, Deputy Magistrate and Deputy Collector, and Vice-Chairman of the District Road Cess Committee of Maldah, is appointed to be a member of that Committee

*The 9th June* 1876 —Baboo Nobin Chunder Bose, Zemindar, Mulkonagur, is appointed to be a member of the Branch Road Cess Committee of Moonsheegunge, in the district of Dacca

Mr R H Sealy, Assistant Engineer, is appointed to be a member of the Branch Road Cess Committee of Bettiah, in the district of Chumparun

*The 13th June* 1876 —Captain J May, Executive Engineer, is appointed to be Vice-Chairman of the District Road Cess Committee of Sarun, with effect from the 18th September 1875

The following Notification is re-published from the *Assam Gazette* —

*The 27th May* 1876 —Mr H F Mathews, C S, Assistant-Commissioner, Third Grade, is placed in charge of the sub-division of Jorhat

R L MANGLES
*Offg Secy to the Govt. of Bengal*

---

NOTIFICATION

*The 13th June* 1876 —The following application, made by the Municipal Commissioners of Darjeeling, for a loan of Rs 30,000 under the Local Public Works Loan Act, XXIV of 1871, for the purpose of increasing and improving the water supply of the station, for extending the drainage, and for railing the more dangerous roads thereof, is hereby published for general information, under Section 5 of the Rules prescribed by the Government of India in the Financial Department in Notification No 3761, dated the 15th October 1873

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal.*

---

We, the undersigned Municipal Commissioners of Darjeeling, under Act III (B C) of 1864, beg to submit the following application for a loan of Rs 30,000, and to request that His Honor the Lieutenant-Governor will be pleased to grant it —

1 The loan is required for the following purposes —

I —The increase and improvement of the water supply of Darjeeling, which is insufficient for the purposes of the station during four months of the year, by tapping the Kotwalli Spring at a point on or near the Auckland Road, and connecting this point with the existing pipes above Woodlands, and by erecting new and improved hydrants Estimated cost Rs 13,000

II —The extension of the present drainage in the direction of the Hospital, Kohel and other hill streams, so as to prevent the accumulation of sewage in the slopes lying under the Bazar and Victoria Road Estimated cost Rs 8,000

III —The construction of railings along the more dangerous parts of the following roads —

| | |
|---|---|
| Auckland Road. | Birch Hill Road. |
| Victoria Road | Station Roads. |

Estimated cost Rs 9,000

2 The amount of loan now applied for is Rs 30,000

৩। জামিনস্বরূপ যাহা রাখা যাইবে তাহা এই২,—

| | টাকা। |
|---|---|
| প্রথম।—বাটীর টাক্স হইতে অনুমান যত টাকা উঠিতে পারে তাহা | ৫৭৮৪৸০ |
| দ্বিতীয়।—ঘোড়ার ও টাটুর টাক্স | ৬০০৲ |
| তৃতীয়।—স্থানের খাজানা | ৪৬৮৫৲ |
| চতুর্থ।—বাজারের খাজানা | ১৩,০০০৲ |
| পঞ্চম।—দেশীয় লোকদের গ্রামের খাজানা | ১৩০০৲ |
| ষষ্ঠ।—খোঁয়াড় সম্বন্ধে জরিমানা | ৫০০৲ |
| মোট | ২৫,৮৬৮৸০ |

৪। বাটীর ও ঘোড়ার টাক্স ১৮৬৪ সালের ৩ আইনমতে আদায় করা গিয়া থাকে।

স্থানের যে খাজানা দেশীয় লোকদের গ্রামের খাজানার সঙ্গে ধরিতে হইবে প্রথমে তাহা ১৮৩৮ সালে স্বাস্থ্যজনক এই স্থানে ব্যবহার করিবার জন্যে নিরূপিত ছিল। ইহা ১৮৫৪ সালে একবার গবর্ণমেণ্টের প্রচারিত আজ্ঞাক্রমে দৃঢ় করা যায়, আবার ১৮৬৪ সালের ১৪ জানুআরির ২১৭ নং আজ্ঞামতে ও শেষে বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের ২৭ জুনের নির্দ্ধারণে দৃঢ় করা গিয়াছে।

মুনিসিপলিটীর রাজস্বহইতে নির্ম্মিত ও তৎপ্রতি গবর্ণমেণ্ট যে ভূমি অর্পণ করিলেন সেই ভূমিতে নির্ম্মিত গৃহাদিহইতে বাজারের খাজানা উৎপন্ন হয়।

দার্জ্জিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী সাহেবের ২৬২৫ নং পত্রলিখিত ১৮৬২ সালের ১৪ অকটোবরের আজ্ঞামতে মুনিসিপলিটীর প্রতি খোঁয়াড়ির জরীমানা অর্পণ করা গিয়াছে।

৫। ১৫,০০০৲ টাকা করিয়া দুই কিস্তিতে ঋণ গ্রহণ করিবার প্রস্তাব করা গিয়াছে, অর্থাৎ ঋণ দিবার অনুমতি হইলেই ১৫০০০৲ টাকা ও আগামি জুলাই মাসের ১ তারিখে ১৫০০০৲ টাকা লওয়া যাইবে। ছয় মাস অন্তর সমান একং কিস্তিতে ৭৫০ টাকা করিয়া অর্থাৎ বৎসর ১৫,০০ টাকা করিয়া বিশ বৎসরে উক্ত ঋণ পরিশোধ করিবার প্রস্তাব করা গিয়াছে।

১৮৭৩ সালের ১৫ অকটোবরের বিধির ১০ ধারার গ প্রকরণের বিধানমতে এইরূপে বিশ বৎসরের মধ্যে ঋণ শোধ করা যাইবে।

৬। ১৮৭৪ ৭৫ সালের আরম্ভে মুনিসিপলিটীর সীমা অত্যন্ত হ্রাস হওয়াতে ইহার পূর্ব্ব তিনবৎসরের প্রয়োজনীয় বিস্তারিত হিসাব দেওয়া সাধ্য নহে। এই পরিবর্ত্তন হেতু যেং উপায়ে আয় ও যেং কার্য্যে ব্যয় হইয়াছে পূর্ব্বং বৎসরের সহিত তুলনা করিবার চেষ্টা করিতে গেলেও তাহা ভ্রান্তিজনক হইবে।

১৮৭৪-৭৫ সালে যেং উপায়দ্বারা মুনিসিপল আয় হইয়াছিল তৎপ্রকাশক নিম্নলিখিত এই টেবিল।

| | টাকা। |
|---|---|
| বাড়ীর টাক্স | ৫০২৮॥৵৪ |
| ঘোড়ার টাক্স | ৫৭৯৲ |
| বাজারের খাজানা | ১১,৭৩২।৵৩ |
| স্থানের খাজানা | ৪৭৮৪॥০ |
| দেশীয় লোকদের গ্রামের খাজানা | ১,২৩১॥৶৫ |
| খোঁয়াড়ির জরিমানা | ২২৯৸৴ |
| হাস্পাতালের চাঁদা ও বাগানের উৎপন্ন দ্রব্য বিক্রয়াদি অন্যান্য উপায়ে আয় ... | ৪৫৮৩৶৭ |
| মোট | ২৭,৮৬৮৸৶৭ |

ঐ বৎসরে ২৭,৪৯১৲ টাকা ব্যয় হইয়াছিল, ইহার মধ্যে ফিরিয়া পাইবার আশয়ে ৭০০৲ টাকা আগাম দেওয়া যায় ও মুনিসিপলিটীর নূতন সীমার বাহিরের কার্য্যের নিমিত্তে ১,৭৮৩ টাকা দেওয়া যায়।

৭। বাজারের গৃহাদির মূল্য প্রায় ১,৫০,০০০৲ টাকা।

৮। পূর্ব্বোক্ত আয়ের কোন উপায়ের উপর অগ্রগণ্য আর কোন দায় নাই।

জে, ডবলিউ, এডগার, সভাপতি।
এচ টউলিক ব্রৌণ, স্বীয় পদোপলক্ষে মুনিসিপল কমিশ্যনর।
জান, এচ, ডবল,
আর, ডি, ওব্রাইন,
তারিণী স, মজুমদার,
জর্জ, এম, উইল্সন,
আর, ফিলিপস, } মুনিসিপল কমিশ্যনর।

ডবলিউ, মাকফারলেন,
এচ, বি, পর্কিস, } মুনিসিপল কমিশ্যনর।
এ, এম, টিগুল, স্বীয় পদোপলক্ষে মুনিসিপল কমিশ্যনর।
ডবলিউ, লয়ড,
চার্লস গ্রাণ্ট,
এ, বি, জি, ওয়েব, } মুনিসিপল কমিশ্যনর।
এ, ডবলিউ, পাল, প্রতিনিধি সভাপতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২০ জুন।]

## JUDICIAL DEPARTMENT

No 1648C S

*The 5th June* 1876 —The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of Durbhunga, viz —

1 Baboo Bunse Dharee Sing, Zemindar
2 „ Girja Dutt Sing, ditto
3 „ Chutter Narain Chowduri, ditto
4 Moulvie Mahomed Hossen Khan, ditto

Baboo Nobin Chunder Pal, Officiating Subordinate Judge of Chittagong, is appointed to be a Subordinate Judge and Small Cause Court Judge of the Fourth Grade, with effect from the date of Moulvie Khadem Hossen's retirement, and to be Subordinate Judge of Bankoora Baboo Nobin Chunder Pal will, however, continue to act as First Subordinate Judge of Chittagong

Moulvie Enamul Huq Officiating Subordinate Judge of Chittagong, is appointed to be a Subordinate Judge and Small Cause Court Judge of the Fourth Grade, with effect from the date of the death of Baboo Jadub Chunder Dey, and to be Second Subordinate Judge of that district

*The 6th June* 1876 —Moulvie Wajehuddin Ahamed, Officiating Sub-Deputy Collector, Julpigoree, is vested with the powers of a Magistrate of the Third Class

Baboo Chunder Kumar Das, B L, Second Moonsiff of Moonsheegunge, in the district of Dacca, is appointed to be Moonsiff of Bood Bood, in the district of East Burdwan, *vice* Baboo Sreenath Dutt, who has applied to retire

Baboo Shumbhoo Chunder Dey, B L, Moonsiff of Shahzadpore, in Rajshahye, is appointed to be Second Moonsiff of Moonsheegunge, in the district of Dacca

Baboo Gobind Prosad Boral, Zemindar, is appointed to be an Honorary Magistrate in the district of Dinagepore, and is vested with the powers of a Magistrate of the Third Class, *vice* Mr T W Tweedie, resigned

*The 7th June* 1876 —The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of the 24-Pergunnahs, and are vested with the powers of a Magistrate of the Third Class, viz —

Baboo Bunko Behari Chatterjee, Assistant, Bengal Secretariat
„ Hura Krishna Sircar, Landlord and Trader
„ Chunder Coomer Moitro, Head-Master, Government School, Barrackpore
„ Gooroo Churn Bose, Head-Master, Augurpara School
„ Nilmoney Mitter, Landholder
„ Ghuneshyam Banerjee, of Nimta, Talookdar
„ Shoshi Nath Banerjee, Assistant Manager of Mr McIntosh's Estate
„ Shama Churn Puttitundo, Landholder
„ Hurronath Dutt, Zemindar's Agent
„ Jogendro Chunder Sanyal, B L, Pleader

*The 9th June* 1876 —Baboo Surut Chundra Mookerjee, B L, is appointed to officiate as Second Moonsiff of Patna during the absence, on leave, of Baboo Gokool Chund, or until further orders

LEAVE OF ABSENCE TO MOONSIFFS —*The 5th June* 1876 —Baboo Gokool Chund, Second Moonsiff of Patna, is allowed leave of absence for one month, with effect from the 2nd June 1876, under Section 3, Supplement F of the Civil Leave Code

*The 7th June* 1876 —Moulvie Abool Hossein, Moonsiff of Kudba, in the district of Purneah, is allowed nine months' leave, in extension of that granted to him on the 19th May 1876, under Section 3, Supplement F of the Civil Leave Code

*The 12th June* 1876 —Baboo Debendro Lall Shome, B L, Moonsiff of Amtah, in the district of Hooghly, is allowed leave of absence for two months, in extension of that granted to him on the 7th April 1876, under Section 3, Supplement F of the Civil Leave Code

Baboo Ram Chunder Dhur, Moonsiff of Meherpore, in the district of Nuddea, is allowed leave of absence for two months, with effect from the 25th May 1876, under Section 3, Supplement F of the Civil Leave Code

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

[*Government Gazette*, 20*th June* 1876 ]

## জুডিশ্যাল ডিপার্টমেন্ট।

---

১৬৪৮CS নম্বর।

১৮৭৬ সাল ৫ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা দ্বারভঙ্গা জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইলেন।

১। জমীদার শ্রীযুত বাবু বংশীধারী সিংহ।
২। ঐ শ্রীযুত বাবু গিরিজাদত্ত সিংহ।
৩। ঐ শ্রীযুত বাবু ছত্রনারায়ণ চৌধুরী।
৪। ঐ শ্রীযুত মৌলবী মহম্মদ হুসেন খাঁ।

শ্রীযুত মৌলবী খাদেম হুসেনের কর্ম্মহইতে অবসর গ্রহণের তারিখ অবধি চট্টগ্রামের একটিং সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু নবীন চন্দ্র পাল সবর্ডিনেট জজের ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতের চতুর্থ শ্রেণীর জজের পদে নিযুক্ত হইয়া বাঁকুড়ার সবর্ডিনেট জজ হইবেন। শ্রীযুত বাবু নবীন চন্দ্র পাল চট্টগ্রামের প্রথম সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে থাকিবেন।

বাবু যাদব চন্দ্র দের মৃত্যুর তারিখ অবধি চট্টগ্রামের একটিং সবর্ডিনেট জজ শ্রীযুত মৌলবী ইনামুল হক সবর্ডিনেট জজের ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতের চতুর্থ শ্রেণীর জজের পদে নিযুক্ত হইয়া ঐ জিলার দ্বিতীয় সবর্ডিনেট জজ হইবেন।

১৮৭৬ সাল ৬ জুন।—জলপাইগুড়ির একটিং সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওয়াজেউদ্দীন আহম্মদ তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু শ্রীনাথ দত্ত কর্ম্মহইতে অবসর গ্রহণের প্রার্থনা করাতে তৎপরিবর্ত্তে ঢাকা জিলার অন্তর্গত মুনশীগঞ্জের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রকুমার দাস, বি, এল, পূর্ব্ব বর্দ্ধমান জিলার অন্তর্গত বুদ্বুদের মুনসেফের পদে নিযুক্ত হইলেন।

রাজশাহী জিলার অন্তর্গত শাহাজাদপুরের মুনসেফ শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র দে, বি, এল, ঢাকা জিলার অন্তর্গত মুনশীগঞ্জের দ্বিতীয় মুনসেফের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত টি, ডবলিউ, ট্রাডি সাহেব কর্ম্ম ত্যাগ করাতে তৎপরিবর্ত্তে জমীদার শ্রীযুত বাবু গোবিন্দ প্রসাদ বড়াল দিনাজপুর জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৬ সাল ৭ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

বাঙ্গাল সেক্রেটরীর আসিষ্টান্ট শ্রীযুত বাবু বঙ্কবিহারী চট্টোপাধ্যায়।
ভূম্যধিকারী ও ব্যবসায়ী শ্রীযুত বাবু হরকৃষ্ণ সরকার।
বারাকপুরের গবর্ণমেণ্টে স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু চন্দ্রকুমার মৈত্র।
আগড়পাড়া স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু গুরুচরণ বসু।
ভূম্যধিকারী শ্রীযুত বাবু নীলমণি মিত্র।
নিমতার তালুকদার শ্রীযুক্ত বাবু ঘনশ্যাম বন্দ্যোপাধ্যায়।
মাকিন্টস সাহেবের ইষ্টেটের আসিষ্টান্ট কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু শশীনাথ বন্দ্যোপাধ্যায়।
ভূম্যধিকারী শ্রীযুত বাবু শ্যামাচরণ পতিতুণ্ড।
জমীদারের নায়েব শ্রীযুত বাবু হরনাথ দত্ত।
উকীল শ্রীযুত বাবু যোগেন্দ্রচন্দ্র সান্ন্যাল, বি, এল।

১৮৭৬ সাল ৯ জুন।—শ্রীযুত গোকুলচাঁদ বাবুর ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু শরচ্চন্দ্র মুখোপাধ্যায়, বি, এল, পাটনার দ্বিতীয় মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৭৬ সাল ৫ জুন।—পাটনার দ্বিতীয় মুনসেফ শ্রীযুত গোকুলচাঁদ বাবু সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৬ সালের জুন মাসের ২ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৭ জুন।—পুরণিয়া জিলার অন্তর্গত কদবার মুনসেফ শ্রীযুত মৌলবী আবুল হুসেন ১৮৭৬ সালের মে মাসের ১৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে নয় মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১২ জুন।—হুগলী জিলার অন্তর্গত আমতার মুনসেফ শ্রীযুত বাবু দেবেন্দ্রলাল সোম, বি, এল, ৮৭৬ সালের ৭ আপ্রিলের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

নদীয়া জিলার অন্তর্গত মেহেরপুরের মুনসেফ শ্রীযুত বাবু রামচন্দ্র ধর সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ৮৭৬ সালের মে মাসের ২৫ তারিখ অবধি দুই মাস ছুটী পাইয়াছেন।

আর, এল, মাঙ্গল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২০ জুন।]

## NOTIFICATION.

*The 3rd June* 1876 —It is hereby notified that, under the provisions of Section 5 of the Indian Registration Act, VIII of 1871, the Lieutenant-Governor has been pleased, in modification of the Notification of 22nd July 1872, published in the *Calcutta Gazette* of 24th idem, page 53, to declare that the sub-district of Gurbetta shall be henceforth conterminous with thana Gurbetta, which is attached to the Sudder executive sub-division of the Midnapore district

The Lieutenant Governor has also been pleased to appoint Baboo Aghore Nauth Chatterjee to be Rural Sub-Registrar of Gurbetta The arrangements regarding the sub-districts of Ghattal and Chandrakona, sanctioned in Notifications of 2nd November and 16th March 1871 respectively, will remain in force

This Notification will take effect on and from 1st June 1876

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

## NOTIFICATION

*The 6th June* 1876 —The Lieutenant Governor is pleased to direct the addition of the following to Rule 170 of the Rules for regulating labour transport under Act VII (B C) of 1873 —

"Moreover, previous to the disembarkation of emigrants, the medical officer in charge, or, in his absence, the master of the vessel conveying them, shall furnish either the employer's agent who receives the emigrants at their final landing place, or the sirdar in charge of the batch, with a written memorandum for delivery to the employer, stating clearly whether any contagious disease has declared itself on the passage, and if so, of what nature, and whether any of the emigrants proceeding to a plantation are at the time of landing affected with any complaint of such a nature as to render segregation necessary for the protection of the other labourers employed on the plantation"

R L. MANGLES
*Offg Secy to the Govt of Bengal*

## NOTIFICATION

*The 8th June* 1876 —It is hereby notified that the Lieutenant Governor has been pleased to cancel the Declaration dated the 23rd February 1876, published at page 218, Part I of the *Calcutta Gazette* of the 1st March last, for the acquisition of a plot of land under Act X of 1870 at Bhowanipore for a Hackney Carriage Stand

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

## DECLARATION

*The 8th June* 1876 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, viz for the site of a charitable dispensary at Rampore Haut, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 2 beeghas 8 cottahs and 10 chittacks of standard measurement, situate in mouzah Brahmanigram, bearing towjee No 200, pergunnah Kumarprotap, zillah Moorshedabad, and bounded on the north and west by mâl lands, on the south by the Brahmanigram road, and on the east by a rent-free tank named Hatishala, is required within the aforesaid mouzah of Brahmanigram

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

# PUBLIC WORKS DEPARTMENT—(BENGAL)

### ESTABLISHMENT

*The 10th June* 1876

No 201 —*Notifications* —Mr J W Johnson, Executive Engineer (temporary rank), Fourth Grade, Dacca Division, assumed charge of the late Mymensingh Division on the 20th May 1876, after noon

[*Government Gazette*, *20th June* 1876 ]

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৩ জুন।—১৮৭২ সালের জুলাই মাসের ২২ তারিখের যে জ্ঞাপনপত্র জুলাই মাসের ৩০ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১০৫১ পৃষ্ঠায় প্রকাশ করা যায়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৫ ধারার বিধানমতে তাহা মতান্তর করিয়া এই আদেশ করিলেন। গড়বেতা সবডিষ্ট্রিকটের সীমা এই অবধি গড়বেতা থানার এলাকার সীমার সহিত মিলিবে। ঐ থানা মেদিনীপুর জিলার সদর মহকুমার সঙ্গে সংযুক্ত আছে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব শ্রীযুত বাবু অঘোর নাথ চট্টোপাধ্যায়কে গড়বেতার গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন। ঘাটাল ও চন্দ্রকোনা সব ডিষ্ট্রিকট সম্পর্কীয় যে নিয়ম ক্রমান্বয়ে ১৮৭৪ সালের নবেম্বর ২ তারিখের ও মার্চ মাসের ১৬ তারিখের বিজ্ঞাপনে অনুমোদিত হয় তাহাই বলবৎ থাকিবে।

এই নিয়ম ১৮৭৬ সালের জুন মাসের তারিখ অবধি চলিবে।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৬ জুন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব মজুরপ্রেরণবিষয়ক ১৮৭৩ সালের বঙ্গীয় ৭ আইনমত বিধির ১৭০ ধারায় নিম্নলিখিত অতিরিক্ত বিধি সংযোগ করিবার আদেশ করিলেন।

"আরো মজুরদের নামিবার পূর্ব্বে অধ্যক্ষতাভারপ্রাপ্ত চিকিৎসক, কিম্বা তাঁহার অনুপস্থানে যে জাহাজে মজুরেরা গেল তাহার কাপ্তান পথে কোন সঞ্চারক রোগ হইয়াছিল কি না যদি হইয়া থাকে, তবে কি প্রকারের রোগ ইহা স্পষ্ট করিয়া লিখিয়া মুনিবকে দিবার নিমিত্তে লিখিত এক স্মারকলিপি শেষ নামিবার স্থানে মুনবের যে এজেণ্ট মজুরদিগকে গ্রহণ করেন তাঁহাকে কিম্বা দলের সর্দ্দারকে দিবেন। আবাদে গমনশীল মজুরদের নামিবার সময়ে তাহাদের এমত কোন প্রকারের রোগ আছে কি না যে তজ্জন্য আবাদে কর্ম্মকারি মজুরদের রক্ষার্থে তাহাদিগকে স্বতন্ত্র করা আবশ্যক, ইহাও ঐ স্মারকলিপিতে লিখিতে হইবে।"

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৮ জুন।—ভবানীপুরে ছকড়াগাড়ি দাঁড়াইবার নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনমতে একখণ্ড ভূমি গ্রহণবিষয়ক ১৮৭৬ সালের ফেব্রুয়ারি মাসের ২৩ তারিখের যে বিজ্ঞাপন গত মার্চ মাসের ৭ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ২৩৭ পৃষ্ঠায় প্রকাশ করা যায়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা রহিত করিলেন, এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৮ জুন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ রামপুরহাটে দাতব্য ঔষধালয় প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মুরশিদাবাদ জিলার অন্তর্গত কুমারপ্রতাপ পরগনার ব্রাহ্মণীগ্রাম মৌজায় কমিমতে ন্যূনাধিক ১১১॥৴ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন, তৌজীতে ঐ ভূমির ২০০ নম্বর। উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা মালের জমী, দক্ষিণ সীমা ব্রাহ্মণীগ্রামের পথ পূর্ব্ব সীমা হাতিশালা নামক নিষ্কর পুষ্করিণী।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

### সিরিশ্তা বিষয়ক।

১৮৭৬ সাল ১০ জুন।

১০৪ নম্বর।—বিজ্ঞাপন।—ঢাকাখণ্ডের বিষৎকালীন চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, ডবলিউ, জনসন সাহেব, ১৮৭৬ সালের মে মাসের ২০ তারিখের অপরাহ্ণে ভূতপূর্ব্ব ময়মনসিংহ খণ্ড কর্ম্মগ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২০ জুন।]

*No* 205.—Baboo Kedarnath Sen, Sub Engineer, First Grade, joined the Burdwan Division on the 31st May 1876, before noon.

*No* 206.—Baboo Prosono Coomar Banerjee, Sub-Engineer, Third Grade, rejoined the Third Calcutta Division on the 31st May 1876, before noon, on return from privilege leave granted* to him.

*Bengal Government (Public Works Department) Notification No 188 dated 27th May 1876

*No* 207.—*Appointments*.—Serjeant G Stuttaford, Probationary Overseer, First Grade attached to the Darjeeling Division, is permanently appointed to the Upper Subordinate Establishment in that grade, with effect from the 1st June 1876.

*No* 208.—The following men are temporarily appointed as Accountants, Fourth Grade, on probation, and posted to the Central Office of Accounts, Bengal:—

| | |
|---|---|
| Mr J S Johnstone | Baboo Aushotosh Sing |
| Baboo Rajmohun Gangooly | „ Abinas Chunder Banerjee |

*No* 209.—*Notification*.—The following temporary Accountants, Fourth Grade having failed to pass the examination, are removed from the list of Accountants in Bengal:—

| | |
|---|---|
| Mr A Lane | Baboo Chunder Coomar Mullick |
| „ J D'Cruz | |

*No* 210.—*Transfer*.—Baboo Chunder Kant Ghose, Officiating Accountant, Fourth Grade, from the Nuddea Rivers Division to the Central Office of Accounts, Bengal.

*No* 211.—*Appointment*.—Moonshee Abdool Bur is appointed as Accountant, Fourth Grade, on probation, and posted to the Nuddea Rivers Division.

*No* 212.—*Transfer*.—Serjeant J Simpson, Overseer, First Grade, is permanently transferred from this to the Irrigation Branch of the Government of Bengal.

G A D ANLEY, C E,
*Offg Asst Secy to the Govt of Bengal, P W D*

## IRRIGATION

### NOTIFICATION.—ESTABLISHMENT

*The* 12*th June* 1876

*No* 196.—*Notification*.—Mr C J K Watson, Assistant Engineer, Second Grade, on special survey duty in the South-Western Circle, availed himself on the forenoon of the 22nd May 1876, of the special leave granted him in the orders marginally noted.

No 109, dated 16th May 1876

*No* 197.—*Posting*.—Sergeant J Willing, Supervisor, Second Grade, to the Buxar Division, which he joined on the afternoon of the 29th May 1876.

*No* 198.—*Notification*.—The Lieutenant-Governor has been pleased to direct that the Hidgellee Division of the South-Western Circle shall be amalgamated with the Cossye Division from the 28th May 1876.

*The* 13*th June* 1876

*No* 199.—*Declaration*.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for a Second Class Chauki in the 8th mile of the Gurrachaubey Branch Canal, in or near mouzahs Kuriari and Banoulia, pergunnah Sasseram, zillah Shahabad, it is hereby declared that for the above purpose a piece of land about 370 feet in length and 235 feet in breadth, and measuring 1 acre 3 roods 39½ poles, more or less, and bounded on the north by the land of Achhaibar Paurey, of Kuriari, and Lotu Dusadh, of Banoulia, on the south by the lands of the said Lotu Dusadh, of Banoulia, and of Jagomohan Tewari and Lachmi Paurey, of Kuriari, on the east by the lands of Shia Golam Paurey, Chini Paurey, and Harparsad Paurey, of Kuriari, and on the west by the lands of Balok Paurey and Lotu Dusadh, of Banoulia, is

২০৫।—প্রথম শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কেদারনাথ সেন, ১৮৭৬ সালের মে মাসের ৩১ তারিখের পূর্ব্বাহ্ণে বর্দ্ধমান খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

২০৬ নম্বর।—তৃতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু প্রসন্নকুমার বন্দ্যোপাধ্যায় অনুগ্রহের যে ছুটী পান * তাহাহইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৬ সালের মে মাসের ৩১ তারিখের পূর্ব্বাহ্ণে কলিকাতার তৃতীয় খণ্ডে পুনর্ব্বার কর্ম্ম গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্ট-মেণ্টের ১৮৭৬ সালের ২৭ মের ১৮৮ নং বিজ্ঞাপন।

২০৭ নম্বর।—নিযোগ।—দার্জ্জিলিঙ্গ খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর প্রবেশনরি ওবরসিয়র সার্জ্জেণ্ট শ্রীযুত জি ষ্টটাফর্ড সাহেব ১৮৭৬ সালের জুন মাসের ১ তারিখ অবধি উচ্চতর সবর্ডিনেট সিরিশ্‌তায় ঐ শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

২০৮ নম্বর।—নিম্নলিখিত ব্যক্তিরা কিয়ৎকালের নিমিত্তে পরীক্ষার্থ চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্টের পদে নিযুক্ত হইয়া বঙ্গদেশের সদর আকৌণ্ট আফিসে অবস্থিত হইলেন।

| | |
|---|---|
| শ্রীযুত জে, এস, জনষ্টন সাহেব। | শ্রীযুত বাবু আশুতোষ সিংহ। |
| ,, বাবু রাজমোহন গঙ্গোপাধ্যায়। | ,, ,, অবিনাশচন্দ্র বন্দ্যোপাধ্যায়। |

২০৯ নম্বর।—বিজ্ঞাপন।—নিম্নলিখিত চতুর্থ শ্রেণীর কিয়ৎকালীন আকৌণ্টাণ্টেরা পরীক্ষোত্তীর্ণ না হওয়াতে তাঁহাদের নাম বঙ্গদেশস্থ আকৌণ্টাণ্টদের নাম নির্ঘণ্ট হইতে উঠাইয়া দেওয়া গেল।

| | |
|---|---|
| শ্রীযুত এ, লেম সাহেব। | শ্রীযুত বাবু চন্দ্রকুমার মল্লিক। |
| ,, জে, ডিক্রুস সাহেব। | |

২১০ নম্বর।—স্থানান্তরে নিযোগ।—চতুর্থ শ্রেণীর একটিং আকৌণ্টাণ্ট শ্রীযুত বাবু চন্দ্রকান্ত ঘোষ নদীয়ার নদী খণ্ডহইতে বঙ্গদেশের সদর আকৌণ্ট আফিসে প্রেরিত হইলেন।

২১১ নম্বর।—নিযোগ।—শ্রীযুত মুনশী আবদুল বর পরীক্ষার্থ চতুর্থ শ্রেণীর আকৌণ্টেণ্টের পদে নিযুক্ত হইয়া নদীয়ার নদী খণ্ডে অবস্থিত হইলেন।

২১২ নম্বর।—স্থানান্তরে নিযোগ।—প্রথম শ্রেণীর ওবরসিয়র সার্জ্জেণ্ট শ্রীযুত জে, সিমসন সাহেব এই কার্য্যশাখাহইতে বঙ্গদেশের গবর্ণমেণ্টের জলসেচন শাখায় স্থায়িরূপে প্রেরিত হইলেন।

জি, এ, ডি, আনলী, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

---

## জলসেচন সম্পর্কীয়।

### সিরিশ্‌তা বিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১২ জুন।

১৯৬ নম্বর।—বিজ্ঞাপন।—দক্ষিণ পশ্চিম চক্রে বিশেষ জরীপী কার্য্যে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, জে, কে, ওয়াটসন সাহেব পার্শ্বলিখিত আজ্ঞামতে যে বিশেষ ছুটী পান, তাহা ১৮৭৬ সালের ২২ মের পূর্ব্বাহ্ণে গ্রহণ করিলেন।

১৮৭৬ সালের ১৫ মের ১৬৯ নং।

১৯৭ নম্বর।—অবস্থিতির কথা।—দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর সার্জেণ্ট শ্রীযুত জে, উইলিং সাহেব বকুশার খণ্ডে প্রেরিত হইয়া ১৮৭৬ সালের ২৯ মের অপরাহ্ণে তথায় কর্ম্মগ্রহণ করিলেন।

১৯৮ নম্বর।—বিজ্ঞাপন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই আজ্ঞা করিলেন। দক্ষিণ পশ্চিমচক্রের হিজলীখণ্ড ১৮৭৬ সালের মে মাসের ২৮ তারিখ অবধি কাঁসাই খণ্ডের সহিত সংযুক্ত হইবে।

১৮৭৬ সাল ১৩ জুন।

১৯৯ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ শাহাবাদ জিলার অন্তর্গত সাশীরাম পরগনার করিযাবি ও বানৌসিয়া মৌজায় বা তন্নিকটে গডাচৌবে শাখা খালের অষ্টম মাইলে দ্বিতীয় শ্রেণীর চৌকী করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত ঐ২ গ্রামে বা তন্নিকটে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার কার্য্যকারকদের দ্বারা চিহ্নিত ৩৭০ ফুট দীর্ঘ ও ২৩৫ ফুট প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ১ একর ৩ রুড ৩৯। পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমীর উত্তর সীমা করিয়াবির অছৈবর পাঁড়ের ও বানৌলিযার লটু দসাধের ভূমি, দক্ষিণ সীমা বানৌলিযার উক্ত লটু দসাধের ও করিযাবির

required, as demarcated by the Public Works Department, Irrigation Branch Officers, in or near the aforesaid villages in the district of Shahabad

The plan of the said land may be seen and inspected in the Office of the Executive Engineer, Buxar Division, at Buxar, on any day (holidays excepted) during office hours

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

F T HAIG, *Colonel*, R E,
*Joint Secy to the Govt of Bengal,*
*in the P W Dept, Irrigation Branch*

---

## REVISED DRAFT RULES PROPOSED UNDER ACT III (B C) OF 1876.

No 200

NOTIFICATION —IRRIGATION BRANCH

*Dated the 13th June 1876*

IN exercise of the powers conferred on him by Act III B C of 1876, the Hon'ble the Lieutenant-Governor is pleased to direct the publication of the following draft rules for the Sone Canals

### *Rules under Act III B C of* 1876

1 The Collector, before awarding compensation under sections 16 and 17 of the Act, shall obtain the written opinion of the Superintending Canal Officer, which shall form part of the record of the proceedings

2 Water shall not be granted where, in the opinion of the Divisional Canal Officer, loss from wastage is likely to occur From the decision of the Divisional Canal Officer an appeal shall lie to the Superintending Canal Officer, whose order shall be final

3 Water shall not ordinarily be granted where the length of the water course, from its head to its point of contact with the village boundary, would exceed two (2) miles

4 Water for irrigation shall not be supplied, except through a water-course so constructed and maintained that, in the opinion of the Divisional Canal Officer—

(*a*) the water will pass without wastage,

(*b*) the existing necessary lines of communication, the flow of drainage water, and the passage of water for irrigation, will not be obstructed

5 The Divisional Canal Officer may withhold or postpone the grant of water for a crop to any cultivator whose fields he may have ascertained by personal inspection (by himself or one of his assistants) to be unprepared for irrigation by division into compartments not greater in area than 1 cottah or 1361 25 superficial feet, and by the addition of small water channels, as is customary in irrigation from wells

Rice-fields are exempted from the operation of this rule

NOTE — *This rule shall only apply in those cases in which the discovery is made previous to the first watering of a crop, the water having been once given cannot be withheld for that crop, but a higher rate may be levied as provided in Rule 25*

6 Persons desiring to construct a village channel shall prefer a written application to the Divisional or Sub-Divisional Canal Officer In the latter case the application shall be forwarded to the Divisional Canal Officer

7 The application, if granted, shall be subject to the Act, and also, unless otherwise specially agreed upon, be deemed granted under the following conditions —

(*a*)—That the water supplied shall not be used for other purposes than irrigation without the written consent of the Divisional or Sub-Divisional Canal Officer

[*Government Gazette*, 20*th June* 1876 ]

জগম্মোহন তেওয়ারীর ও লক্ষ্মী পাঁড়ের ভূমি, পূর্ব্ব সীমা কবিষারির শিষ্য গোস্বাম পাঁড়ের ও চিনি পাঁড়ের ও হরপ্রসাদ পাঁড়ের ভূমি, পশ্চিম সীমা বানৌলিষার বালক পাঁড়ের ও লটু দসাধের ভূমি।

উক্ত ভূমির নকশা বন্দের দিনভিন্ন প্রতি দিন কার্য্য চলনের সকল ঘণ্টায় নকসারে নকসার খণ্ডের এবসেকিটির ইঞ্জিনিয়রের আফিসে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এফ, টি, হেগ, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখায় বঙ্গদেশের গবর্ণমেন্টের
জাইন্ট সেক্রেটরী।

---

# ১৮৭৬ সালের বঙ্গীয় ৩ আইনমতে প্রস্তাবিত বিধির সংশোধিত পাণ্ডুলিপি।

২০০ নম্বর।

জলসেচন কর্ম্মবিভাগ সংক্রান্ত জ্ঞাপনপত্র।

১৮৭৬ সাল ১৩ জুন।

১৮৭৬ সালের বঙ্গীয় ৩ আইনদ্বারা মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদান করা গেল, তদনুসারে তিনি সোণ খাল বিষয়ক বিধির নিম্নলিখিত পাণ্ডুলিপি প্রকাশ করিবার আজ্ঞা করিলেন।

---

১৮৭৬ সালের বঙ্গীয় ৩ আইনমত বিধি।

১। কালেক্টর সাহেব আইনের ১৬ ও ১৭ ধারামতে হানিপূরণস্বরূপ টাকা দিবার আজ্ঞা করণের পূর্ব্বে, খালের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের লিখিত অভিমত লইবেন। সেই লিপিখানি আনুষ্ঠানিক কার্য্যের কাগজপত্রের একাংশ হইবে।

২। দেশখণ্ডের খালের কর্ত্তৃপক্ষের বিবেচনায় জলের অপচয় হইবার সম্ভাবনা থাকিলে জল দেওয়া যাইবে না। দেশখণ্ডের খালের কর্ত্তৃপক্ষের নিষ্পত্তির উপর খালের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট আপীল হইতে পারিবে। তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে।

৩। জলপ্রণালীর উৎপত্তিস্থানহইতে গ্রামের সীমার সহিত সংযোগ স্থানপর্য্যন্ত দুই মাইলের অধিক লম্বা হইলে, সচরাচর জল দেওয়া যাইবে না।

৪। দেশখণ্ডের খালের কর্ত্তৃপক্ষের বিবেচনামতে যে জলপ্রণালীদ্বারা

(ক) জল গেলেও অপচয় হইবে না,

(খ) ও জলের গমনাগমনের আবশ্যক যে পথ আছে সেই পথ, ও বাহির হইবার উপযুক্ত জল গমন ও ক্ষেত্রাদিতে সেঁচিবার নিমিত্ত জলের পথ যাহাতে অবরুদ্ধ না হয়,

এমতে যে জলপ্রণালী প্রস্তুত করা যায় ও রক্ষিত হয় তদ্ভিন্ন কোন প্রণালী দ্বারা ক্ষেত্রাদিতে সেঁচিবার জল দেওয়া যাইবে না।

৫। কূপহইতে জল সেঁচিয়া দিতে হইলে যেরূপে হইয়া থাকে, কোন কৃষকের ক্ষেত সেইরূপে ১ কাঠার কিম্বা ১৩৬১ ২৫ বর্গ ফুটের অনধিক আয়তনের ভাগ বিভাগ করিয়া ও জল যাইবার ক্ষুদ্র২ পথ করিয়া জল সেঁচিবার নিমিত্ত প্রস্তুত করা যায় নাই, দেশখণ্ডের খালের কর্ত্তৃপক্ষ আপনি কি আপনার সহকারি কোন ব্যক্তির দ্বারা দেখিয়া ইহা নিশ্চয়মতে জানিতে পাইলে, তিনি সেই কৃষকের কোন এক ফসলের নিমিত্ত জল দেওয়া বারণ কিম্বা বিলম্ব করিতে পারিবেন।

ধান্যের ক্ষেত এই বিধানহইতে মুক্ত থাকিবে।

মন্তব্য।—প্রথমেই ফসলে জল দিবার পূর্ব্বে উক্ত দোষ জানা গেলে, কেবল সেই স্থলে এই বিধি খাটিতে পারে। সেই ফসলের নিমিত্ত একবার জল দেওয়া গেলে আর বন্ধ করা যাইতে পারিবে না, কিন্তু ২৫ ধারামতে বর্দ্ধিত হারে কর আদায় হইতে পারিবে।

৬। কোন কেহ গ্রামীয় জল নালা প্রস্তুত করিতে চাহিলে, দেশখণ্ডের কি উপখণ্ডের খালের কর্ত্তৃপক্ষের নিকট তাঁহার প্রার্থনা লিখিয়া উপস্থিত করিতে হইবে। উপখণ্ডের কর্ত্তৃপক্ষের নিকট প্রার্থনাপত্র উপস্থিত করা গেলে তিনি দেশখণ্ডের খালের কর্ত্তৃপক্ষের নিকট তাহা পাঠাইবেন।

৭। সেই প্রার্থনা গ্রাহ্য হইলে আইন অনুসারে কার্য্য চলিবে। এবং প্রকারান্তরের বিশেষ নিয়ম করা না গেলে নিম্নলিখিত নিয়মানুসারে গ্রাহ্য হইল এমত জ্ঞান করিতে হইবে, -

(ক) যে জল যোগাইয়া দেওয়া যায়, দেশখণ্ডের কি উপখণ্ডের খালের কর্ত্তৃপক্ষ সাহেবের লিখিত অনুমতি বিনা, ক্ষেত্রাদিতে সেঁচিবার কার্য্যভিন্ন অন্য কার্য্যে ঐ জলের ব্যবহার হইবে না।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ২০ জুন।]

(*b*)—That the applicants nominate a headman known or ascertained to be a substantial person possessed of property to attend to their interests, to receive and carry out the orders of the Canal Officers, to distribute the water among the shareholders in the water course according to their shares, and to collect and pay in to the Collector, or other duly authorized person, all water rates leviable on the lands watered from the water-course

(*c*)—That in any case where persons desirous of taking water fail to appoint a head man, or cannot agree among themselves as to the headman the Collector shall nominate, and the Divisional Canal Officer appoint, a headman

(*d*)—That the headman shall furnish security for the payment of all sums realized by him, the stamp and registration fees on security bonds being deducted from the percentage allowed under Rule 10

(*e*)—That for each crop, previous to water being taken for any field, application shall be made in the prescribed form (Appendix A) through the said headman to the Sub-Divisional Canal Officer or other officer authorized to receive such applications, and that no water shall be taken until after the receipt of a "permit" (Appendix B) from such officer

(*f*)—That in any case where the Divisional Canal Officer, owing to the known recusancy of any village, or of any class of cultivators, anticipates difficulty in realizing water-rates, he shall intimate the same to the Collector or Sub-Deputy Collector, in whose option it shall be to require payment of water-rates in advance

(*g*)—That any other cultivators in the same village, able and willing to irrigate their lands from the said water-course, shall be admitted as shareholders in the water course on paying their proportionate share (to be determined by the amount of land they hold) of the first cost and maintenance of the water-course

(*h*)—That all alterations in the number of shareholders, distribution of shares, or nomination of headman, shall be reported for the sanction of the Divisional Canal Officer

8 The Divisional Canal Officer may accept the nominee of the shareholders in a water-course as "headman" of such water-course, and is empowered to pay him the fees as hereinbelow detailed, subject to the condition of satisfactory performance of duty

9 The allowance to the headman of a water-course for duties connected with that water course, such as arranging that it shall be kept in proper repair, seeing that no lands obtain water without a regular "permit," distributing the water to the shareholders, seeing to the outlet being closed according to the orders of the Divisional Canal Officer, and generally assisting the officers of the Irrigation Department, shall be 5 per cent on the assessments of canal water rates derived from the water-courses in his charge The Divisional Canal Officer may retrench the whole or any part of the fees under this rule in the event of the conditions not being complied with

10 The allowance to the headman of a water-course for collecting the water-rates shall be 5 per cent on the assessments, and shall be paid by the Collector on receipt of the full payment of demand for that crop and not otherwise, unless he can satisfy the Collector that the balance in arrear is so through no negligence of his The payment to be made within two months of the dates named in the permit

11 An appeal against retrenchments under Rules 9 and 10 shall lie to the Superintending Canal Officer and Commissioner respectively if preferred within thirty days of such retrenchment, and the Superintending Canal Officer or Commissioner's decision shall be final

[*Government Gazette*, 20*th June* 1876 ]

(খ) যাঁহাকে সম্পত্তি বিশিষ্ট গুরু ব্যক্তি বলিয়া জানা আছে বা নিশ্চিতমতে জানা গেল, প্রার্থকেরা তাঁহাকে এইং কার্য্যের নিমিত্তে মণ্ডলস্বরূপ মনোনীত করিবেন, বিশেষতঃ তিনি তাঁহাদের স্বার্থের প্রতি মনোযোগ করিবেন, খালের কর্ত্তৃপক্ষদের আজ্ঞা প্রাপ্ত হইয়া তদনুসারে কার্য্য করাইবেন, জলপ্রণালীর অংশিদের অংশানুসারে তাঁহাদের মধ্যে জল বিলি করাইয়া দিবেন, ও জলপ্রণালীহইতে যেং ভূমিতে জল দেওয়া যায়, সেইং ভূমির উপর জলের যত কর আদায় হইতে পারে তাহা আদায় করিয়া কালেক্টর সাহেবকে কিম্বা উপযুক্তমতে ক্ষমতাপন্ন অন্য ব্যক্তিকে দিবেন।

(গ) যাঁহারা জল পাইতে ইচ্ছা রাখেন তাঁহারা কোন স্থলে মণ্ডল নিযুক্ত না করিলে, কিম্বা যাঁহাকে মণ্ডলস্বরূপ নিযুক্ত করা যাইবে এই বিষয়ে আপনাদের মধ্যে একবাক্য হইতে না পারিলে, কালেক্টর সাহেব কোন ব্যক্তিকে মনোনীত করিবেন ও দেশখণ্ডের খালের কর্ত্তৃপক্ষ তাঁহাকে নিযুক্ত করিবেন।

(ঘ) ঐ মণ্ডল যত টাকা আদায় করেন তাহা দিবার জামিন দিবেন। এই বিধির ১০ ধারামতে শতকরার হিসাবে তাঁহার যত টাকা পাইবার অনুমতি হইল, সেই টাকাহইতে ঐ জামিনীপত্রের ইষ্টাম্পের ও রেজিষ্টরী করণের খরচ কাটিয়া লওয়া যাইবে।

(চ) কোন ক্ষেত্রের নিমিত্তে জল লইবার পূর্ব্বে, প্রত্যেক ফসলের জন্যে ঐ মণ্ডলের দ্বারা A চিহ্নিত ক্রোড়পত্রের নির্দ্দিষ্ট পাঠে উপখণ্ডের খালের কর্ত্তৃপক্ষের নিকট কিম্বা অন্য যে কার্য্যকারক উক্ত প্রকারের প্রার্থনাপত্র গ্রাহ্য করিতে ক্ষমতাপন্ন হন তাঁহার নিকট প্রার্থনাপত্র উপস্থিত করিতে হইবে। ও সেই কর্ত্তৃপক্ষের স্থানে B চিহ্নিত ক্রোড়পত্রমতে পরমিট (অর্থাৎ অনুমতিপত্র) না পাওনপর্য্যন্ত জল লইতে হইবে না।

(ছ) কোন গ্রামের কি শ্রেণীর কৃষকেরা টাকা দিয়া থাকেন না ইহা জ্ঞাত থাকাপ্রযুক্ত দেশখণ্ডের খালের কর্ত্তৃপক্ষের বিবেচনায় জলের কর আদায় করিবার কষ্ট সম্ভাবনা হইলে, তিনি কালেক্টর সাহেবকে কিম্বা সব-ডেপুটী কালেক্টরকে ঐ কথা জানাইবেন, তিনি ইচ্ছা করিলে ঐ জলের কর আগাম দিবার আজ্ঞা করিবেন।

(জ) একি গ্রামের অন্য কৃষকেরা সেই জলপ্রণালীহইতে আপনাদের ভূমিতে জল সেঁচিয়া দিতে সক্ষম ও ইচ্ছুক হইলে, তাঁহারা ঐ জলপ্রণালীর প্রথম খরচের ও তাহা রক্ষা করিবার খরচের আপনং অংশ দিলে, ঐ জলপ্রণালীর অংশীস্বরূপ গ্রাহ্য হইতে পারিবেন। তাঁহারা যেং ভূমি ভোগ করেন তাহার পরিমাণানুসারে তাঁহাদের সেই অংশ নিরূপণ হইবে।

(ঝ) অংশিদের সংখ্যা ও অংশ বিলি করণের নিয়ম ও মণ্ডল পরিবর্ত্তন করিতে হইলে দেশখণ্ডের খালের কর্ত্তৃপক্ষের অনুমতি পাইবার জন্যে তাঁহার নিকট রিপোর্ট করা যাইবে।

৮। কোন জলপ্রণালীর অংশিরা যাঁহাকে ঐ জলপ্রণালীর মণ্ডলস্বরূপ মনোনীত করেন দেশখণ্ডের খালের কর্ত্তৃপক্ষ তাঁহাকে গ্রাহ্য করিতে পারিবেন, ও সেই ব্যক্তি সন্তোষজনকরূপে কর্ম্ম নির্ব্বাহ করেন এই নিয়মে তাঁহাকে নিম্নলিখিত বিধানমতে ফী দিতে পারিবেন।

৯। জলপ্রণালীসম্পর্কে ঐ জলপ্রণালীর মণ্ডলের কর্ত্তব্য কর্ম্মের মধ্যে এইং জলপ্রণালী উপযুক্তমতে সারাইয়া রাখিবার নিয়ম করিবেন, নিয়মমতে পরমিট না পাইলে কোন ভূমিতে জল না দেওয়া যায় ইহা দেখিবেন, অংশিদের মধ্যে জল বিতরণ করিয়া দিবেন, দেশখণ্ডের খালের কর্ত্তৃপক্ষের আজ্ঞামতে জলনির্গত হইবার স্থান বন্ধ করা যায় ইহা দেখিবেন, ও নানা প্রকারে জল সেচনসংক্রান্ত কর্ম্মবিভাগের কার্য্যকারকদের সাহায্য করিবেন। খালের জলের কর বলিয় যত টাকা ধার্য্য হয় তিনি সেইং কার্য্যের নিমিত্তে আপনার অধীন জলপ্রণালীহইতে উৎপন্ন তত টাকার উপর শত করা ৫৲ টাকা পাইবেন। যদি পূর্ব্বোক্ত নিয়ম পালন না হইয়া থাকে, তবে এই বিধিমতে যত ফী পাইতে পারেন দেশখণ্ডের খালের কর্ত্তৃপক্ষ সেই সমুদয় ফী কি তাহার কোন অংশ বন্ধ করিতে পারিবেন।

১০। জলের কর আদায় করিবার জন্যে জলপ্রণালীর মণ্ডল ঐ নির্দ্ধারিত করের উপর শতকরা ৫৲ টাকা পাইতে পারিবেন। ফসলের নিমিত্ত যত টাকার দাওয়া হয় কালেক্টর সাহেব সেই সমুদয় টাকা পাইলে তাঁহাকে ঐ ফী দিবেন, সমুদয় না পাইলে ও যত বাকী থাকে তাহা মণ্ডলের শৈথিল্য হেতুক নয়, কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে ইহা জানাইতে না পারিলে, তাঁহাকে ঐ ফী দেওয়া যাইবে না। পরমিটে যে তারিখ লেখা আছে সেই তারিখের পর দুই মাসের মধ্যে ঐ টাকা দিতে হইবে।

১১। এই বিধির ৯ ও ১০ ধারামতে টাকা বন্ধ করিয়া রাখা গেলে, তাহার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে খালের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের ও কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে, ও খালের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের কিম্বা কমিশ্যনর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২০ জুন।]

12 Contracts between the Divisional Canal Officer on the part of Government, and private individuals, for the use of water as a motive power, or for any other purpose whatsoever not included in the published schedule of rates, shall, if for any period not exceeding one year, require the previous sanction of the Superintending Canal Officer

If for longer periods, such contracts shall be submitted for the sanction of the Lieutenant-Governor in the Irrigation Department

13 Tanks may be filled with canal water without charge, and without reference to the area irrigated in any village, whenever water can be made available without injury to the cultivation dependent on any canal, under the following regulations —

(*a*)—No tank shall be so filled unless exclusively used for domestic purposes, and for watering cattle, such tanks are generally in the immediate neighbourhood of villages

(*b*)—No tank shall be so filled from which irrigation is practised

(*c*)—No tank shall be so filled which, intercepting any line of drainage, is liable to overflow from accumulation of water derived from natural causes

(*d*)—No tank shall be so filled except on the written order of the Sub-Divisional Canal Officer, issued on the written applications of the parties concerned The filling of tanks can only be permitted at such times, and to such extent, as the Sub-Divisional Canal Officer approves

(*e*)—No tank shall be so filled unless the water course used to fill it shall be shown to the satisfaction of the Sub-Divisional Canal Officer to be in a sound condition when the application is made

(*f*)—The privilege herein accorded may be suspended for twelve months for breach of these regulations, by written order of the Divisional Canal Officer, subject however, to revision by the Superintending Engineer, whose decision shall be final

14 The Divisional Canal Officer may, by written order under section 76 (*a*) (ii), stop the supply to any water-course when he has satisfied himself by personal inspection (by himself or one of his Assistants) that the water-course is not maintained in proper repair Immediate report of any such closure shall be made to the Superintending Canal Officer, and the special ground fo stoppage explained

15 The Divisional Canal Officer may, under section 76 (*a*) (iii), regulate the distribution of the available water in proportion to the average area irrigated from the several outlets, or in proportion to the quantities of water contracted for, and may close the outlets in rotation as shall be necessary

Such periodical closures shall not extend beyond ten consecutive days, and shall be notified to the headmen of water-courses For longer closures the authority of the Superintending Canal Officer is required

Nothing in the above rules shall be taken to affect the power of the Superintending or any Divisional Officer to stop any supply of water in case of pressing emergency

16 The water-gauges on distributaries or other channels shall be held to give authoritative data for all calculations of discharge required to verify claims for remission of water-rate on account of loss of water

17 Claims to remission, under section 76 (*b*), of ordinary charges payable for use of canal water shall only be admitted on proof of actual loss caused by the stoppage of supply On proof of such loss the Divisional Canal Officer may remit the whole or any portion of the charges All applications for remission of water-rate shall be made to the Divisional Canal Officer at least seven days previous to the cutting of the crop An appeal from the Divisional Canal Officer's decision shall lie to the Superintending Canal Officer, whose order shall be final

[*Government Gazette*, 20*th June* 1876]

১২। কল চালাইবার নিমিত্তে কিম্বা করের তফসীলের মধ্যে অন্য যে কার্য্যের উল্লেখ হয় নাই এমত কোন কার্য্যের নিমিত্ত সাধারণ কোন ব্যক্তিরা গবর্ণমেণ্টের সপক্ষ দেশখণ্ডের খালের কর্তৃপক্ষের সঙ্গে জলের ব্যবহারের চুক্তি করিলে, যদি এক বৎসরের অধিক কালের নিমিত্ত চুক্তি না হইয়া থাকে, তবে খালের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতি প্রথমে লইতে হইবে।

অধিক কালের নিমিত্ত হইলে, ইরিগেশন ডিপার্টমেণ্টে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি পাইবার জন্যে ঐ চুক্তিপত্র অর্পণ করিতে হইবে।

১৩। কোন খালের উপর নির্ভর করিয়া যে কৃষিকার্য্য চালান যায় তাহার হানি না হইয়া যদি সেই খালের জলে কোন পুষ্করিণী ভরিয়া দেওয়া যাইতে পারে, তবে নিম্নলিখিত বিধান মানিয়া খরচ বিনা, ও কোন গ্রামের যত ভূমিতে জল সেঁচিয়া দেওয়া যায় তাহা লক্ষ না করিয়া ঐ জল দেওয়া যাইতে পারিবে,—

(ক)—কেবল গৃহকার্য্যের জন্যে ও গবাদির পান করিবার জন্যে ঐ পুষ্করিণীর জলের ব্যবহার না হইলে পুষ্করিণী পূর্ণ করিয়া দেওয়া যাইবে না। ঐ প্রকারের পুষ্করিণী সচরাচর গ্রামের সন্নিকটেই থাকে।

(খ)—ক্ষেত্রাদিতে পুষ্করিণীর জল সেঁচিয়া দেওয়া গেলে ঐ পুষ্করিণী জলে ভরিয়া দেওয়া যাইবে না।

(গ)—পুষ্করিণী জলনির্গত হইবার কোন পথের মধ্যে থাকাতে যদি স্বাভাবিক কারণে জল উথলিয়া পড়িবার সম্ভাবনা হয়, তবে ঐ পুষ্করিণীর জল তদ্রূপে ভরিয়া দেওয়া যাইবে না।

(ঘ)—পুষ্করিণীতে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে, তাঁহাদের লিখিত প্রার্থনামতে উপখণ্ডের খালের কর্তৃপক্ষ আজ্ঞা লিখিয়া না দিলে, পুষ্করিণী সেই প্রকারে জলে ভরিয়া দিতে হইবে না। উপখণ্ডের খালের কর্তৃপক্ষ যে২ সময়ে ও যত দূর পর্য্যন্ত অনুমতি করেন কেবল সেই২ সময়ে ও তত দূর পুষ্করিণী ভরিয়া দিবার অনুমতি হইতে পারিবে।

(চ)—যে জলপ্রণালীদ্বারা পুষ্করিণী ভরিয়া দেওয়া যাইবে, প্রার্থনা করণ সময়ে সেই জলপ্রণালীর সদবস্থা আছে এই কথা উপখণ্ডের খালের কর্তৃপক্ষের হৃদ্বোধমতে দর্শান না গেলে, পুষ্করিণী সেই প্রকারে ভরিয়া দিতে হইবে না।

(ছ)—এই স্থলে যে অনুগ্রহ প্রদান করা গেল, উক্ত বিধান লঙ্ঘন হইলে, দেশখণ্ডের খালের কর্তৃপক্ষের লিখিত আজ্ঞাক্রমে তাহা দ্বাদশ মাস পর্য্যন্ত রহিত করা যাইতে পারিবে, কিন্তু সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেব ঐ আজ্ঞা পুনরালোচনা করিতে পারিবেন, ও তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

১৪। জলপ্রণালী উপযুক্তমতে সারাইয়া রাখা যায় নাই দেশখণ্ডের খালের কর্তৃপক্ষ আপনি কিম্বা আপনার সহকারিদের দ্বারা দেখিয়া ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে, আইনের ৭৬ ধারার (ক) প্রকরণের ২ দফামতে আজ্ঞা লিখিয়া দিয়া ঐ জলপ্রণালীতে জল যোগান বন্ধ করাইয়া দিতে পারিবেন। তদ্রূপে বন্ধ হইলেই খালের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট অগৌণে সেই কথার ও জল বন্ধ করণের বিশেষ কারণের রিপোর্ট করিতে হইবে।

১৫। তন্মধ্যে যত জল পাওয়া যাইতে পারে, দেশখণ্ডের খালের কর্তৃপক্ষ ৭৬ ধারার (ক) প্রকরণের ৩ দফামতে জল নির্গত হইবার নানা স্থানহইতে গড়ে যে আয়তনের ভূমিতে জলশেচন হইয়া থাকে তাহার অনুপাতে, কিম্বা যত জলের নিমিত্ত চুক্তি হইল তাহার অনুপাতে, সেই জলবিতরণ হইবার বিধান করিয়া, জলনির্গত হইবার যত স্থান বন্ধ করা আবশ্যক ক্রমশঃ তত স্থান বন্ধ করিবেন।

নিরূপিত সময়ান্তরে জল বন্ধ হইলে ক্রমাগত দশ দিনের অধিক বন্ধ হইবে না। ও জলপ্রণালীর মণ্ডলদিগকে তদ্বিষয়ের সম্বাদ দিতে হইবে। অধিক কাল বন্ধ করিবার প্রয়োজন হইলে, খালের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতি পাইতে হইবে।

অত্যন্ত প্রয়োজনের স্থলে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের কিম্বা দেশখণ্ডের কোন কর্তৃপক্ষের ঐ জল বন্ধকরণের যে ক্ষমতা আছে, এই ধারার কোন কথাক্রমে তাহার বিঘ্ন হইবে না।

১৬। জল না প্রাপণ হেতুক জলের রেট ক্ষমা করিবার দাওয়া থাকিলে, যত জল নির্গত হইল ইহার হিসাব করিবার জন্যে জলবিতরণের নালায় কিম্বা অন্য নালায় জল মাপিবার যে যন্ত্র থাকে তাহাই ঐ দাওয়ার সত্যাকরণার্থ প্রামাণিক তত্ত্ব বলিয়া জ্ঞান হইবে।

১৭। খালের জলের ব্যবহারের নিমিত্ত সচরাচর যে খরচ দিতে হয়, ৭৬ ধারার (খ) প্রকরণমতে তাহার ক্ষমা পাইবার দাওয়া থাকিলে, জল বন্ধ হওয়াতে যথার্থই হানি হইল ইহার প্রমাণ না হইলে সেই দাওয়া গ্রাহ্য হইবে না। হানির প্রমাণ হইলে, দেশখণ্ডের খালের কর্তৃপক্ষ সম্পূর্ণ দাবী কিম্বা তাহার কোন অংশ ক্ষমা করিতে পারিবেন। জলের রেট ক্ষমা করিবার প্রার্থনা হইলে, ফসল কাটিবার পূর্ব্বে ন্যূনকল্পে সাত দিন থাকিতে দেশখণ্ডের খালের কর্তৃপক্ষের নিকট ঐ প্রার্থনা করিতে হইবে। দেশখণ্ডের খালের কর্তৃপক্ষ যে নিষ্পত্তি করেন তাহার উপর খালের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট আপীল হইতে পারিবে। তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২০ জুন।]

18 Before awarding compensation under section 76 (*c*), the Collector shall obtain the written opinion of the Divisional Canal Officer, and such opinion shall form part of the record of the proceedings Under this rule an appeal shall lie to the Commissioner of the Division, whose order shall be final

19 Under section 78 of the Act, the rates chargeable per acre on the different descriptions of crops are fixed for three years, viz from 1st June 1876 to the 1st June 1879, and are as follows —

WATER RATES

*Sone Canals*

| Class | Nature of Crop | Flow Irrigation per | | | Lift Irrigation per | | | Per |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | Cottah | Beegha. | Acre | Cottah | Beegha | Acre. | |
| | | Rs A P | Rs A P | Rs A P | Rs A P | Rs A P | Rs A P | |
| I | Sugarcane, tobacco indigo, opium, and gardens | 0 2 6 | 3 2 0 | 5 0 0 | 0 1 8 | 2 1 4 | 3 5 4 | Crop |
| II. | Rice, vegetables, water nuts, wheat, barley, cotton, and all crops not otherwise specified | 0 1 8 | 1 0 0 | 2 8 0 | 0 0 10 | 1 0 8 | 1 10 8 | Do |

NOTE

| | |
|---|---|
| 1 Cottah | = 1361 25 superficial feet |
| 1 Beegha | = 27225 00 " " |
| Acre | = 43560 00 " " |

20. If only a portion of a field be irrigated, the water-rate shall be chargeable on the whole field, unless such portion shall have been clearly demarcated, previous to the admission of the water, by a ridge not less than half a foot high

21. When a portion of a field has been irrigated with canal water, and a portion with well or reservoir water, the whole field shall be liable for canal water-rate, unless a clearly distinguishable boundary exists between the two portions

22. If well or reservoir water is conveyed in the same channel as canal water, the whole of the irrigation from that channel shall be liable to canal water-rate

23. Irrigation from natural or artificial escape channels, when the supply is permanent, shall be governed by the same rules as irrigation from other parts of the canal

24 Irrigation from such channels, when the supply is intermittent, may be allowed at such reduced rates as shall from time to time be fixed by the Lieutenant Governor

25. Persons irrigating lands from a canal without a written permit for water for such lands, or taking water at times prohibited by proper authority, shall be chargeable with double water-rates on the area irrigated, in addition to such penalties as may be imposed under sections 93 and 94 of the Act

26. The charge leviable for water suffered to run to waste on uncultivated lands shall be calculated at the highest rate specified in the schedule, viz five rupees per acre on the area flooded; provided that in every such case the Divisional Canal Officer may impose a lower charge if he thinks fit.

27. If mixed crops be grown in the same field, the water-rate shall be calculated on the highest rated crop

28. When the original crop sown in a canal-irrigated field fails and is ploughed up, and a fresh crop is sown in the same season, the water-rates leviable shall be due on the second crop.

29. When a field is irrigated which has not been prepared by division into compartments and by the addition of small water channels as prescribed in Rule 5, an additional charge may be imposed, equal to half the amount of water-rate leviable on the field In each case the Divisional or Sub-Divisional Officer must certify that he personally examined the field, and that it was not properly prepared for irrigation according to the terms of the rule.

[*Government Gazette*, *20th June* 1876.]

১৮। আইনের ৭৬ ধারার (গ) প্রকরণমতে কালেক্টর সাহেব কোন ব্যক্তির হানিপূরণ পাইবার আজ্ঞা করিবার পূর্ব্বে দেশখণ্ডের খালের কর্ত্তৃপক্ষের লিখিত অভিমত লইবেন। ও সেই অভিমত আনুষ্ঠানিক কার্য্যের কাগজপত্রের একাংশ হইবে। এই ধারামতে দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। তাঁহার আজ্ঞা চূড়ান্ত।

১৯। আইনের ৭৮ ধারামতে নানা প্রকারের ফসলের একর প্রতি যে হারে কর লওয়া যাইতে পারে তাহা তিন বৎসর অর্থাৎ ১৮৭৬ সালের ১ জুন অবধি ১৮৭৯ সালের ১ জুনপর্য্যন্ত অবধারিত থাকিবে।—

জলের কর।

সোণ খাল।

| শ্রেণী | যে প্রকারের ফসল | নালাদ্বারা সেচন হইলে | | | জল তুলিয়া সেচন হইলে | | | ফসলপ্রতি। |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | কাঠা | বিঘা | একর | কাঠা | বিঘা | একর | |
| ১ | আক, তামাক, নীল পোস্ত, ও বাগান | ৶৬ | ৩৶০ | ৫৲ | ৶৮ | ২৶৪ | ৩৷৶৪ | ফসলপ্রতি। |
| ২ | ধান্য, শাকসবজী, পানীফল, গোম, যব, তুলা ও অন্য২ যে ফসলের নাম নির্দ্দিষ্ট নয়। | ৶৩ | ১৷৶০ | ২৷৹ | ৶১০ | ১৶৮ | ১৷৷৶৮ | ঐ |

মন্তব্য।

১ কাঠায় ১৩৬১ ২৫ বর্গ ফুট।
১ বিঘায় ২৭২২৫ ০০ ঐ
একরে ৪৩৫৬০ ০০ ঐ

২০। ক্ষেত্রের এক অংশমাত্রে জলসেচন করিতে হইলে জল দিবার পূর্ব্বে ন্যূনকল্পে আধ ফুট উচ্চ আলি করিয়া ঐ অংশের স্পষ্ট চিহ্ন না দেওয়া গেলে, সম্পূর্ণ ক্ষেত্রের উপর জলের কর লওয়া যাইতে পারিবে।

২১। ক্ষেত্রের এক অংশে খালের জল ও অন্য অংশে কূপের কি জলাশয়ের জল সেচন হইলে, ঐ দুই অংশের যে সীমা স্পষ্ট দেখা যাইতে পারে এমত সীমা না দেওয়া গেলে সম্পূর্ণ ক্ষেত্রের উপর খালের জলের কর লওয়া যাইতে পারিবে।

২২। খালের জল যে নালা দিয়া যায়, সেই নালা দিয়া কূপের কি জলাশয়ের জলও গেলে, ঐ নালা দিয়া যত জলের সেচন হয়, সকলেরই উপর খালের জলের কর লওয়া যাইতে পারিবে।

২৩। উদ্বর্ত্ত জল বাহির হইবার স্বাভাবিক কি কৃত্রিম নালাদ্বারা জল সেচন হইলে ও জল অবিচ্ছেদে যোগান গেলে তাহার প্রতি খালের অন্য২ স্থানহইতে জল সেচনের বিধি বর্ত্তিবে।

২৪। ঐ প্রকারের নালাদ্বারা যে জল সেচন হয় তাহার সময়েং ভঙ্গ হইলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়েং যে ন্যূন হারের কর ধার্য্য করেন সেই হারে জল পাইবার অনুমতি থাকিবে।

২৫। কোন ভূমির নিমিত্ত জল পাইবার লিখিত পরমিট না পাইয়াও কোন ব্যক্তি খালের জলে সেই ভূমি সেচন করিলে, কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন কর্ত্তৃপক্ষের দ্বারা যেং সময়ে জল লইতে নিষেধ হইল, সেইং সময়ে জল লইলে আইনের ৯৩ ও ৯৪ ধারামতে তাহার উপর যে দণ্ড ধার্য্য হইতে পারে তদ্ভিন্ন যত ভূমিতে জল সেচন হইয়াছে তাহার উপর জলের দ্বিগুণ কর লওয়া যাইবে।

২৬। যে ভূমির কৃষিকার্য্য হয় না, এমত ভূমিতে জলের অপচয় হইতে দিলে, তফসীলে যে তদুচ্চ হার ধরা গিয়াছে অর্থাৎ যত ভূমিতে জল ব্যাপ্ত হইয়াছে তাহার একর প্রতি ৫ টাকার হিসাবে ঐ জলের কর লাগিবে। কিন্তু তদ্রূপ প্রত্যেক স্থলে দেশখণ্ডের খালের কর্ত্তৃপক্ষ উচিত বোধ করিলে ন্যূন হারে কর ধার্য্য করিতে পারিবেন।

২৭। যদি একি ক্ষেত্রে নানা প্রকারের ফসল হইয়া থাকে, তবে যে ফসলের উপর অতি উচ্চ হারে কর লওয়া যায় সেই হারানুসারে জলের কর লওয়া যাইবে।

২৮। খালের জলসিঞ্চিত ক্ষেত্রে প্রথম যে শস্যের বীজ বপন হইল তাহা উৎপন্ন না হওয়াতে যদি পুনরায় লাঙ্গল দিয়া চষাইয়া বৎসরের সেই কালে অন্য শস্য দেওয়া গিয়া থাকে, তবে কেবল দ্বিতীয় ফসলের উপর জলের রেট আদায় হইবে।

২৯। এই বিধির ৫ ধারায় ভাগবিভাগ করিবার ও জলের ক্ষুদ্র পথ করিবার যে বিধান হইয়াছে, ক্ষেত্রে সেই প্রকারে প্রস্তুত না হইলেও তাহাতে জল সেঁচিয়া দেওয়া গেলে, ঐ ক্ষেত্রের উপর জলের যত কর আদায় হইতে পারে তাহার অর্দ্ধেকের তুল্য আর কর ধার্য্য হইতে পারিবে। এমত প্রত্যেক স্থলে দেশখণ্ডের কি উপখণ্ডের কার্য্যকারক আপনি ক্ষেত্রে গিয়া দেখিলেন ও বিধির নিয়মানুসারে জল সেঁচাইবার নিমিত্ত তাহা উপযুক্তরূপে প্রস্তুত করা যায় নাই, তাঁহার এই মর্ম্মের সর্টিফিকট দিতে হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ২০ জুন।]

30 The amounts demandable for water-rate shall be determined and apportioned by the Divisional Canal Officer

31 All water-rates shall become due on the dates noted on the "permits," viz the dates on which the crops ordinarily come to maturity, and are as follows —

Water-rate on spring crops,—wheat, barley, peas, poppy, &c,—shall become due on 31st March

Water-rate on summer crops,—cheena, &c,—shall become due on 30th June

Water-rate on bhadoi crops,—seera rice, Indian-corn, murwa, &c,—shall become due on 31st October

Water-rate on annual and winter crops,—aghani rice, joaur, &c,—on 31st December, and shall be paid within one month of such dates.

32 In the case of lands held on Báoli tenures, half the water rates shall be recoverable from the zemindar or landlord

33 Collection of all water-rates will be made by the Collector strictly in accordance with the statement of demands furnished to him by the Divisional Canal Officer, in such form as shall from time to time be sanctioned by the Lieutenant-Governor

34 The Collector will make the collections through the Deputy Collectors attached to each division of the canal, and the Subordinate Canal Revenue Establishment

35 Objections to the demand on the score of short supply, or of matters affecting the Irrigation Department, addressed to the Collector, shall be referred by him to the Canal Divisional Officer Meanwhile the collection of the demand shall not be suspended

36 Claims for remission so referred by the Collector, and admitted by the Divisional Canal Officer, shall be reported by him for the sanction of the Superintending Canal Officer

37 A remission statement signed by the Superintending Canal Officer, shall be sufficient authority for a refund by the Collector

38 If the decision of the Divisional Canal Officer uphold the original demand, an appeal may be made to the Superintending Canal Officer, provided that it is preferred within forty days from the issue of the order The decision of the Superintending Canal Officer shall be final

39 In cases in which the water-rate is irrecoverable, from the absconding or bankruptcy of the defaulter, or when the question at issue does not depend on the canal supply, or the action of the Irrigation Department, the Collector will obtain sanction to remission of canal demands from the Commissioner of the Division All such remissions shall be reported at the close of each official year to the Divisional Canal Officer

40 If a cultivator is dissatisfied with the entries made against him in the "permit" (Appendix B), whether as to the fact of the land having been charged "flow" instead of "lift," or as to the measurements and entries of class of crop, he must lodge a complaint, either personally or through the headman of his water-course, with the Divisional or Sub-Divisional Canal Officer within fifteen days of the issue of the permit

41 No person, without the permission in writing of the Divisional or Sub-Divisional Canal Officers, shall pass, or shall cause any animal or vehicle to pass, on or across any of the works, banks, or channels of a canal or drainage work after he has been desired to desist therefrom, excepting upon such bridges, fords, and ferries, and their approaches, as are provided by the Divisional Canal Officer

42 No Canal Officer, unless specially exempted by the Lieutenant-Governor, shall have any interest in the distribution of water from any of the canals, or purchase or bid for any Government property sold thereon, either in his own name, or in the name of another, or jointly, or in shares with others

F T HAIG, *Col*, *R E*,
*Joint Secy to the Govt. of Bengal,*
*in the P W Dept*
*Irrigation Branch*

*The 26th April* 1876.

[*Government Gazette*, *20th June* 1876]

৩০। জলের কর বলিয়া যত টাকার দাওয়া হইবে, দেশখণ্ডের খালের কর্তৃপক্ষ তাহা নির্ণয় করিয়া অংশাংশমতে নিরূপণ করিবেন।

৩১। পরমিটে যেং তারিখ নির্দ্দিষ্ট হয় অর্থাৎ ফসল সচরাচর যেং তারিখে পাকিয়া থাকে সেইং তারিখে জলের কর দেনা হইবে, তাহা এইং

বাসন্তিক শস্যের অর্থাৎ গোম, যব, কলাই পোস্তপ্রভৃতির উপর জল কর মার্চ মাসের ৩১ তারিখে,

গ্রীষ্মকালীন শস্যের অর্থাৎ চীনা প্রভৃতির উপর জলের কর জুন মাসের ৩০ তারিখে।

ভাদুই শস্যের অর্থাৎ সীবা ধান্য, জনেরা, মরওয়া প্রভৃতির উপর জলের কর অক্টোবর মাসের ৩১ তারিখে।

বৎসরং ও শীতকালে অগ্রহায়নী ধান্য ও জোয়ারপ্রভৃতি শস্যের উপর জলকর ডিসেম্বর মাসের ৩১ তারিখে দেনা হইবে ও সেইং তারিখঅবধি এক মাসের মধ্যে দিতে হইবে।

৩২। বাওলী পাট্টাক্রমে যে ভূমি ভোগ হইতেছে তাহার জলের অর্দ্ধেক কর জমীদারের কি ভূম্যধিকারির স্থানে আদায় হইবে।

৩৩। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সময়েং যে পাঠের অনুমতি করেন, দেশখণ্ডের খালের কর্তৃপক্ষ সেই পাঠানুসারে কালেক্টর সাহেবকে দাওয়ার বর্ণনাপত্র দিবেন, ও কালেক্টর সাহেব ঠিক তদনুসারে জলের কর আদায় করিবেন।

৩৪। খালের প্রত্যেক খণ্ডে যে ডেপুটী কালেক্টরেরা নিযুক্ত থাকেন কালেক্টর সাহেব তাঁহা-দের দ্বারা ও খালের রাজস্বসংক্রান্ত অধীন আমলাগণের দ্বারা কর আদায় করিবেন।

৩৫। অল্প জল দেওয়া গেল বলিয়া কিম্বা জলসেচন সংক্রান্ত কর্ম্মবিভাগের অন্যাং বিষয় লইয়া সেই দাওয়ার আপত্তি থাকিলে, কালেক্টর সাহেবকে পত্রদ্বারা জ্ঞাত করা গেলে, তিনি দেশখণ্ডের খালের কর্তৃপক্ষের নিকট তাহা অর্পণ করিবেন। ইতিমধ্যে ঐ দাওয়ামতে টাকা আদায় করণ কার্য্য স্থগিত থাকিবে না।

৩৬। কালেক্টর সাহেব ক্ষমা পাইবার দাওয়াসূচক উক্ত যে পত্র অর্পণ করেন, দেশখণ্ডের খালের কর্তৃপক্ষ তাহা গ্রাহ্য করিলে খালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতি পাইবার জন্যে তাঁহার নিকট ঐ কথার রিপোর্ট করিবেন।

৩৭। খালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ক্ষমার বর্ণনাপত্রে স্বাক্ষর করিলে তাহাই কালেক্টর সাহেবের ঐ টাকা ফিরিয়া দিবার প্রচুর ক্ষমতাপত্রস্বরূপ হইবে।

৩৮। দেশখণ্ডের খালের কর্তৃপক্ষের নিষ্পত্তি অনুসারে যদি প্রথম দাওয়া প্রবল রাখা যায়, তবে খালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে আপীল হইতে পারিবে, কিন্তু ঐ আজ্ঞার তারিখঅবধি চল্লিশ দিনের মধ্যে ঐ আপীল করিতে হইবে। খালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আজ্ঞা চূড়ান্ত।

৩৯। বাকীদার পলায়ন করাতে কিম্বা যোত্রহীন হওয়াতে জলের কর আদায় হইতে না পারিলে কিম্বা খালহইতে যত জল যোগান যায় তাহার উপর কিম্বা জলসেচনসম্পর্কীয় কর্ম্মবিভাগের কোন কর্ম্মের উপর বিবাদীয় বিষয়ের নির্ভর না হইলে কালেক্টর সাহেব খালের দাওয়া ক্ষমা করিবার জন্যে দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমতি লইবেন। রাজকীয় কার্য্যসংক্রান্ত প্রতি বৎসরের অবসানে, দেশখণ্ডের খালের কর্তৃপক্ষ সাহেবের নিকট ঐ সকল ক্ষমার রিপোর্ট করিতে হইবে।

৪০। B চিহ্নিত ক্রোড়পত্রানুযায়ি পরমিটে কৃষকের নামে যে সকল দফা লেখা গিয়াছে, তাহার ভূমীর পক্ষে জলতোলনের কথা না লিখিয়া জল চলনের কথা লেখা গিয়াছে বলিয়া, কিম্বা ফসলের পরিমাণ কি যে শ্রেণীর ফসল লেখা গিয়াছে, তৎসম্পর্কে ঐং দফা লইয়া কৃষক সন্তুষ্ট না হইলে, ঐ পরমিট দেও-য়ার পর পঞ্চদশ দিনের মধ্যে আপনি কিম্বা আপনার জলপ্রণালীর মণ্ডলের দ্বারা দেশখণ্ডের কিম্বা উপখণ্ডের খালের কর্তৃপক্ষের নিকটে তাহার নালিশ করিতে হইবে।

৪১। খাল প্রভৃতির উপর দিয়া যাইবার যে সাঁকো ও তাহার ভিতর দিয়া হাঁটিয়া যাইবার যে পথ ও যে খেয়া নৌকা ও তথায় পঁহুছিবার যেং পথ দেশখণ্ডের খালের কর্তৃপক্ষের দ্বারা করিয়া দেওয়া গেল, কোন ব্যক্তি সেইং সাঁকো প্রভৃতি ছাড়া নির্ম্মিত কোন কার্য্যের উপর কি খালের তীর কি নালা কি জল নির্গত হইবার কোন বিষয়ের উপর কি তাহা দিয়া কোন গোরু প্রভৃতি জন্তু কি গাড়ি চালাইতে নিষিদ্ধ হইলে দেশখণ্ডের কি উপখণ্ডের খালের কর্তৃপক্ষের লিখিত অনুমতি না পাইলে ঐ খাল প্রভৃতির উপর কি তাহা দিয়া যাইবেন না ও কোন গোরু প্রভৃতি জন্তু কি গাড়ী চালাইবেন না।

৪২। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যাঁহাদিগকে মুক্ত করেন কোন খালহইতে জলবিতরণসম্পর্কীয় কোন বিষয়ে তাঁহারা ভিন্ন খালের কোন কর্তৃপক্ষের স্বার্থ থাকিবে না, ও সেই খালে গবর্নমেণ্টের কোন সম্পত্তি বিক্রয় করা গেলে, তাঁহারা আপনাদের কি অন্যের নামে কিম্বা অন্যের সঙ্গে যৌতায় কি অংশিভাবে ঐ সম্পত্তি ক্রয় করিতে কি নিলামে ডাকিতে পারিবেন না।

এফ. টি. হেগ, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়
বঙ্গদেশের গবর্নমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

১৮৭৬ সাল ২৬ আপ্রিল।

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৭৬। ২০ জুন।]

# APPENDIX A

## APPLICATION FOR WATER

No

Mouzah (1)

Pergunnah (2)

Distributary (3)

Village channel (4)

Name of headman (5)

Name of applicant (6)

I the undersigned hereby apply for water from the above-named village channel for the fields and crops below detailed, and I engage to pay through the headman to the Divisional Canal Officer or other person duly authorized to receive them, the water-rates according to the published schedules, and I further agree to abide by all the rules issued under the Canal Act

| No of field in Revenue Map | Acreage of field. | Crop to be grown |
|---|---|---|
| | | |

*Signature or mark of applicant.*

*Signature of headman*

*Date* ________________

NOTE.—This counterfoil to remain with the headman of the village channel

## APPLICATION FOR WATER

No

Mouzah (1)

Pergunnah (2)

Distributary (3)

Village channel (4)

Name of headman (5)

Name of applicant (6)

I the undersigned, hereby apply for water from the above mentioned village channel for the fields and crop below detailed and I engage to pay through the headman to the Divisional Canal Officer or other person duly authorized to receive them the water rates according to published schedules and I further agree to abide by all the rules issued under the Canal Act

| No of field in revenue Map | Acreage of field | Crop to be grown |
|---|---|---|
| | | |

*Signature or mark of applicant*

*Signature of headman*

*Date* ________________

NOTE.—This application to be sent to Sub Divisional Canal Officer or Zilladar according to the orders issued in the particular case by Divisional Canal Officer

## A চিহ্নিত ক্রোড়পত্র ।

### জল পাইবার প্রার্থনাপত্র ।

নং

মৌজা (১)

পরগনা (২)

জল বিতরণের নালা (৩)

গ্রামীয় জল নালা (৪)

মণ্ডলের নাম (৫)

প্রার্থনাকারির নাম (৬)

এই পত্রের নিম্নভাগে যেং ক্ষেত্রের ও ফসলের বর্ণনা করা গেল, নিম্নলিখিত ব্যক্তি আমি ঐ ক্ষেত্রের ও ফসলের নিমিত্তে উক্ত গ্রামীয় জল নালাহইতে জল পাইবার প্রার্থনা করি। প্রকাশিত তফসীলমতে জলের যে কর ধার্য্য হয়, আমি মণ্ডলের দ্বারা খণ্ডের খালের কর্ত্তৃপক্ষকে কিম্বা অন্য যে ব্যক্তি সেই কর লইবার উপযুক্ত ক্ষমতা পান তাঁহাকে ঐ কর দিতে করার করিলাম, ও খাল বিষয়ক আইনমতে যে সকল বিধি প্রচার করা যায় তাহা মানিতে প্রতিজ্ঞা করিলাম।

| রেবিনিউ ম্যাপে ক্ষেত্রের নম্বর | ক্ষেত্রের যত একর পরিমাণ | তাহাতে যে ফসল হইবে। |
|---|---|---|
| | | |

প্রার্থনাকারির স্বাক্ষর কি নিশানি ।

মণ্ডলের স্বাক্ষর ।

তারিখ

নোট ।—গ্রামীয় জলনালার মণ্ডলের নিকট এই অনুলিপি থাকিবে ।

### জল পাইবার প্রার্থনাপত্র ।

নং

মৌজা (১)

পরগনা (২)

জল বিতরণের নালা (৩)

গ্রামীয় জল নালা (৪)

মণ্ডলের নাম (৫)

প্রার্থনাকারির নাম (৬)

এই পত্রের নিম্নভাগে যেং ক্ষেত্রের ও ফসলের বর্ণনা করা গেল, নিম্নলিখিত ব্যক্তি আমি ঐ ক্ষেত্রের ও ফসলের নিমিত্তে উক্ত গ্রামীয় জল নালাহইতে জল পাইবার প্রার্থনা করি। প্রকাশিত তফসীলমতে জলের যে কর ধার্য্য হয়, আমি মণ্ডলের দ্বারা খণ্ডের খালের কর্ত্তৃপক্ষকে কিম্বা অন্য যে ব্যক্তি সেই কর লইবার উপযুক্ত ক্ষমতা পান তাঁহাকে ঐ কর দিতে করার করিলাম, ও খাল বিষয়ক আইনমতে যে সকল বিধি প্রচার করা যায় তাহা মানিতে প্রতিজ্ঞা করিলাম।

| রেবিনিউ ম্যাপে ক্ষেত্রের নম্বর | ক্ষেত্রের যত একর পরিমাণ | তাহাতে যে ফসল হইবে। |
|---|---|---|
| | | |

প্রার্থনাকারির স্বাক্ষর কি নিশানি ।

মণ্ডলের স্বাক্ষর ।

তারিখ

নোট ।—খণ্ডের খালের কর্ত্তৃপক্ষ সাহেব বিশেষং স্থলে যে আজ্ঞা করেন তদনুসারে খাল সংক্রান্ত মফস্বলের কর্ত্তৃপক্ষের বা জিলাদারের নিকট এই প্রার্থনাপত্র পাঠাইতে হইবে ।

# APPENDIX B

No

Permit ——————— of village ——————— to take water from

Distributary ———————

Village channel ———————

for the under mentioned fields and crops.

| No. of field | Acreage of field | Crop to be grown | Water rate due. | Date of payment |
|---|---|---|---|---|
| | | | | |

———————
*Signature of Canal Officer*

*Date* ———————

NOTE.—To be retained by the officer issuing the permit

No

Permit ——————— of village ——————— to take water from

Distributary ———————

Village channel ———————

for the under mentioned fields and crops.

| No of field | Acreage of field | Crop to be grown | Water rate due. | Date of payment |
|---|---|---|---|---|
| | | | | |

———————
*Signature of Canal Officer*

*Date* ———————

NOTE.—To be sent to the other Revenue Officer of the sub-division Thus, if the permit is granted by the Sub Divisional Officer this will be sent to the Zilladarand *vice versa*

No

Permit ——————— of village ——————— to take water from

Distributary ———————

Village channel ———————

for the under mentioned fields and crops

| No of field | Acreage of fie'd | Crop to be grown | Water rate due | Date of payment |
|---|---|---|---|---|
| | | | | |

———————
*Signature of Canal Officer*

*Date* ———————

NOTE.—To be retained by the headman of the village channel.

No

Permit ——————— of village ——————— to take water from

Distributary ———————

Village channel ———————

for the under mentioned fields and crops

| No of field | Acreage of field | Crop to be grown | Water-rate due | Date of payment. |
|---|---|---|---|---|
| | | | | |

———————
*Signature of Canal Officer*

*Date* ———————

NOTE.—To be handed by headman of village channel to the ryot.

## B চিহ্নিত ক্রোড়পত্র।

নং

——————গ্রাম বাসি শ্রী—————————কে

নিম্নলিখিত ক্ষেত্রের ও ফসলের নিমিত্ত—

——————জল বিতরণার্থ নালার ও

গ্রামীয় ———— জলনালা জল লইতে দেও।

| ক্ষেত্রের নম্বর | ক্ষেত্রের যত একর পরিমাণ | যে ফসল হইবে | জলের যত কর দেনা হইল | যে তারিখে দেওয়া যাইবে |
|---|---|---|---|---|
| | | | | |

——————

খালের কর্তৃপক্ষের স্বাক্ষর।

তারিখ।

নোট।—যে কর্ম্মকারক এই পরমিট প্রকাশ করেন তাঁহারই নিকট রাখিতে হইবে।

নং

——————গ্রাম বাসি শ্রী—————————কে

নিম্নলিখিত ক্ষেত্রের ও ফসলের নিমিত্ত—

——————জল বিতরণার্থ নালার ও

গ্রামীয় ———— জলনালার জল লইতে দেও।

| ক্ষেত্রের নম্বর | ক্ষেত্রের যত একর পরিমাণ | যে ফসল হইবে | জলের যত কর দেনা হইল | যে তারিখে দেওয়া যাইবে |
|---|---|---|---|---|
| | | | | |

——————

খালের কর্তৃপক্ষের স্বাক্ষর।

তারিখ।

নোট।—মহকুমার রাজস্বের অন্য কর্ম্মচারির নিকট পাঠাইতে হইবে। যথা —নি মহকুমার কর্তৃপক্ষ এই পরমিট দিয়া থাকেন তবে জমাদারের নিকট এবং জমাদারকর্তৃক দেওয়া গেলে মহকুমার কর্তৃপক্ষের নিকট পাঠাইতে হইবে।

নং

——————গ্রাম বাসি শ্রী—————————কে

নিম্নলিখিত ক্ষেত্রের ও ফসলের নিমিত্ত—

——————জল বিতরণার্থ নালার ও

গ্রামীয় ———— জলনালার জল লইতে দেও।

| ক্ষেত্রের নম্বর | ক্ষেত্রের যত একর পরিমাণ | যে ফসল হইবে | জলের যত কর দেনা হইল | যে তারিখে দেওয়া যাইবে। |
|---|---|---|---|---|
| | | | | |

——————

খালের কর্তৃপক্ষের স্বাক্ষর।

তারিখ।

নোট।—গ্রামের জলনালার মণ্ডলের নিকট রাখিতে হইবে।

নং

——————গ্রাম বাসি শ্রী—————————কে

নিম্নলিখিত ক্ষেত্রের ও ফসলের নিমিত্ত—

——————জল বিতরণার্থ নালার ও

গ্রামীয় ———— জলনালার জল লইতে দেও।

| ক্ষেত্রের নম্বর | ক্ষেত্রের যত একর পরিমাণ | যে ফসল হইবে | জলের যত কর দেনা হইল | যে তারিখে দেওয়া যাইবে। |
|---|---|---|---|---|
| | | | | |

——————

খালের কর্তৃপক্ষের স্বাক্ষর।

তারিখ।

নোট।— গ্রামীয় জলনালার মণ্ডল [illegible] হিসাবক দিবেন

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 20, 1876

মঙ্গলবার · ১৮৭৬ সাল ২০ জুন।


## PART IV

**Bill of the Legislative Council of India.**

## চতুর্থ খণ্ড।

ভারতবর্ষের আইনের পাণ্ডুলিপি।

### GOVERNMENT OF INDIA

LEGISLATIVE DEPARTMENT

THE following Bill was introduced into the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 14th March 1876, and was referred to a Select Committee with instructions to make their report thereon in a week —

No 4 OF 1876

*A Bill to provide for the management of the Public Museum at Calcutta*

Preamble

WHEREAS, by Act No XVII of 1866, reciting that it was expedient to provide for the establishment of a Public Museum at Calcutta to be called the Indian Museum, it was enacted that the Governor-General in Council should cause to be erected at the expense of the Government of India a suitable building in Calcutta to be devoted in part

### ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭৬ সালের মার্চ মাসের ১৪ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইলে, মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়া এক সপ্তাহের মধ্যে তদ্বিষয়ে রিপোর্ট করিবার আদেশ হইল।

১৮৭৬ সালের ৪ নম্বর।

কলিকাতায় রাজকীয় চিত্রশালিকার কার্য্যাধ্যক্ষতার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা নগরে ভারতবর্ষীয় চিত্রশালিকা নামে রাজকীয় চিত্রশালিকা স্থাপন করিবার বিধান করা বিহিত, ১৮৬৬ সালের ১৭ আইনে এই হেতুবাদ লিখিয়া এই বিধান করা গেল যে, ভারতবর্ষীয় পূর্ব্বকালীন ব্যবহার এবং প্রাকৃতিক ইতিবৃত্তের নানা শাখার নিদর্শক যে সামগ্রী সংগৃহীত হয় তাহা রক্ষার জন্যে, এবং পুরাবৃত্ত ও পদার্থ ও গৃহস্থালী সম্পর্কীয় মনোরঞ্জক অন্যান্য

to collections illustrative of Indian Archæology and of the several branches of Natural History, in part to the preservation and exhibition of other objects of interest, whether historical, physical or economical, in part to the records and offices of the Geological Survey of India, and in part to the fit accommodation of the Asiatic Society of Bengal and to the reception of their library, manuscripts, maps, coins, busts, pictures, engravings and other property, and it was also enacted that the Government of India should keep the said building in repair and pay and defray the salaries, allowances and pensions of the officers and servants, and all other expenses connected with the said Museum, and by the Act now in recital certain officials and other persons therein mentioned or referred to, to the number of thirteen, and their successors were constituted a Body Corporate by the name of the Trustees of the Indian Museum, and the said Trustees were empowered to receive bequests, donations and subscriptions, and to deal with the same in the manner therein mentioned for the purposes of the trusts therein mentioned, and it was also enacted that the said Trustees should have the exclusive possession, occupation and control, for the purpose of such trusts, of the said building, other than those portions thereof which upon its completion should be set apart by the said Trustees for the records and offices of the said Geological Survey and for the accommodation of the said Asiatic Society and the reception of their library, manuscripts, maps, coins, busts, pictures, engravings and other property, and it was also enacted that all officers and servants, salaried or otherwise, employed in the care or management of the trust property, should be appointed, and might be removed or suspended, by the said Trustees, subject to such regulations and conditions as the said Trustees should think proper, and it was also enacted that the Council of the said Asiatic Society should cause the collections belonging to such Society and illustrative of Indian Archæology and the several branches of Natural History and all additions that might be made thereto, to be removed to and deposited in the said building at the expense of the Government of India as soon as the same should be completed as far to be in a condition to receive the said collections, and that an inventory of the articles in such collections should be made by the said Society, one copy whereof was to be signed by the said Trustees and kept by the said Society, and another copy was to be signed by the said Society and kept by the said Trustees, and that the said Society should continue to have the same exclusive property in and control over their said library, manuscripts,

দ্রব্য রক্ষা ও প্রকাশ করণার্থে, এবং ভারতবর্ষীয় ভূতত্ত্বানুসন্ধায়ি কার্য্যকারকদের কাগজপত্র রক্ষার্থে, ও তাঁহাদের কার্য্যালয়ের জন্যে, এবং বঙ্গদেশে এশিয়াটিক সোসাইটির কর্ম্মের উপযুক্তস্থান নিরূপণের এবং তাঁহাদের গ্রন্থ ও হস্তলিখিত পুস্তকাদি ও ম্যাপ ও মুদ্রা ও ঊর্দ্ধকায় প্রতিমা ও চিত্র ও ক্ষোদিত ছবি ও অন্যান্য সম্পত্তি রাখিবার জন্যে, কলিকাতা নগরে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ভারতবর্ষের গবর্ণমেণ্টের অর্থব্যয়ে উপযুক্ত অট্টালিকা নির্ম্মাণ করাইবেন, এবং ভারতবর্ষের গবর্ণমেণ্টের অর্থব্যয়ে ঐ অট্টালিকা সংস্কারভাবে রাখা যাইবে, ও উক্ত চিত্রশালিকার কার্য্যকারকদের ও চাকরদের বেতন ও বৃত্তি ও পেনশ্যন ও ঐ চিত্রশালিকাঘটিত অন্যান্য খরচ দেওয়া যাইবে ও পরিশোধ হইবে, এবং উক্ত আইনক্রমে কোন২ পদধারি ব্যক্তিরা ও ঐ আইনের লিখিত বা উল্লিখিত আর কএক ব্যক্তি, সর্ব্বসুদ্ধ ত্রয়োদশ জন এবং তাঁহাদের পশ্চাৎ পদধারিগণ "ভারতবর্ষীয় চিত্রশালিকার ট্রষ্টী" নামে সমাবেত সমাজ হইবেন, ও উক্ত ট্রষ্টীরা চরমদান ও দান ও চান্দা গ্রহণ করিতে পারিবেন, ও তদুল্লিখিত কার্য্যপক্ষে সেই২ দানাদি লইয়া ঐ আইনের উল্লিখিতমতে কার্য্য করিবেন। আরো এই বিধান হইয়াছিল যে, ঐ অট্টালিকা সমাপ্ত হইলে পর উক্ত ট্রষ্টীরা উক্ত ভূতত্ত্বানুসন্ধানকার্য্যসম্পর্কীয় কাগজপত্রের ও কার্য্যালয়ের নিমিত্তে, এবং উক্ত এশিয়াটিক সোসাইটির কর্ম্মের সুবিধার্থে ও তাঁহাদের গ্রন্থ ও হস্তলিখিত পুস্তকাদি ও ম্যাপ ও মুদ্রা ও ঊর্দ্ধকায় প্রতিমা ও চিত্র ও ক্ষোদিত ছবি ও অন্য দ্রব্য রক্ষা করিবার জন্যে ঐ অট্টালিকার যে২ অংশ নিরূপণ করেন, তদ্ভিন্ন ঐ অট্টালিকার সমুদয়াংশে ঐ ন্যাসসম্বন্ধীয় কার্য্যার্থে উক্ত ট্রষ্টীদের একাধিকার ও ভুক্তি ও কর্তৃত্ব থাকিবে। আরো বিধান হইয়াছিল যে উক্ত ট্রষ্টীরা যে২ বিধান ও নিয়ম উচিত বোধ করেন তদনুসারে উক্ত ন্যাস্তসম্পত্তির রক্ষা করণার্থ ও তৎসম্পর্কীয় কার্য্য [illegible]ক্ষতা করণার্থ নানা কার্য্যকারকদিগকে ও চাকর[illegible] [illegible] যুক্ত করিতে ও এককালে অবসর করিতে কিম্বা [illegible]র নিমিত্ত তাহাদের কর্ম্ম স্থগিত রাখিতে ও তাহ[illegible] [illegible]বেতনাদি নিরূপণ করিতে পারিবেন। আরো বিধান হইয়াছিল যে, উক্ত অট্টালিকা পূর্ব্বোক্ত দ্রব্য গ্রহণার্থে উপযুক্তরূপে প্রস্তুত হইলে পর, উক্ত এশিয়াটিক সোসাইটির কৌন্সেল ভারতবর্ষের পূর্ব্বকালীন ব্যবহার ও প্রাকৃতিক ইতিবৃত্তের নানা শাখা নিদর্শক উক্ত সোসাইটির সংগৃহীত দ্রব্য, ও অতিরিক্ত যে সকল দ্রব্য পান তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের অর্থব্যয়ে উক্ত অট্টালিকায় আনাইয়া রাখিবেন, ও উক্ত সোসাইটি তদ্রূপে সংগৃহীত সকল দ্রব্যের নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন, একখানি নির্ঘণ্টপত্র উক্ত ট্রষ্টীদের দ্বারা স্বাক্ষরিত হইয়া উক্ত সোসাইটির নিকটে থাকিবে, আর একখানি উক্ত সোসাইটীর দ্বারা স্বাক্ষরিত হইয়া উক্ত ট্রষ্টীদের নিকটে থাকিবে, এবং উক্ত সোসাইটির উক্ত গ্রন্থ ও হস্তলিখিত পুস্তকাদি ও ম্যাপ ও মুদ্রা ও ঊর্দ্ধকায় প্রতিমা ও চিত্র ও ক্ষোদিত ছবির উপর ও তৎসমুদয়ে তৎকালে যে একস্বামিত্ব ও কর্তৃত্ব ছিল তাহা থাকিবে। এবং পূর্ব্বোক্ত অট্টালিকার যে২ অংশ উক্ত সোসাইটীর কর্ম্মের সুবিধার্থে ও তাঁহাদের গ্রন্থ ও উক্ত আইনের নির্দ্দিষ্ট অন্য সম্পত্তি রক্ষা করিবার জন্যে নিরূপিত হয়,

maps, coins, busts, pictures and engravings which they then possessed, and that the Council of the said Society should have the exclusive possession, occupation and control, for the purposes of the said Society, of those portions of the said building which should be set apart for the accommodation of the said Society and the reception of their library and other property thereinbefore mentioned,

And whereas the Government of India has caused the said building to be erected and the Council of the said Society has caused the said collections belonging to the same Society to be removed to and deposited in the said building at the expense of the Government of India, and an inventory of the articles in such collections has been made by the said Society, one copy whereof has been signed by the said Trustees and delivered to the said Society, and another copy has been signed by the Council of the said Society and delivered to the said Trustees,

And whereas the said Trustees have, in pursuance of the said Act, set apart certain portions of the said building for the said records and offices of the Geological Survey of India,

And whereas, in consideration of a sum of one hundred and fifty thousand rupees paid to them by the Government of India, the Council of the said Society has relinquished the exclusive possession, occupation and control secured to them by the said Act of the portions of the said building which, under the said Act, were to be set apart for the accommodation of the said Society and the reception of their said library and other property,

And whereas it is expedient to increase the number of Trustees constituting the said Body Corporate and to amend the law relating to the appointment and salaries of the said officers

And whereas under the circumstances aforesaid it is expedient to repeal the said Act, and to re-enact it with the modifications hereinafter appearing, It is hereby enacted as follows —

*Preliminary*

Short title

1 This Act may be called "The Indian Museum Act, 1876"

Repeal of Act No XVII of 1866

2 Act No XVII of 1866 (*to provide for the establishment of a Public Museum at Calcutta*) shall be repealed But all persons nominated under the said Act as Trustees of the Indian Museum, and all officers and servants appointed under the same

তাহার উপর উক্ত সোসাইটির কার্য্যের নিমিত্তে তাঁহাদের কৌন্সেলের একাধিকার ও ভুক্তি ও কর্তৃত্ব থাকিবে।

এইক্ষণে ভারতবর্ষের গবর্ণমেন্ট ঐ অট্টালিকা নির্ম্মাণ করাইয়াছেন, এবং উক্ত সোসাইটির কৌন্সেল ভারতবর্ষের গবর্ণমেন্টের খরচে ঐ সোসাইটির সংগৃহীত সেই সকল দ্রব্য উক্ত অট্টালিকার মধ্যে আনাইয়া রাখিয়াছেন, এবং উক্ত সোসাইটী ঐ সংগৃহীত সেই সকল দ্রব্যের নির্ঘণ্টপত্র প্রস্তুত করিয়াছেন, ও উক্ত ট্রষ্টীরা ঐ নির্ঘণ্টপত্রের এক গ্রন্থে স্বাক্ষর করিয়া উক্ত সোসাইটিকে দিয়াছেন, ও আর এক গ্রন্থ উক্ত সোসাইটির কৌন্সেলের দ্বারা স্বাক্ষরিত হইয়া উক্ত ট্রষ্টীদিগকে দেওয়া গিয়াছে

এবং উক্ত ট্রষ্টীরা উক্ত আইনের বিধানানুসারে ভারতবর্ষীয় ভূতত্ত্বীয় অনুসন্ধান কার্য্যের সকল কাগজপত্র রাখিবার ও আফিস করিবার জন্যে ঐ অট্টালিকার একাংশ নিরূপণ করিয়াছেন।

এবং উক্ত আইনঅনুসারে উক্ত সোসাইটীর কর্ম্মের সুবিধার জন্যে ও তাঁহাদের পুস্তকাদি নানা দ্রব্য রাখিবার জন্য উক্ত অট্টালিকার যেই অংশে উক্ত আইনঅনুসারে তাঁহাদের একাধিকার ও ভুক্তি ও কর্তৃত্ব ছিল, উক্ত সোসাইটীর কৌন্সেল ভারতবর্ষের গবর্ণমেন্টের স্থানে দেড় লক্ষ টাকা প্রাপ্ত হইয়া, সেই একাধিকার ও ভুক্তি ও কর্তৃত্ব ত্যাগ করিয়াছেন,

আরো উক্ত সমবেত সমাজগত ট্রষ্টীদের সংখ্যা বৃদ্ধি করা এবং উক্ত কার্য্যকারকদের নিযুক্ত হওন ও তাঁহাদের বেতন নিরূপণ বিষয়ক বিধি সংশোধন করা বিহিত,

ও পূর্ব্বোক্ত ভাবগতিক বিবেচনায় উক্ত আইন রহিত করিয়া পশ্চাৎলিখিতমতে তাহা পরিবর্ত্তন করিয়া পুনঃ প্রবল করা বিহিত, এইহ কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে,—

পরিভাষা।

১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় চিত্রশালিকা বিষয়ক ১৮৭৬ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

সংক্ষিপ্ত নামের কথা।

২ ধারা। কলিকাতায় রাজকীয় চিত্রশালিকা স্থাপনের বিধান করণার্থ ১৮৬৬ সালের ১৭ আইন রহিত করা যাইবে। কিন্তু সেই আইনমতে ভারতবর্ষীয় ঐ চিত্রশালিকার ট্রষ্টীস্বরূপ যে সকল ব্যক্তি মনোনীত হইলেন ও সেই আইন অনুসারে

১৮৬৬ সালের ১৭ আইন রহিত হইবার কথা।

Act, and now holding office shall be deemed to have been respectively nominated and appointed under this Act

*Incorporation of the Trustees.*

Trustees of the Indian Museum incorporated

3 The Chief Justice of the High Court of Judicature at Fort William in Bengal,

the Bishop of Calcutta,

the Vice-Chancellor of the University of Calcutta,

the Secretary to the Government of India in such Department as the Governor-General in Council from time to time directs in this behalf,

the Accountant-General,

five other persons to be nominated by the Governor-General of India in Council,

the President of the Asiatic Society of Bengal and four other Members of the said Society for the time being, to be nominated by the Council of the said Society,

the Superintendent of the Geological Survey of India,

and their successors, appointed as hereinafter directed and subject to the provisions hereinafter contained, shall be and are hereby constituted a Body Corporate by the name of the "Trustees of the Indian Museum," and shall have a common seal, and by such name shall have perpetual succession, and all the powers of the said Corporation may be exercised so long and so often as there shall exist seven Members thereof

Ex officio Members

4 The persons for the time being holding the offices respectively mentioned in section three shall be ex-officio Members of the said Body Corporate, and shall cease to be such Members respectively upon ceasing to hold the said offices respectively

Provision in case of two offices being held by one person

In the event of any two of the said offices being held by the same person, the Governor-General in Council may from time to time nominate such other person as he thinks fit to be a Trustee under this Act so long as the said two offices are held by one person·

Provided that whenever the said Chief Justice, Bishop, Vice-Chancellor, Secretary to the Government of India, Accountant-General, or Superintendent of the Geological Survey of India is also

যে সকল কার্য্যকারক ও চাকরকে নিযুক্ত করা যায় ও যাঁহারা এইক্ষণে কর্ম্ম করিতেছেন, তাঁহাদিগকে এই আইনমতে মনোনীত ও নিযুক্ত করা গেল, এমত জ্ঞান করিতে হইবে ইতি।

ট্রষ্টীদের সমাবেত হওন বিষয়ক বিধি।

ভারতবর্ষীয় চিত্রশালিকার ট্রষ্টীদের সমাবেত হইবার কথা।

৩ ধারা। বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের চিফ জষ্টিস সাহেব,

কলিকাতার বিশপ সাহেব,

কলিকাতার বিশ্ববিদ্যালয়ের বৈস-চান্সেলর সাহেব,

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব সময়ে২ এতৎপক্ষে যে ডিপার্টমেন্ট নির্দ্দেশ করেন সেই ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্নমেন্টের সেক্রেটারী সাহেব,

আকৌন্টেন্ট জেনরল সাহেব,

অন্য যে পাঁচ জনকে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব মনোনীত করিবেন তাঁহারা,

বঙ্গদেশের এশিয়াটিক সোসাইটির সভাপতি, এবং উক্ত সোসাইটির কৌন্সেল উক্ত সোসাইটির তাৎকালিক অন্য যে চারিজন মেম্বরকে মনোনীত করিবেন তাঁহারা,

ভারতবর্ষের ভূতত্ত্বসম্বন্ধীয় অনুসন্ধান কার্য্যের সুপরিন্টেণ্ডেন্ট

এবং তাঁহাদের পশ্চাৎ পদধারিগণ নিম্নলিখিত আদেশক্রমে এবং নিম্নলিখিত বিধানের অধীনে নিযুক্ত হইয়া "ভারতবর্ষীয় চিত্রশালিকার ট্রষ্টী" নামে সমাবেত সমাজ হইবেন ও এতৎক্রমে তৎস্বরূপ অবধারিত হইলেন, ও তাঁহাদের সাধারণ মোহর থাকিবে, ও সেই খ্যাতিক্রমে তাঁহাদের চিরপর্য্যায় হইবে, এবং উক্ত সমাবেত সমাজের সাত জন সদস্য যত কাল ও যতবার বর্ত্তমান থাকেন তত কাল ও ততবার সেই সমাবেত সমাজের ক্ষমতানুসারে কার্য্য করা যাইতে পারিবে ইতি।

যাহারা স্বং পদোপলক্ষে সদস্য হইবেন তাঁহাদের কথা।

৪ ধারা। ৩ ধারায় যেং পদের উক্তি হইয়াছে, সেইং পদ যাঁহারা যৎকালে ধারণ করেন তাঁহারা তৎকালে সেইং পদোপলক্ষে উক্ত সমাবেত সমাজের সদস্য হইবেন। এবং তন্মধ্যে কেহ উক্ত পদধারণে নিরস্ত হইলে তাঁহার সেই সদস্যরূপ পদও রহিত হইবে।

একি ব্যক্তি দুই পদ ধারণ করিলে তাহার বিধান।

একি ব্যক্তি কোন সময়ে পূর্ব্বোক্ত দুই পদধারণ করিলে যত কাল করেন মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল সাহেব এই আইনমত ট্রষ্টী হওনার্থে অন্য যে ব্যক্তিকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহাকে তত কালপর্য্যন্ত নিযুক্ত করিতে পারিবেন।

পরন্তু উক্ত চীফ জষ্টিস কি বিশপ কি বৈস-চান্সেলর কিম্বা ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেব কিম্বা আকৌন্টেন্ট জেনরল সাহেব কিম্বা ভারতবর্ষের ভূতত্ত্বসম্বন্ধীয় অনুসন্ধান কার্য্যের সুপরিন্টেণ্ডেন্ট যখন ও

the President of the said Society, the Council of the said Society may nominate any other person being a Member of the said Society to be a Trustee under this Act so long as such Presidency is held by the said Chief Justice, Bishop, Vice-Chancellor, Secretary, Accountant-General, or Superintendent

5 If any of the said Trustees to be nominated by the Governor-General in Council or by the Council of the said Society, or any Trustee appointed as herein provided, dies or is absent from India for more than twelve consecutive months, or desires to be discharged, or refuses or becomes incapable to act, then and in every such case the Governor-General in Council or the Council of the said Society, as the case may be, may appoint a new Trustee in the place of the Trustee so dying or being absent from India or desiring to be discharged or refusing or becoming incapable to act as aforesaid,

Power to appoint new Trustees

and every Trustee so appointed shall thereupon become and be a Member of the said Body Corporate as fully and effectually as if he had been hereby constituted a Trustee

*Powers of the Trustees.*

6 It shall be lawful for the said Trustees (a) to receive bequests, donations and subscriptions of land, buildings, money and any such objects of interest as aforesaid, and (b) to hold the same and to lay out such money for the maintenance, improvement and enlargement of the collections deposited in, presented to, or purchased for, the said Indian Museum, and otherwise for the purposes of the same Museum,

Trustees empowered to receive bequests, donations and subscriptions.

and all such collections shall become the property of the said Trustees for the purposes of their trusts herein mentioned,

and the said Trustees shall have the exclusive possession, occupation and control, for the purposes of such trusts, of the whole of the said building, other than those portions thereof which have been set apart by the said Trustees for the records and offices of the Geological Survey of India

7 The said Trustees may from time to time make bye-laws consistent with this Act—

Power to Trustees to make bye-laws

(a) for the management of the said Museum,

(b) for the summoning, holding and adjournment of General and Special Meetings of the said Trustees,

(c) for securing their attendance at such meetings,

যতবার উক্ত সোসাইটির সভাপতি হন, তথন উক্ত চীফ জষ্টিস কি বিশপ কি বৈস-চান্‌সেলর কি সেক্রেটারী কি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যতকাল ঐ সভাপতিপদে থাকেন সোসাইটির কৌনসেল এই আইনমত ট্রষ্টী হওনার্থে সোসাইটির অন্য কোন সদস্যকে তত কাল নিযুক্ত করিতে পারিবেন ইতি।

৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের কিম্বা সোসাইটির কৌন্‌সেলের যে ট্রষ্টীদিগকে মনোনীত করিতে হইবে, তাঁহাদের মধ্যে কোন ব্যক্তি কিম্বা এই আইনের বিধানমতে নিযুক্ত কোন ট্রষ্টী মরিলে কিম্বা ক্রমাগত দ্বাদশ মাসের অধিক কাল ভারতবর্ষে অনুপস্থিত থাকিলে, কিম্বা অপসৃত হইতে বাঞ্ছা করিলে, কিম্বা কর্ম্ম করিতে অসম্মত কি অক্ষম হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব, কিম্বা বিষয়বিশেষে উক্ত সোসাইটির কৌনসেল মৃত কি ভারতবর্ষে অনুপস্থিত কিম্বা অপসৃত হওনেচ্ছুক কিম্বা কর্ম্ম করণে অসম্মত কি অক্ষম ঐ ট্রষ্টীর স্থানে নূতন ট্রষ্টীকে নিযুক্ত করিতে পারিবেন,

নূতন ট্রষ্টিদিগকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

এবং কোন ব্যক্তি এই আইনমতে ট্রষ্টী পদে নিযুক্ত হইলে যদ্রূপে উক্ত সমাবেত সমাজের সদস্য হইতেন, উক্ত প্রকারে নিযুক্ত প্রত্যেক ট্রষ্টীও তত্তুল্যভাবে সম্পূর্ণ ও সফলরূপে উক্ত সমাবেত সমাজের সদস্য হইবেন ইতি।

ট্রষ্টীদের ক্ষমতাবিষয়ক বিধি।

৬ ধারা। উক্ত ট্রষ্টীরা (ক) ভূমি কি কোটা কি মুদ্রাস্বরূপ চরমদান ও দান ও চান্দা এবং পূর্ব্বোক্ত প্রকারের মনোরঞ্জক কোন দ্রব্য গ্রহণ করিতে পারিবেন এবং (খ) তাহা রাখিয়া উক্ত ভারতবর্ষীয় চিত্রশালিকার কার্য্যে অর্থাৎ উক্ত চিত্রশালিকায় যে সামগ্রী অর্পিত কি প্রদত্ত হয় কিম্বা তজ্জন্যে ক্রীত হয় তাহার সৌষ্ঠব ও সংখ্যা বর্দ্ধনার্থে ও প্রকারান্তরে সেই চিত্রশালিকার কার্য্যপক্ষে ঐ টাকা ব্যয় করিতে সক্ষম হইবেন।

চরমদান ও দান ও চান্দা গ্রহণ করিতে ট্রষ্টীদের ক্ষমতার কথা।

এবং এই আইনে সেই ট্রষ্টীদের যে ন্যাসের কথা উল্লিখিত হইয়াছে তৎসম্পর্কে ঐ সংগৃহীত সকল সামগ্রী তাঁহাদেরই সম্পত্তি হইবে।

এবং উক্ত ট্রষ্টীরা ভারতবর্ষের উক্ত ভূতত্ত্বানুসন্ধান কার্য্যসংক্রান্ত কাগজপত্রের ও কার্য্যালয়ের নিমিত্তে ঐ অট্টালিকার যেই অংশ নিরূপণ করেন, তদ্ভিন্ন উক্ত ট্রষ্টীরা ঐ ন্যাসসংক্রান্ত কার্য্যার্থে ঐ অট্টালিকার সমুদয়াংশের একাধিকার ও ভুক্তি ও কর্তৃত্ব প্রাপ্ত হইবেন ইতি।

৭ ধারা। উক্ত ট্রষ্টিরা

ট্রষ্টীদের উপবিধি করিবার ক্ষমতার কথা।

(ক) ঐ চিত্রশালিকার কার্য্যাধ্যক্ষতা করণার্থে,

(খ) এবং উক্ত ট্রষ্টীদের সাধারণ ও বিশেষ সভার আহ্বান করণার্থে, ও সেই সভার অধিবেশন ও অবশিষ্ট কার্য্যের নিমি ও সময়ান্তর নিরূপণার্থে,

(গ) ও সেই সভায় তাঁহাদিগের আগমনার্থে,

(*d*) for the provision and keeping of minute-books and account-books,

(*e*) for the compiling of catalogues, and

(*f*) for all other purposes necessary for the execution of their trust

Power to Trustees to appoint officers and servants

8 Subject to such regulations and conditions as the Trustees think fit, they shall appoint, and may remove or suspend, all officers and servants, salaried or otherwise, employed in the care or management of the trust property provided—

(*a*) that no officer be appointed without the approval of the Governor-General in Council if such officer be, at the date of his appointment, in India, or without the approval of the Secretary of State for India in Council if such officer be not then in India,

(*b*) that no new office be created and no salaries of officers shall be altered without the previous sanction of the Governor-General in Council

Trustees may exchange or sell duplicates

9 The said Trustees may from time to time order any duplicates of printed books, medals, coins, specimens of Natural History or other curiosities deposited in the Indian Museum to be exchanged for manuscripts, books, or other objects of interest, or direct any such duplicates to be sold and the money to arise from such sale to be laid out in the purchase of manuscripts, books, maps, medals, coins, specimens of Natural History or other curiosities that may be proper for the said Museum

Quorum

10 At all meetings of the said Trustees five shall be a quorum for the transaction of business and for the exercise of any of the powers conferred upon them by this Act

*Duties of the Trustees*

| For one year, without postage | Rs | 10 | 0 | 0 |
| Ditto, with postage | „ | 12 | 8 | 0 |

When postage stamps are remitted in payment of subscription, half an anna in the Rupee should be added for discount

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

| | |
|---|---|
| ডাকমাসুল বিনা এক বৎসরের | ১০৲ |
| ডাকমাসুল সুদ্ধ ঐ | ১২৷৷০ |

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি আধ আনা মূল্যের একং খাম ডাকের টিকিট ডিস্কোণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২০ জুন।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডওয়ার্ড মরিস্ লুইস্ সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1926. ১৯২৬ [REGISTERED No 30.]

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 27, 1876

মঙ্গলবার ১৮৭৬ সাল ২৭ জুন।

CONTENTS



| | Page |
|---|---|
| Part I.—Resolutions, Orders, and Notifications of the Government of India | 117—119 |
| Part II.—Resolutions, Orders, and Notifications of the Lieut Governor of Bengal | 551—575 |
| Part III.—Acts of the Legislative Council of India | Nil |
| Part IV.—Bills of the Legislative Council of India | Nil |
| Part V.—Acts of the Bengal Council | Nil |
| Part VI.—Bills of the Bengal Council | Nil. |
| Part VII.—Circular Orders of the High Court and Board of Revenue | 99—121 |
| Part VIII.—Advertisements | 443—467 |



নির্ঘণ্ট।



| | পৃষ্ঠা। |
|---|---|
| প্রথম খণ্ড।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি | ১১৭—১১৯ |
| দ্বিতীয় খণ্ড।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি | ৫৫১—৫৭৫ |
| তৃতীয় খণ্ড।—ভারতবর্ষের আইন | নাই। |
| চতুর্থ খণ্ড।—ভারতবর্ষের আইনের পাণ্ডুলিপি | নাই। |
| পঞ্চম খণ্ড।—বঙ্গদেশের আইন | নাই। |
| ষষ্ঠ খণ্ড।—বঙ্গদেশের আইনের পাণ্ডুলিপি | নাই। |
| সপ্তম খণ্ড।—হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র | ৯৯—১২১ |
| অষ্টম খণ্ড।—ইশ্তিহার প্রভৃতি | ৪৪৩—৪৬৭ |



## PART I

### Resolutions, Orders, and Notifications of the Government of India.

## প্রথম খণ্ড।

### ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

# FINANCIAL DEPARTMENT.

## NOTIFICATION —LEAVE AND ALLOWANCES

*Simla, the 16th June* 1876

*No* 1029 —The Governor-General in Council directs that the following be inserted as a note under Section 37 (*b*), Acting Allowance Code —

(NOTE —These allowances are local allowances )

R B CHAPMAN,
*Secy to the Govt of India*

# PUBLIC WORKS DEPARTMENT

## NOTIFICATIONS—ESTABLISHMENT

*Simla, the 10th June* 1876

*No* 260 —*Erratum* —In Public Works Department Notification No 478 of 22nd November 1875 regarding the transfer of Mr J S Slater, Temporary Assistant Engineer, 1st Grade, *for* ' Bengal Provincial Establishment" *read* " Bengal Educational Department "

*The 14th June* 1876

*No* 266 —The undermentioned Accountants, 4th Grade, on probation, attached to the Northern Bengal State Railway, are confirmed in their appointments —

Mr W R Monks
Baboo Shorut Chunder Mookerjee

*The 15th June* 1876

*No* 270 —Baboo Kedar Nath Dass is appointed an Accountant, 4th Grade, on probation, with effect from the 27th April 1876, and posted to the Office of the Examiner of Guaranteed Railway Accounts, Calcutta

*The 16th June* 1876

*No* 276 —Mr F Moore, Deputy Examiner, Public Works Accounts, is posted to the Northern Bengal State Railway as a temporary arrangement

C H DICKENS, *Col*, R A,
*Secy to the Govt of India*

## ফিনান্শ্যাল ডিপার্টমেণ্ট।

ছুটী ও বৃত্তিবিষয়ক।—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৬ সাল ১৬ জুন।

১০২৯ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব, একটিং বেতন বিষয়ক বিধির ৩৭ (b) ধারার নিম্নভাগে মন্তব্য বলিয়া নিম্নলিখিত মন্তব্য কথা দিবার আজ্ঞা করিলেন।

(মন্তব্য কথা।—এইং বেতন স্থানীয় বেতন।)

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

## পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্তাবিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৬ সাল ১০ জুন।

২৬০ নম্বর।—অশুদ্ধশোধন।—প্রথম শ্রেণীর কিয়ৎকালীন আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এস, স্লেটর সাহেবের স্থানান্তরে নিযোগ বিষয়ক পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৫ সালের নবেম্বর মাসের ২২ তারিখের ৪৭৮ নং বিজ্ঞাপনে "বঙ্গদেশের প্রবিন্শ্যাল সিরিশ্তায়" এই কথার পরিবর্ত্তে "বঙ্গদেশের শিক্ষাসম্পার্কীয় কার্য্যবিভাগে" পাঠ করিতে হইবে।

১৮৭৬ সাল ১৪ জুন।

২৬৬ নম্বর।—বঙ্গদেশের উত্তরদিগের ষ্টেট রেলওয়েতে নিযুক্ত নিম্নলিখিত চতুর্থ শ্রেণীর পরীক্ষার্থ আকৌণ্টাণ্টেরা স্বং পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ডলিউ আর মক্স সাহেব।
,, বাবু শরচ্চন্দ্র মুখোপাধ্যায়।

১৮৭৬ সাল ১৫ জুন।

২৭০ নম্বর।—শ্রীযুত বাবু কেদার নাথ দাস ১৮৭৬ সালের ২৭ আপ্রিল অবধি পরীক্ষার্থ চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্টের পদে নিযুক্ত হইয়া কলিকাতার গারাণ্টীড রেলওয়ের হিসাব পরীক্ষকের আফিসে অবস্থিত হইলেন।

১৮৭৬ সাল ১৬ জুন।

২৭৬ নম্বর।—পবলিক ওর্কস আকৌণ্টের ডেপুটী পরীক্ষক শ্রীযুত এফ, মুর সাহেব কিয়ৎকালের নিমিত্তে বঙ্গদেশের উত্তর দিগের ষ্টেট রেলওয়েতে অবস্থিত হইলেন।

সি, এচ ডিকিন্স, কর্ণেল, আর, এ,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 27, 1876.

মঙ্গলবার ১৮৭৬ সাল ২৭ জুন।


## PART II

Resolutions, Orders and Notifications of the Lieutenant-Governor of Bengal

## দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

## REVENUE AND GENERAL DEPARTMENTS

No 1669C S

GENERAL.—*The* 10*th June* 1876 —Baboo Kali Prosunno Sircar, Deputy Magistrate and Deputy Collector, Jessore, is transferred to Cuttack

Moulvi Abdool Hye, Deputy Magistrate and Deputy Collector, Manickgunge, Dacca, on leave, is transferred to Jessore

The following officers, who have been set free from the establishment employed on the settlement work in the Sonthal Pergunnahs, are posted to the several districts of the Bhágalpur division, and in the grades of Sub-Deputy Collectors noted against each —

Baboo Sant Prosad, First Grade, Kissengunge
,, Chundra Narayan Gupta, First Grade, Deoghur
Moulvi Shere Ali, First Grade, Godda
Syed Zakir Hossein, First Grade, Muddehpoora
Baboo Shama Churn Mittra, First Grade, Jamooee
,, Ishree Prosad, Second Grade, Banka
,, Debi Prosad, Second Grade, Begooserai
,, Umesh Chandra Banerjee, Second Grade, Arrareah.

Moulvi Shere Ali and Baboo Ishree Prosad, and Baboo Debi Prosad, will, however, continue temporarily in the Sonthal Pergunnahs settlement

Moulvi Shere Ali will continue to act in the 7th grade of the Subordinate Executive service during the absence, on leave, of Mr J R Hand, or until further orders

Baboo Umesh Chundra Banerjee will also continue at Godda in the First Grade, and Moulvi Abdul Majid at Arrareah in the Second Grade of Sub-Deputy Collectors until Mr Hand's return

*The* 12*th June* 1876 —Mr Thomas Durant Beighton, an Officiating Judge of the Calcutta Small Cause Court, is appointed to act temporarily as District and Sessions Judge of Hooghly

Mr C F Egerton Allen, Barrister-at-law, Lecturer on English Law in the Presidency College, is appointed to act temporarily, in addition to his own duties, as a Judge of the Calcutta Small Cause Court

Mr W H M Gun, Officiating Joint-Magistrate and Deputy Collector, in charge of the Jajpore division of the Cuttack district, is transferred to the Sudder Station of that district

*The* 13*th June* 1876 —Captain C H Garbett, Assistant Commissioner, Lohardugga, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, under section 18 (*b*) of the Civil Leave Code, to enable him to rejoin his appointment on his return from furlough

*The* 15*th June* 1876 —Dr J Anderson is appointed to be a Member of the Committee for the management of the Zoological Garden at Alipore

Baboo Govind Chundro Bysak, Sub-Deputy Collector, Mymensing, is vested with the powers of a Collector under section 3, Act X (B C) of 1871

*The* 16*th June* 1876.—Mr P D Dickens, Magistrate of Police, Calcutta, is allowed leave for three months, under section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 27th instant.

Mr E. J. Trevelyan, Barrister-at-law, is appointed to act as a Magistrate of Police, Calcutta, during the absence, on leave, of Mr. P D Dickens, or until further orders.

[*Government Gazette*, 27*th June*. 1876.]

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

---

### রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

---

১৬৬৯০৪ নম্বর।

সাধারণ।—১৮৭৬ সাল ১০ জুন।—যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীপ্রসন্ন সরকার কটকে প্রেরিত হইলেন।

ঢাকার অন্তর্গত মানিকগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল হায় যশোহরে প্রেরিত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

নিম্নলিখিত কার্য্যকারকেরা সাঁওতাল পরগনার বন্দোবস্ত কার্য্যহইতে মুক্ত হইয়া আপন২ নামের পার্শ্বলিখিত ভাগলপুর খণ্ডের অন্তর্গত নানা জিলায় সব-ডেপুটী কালেক্টরদের নানা শ্রেণীতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত শান্ত প্রসাদ বাবু, কৃষ্ণগঞ্জে, প্রথম শ্রেণী।
,, বাবু চন্দ্র নারায়ণ গুপ্ত, দেবগড়ে, প্রথম শ্রেণী।
,, মৌলবী শের আলী, গড্ডায়, প্রথম শ্রেণী।
,, সৈয়দ জাকীর হুসেন, মদ্ধেপুরায়, প্রথম শ্রেণী।
,, বাবু শ্যামাচরণ মিত্র, জমুইয়ে, প্রথম শ্রেণী।
,, ঈশ্বরী প্রসাদ বাবু, বাঁকায়, দ্বিতীয় শ্রেণী।
,, দেবী প্রসাদ বাবু, বেগুসরাইবে, দ্বিতীয় শ্রেণী।
,, বাবু উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, অররিয়ায়, দ্বিতীয় শ্রেণী।

শ্রীযুত মৌলবী শের আলী ও শ্রীযুত ঈশ্বরী প্রসাদ বাবু ও শ্রীযুত দেবী প্রসাদ বাবু কিয়ৎকালের নিমিত্তে সাঁওতাল পরগনার বন্দোবস্ত কার্য্যে থাকিবেন।

শ্রীযুত জে, আর, হাণ্ড সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত মৌলবী শের আলী সবর্ডিনেট একসেক্লিটিব সর্ব্বিসের সপ্তম শ্রেণীমতে কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত হাণ্ড সাহেবের প্রত্যাগমন না করণ পর্য্যন্ত শ্রীযুত বাবু উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় গড্ডায় সব-ডেপুটী কালেক্টরদের প্রথম শ্রেণীমতে ও শ্রীযুত মৌলবী আবদুল মজীদ অররিয়ায় সব-ডেপুটী কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৭৬ সাল ১২ জুন।—কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের একটিং জজ শ্রীযুত তামস ডুরান্ট বেটন সাহেব কিয়ৎকালের নিমিত্তে হুগলীর ডিষ্ট্রিকট ও সেশন জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

প্রেসিডেন্সী কালেজে ইংরেজী ব্যবস্থার উপদেশক বারিষ্টর আট-লা শ্রীযুত সি, এফ, ইগার্টন আলেন সাহেব আপন কর্ম্মাতিরিক্ত কিয়ৎকালের নিমিত্তে কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্মও করিবেন।

কটক জিলার অন্তর্গত যাজপুর মহকুমার কার্য্যের ভার প্রাপ্ত একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, এচ, এম, গন্ সাহেব ঐ জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

১৮৭৬ সাল ১৩ জুন।—লোহারডগার আসিষ্টাণ্ট কমিশ্যনর কাপ্তান শ্রীযুত সি, এচ, গার্ব্বেট সাহেব, নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়া আপন কর্ম্ম পুনর্গ্রহণ করিতে পারিবার নিমিত্তে সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ (b) ধারামতে ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৫ জুন।—ডাক্তর শ্রীযুত জে, আণ্ডরসন সাহেব আলীপুরস্থ জীবজন্তু প্রদর্শনার্থ উদ্যানের কার্য্য সম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

ময়মনসিংহের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বসাক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৩ ধারামতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৬ জুন।—কলিকাতার পোলীসের মাজিষ্ট্রেট শ্রীযুত পি, ডি, ডিকিন্স সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এই মাসের ২৭ তারিখ অবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত পি, ডি, ডিকিন্স সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বারিষ্টর-আট-লা শ্রীযুক্ত ই, জে, ট্রেভিলিয়ান সাহেব কলিকাতার পোলীসের মাজিষ্ট্রেটের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৭ জুন।]

Baboo Mohesh Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector, Bogra, is posted to Serajgunge, in Pubna, with effect from the 19th May last, till relieved from that appointment, when he will revert to his former appointment at Bogra

*The* 17*th June* 1876—Baboo Gobind Kant Bidyabhushan, Supernumerary Deputy Magistrate and Deputy Collector, Bogra, is posted to Serajgunge, in Pubna

Baboo Juggobundhoo Khan, Officiating Deputy Magistrate and Deputy Collector, Bankoora, is appointed temporarily to be a Deputy Magistrate and Deputy Collector of the Seventh Grade, with effect from the 17th March 1875, *vice* Mr. H R. Reily, now on deputation on special duty as Manager of the Chanchal Estate

*The* 19*th June* 1876—Baboo Bhooban Mohun Raha, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Brahmanbariah division of the Tipperah district, is vested with the powers of a Collector under Act X (B C) of 1871, *vice* Baboo Bhugwan Chunder Bose, transferred

*The* 20*th June* 1876—Baboo Shoshee Sikar Dutt, Officiating Deputy Magistrate and Deputy Collector, Furreedpore, is vested with the powers of a Collector under section 4, Act V (B C) of 1875

POLICE—*The* 10*th June* 1876—Mr Charles Raban, Assistant Superintendent of Police, Shahabad, is allowed leave for three months, under section 21, Chapter VI of the Civil Leave Code

Mr L E Fabre Tonnerre, Officiating Assistant Superintendent of Police, 24-Pergunnahs, is transferred to Shahabad

Mr C P Crouch, Assistant Superintendent of Police, is posted to the Sudder Station of the 24-Pergunnahs, but will continue to act for the present as District Superintendent of Police, Tipperah

*The* 11*th June* 1876—Mr C S Agacy is appointed to be an Inspector of Police in the Second Grade in the Howrah Municipality.

*The* 19*th June* 1876.—Mr Francis Thomas Platts, District Superintendent of Police, Maldah, is allowed leave for three months, from the 15th July next, under section 21, Chapter VI of the Civil Leave Code.

REGISTRATION—*The* 10*th June* 1876—Sultan Wajee Uddin Hyder is appointed to be temporary Sub-Registrar of Colgong, in the district of Bhágulpur, until relieved by Mr. H S. Thompson

EDUCATION—*The* 19*th June* 1876—Mr F J G Campbell, Officiating Joint-Magistrate and Deputy Collector, is appointed to be a Member of, and Secretary to, the District School Committee, Sarun

*The* 20*th June* 1876—Mr W. Griffiths, M A, Officiating Principal of the Hooghly College, is appointed to be a Member of, and Secretary to, the Hooghly Madrissa Committee, *vice* Mr R Thwaytes, deceased

Moulvi Ashraf Uddin Ahmed, Motawalli of the Hooghly Imambara, is appointed to be a Member of the Hooghly Madrissa Sub-Committee Moulvi Ashraf Uddin Ahmed is also appointed to be a Member of the District School Committees of Hooghly and Howrah.

Baboo Kailas Chandra Ghose, Second Master of the Hooghly Branch School, officiated as Head Master of that institution from the 18th January to 17th March 1876 Baboo Kailas Chandra Ghose also officiated as Head Master of that institution for fifteen days from the 30th March 1876, during the absence, on leave, of Baboo Lukhi Narain Das

Baboo Dwarkanath Chuckerbutty, Second Master, Hooghly Collegiate School, is appointed to act as Head Master of that institution till relieved by Baboo Chundi Churn Banerjee

MEDICAL—*The* 17*th June* 1876—Assistant Surgeon Buddy Nath Bromho, Deputy Superintendent of Vaccination, Second Metropolitan Circle, is allowed leave for three months, under section 21, Chapter VI of the Civil Leave Code.

[*Government Gazette*, 27*th June* 1876.]

বগুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহেশচন্দ্র সেন গত মে মাসের ১৯ তারিখ অবধি অর্থাৎ অন্যের প্রতি কর্ম্মেরভার অর্পণ না করণ পর্য্যন্ত পাবনার অন্তর্গত শেরাজগঞ্জে অবস্থিত হইলেন। অন্যের প্রতি কর্ম্মের ভার অর্পণ করিলে তিনি বগুড়ায় স্বীয় পূর্ব্বপদে প্রত্যাগমন করিবেন।

১৮৭৬ সাল ১৭ জুন।—বগুড়ার অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দকান্ত বিদ্যাভূষণ পাবনার অন্তর্গত শেরাজগঞ্জে অবস্থিত হইলেন।

চঞ্চল ইষ্টেটের কার্য্যাধ্যক্ষস্বরূপ বিশেষ কার্য্যে নিযুক্ত শ্রীযুত এচ, আর, রাইলী সাহেবের পরিবর্ত্তে বাঁকুড়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগবন্ধু খাঁ কিয়ৎকালের নিমিত্তে ১৮৭৫ সালের মার্চ মাসের ৭ তারিখ অবধি সপ্তম শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৯ জুন।—শ্রীযুত বাবু ভগবানচন্দ্র বসু স্থানান্তরে নিযুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে ত্রিপুরা জিলার অন্তর্গত ব্রাহ্মণবাড়িয়া মহকুমার কার্য্যের ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভুবনমোহন রাহা ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৬ সাল ২০ জুন।—ফরীদপুরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শশীশেখর দত্ত ১৮৭৫ সালের বঙ্গীয় ৫ আইনের ৪ ধারামতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

পোলীস সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১০ জুন।—শাহাবাদের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত চার্লস রেবান সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

২৪ পরগনার পোলীসের একটিং আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এল, ই, ফেবর্‌ টনের সাহেব শাহাবাদে প্রেরিত হইলেন।

পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, পি, ক্রোচ সাহেব ২৪ পরগনার সদর মোকামে অবস্থিত হইলেন, কিন্তু সম্প্রতি ত্রিপুরা জিলার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৭৬ সাল ১১ জুন।—শ্রীযুত সি, এস, আগসি সাহেব হাবড়া মুনিসিপালিটীতে দ্বিতীয় শ্রেণীমতে পোলীসের ইনস্পেক্টরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৯ জুন।—মালদহের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ফ্রান্সিস তামস প্লাটস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি জুলাই মাসের ১৫ তারিখ অবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

রেজিষ্টরী করণ সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১০ জুন।—শ্রীযুত সুলতান ওয়াজী উদ্দীন হয়দর শ্রীযুত এচ, এস, তামসন সাহেবের প্রতি কর্ম্মের ভারার্পণ না করণ পর্য্যন্ত কিয়ৎকালের নিমিত্তে ভাগলপুর জিলার অন্তর্গত কাহালগাঁয়ের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শিক্ষা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৯ জুন।—একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, জে, জি, কাম্বেল সাহেব সারণ জিলার স্কুল কমিটীর মেম্বর ও সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২০ জুন।—আর, থোয়েটস সাহেবের মৃত্যু হওয়াতে তৎপরিবর্ত্তে হুগলী কালেজের একটিং প্রিন্সিপল শ্রীযুত ডবলিউ গ্রিফিথ্‌স সাহেব, এম, এ, হুগলীর মাদ্রাসা কমিটীর মেম্বর ও সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

হুগলীর এমামবাড়ার মতাওয়ালী শ্রীযুত মৌলবী আশরফ উদ্দীন আহম্মদ হুগলী মদরসার সব-কমিটীতে নিযুক্ত হইলেন। তিনি হুগলী ও হাবড়া জিলার স্কুল কমিটীতেও নিযুক্ত হইলেন।

হুগলীর শাখা স্কুলের দ্বিতীয় শিক্ষক শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র ঘোষ ১৮৭৬ সালের জানুয়ারি মাসের ১৮ তারিখ অবধি মার্চ মাসের ১৭ তারিখপর্য্যন্ত উক্ত স্কুলের প্রধান শিক্ষকের কর্ম্ম করিয়াছেন। শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ দাসের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র ঘোষ ১৮৭৬ সালের ৩০ মার্চ অবধি পনের দিন উক্ত স্কুলের প্রধান শিক্ষকের কর্ম্মও করিয়াছেন।

হুগলী কলেজিয়ট স্কুলের দ্বিতীয় শিক্ষক শ্রীযুত বাবু দ্বারকানাথ চক্রবর্ত্তী শ্রীযুত বাবু চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়ের প্রতি কর্ম্মের ভারার্পণ না করণ পর্য্যন্ত উক্ত স্কুলের প্রধান শিক্ষকের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

চিকিৎসা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৭ জুন।—রাজধানীর দ্বিতীয় চক্রের টীকাদান কার্য্যের ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বৈদ্যনাথ ব্রহ্ম সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৭ জুন।]

OPIUM.—*The* 14*th June* 1876.—Mr. W. T. Ryves, Assistant Sub-Deputy Opium Agent, Behar, is allowed leave for two months, under section 21, Chapter VI of the Civil Leave Code.

*The* 20*th June* 1876.—Mr. W. Cracroft, Assistant Sub-Deputy Opium Agent, Benares, is allowed leave for one month and twenty days, under section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 3rd instant.

Mr. P. S. Ross is appointed to act as an Assistant Sub-Deputy Opium Agent, Benares, during the absence, on leave, of Mr. Cracroft, or until further orders.

MUNICIPAL.—*The* 13*th June* 1876.—The following gentlemen are appointed to be Municipal Commissioners for the town of Jessore, viz.:—

Mr. H. Peterson, Assistant Magistrate.
" J. C. Williamson, Deputy Magistrate.
Baboo Kalinath Mookerjee, Pleader.

Mr. C. D. C. Winter, Officiating Joint-Magistrate and Deputy Collector, Jessore, is appointed to be Vice-Chairman of the Municipal Commissioners for the town of Jessore.

*The* 19*th June* 1876.—Mr. F. J. G. Campbell, Officiating Joint-Magistrate and Deputy Collector, is appointed to be Vice-Chairman of the Municipal Commissioners for the town of Chuprah, *vice* Mr. Millar, who has left the station.

Moulvi Syed Imdad Alli, late Subordinate Judge, Gya, is appointed to be a Municipal Commissioner for the town of Bhagulpur.

Mr. J. Macnamara is appointed to be Vice-Chairman of the Municipal Commissioners for the town of Arrah, *vice* Mr. C. H. Vowell.

ROAD CESS.—*The* 15*th June* 1876.—The following gentlemen are appointed to be members of the District Road Cess Committee of Cuttack, viz.:—

Baboo Mohesh Chundra Banerjea, Manager of the estate of Baboo Ram Nath Chowdry, *vice* Baboo Sundanund Mohapater.

Baboo Harish Chundra Sircar, Manager of the Koojung estate of the Maharajah of Burdwan, *vice* Baboo Tarini Churn Biswas.

The following gentlemen are reappointed to be members of the District Road Cess Committee of Cuttack, viz.:—

| | |
|---|---|
| Baboo Badyanath Pandit. | Baboo Lukhmy Narayan Roy Chowdry. |
| " Kanya Lall Pandit. | " Chowdhry Kashinath Dass. |

The following gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Serajgunj, viz.:—

| | |
|---|---|
| Mr. A. Hannah. | Baboo Shumbhoo Chundra Nag. |

*The* 19*th June* 1876.—Baboo Madhub Chunder Moitro, Deputy Magistrate and Deputy Collector, is appointed to be Vice-Chairman of the District Road Cess Committee of Julpigoree.

R. L. MANGLES,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The* 20*th June* 1876.—The following revised rule is substituted for para. 12 of the instructions subsidiary to the Putwaree Rules in Orissa, notified in the *Gazette* of the 1st March 1876, Part I, page 205:—

These rules and instructions apply to all estates paying revenue to Government, but will not apply to lakhirajdars and proprietors of estates not paying Government revenue, who are

আফীমসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৪ জুন।—বিহারের আফীমের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত ডবলিউ, টি, রাইবস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২০ জুন।—বাণারসের আফীমের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত ডবলিউ ক্রাক্রফট সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এই মাসের ৩ তারিখ অবধি এক মাস বিশ দিন ছুটী পাইয়াছেন।

শ্রীযুত ক্রাক্রফট সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত পি, এস, বস সাহেব বাণারসের আফীমের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

মুনিসিপালসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৩ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা যশোহর নগরের মুনিসিপাল কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত এচ, পিটরসন সাহেব।

ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জে, সি, উলিয়মসন সাহেব।

উকীল শ্রীযুত বাবু কালীনাথ মুখোপাধ্যায়।

যশোহরের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, ডি, সি, উইন্টর সাহেব যশোহর নগরের মুনিসিপাল কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৯ জুন।—শ্রীযুত মিলার সাহেব ছাপরা মোকামহইতে গমন করায় তৎপরিবর্ত্তে একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, জে, জি, কাম্বেল সাহেব ছাপরা নগরের মুনিসিপাল কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

গয়ার ভূতপূর্ব্ব সবর্ডিনেট জজ শ্রীযুত মৌলবী সৈয়দ ইমদাদ আলী ভাগলপুর নগরের মুনিসিপাল কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত সি, এচ, বৌয়েল সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত জে, মাকনামারা সাহেব আরা নগরের মুনিসিপাল কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

পথকরসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৫ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা কটক জিলার পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু সদানন্দ মহাপাত্রের পরিবর্ত্তে বাবু রামনাথ চৌধুরীর ইস্টেটের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু মহেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

শ্রীযুত বাবু তারিণীচরণ বিশ্বাসের পরিবর্ত্তে বর্দ্ধমানের মহারাজার কুজঙ্গ ইস্টেটের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র সরকার।

নিম্নলিখিত মহাশয়েরা কটক জিলার পথকর কমিটীতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

| | |
|---|---|
| শ্রীযুত বাবু বৈদ্যনাথ পণ্ডিত। | শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ রায় চৌধুরী। |
| ,, ,, কানাইলাল পণ্ডিত। | ,, ,, চৌধুরী কাশীনাথ দাস। |

নিম্নলিখিত মহাশয়েরা শেরাজগঞ্জের শাখা পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

| | |
|---|---|
| শ্রীযুত এ, হানা সাহেব। | শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র নাগ। |

৮৭৬ সাল ৯ জুন।—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মাধবচন্দ্র মিত্র, জলপাইগুড়ি জিলার পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

---

## বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২০ জুন।—১৮৭৬ সালের মার্চ মাসের ১৪ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ২৫৩ পৃষ্ঠায় প্রকাশিত উড়িষ্যার অন্তর্গত পাটওয়ারী বিষয়ক বিধির আনুসঙ্গিক উপদেশপত্রের ১২ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত সংশোধিত বিধি দেওয়া গেল।

এই সকল বিধি ও উপদেশ গবর্ণমেন্টের খেরাজী সকল মহালের প্রতি বর্ত্তে কিন্তু লাখেরাজদারদের ও গবর্ণমেন্টের লাখেরাজী মহালের ভূম্যধিকারিদের প্রতি বর্ত্তে না, তাঁহারা এই বিধি হইতে মুক্ত।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ২৭ জুন।]

exempt from the operation of the rules Subordinate mukuddums, mouroosee surburakars, and other tenure-holders paying revenue through their superior zemindars, cannot be brought under the rules unless, under terms of the settlement, expressed or implied, the performance of putwarees' duties by subordinate tenure-holders was provided for, or they received a malikana allowance including the remuneration of a putwaree

In cases where no special arrangement was made or implied in the settlement for performance of putwarees' duty by tenure-holders, Government look to the zemindar, who is amenable to the rules

H J REYNOLDS,
*Offg Secy to the Govt of Bngal*

---

NOTIFICATION

*The 20th June* 1876 —Under Section 3, Act V (B C) of 1875, the Lieutenant-Governor of Bengal has determined that a survey shall be made of the lands from a base line to be laid down by the revenue survey party along and between the banks of the rivers Ganges or Pudda, Arialkhán or Bhoobuneshur, and Megna, from Pungsha, in the sub-division of Goalundo, on the west, to the sub-division of Dakhin Shabazpore, in Backergunge, on the east, passing through parts of the districts of Furreedpore, Dacca, Tipperah, Noakholly, and Backergunge, and orders that the dearah survey now in progress in the districts of Dacca and Furreedpore be accordingly made under that section The boundaries of mouzahs only are to be demarcated on the lands to be surveyed

H J REYNOLDS,
*Offg Secy to the Govt of Bengal*

---

NOTIFICATION

*The 17th June* 1876 —Under section 2 of the District Road Cess Act, 1871, the Lieutenant-Governor is pleased to direct that the cesses leviable under the said Act shall take effect in the district of Mozufferpore from the 1st October 1876

Under section 70 of the aforesaid Act the Lieutenant-Governor is pleased to determine that the month in which the District Committee shall meet to prepare estimates of income and expenditure for the cess year commencing on the 1st October 1876, as in the said section provided, shall be July 1876 in the said district

H J REYNOLDS,
*Offg Secy to the Govt of Bengal*

অধীন মোকদ্দম ও মৌরুসী সর্ব্ববাহকারেরা ও অন্য যে পাট্টাদারেরা উপবিস্থ জমীদারদের দ্বারা জমা দিয়া থাকেন তাঁহারদিগকে এই বিধির অধীনে আনা যাইতে পারে না। কিন্তু যদি বন্দোবস্তের নিয়মানুসারে পেটাও পাট্টাদারদের দ্বারা পাটওয়ারীর কর্ম্ম নির্ব্বাহ হইবার স্পষ্টতঃ কি ভাবতঃ বিধান হইয়া থাকে কিম্বা যদি তাঁহারা পাটওয়ারির মেহনতানাসুদ্ধ মালিকানা পাইয়া থাকেন, তবে তাঁহাদিগকে এই বিধির অধীন বলিয়া জ্ঞান হইবে।

বন্দোবস্তপত্রের মধ্যে পাট্টাদারদের দ্বারা পাটওয়ারির কর্ম্ম নির্ব্বাহ করিবার কোন বিশেষ নিয়ম না থাকিলে কিম্বা ভাবতঃ এমত নিয়ম বোধ না হইলে গবর্ণমেণ্ট জমীদারকেই দায়ী জ্ঞান করিবেন ও তাঁহার প্রতি এই বিধি বর্ত্তিবে।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২০ জুন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৫ সালের বঙ্গীয় ৫ আইনের ৩ ধারামতে স্থির করিয়াছেন যে, রাজস্ব সম্পর্কীয় জরীপী কার্য্যকারকেরদের দ্বারা গঙ্গা কি পদ্মা নদীর ও আরিয়াল খাঁ কি ভুবনেশ্বর নদের তীরের এবং পশ্চিমদিগে গোয়ালন্দ মহকুমার পাংশা অবধি পূর্ব্ব দিগে বাকরগঞ্জের অন্তর্গত দক্ষিণ শাহাজপুর মহকুমা পর্য্যন্ত মেঘনা নদীর তীরের মধ্য সকল ভূমির জরীপ করা যাইবে। ইহার মধ্যে ফরীদপুর ও ঢাকা ও ত্রিহুত ও নওয়াখালি ও বাকরগঞ্জ জিলার কোন২ অংশ ধরা যাইবে। আরো ঢাকা ও ফরীদপুর জিলায় যে সীমার জরীপী কার্য্য চলিতেছে তাহাও উক্ত জরীপী কার্য্যের মধ্যে ধরিবার আজ্ঞা করিলেন। যে২ ভূমির জরীপ হইবে তদন্তর্গত সকল মৌজার সীমা মাত্র লিখিতে হইবে।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৭ জুন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের আইনের ২ ধারামতে এই আজ্ঞা করিলেন। উক্ত আইনমতে যে টাক্স আদায় করিতে হইবে তাহা মজফরপুর জিলায় ১৮৭৬ সালের অকুটোবর মাসের ১ তারিখ অবধি আদায় করা যাইবে।

উক্ত আইনের ৭০ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই আজ্ঞা করিয়াছেন। ঐ ধারার বিধানমতে ১৮৭৬ সালের অকুটোবর মাসের ১ তারিখে কর সম্পর্কীয় আগামি বৎসরের যত আয় ব্যয় হইবার সম্ভাবনা উক্ত জিলার কমিটী ১৮৭৬ সালের জুলাই মাসে উক্ত জিলায় অধিবেশন করিয়া তাহার অনুমানপত্র প্রস্তুত করিবেন।

এচ, জে, রেনলডস্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

## NOTIFICATION

*The 9th June* 1876 —The undermentioned villages are transferred from thana Ondah to thana Bankoora in zillah Bankoora

| No | Names of villages | Thakbust numbers | Pergunnahs |
|---|---|---|---|
| 1 | Auralkolla | 277 | Bishenpore |
| | Ana Gobindpore | 203 | ditto |
| | Aulteah | 62 | ditto |
| | Aussanboony | 201 | ditto |
| 5 | Auguyannundunpore or Auguya | 43 | ditto |
| | Bullaraghabpore | 1 124 | ditto |
| | Baidkona | 1,122 | ditto |
| | Brukoobhanoopore | 1,118 | ditto |
| | Benachapia | 1,120 | ditto |
| 10 | Barumesach | 2 80 | ditto |
| | Belboonya or Belboony | 21 | ditto |
| | Bhoobunpore or Khaieh garah | 1,300 | ditto |
| | Bhugobaupore or Simool daaga | 730 | ditto |
| | Pullurampore | 739 | ditto |
| 15 | Burnrughunathpore | 196 | ditto |
| | Banguenja, &c. | 244 | ditto |
| | Brindabunpore, Hatia soora Brindabindi | 236 | ditto |
| | Biddiadhurpore | 1,903 | ditto |
| | Bhedowjoykristopore, Khoodra Raghoonath pore | 179 | ditto |
| 20 | Bhedooa Pooroosuttam pore | 198 | ditto |
| | Bamoorakoonda | 298 | ditto |
| | Bahadoorpore | 1,403 | ditto |
| | Bun Hambirpore, Dhaud khan | 235*b* | ditto |
| | Bura Damudarpore | 149 | ditto |
| 25 | Bun Hambeerpore | 235*a* | ditto |
| | Chingra or Goalsole | 142 | ditto |
| | Chhagoolah | 1 804 | ditto |
| | Choorahmaneepore | 1 308 | ditto |
| | Chatterkanaly | 1,448 | ditto |
| 30 | Dhoonarah | 1 35 | ditto |
| | Dooleahband | 265 | ditto |
| | Futtehpore | 1 125 | ditto |
| | Gopinathpore | 1 197 | ditto |
| | Gopalpore | 1 123 | ditto |
| 35 | Goolbaty | 1,117 | ditto |
| | Gobindpore, Protappore | 248 | ditto |
| | Gopaulpore or Ruhuna | 609 | ditto |
| | Gopinathpore | 776 | ditto |
| | Ditto | 172 | ditto |
| 40 | Hallea, Sibrampore, Hurraktorah | 2,123 | ditto |
| | Jamira | 1 131 | ditto |
| | Jeteh Bulrampore | 1,116 | ditto |
| | Joykristapore or Chira busta | 246 | ditto |
| | Kamulpore | 1,198 | ditto |
| 45 | Khurehsole | 2,654 | ditto |
| | Kudalea | 1,121 | ditto |
| | Kattapasseah | 2 226 | ditto |
| | Khermooa | 1,115 | ditto |
| | Kristunuggur | 87 | ditto |
| 50 | Khoodramanaharpore | 1 342 | ditto |
| | Kaumarband | 1,947 | ditto |
| | Khoodrabindabunpore | 152 | ditto |
| | Kunjabun | 205 | ditto |
| | Khurykanaly | 1 489 | ditto |
| 55 | Kumulpore, Amkoondy | 132 | ditto |
| | Koostorah | 175 | ditto |
| | Kallapahar | 1 488 | ditto |
| | Kanchanpore | 626 | ditto |
| | Mandulah, Kamdebpore Koonjpore | 723 | ditto |
| 60 | Moonypore | 266 | ditto |
| | Mahespore | 19 | ditto |
| | Mathoorapore | 180 | Bishenpore |
| | Mooktapore | 242 | ditto |
| | Mowkoorah | 1,409 | ditto |
| 65 | Majoorakoondy | 184 | ditto |
| | Moorabury | 94 | ditto |
| | Nubugram | 900 | ditto |
| | Naubundura | 253 | ditto |
| | Nuddeamara Ununtapore | 110 | ditto |
| 70 | Nabanda Durponuggur, Rugghunathpore, &c | 173 | ditto |
| | Oopermetea | 1,126 | ditto |
| | Ooperbanda Prosadpore or Oopurbandh | 729 | ditto |
| | Oopur Nurruhra, &c | 1,302 | ditto |
| | Purhangury, &c | 1,119 | ditto |
| 75 | Pooroosuttumpore | 1,130 | ditto |
| | Parkoonda | 1,114 | ditto |
| | Pallasdanga | 188 | ditto |
| | Pooroosuttumpore | 194 | ditto |
| | Ditto | 29 | ditto |
| 80 | Patradanga | 177 | ditto |
| | Pooramowna Gopinath pore Salooka | 693 | ditto |
| | Pooranchatukanary | 681 | ditto. |
| | Prosadpore, Hatea | 53 | ditto. |
| | Pooroosuttumpore or Kauljoory | 1,486 | ditto |
| 85 | Rooprampore, Jonda, &c | 899 | ditto |
| | Rasseecknaggurpore or Rajargram, &c | 240 | ditto |
| | Rusoolpore, Makoondpore | 2,653 | ditto |
| | Ruttonpore | 23 | ditto |
| | Ramchandrapore | 144 | ditto |
| 90 | Sirsa or Sireahra | 1,303 | ditto |
| | Silboony | 30 | ditto |
| | Saldinga Radhamohan pore, Madhabpore | 164 | ditto |
| | Sreerampore | 11 | ditto |
| | Sunkurpore | 764 | ditto |
| 95 | Sittarampore | 785 | ditto |
| | Sittarampore, Rampore | 280 | ditto |
| | Sookdebpore | 90 | ditto |
| | Thakooraneepore | 25 | ditto |
| | Tetooleahgarah or Tila garah | 1,481 | ditto |
| 100 | Ujoodhea | 1 304 | ditto |
| | Chandiahatty | 1,290 | Baraliajaree Khairja Bishen pore |
| | Koosteh | 1 1 1 | ditto |
| | Kulleanpore or Ruggurer gram | 29. | ditto |
| | Moorullydhurpore | 134 | ditto |
| 105 | Siamdaspore | 1,280 | ditto |
| | Kolabaria | 1,129 | Bishenpore |
| | Bollarampore* | | |
| | Bandmura | | |
| | Bagakhulya | | |
| | Radhakrishnapore | | |
| | Jhilibaid | | |
| | Akandbona | | |
| | Amlabaid | | |
| | Bhalaibagan or Narar jungle | | |
| | Tooklabaid | | |
| | Madabasdebpore | | |
| | Deln Radhakristapore | | |
| | Astabaid | | |
| | Soradoba | | |
| | Kuriayra | | |
| | Musurrya | | |

* *N B*—The thakbust numbers and pergunnahs of the fifteen villages beginning with Bollarampore are not available for record from the survey data

H J REYNOLDS,

*Offg Secy to the Govt of Bengal.*

## বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৯ জুন।—নিম্নলিখিত সকল গ্রাম বাঁকুড়া জিলার অন্তর্গত ওন্দা থানাহইতে বাঁকুড়া থানা ভুক্ত করা গেল।

| নম্বর। | গ্রামের নাম। | থাকবস্ত নম্বর। | পরগনা। |
|---|---|---|---|
| ১ | অয়ালকোলা | ২৭৭ | বিষ্ণুপুর |
| | আনা গোবিন্দপুর | ২০৩ | ,, |
| | অলডিয়া | ৬২ | ,, |
| | অশানবনি | ২০১ | ,, |
| ৫ | অজ্ঞানন্দপুর বা অজয়া | ৪৩ | ,, |
| | বল রাযবপুর | ১,১২৪ | , |
| | বদকোণা | ১ ১২২ | , |
| | রুকভানুপুর | ১ ১১৮ | ,, |
| | বেনাচাপড়া | ১ ১২০ | ,, |
| ১০ | বারমেসে | ২,২৮৯ | ,, |
| | বেলবুনিয়া বা বেলবুনি | ২৪ | , |
| | ভুবনপুর বা থারেগাড়া | ১,৩৫০ | ,, |
| | ভগবানপুর বা সিমুলডাঙ্গা | ৭৩০ | ,, |
| | বলরামপুর | ৭৩৯ | ,, |
| ১৫ | বড় রঘুনাথপুর | ১৯৬ | , |
| | বাঙ্গনেঙ্গা প্রভৃতি | ২৪৪ | ,, |
| | বৃন্দাবনপুর ও হাতিয়াসূড়া বিন্দা বিন্দি | ২৩৬ | ,, |
| | বিদ্যাধরপুর | ১,৯০৩ | ,, |
| | ভেছু জয়কৃষ্ণপুর ও খুদ্র রঘুনাথপুর | ১৭৯ | ,, |
| ২০ | ভেছুয়া পুরুষোত্তমপুর | ১৯৮ | ,, |
| | বামুরাকুন্দা | ২৯৬ | ,, |
| | বাহাদুরপুর | ১,৪৬৩ | ,, |
| | বন হাম্বিরপুর ও দাউদ খাঁ | ২৩৫b | ,, |
| | বড় দামোদরপুর | ১৪৯ | ,, |
| ২৫ | বন হাম্বিরপুর | ২৩৫a | , |
| | চিংড়া বা গোয়ালসোল | ১৪২ | ,, |
| | ছাগুলিয়া | ১ ৮৬৪ | ,, |
| | চুড়ামণিপুর | ১ ৩০৮ | ,, |
| | চত্র কানালি | ১ ৪৪৬ | ,, |
| ৩০ | ধুনাড়া | ১৩৫ | ,, |
| | দেউলিবাঁধ | ২৬৫ | ,, |
| | ফতেপুর | ১ ১২৫ | ,, |
| | গোপীনাথপুর | ১ ১১৭ | ,, |
| | গোপালপুর | ১ ১২৩ | ,, |
| ৩৫ | গোয়ালবাটী | ১ ১১৭ | ,, |
| | গোবিন্দপুর ও প্রতাপপুর | ২৪৮ | ,, |
| | গোপালপুর বা রহুমা | ৬৫৯ | ,, |
| | গোপীনাথপুর | ৭৭৬ | ,, |
| | ঐ | ১৭২ | ,, |
| ৪০ | হালিয়া ও শিবরামপুর ও হরিয়াক ভোড়া | ২ ১২৩ | ,, |
| | জামিরা | ১,১৩১ | ,, |
| | জিতা বলরামপুর | ১ ১১৬ | ,, |
| | জয়কৃষ্ণপুর বা চিরাবস্তা | ২৪৬ | ,, |
| | কমলপুর | ১ ১৯৮ | ,, |
| ৪৫ | খয়েরসোল | ২ ৬৫৪ | ,, |
| | কোদালিয়া | ১ ১২১ | ,, |
| | কাটাপাসিযা | ২ ২২৬ | , |
| | খিরমুরা | ১,১১৫ | ,, |
| | কৃষ্ণনগর | ৩৭ | ,, |
| ৫০ | খুদ্র মনোহরপুর | ১,৩৪২ | ,, |
| | কামারবাঁধ | ১ ৯৪৭ | ,, |
| | খুদ্র বৃন্দাবনপুর | ১৫২ | ,, |
| | কুঞ্জবন | ২০৫ | ,, |
| | খুরিকানালি | ১ ৪৮৯ | ,, |
| ৫৫ | কমলপুর ও আমকুন্দি | ১৩২ | ,, |
| | কত্তরা | ১৭৫ | ,, |
| | কালাপাহাড় | ১ ৪৮৮ | ,, |
| | কাঞ্চনপুর | ৬২৬ | ,, |
| | মাণ্ডুলা ও কামদেবপুর ও কুঞ্জপুর | ৭২৮ | ,, |
| ৬০ | মুনিপুর | ২৬৬ | ,, |
| | মহেশপুর | ১৯ | ,, |
| | মথুরাপুর | ১৮০ | বিষ্ণুপুব |
| | মুক্তাপুর | ২৪২ | ,, |
| | মৌকুড়া | ১,৪০৯ | ,, |
| ৬৫ | মাজুরাকুন্দি | ১৮৪ | |
| | মুড়াবাড়ি | ৯৪ | ,, |
| | নবগ্রাম | ৯০০ | , |
| | নবজরা | ২৫৩ | ,, |
| | নদিয়ামারা অনন্তপুর | ১১০ | ,, |
| ৭০ | নাবান্দা দর্পণনগর ও রঘুনাথপুর প্রভৃতি | ১৭৮ | ,, |
| | উপর মিটিযা | ১ ১২৬ | ,, |
| | উপরবাঁদা প্রসাদপুর বা উপরবাঁদ | ৭২৯ | ,, |
| | উপর মন্নবা প্রভৃতি | ১,৩০২ | , |
| | পুরাজুরি, প্রভৃতি | ১,১১৯ | ,, |
| ৭৫ | পুরুষোত্তমপুর | ১,১৩০ | ,, |
| | পারকুণ্ডা | ১,১১৪ | ,, |
| | পলাসডাঙ্গা | ১৩৮ | ,, |
| | পুরুষোত্তমপুর | ১৯৪ | ,, |
| | ঐ | ২৯ | , |
| ৮০ | পাত্রডাঙ্গা | ১৭৭ | ,, |
| | পুরামৌনা গোপীনাথপুব সালুকা | ৬৯৩ | , |
| | পুরাণচাত্র কানারি | ৬৮১ | ,, |
| | প্রসাদপুর ও হাতিয়া | ৫৩ | ,, |
| | পুরুষোত্তমপুর বা কলজুড়ি | ১,৪৮৬ | , |
| ৮৫ | রূপরামপুব ও জোঁদা প্রভৃতি | ৮৯৯ | ,, |
| | রসিকনাগরপুর বা রাজারগ্রাম প্রভৃতি | ২৪৯ | , |
| | রসুনপুর ও মুকুন্দপুর | ২,৬৭৩ | , |
| | রত্নপুর | ২১ | ,, |
| | রামচন্দ্রপুর | ১৪৪ | , |
| ৯০ | সির্সা বা সির্সারা | ১,৩০১ | ,, |
| | সালবনি | ৩০ | ,, |
| | সালডাঙ্গা ও রাধামোহনপুর ও মাধবপুর | ১৬৪ | , |
| | শ্রীরামপুর | ১১ | , |
| | শঙ্করপুর | ৭৬৪ | ,, |
| ৯৫ | সীতারামপুর | ৭৮৫ | , |
| | সীতারামপুর ও রামপুব | ২৮০ | ,, |
| | সুকদেবপুর | ৯৯ | ,, |
| | ঠাকুরাণীপুর | ২৫ | ,, |
| | তেতুলিগাড়া বা তিলাগাড়া | ১ ৪৮১ | , |
| ১০০ | অযোধ্যা | ১ ৩০৪ | |
| | চন্দ্রাহাটি | ১ ২৯০ | বাবহাজারী থারিজা বিষ্ণুপুব। |
| | কুচ্টে | ১ ১১১ | ,, |
| | কল্যাণপুর বা রগড়ের গ্রাম | ২৯২ | , |
| | মুরুলিধরপুর | ১৩৪ | , |
| ১০৫ | শ্যামদাসপুর | ১ ২৮০ | , |
| | কলাবাড়িয়া | ১,১২৯ | বিষ্ণুপুর। |
| | বলরামপুর* | | |
| | বাদমুড়ে | | |
| | বাগাখুলিয়া | | |
| | রাধাকৃষ্ণপুর | | |
| | খিলিবাদ | | |
| | আকন্দবনা | | |
| | আমলাবাদ | | |
| | ভালাইবাগান বা নারার জঙ্গল | | |
| | ভুকলাবাদ | | |
| | মাদাবাসদেবপুর | | |
| | দেবীরাধাকৃষ্ণপুর | | |
| | অষ্টাবাদ | | |
| | সরাডোবা | | |
| | কুকিয়াড়া | | |
| | মুসুরিয়া | | |

*মন্তব্য।—বলরামপুর অবধি পরের গ্রামের থাকবস্ত নম্বর ও পরগনা জরীপী কাগজপত্রহইতে পাওয়া যাইতে পারিল না।

এচ, জে, রেনলডস্,
বঙ্গদেশের গবর্নমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ২৭ জুন।]

# SUBORDINATE CIVIL SERVICE EXAMINATION, 1876

## *RESOLUTION*

APPOINTMENT DEPARTMENT

*Darjeeling, the 17th June* 1876

READ again—

The report of the Superintendent of the Subordinate Civil Service Examination on the result of the examination held in 1875, and the Resolution of the Government recorded thereon, dated 22nd June 1875

The Resolution of this Government in the General Department, dated the 10th March 1875, intimating to certain Acting Deputy Magistrates and Deputy Collectors that their retention in the public service depended entirely on their passing the examinations to which they were still respectively liable

The Minute recorded by the Lieutenant-Governor of Bengal, dated the 25th September 1875, on the competitive examinations for admission of candidates to the Native Civil Service of Bengal

The Notification of this Government in the General Department, dated the 23rd November 1875, promulgating the revised rules to regulate the Native Civil Service Examination to be held in 1876, and future examinations

Read also—

Letter from the Superintendent of the Subordinate Civil Service Examination No 35, dated the 15th May 1876, reporting the result of the examination held in March last at Hooghly, Patna, and Cuttack

In paragraph 9 of the Resolution dated the 22nd June 1875 it was announced that, in view of the large number of passed candidates who had yet to be provided with appointments, the Lieutenant-Governor had decided not to hold another general examination under the then existing rules until further notice Subsequently, in his Minute dated the 25th September 1875, the Lieutenant-Governor, after reviewing the principle on which the examinations had been previously conducted for admission to the Native Civil Service, pointed out that it had resulted in the passing of a larger number of candidates than the Government could conveniently provide with appointments, and directed that, instead of all candidates being passed who came up to a given standard, the examinations in future should be competitive, that is, that a fixed number of places in the higher and in the lower classes of appointments would be prescribed, for which those candidates would be passed who came out first at the examination It was further laid down that no candidate would be passed for the higher grade of appointments unless he obtained at least two-thirds, or for the lower grade of appointments unless he obtained at least half, of the total number of obtainable marks upon the whole examination

2 The number of appointments offered for competition at the past examination, which is the first held under the new rules, was four in the higher and seven in the lower grade, that is, four appointments on Rs 100 per mensem or upwards, and seven on salaries below that amount The examination was held in March last at Hooghly, Patna, and Cuttack Ten candidates entered as competitors, but only 8 appeared and underwent examination Of these, 3 entered for the higher grade and 5 for the lower, but none passed for the former, and only the 5 candidates named in the margin passed for the latter grade

1 Moonshee Azizar Ruhman
2 Mahomed Azhur
3 Baboo Brojonath Bhuttacharjee
4 „ Madhub Lall
5 „ Kumal Chunder Dutt

3 Of these five, two—(1) Moonshee Azizar Ruhman, and (2) Mahomed Azhur, who were candidates for the lower grade—have obtained more than two-thirds of the number of marks, and are therefore, under paragraph 7 of the revised Examination Rules, eligible for appointments of the higher class They hold, however, no University degree, nor have they either served Government for a period of six years, or been specially declared eligible for all appointments, as required by paragraph 5 of the rules the Superintendent of the Examination proposes therefore to place them in the lower grade Looking, however, to the very good examination which these two candidates have passed, the Lieutenant-Governor has been pleased to waive in their favor, as a special case, the objections which exist under the rules to their being placed in the higher grade, and they are accordingly declared eligible for appointment in that grade

[*Government Gazette, 27th June* 1876 ]

# ১৮৭৬ সালের সবর্ডিনেট সিবিল সর্ব্বিস পরীক্ষা বিষয়ক।

---

## নির্দ্ধারণ।

নিয়োগসংক্রান্ত কর্ম্মবিভাগ।

দার্জ্জিলিঙ্গ, ১৮৭৬ সাল ১৭ জুন।

১৮৭৫ সালে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব সবর্ডিনেট সিবিল সর্ব্বিসের পরীক্ষার ফল বিষয়ক যে রিপোর্ট করিলেন তাহা ও তদ্বিষয়ে ১৮৭৫ সালের জুন মাসের ২২ তারিখের গবর্ণমেণ্টের লিখিত নির্দ্ধারণপত্র,

ও কএক জন একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের যেহ পরীক্ষা দিতে বাকী ছিল তাহাতে উত্তীর্ণ না হইলে, তাঁহারা রাজকার্য্যে থাকিতে পাইবেন না, জেনেরল ডিপার্টমেণ্টে এই গবর্ণমেণ্টের ১৮৭৫ সালের মার্চ মাসের ১০ তারিখের এই মর্ম্মের নির্দ্ধারণপত্র,

ও বঙ্গদেশীয় নেটিব সিবিল সর্ব্বিসের পদাকাঙ্ক্ষিদের গ্রাহ্য হওনার্থ প্রতিযোগী পরীক্ষা বিষয়ক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ১৮৭৫ সালের সেপ্টেম্বর মাসের ২৫ তারিখের অভিলেখ্য ও

১৮৭৬ সালে ও তৎপরে নেটিব সিবিল সর্ব্বিস পরীক্ষার নিয়ম করণার্থ যে সংশোধিত বিধি প্রণয়ন হইয়াছিল তৎপ্রকাশার্থে জেনেরল ডিপার্টমেণ্টে এই গবর্ণমেণ্টের ১৮৭৫ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্র পুনর্ব্বার পাঠ করা গেল। আরও

হুগলী ও পাটনা ও কটকে গত মার্চ মাসের পরীক্ষায় যে ফল হইয়াছে তদ্বিষয়ে সবর্ডিনেট সিবিল সর্ব্বিসের পরীক্ষার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ১৮৭৬ সালের মে মাসের ১৫ তারিখের ৩৫ নম্বরী পত্র পাঠ করা গেল।

১৮৭৫ সালের জুন মাসের ২২ তারিখের নির্দ্ধারণপত্রের ৯ দফায় এই কথা প্রকাশ করা গিয়াছিল, পরীক্ষোত্তীর্ণ অনেক পদাকাঙ্ক্ষীই তৎকালপর্য্যন্ত কর্ম্ম না পাওয়াতে প্রকারান্তরের সংবাদ না হইলে তৎকালের প্রচলিত বিধিমতে সাধারণ পরীক্ষা আর গৃহীত হইবে না, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ইহাই স্থির করিলেন। তৎপরে, যে মূল নিয়ম অবলম্বন করিয়া নেটিব সিবিল সর্ব্বিসে গ্রাহ্য করণার্থ পূর্ব্বেং পরীক্ষার কার্য্য চালান গিয়াছিল, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৫ সালের সেপ্টেম্বর মাসের ২৫ তারিখের অভিলেখ্যে তাহার সমালোচনা করিয়া জানাইলেন যে, গবর্ণমেণ্ট সুবিধামতে যত জনকে কর্ম্ম দিতে পারেন উক্ত নিয়মে পরীক্ষা করার ফলস্বরূপ তদপেক্ষা অধিক জন পদাকাঙ্ক্ষী উত্তীর্ণ হইয়াছেন, তৎপ্রযুক্ত নির্দ্দিষ্ট কষ্টিমতে পারদর্শী হইলেই পদাকাঙ্ক্ষিদিগকে পরীক্ষোত্তীর্ণ না বলিয়া, ভবিষ্যতে এই পরীক্ষা প্রতিযোগিতামূলক হওয়া আবশ্যক, অর্থাৎ কর্ম্মের উচ্চতর ও নিম্নতর দুই শ্রেণীতে নির্দ্দিষ্ট কএক পদ স্থির করিয়া পরীক্ষায় পূর্ব্বোক্ত ব্যক্তিদিগকেই কেবল ঐ পদের নিমিত্ত উত্তীর্ণ বলিয়া প্রকাশ করা যাইবে এই আদেশ করিলেন। আর সমুদায় পরীক্ষার প্রাপ্য সমগ্র সংখ্যার তিন ভাগের দুই ভাগ না পাইলে, কোন পদাকাঙ্ক্ষীকেই উচ্চতর শ্রেণীর কর্ম্মের নিমিত্ত, বা ন্যূনকল্পে অর্দ্ধেক না পাইলে নিম্নতর কর্ম্মের নিমিত্ত উত্তীর্ণ বলিয়া প্রকাশ করা যাইবে না এই বিধানও করিলেন।

২। গত বারের অর্থাৎ নূতন বিধিমতে গৃহীত প্রথম বারের পরীক্ষায়, প্রতিযোগিতার নিমিত্তে উচ্চতর শ্রেণীর চারিটী ও নিম্নতর শ্রেণীর সাতটী অর্থাৎ মাসিক ১০০৲ বা তদধিক টাকার চারিটী ও তদপেক্ষা ন্যূন বেতনের সাতটী কর্ম্ম নিরূপিত হইয়াছিল। গত মার্চ মাসে হুগলী ও পাটনা ও কটকে পরীক্ষা গ্রহণ করা গিয়াছিল। প্রতিযোগস্বরূপ পদাকাঙ্ক্ষী দশজনের নাম লেখা গিয়াছিল, কিন্তু ৮ জন মাত্র উপস্থিত হইয়া পরীক্ষা দেন। ইহাঁদের মধ্যে ৩ জন উচ্চতর শ্রেণীতে ও ৫ জন নিম্নতর শ্রেণীর নিমিত্ত নাম লেখাইয়াছিলেন, কিন্তু উচ্চতর শ্রেণীতে কেহই উত্তীর্ণ হন নাই ও পদাকাঙ্ক্ষিদের পার্শ্বের লিখিত ৫ জন মাত্র দ্বিতীয় শ্রেণীমতে উত্তীর্ণ হন।

১। মুনশী আজিজর রহমান।
২। মহম্মদ অজহর।
৩। শ্রীযুত বাবু ব্রজনাথ ভট্টাচার্য্য।
৪। ,, ,, মাধব লাল।
৫। ,, ,, কমলচন্দ্র দত্ত।

৩। উক্ত পাঁচ জনের মধ্যে নিম্নতর শ্রেণীর পদাকাঙ্ক্ষী (১) মুনশী আজিজর রহমান ও (২) মহম্মদ অজহর এই দুই জন নির্দ্দিষ্ট সংখ্যার তিন ভাগের দুই ভাগ প্রাপ্ত হওয়াতে পরীক্ষার সংশোধিত বিধির ৭ দফামতে উচ্চতর শ্রেণীর পদে মনোনীত হইতে পারেন। পরন্তু তাঁহারা বিশ্ববিদ্যালয়ের কোন উপাধি ধারণ করেন না অথচ উক্ত বিধির ৫ ধারার বিধানমতে ছয় বৎসর কাল গবর্ণমেণ্টের কোন কর্ম্ম করেন নাই, ও তাহাদিগকে সকল কর্ম্মে মনোনীত হইবার যোগ্য বলিয়া বিশেষমতে প্রকাশ করা যায় নাই। সেই হেতু পরীক্ষার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব তাঁহাদিগকে নিম্নতর শ্রেণীতে স্থান দিবার প্রস্তাব করিলেন। কিন্তু ঐ পদাকাঙ্ক্ষিদ্বয়ের অতি উৎকৃষ্টরূপে পরীক্ষায় উত্তীর্ণ হওন দৃষ্টে, উক্ত বিধিমতে তাঁহাদের উচ্চতর শ্রেণীতে স্থান পাইবার যে সকল আপত্তি থাকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বিশেষ স্থলস্বরূপ তাঁহাদের সপক্ষে সেই আপত্তি পরিত্যাগ করিয়াছেন, অতএব তাঁহারদিগকে উক্ত শ্রেণীতে কর্ম্ম পাইবার উপযুক্ত বলিয়া প্রকাশ করা গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৭ জুন।]

4. Of the remaining three who have passed, two—(3) Baboos Brojonath Bhuttacharjee, and (4) Madhub Lall—were candidates for the higher grade, but have failed to obtain the requisite number of marks, they have, however, obtained more than half the total number of marks, and the Superintendent recommends that they should be declared eligible for employment in the lower class of appointments In making this recommendation, the Superintendent has overlooked the provisions of Rule 7, of the revised Examination Rules, which lays down that "candidates must declare whether they desire to compete for the higher or the lower class, and that a candidate for a place in the higher class will not be eligible at that examination for a place in the lower class" In consideration, however, of the recommendation of the Superintendent of the Examination, and of the fact that the number of candidates at the late examination was fewer than the number of appointments offered for competition, the Lieutenant-Governor is pleased, as a special case, to waive in their case also the objection noted above These two candidates, together with Baboo Kumal Chunder Dutt, are therefore pronounced eligible for appointments in the lower class

5 Of the three candidates who failed, Mahomed Nuzerooddin and Baboo Kooldeep Narain Sing already fill appointments in the Subordinate Executive Service conditionally on passing the requisite standard of examination

Mahomed Nuzerooddin was appointed surveyor in Balasore in July 1873, subject to passing in 1874 He was subsequently granted further time for preparation till 1875, and, with reference to the result of his examination in the latter year, another year's grace was allowed He was at the same time exempted from examination in chemistry, botany, and gymnastics As he has now obtained passing marks in engineering and Oriya, and fair marks in all other subjects except Bengali, which is not the vernacular of his district, and as he is also favorably reported on by his superiors, the Lieutenant-Governor has been pleased, as a special case, to declare him as fully passed for the lower grade

Baboo Kooldeep Narain Sing was appointed 2nd grade Canoongoe in Gya in November 1873, subject to passing the Native Civil Service Examination He was exempted from attendance at the examination of 1874 in consideration of his employment on famine relief operations He did not attend the examination in 1875, owing, it was alleged, to ignorance of the date of the examination On a consideration, however, of the recommendations made by the Commissioner of Patna and the Collector of Gya, the Baboo was permitted, as a special case, to retain his appointment, subject to passing at the examination in 1876, and was distinctly given to understand that no excuse would be entertained for failure on his part to attend or to pass at that examination As he has now obtained half marks in only one subject, viz in the vernacular, and very low marks in all other subjects, the Lieutenant-Governor directs that he be removed from his appointment

6 In the orders passed on the report of the result of the examination in 1875, it was stated that candidates who had conditionally passed at that examination would, as a special case, be allowed to appear at the examination of 1876. Accordingly thirteen such candidates obtained permission to attend the examination, but twelve only, including five assistants of the Opium Department, who were to be examined in the special subjects of surveying, botany, and chemistry, appeared and underwent the examination All the opium assistants failed, the case of these officers will be dealt with departmentally Of the others, the three named in the margin have now finally passed for the lower grade, and are accordingly declared to have done so under the old rules Of the remaining four, Baboo Kedar Nath Banerjee has now passed in law and botany, but is still liable to pass in chemistry before he can be considered to have passed the examination for the higher grade Baboo Ram Lall has now passed in law and drawing, and has still to pass in surveying and mensuration before he can be considered to have passed the examination for the lower grade This candidate is already in the service on probation, and as he is well spoken of by the officers under whom he is employed, he will be

Baboo Sree Kishore Moroomdar
" Barroda Prosad Bhuttacharjee
" Kedar Nath Mookerjee

৪। পরীক্ষোত্তীর্ণ অবশিষ্ট তিন জনের মধ্যে দুই জন অর্থাৎ (৩) শ্রীযুত বাবু ব্রজনাথ ভট্টাচার্য্য ও (৪) শ্রীযুত মাধবলাল বাবু উচ্চতর শ্রেণীর পদাকাঙ্ক্ষী ছিলেন, কিন্তু প্রয়োজনীয় সংখ্যা পান নাই, তথাপি সমগ্র অঙ্কের অর্দ্ধেকেরও অধিক পাওয়াতে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শ এই যে তাহাদিগকে নিম্নতর শ্রেণীর পদের উপযুক্ত বলিয়া প্রকাশ করা যায়। কিন্তু "পদাকাঙ্ক্ষিরা উচ্চ বা নিম্নতর পদের নিমিত্ত পরীক্ষা দিতে চাহেন এই কথা তাঁহাদের জানাইতে হইবে, ও সেই পরীক্ষায় যিনি উচ্চ পদাকাঙ্ক্ষী তিনি নিম্ন শ্রেণীর পদে মনোনীত হইবার যোগ্য নহেন।" সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব উক্ত পরামর্শ দেওনে পরীক্ষার সংশোধিত বিধির ৭ ধারার এই বিধান বিস্মৃত হইলেন, তথাপি পরীক্ষা কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের উক্ত পরামর্শ হেতুক, ও প্রতিযোগিতা নিমিত্তে যে কএক পদ রাখা গিয়াছিল উক্ত পরীক্ষায় পদকাঙ্ক্ষির সংখ্যা তদপেক্ষা অল্প বিবেচনায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাঁহাদের পক্ষেও বিশেষ স্থলস্বরূপ উপরোক্ত আপত্তি পরিত্যাগ করিলেন, অতএব ঐ দুই জনকে ও শ্রীযুত বাবু কমলচন্দ্র দত্তকে নিম্নতর শ্রেণীর পদের উপযুক্ত বলিয়া প্রকাশ করা গেল।

৫। পদাকাঙ্ক্ষী যে তিন জন পরীক্ষায় উত্তীর্ণ হন নাই, তন্মধ্যে মহম্মদ নজীরুদ্দীন ও বাবু কুলদীপনারায়ণ সিংহ প্রয়োজনীয় কষ্টিমতে পরীক্ষায় উত্তীর্ণ হইবার অপেক্ষায় ইতি পূর্ব্বে সবর্ডিনেট এক্সেকিটিব সর্ব্বিসের কর্ম্ম করিতেছেন।

১৮৭৪ সালে পরীক্ষায় উত্তীর্ণ হওনের অপেক্ষায় মহম্মদ নজীরুদ্দীন ১৮৭৩ সালের জুলাই মাসে বালেশ্বরে সরবেয়রের পদে নিযুক্ত হন। পরে পরীক্ষার্থে প্রস্তুত হওনের নিমিত্ত ১৮৭৫ সাল পর্য্যন্ত সময় পান, সেই বৎসরেও পরীক্ষার ফলোপলক্ষে তাঁহাকে অনুগ্রহস্বরূপ আর এক বৎসর সময় দেওয়া যায়, ও কিমীয় বিদ্যা ও উদ্ভিদ বিদ্যা ও ব্যায়াম বিদ্যায় পরীক্ষা দেওন হইতে মুক্ত করা যায়। তিনি এক্ষণে স্থপতি বিদ্যার ও উড়িয়া ভাষার পরীক্ষায় উত্তীর্ণ হওনের উপযুক্ত সংখ্যা এবং তাঁহার নিজ জিলায় যে বঙ্গভাষা প্রচলিত নয় তদ্ভিন্ন অন্য সকল বিষয়ে উত্তমরূপ অঙ্ক পাওয়াতে, ও তাঁহার উপরিস্থ কর্তৃপক্ষেরা তাঁহার সপক্ষ রিপোর্ট করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বিশেষ স্থলস্বরূপ নিম্নতর শ্রেণীর নিমিত্তে তাঁহাকেও সম্পূর্ণরূপে উত্তীর্ণ বলিয়া প্রকাশ করিলেন।

দেশীয় সিবিল সর্ব্বিস পরীক্ষায় উত্তীর্ণ হওনের অপেক্ষায় শ্রীযুত বাবু কুলদীপনারায়ণ সিংহ ১৮৭৩ সালের নবেম্বর মাসে গয়ায় দ্বিতীয় শ্রেণীর কানুনগোর পদে নিযুক্ত হন। দুর্ভিক্ষ সংক্রান্ত উপকারার্থকার্য্যে নিযুক্ত থাকাতে ১৮৭৪ সালের পরীক্ষায় উপস্থিত না হইবার অনুমতি পাইলেন। ১৮৭৫ সালের পরীক্ষার তারিখ অবগত ছিলেন না তাঁহার এই কথা প্রযুক্ত তিনি সেই বৎসরের পরীক্ষায় উপস্থিত হন নাই। পরন্তু গয়ার কালেক্টর সাহেবের ও পাটনার কমিশ্যনর সাহেবের অনুরোধক্রমে, ১৮৭৬ সালের পরীক্ষায় উত্তীর্ণ হইবার অপেক্ষায় বিশেষ স্থলস্বরূপ উক্ত বাবুকে কর্ম্মে রাখা গিয়াছিল। এবং সেই পরীক্ষায় উপস্থিত বা উত্তীর্ণ হইতে না পারিবার কোন আপত্তিই গ্রাহ্য হইবে না তাঁহাকে এই কথা স্পষ্টই বলা গেল। তিনি এক্ষণে কেবল এক বিষয়ে অর্থাৎ দেশীয় ভাষায় অর্দ্ধেক অঙ্ক, ও অন্যান্য সকল বিষয়ে অতি অল্প অঙ্ক পাওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাঁহাকে কর্ম্মহইতে অপসৃত করিবার আদেশ করিলেন।

৬। যে পদাকাঙ্ক্ষিরা পুনর্ব্বার পরীক্ষা দেওনের নিয়মে ১৮৭৫ সালের পরীক্ষায় উত্তীর্ণ হইলেন, তাঁহারা বিশেষ স্থলস্বরূপ ১৮৭৬ সালের পরীক্ষায় উপস্থিত হইবার অনুমতি পাইবেন, পূর্ব্বোক্ত পরীক্ষার ফলবিষয়ক রিপোর্ট সম্বন্ধে এই আজ্ঞা হইয়াছিল। তদনুসারে পদাকাঙ্ক্ষী ত্রয়োদশ জন পরীক্ষাতে উপস্থিত হইবার অনুমতি পান, কিন্তু আফীম কর্ম্মবিভাগের পাঁচ জন আসিষ্টাণ্ট সুদ্ধ দ্বাদশ জন মাত্র উপস্থিত হইয়া পরীক্ষ দিয়াছিলেন। শেষোক্ত পাঁচ জন কেবল জরীপ ও উদ্ভিদ ও কিমীয় এই বিশেষ২ বিদ্যায় পরীক্ষিত হইবার জন্য উপস্থিত হন। ঐ আসিষ্টাণ্টদের মধ্যে কেহই উত্তীর্ণ হন নাই, তাঁহাদিগকে লইয়া কার্য্যবিভাগের নিয়মানুসারে কার্য্য হইবে। অন্য পদাকাঙ্ক্ষিদের মধ্যে পার্শ্বের লিখিত তিন জন এইবার নিম্নতর শ্রেণীর নিমিত্তে একেবারে উত্তীর্ণ হইয়াছেন, অতএব তাঁহাদিগকে পুরাতন বিধিমতে তদ্রূপে উত্তীর্ণ বলিয়া প্রকাশ করা যাইতেছে। অবশিষ্ট চারি জনের মধ্যে শ্রীযুত বাবু কেদারনাথ বন্দ্যোপাধ্যায় এক্ষণে আইন ও উদ্ভিদ বিদ্যার পরীক্ষায় উত্তীর্ণ হইলেন, কিন্তু উচ্চতর শ্রেণীর নিমিত্ত পরীক্ষোত্তীর্ণ বলিয়া জ্ঞান হইবার পূর্ব্বে এখনও তাঁহার কিমীয় বিদ্যায় উত্তীর্ণ হইবার অপেক্ষা থাকিল। শ্রীযুত রামলাল বাবু এক্ষণে আইন ও চিত্র বিদ্যার পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, এবং নিম্নশ্রেণীর নিমিত্ত পরীক্ষোত্তীর্ণ বলিয়া জ্ঞান হওয়ার পূর্ব্বে তাঁহার এখনও জরীপ ও পরিমাপণ বিদ্যায় উত্তীর্ণ হইবার অপেক্ষা থাকিল। এই পদাকাঙ্ক্ষী আপ্রেন্টিসস্বরূপ সর্ব্বিসে কর্ম্ম করিতেছেন, এবং তাঁহার উপরিস্থ কর্তৃপক্ষেরা তাঁহার

শ্রীযুক্ত বাবু শ্রীকিশোর মজুমদার।
" " বরদাপ্রসাদ ভট্টাচার্য্য।
" " কেদারনাথ মুখোপাধ্যায়।

held to have passed for the lower grade on condition that he succeeds in passing completely at the next examination

Baboo Doorga Mohun Ghose has now passed in law for the lower grade, and is still liable to pass in surveying and engineering This candidate is also in the service, and as he is well reported of, he will be held to have passed for the higher grade, provided he passes completely at the next examination

Abdul Mujeed was examined by mistake in Hindustani instead of in Bengali, and has passed in the former language for the lower grade, but he has failed in law and surveying This candidate was appointed to the service in January 1874, conditionally on his passing the examination in 1875, and as he did not attend the examination held in that year, and has failed to pass at the present examination, the Lieutenant-Governor directs that he be removed from his appointment

7 The officers named in the margin, who now hold appointments conditionally on passing the requisite standard, failed to attend the examination

1 Eknath Sahoy Canoongoe Shahabad
2 Kaliprosunno Roy Chowdry, Canoongoe Nuddea
3 Akhury Char Shambhujan, Canoongoe, Lohardugga.

Eknath Sahov, Canoongoe in Shahabad, was appointed in 1873, subject to passing. He was exempted from attendance at the examination of 1874, owing to his employment on famine relief work He did not attend the examination held in 1875, but, on the recommendation of the Commissioner of Patna, was permitted to retain his appointment and to appear at the next examination This, however, he has not done, and the Lieutenant-Governor therefore directs that he be removed from his appointment

Baboo Kaliprosunno Roy Chowdry was appointed Canoongoe in February 1874, subject to passing the Native Civil Service Examination He was exempted from attendance at the examination in 1874, but was informed that no excuse for non-appearance at the examination of 1875 would be admitted He did not, however, attend the examination in that year, and no report was received as to the cause of his absence As he has also failed to attend the present examination, the Lieutenant-Governor directs his removal from the service.

Akhury Char Shambhujan was appointed a Canoongoe in Lohardugga in February 1874, subject to passing the Native Civil Service Examination As he has since failed to attend any of the examinations, he must now be removed from the service

8 In accordance with the terms of the Lieutenant-Governor's Minute of the 25th of September last, the vacancies thus caused will be filled up by the candidates who have passed the recent examination in the lower grade, the two candidates also who have now been declared to have passed for the higher grade will be immediately provided with appointments in that grade

9 In the Resolution of the 10th March 1875, a warning was conveyed to certain Acting Deputy Magistrates and Deputy Collectors that their retention in the public service depended entirely on their passing the examination to which they were severally liable, and their attention was again drawn to the subject in the subsequent Resolution of the 22nd June 1875. Two of these officers, Baboo Koilash Chandra Chatterjee and Moulvie Muizuddin Ahmed, being employed in settlement work were not able to attend, and another, Moulvie Motiulla, was specially exempted from attendance But none of the other officers liable to examination attended the present examination, nor has any explanation as to the cause of their absence been laid before Government. The Lieutenant-Governor now requests that Commissioners of Divisions will be good enough to submit, at an early date, a special report regarding such of these officers as may be serving within their divisions The reasons why they failed to attend the examination should be fully explained, and Commissioners and District Officers should at the same time submit any recommendations which they may wish to make with regard to the further retention of these officers in the Government service

10 As the Superintendent reports that the paucity in the number of candidates who entered for the competitive examination is probably owing to

সুখ্যাতি করাতে আগামি পরীক্ষায় সম্পূর্ণরূপে উত্তীর্ণ হইবার অপেক্ষায়, তাঁহাকে নিম্নতর শ্রেণীর পদের পরীক্ষায় উত্তীর্ণ বলিয়া জ্ঞান করা যাইবে।

শ্রীযুত বাবু দুর্গামোহন ঘোষ নিম্নতর শ্রেণীর নিমিত্তে আইনের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, কিন্তু জরীপ ও স্থপতি বিদ্যার পরীক্ষায় উত্তীর্ণ হইবার অপেক্ষা থাকিল। ইনিও কর্ম্ম করিতেছেন এবং তাঁহার সপক্ষে ভাল রিপোর্ট হওয়াতে আগামি পরীক্ষায় সম্পূর্ণরূপে উত্তীর্ণ হইবার নিয়মে তাঁহাকে উচ্চতর শ্রেণীর পদের নিমিত্তে পরীক্ষায় উত্তীর্ণ বলিয়া জ্ঞান করা যাইবে।

ভ্রান্তিক্রমে আবদুল মজীদকে বঙ্গভাষার পরিবর্ত্তে হিন্দুস্থানী ভাষায় পরীক্ষা করা গিয়াছিল। তিনি নিম্নশ্রেণীমতে শেষোক্ত ভাষার পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, কিন্তু আইন ও জরীপের পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারেন নাই। ১৮৭২ সালের পরীক্ষায় উত্তীর্ণ হইবার নিয়মে তাঁহাকে ১৮৭৪ সালের জানুয়ারি মাসে কর্ম্মে নিযুক্ত করা যায়, কিন্তু ঐ বৎসরের পরীক্ষায় উপস্থিত না হওয়াতে ও ইদানীন্তন পরীক্ষায় অকৃতকার্য্য হওয়ায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাঁহাকে কর্ম্মহইতে অপসৃত করিতে আদেশ করিলেন।

৭। পার্শ্বলিখিত কর্ম্মকারকেরা প্রয়োজনীয় কষ্টিমতে পরীক্ষায় উত্তীর্ণ হইবার অপেক্ষায় কর্ম্ম করিতেছেন, কিন্তু গত পরীক্ষায় উপস্থিত হন নাই।

১। শাহাবাদের কানুনগো একনাথ সহায়।
২। নদীয়ার „ কালীপ্রসন্ন চৌধুরী।
৩। লোহারডগার „ আখুরীচর শত্রুজান।

পরীক্ষায় উত্তীর্ণ হইবেন এই নিয়মাধীনে শাহাবাদের কানুনগো একনাথ সহায় ১৮৭৩ সালে কর্ম্মে নিযুক্ত হন। দুর্ভিক্ষ সংক্রান্ত উপকারার্থ কার্য্যে নিযুক্ত থাকাতে ১৮৭৪ সালের পরীক্ষায় উপস্থিত না হইবার অনুমতি পাইলেন। ১৮৭৫ সালের পরীক্ষায় উপস্থিত না হইলেও পাটনার কমিশ্যনর সাহেবের অনুরোধক্রমে নিজ কর্ম্মে থাকিতে ও তৎপর পরীক্ষায় উপস্থিত হইতে অনুমতি পাইয়াছিলেন। কিন্তু তাহা না করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাঁহাকে কর্ম্ম হইতে অপসৃত করিবার আদেশ করিলেন।

দেশীয় সিবিল সর্ব্বিস পরীক্ষায় উত্তীর্ণ হওনের অপেক্ষায় শ্রীযুত বাবু কালীপ্রসন্ন রায় চৌধুরী ১৮৭৪ সালের ফেব্রুয়ারি মাসে কানুনগোর পদে নিযুক্ত হন। ঐ সালের পরীক্ষায় উপস্থিত না হইবার অনুমতি পাইলেন ও তাঁহাকে বলা গেল যে ১৮৭৫ সালের পরীক্ষায় উপস্থিত না হওয়ার কোন আপত্তিই গ্রাহ্য হইবে না, পরন্তু ঐ পরীক্ষায় তিনি উপস্থিত হইলেন না, ও কেন অনুপস্থিত হইলেন তাহার কোন রিপোর্টও পাওয়া গেল না, তিনি এই বৎসরের পরীক্ষাতেও অনুপস্থিত থাকাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাঁহাকে কর্ম্মহইতে অপসৃত করিবার আদেশ করিলেন।

দেশীয় সিবিল সর্ব্বিস পরীক্ষায় উত্তীর্ণ হইবার অপেক্ষায় শ্রীযুত আখুরী চর শত্রুজান ১৮৭৪ সালের ফেব্রুয়ারি মাসে লোহারডগায় কানুনগোর পদে নিযুক্ত হন, কিন্তু তদবধি কোন পরীক্ষায় উপস্থিত না হওয়াতে তাঁহাকেও সর্ব্বিস হইতে অপসৃত করা যাইবে।

৮। এইরূপে যে সকল কর্ম্ম খালি হইল শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ১৮৭৫ সালের সেপ্টেম্বর মাসের ২৫ তারিখের অভিলেখ্যের নিয়মানুসারে সম্প্রতি নিম্নশ্রেণীমতে পরীক্ষোত্তীর্ণ উক্ত পদাকাঙ্ক্ষিদিগকে সেই২ পদে নিযুক্ত করা যাইবে। পদাকাঙ্ক্ষী যে দুই জনকে উচ্চতর শ্রেণীমতে উত্তীর্ণ বলিয়া এক্ষণে প্রকাশ করা গেল তাঁহাদিগকেও ঐ শ্রেণীতে অবিলম্বেই কর্ম্ম দেওয়া যাইবে।

৯। কএক জন একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের যে২ পরীক্ষা দেওনের অপেক্ষা থাকিল সেই২ পরীক্ষায় উত্তীর্ণ না হইলে তাঁহারা রাজ কার্য্যে থাকিতে পাইবেন না ১৮৭২ সালের মার্চ মাসের ২০ তারিখের নির্দ্ধারণপত্রে তাঁহাদিগকে সতর্ক করিয়া এই কথা জ্ঞাত করা গেল, ও তৎপরে ১৮৭৫ সালের জুন মাসের ২২ তারিখের নির্দ্ধারণে পুনর্ব্বার এই বিষয়ে তাঁহাদিগের মনোযোগ করান গিয়াছিল। উক্ত কর্ম্মকারকদের দুই জন অর্থাৎ শ্রীযুত বাবু কৈলাস চন্দ্র চট্টোপাধ্যায় ও শ্রীযুত মৌলবী মইজুদ্দীন আহম্মদ বন্দোবস্তের কার্য্যে নিযুক্ত থাকাতে পরীক্ষায় উপস্থিত হইতে পারেন নাই ও অপর এক জন শ্রীযুত মৌলবী মতিউল্লা উপস্থিত না হইবার বিশেষ অনুমতি পাইলেন পরন্তু অপর যে কর্ম্মকারকদের পরীক্ষা দিবার অপেক্ষা ছিল তাঁহাদের মধ্যে কেহই এই পরীক্ষায় উপস্থিত হন নাই, ও না হওনের কারণসম্বন্ধে কোন কথাই গবর্ণমেণ্টের সম্মুখে জ্ঞাত করা যায় নাই। অতএব উক্ত যে সকল কর্ম্মকারকেরা যে২ দেশখণ্ডে কর্ম্ম করিয়া থাকেন সেই২ খণ্ডের কমিশ্যনর সাহেবের তাঁহাদিগের বিষয়ে অগৌণে এক২ খানি বিশেষ রিপোর্ট অর্পণ করেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের এই আদেশ। তাঁহাদিগের পরীক্ষায় অনুপস্থিত হওনের কারণ সম্পূর্ণরূপে দর্শাইতে হইবে ও কমিশ্যনর ও জিলার কর্ত্তৃপক্ষ সাহেবেরা এই সকল কর্ম্মকারককে গবর্ণমেণ্টের কর্ম্মে আর রাখা যাইবে কি না তদ্বিষয়ে যে পরামর্শ দিতে চাহেন দিবেন।

১০। পরীক্ষার নূতন বিধি বৎসরের প্রথমাংশে প্রকাশ হইলে, পদাকাঙ্ক্ষিদের প্রস্তুত হওনের যত অবকাশ থাকিত, তত অবকাশ না পাওয়াই ও পরীক্ষার নিয়ম সাধারণমতে ও উপযুক্তরূপে বুঝা না,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৭ জুন।]

the fact that the new Examination Rules were not made public sufficiently early in the year to afford candidates much time for preparation, and that the terms were not generally nor properly understood, the Commissioners of Divisions and District Officers are requested to take every opportunity of explaining the principle on which these examinations are conducted, and to notify, as widely as possible, that another examination will be held in February or March next The precise date on which the examination will be held next year will be shortly notified, as well as the number of appointments to be competed for in each grade

11 The thanks of Government are due to Mr Grimley, and to the gentlemen who were associated with him, in conducting the recent examination.

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

## JUDICIAL DEPARTMENT

No 1670C.S

*The 12th June* 1876 —Baboo Kali Das Dutt, Subordinate Judge of Rungpore, is allowed leave for three weeks, under section 3, Supplement F of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 1st ultimo

*The 16th June* 1876 —Mr E J Trevelyan is appointed, under the provisions of section 4, Act II of 1869, to act as a Justice of the Peace for the town of Calcutta

Baboo Mohesh Chandra Chuckerbutty, Additional Moonsif, on leave, is transferred from Sylhet to Rungpore as an Additional Moonsif

Baboo Nilmoney Nag is appointed to officiate as an Additional Moonsif in the district of Rungpore during the absence, on leave, of Baboo Mohesh Chandra Chuckerbutty, or until further orders

*The 19th June* 1876 —Baboo Sri Gopal Chatterjee, M A , B L , is appointed to officiate as Moonsif of Meherpore, in the district of Nuddea, during the absence, on leave, of Baboo Ram Chundra Dhur, or until further orders

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 17th June* 1876 —Syed Fukhuruddin Hossein Khan, Moonsif of Jamooee, in the district of Bhágalpur, is allowed privilege leave of absence for one month from the date on which he may be relieved under section 21, Chapter VI of the Civil Leave Code

*The 19th June* 1876 —Baboo Mothoora Nath Ghose, Moonsif of Rungoneah, in the district of Chittagong, is allowed leave of absence for six weeks from 11th June 1876, in extension of that granted to him on the 30th May 1876, under section 3, Supplement F of the Civil Leave Code.

R L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

## ERRATUM

*The 19th June* 1876 —In the list of villages appended to the Notification dated the 25th May 1876, published in the *Calcutta Gazette* of the 31st idem, Part I, page 608, regarding the revised boundaries of the town of Baraset, in the district of the 24 Pergunnahs, for the purposes of Act VI (B C ) of 1868, for the village of 'Mourusbaug' read 'Monkusbaug'

R L MANGLES,
*Offg Secy to the Govt. of Bengal*

## NOTIFICATION

*The 13th June* 1876 —It is hereby notified that under section 3, Regulation VI of 1819, the Lieutenant-Governor has been pleased to sanction the establishment of a public ferry over the Taltallah Khal, between the Taltallah Bazar on one side and Mirgunge on the other both in the Dacca district, and situated on the road between the head-quarters of the Moonshigunge sub-division and thana Sreenugger

R L MANGLES,
*Offg Secy to the Govt. of Bengal*

[*Government Gazette, 27th June* 1876 ]

যাওয়াই এই প্রতিযোগিতার পরীক্ষায় অল্পমাত্র পদাকাঙ্ক্ষির উপস্থিত হইবার কারণ হইতে পারে। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব আপনার এই অভিমত প্রকাশ করাতে দেশখণ্ডের কমিশানর ও জিলার কর্তৃপক্ষ সাহেবদের প্রতি এই আদেশ হইল যে, উক্ত সকল পরীক্ষা যে মূল নিয়মানুসারে চালান যায় তাঁহারা সুযোগ পাইলেই তাহা বুঝাইয়া দিয়া আগামি ফেব্রুয়ারি বা মার্চ মাসে আবার পরীক্ষা হইবে এই বিষয় সাধ্যমত বিস্তৃতরূপে জ্ঞাত করেন। আগামিবর্ষে ঠিক যে দিনে পরীক্ষা গ্রহণ করা যাইবে ও প্রত্যেক শ্রেণীর যত পদের নিমিত্ত প্রতিযোগিতার পরীক্ষা হইবে শীঘ্রই তাহার সম্বাদ দেওয়া যাইবে।

১১। শ্রীযুত গ্রিমলী সাহেব ও তাঁহার সহিত অন্যান্য যে মহাশয়ের গত পরীক্ষার কার্য্য চালাওনে নিযুক্ত ছিলেন তাঁহাদিগের প্রতি গবর্ণমেণ্ট কৃতজ্ঞতা স্বীকার করিলেন।

আর, এল, মাঙ্গল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

১৬৭৭CS নম্বর।

১৮৭৬ সাল ১২ জুন।—রঙ্গপুরের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু কালিদাস দত্ত গত মাসের ১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে তিন সপ্তাহ ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৬ জুন।—শ্রীযুত টী জে, ট্রিবিলিয়ম সাহেব, ১৮৬৯ সালের ২ আইনের ৪ ধারার বিধানমতে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসের পদে নিযুক্ত হইলেন।

আডিশ্যানল মুনসেফ শ্রীযুত বাবু মহেশচন্দ্র চক্রবর্ত্তী আডিশ্যনল মুনসেফ হইয়া ছিলটহইতে রঙ্গপুরে প্রেরিত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

শ্রীযুত বাবু মহেশচন্দ্র চক্রবর্ত্তীর ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু নীলমণি নাগ রঙ্গপুর জিলার আডিশ্যানল মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৯ জুন।—শ্রীযুত বাবু রামচন্দ্র ধরের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু শ্রীগোপাল চট্টোপাধ্যায়, এম, এ ও বি, এল নদীয়া জিলার অন্তর্গত মেহেরপুরের মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৭৬ সাল ১৭ জুন।—ভাগলপুর জিলার অন্তর্গত জমুইয়ের মুনসেফ শ্রীযুত সৈয়দ জফরউদ্দীন হুসেন খাঁ যে তারিখে অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৯ জুন।—চট্টগ্রাম জিলার অন্তর্গত বঙ্গনিবার মুনসেফ শ্রীযুত বাবু মথুরানাথ ঘোষ ১৮৭৬ সালের মে মাসের ৩০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৬ সালের জুন মাসের ১১ তারিখ অবধি ছয় সপ্তাহ ছুটী পাইয়াছেন।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## অশুদ্ধশোধন।

১৮৭৬ সাল ১৯ জুন।—১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের কার্য্যপক্ষে ২৪ পরগনা জিলার অন্তর্গত বারাসৎ নগরের সংশোধিত সীমাবিষয়ক ১৮৭৬ সালের মে মাসের ২৫ তারিখের যে জ্ঞাপনপত্র জুন মাসের ৬ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৫০১ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তৎসংযুক্ত গ্রামের নির্ঘণ্টপত্রে "মৌরসবাগ" গ্রাম এই নামের পরিবর্ত্তে "মনকসবাগ" গ্রাম পাঠ করিতে হইবে।

আর, এল, মাঙ্গল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৩ জুন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঢাকা জিলার অন্তর্গত একদিগে তালতলা বাজার ও অন্য দিগে মীরগঞ্জ এই দুই স্থানের মধ্যগত তালতলা খালে ১৮১৯ সালের ৬ আইনের ৩ ধারামতে রাজকীয় খেয়াঘাট স্থাপন করিবার অনুমতি দিয়াছেন, এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। ঐ ঘাট মুনসীগঞ্জ মহকুমার সদর স্থানের ও শ্রীনগর থানার মধ্যগত পথের ধারে আছে।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৭ জুন।]

NOTIFICATION

*The 16th June* 1876 —In accordance with the powers conferred upon him by section 50 of Act X of 1872, the Lieutenant-Governor of Bengal is pleased to direct that Mr H O King, Ulfut Ali Khan, Bedmon Misser, and Azizur Rohman, Honorary Magistrates in the district of Monghyr, or any two or more of them sitting together, shall form a Bench which is hereby vested with the powers of a Magistrate of the 3rd class for the trial of such cases arising within thana Khuruckpore, in the district of Monghyr, as may be within its competence to try, and as may be referred to it by the Magistrate of the district.

R L Mangles,
*Offg Secy to the Govt of Bengal*

---

NOTIFICATION

*The 10th June* 1876 —It is hereby notified that under section 68 of the Village Chowkeedaree Act [VI (B C), 1870,] the Lieuten nt-Governor of Bengal is pleased to extend the provisions of the said Act to the portion of the Moorshedabad district west of the Bhagiruthee River

R L Mangles,
*Offg Secy to the Govt of Bengal*

---

NOTIFICATION

*The 21st June* 1876 — The Bill to amend and consolidate the Law relating to Municipalities in Bengal having received the assent of the Governor-General, and having been published in this day's *Gazette* as Act V (B C) of 1876, the Lieutenant-Governor directs, with reference to the second paragraph of section 1 thereof, that the said Act shall come into force on the 1st July 1876

R L Mangles,
*Offg Secy to the Govt of Bengal*

---

DECLARATION

*The 12th June* 1876 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for constructing a sewer through the private land, situated between Sobha Bazar Street and Baniatollah Street, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 4 cottahs 15 chittacks and 33 square feet, bounded on the north by Sobha Bazar Street, south by Baniatollah Street, east partly by No 26, Sobha Bazar Street, belonging to Janoky Nath Roy, partly by Nos 87-1, Baniatollah Street, belonging to Kedar Nath and Omesh Chunder Dutt, and partly by No 88, Baniatollah Street, belonging to Koylas Chunder and Greesh Chunder Dutt, and on the west partly by No 25, Sobha Bazar Street, belonging to Madhub Chunder Dass, and partly by No 89, Baniatollah Street, belonging to Ram Chunder Dawn, is required

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

R L Mangles,
*Offg Secy to the Govt of Bengal*

---

DECLARATION

*The 14th June* 1876 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for the construction of a police-station at Onda (mouzah Pootaunat), in pergunnah Bishenpore, in the district of Baukoora, it is hereby declared that a piece of land measuring, more or less, 3 beegahs, and bounded on the north by the Provincial Road, south by a tank called Kamara Pushkorni, east by the road leading from the Provincial Road to Taldangra outpost, and west by the lands belonging to Krishto Chowdery of Onda, is required

This declaration is made, under the provisions of section 6, Act X of 1870, to all whom it may concern

R L Mangles,
*Offg Secy. to the Govt of Bengal.*

[*Government Gazette, 27th June* 1876 ]

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৬ জুন।—১৮৭২ সালের ১০ আইনের ৫০ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি এই আজ্ঞা করিলেন। মুঙ্গের জিলার অবৈতনিক মাজিষ্ট্রেট শ্রীযুত এচ, ও, কিং সাহেব ও শ্রীযুত উলফৎ আলী খাঁ ও শ্রীযুত বেদমন মিশ্র, ও শ্রীযুত আজীজর রহমান কিম্বা তাঁহাদের মধ্যে দুই কি তদধিক জন একত্র বসিলে এক বেঞ্চ হইবে, মুঙ্গের জিলার অন্তর্গত খরকপুর থানার এলাকার মধ্যে যেং মোকদ্দমা উপস্থিত হয় সেই বেঞ্চ তাহার বিচার করিতে ক্ষমতাপন্ন হইলে এবং জিলার মাজিষ্ট্রেট সাহেব বিচারার্থে সমর্পণ করিলে, সেইং মোকদ্দমার বিচার করণার্থে এতদ্দ্বারা তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৩ জুন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব গ্রাম্য চৌকীদারী বিষয়ক ১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইনের ৬৮ ধারামতে উক্ত আইনের বিধান মুরশিদাবাদ জিলার যে অংশ ভাগিরথী নদীর পশ্চিম দিগে আছে সেই অংশে প্রচলিত করিলেন এদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল।

আর এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২১ জুন।—শ্রীযুত গবরনর জেনরল সাহেব বঙ্গদেশের মুনিসিপলিটীবিষয়ক আইন সংশোধন ও সংগ্রহ করণার্থ আইনের পাণ্ডুলিপি অনুমোদন করাতে এবং ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইন বলিয়া অদ্যকার তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ হওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উক্ত আইনের ১ ধারার দ্বিতীয় প্রকরণের উপলক্ষে এই আজ্ঞা করিলেন যে, উক্ত আইন ১৮৭৬ সালের জুলাই মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১২ জুন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ শোভাবাজার ষ্ট্রীট ও বেণিয়াটোলা ষ্ট্রীটের মধ্য স্থিত ব্যক্তি বিশেষের ভূমি দিয়া নর্দ্দমা করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক /৪৮৶ ছটাক ৩৩ বর্গ ফুট পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা শোভাবাজার ষ্ট্রীট, দক্ষিণ সীমা বেণিয়াটোলা ষ্ট্রীট, পূর্ব্ব সীমা অংশতঃ শোভাবাজার ষ্ট্রীটে জানকীনাথ রায়ের ২৬ নং বাটী, ও অংশতঃ বেণিয়াটোলা ষ্ট্রীটে কেদারনাথ ও উমেশচন্দ্র দত্তের ৮৭ ১ নং বাটী ও অংশতঃ বেণিয়াটোলা ষ্ট্রীটে কৈলাসচন্দ্র ও গিরীশচন্দ্র দত্তের ৮৮ নং বাটী এবং পশ্চিম সীমা শোভাবাজার ষ্ট্রীটে মাধবচন্দ্র দাসের ২৫ নং বাটী, ও অংশতঃ বেণিয়াটোলা ষ্ট্রীটে রামচন্দ্র দাঁর ৮৯ নং বাটী।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৪ জুন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বাঁকুড়া জিলার অন্তর্গত বিষ্ণুপুর পরগনার ওন্দায় (পুড়নাৎ মৌজায়) পোলীস থানা করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ৩/ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা প্রদেশীয় পথ, দক্ষিণ সীমা কামার পুষ্করিণী নামক পুষ্করিণী, পূর্ব্ব সীমা প্রদেশীয় পথহইতে তালডাঙ্গরা কাঁড়িতে যাইবার পথ, পশ্চিম সীমা ওন্দার কৃষ্ণ চৌধুরীর ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৭ জুন।]

NOTIFICATION

*The* 5*th June* 1876 —Under the provisions of section 1 of Act I (B C) of 1876 (an Act to provide for the voluntary registration of Mahomedan marriages and divorces), the Lieutenant-Governor is pleased to notify for general information that the said Act shall commence and take effect in the district of Noakholly from the 1st July next

B L MANGLES,
*Offg Secy to the Govt of Bengal*

## PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL

ESTABLISHMENT

*The* 15*th June* 1876

*No* 213 —*Notification* —Colonel C T Stewart, R E, Superintending Engineer (temporary rank), First Grade, resumed charge of the North-Western Circle on the 10th June 1876, after noon

*No* 214 —*Leave of Absence* —Baboo Jogendro Chunder Mitter Supervisor, First Grade, for three months, without pay, under section 9, Supplement F of the Civil Leave Code, with effect from the 27th February 1876

*No* 215 —*Notifications* —Baboo Madhoram, Sub-Engineer, First Grade, joined the Chittagong Division on the 24th May 1876, before noon

*No* 216 —Baboo Jogendro Chunder Mitter, Supervisor, First Grade, joined the Third Calcutta Division on the 27th May 1876, before noon.

*No* 217 —*Leave of Absence* —Baboo Tara Prosono Mookerjee, Overseer, Third Grade attached to the Mozufferpore Division, for two months, on medical certificate, under section 3, Supplement F of the Civil Leave Code, in addition to that already granted* to him

* Bengal Government (Public Works Department) Notification No 14, dated 17th January 1876

*No* 218 —*Transfer* —Baboo Shama Churn Ghose, Accountant, Fourth Grade, from the Hidgellee to the Central Office of Accounts, Bengal

*No* 219.—*Appointment* —Baboo Dwarka Nath Chatterjee is appointed as an Officiating Accountant, Fourth Grade, and posted to the Hidgellee Division

*No* 220 —*Notification* —The services of Baboo Dwarkanath Chatterjee, Officiating Accountant, Fourth Grade, Hidgellee Division, are dispensed with from the 31st May 1876, on account of the abolition of that division

*The* 19*th June* 1876

*No* 221 —Baboo Hem Chunder Biswas, Sub-Engineer, Third Grade, joined the Patna Division on the 8th June 1876, after noon

G A D ANLEY, C E,
*Offg Asst Secy to the Govt of Bengal, P W D*

## IRRIGATION

NOTIFICATION —ESTABLISHMENT

*Dated* 16*th June* 1876

*No* 201 —*Notification* —Mr C Low, Temporary Sub Engineer, Third Grade, Lower Gunduk Embankment Division, is permitted to resign his appointment in the Public Works Department

*No* 202 —*Appointment* —Baboo Baney Madhub Chatterjee, Probationary Sub-Overseer, First Grade, Buxar Division, is permanently appointed to the Public Works Department in that grade

[*Government Gazette*, 27*th June* 1876 ]

বিজ্ঞাপন।

নিম্নলিখিত জ্ঞাপনপত্রের বাঙ্গলা অনুবাদে ভ্রম হওয়াতে তাহা সংশোধন করিয়া পুনর্ব্বার প্রকাশ করা গেল।

১৮৭৬ সাল ৫ জুন।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের (অর্থাৎ মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার কানুন করার আইনের) ১ ধারার বিধানমতে উক্ত আইন আগামি জুলাই মাসের ১ তারিখ অবধি নওয়াখালী জিলায় প্রচলিত হইবার আজ্ঞা করিয়াছেন, সাধারণের জ্ঞানার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল।

আর, এল, মাঙ্গলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৭৬ সাল ১৫ জুন।

২১৩ নম্বর।—বিজ্ঞাপন।—কিয়ৎকালীন প্রথম শ্রেণীর সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র কর্ণেল শ্রীযুত সি, টি, ষ্টুয়ার্ট সাহেব, আর, ই, ১৮৭৬ সালের জুন মাসের ১০ তারিখের অপরাহ্নে উত্তর পশ্চিম চক্রে পুনর্ব্বার কর্ম্ম গ্রহণ করিলেন।

২১৪ নম্বর।—ছুটী।—প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু যোগেন্দ্রচন্দ্র মিত্র সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে ১৮৭৬ সালের ফেব্রুয়ারি মাসের ২৭ তারিখ অবধি বিনা বেতনে তিন মাস ছুটী পাইয়াছেন

২১৫ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত মধুরাম বাবু ১৮৭৬ সালের মে মাসের ২৪ তারিখের পূর্ব্বাহ্নে চট্টগ্রাম খণ্ডে কর্ম্মগ্রহণ করিলেন।

২১৬ নম্বর।—প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু যোগেন্দ্রচন্দ্র মিত্র ১৮৭৬ সালের মে মাসের ২৭ তারিখের পূর্ব্বাহ্নে কলিকাতার তৃতীয় খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

২১৭ নম্বর।—ছুটী।—মজফরপুরখণ্ডে নিযুক্ত তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু তারাপ্রসন্ন মুখোপাধ্যায় যে ছুটী পান * তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৬ সালের ১৭ জানুয়ারির ১৪ নং বিজ্ঞাপন।

২১৮ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—চতুর্থ শ্রেণীর অ কৌণ্টাণ্ট শ্রীযুত বাবু শ্যামাচরণ ঘোষ হিজলীহইতে বঙ্গদেশের সদর আকৌণ্ট আফিসে প্রেরিত হইলেন।

২১৯ নম্বর।—নিয়োগ।—শ্রীযুত বাবু দ্বারকানাথ চট্টোপাধ্যায় চতুর্থ শ্রেণীর একটিং আকৌণ্টাণ্টের পদে নিযুক্ত হইয়া হিজলীখণ্ডে অবস্থিত হইলেন।

২২০ নম্বর।—বিজ্ঞাপন।—হিজলীখণ্ড উঠিয়া যাওয়াতে ঐ খণ্ডের চতুর্থ শ্রেণীর একটিং আকৌণ্টাণ্ট শ্রীযুত বাবু দ্বারকানাথ চট্টোপাধ্যায়ের কর্ম্ম ১৮৭৬ সালের মে মাসের ৩১ তারিখ অবধি রহিত করা গেল।

১৮৭৬ সাল ১৯ জুন।

২২১ নম্বর।—তৃতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু হেমচন্দ্র বিশ্বাস, ১৮৭৬ সালের জুন মাসের ৮ তারিখের অপরাহ্নে পাটনাখণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

জি, এ, ডি, আমলী, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটিং আসিস্টাণ্ট সেক্রেটরী।

---

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তা বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৬ জুন।

২০১ নম্বর।—বিজ্ঞাপন।—দক্ষিণ গণ্ডক বাঁধ খণ্ডের তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন সব-ইঞ্জিনিয়র শ্রীযুত সি, লো সাহেব পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে স্বীয় কর্ম্ম ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

২০২ নম্বর।—নিয়োগ।—বকুশার খণ্ডের প্রথম শ্রেণীর প্রবেশমরি সব-ওবরসিয়র শ্রীযুত বাবু বেণীমাধব চট্টোপাধ্যায় পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ঐ শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৭ জুন।]

*Dated 19th June* 1876

No 203 —*Notification.*—With reference to the orders marginally noted, Mr A D'Ortez, Overseer, First Grade, left the Dehree Workshop Division on the forenoon of the 30th May 1876, to join the establishment under the Director of State Railways.

No 143, dated 24th April 1876.

No 204 —*Leave* —Sergeant J Pethard, Supervisor, Second Grade, Arrah Division, is granted privilege leave for three months from 31st July 1876, or such subsequent date as he may avail himself of it, under section 12, Supplement F of the Civil Leave Code

*No* 205 —*Notification* —Mr A Olerke, Assistant Engineer, Third Grade, Northern Drainage and Embankment Division, passed in the Lower Standard in Hindustani on the 7th February 1876

*No* 206 —*Transfer* —Baboo Issur Chunder Ghose, Overseer, First Grade, is transferred, in the interests of the public service, from the Buxar Division of the Sone Circle to the Lower Gunduk Embankment Division of the Gunduk Circle, which he joined on the forenoon of the 6th June 1876

*Dated 20th June* 1876

*No* 207 —*Declaration* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for Doomraon drainage cut No 4, taking off from a point in the 29th mile of the Doomraon Branch Canal in mouzah Kesat,* pergunnah Bhojpore, zillah Shahabad, and terminating in the same mouzah, it is hereby declared that for the above purpose two slips of land, one measuring 250 feet long by 31 feet wide, and the other 1,210 feet long and varying from 70 feet to 30 feet in width, and containing 28⅝ poles and 3 roods and 23½ poles respectively, are required in the said district of Shahabad

* Kesath

The land plans of the aforesaid drainage cuts can be seen in the Office of the Executive Engineer, Arrah Division, between the hours of 10 A M and 4 P M any day, Sundays and authorized holidays excepted.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870 of the Government of India, to all whom it may concern.

F T. HAIG, *Colonel*, R E,
*Joint Secy to the Govt of Bengal,*
*in the P W Dept, Irrigation Branch*

১৮৭৬ সাল ১৯ জুন।

২০৩ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত এ, ডি'ওর্টেজ সাহেব ষ্টেট রেলওয়ে সমূহের ডিরেক্টর সাহেবের অধীন সিরিশ্তায় কর্ম্ম গ্রহণার্থে ১৮৭৬ সালের মে মাসের ৩০ তারিখের পূর্ব্বাহ্নে ডিহিরী কারখানা খণ্ডহইতে গমন করিলেন।

১৮৭৬ সালের ২৪ আপ্রিলের ১৪৩ নং।

২০৪ নম্বর।—ছুটী।—আরা খণ্ডের দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর সার্জেণ্ট শ্রীযুত জে পেথার্ড সাহেব ১৮৭৬ সালের জুলাই মাসের ৩১ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটীগ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

২০৫ নম্বর।—বিজ্ঞাপন।—উত্তর জলপ্রণালী ও বাঁধখণ্ডের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, ক্লার্ক সাহেব ১৮৭৬ সালের ফেব্রুয়ারি মাসের ৭ তারিখে নিম্নতর কষ্টিমতে হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

২০৬ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র ঘোষ রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে সোণ চক্রের অন্তর্গত বক্সার খণ্ডহইতে গণ্ডকচক্রের অন্তর্গত দক্ষিণ গণ্ডক বাঁধ খণ্ডে প্রেরিত হইয়া ১৮৭৬ সালের জুন মাসের ৬ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৬ সাল ২০ জুন।

২০৭ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ শাহাবাদ জিলার অন্তর্গত ভোজপুর পরগনায় কেসাৎ * মৌজার ডুমরাওন শাখা খালের ২৯ মাইলের বিশেষ স্থানহইতে ঐ মৌজা পর্য্যন্ত ডুমরাওন জল প্রণালীর ৪ নং নালা কাটিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত শাহাবাদ জিলায় দুই খণ্ড ভূমির প্রয়োজন। একখণ্ড ২৫০ ফুট দীর্ঘ ও ৩১ ফুট প্রস্থ ও অন্য খণ্ড১,২১০ ফুট দীর্ঘ ও ২০ অবধি ৩০ ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ কালীতে ক্রমান্বয়ে ২৮৮ পোল ও ৩ রুড ২৩। পোল পরিমিত ভূমির প্রয়োজন।

* কেসাৎ।

উপরোক্ত নালার ভূমির নক্‌শা ররিবার ও নিয়মিত বন্দের দিন ভিন্ন প্রতিদিন পূর্ব্বাহ্ন ১০টার ও অপরাহ্ন ৪টার মধ্য কোন সময়ে আরা খণ্ডের একসেকিউটিব ইঞ্জিনিয়রের কার্য্যালয়ে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এফ, টি, হেগ, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখায়
বঙ্গদেশের গবর্ণমেন্টের জাইন্ট সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 27, 1876

মঙ্গলবার ১৮৭৬ সাল ২৭ জুন।

## PART VII.

**Circular Orders of the High Court and Board of Revenue**

**সপ্তম খণ্ড।**

**হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।**

# CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L P.

## MAY 1876.

HON'BLE V. H SCHALCH, C.S I

No 1.

IT has become necessary, for several reasons, to revise the Circular Order No. 2 of December 1874, on the subject of the "Fund for the improvement of Government and certain temporarily settled estates."

2 In the first place, the inclusion in the forms therewith prescribed, of recoveries, and payments of road cess in respect of estates of which Government is not the holder, was an error In such estates payments and recoveries will be made by the proprietors in exactly the same way as in estates the property of private persons which do not contribute to the Fund. In the revised circular such items have been excluded

3 Secondly, Government has accepted the proposal of the Board that the calculation of the normal mode of distribution of the assets of the Fund should not be made to depend on road cess considerations, but should be a simple matter of arithmetic, one-half being contributed to roads, one-third to primary education, and one-sixth to miscellaneous improvements This will necessitate a revision of the order for the calculation of road cess on Government estates Orders will issue accordingly in the Road Cess Department

4 Thirdly, the Government of India has decided that the sums allowed to be credited to the Fund, shall never appear among imperial receipts, but shall be credited direct This involves a radical change in the form of the estimates and the mode of treating the assets of the Fund These are now to be calculated in the manner shewn in rules 3 and 5

5 As soon as the amount allotted to Primary Education has been ascertained by the Collector under rule 8, he will, under rule 10, transfer it in one sum to the credit of the Magistrate, who will draw against it as required As it will not be necessary for the Board to check the items of expenditure,* the Collector need take no further action than to see that the credit is not exceeded.

* *Vide* Rule 15

6 The Member in charge has taken the opportunity to embody the orders of Government as to the constitution of the Fund, and instructions on other points on which experience has shewn the laying down of rules to be necessary

7 The Government of India in the Financial Department, by orders No 2668, dated 26th August 1875, sanctioned the transfer of the actual balance of the old Fund for the improvement of Government estates to the present Three per cent Fund, but directed that nothing should be credited to the old Fund on account of arrears of revenue collected in 1874-75 The proper percentage on such arrears was to be credited to the new Fund The percentage was to be reckoned on the actual collections, whether arrears, current, or advance If any had been done contrary to this, it was to be set right

With reference to these orders the Member in charge has ascertained from the Accountant-General that the balances of the old Fund at the close of 1874-75, were credited in his office to the new Fund. If in any district these have not hitherto been distributed with the other assets of the new Fund, this should now be done.

8. The following rules should be inserted as section IV of chapter VII of the Board's Rules, the present clause 8, section III of that chapter being removed Clauses 11 and 12 of section III should be renumbered 3 and 4, respectively :—

[*Government Gazette*, 27th *June* 1876.]

## বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলার অর্ডর।

১৮৭৬ সাল মে মাস।

মান্যবর শ্রীযুক্ত বি, এফ, সাকার সাহেব, সি, এস, আই।

১ নম্বর।

গবর্ণমেণ্টের ও মিয়াদী বন্দোবস্তের কোন২ মহালের উৎকর্ষসাধনার্থ তহবীল বিষয়ক ১৮৭৪ সালের ডিসেম্বর মাসের ২ নং সরকুলার নানা কারণে সংশোধন করা আবশ্যক হইল।

২। প্রথমতঃ। গবর্ণমেণ্ট যেং মহালের ভোগাধিকারী নহেন সেইং মহাল সম্পর্কীয় পথকরের যে টাকা আদায় ও ব্যয় হয়, ঐ সরকুলার অর্ডরের নির্দ্ধারিত পাঠের মধ্যে তাহা লেখাই ভ্রম। সাধারণ কোন ব্যক্তির সম্পত্তি বলিয়া যেং মহাল ঐ তহবীলে টাকা না দিয়া থাকে, তদ্বিষয়ে যেরূপ কার্য্য হইয়া থাকে, পূর্ব্বোক্ত মহালেরও ভূম্যধিকারিরাই সেই প্রকারে ঐ টাকা দিবেন ও আদায় করিবেন। সংশোধিত সরকুলারে ঐং দফা ধরা যায় নাই।

৩। দ্বিতীয়তঃ। ঐ তহবীলের টাকা যেরূপে বিলি করা যাইবে, ইহার হিসাব করিতে গেলে পথকর সম্পর্কীয় লাভালাভের উপর নির্ভর করিতে হইবে না, কিন্তু তাহা অঙ্ক কশিবার সামান্য বিষয় জ্ঞান করিয়া, তাহার অর্দ্ধেক পথ নির্ম্মাণের, ও তৃতীয়াংশ পাঠশালায়, ও ষষ্ঠাংশ বিবিধ প্রকারের উৎকর্ষ সাধনের কার্য্যে প্রয়োগ করিতে হইবে, বোর্ডের সাহেবদের এই প্রস্তাবটি গবর্ণমেণ্ট গ্রাহ্য করিয়াছেন। গবর্ণমেণ্টের মহালের উপর পথকরের হিসাব করিবার আজ্ঞা এইপ্রযুক্ত পুনরালোচনা করা আবশ্যক হইল। পথকরের কর্ম্ম বিভাগে তদনুসারে আজ্ঞা দেওয়া যাইবে।

৪। তৃতীয়তঃ। ঐ তহবীলে যে টাকা জমা করিয়া লইবার অনুমতি হইল তাহা রাজকীয় আয়ের মধ্যে লিখিত না হইয়া একেবারে ঐ তহবীলে জমা করা যায়, ভারতবর্ষের গবর্ণমেণ্ট ইহা স্থির করিয়াছেন। ইহাতে অনুমানপত্রের পাঠ ও তহবীলের টাকা লইয়া কার্য্য করিবার নিয়ম সুতরাং পরিবর্ত্তন করা আবশ্যক। এই অবধি নিম্নলিখিত বিধির ৩ ও ৫ ধারামতে ঐং বিষয়ের হিসাব করিতে হইবে।

৫। পাঠশলার জন্যে যত টাকা নিরূপণ করিতে হইবে, কালেক্টর সাহেব ঐ বিধির ৮ ধারামতে ইহা স্থির করিলে পর, ১০ ধারামতে সেই টাকা সাকল্যে মাজিষ্ট্রেট সাহেবের নামে জমা করিয়া লইবেন, মাজিষ্ট্রেট সাহেব প্রয়োজনমতে তাহাহইতে টাকা লইবেন। ঐ খরচের নানা দফার দোষাদোষ ধরিবার জন্যে বোর্ডের সাহেবদের দেখিবার আর আবশ্যক না থাকাতে* জমা অপেক্ষা খরচ অধিক না হয় কালেক্টর সাহেবের এইমাত্র দেখিতে হইবে।

* বিধির ১৫ ধারা দেখ।

৬। ঐ তহবীলের সংস্থিতির বিষয়ে, এবং বহুকালীন অনুশীলনক্রমে অন্য যেং বিষয়ের বিধি প্রণয়ন করা আবশ্যক বোধ হইল তদ্বিষয়ে, গবর্ণমেণ্ট যেং আজ্ঞা করিয়াছেন, এই কার্য্যে যে সাহেবের প্রতি কর্তৃত্ব ভার আছে তিনি এই সুযোগমতে সেইং আজ্ঞাও ইহার মধ্যে ধরিলেন।

৭। ভারতবর্ষের গবর্ণমেণ্ট ফিনানশ্যল ডিপার্টমেণ্টে ১৮৭৫ সালের আগষ্ট মাসের ২৬ তারিখের ২৬৬৮ নম্বরের আজ্ঞাক্রমে এই অনুমতি দিলেন যে, গবর্ণমেণ্টের মহালের উৎকর্ষ সাধনের জন্যে পূর্ব্বকার যে তহবীল ছিল তাহার উদ্বর্ত্ত টাকা ইদানীন্তন শতকরা ৩৲ টাকার সুদের তহবীলে দেওয়া যায়, কিন্তু ১৮৭৪। ৭৫ সালে বাকী রাজস্বের যত আদায় হইল তাহার কোন টাকা ঐ পূর্ব্বকার তহবীলের হিসাবে জমা করিয়া না লওয়া যায়। ও শতকরার হিসাবে ঐ বাকীর উপর যত টাকা দেনা হয় তাহা যেন নূতন তহবীলে জমা করা যায়। ও বাকীর কি চলিত দেনার কি অগ্রিমের উপলক্ষে আদায় হউক, যত টাকা আদায় হয়, তাহার উপর শতকরা সেই হিসাব ধরা যায়, ও ইহার অন্যথায় কোন কার্য্য হইয়া থাকিলে তাহা যেন সংশোধন করা যায়, এই আদেশ করিলেন।

এই আদেশের উপলক্ষে ১৮৭৪। ৭৫ সালের অবসানে পূর্ব্বকার তহবীলের যত টাকা উদ্বর্ত্ত ছিল আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের অধীনে তাহা নূতন তহবীলে জমা করিয়া লওয়া গিয়াছে, এই কার্য্যে বোর্ডের যে মেম্বর সাহেবের প্রতি কর্তৃত্ব ভার থাকে তিনি আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে ইহা জানিতে পাইলেন। কোন জিলায় সেই উদ্বর্ত্ত টাকা নূতন তহবীলের অন্য টাকার সঙ্গে বিলি করা না গিয়া থাকিলে এইক্ষণে তাহা করা উচিত।

৮। নিম্নলিখিত বিধি বোর্ডের বিধিপুস্তকের সপ্তম অধ্যায়ের চতুর্থ পরিচ্ছেদ বলিয়া লিখিতে, ও ঐ অধ্যায়ের তৃতীয় পরিচ্ছেদের ৩ ধারা উঠাইয়া দিতে হইবে। তৃতীয় পরিচ্ছেদের ১১ ও ১২ ধারার নম্বরের পরিবর্ত্তে ৩ ও ৪ নম্বর দিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৭ জুন।]

# REVISED RULES.

## CHAPTER VII—SECTION IV

## ESTATES' IMPROVEMENT FUND

### A.

*Constitution of the Fund*

1 THE Government of India has sanctioned the appropriation to local improvements of 3 per cent (or in the special case of the Western Dooars one-seventeenth) out of the gross amount of Government revenue paid into the public treasuries on account of all Government estates or ryotwary tracts, and of estates the property of private persons under temporary settlement, at any date subsequent to the 1st April 1874 The appropriation is to be made by direct credit to a distinct local fund, to be called "The Estates' Improvement Fund," and the sums so credited are not to appear in the treasury accounts at all as items of imperial revenue, that is to say, the net revenue, or rent of estates subject to these rules will, after deducting the sums appropriated to the Estates' Improvement Fund, alone be credited as imperial land revenue It will of course be understood that the *demand* for land revenue on Government estates, is not to be affected by this subsequent deduction from the collections before they are brought to credit in the accounts [Columns will be provided in Board's Returns X and XLI for the adjustment of the collections to meet this order of Government.]

2 In the case of Government estates and ryotwary tracts, the appropriation came into effect from the beginning of the financial year 1874-75 But in the case of estates, the property of private individuals, of which a temporary settlement was in force on 1st April 1874, the assignment will not be made during the currency of the existing settlement, but it will take effect when the lands come under re-settlement after that date

3 The percentage will, in the case of Government estates, be calculated upon the whole amount of the collections that reach the Government treasury No deduction need be made on account of expenses of collection or other charges subsequently and separately disbursed But where the commission or the pay of the collecting agency is intercepted by local collecting agents in the interior of districts, the percentage is not to be taken on such intercepted collections Similarly, in the case of estates the property of individuals, the percentage will be calculated upon the whole amount of land revenue paid into the treasury

### B.

*Procedure for ascertaining the total assets of the Fund*

4 The Collector will annually prepare a list in the towjih department of his office, in which shall be shewn separately each estate or tract liable to contribute to the Fund, and also the following particulars regarding it —

(1) Its gross annual demand of revenue or rent

(2.) Any deductions which the mofussil collecting agency is authorised to make before paying the collections over to the treasury

(3) The balance which should annually reach the treasury after such deduction.

(4.) The amount payable to the Estates' Improvement Fund.

Whenever an estate or tract becomes, in the course of any year, liable to contribute under the Government orders, it must at once be added to the list

[*Government Gazette, 27th June* 1876]

## সংশোধিত বিধি।

---

## সপ্তম অধ্যায়ের চতুর্থ পরিচ্ছেদ।

## মহালের উৎকর্ষ সাধনার্থ তহবীলবিষয়ক বিধি।

### A

### তহবীলের সংস্থিতির কথা।

১। ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১ তারিখের পর কোন তারিখে, গবর্ণমেন্টের সকল মহালের কি রায়ৎওয়ারী জমীর, ও সাধারণ ব্যক্তিদের সম্পত্তি বলিয়া মিয়াদী বন্দোবস্তের মহালের জন্যে, গবর্ণমেন্টের যত রাজস্ব রাজকীয় খাজানাখানায় দেওয়া যায়, ভারতবর্ষের গবর্ণমেন্ট সেই মোট রাজস্বহইতে শতকরা ৩৲ টাকা, (কিম্বা পশ্চিমদ্বারের বিশেষ স্থলে, সতের ভাগের এক ভাগ) স্থানবিশেষের উৎকর্ষসাধনের নিমিত্ত প্রযোগ করিবার অনুমতি দিয়াছেন। ঐ সকল টাকা একেবারে "মহালের উৎকর্ষসাধনার্থ তহবীল" নামক স্থানবিশেষের তহবীলের হিসাবে জমা করিয়া লইতে হইবে, ও তদ্রূপে যে টাকা জমা করিয়া লওয়া যায় তাহা রাজকীয় রাজস্বের একাংশ বলিয়া খাজানাখানার হিসাবে লেখা যাইবে না। অর্থাৎ রাজস্বহইতে কিম্বা এই বিধির মধ্যে যেং মহাল ধরা গিয়াছে তাহার জমাহইতে "মহালের উৎকর্ষ সাধনার্থ তহবীলের" প্রযুজ্য টাকা বাদ দিয়া, অবশিষ্ট টাকামাত্র ভূমির রাজকীয় রাজস্বের হিসাবে জমা করিয়া লওয়া যাইবে। ঐ হিসাবে জমা করিয়া লইবার পূর্ব্বে আদায় করা জমাহইতে ঐ টাকা বাদ দেওয়া গেলেও গবর্ণমেন্টের মহালের জমার দাওয়ার কোন ব্যতিক্রম হইল এমত জ্ঞান করিতে হইবে না। [গবর্ণমেন্টের এই আজ্ঞামতে কার্য্য হইবার জন্যে বোর্ডের ১০ ও ৪১ নং বিটর্নে সেই আদায়ের নিষ্পত্তি করিবার জন্যে বিশেষং ঘর নিরূপণ হইবে।]

২। গবর্ণমেন্টের মহালের ও রায়ৎওয়ারী জমীর প্রযুজ্য সেই টাকা রাজস্বসংক্রান্ত ১৮৭৪।৭৫ সালের আরম্ভ অবধি প্রযোগ করা গিয়াছিল। কিন্তু সাধারণ ব্যক্তিদের সম্পত্তিস্বরূপ যেং মহালের মিয়াদী বন্দোবস্ত ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১ তারিখে প্রবল ছিল, ঐ বন্দোবস্ত যত দিন প্রবল থাকে তত দিন তাহার জমার উপর উক্ত টাকা নিরূপণ হইবে না, কিন্তু সেই তারিখের পর ঐ ভূমির পুনরায় বন্দোবস্ত করা গেলে সেই টাকা নিরূপণ হইবে।

৩। গবর্ণমেন্টের মহালের যত টাকা আদায় হইয়া গবর্ণমেন্টের খাজানাখানায় পঁহুছে, সেই সমুদয়ের উপর শতকরা উক্ত হিসাবে টাকা দেওয়া যাইবে। আদায়ের জন্যে কিম্বা অন্য যে খরচ পশ্চাৎ ও স্বতন্ত্ররূপে বিলি করা যায় তাহার নিমিত্ত কিছু বাদ দিবার প্রয়োজন নাই। কিন্তু মফঃসলে জমা আদায়ের স্থানীয় কর্ম্মকারকেরা যদি তহসীলদারদের কমিশ্যন কিম্বা বেতন বাদ দিয়া থাকেন, তবে বাদ দেওয়া সেই টাকার উপর শতকরার হিসাবে ঐ টাকা লইতে হইবে না। তদ্রূপেও সাধারণ ব্যক্তিদের সম্পত্তিস্বরূপ মহালের রাজস্বের যত টাকা খাজানাখানায় আসে যায় সেই সমুদয় টাকার উপর শতকরার হিসাবে ঐ টাকা লওয়া যাইবে।

### B

